(৭০) প্রার্থয়তে যাচতে, 'শেষে প্রথম' ইতি ভবচ্ছব্দস্য যুষ্মদস্মদ্ ভিন্নত্বেন শেষত্বাত্তদ্যোগে প্রথম-পুরুষঃ, একবচনন্তু প্রত্যেকসংখ্যাপেক্ষয়া বোধ্যম্। (৭১) ত্বং প্রাপ্নোষীত্যর্থঃ।

(৭২) ব্রহ্মা আত্মভূরিত্যমরঃ। (৭৩) প্রথমপুরুষো মহাবিষ্ণুঃ।

তোমার জয় হউক, জয় হউক। তুমি গোপরাজ নন্দরূপ ক্ষীরসমুদ্রের চন্দ্রস্বরূপ। তোমার জয় হউক, জয় হউক। তুমি গোপীরূপ কোকিলাগণের পক্ষে বসন্ত স্বরূপ! তোমার জয় হউক, জয় হউক, জয় হউক। তুমি রাধারূপা চাতকীর পক্ষে নবীন মেঘ তুল্য। তোমার জয় হউক, জয় হউক, জয় হউক ॥

২৩। হে ভগবন্! আমি বৃক্ষের ন্যায় জড় নহি; যে তুমি আমাকে এই প্রকার বাক্য বলিতেছ, এবং "আপনি আমাকে দয়া করিতেছেন" তোমার এই কথাও প্রমাণসহ নহে। যেহেতু—যাঁহার করুণাকণা মহেশ্বর, ব্রহ্মা, অনন্ত এবং লক্ষ্মী পর্য্যন্তও প্রার্থনা করিয়া থাকেন, সেই তুমি কাহার কৃপার বিষয় হইবে? (অর্থাৎ সকলেই তোমার কৃপার পাত্র, তুমি কাহারও কৃপার পাত্র নহ) ॥

২৪। অধিকন্তু—যাঁহার আজ্ঞাবশে আত্মযোনি ব্রহ্মা সমস্ত ভুবনের সৃষ্টি, বিষ্ণু যথাকালে রক্ষা এবং অন্ধকরিপু রুদ্র যথাকালে সংহার করিয়া থাকেন। অন্য আর কি বলিব! কারণার্ণবশায়ী ঈশ্বর মহাবিষ্ণুও যাঁহার আজ্ঞাবহ হইতে পারেন—এবংবিধ তুমি এ জগতে কাহার ভৃত্য হইবে? (অর্থাৎ তুমি কাহারও ভৃত্য নহ।)

তদস্তু, নাস্তি প্রয়োজনং তদ্বিচারাচরণেন রণেন চ বচসাং (৭৪) বয়ং যদর্থং সমায়াম (৭৫) সমায়া মহনীয়পাদাঃ (৭৬) সর্বশুভবন্তো ভবন্তো হবকলয়ন্তু তৎ (৭৭) ॥ ২৫ ॥

নাথ ! ত্বয্যবনীতলাৎ পরিকরৈঃ সর্বৈঃ সহান্তর্হিতে
লোকে প্রাদুরভূৎ কলি র্বলিতমো ধর্মস্য বিপ্লাবকঃ।
যেনাক্রান্তমিদং জগদ্বত নিজং (৭৮) ধর্মং বিহায়াভিতঃ
কুর্বৎ পাপমপারদুঃখ-তটিনীনাথান্তরে (৭৯) মজ্জতি ॥২৬॥
বিপ্রা (৮০) দানাধ্যয়নযজনৈ র্বর্জিতা দীর্ঘলোভা
ভক্ষ্যাভক্ষ্যব্রত (৮১) বিরহিতা নীচসেবা-নিযুক্তাঃ।
ভূমীপালা দ্বিজবসুমতীত্রাণবৈমুখ্যভাজো
বীর্য্যৈ দর্পৈস্তৈরপি ধনবধূঃ (৮২) স্বপ্রজানাং হরন্তি ॥২৭॥

(৭৪) বাচাং রণেন কলহেন (৭৫) সমাগচ্ছাম, (৭৬) সমায়াঃ সকৃপাঃ পূজ্যপাদাঃ, 'মায়া দম্ভে কৃপায়াঞ্চেতি বিশ্বঃ ; (৭৭) শৃণ্বন্তু।

(৭৮) স্বাভাবিকম্ (৭৯) অনন্তদুঃখসমুদ্রাভ্যন্তরে।

(৮০) ননু কো বা কস্য নিজো ধর্ম্মঃ যদভাবেনৈবং খিদ্যসে—তত্রাহ বিপ্রা ইতি। (৮১) নিয়মঃ (৮২) ধন-পত্নীঃ।

২৫। অতএব, যাউক। সে বিষয়ে বিচারের এবং বাক্যুদ্ধের (বাক্‌বিতণ্ডার) কোনও প্রয়োজন নাই। আমি যে নিমিত্ত আগমন করিয়াছি, পরম কৃপালু পূজ্যপাদ, সর্ব্বমঙ্গলময় তাহা শ্রবণ কর ॥

২৬। হে নাথ ! তুমি সমস্ত পরিকরগণের সঙ্গে ভূতল হইতে অন্তর্দ্ধান করিলে, ধর্ম্মের বিপ্লবকারী অতি প্রবল কলি পৃথিবীতে প্রাদুর্ভূত হইয়াছে। তাহার আক্রমণে জগদ্বাসী জনগণ সর্ব্বতোভাবে নিজধর্ম্ম পরিত্যাগপূর্ব্বক পাপ করতঃ অপার দুঃখসাগরে মগ্ন হইতেছে ॥

২৭। বিপ্রগণ দান, অধ্যয়ন এবং যজন ত্যাগ করিয়া অত্যন্ত লোভে ভক্ষ্যাভক্ষ্যের নিয়মশূন্য হইয়া নীচসেবায় নিযুক্ত হইয়াছে। ক্ষত্রিয়গণ দ্বিজ ও পৃথিবীর পালনে বিমুখ হইয়া দম্ভ ও পরাক্রমের দ্বারা নিজ প্রজাগণের ধন ও পত্নী হরণ করিতেছে ॥

বৈশ্যা বিহায় শ্রুতিগীত বার্ত্তাং (৮৩)
কুর্বন্তি চৌর্য্যং নিজ-জীবনার্থম্ (৮৪)।
শূদ্রা দ্বিজপ্রেষ্যতয়া (৮৫) বিহীনাঃ।
জীবন্তি বেষেণ (৮৬) হ হা যতীনাম্ ॥২৮॥

ভগবন্! বহবঃ কলয়ঃ (৮৭) ক-লয়-প্রসক্তা (৮৮) বিলোকিতা ঈদৃশী তু বলিতা (৮৯) কলিতা কদাপি নাস্মাভিঃ; পশ্য পশ্য—যস্য প্রবেশমাত্রতো মাত্রতোষ-পিতৃদ্বেষপরা (৯০) ব্যত্যস্তনয়া (ক) স্তনয়া অভবন্ ভবন্নিয়মলঙ্ঘিনঃ। ভ্রাতরোঽপি তমোরোপিত-মোহাঃ (৯১) পরস্পরং কলহায়ন্তে হায়ন্তেঽর্থো (৯২) ন ভবতি, মমৈবায়মিতি ॥ ২৯

পুরুষা রুষা (৯৩) প্রাণমপি জহতি হতি-প্রসক্তাঃ (৯৪)। অপ্যমুদারাণাং (৯৫)

(৮৩) বেদোক্ত-জীবিকাং (৮৪) স্বজীবিকার্থং (৮৫) ব্রাহ্মণ-ভৃত্যতয়া বিহীনাস্তদ্‌বিরহিতাঃ (৮৬) সন্ন্যাসিনাং বেশেন জীবিকামর্জয়ন্তীত্যর্থঃ।

(৮৭) বিবাদাঃ, (৮৮) সুখনাশ-তৎপরাঃ, (৮৯) বলবত্তা ন আকলিতা দৃষ্টা, (৯০) মাতুরতোষে পিতুর্দ্বেষে চ তৎপরাঃ, (ক) ব্যতিক্রান্ত নীতয়ঃ, (৯১) তমসা অজ্ঞানেন রোপিতো জনিতো মোহো যেষাং তে। কলহং কুর্বন্তি বৈরাদিত্বাৎ ক্যঙ্ প্রত্যয়ঃ, (৯২) হা-শব্দঃ খেদে, অয়মর্থো ধনং তে তব ন ভবতি, কিন্তু মমৈবায়মিতি কলহং কুর্বন্তি।

(৯৩) ক্রোধেন হেতুনা (৯৪) হতিরাঘাতঃ প্রহারস্তৎপরাঃ, (৯৫) সঙ্কীর্ণধিয়ামপি (৯৬) পত্নীনাং

২৮। বৈশ্যগণ বেদোক্ত জীবিকা বর্জ্জন করিয়া নিজের জীবিকার জন্য চুরি করিতেছে। হায়! শূদ্রগণ দ্বিজসেবা-বিহীন হইয়া যতিবেশে জীবন ধারণ করিতেছে।

২৯। হে ভগবন্! জগতের সুখনাশে তৎপর অনেক কলিযুগ আমি দর্শন করিয়াছি, কিন্তু কলির এরূপ প্রভাব আমি আর কখনও দেখি নাই। দেখ! দেখ! তাহার প্রবেশমাত্র পুত্রগণ তোমার নিয়ম লঙ্ঘনপূর্ব্বক বিরুদ্ধনীতিসম্পন্ন হইয়া মাতার অসন্তোষ এবং পিতার প্রতি দ্বেষাচরণে তৎপর হইয়াছে। হায়! ভ্রাতৃগণ অজ্ঞান-জনিত মোহবশে "এ অর্থ তোমার নয়, ইহা আমারই" এই বলিয়া পরস্পর কলহ করিতেছে ॥

৩০। পুরুষগণ ক্রোধে পরস্পর প্রহার করিতে করিতে প্রাণ পর্য্যন্তও পরিত্যাগ

দারাণাং (৯৬) পরাধীনাঃ পরার্দীনা (৯৭) শ্চরন্তি, বনিতা নিতান্তমেব জারাসক্তমতয়ো (৯৮) হমত-যোষা-ধর্ম্মা (৯৯) ভবন্তি ॥ ৩০

কিমন্যদ্বক্তব্যং—

নীয়ন্তে (১০০) খলু পামরৈঃ সুকৃতিমঃ সম্যক্ পরাভূততাং
মূর্খৈর্হন্ত! মনীষিণো নয়পথোন্মুক্তৈ র্ন রাধ্ববস্থিতাঃ।
ভৃত্যৈঃ স্বামিজনাঃ সুতৈশ্চ পিতরো হাহা প্রজাভি র্নৃপা
বেশ্যাভিশ্চ পতিব্রতাঃ কিমপরং পাষণ্ডিভি স্ত্বৎপরাঃ ॥৩১॥

সর্বোঽপ্যস্যৈবংবিধো দোষঃ সহনীয়ো মমাভবিষ্যদ্ যদি ভবদ্ভজনায় জনায়নায় (১) নাদ্বেক্ষ্যদয়ম্। অস্য তু প্রভাবেণ বেণস্যেব ভবদ্‌ভজন-পদবী দবীয়সী বভূব (২) ভুবলয়স্য ॥ ৩২

বশীভূতাঃ স্ত্রৈণা ইতি (৯৭) পরেষামাধৌ মনঃপীড়ায়ামিনাঃ প্রভবঃ ইনঃ সূর্য্যে প্রভৌ চাপি ইত্যমরঃ। (৯৯) ন মতা আদৃতা যোষাধর্ম্মা পাতিব্রত্যাদি-স্ত্রীধর্ম্মা যাভিস্তাঃ।

(১০০) অত্র সর্বেষাং পদস্থানামেকাশয়াভিসম্বন্ধাত্তুল্যযোগিতা ভেদঃ।

(১) জনানাময়নায় আশ্রয়ভূতায় ন অদ্বেক্ষ্যৎ দ্বেষং নাকরিষ্যৎ (২) অতিদূরবর্ত্তিনী

করিতেছে। তাহারা সঙ্কীর্ণবুদ্ধি স্ত্রীদিগের পরাধীন হইয়াছে এবং অন্যের মনঃপীড়া সাধনে সমর্থ হইয়া বিচরণ করিতেছে। বণিতাগণ উপপতিতে অত্যন্ত আসক্তচিত্ত হইয়া পাতিব্রত্যাদি স্ত্রীধর্ম্মের অনাদর করিতেছে ॥

৩১। কি আর বলিব, হায়! পাপিষ্ঠগণ কর্ত্তৃক ধার্ম্মিক ব্যক্তিগণ নীতিপথ বহির্ভূত, মূর্খগণ নীতিমার্গে অবস্থিত, মনীষিগণ ভৃত্যগণ কর্ত্তৃক, স্বামিজন পুত্রগণ কর্ত্তৃক, মাতৃপিতৃগণ সম্যক্ প্রকারে পরাভব প্রাপ্ত হইতেছে। হায়! হায়! প্রজাগণ নরপতিগণের, বেশ্যাগণ পতিব্রতাগণের এবং অন্য কি বলিব, পাষণ্ডিগণ তোমার চরণাশ্রিত ভক্তবৃন্দের সর্ব্বতোভাবে পরাভবসাধন (অবমাননা) করিতেছে ॥

৩২। এই কলি যদি মানবসমূহের একমাত্র উপায় স্বরূপ তোমার ভজনের (ভক্তির) প্রতি দ্বেষাচরণ না করিত, তাহা হইলে আমি ইহার এইপ্রকার সমস্ত দোষই সহ্য করিতে পারিতাম। পরন্তু, বেণরাজার ন্যায় ইহার প্রভাবে তোমার ভক্তিমার্গ পৃথিবীতে অনেক দূরবর্ত্তী হইয়া পড়িয়াছে।

তথাহি—শৃণোতি ভবতঃ কথাং ন খলু কোঽপি মর্ত্ত্যঃ
ক্বচিন্ন কীর্ত্তয়তি ত্বাং ন বা স্মরতি তে পদাম্ভোরুহম্।
ন বার্চয়তি তে পদং ন খলু সেবতে (৩) ত্বামহো
ব্যধায়ি কলিদস্যুনা ভজন-রত্নহীনং জগৎ ॥৩৩॥

তদেবং কঠিনকলিকাল-কাননকৃশানু-কবলিতস্য (৪) নরকুঠ-কদম্বস্য (৫) ক্লেশাবকলনকাতরঃ পরহিতাচরণ-লোভবন্তং ভবন্তং নবীন-নীরদং শরণং গতোঽস্মি। ভবাংস্তু যদি ভূতলে ভূতলেখা-হিতায়ো (৬) দয়মানোদয়মানোঽনুগ্রহদৃষ্টি-সলিলবৃষ্টিং কুর্য্যাত্তদৈবাস্য পতিতস্য (৮) লোকস্য নিস্তারঃ স্যান্নান্যথা ॥ ৩৪

অস্তি চ ভবতা ভব-তাপহারিণা (৯) সময়ো (১০) রসময়ো রচিতঃ।

যদা যদা হি ধর্ম্মস্য গ্লানির্ভবতি ভারত!
অভ্যুত্থানমধর্ম্মস্য তদাত্মানং সৃজাম্যহম্।
পরিত্রাণায় সাধূনাং বিনাশায় চ দুষ্কৃতাং
ধর্ম্মসংস্থাপনার্থায় সম্ভবামি যুগে যুগে ॥ ইতি ৩৫ ॥

(৩) পরিচরতি। (৪) কঠিনঃ কলিকাল এব কানন-কৃশানু দাবানলস্তদাক্রান্তস্য (৫) মনুজ-বৃক্ষসমূহস্য, কুঠঃ বৃক্ষঃ (৬) প্রাণি-সমূহহিতায় (৭) উদয়মান উদ্যন্ যতো দয়মানো দয়াং কুর্বন্ সন্ (৮) কৃতান্তমুখপ্রাপ্তস্য, (৯) সংসারদুঃখনাশিনা (১০) প্রতিজ্ঞা-বচনম্।

৩৩। যেহেতু, সত্যসত্যই কোন ব্যক্তিই তোমার লীলাকথা কখনও শ্রবণ বা কীর্ত্তন করিতেছে না। অহো, কলিদস্যু জগৎকে ভক্তিরত্নহীন করিয়া ফেলিয়াছে!!

৩৪। অতএব, এবংবিধ ভীষণ (নিষ্ঠুর) কলিকালরূপ-দাবানলগ্রস্ত নররূপ বৃক্ষসকলের ক্লেশ দর্শনে কাতর হইয়া পরহিতাকাঙ্ক্ষী নবীনমেঘ সদৃশ তোমার শরণাগত হইয়াছি। তুমি যদি প্রাণিগণের মঙ্গলের নিমিত্ত দয়া করিয়া ভূতলে উদয় হইয়া অনুগ্রহদৃষ্টিরূপ সলিল বর্ষণ কর, তবেই এই দুর্দ্দৈব-কবলিত জগদ্বাসি-জীবগণের উদ্ধার হইতে পারে, নতুবা অন্য উপায়ে তাহাদের উদ্ধার হইবে না।

৩৫। তুমি সংসারের দুঃখ নাশ করিবে বলিয়া একটি রসময় (সুন্দর, সুখপ্রদ) প্রতিজ্ঞাও করিয়াছ—"হে ভারত! (ভরতবংশীয় অর্জ্জুন) যে সময়ে ধর্ম্মের গ্লানি এবং

ততোঽবতারং ভুবনে বিধায়, স্বপার্ষদৌঘৈঃ সমমেকবারম্ ।
প্রভো কলিব্যালহতান্ মনুষ্যান্, কৃপাসুধাবর্ষণতো নিষিঞ্চ । ৩৬॥

অনেন বিজ্ঞাপিতো নারদোদিতেন (১১) রদোদিতেন (১২) রোচিষা হরিণাঙ্কহরিণাং (১৩) ককুভাবলিং কুর্বন্ সর্বদ্বাপর-পরমোপশমকং (১৪) সিদ্ধান্তং মুনিমুখেনৈব সমুন্মীলয়িতুমনা (১৫) ব্যাজহারা ব্যাজহারামলহাসো (১৬) মলহা (১৭) সোঽঘদলনঃ॥ ৩

তপোধনোরস ! (১৮) নো রসময়মেতৎ যদিয়ং বসুমতীব সুমতীনামস্তিরপি কলিনা কলিনায়কেন (১৯) পীড্যত ইতি। তথাপি নাত্রাবতারো (২০) বতারোপয়িতুং যুজ্যতে সংখ্যাবদ্ভি (২১) রসংখ্যাবদ্ভিরনভিমতত্বাৎ। তথাচ বিষ্ণুধর্মোত্তরে—

---

(১১) তদ্বচসা (১২) রদেভ্যো দন্তেভ্য উদিতেন উদ্গতেন রোচিষা কান্ত্যা। (১৩) হরিণাঙ্ক-হরিণাং চন্দ্রবৎ শুভ্রাং ককুভাবলিং দিক্‌শ্রেণীং কুর্ব্বন্ ধবলয়ন্নিত্যর্থঃ (১৪) দ্বাপরঃ সংশয়ঃ। (১৫) সমুন্মীলয়িতুং প্রকাশয়িতুং মনো যস্য স স্বকথায়াঃ স্বয়ং কথনেনাপ্রাত্যত্বং স্যাদিতি ভাবঃ। (১৭) অব্যাজোঽকপটো হারবদমলশ্চ হাসো যস্য সঃ। (১৭) মলহা সর্বপাপনাশকঃ অঘদলনঃ শ্রীকৃষ্ণঃ।

(১৮) হে তাপসশ্রেষ্ঠ ! 'অগ্রাখ্যায়ামুরস' ইতি সমাসান্তটচ্ প্রত্যয়ঃ। নো শব্দে নিষেধার্থেঽব্যয়ম্। (১৯) কলহ-প্রাপকেন (২০) অত্র কলিকালে বত খেদে! স্বধাম্নঃ প্রপঞ্চে বতরণং নামাবতারো নারোপয়িতুং কর্ত্তুং যুজ্যতে ইতি। (২১) বিদ্বদ্ভিরসংখ্যৈরনভিপ্রেতত্বাৎ।

অধর্ম্মের অভ্যুত্থান হয়, সেই সময়ে আমি আবির্ভূত হইয়া থাকি। সাধুগণের রক্ষা, দুষ্কর্ম্মকারীদিগের বিনাশ ও ধর্ম্ম স্থাপনের জন্য আমি যুগে যুগে অবতীর্ণ হই॥"

৩৬। অতএব হে প্রভো ! তুমি একবার তোমার নিজপার্ষদগণের সঙ্গে ভুবনে অবতীর্ণ হইয়া কলিকালরূপ সর্পের দংশনে বিনষ্টপ্রায় মনুষ্যগণকে কৃপাসুধা বর্ষণে অভিষিক্ত কর। (অর্থাৎ তাহাদিগকে সঞ্জীবিত কর)॥

৩৭। নারদের বাক্যে সমস্ত বিষয় অবগত হইয়া পাপনাশী অঘদলন শ্রীকৃষ্ণ, নারদের মুখেই সকল সংশয়-নিবারক সিদ্ধান্ত প্রকাশ করিবার ইচ্ছায় মুক্তাদিমালার (হারের) ন্যায় শুভ্র নির্ম্মল ও নিষ্কপট হাস্য সহকারে যখন বলিতে লাগিলেন, তখন তাঁহার দন্তকান্তির প্রকাশে দিক্ সকল যেন চন্দ্রের ন্যায় শুভ্র বর্ণ ধারণ করিতেছিল। শ্রীকৃষ্ণ বলিলেন ঃ—

৩৮। হে তপোধনশ্রেষ্ঠ ! (তাপসশ্রেষ্ঠ) ইহা দুঃখের বিষয় যে, কলহজনক

"প্রত্যক্ষরূপধৃগ্‌দেবো দৃশ্যতে ন কলৌ হরিঃ।
কৃতাদিষ্বেব (২২) তেনৈষ ত্রিযুগঃ পরিপঠ্যতে॥" ইতি ৩৮॥

ইতি বচনং দামোদরস্য দরস্যন্দদ্ ঘর্ম্মজল (২৩) মাকর্ণ্য ক্ষণং পরামৃশ্য পুনরুবাচ মুনিঃ—প্রভো! সত্যস্তাপসানাস্তাপসানায় (২৪) সকললোকস্যাতিনিপুণানাং বচনমিদং যদমী প্রত্যক্ষরূপধৃগিত্যুক্ত্যা ভগবানহমিত্যভিমানেনাবতারং নিষেধয়ন্তি, নতু ভক্তোঽহমিত্যভিমানেন, মানেন (২৫) বচনেনাস্মাকং কিমপ্যপচীয়তে॥৩৯

শ্রূয়তে হি কয়াধু-তনয়স্য (২৬) ধৃতনয়স্যামলে (২৭) বচসি চ্ছন্নতয়া ক্বচিৎ কলৌ ভবতাবতারঃ কৃত ইতি, তথাচ শ্রীভাগবতে (৭।৯।৩৮)—

(২২) কিন্তু সত্যাদিষ্বেব ত্রিষু যুগেষু দৃশ্যত ইতি শেষঃ। শ্রীকৃষ্ণস্যামর্য্যাদৈশ্বর্য্যত্বেন তদতিক্রমেঽপি নাস্তি দোষ ইত্যভিপ্রায়ো মৃগ্যঃ। ত্রয়ো যুগাঃ সত্যাদয়ঃ সম্ভাবতারকালতয়া যস্যেতি ত্রিযুগ উচ্যতে, অর্শ আদ্যচ্ প্রত্যয়ান্তোঽয়ং শব্দঃ।

(২৩) দরেণ ভয়েন স্যন্দৎ ক্ষরদ্ ঘর্ম্মজলং স্বেদো যত্র কর্ম্মণি তদ্ যথা স্যাদিত্যাকর্ণ্য-ক্রিয়াবিশেষণং (২৪) তাপসানাং মুনীনাং কীদৃশানাং? তত্রাহ—সকললোকস্য তাপস্য দুঃখস্য সানায় বিনাশায়াতিনিপুণানাং পরমকুশলানামিত্যর্থঃ। এতেন ভক্তভাবেনাবতীর্ণো ভগবান্ লোকদুঃখং নাশয়িষ্যতি সমর্থমিত্বেন প্রকাশাদিত্যভিপ্রায়ো ব্যঞ্জিতঃ। (২৫) অনেন বচনেনাস্মাকং কিমপি নাপচীয়তে ন হীয়ত ইতি (২৬) প্রহ্লাদস্য, ন ধৃতঃ খণ্ডিতো নয় উপপত্তির্যেন, এতেন তদ্বাক্যস্য

কলি এই পৃথিবীর ন্যায় সমস্ত সুবুদ্ধি ব্যক্তিগণকেও পীড়া প্রদান করিতেছে! তথাপি অসংখ্য পণ্ডিতগণের অনভিমত বলিয়া এই যুগে অবতার গ্রহণ করা উচিত নয়। কেননা বিষ্ণুধর্ম্মোত্তরে লিখিত আছে—

কলিযুগে লীলাময় ভগবান্ শ্রীকৃষ্ণকে প্রত্যক্ষরূপ ধারণ করিতে দেখা যায় না, সত্যাদি তিন যুগেই তিনি প্রত্যক্ষরূপ ধারণ করিয়া থাকেন, সেইজন্য তিনি 'ত্রিযুগ' নামে পঠিত হন॥

৩৯। শ্রীদামোদরের এই বাক্য শ্রবণকালে নারদের সর্ব্বাঙ্গ হইতে (শ্রীকৃষ্ণ অবতীর্ণ হইবেন না ভাবিয়া) ভয়ে ঘর্ম্মবিন্দু ক্ষরিত হইতে লাগিল। মুনিবর উহা শ্রবণ করতঃ ক্ষণকাল যাবৎ মনে মনে আলোচনা করিয়া পুনরায় বলিলেন—সকল লোকের তাপ-

ইত্থং নৃতির্য্যগৃষিদেবঝষাবতারৈ- (২৮)
লোকান্ বিভাবয়সি হংসি জগৎ-প্রতীপান্।
ধর্ম্মং মহাপুরুষ! পাসি যুগানুবৃত্তং
ছন্নঃ (২৯) কলৌ যদভবস্ত্রিযুগোঽথ স ত্বম্। ইতি

নারদীয়ে চ—ভগবতো ভবতো ভণিতো (৩০)

অহমেব কলৌ বিপ্র! নিত্যং প্রচ্ছন্নবিগ্রহঃ।
ভগবদ্ভক্তরূপেণ লোকান্ রক্ষামি সর্ব্বথা। ইতি

সর্বথা স্বনাভিমতেঽবতারে (৩১) তে বতারেজ্জানা যুগে যুগ ইতি বীপ্সা বিরুধ্যতে ॥৪০

প্রামাণ্যং দর্শিতং, (২৭) প্রকটার্থে (২৮) ঝষো মৎস্যঃ, বিভাবয়সি পালয়সি। (২৯) নম্ন ধর্ম্মং মহাপুরুষ পাসি যুগানুবৃত্তমিত্যুক্ত্যা মম যুগাবতারত্বৈবোক্তা, তর্হি সর্বেষ্বেব যুগেষ্ অবতারাৎ মম ত্রিযুগতা ন স্যাদিত্যত্রাহ—ছন্ন ইতি। অস্মিন্ কলৌ যুগাবতারস্য স্বয়ং ভগবতি ত্বয়ি প্রবিষ্টত্বাত্তব চ ভক্তভাবেন ছন্নত্বান্ন প্রকাশ ইত্যতস্ত্রিযুগঃ কথ্যস ইতি ভাবঃ। প্রচ্ছন্নত্বং নাম স্বপ্রেয়সীভাবকান্তিস্বরূপৈরাবৃতত্বম্। তথাপি ভাবিন্যবতারে স্বরূপমন্যদনাদিত এব সিদ্ধমস্তি ত্বদীয়ে নিত্যে ধাম্নি, যদা তদেব প্রকটমভূত্তদৈব তস্যৈব স্বরূপান্তরং স্ববাঞ্ছা-সম্পূর্ত্তয়ে তত্রাবির্বাসীদিতি জ্ঞেয়ম্। তদুক্তমভিযুক্তৈঃ—চৈতন্যাখ্যং প্রকটমধুনা তদ্দ্বয়ঞ্চৈক্যমাপ্তমিত্যত্রাধুনা-চ-কারাভ্যামিত্যবধেয়ম্। (৩০) উক্তো (৩১) কিন্তু তে তব অবতারে কলৌ সর্ব্বথানভিমতে সতি সম্ভবামি যুগে যুগে ইত্যত্র আরেজানা বিরাজিতা [রাজৃ দীপ্তৌ কানচ্] বর্ত্তেতি খেদে। বীপ্সায়ামত্র দ্বিরুক্তির্বিরুধ্যতে। স্বয়ংভগবতো বক্তুঃ প্রতিযুগং সম্ভবাদর্শনাদংশস্তদবতারসমকালে দ্বাপরে তদুত্তরে চ কলৌ—ইত্যেতদ্‌যুগদ্বয়াপেক্ষয়া সা যুজ্যত ইতি ভাবঃ।

নাশে (দুঃখ নিবারণে) অতি নিপুণ মুনিগণের এই বাক্য সত্য বটে, যেহেতু প্রত্যক্ষরূপধৃক্ এই উক্তি দ্বারা তাঁহারা "আমি ভগবান্", এই অভিমানে ভগবানের অবতার নিষেধ করেন, কিন্তু 'আমি ভক্ত' এই অভিমানে তাঁহার অবতার নিষেধ করেন না। সুতরাং এই প্রকার বাক্যের দ্বারা আমাদের কিছুই হানি হইতেছে না॥

৪০। যেহেতু—অখণ্ডনীতিপরায়ণ, কয়াধুনন্দন প্রহ্লাদের (অখণ্ডিত যুক্তিপূর্ণ) স্পষ্টার্থ বচনে শুনিতে পাওয়া যায় যে, "তুমি কোনও কলিতে ছন্নরূপে অবতীর্ণ হইয়াছ।" যথা শ্রীমদ্ভাগবতে প্রহ্লাদের উক্তি "হে মহাপুরুষ! এই প্রকারে নর, পশু, ঋষি, দেবতা, মৎস্য প্রভৃতি অবতারের দ্বারা আপনি লোক সকল পালন করেন, জগতের বৈরীদিগকে বিনাশ করেন এবং যুগানুগত ধর্ম্মকে রক্ষা করিয়া থাকেন। আপনি কলিযুগে প্রচ্ছন্ন (গুপ্ত)

তদেতন্নারদ-বচো দব-চোটকং মর্ত্ত্যানামর্ত্ত্যানাশকং (৩২) ভক্তানামবধায় বধায় কলি-প্রভাবস্য ভাবস্য (৩৩) প্রচারণায় বারণায় বান্ধবশোকানামাকাঙ্ক্ষমাণো বতরীতুং ভগবান্ মনসীদং পরামমর্শ ॥৪১

অহো সত্যমিদমুচ্যতে নারদেন নারদেন (৩৪) যোজয়িতুমেতচ্ছক্যতে। অস্তি মমাপ্য-বনীতলেঽবনীত-লেখা-হিততয়া (৩৫) পুনরপি জননায় (৩৬) ভজন-নায়ভঙ্গ নিবারণার্থ-মভিলাষঃ। আং আং (৩৭) স্বস্যাপি পরমং প্রয়োজনমজনমনোবিষয়ঃ (৩৮) কিমপ্যস্তি ॥৪২

(৩২) মর্ত্ত্যানাং দবচোটকমুপতাপ-খণ্ডকং, চুটচ্ছুট ছেদনে ধাতুঃ, অর্ত্ত্যাঃ পীড়ায়াঃ নাশকঞ্চ, (৩৩) স্বপ্রেম্ণঃ। (৩৪) রদেন খণ্ডনেন যোজয়িতুং না শক্যতে ন পার্য্যতে। (৩৫) খণ্ডিত-দেবাহিততয়া তেষামহিতাবনয়নার্থমিত্যর্থঃ। (৩৬) জন্মনে প্রাচুর্ভাবং গ্রহীতুমিত্যর্থঃ, তথা ভজন-নায়স্য স্বভক্তিপ্রাপ্তে-র্যো ভঙ্গঃ প্রতিবন্ধকস্তস্য নিবারণার্থং মমাপি অভিলাষোঽস্তি। (৩৭) আমিত্যব্যয়ং স্মরণার্থে সম্ভ্রমে দ্বিরুক্তিঃ। (৩৮) জনানাং মনসোঽপি অগোচরঃ, বিষয়শব্দস্য অজহল্লিঙ্গত্বাৎ পুংস্ত্বম্। (৩৯) দ্বারকা

ছিলেন, এই নিমিত্ত তিন যুগে আপনার আবির্ভাব থাকায় আপনি 'ত্রিযুগ'নামে প্রসিদ্ধ ॥" হে ভগবান্! নারদপুরাণে তোমার উক্তিতেও শুনিতে পাওয়া যায়, যথা "হে বিপ্র! আমিই কলিযুগে নিত্য প্রচ্ছন্ন শরীরে (স্বরূপ লুকাইয়া) ভগবদ্ভক্তরূপে সর্ববতোভাবে লোকসকলকে রক্ষা করি॥"

কলিযুগে তোমার অবতার সর্ববতোভাবে অনভিমত হইলে 'যুগে যুগে' এই বাক্যে বিরাজিত বীপ্সার বিরোধ হইয়া পড়ে—অর্থাৎ অষ্টাবিংশ মন্বন্তরীয় শেষ দ্বাপর ও কলিযুগে তুমি স্বয়ং অবতীর্ণ হইয়া থাক। যুগাবতার এখন তোমাতে প্রবিষ্ট। অতএব প্রতি ঐ দুই যুগে মাত্র প্রচ্ছন্নরূপে অবতীর্ণ হওয়ায় বীপ্সা বিরুদ্ধ নহে।

৪১। মর্ত্ত্য (জীব) গণের সন্তাপহারী এবং ভক্তগণের পীড়ানাশক, এবংবিধ নারদের বাক্য শ্রবণ করিয়া শ্রীভগবান্ কলির প্রভাব বিনাশ, নিজ প্রেমের প্রচার এবং বান্ধবগণের শোকসমূহ-নিবারণ করিতে ইচ্ছুক হইয়া অবতার গ্রহণ করিবার নিমিত্ত মনে মনে এইরূপ আলোচনা করিতে লাগিলেন—

৪২। অহো! নারদ সত্য কথাই বলিতেছেন। ইহা খণ্ডন করা অসাধ্য। দেবতাগণের অশুভ নিরাকরণের নিমিত্ত পুনরায় ভূতলে আবির্ভূত হইয়া ভজননীতির প্রতিবন্ধকতা নিবারণ করিতে আমারও অভিলাষ আছে।

যাবৎপয়োধি-নগরীস্থিত-রত্নকুড্যে (৩৯)
স্বচ্ছে পুরাবকলয়ামি (৪০) নিজাঙ্গশোভাম্।
তাবৎ সদৈব খলু তদ্রসনায় চেতো
লোভাকুলং মম সমুৎসুকতাং প্রযাতি ॥ ৪৩ ॥

তদাস্বাদশ্চ মৎপ্রিয়জন-নিকরাধিকায়া রাধিকায়া ভাবমন্তরেণা (৪১) ন্তরেণাশক্যঃ প্রাপ্তুং যতঃ

বিষয়গতং (৪২) লাবণ্যং স্বাদয়িতুং কঃ ক্ষমো বিনা-ভাবম্।
জগদানন্দিনি শশিনো মাধুর্য্যে যন্নলিন্যসৌ মূঢ়া (৪৩) ॥ ৪৪ ॥

ন চ স্বকলেবরেঽবরেঽপি সর্বস্যৈব রতিরতিশয়িতৈবাস্তি, তয়ৈব তল্লাবণ্যস্যাস্বাদঃ স্যাদিতি বক্তব্যং, জাতি-ভেদাৎ (৪৪) পরিমাণ-ভেদাচ্চ, নহি রাধিকায়া মৎকলেবরে যাদৃশী যাবতী চ রতিস্তাদৃশী তাবতী চ মমাপি তত্রাস্তি ॥৪৫

তত্র স্থিতে রত্নকুড্যে মণিময়ভিত্তৌ। (৪০) অবাকলয়মদ্রাক্ষমিত্যর্থঃ। 'পুরি লুঙ্ চাস্মে' ইতি লট্।

(৪১) ভাবমাশ্রয়জাতীয়াং রতিং বিনা অন্তরেণ মনসাপি। (৪২) বিষয়োঽত্র ভাবস্যৈব স্বায়িনোরত্যাখ্যস্য জ্ঞেয়ঃ। (৪৩) অত্র বৈধর্ম্যেণ প্রতিবস্তূপমালঙ্কারঃ।

(৪৪) বিষয়াশ্রয়ভেদেন তদ্ভেদস্য সত্বাৎ ন্যূনাতিরিক্ততয়া পরিমাণভেদস্য চ বেদিতব্যম্।

আং আং অর্থাৎ আমার স্মরণ হইয়াছে, স্মরণ হইয়াছে। আমার নিজেরও কোনও একটি পরম প্রয়োজন আছে। তাহা অপরের মনোগোচর নহে।

৪৩। দ্বারকানগরীস্থ স্বচ্ছ মণিময় ভিত্তিতে আমি যেদিন হইতে নিজ অঙ্গশোভা দর্শন করিয়াছি, সেইদিন হইতে তাহা আস্বাদন করিবার জন্য আমার লোভাকুল চিত্ত সর্বদাই উৎকণ্ঠিত হইতেছে।

৪৪। আমার প্রিয়জনদিগের মধ্যে শ্রেষ্ঠা শ্রীরাধিকার ভাবাশ্রয় ব্যতীত মনেও তাহার (নিজ মাধুর্য্যের) আস্বাদন লাভ করিতে পারিব না॥ যেহেতু ভাব অর্থাৎ আশ্রয়-জাতীয় রতি ভিন্ন কোন্ ব্যক্তি বিষয়গত লাবণ্য আস্বাদন করিতে সমর্থ হয়? চন্দ্রের মাধুর্য্য জগতের আনন্দদায়ক হইলেও পদ্ম সে বিষয়ে অনভিজ্ঞ।

৪৫। নিজের দেহ মন্দ (নিকৃষ্ট) হইলেও সকলেরই তাহাতে অত্যন্ত রতি থাকে এবং সেই রতি দ্বারাই দেহের লাবণ্যাস্বাদ হইতে পারে, রতির জাতিভেদ ও পরিমাণ ভেদ হেতু একথা বলা যায় না। কেননা আমার কলেবরে শ্রীরাধিকার যে প্রকার (যে জাতীয়) এবং যৎপরিমিত রতি আছে, সেই প্রকার (সেই জাতীয়) এবং সেই পরিমিত রতি আমারও তাহাতে (আমার কলেবরে) নাই॥

পশ্য পশ্য —

শিলাশকল (৫৪) শর্করা-কুশময়ে ধরিত্রীতলে
ভ্রমন্তমবগত্য মামিহ যথা ব্যথন্তে প্রিয়াঃ (৪৬)।
তথা যদি মম ব্যথা ভ্রমণতো ভবেত্তর্হ্যদো
ন সিধ্যতি কদাচন ভ্রমণমেব তাদৃক্‌স্থলে (৪৭) ॥ ৪৬ ॥
ক্লেশানুমানেন পরস্য লোকে পীড়েতরস্য ক্বচিদীক্ষ্যতে যা।
ন সিধ্যতি প্রীতিমৃতে কদাচিৎ সেতি প্রসিদ্ধো বিদুষাং প্রবাদঃ ॥ ৪৭ ॥

তাস্বপি পরমাধিকায়া (৪৮) রমাধিকায়াস্তস্যাঃ প্রীতিস্তূপমান-রহিতা নরহিতাবতারস্য (৪৯) মমাপি গম্যা ন ভবতীতি তামেব ভাবং ভাবং (৫০) ভাবং তদীয়মঙ্গীকৃত্য স্বমাধুর্য্য-মাস্বাদয়িষ্যে, দয়িষ্যে চ তেনৈব সর্বান্মানবান্ মানবাষ্পতপ্তানিতি (৫১) মনসি ক্ষণকতিপয়ং পরামৃশ্য স্পষ্টমাচষ্ট ॥ ৪৮

(৪৫) পাষাণখণ্ড-কঙ্কর-দর্ভ-প্রচুরে, (৪৬) প্রীত্যাশ্রয়াঃ কান্তাঃ, বহুত্বমত্র জাতৌ বৈকল্পিকম্। প্রিয়াণাং ব্যথাধিক্যং প্রীত্যাধিক্য-নিবন্ধনমেব ; তদুক্তং শ্রীদশমে—যত্তে সুজাত চরণাম্বুরুহমিত্যাদিনা জ্ঞেয়ম্। (৪৭) শিলাশকলাদিময়ে। মম তু মচ্ছরীরে ন তথা প্রীতি র্যথা তাসাং জাতিতঃ প্রমাণতশ্চ, তস্মাত্তাসাং-ভাবাশ্রয়ং বিনা মন্মাধুর্য্যাদ্যাস্বাদো ময়া কথমপি নোপলব্ধুং শক্য ইতি জ্ঞেয়ম্।

(৪৮) পরমাধিকোঽয়ঃ শুভাবহ-বিধি র্যস্যাঃ, রমাধিকা লক্ষ্মীতঃ শ্রেষ্ঠা। (৪৯) নরহিতা অবতারা যস্য সর্বাবতারিণঃ সর্বশক্তিমতোঽপীত্যর্থঃ। (৫০) ভাবয়িত্বা ভাবয়িত্বা পেশস্কৃৎ কীটবদিতি ভাবঃ। (৫১) অভিমানোষ্মসন্তপ্তান্।

৪৬॥ দেখ, দেখ! প্রচুর প্রস্তরখণ্ড কঙ্কর ও কুশময় ভূমিতে আমি ভ্রমণ করিতেছি জানিয়া আমার প্রিয়াগণ যেরূপ ব্যথা পান, যদি আমার ভ্রমণজন্য সেই প্রকার ব্যথা হয় তাহা হইলে সেইরূপ স্থলে আমার কখনও ভ্রমণ সিদ্ধ হয় না।

৪৭। তবে যে কখনও দেখিতে পাওয়া যায়, "এ সংসারে একজনের ক্লেশ অনুমান করিয়া অপরের পীড়া (দুঃখ) হইয়া থাকে", পরস্পরের মধ্যে প্রীতি ব্যতীত কখনও তাহা সিদ্ধ হইতে পারে না—পণ্ডিতগণের মধ্যে এই প্রকার প্রবাদ (জনশ্রুতি) প্রসিদ্ধ আছে ॥

৪৮। আমার সমস্ত প্রিয়াগণের মধ্যেও সর্ব্বশ্রেষ্ঠা এবং লক্ষ্মীরও চিত্ত-ক্ষোভ-কারিণী লক্ষ্মীশ্রেষ্ঠা শ্রীরাধিকার প্রীতি সর্ব্বাপেক্ষা উৎকৃষ্ট এবং অতিশয় শুভাবহ। সে

অয়ে প্রজাপতি-তনয় ! (৫২) পতিত-নয়রহিত-জনানুগ্রহ-তৎপর ! (৫৩) ভবতোদিতং (৫৪) ভবতোদিতং জনবৃন্দং প্রতি পরমহিতং মহিতঞ্চ মম। যতঃ (৫৫) কলাবস্মিন্নবনী-তলেহবতরণায় রণায় পাপেন (৫৬) সহাস্তি মনোরথঃ ॥৪৯

যুগত্রয়ে সত্যমুখে (৫৭) প্রবর্ত্তিতৈঃ পাপেন যুধ্যন্ন (৫৮) সুরৈর্ন চাতুষং।
পাপেন তেন স্বয়মত্র বিগ্রহং কৃত্বা ততো নন্দয়িতাস্মি মানসম্ ॥ ৫০ ॥

(৫২) হে ব্রহ্মাত্মজ শ্রীনারদেতি যাবৎ, (৫৩) পতিতানাং পাতকিনাং নীতিরহিতানাঞ্চ জনানামনুগ্রহ তৎপর, (৫৪) ভবেন সংসারেণ তোদিতং পীড়িতং, ভবতা উদিতমুক্তমিত্যন্বয়ঃ, (৫৫) স্বমহনীয়ত্বে হেতুমাহ যত ইতি। (৫৬) পাপেন সহ রণায় যুদ্ধায় ভূমিতলে যদবতরণং তস্মৈ, তাদর্থ্যে চতুর্থী।

(৫৭) সত্যাদিকে। (৫৮) যুধ্ সম্প্রহারে ধাতুঃ দিবাদাবাত্মনেপদী, তথাপি যুধমিচ্ছন্নিতি বিগ্রহে ক্যজন্তাচ্ছতরি যুধ্যন্নিতি সিধ্যতি। যদ্বা—অনুদাত্তেত্ত্বলক্ষণমাত্মনেপদমনিত্যং জ্ঞাপকসিদ্ধত্বাদিত্যদোষঃ।

জাতীয় প্রীতির কোথাও উপমা নাই। জীবের মঙ্গলের নিমিত্ত আমি অসংখ্য অবতার গ্রহণ করিলেও অর্থাৎ আমি সর্ব্বাবতারী এবং সর্ব্বশক্তিমান্ হইলেও শ্রীরাধার প্রীতি আমারও গম্য অর্থাৎ জ্ঞানের বিষয় বা প্রাপ্তির বিষয় নহে। অতএব সেই প্রীতির কথা পুনঃ পুনঃ ভাবিতে ভাবিতে শ্রীরাধিকার ভাব অঙ্গীকারপূর্ব্বক আমি স্বমাধুর্য্য আস্বাদ করিব এবং তদ্দ্বারা অভিমান গ্রীষ্ম-সন্তপ্ত সমস্ত মানবগণকে অমৃতময় কৃপাবর্ষণ করিব—কিয়ৎকাল পর্য্যন্ত ভগবান্ শ্রীকৃষ্ণ মনে মনে এইপ্রকার আলোচনা করিয়া প্রকাশ্যে (স্পষ্টভাবে) বলিলেন।

৪৯। হে প্রজাপতিনন্দন নারদ ! তুমি পতিত এবং নীতিরহিত ব্যক্তিগণের প্রতি অনুগ্রহসাধনে তৎপর। তুমি যে সকল সংসার-পীড়িত জনবৃন্দের কথা বলিতেছ, তাহাদের প্রতি পরম মঙ্গল সাধন আমি সাদরে অঙ্গীকার করিতেছি। যেহেতু এই কলিযুগে পাপের সহিত যুদ্ধ করিবার নিমিত্ত পৃথিবীতে অবতীর্ণ হইতে আমারও অভিলাষ আছে ॥

৫০। সত্য প্রভৃতি তিনযুগে পাপের দ্বারা চালিত অসুরদিগের সঙ্গে আমি যুদ্ধ করিয়া সন্তোষ (তৃপ্তি) লাভ করিতে পারি নাই। এই কলিযুগে স্বয়ং সেই পাপের সঙ্গে যুদ্ধ করিয়া আমি চিত্তের আনন্দ বিধান করিব ॥

অত্র চ—

আরুহ্য দিব্যকরুণাভিধ-রম্যযানং
সদ্ভক্ত-সৈনিকগণৈঃ সহ ভূমিরঙ্গে (৫৯)
স্বাখ্যান-কীর্ত্তন-শরোৎকর-বর্ষণেন (৬০)
জেষ্যামি সর্বজন-পীড়ক-পাপশত্রুম্ ॥ ৫১ ॥

যতঃ কলিকালে কলিকালেশোপ্য (৬১) ন্যস্যোপায়স্য যস্য কস্যাপি নালোক্যতে নামকীর্ত্তনমন্তরেণ। তথাচ মুনিভিরপ্যুক্তং শ্রীভাগবতে (১২।৩।৫১)

কলে (৬২) র্দোষনিধে রাজন্নস্তি (৬৩) হ্যেকো মহান্ গুণঃ।
কীর্ত্তনাদেব (৬৪) মুকুন্দস্য মুক্তবন্ধঃ পরং ব্রজেদিতি ॥
হরের্নাম হরের্নাম হরের্নামৈব কেবলম্।
কলৌ নাস্ত্যেব নাস্ত্যেব নাস্ত্যেব গতিরন্যথা ॥ ইতি ৫২ ॥

অতুষং তুষ্টো নাভবম্। (৫৯) ভূমিরূপ-রণক্ষেত্রে, (৬০) নিজনাম-সঙ্কীর্ত্তনরূপ-বাণসমূহবৃষ্ট্যা (৬১) সামর্থ্যলবোঽপি। (৬২) দোষাণাং শ্রেয়োঽতিক্রম-হেতূনাং নিধেরপি কলেরেকো মহান্ গুণঃ শ্রেয়োৎকর্ষাধায়কো ধর্মোঽস্তি; যথা সম্রাডেকোঽপি বহূনাং দস্যূনাং হন্তা, তথা স একোঽপি দোষাণামিতি ভাবঃ। কোঽয়ং গুণস্তত্রাহ—কীর্ত্তনাদেবেতি নাস্ত্যত্র সাধনান্তরাপেক্ষেতি ভাবঃ, কিমুত স্মরণাদি-সহিতাদিতি বা। পরং সর্বোত্তমং পুমর্থং প্রেমাণমিত্যর্থঃ। (৬৩) বিরাজমানোঽস্তি, যদ্বা হে রাজন্ ইতি চ্ছেদঃ। (৬৪) এবকারেণান্যোপায়-ব্যবচ্ছেদো দর্শিতঃ। তত্র হরিনাম্নস্ত্রিরুক্তিরত্যন্ত-দার্ঢ্যায়, ক্রিয়াপদস্য তু সা কর্মযোগজ্ঞানাপেক্ষয়া বোধ্যা।

৫১। সেই যুদ্ধে—দিব্য (উৎকৃষ্ট) করুণানামক সুন্দররথে আরোহণ করিয়া উত্তমভক্ত রূপ সৈনিকগণের সঙ্গে সংসাররূপ যুদ্ধক্ষেত্রে নিজনাম কীর্ত্তনরূপ শরসমূহ বর্ষণের দ্বারা সর্ব্বজনপীড়ক পাপরূপ শত্রুকে জয় করিব ॥

৫২। যেহেতু কলিকালে একমাত্র নামসঙ্কীর্ত্তন ব্যতীত অন্য কোনও উপায়ের লেশ মাত্র (সামর্থ্যও) কোরক ও দৃষ্ট হয় না। সুতরাং শ্রীমদ্ভাগবতে মুনিবর শ্রীশুকদেবও বলিয়াছেন, "হে রাজন্! কলি অনেক দোষের আশ্রয় (সাগর) হইলেও ইহার একটি মহাগুণ আছে। একমাত্র শ্রীকৃষ্ণের কীর্ত্তন হইতেই জীব মায়াবন্ধন-মুক্ত হইয়া পরম পুরুষার্থ প্রেমলাভ করিতে পারে॥" বৃহন্নারদ পুরাণেও উক্ত আছে—"কলিযুগে একমাত্র হরিনাম হরিনাম, হরিনামই গতি। অন্যথা গতি নাই, নাই, নাই ॥"

তেন চাধর্মে প্রাপিতোপরমে (৬৫) পরমেণ ধর্মেণাবির্ভাবিষ্যতে তিমির-নিকরে করেণ নির্ব্বাসিতেঽসিতেতর-রোচিষেব (৬৬)। ততশ্চ সর্ব্বং জগদগদমমীব মুক্তমুক্ত দোষরহিতং (৬৭) ভবিষ্যতি, ততোঽবশ্যমেবাবতরণীয়ং কিন্তু—৫৩॥

কলিনা গ্রস্তং সকলং নানাদোষাকুলং জগজ্জাতম্।
তস্মাৎ কুত্র জনিষ্যে তাদৃক্ স্থানং (৬৮) ন পশ্যামি ॥ ৫৪ ॥
অস্তি (৬৯) যদ্ যদবনীতলে মম স্থানমত্র জননায় সম্মতম্ (৭০)।
তত্তদেতদবতারভূতয়া (৭১) নাম্বমানি মুনিভিঃ পুরাতনৈঃ ॥ ৫৫ ॥

ততঃ কুত্রাবতারং করিষ্যামি চরিষ্যামি চ পরমোদারামোদারাধিকাং (৭২) লীলামিতি ভগবতা

(৬৫) প্রাপিতো নীত উপরমো নিবৃত্তির্যং তস্মিন্। যম্ উপরম ইতি গণকারোক্ত-প্রামাণ্যাদ্ রমতে র্ঘঞি হ্রস্ব ইষ্যতে। (৬৬) অসিতেতরৎ সিতং রোচি র্যস্য তেন চন্দ্রেণেব পরমেণ ভাগবতাখ্যেন ধর্ম্মেণাবির্ভাবিষ্যতে, ভাবে লৃট্। (৬৭) পীড়ারহিতং যতোঽমীবমুক্তং পাপশূন্যমত এব উক্তা ভবৎকথিতা যে দোষা বেদাধ্যয়নত্যাগাদয়স্তৈঃ রহিতম্।

(৬৮) স্বাবতরণযোগ্যম্ (৬৯) ননু মথুরাদিকমস্তি, তত্রাহ—অস্তীতি যত্র জগতি। (৭০) মুনীনাং সম্মতমভিমতং। (৭১) এতদবতার-স্থানতয়া নানুমতমতস্তব তত্র ধামনি সতি প্রায়শ্ছন্নত্বং মম ন স্যাদিতি ভাবঃ (৭২) পরমোদারমতিমহান্তং উদারো (দাতৃমহতোরিতি বিশ্বঃ) আমোদমা সম্যগ্ রাধয়তি

৫৩। সিতরশ্মি চন্দ্র যেমন কিরণ দ্বারা অন্ধকারসমূহ নাশ (দূর) করিয়া উদিত হয়, সেইরূপ নামসংকীর্ত্তনের দ্বারা অধর্ম্মের নিবৃত্তি করিয়া পরমধর্ম্ম অর্থাৎ বিশুদ্ধা ভক্তি আবির্ভূত হইবে, এবং সেই পরমধর্ম্ম হইতেই সমস্ত জগৎ পূর্ব্বোক্ত বেদাধ্যয়নত্যাগাদি-দোষরহিত হইয়া ক্রমে ক্রমে পাপমুক্ত ও পীড়াশূন্য হইবে। অতএব আমি অবশ্যই অবতার গ্রহণ করিব। কিন্তু—

৫৪। কলি কর্ত্তৃক কবলিত সমস্ত জগৎ নানাবিধ দোষে পরিপূর্ণ হইয়াছে। অতএব কোথায় অবতীর্ণ হইব? নিজ অবতার-যোগ্য সেরূপ স্থান ত দেখিতেছি না॥

৫৫। এই ভূমণ্ডলে আমার আবির্ভাবের নিমিত্ত মুনিগণের অভিমত যে যে স্থান আছে, প্রাচীন মুনিগণ সেই সেই স্থানকে এই অবতারের ক্ষেত্র বলিয়া অনুমোদন করেন নাই।

৫৬। 'অতএব কোন্ স্থানে অবতীর্ণ হইয়া পরম মহতী আনন্দদায়িনী লীলা করিব"

প্রবেদিতো বেদিতোত্তমো (৭৩) মুনিঃ ক্ষণং বিচিন্ত্য সহুঙ্কারং (৭৪) সশিরঃকম্পং সতর্জনীচালনং নীচালঙ্করণকামো নিবেদয়ামাস দয়ামাসঞ্জয়ন্ ॥৫৬॥

ভগবন্! ময়া নৈপুণ্যেন পুণ্যেন সমাধিনাঽসমাধি নাশকেন (৭৫) নিভালিতং ভালিতং (৭৬) দিব্যমেকং স্থানং ভবদবতারায় ভব-দব-তারায় (৭৭) সূচিতমস্তি ॥৫৭॥

যৎ খলু নবদ্বীপতয়া(৭৮) পতয়ালূনাং ভবকূপারেঽপারে নবদ্বীপমিতি প্রসিদ্ধিমবাপ ॥৫৮॥

বিশ্বম্ভরাশ্রিতমপি (৭৯)

সাধয়তীতি ভাবঃ, তৎসম্পাদিকামিতি যাবৎ (৭৩) উত্তমো বেদিতা জ্ঞাতা সর্বজ্ঞপ্রায় ইত্যর্থঃ। (৭৪) ইহ হুঙ্কার-শিরঃকম্পৌ স্মরণ-সূচকৌ, তর্জনীচালনং তর্কাঙ্গকং কিংবা তচ্চালনয়া তদুত্তোলনয়া তৎস্থান-প্রদর্শনমিতি। নীচানামপ্যলঙ্করণে কামো যস্য সঃ, করুণাং জনয়ন্।

(৭৫) অসমমনঃপীড়ানাশকেন, সমাধিনা প্রণিধানেন নিভালিতং নিরূপিতং (৭৬) ভাভিঃ স্বপ্রকাশৈরলিতং ভূষিতম্। (৭৭) সংসারজন্যোপতাপ-তারকায়।

(৭৮) যৎ খলু স্থানং অপারে ভবসমুদ্রে পাতুকানাং জনানাং নবদ্বীপতয়া নূতনাশ্রয়তয়া হেতুনা নবদ্বীপ ইতি রূঢ়িমাপদিত্যর্থঃ।

(৭৯) অত্র বিরোধাঃ স্পষ্টা এব, প্রকৃতে তু বিশ্বম্ভরা পৃথ্বী পরত্র বিশ্বম্ভরো ভবানিতি তৎপরিহারঃ।

শ্রীভগবান এই কথা জানাইলে পতিতজনদিগকে (ভক্তিভূষণে) অলঙ্কৃত করিতে অভিলাষী বিজ্ঞতম শ্রীনারদমুনি ক্ষণকাল চিন্তা করতঃ কৃপানুরঞ্জিতহৃদয়ে হুঙ্কারপূর্বক শিরঃকম্পন ও তর্জনী চালন করিতে করিতে নিবেদন করিলেন ॥

৫৭। হে ভগবন্! জগজ্জীবের অতুল (অসীম) দুঃখবিনাশের নিমিত্ত নিপুণতার সহিত (গভীরভাবে) পবিত্র প্রণিধান দ্বারা আমি একটা সুন্দর স্বপ্রকাশময় স্থান দর্শন করিলাম। সংসারতাপ নিবারণের জন্য তোমার অবতারের নিমিত্ত সেই স্থানটা সূচিত আছে।

৫৮। যে স্থানটী সত্য সত্যই অপার ভবসাগরে পতনশীল ব্যক্তিগণের নূতন দ্বীপ অর্থাৎ আশ্রয় বলিয়া 'নবদ্বীপ' নামে খ্যাতিলাভ করিয়াছে ॥

৫৯। যে স্থান পৃথিবীতে আশ্রিত (অধিষ্ঠিত) হইলেও বিশ্বম্ভরনামক আপনার আশ্রয়ের যোগ্য, যাহার তেজঃ জগতের ভূষণকারী হইলেও যাহার কান্তি নবীন সুধাকেও নিরাকরণ (তুচ্ছ) করে, যাহা ইন্দ্রিয়গণের অবিষয় হইলেও গোকুলধাম হইতে ভিন্ন নহে, যাহা চিদানন্দ স্বরূপ হইলেও বুদ্ধিদ্বারা সুখে (অনায়াসে) নিরূপণের যোগ্য নহে, সর্ব্বদা প্রকৃতিস্থ অর্থাৎ স্বরূপে-স্থিত কখনও মায়াস্পৃষ্ট নয় অর্থাৎ অপ্রাকৃত ॥

বিশ্বম্ভরাশ্রয়যোগ্যং বসুধালঙ্করিষ্ণুরোচিরপি নবসুধা-লঙ্করিষ্ণুরোচিঃ (৮০) গোকুলপদেতরদপি (৮১) ন-গোকুলপদেতরৎ চেতনাসুখরূপমপি ন চেতনাসুখরূপং (৮২) সর্ব্বদা প্রকৃতিস্থমপি (৮৩) ন কদাচিৎ প্রকৃতিস্পৃষ্টম্ ॥৫৯॥

লক্ষ্মী-বিলাসৈঃ (৮৪) পরিপূর্ণমধ্যং সমুল্লসচ্ছ্রীদ্বিজরাজ-রাজৎ (৮৫)
বিশ্বম্ভরানন্দ (৮৬) বিধায়িশোভং বৈকুণ্ঠধাম্নো
যদুপৈতি মৈত্রীম্ (৮৭) ॥ ৬০ ॥

অথবা—

একাং শ্রিয়ং দধদদো (৮৮) লসতোঽমিতানাং
শ্রীণাং কুলৈর্দ্বিজবরঞ্চ তথৈকমেব।
অত্যুজ্জ্বলৈর্দ্বিজবরৈরপি যস্য সাম্যং
বৈকুণ্ঠমপ্যলমহো নহিভবত্যবাপ্তুম্ ॥ ৬১ ॥

এবমগ্রত্রাপি জ্ঞেয়ম্। (৮০) প্রকৃতে তু নবসুধা নূতনামৃতং তদলঙ্করিষ্ণু তন্নিরাকরিষ্ণু রোচি যস্য, (৮১) গোকুলং চক্ষুঃসমূহস্তৎপদং তদ্বিষয়স্তত ইতরৎ তদগোচরমপি, গোকুলধামভিন্নং ন ভবতি তৎপ্রকাশ-বিশেষত্বাৎ। (৮২) জ্ঞানানন্দ-স্বরূপস্থমপি চেতনয়া বুদ্ধ্যা সুখেনাক্লেশেন রূপ্যতে নিরূপ্যতে তৎ তাদৃশং ন ভবতি। (৮৩) স্বরূপস্থমপি ন প্রকৃত্যা মায়য়া স্পৃষ্টং কিন্তপ্রাকৃতমিত্যর্থঃ।

(৮৪) লক্ষ্ম্যাঃ শোভায়াঃ পরত্র শ্রীদেব্যা বিলাসৈ লীলাভিঃ। (৮৫) দ্বিজরাজো গরুড়ঃ পক্ষে ব্রাহ্মণোত্তমঃ (৮৬) বিশ্বম্ভরো নারায়ণঃ পক্ষে পৃথ্বী, (৮৭) যৎস্থানং তস্য মৈত্রীং সাম্যমুপৈতি প্রাপ্নোতি, অত্র শব্দ-সাম্য-নিবন্ধনঃ পূর্ণোপমালঙ্কারঃ।

(৮৮) শ্রীদেবীং দধৎ অদো বৈকুণ্ঠম্ শ্রিয়মিত্যস্য দধদিত্যনেনান্বয়ঃ কুলৈরিত্যস্য লসত ইত্যনেনৈবান্বয়ঃ। শ্রীণাং সম্পদাং শোভানাং বা। যতো বৈকুণ্ঠমপি যস্য নবদ্বীপস্য সাম্যমবাপ্তুমলং ন ভবতীত্যন্বয়ঃ, অত্র ব্যতিরেকালঙ্কারঃ।

৬০। যে স্থানের মধ্যভাগ নানা প্রকার শোভায় পরিপূর্ণ, যাহা পরম রমণীয় শ্রীসম্পন্ন ব্রাহ্মণোত্তমগণে সুশোভিত এবং যাহার শোভা জগতের আনন্দদায়িনী হওয়ায় উহা মধ্যস্থলে লক্ষ্মীদেবীর বিলাসে পরিপূর্ণ, অতি সুন্দর-কান্তি গরুড় কর্ত্তৃক বিরাজিত নারায়ণের আনন্দপ্রদ শোভাবিশিষ্ট বৈকুণ্ঠধামের সাদৃশ্য লাভ করিতেছে।

৬১। অথবা—অহো বৈকুণ্ঠও যাহার সমতা লাভ করিতে পারে না ; কেননা বৈকুণ্ঠ একমাত্র লক্ষ্মীদেবীকে ও একমাত্র দ্বিজবর অর্থাৎ গরুড়কে ধারণ করেন, কিন্তু ঐস্থান অসংখ্য লক্ষ্মী (শোভা, সম্পত্তি) সমূহের দ্বারা ও সংখ্যাতীত অত্যুজ্জ্বলকান্তি দ্বিজবরগণের দ্বারা সুশোভিত।

যত্র খলু— বিপ্রা (৮৯) বেদাধ্যয়ন-যজন-স্পর্শনেষু প্রসক্তাঃ
শৌচাচার-ব্রত-যম-দম-দান-নিষ্ঠাবরিষ্ঠাঃ।
বৈশ্যা বশ্যাঃ ক্ষিতিসুরততের্দানদক্ষা ধনাঢ্যাঃ
শূদ্রা ভদ্রা দ্বিজকুলভবাঃ সেবকাঃ সংবসন্তি॥ ৬২॥
কেচিদ্ বেদান্তনিষ্ঠাঃ কতিচিদপি বুধাঃ সাংখ্যশাস্ত্রপ্রসক্তা
মীমাংসাভ্যাসভাজঃ কতিচিদপি পরে যোগমার্গপ্রবীণাঃ;
কেচিদ্দুস্তর্ক-তর্কাধ্যয়ন-বিধিরতাঃ কেঽপি বৈশেষিকাখ্যে
তন্ত্রে দক্ষা বিচারং স্বপরমতবিদাং (৯০) কুর্বতে সার্দ্ধমোঘৈঃ॥ ৬৩॥
একং কেচিৎ দ্বে পরে ত্রীণি কেচিচ্চত্বার্যন্যে পঞ্চ কেচিৎ ষড়েব।
কেচিৎ প্রাজ্ঞা (৯১) দর্শনানাং স্বশিষ্যানূহাপোহৈঃ সর্বদাধ্যাপয়ন্তি॥

(৮৯) বিপ্রা ইত্যত্র ক্ষত্রিয়াণামনুক্তিঃ কলৌ প্রায়স্তেষাং বৈরল্যাজ্জ্ঞেয়েতি ন ন্যূনতাদোষ-প্রসঙ্গঃ।

(৯০) স্বমতবিদাং পরমতবিদাঞ্চ ওঘৈঃ সমূহৈ বিচারং কুর্বত ইত্যর্থঃ।

(৯১) দর্শনশাস্ত্রাণাং প্রাজ্ঞা অভিজ্ঞাঃ। প্রজ্ঞশব্দাৎ স্বার্থিকোঽন্ প্রত্যয়ঃ। প্রথমান্তপদানামত্রৈ-বান্বয়ঃ, একমিত্যাদি দ্বিতীয়ান্তপদৈঃ দর্শনশাস্ত্রাণ্যুচ্যন্তে, একং দর্শনশাস্ত্রং দ্বে দর্শনশাস্ত্রে ইত্যাদ্যন্বেয়ম্।

৬২। যে নবদ্বীপে বর্ণশ্রেষ্ঠ বিপ্রগণ বেদাধ্যয়ন, যজন ও প্রতিগ্রহে রত, এবং শৌচ আচার, ব্রত, দম, যম, ধ্যাননিষ্ঠ; বৈশ্যগণ দানশীল, ধনাঢ্য ও ব্রাহ্মণগণের অধীন এবং শূদ্রগণ ভদ্র (সদ্‌ব্যবহারযুক্ত) ও দ্বিজবংশীয়গণের সেবাপরায়ণ হইয়া বাস করিতেছে।

৬৩। তথায় কতিপয় বেদান্তনিষ্ঠ, কতিপয় সাংখ্য শাস্ত্রে রত, কতিপয় মীমাংসা শাস্ত্রে অভ্যস্ত, অপর কতিপয় যোগমার্গপ্রবীণ, কতিপয় দুর্গমতর্কাধ্যয়নে আসক্ত এবং কয়েকজন বৈশেষিকশাস্ত্রে সুনিপুণ পণ্ডিত স্বমত ও পরমতাভিজ্ঞ ব্যক্তিগণের সঙ্গে বিচার করিতেছে॥

৬৪। কোনও কোনও প্রাজ্ঞব্যক্তি ষড়্‌দর্শনের মধ্যে একটী, কেহ কেহ দুইটী, কেহ

কিং বহুনা—যত্র খলু নবনিধি-সমৃদ্ধিং বর্দ্ধয়ন্তীং কমলা-(৯২)ঙ্কমলাক্ষীং বিলক্ষ্য সপত্নী-ভাবতঃ কোপাকুলা তাং (৯৩) জিগীষুরিবাষ্টাদশবিদ্যারূপেণ সর্ব্বদা সরস্বতী সমুল্লসতি ॥৬৫

যদুপকণ্ঠে শ্রীমতী জহ্নুতনয়া কুতনয়ানেকপাপভাজন-জনতা-পরমহিতা (৯৪) মহিতা ভুবনেন (৯৫) বনেন বিলসৎকূলা শোভতে ॥৬৬

যা খলু ধ্বনিরিব বিষ্ণুপদ-প্রাপ্তসমুৎপত্তিঃ পদসন্ততিরিবাক্ষরময়ী ভবমূর্ত্তিরিবা-ঘবিনাশিনী, অদিতিরিব বৃষবৃদ্ধিকারিণী, দিনকরকরপ্রভেব কমলোল্লাসবিধায়িনী ত্রিনয়ন-নয়নচ্ছটেব কামপ্রদায়িনী বসন্তশ্রীরিব মোক্ষসম্পাদ্বিবর্দ্ধিনী ভবতি (৯৬) ॥৬৭

স্বশিষ্যানিতি প্রযোজ্যকর্ত্তুঃ কর্ম্মত্বং 'গতিবুদ্ধিপ্রত্যবসানেত্যাদিনা।

(৯২) কমলাং লক্ষ্মীং পদ্মাক্ষীং বিলক্ষ্য দৃষ্ট্বা, (৯৩) তাং লক্ষ্মীং জেতুমিচ্ছুরিবেত্যুৎপ্রেক্ষা।

(৯৪) কুত্তোঽপনীতো নয়ো নীতি র্যয়া সা চাসৌ অনেকপাপভাজনঞ্চ যা জনতা লোকসমূহস্তস্যাঃ পরমহিতা, (৯৫) পূজিতা ভুবনেনেতি কর্ত্তরি তৃতীয়া. ভূতার্থেঽত্র নিষ্ঠা।

(৯৬) বিষ্ণুপদং তচ্চরণমাকাশশ্চ, অক্ষরং ব্রহ্ম অকারাদি বর্ণশ্চ, অঘং পাপং পক্ষে অঘঃ তন্নামা-সুরশ্চ বৃষো ধর্ম্মঃ পক্ষে বৃষ ইন্দ্রশ্চ, কমলা লক্ষ্মীঃ পক্ষে কমলং পদ্মঞ্চ, কামপ্রদায়িনীতি স্পষ্টার্থ; পক্ষে কামবিনাশিনী, দো অবখণ্ডনে ধাতুপাঠাৎ। মোক্ষো মুক্তিঃ পাটলিবৃক্ষশ্চ। অদিতিরিত্যাদি বিশেষণচতুষ্টয়েন চতুর্বর্গ-হেতুত্বং দর্শিতম্।

বা তিনটী, কেহ বা চারিটী, কেহ বা পাঁচটী কেহ বা ছয়টীই নিজ নিজ ছাত্রগণকে অনুকূল ও প্রতিকূল তর্কের দ্বারা সর্ব্বদা অধ্যাপন করেন॥

৬৫। অধিক আর কি বলিব? যে নবদ্বীপে পদ্মনয়না কমলা (লক্ষ্মী) মহাপদ্ম, পদ্ম, শঙ্খ প্রভৃতি নবনিধির সম্পত্তি বৃদ্ধি করিতেছেন বলিয়া সরস্বতী, সমান পতি ভাব নিবন্ধন যেন ঐ লক্ষ্মীর প্রতি কুপিত হইয়া তাঁহাকে জয় করিবার ইচ্ছায় অষ্টাদশ বিদ্যারূপে সর্ব্বদা প্রকাশ পাইতেছেন॥

৬৬। যে নবদ্বীপের সমীপে ভুবনবন্দিতা মনোজ্ঞা (শোভাময়ী) জাহ্নবী শোভা পাইতেছেন। তিনি নীতিহীন অশেষ পাপনিষ্ঠ জনগণের পরম হিতকারিণী এবং তাঁহার উভয় কূল বনের দ্বারা সুশোভিত।

৬৭। যে সুরধুনী—ধ্বনি যেমন বিষ্ণুপদ প্রাপ্ত সমুৎপত্তি অর্থাৎ আকাশে সমুৎপন্ন

শুভ্রাংশু-শুক্লরুচিরপ্যবগাহমানং
স্বস্মিন্ জনং কলিত-কৃষ্ণরুচিং (৯৭) করোতি।
ত্যক্তাসবে স্বসলিলেঽপি জড়স্বরূপা
যা চিন্ময়ং বপুরহো ভগবন্ দদাতি। ৬৮॥

যস্যাঞ্চ স্বতঃপ্রধানমপি পতঙ্গপুত্রী (৯৮) তদ্‌যশোজালবর্দ্ধনায় নিগহিত-স্বমহিমা যুধিষ্ঠির-সেনায়াং ভবানিব (৯৯) বর্ত্ততে॥৬৯

(৯৭) প্রাপ্তশ্যামকান্তিমিতি বিরোধঃ, প্রকৃতে তু কলিতা গৃহীতা কৃষ্ণে ভগবতি রুচিঃ প্রীতি র্যেন তাদৃশমিত্যর্থঃ। ত্যক্তাসবে ত্যক্তপ্রাণায় জনায়। স্বসলিলেঽপি অপিরত্র ভিন্নক্রমত্বেন জড়স্বরূপা অচিদ্রূপা অপি ইত্যন্বয়ঃ, প্রকৃতে তু জলস্বরূপা ডলয়োরৈক্যশ্রবণাৎ।

(৯৮) সূর্য্যতনয়া শ্রীযমুনা। (৯৯) ভবানিব শ্রীকৃষ্ণরূপেণ ত্বমিব।

সেইরূপ বিষ্ণুপদ প্রাপ্ত সমুৎপত্তি অর্থাৎ শ্রীবিষ্ণুর চরণ হইতে উৎপন্না, পদসমূহ যেমন অক্ষর-ব্রহ্মময়ী অর্থাৎ বর্ণব্রহ্মময়ী সেইরূপ অক্ষর ব্রহ্মময়ী অর্থাৎ ধ্রুবব্রহ্মময়ী, আপনার মূর্ত্তি যেমন অঘবিনাশিনী অর্থাৎ অঘনামক অসুর-ঘাতিনী সেইরূপ অঘবিনাশিনী অর্থাৎ পাপনাশিনী, অদিতি যেমন বৃষবৃদ্ধিকারিণী অর্থাৎ ইন্দ্রের পালনকারিণী (উন্নতি-বিধায়িনী) সেইরূপ বৃষবৃদ্ধিকারিণী অর্থাৎ ধর্ম্মবর্দ্ধনী, সূর্য্যকিরণের প্রভা যেমন কমলোল্লাসবিধায়িনী অর্থাৎ কমলের বিকাশকারিণী সেইরূপ কমলোল্লাসবিধায়িনী অর্থাৎ লক্ষ্মীর উল্লাস-কারিণী, মহাদেবের নয়ন-চ্ছটা যেমন কামপ্রদায়িনী অর্থাৎ মদন-নাশিনী সেইরূপ কামনাশিনী অর্থাৎ অভীষ্টবস্তুপ্রদায়িনী; বসন্তশ্রী যেমন মোক্ষসম্পদ্বিবর্দ্ধিনী অর্থাৎ পাটলি বৃক্ষের পত্রপুষ্পাদি-সম্পদ্বর্দ্ধিনী সেইরূপ যে গঙ্গা মোক্ষ সম্পদ্বিবর্দ্ধিনী অর্থাৎ মুক্তিসম্পদ্ বৃদ্ধি করিয়া থাকেন।

৬৮। হে ভগবন্! গঙ্গা নিজে চন্দ্রের ন্যায় শুক্লবর্ণা হইলেও তাহাতে স্নানকারী ব্যক্তিকে কৃষ্ণরুচিবিশিষ্ট অর্থাৎ শ্রীকৃষ্ণে প্রীতিসম্পন্ন করেন। নিজে জড় অর্থাৎ জলস্বরূপ (ময়ী) হইলেও, যে তাঁহার সলিলে প্রাণ ত্যাগ করে তাহাকে চিন্ময় বপু দান করিয়া থাকেন॥

৬৯। যে গঙ্গায় সূর্য্যতনয়া যমুনা স্বয়ং শ্রেষ্ঠ হইলেও তাঁহার যশোরাশি বৃদ্ধি

ততঃ পরম-রমণীয়ং তন্নবদ্বীপ-নগরং নগরঞ্জিতবিহঙ্গমসমূহ (১০০) মসমূহমেব ভগবতোঽবতো মানবান্নবাবতারায় সমুচিতম্ ॥ ৭০

ইতি নিগদিতং বিধি-তনয়েন নয়েন মধুরমবধায় বধায় কলি-বলস্য কৃতেচ্ছঃ কৃতেঽচ্ছ-ভজনশিক্ষণস্য চাবতারং বতারং (১) চিকীর্ষুরাচষ্ট চন্দ্রকচূড়ঃ ॥ ৭১

আমাজ্ঞাপিতমুত্তমং ভগবতা শ্রীমন্মুনীন্দ্র! ত্বয়া
নৈবাত্র ক্ষিতিমণ্ডলেঽস্তি সুভগং স্থানং নবদ্বীপতঃ।
তস্মাত্তত্র সহৈব পার্ষদগণৈরাবির্ভবন্ কৈশ্চন
প্রাদুর্ভাবয়িতাস্মি ধর্মমতুলং কর্ত্তব্যমস্মিন্ কলৌ (২) ॥ ৭২ ॥

যেন চ প্রাপ্তপরাজয়ো রাজযোধেন বাটপাটচ্চর (৩) ইব কলিঃ কুণ্ঠতামায়াতা

(১০০) অসংশয়ম্।

(১) কৃতে ইত্যব্যয়মেজস্তঃ নিমিত্তার্থে। নির্মলভজনশিক্ষায়া নিমিত্তঞ্চ কৃতেচ্ছঃ, বত হর্ষে! অরংশীঘ্রং যথা তথা অবতারং চিকীর্ষুরিত্যন্বয়ঃ। বর্হাপীড়ঃ শ্রীকৃষ্ণঃ আচষ্ট উক্তবান্।

(২) আমিতি মাস্তাব্যয়ম্ স্মরণার্থে, স্মরামীত্যর্থঃ, ভগবতা সর্বজ্ঞেন ত্বয়া উত্তমং শোভনং আজ্ঞপ্তং, কিন্তদিত্যপেক্ষায়াং নৈবেত্যাদি—এতেন ধামান্তরেভ্যোঽস্য পরমোৎকর্ষো দর্শিতঃ। অতুলমসমোর্দ্ধত্বয়া সর্বোৎকৃষ্টং ধর্মং ভাগবতাখ্যমিত্যর্থঃ। অস্মিন্ বর্ত্তমানে কলৌ কর্ত্তব্যমবশ্যকরণীয়ম্।

করিবার জন্য যুধিষ্ঠিরের সেনামধ্যে আপনার (শ্রীকৃষ্ণরূপের) ন্যায় নিজ মহিমা গোপন করিয়া বর্ত্তমান আছেন ॥

৭০। অতএব যে স্থানে বৃক্ষসকলে পক্ষিগণ পরম সুখে বিরাজ করিতেছে, সেই পরমরমণীয় নবদ্বীপ নগরই জনপালক ভগবান্ আপনার নবীন অবতারের যথার্থ উপযুক্ত স্থান ॥

৭১। নারদের এবংবিধ যুক্তিপূর্ণ মধুর বাক্য শ্রবণ করিয়া, শিখিপিঞ্ছভূষণ শ্রীকৃষ্ণ কলির প্রভাব-নাশ ও নির্ম্মল ভক্তি শিক্ষা প্রদানের নিমিত্ত, শীঘ্র অবতার গ্রহণ করিতে ইচ্ছুক হইয়া বলিলেন —

৭২। অহো স্মরণ হইয়াছে। হে শ্রীমন্! (পরমপ্রেমসম্পত্তিমন্) মুনিবর! আপনি সর্ববজ্ঞ হইয়া আমাকে উত্তম কথাই জানাইয়াছেন। এই ভূমণ্ডলে নবদ্বীপ অপেক্ষা সুন্দর স্থান আর কোথাও নাই। অতএব সেই স্থানে কতিপয় পার্ষদবৃন্দের সঙ্গে আবির্ভূত হইয়া এই কলিযুগের কর্ত্তব্য অতুলনীয় পরম ভক্তি-ধর্ম্মের প্রবর্ত্তন করাইব ॥

৭৩। রাজসৈনিক কর্ত্তৃক পথস্থ চোর [বাটপাড়] যেমন পরাজয় প্রাপ্ত হয়,

মায়াতাপতারকো হ্যয়ং ধর্ম্মঃ, কস্তত্র বরাকোঽবরাকোমল-স্বভাবোঽসৌ ॥ ৭৩

ভবতা তু নাকপাল-কপালভৃচ্চতুর্ম্মুখ-মুখ-বর্হির্ম্মুখান (৪) সুবসুমতি (৫) সুমতি-ভক্তভাবেনাবতরিতুং মল্লপিতেনাদিশ্য স্বয়মপ্যবতরণীয়ং তরণীয়ং ভবস্য সাগরস্য (৬) গরস্য নামসঙ্কীর্ত্তনরূপা ভবতৈব প্রচারণীয়া ॥ ৪

ইতি ভগবতো বচোঽমৃতসমানং সমানং (৭) শ্রুত্বা মাদিতান্তরোঽতান্তরোচিঃ (৮) পুলকিতাপঘন (৯) স্তাপঘন স্তামরসাক্ষং (১০) পরিক্রামন্নৃত্যন্নিদং জগাদ নারদঃ ॥ ৭৫

(৩) যেন ধর্ম্মেণ বাটপাটচ্চরঃ পথিচৌরঃ বাট্‌পাড় ইতি খ্যাতঃ। মায়াতাপেতি—প্রাকৃত-তাপ-ত্রয়াদুদ্ধারকঃ, বরাকঃ ক্ষুদ্রতমঃ, অবরশ্চাসৌ অকোমলস্বভাবশ্চেতি বিশেষণ-সমাসঃ।

(৪) ইন্দ্রশিববিধিপ্রভৃতিদেবান্ (৫) পৃথিব্যাং, বিভক্ত্যর্থেঽব্যয়ীভাবঃ (৬) গরস্য বিষস্য সাগরস্য ভবস্য সংসারস্য তরণী নৌরিয়ং নামসংকীর্ত্তনরূপা ভবতা ত্বয়ৈব প্রকাশনীয়েত্যন্বয়ঃ। ব্যস্তরূপকমিদং।

(৭) সাদরং (৮) হৃষ্টান্তঃকরণোঽম্লানকান্তিঃ, (৯) রোমাঞ্চিত-শরীরঃ (১০) তাপস্য ঘনো মেঘ ইব নিবর্ত্তকঃ, কমললোচনং শ্রীকৃষ্ণম্।

সেই প্রকার সর্ব্বোৎকৃষ্ট ভক্তি ধর্ম্ম কর্ত্তৃক পরাজিত হইয়া কলি কুণ্ঠতা প্রাপ্ত হইবে; যেহেতু এই পরম ভাগবত ধর্ম্ম যেখানে মায়া এবং তজ্জনিত তাপত্রয় হইতে উদ্ধার-কর্ত্তা সেখানে অতি তুচ্ছ ও নিষ্ঠুরস্বভাব কলির স্থান কোথায়?

৭৪। আপনি আমার বাক্য জানাইয়া ইন্দ্র, শিব, ব্রহ্মা প্রভৃতি দেবতাগণকে পৃথিবীতে নির্ম্মল হৃদয় ভক্তরূপে অবতীর্ণ হইবার জন্য আদেশ করত আপনিও স্বয়ং অবতীর্ণ হইবেন। বিষের সাগররূপ সংসারে নামসঙ্কীর্ত্তনরূপা এই তরণী আপনারই প্রচার করিতে হইবে॥

৭৫। শ্রীভগবানের এইপ্রকার অমৃততুল্য বাক্য সাদরে শ্রবণ করিয়া অন্যের তাপ নিবারণে মেঘস্বরূপ শ্রীনারদের হৃদয় প্রফুল্ল, কান্তি উজ্জ্বল ও পুলকিত হইল। তিনি পরমানন্দে কমললোচন ভগবান্ শ্রীকৃষ্ণকে পরিক্রমাপূর্ব্বক নৃত্য করিতে করিতে এই কথা বলিলেন॥

অহো প্রভো দীনজনে কৃপালুতা
ন দৃষ্টপূর্ব্বা ভুবনে কদাচন।
যদীয়মিত্থং ন ভবেত্তদা জনৈঃ
স এব গীয়েত কথং কৃপাময়ঃ ॥ ৭৬ ॥
ধৈর্য্যং ধেহি তপোধনোত্তম! জনে যত্র কচিন্নাবয়োঃ (১১)
স'বাদং বিবৃণু, ত্বমেতমিহ যদ্গুপ্তি র্হিতা সিদ্ধয়ে (১২)।
ইত্যুক্ত্বাহন্তরধাদ্ব্রজেন্দ্র-তনয়ঃ শ্রীমান্ মুনীন্দ্রস্ত্বসৌ
প্রেমানন্দ-পরিপ্লুতঃ খলু তদাদিষ্টং ক্রমেণ ব্যধাৎ (১৪)॥ ৭৭॥

ইতীত্যাদি শ্রীগৌরলীলামৃতে শ্রীগৌরাবির্ভাব-নিশ্চয়ো নাম
দ্বিতীয় আস্বাদঃ॥

(১১) যত্র কচিদ্ যস্মিন্ কস্মিন্নপি জন ইত্যন্বয়ঃ, সর্বস্মিন্নেব জন ইত্যর্থঃ। (১২) যস্য সংবাদস্য গুপ্তি-গোপনমিহ জগতি সিদ্ধয়ে ফলপ্রাপ্তয়ে হিতেত্যন্বয়ঃ। (১৩) অন্তর্হিতবান্ (৪) আদেশং ব্যধাৎ কৃতবান্।

৭৬। হে প্রভো! পৃথিবীতে দীনজনের প্রতি এবংবিধ কৃপালুতা আমি পূর্ব্বে আর কখনও দর্শন করি নাই। যদি এই প্রকার কৃপা না হইবে, তবে লোকে তোমাকে কৃপাময় বলিবে কেন?

৭৭। হে তপোধনশ্রেষ্ঠ! ধৈর্য্য ধারণ কর। তুমি আমাদের এই সংবাদ লোকসমীপে যেখানে সেখানে বর্ণন করিও না। জগতে এই সংবাদগোপনই ফল-প্রাপ্তি বিষয়ে মঙ্গলজনক। শ্রীব্রজেন্দ্রনন্দন নারদকে এই কথা বলিয়া অন্তর্হিত হইলেন; এবং মুনিবর শ্রীমান্ নারদও প্রেমানন্দে পরিপ্লুত হইয়া ক্রমে ক্রমে তাঁহার আদিষ্ট কর্ম্ম সম্পাদন করিলেন।

শ্রীগৌরলীলামৃতে শ্রীগৌরাবির্ভাব-
নিশ্চয় নামক দ্বিতীয় আস্বাদ॥

শ্রীশ্রীগৌরচন্দ্রায় নমঃ।

শ্রীশ্রীগৌরাঙ্গ-চম্পূঃ

তৃতীয় আস্বাদঃ

—:০:—

ইহ তু তিরস্কৃত-মায়াপিধানে মাধুরী-দোলায়িত-ব্রহ্মাদ্যবধানে (১) দিব্যাতিদিব্য-সকললোক-প্রধানে (২) কৃপাকৃতাবনীতলাবির্ভাব-বিধানে (৩) শ্রীমন্নবদ্বীপাভিধানে পত্তনে দ্বিজবংশাবতংসে কীর্ত্তনকৃত-কলিকল্মষ-ধ্বংসে মুনিগণ-কৃতপ্রশংসে মিশ্র-বংশে দিক্‌করি-কুম্ভকীর্ণ-কীর্ত্তিকুন্দদামা (৪) সকলস্বান্ত-সন্তোষসম্পাদকসামা (৫) শত-সহস্র-সবিতৃসমানধামা জগন্নাথনামাবির্বভূব ভূবলয়স্য ধ্বজ ইব (৬)॥১

(১) দূরীকৃত-মায়াচ্ছাদনে স্বমাধুর্য্যেণ দোলায়িতং তরলীকৃতং ব্রহ্মাদীনামপ্যবধানং একাগ্রত্বং যেন। (২) দিব্যা ইন্দ্রলোকাদয়োঽতিদিব্যা ধ্রুবলোক-বৈকুণ্ঠাদয়শ্চ তদাদি-নিখিললোকেভ্যঃ প্রধানে মূলভূতত্বাদিত্যর্থঃ। (৩) করুণামাত্রেণৈব বিহিতভূতলাবির্ভাব-বিধানে, পত্তনে নগরে। (৪) দিক্‌করীণামৈরাবতাদীনাং কুম্ভেষু অপি কীর্ণানি কীর্ত্তিকুন্দদামানি যস্য দিগন্তবিশ্রান্তবিমলযশাঃ। (৫) সাম প্রিয়ভাষণং 'সাম স্বান্তমুভে সমে' ইত্যমরঃ। (৬) ভূমণ্ডলস্য বিজয়কেতনমিত্যুৎপ্রেক্ষা।

১। শ্রীনবদ্বীপ নগর মায়াবরণ-বর্জ্জিত অর্থাৎ চিন্ময়। ইহা স্বকীয় মাধুর্য্যে ব্রহ্মাদি দেবতাগণেরও চিত্তবৃত্তি বিচলিত করিতেছেন। ইহা দিব্য ইন্দ্রলোকাদি এবং অতিদিব্য ধ্রুবলোক বৈকুণ্ঠাদি সমস্ত লোক অপেক্ষা শ্রেষ্ঠ এবং ইনি কৃপাবশতঃ অবনীতলে আবির্ভূত হইয়াছেন মাত্র। এই নবদ্বীপে শ্রীহরিকীর্ত্তনে কলিকল্মষধ্বংসকারী দ্বিজকুলের শিরোভূষণস্বরূপ, মুনিগণ-প্রশংসিত মিশ্রবংশে ভূমণ্ডলের বিজয়-পতাকার ন্যায়

গাম্ভীর্য্যেণ নদীপতিং করুণয়া শ্রীরন্তিদেবং নৃপং
ধৈর্য্যেণামর-ভূধরং সুষময়া শ্রীযামিনী-বল্লভম্ (৭)।
বিদ্যাভি র্দিবিষদ্গুরুং (৮) মুররিপৌ ভক্ত্যা (৯) কয়াধোঃ সুতম্ (১০)
সৎপুত্র-প্রসবেন কশ্যপমুনিং যোঽসৌ (১১) বিজিগ্যে (১২) ভৃশম্ ॥ ২

যশ্চ তাদৃশগুণ-নিকর-করম্বিততয়া তত্তয়া মহত্তয়া সর্বে লোকা মিশ্রপুরন্দর (১৩) ইত্যাজুহুবুঃ। তস্মৈ (১৪) খলু নাম্না নীলাম্বরেণ বরেণ চক্রবর্ত্তিনাঽর্ত্তিনাশিতসকল-সংশয়েন শয়েন (১৫) জিতকুমুদাধারক-বদনতামরসা (১৬) ঽমরসাধ্বীসমানা (১৭) সমানাঽণম্ (১৮) সর্বজনহিতা দুহিতা দুর্নীতিস্পর্শরহিতা (১৯) শচী নাম সম্প্রদদে ॥৩

(৭) পরমশোভয়া শ্রীমচ্চন্দ্রমিত্যর্থঃ। (৮) দেবগুরুং বৃহস্পতিং, (৯) শ্রীকৃষ্ণবিষয়িণ্যা ভক্ত্যা, (১০) শ্রীপ্রহ্লাদং, (১১) উত্তরবাক্যগতস্য যচ্ছব্দস্য তচ্ছব্দনৈরপেক্ষ্যাৎ তৎসন্নিহিতত্বেনাদসশ্চ তথাত্বং মন্তব্যমিত্যালঙ্কারিকাঃ। (১২) বিজিতবান্, তত্তদ্বিষয়ে তেভ্যঃ সর্বেভ্যোঽপ্যুত্তম ইতি ব্যতিরেকালঙ্কারঃ, স চাত্র বিজয়রূপৈকক্রিয়াভিসম্বন্ধাদ্দীপকানুপ্রাণিতশ্চেতি বোধ্যম্। বিপরাভ্যাং জেরিত্যাত্মনেপদম্। অস্যাং ক্রিয়ায়াং কর্মরূপেণ বহূনাং কারকাণামন্বয়া-দ্দীপকভেদোঽয়মলঙ্কারঃ, তেন চোপমানতো বৈলক্ষণ্যদ্যোতনাদ্ব্যতিরেকালঙ্কারঃ সঙ্কীর্ণঃ।

(১৩) পুরন্দর-শব্দস্যোত্তরপদস্থিতত্বে শ্রেষ্ঠত্বমিন্দ্রত্বঞ্চ গম্যতে। তাদৃশ-গুণবত্ত্বেন শ্রেষ্ঠত্বং তথা চাসীমমাহাত্ম্যেন ইন্দ্রতুল্যত্বঞ্চ বোধ্যম্। ইতি শব্দেনাভিধানাত্তত্র প্রথমা, তদুক্তং বাকনাচার্য্যেণ 'নিপাতেনাপ্যভিধানং পরিগণনস্য প্রায়িকত্বাদিতি, (১৪) শ্রীজগন্নাথমিশ্র-পুরন্দরায়, (১৫) নাম্নেতি প্রকৃত্যাদিভ্য উপসংখ্যানমিতি তৃতীয়া। (১৫) আর্ত্ত্যা অভিলাষেণ নাশিতা সকলাঃ সংশয়াঃ যেন তদ্গুণ-দর্শনাৎ কন্যাদানে তাদৃশী ইচ্ছা জাতা যয়া কোঽপি সংশয়ো নাবসরং প্রাপেত্যর্থঃ। শয়েন হস্তেন। (১৬) পৃথিব্যানন্দ জনক-মুখকমলা। (১৭) শচীতুল্যা, (১৮) সাদরপূজনং যথা স্যাৎ, (১৯) সুনীতিসমানেত্যর্থঃ।

শ্রীজগন্নাথ-নামক একজন ব্রাহ্মণ বাস করিতেন। তাঁহার শুভ্র কীর্ত্তিরূপ কুন্দ-কুসুম-মাল্য দিগ্‌হস্তিগণের কুম্ভে বিক্ষিপ্ত হইয়াছিল অর্থাৎ তাঁহার নির্ম্মল যশঃ দিগন্ত পর্য্যন্ত বিস্তৃত ছিল ; তাঁহার প্রিয়বাক্যে সকলেরই মনে সন্তোষ জন্মিত এবং তাঁহার কান্তি শত সহস্র সূর্য্যের ন্যায় অতি উজ্জ্বল ছিল ॥

২। তিনি (শ্রীজগন্নাথ মিশ্র) গাম্ভীর্য্যের দ্বারা সমুদ্রকে, করুণায় শ্রীরন্তিদেব-নৃপতিকে, ধৈর্য্যে সুমেরুপর্ব্বতকে, পরম শোভাদ্বারা সুন্দর চন্দ্রকে, বিদ্যাসমূহদ্বারা সুরগুরু বৃহস্পতিকে, শ্রীকৃষ্ণ-ভক্তিদ্বারা কয়াধূনন্দন প্রহ্লাদকে এবং সৎপুত্র উৎপাদন দ্বারা কশ্যপ মুনিকেও অত্যধিক জয় করিয়াছিলেন ॥

৩। তিনি তাদৃশ গুণাবলী সম্পন্ন ও অতিশয় মহিমান্বিত ছিলেন বলিয়া

তয়া সহ গৃহে বসন্ স খলু মিশ্রচূড়ামণি-
শ্চচার ভবনোচিতং সকলমেব ধর্ম্মং (২০) সদা।
যতো ভগবতো যথা ভবতি ধর্ম্মং সংশিক্ষণে
মনস্যধিক আগ্রহো ভগবতঃ প্রিয়াণাং তথা॥ ৪
পাঠো হোমশ্চাতিথীনাং সপর্য্যা (২১) পিত্রাদীণাং তর্পণং বা (২২) বলিশ্চ।
পঞ্চৈব স্ব্যর্থে মহান্তো মখাস্তে (২৩) মিশ্রেণামী লঙ্ঘিতা নো কদাপি॥৫

(২০) ধর্ম্মং গার্হস্থ্যলক্ষণং। (২১) তেষাং সৎক্রিয়া (২২) বাশব্দশ্চার্থে (২৩) যজ্ঞাঃ।

সকল লোকে তাঁহাকে মিশ্র পুরন্দর বলিয়া ডাকিত। শ্রীনীলাম্বর নামক চক্রবর্ত্তিপ্রবর। তাঁহার তাদৃশ গুণদর্শনে সকল সংশয় পরিত্যাগপূর্ব্বক স্বেচ্ছাক্রমে যথাযোগ্য পূজা সহকারে তাঁহাকে সর্ব্বজনহিতৈষিণী সুনীতিসম্পন্না শচীনাম্নী নিজ কন্যা সম্প্রদান করিয়াছিলেন। শ্রীশচী দেবী ইন্দ্রপত্নী শচীর ন্যায় ভাগ্যবতী ছিলেন। তাঁহার বদনকমল জগদ্বাসিজনের আনন্দজনক ছিল এবং তিনি নিজের সুন্দর ও সুকোমল হস্তের দ্বারা কুমুদকেও পরাজিত করিয়াছিলেন॥

৪। মিশ্রচূড়ামণি শ্রীজগন্নাথ সেই শচীদেবীর সঙ্গে গৃহে বাস করিয়া সর্ব্বদা গৃহোচিত সকলধর্ম্মেরই অনুষ্ঠান করিতেন। যেহেতু ধর্ম্মশিক্ষা প্রদান বিষয়ে শ্রীভগবানের চিত্তে যেমন অত্যধিক আগ্রহ থাকে, শ্রীভগবানের প্রিয়জনগণের চিত্তেও তদ্রূপ আগ্রহ বর্ত্তমান থাকে॥

৫। শাস্ত্রপাঠ, হোম, অতিথিসেবা, পিতৃপুরুষগণের তর্পণ এবং বলি অর্থাৎ প্রাণিগণকে উপহার প্রদান—গৃহস্থের কর্ত্তব্য এই পাঁচটী মহাযজ্ঞ মিশ্রবর কখনও লঙ্ঘন করিতেন না।

তস্য চ তেষু পরমোদারেষু দারেষু (২৪) তেজোবিস্মাপিত-মনুজাস্তনুজা (২৫) স্তরণয় (২৬) ইবাষ্টৌ জজ্ঞিরে, জাতা এবাস্তমুপাযযুশ্চ, তত্র কারণং কোবিদা বিদামাসুঃ (২৭) ॥৬

এতয়ো (২৮) স্তনুজয়ো র্ভবিষ্যতোরগ্রজ-ব্যবহৃতাবিমে সুতা নোচিতা ইতি বিচার্য্য তৎক্ষণাত্তৎক্ষণাৎ (২৯) সমহরদ্ যমো নু তান্ ॥৭

এবমষ্টানামিষ্টানামিন্দ্রকুমারসদৃশাং (৩০) দৃশাং সংনন্দনানাং (৩১) নন্দনানাং মধ্যে কস্মিন্নপি (৩২) নাবশিস্টে শিষ্টেন (৩৩) দুঃসহ-শোকপীড়িতেনা পীড়িতেনা-তিধৈর্যশালিভিরপি (৩৪) সহধর্মিণী-সহিতেন তেন মিশ্রবরেণ চিরজীবি-ধৃতনয়-তনয়-কামনয়া (৩৫) সদামোদরং (৩৬) দামোদরমভ্যর্চয়িতুমারেভে (৩৭) ॥৮

---

(২৪) পত্ন্যাং, দারাদেরেকত্বে বহুবচনমিষ্টম্ (২৫) কন্যাঃ পুত্রাশ্চ, সমানরূপপত্বাদেকশেষঃ কতিচন, কন্যাঃ কতিচন পুত্রা ইত্যর্থঃ, এবং পরত্রাপি জ্ঞেয়ম্। (২৬) সূর্য্যা ইব তেজস্বিনঃ, (২৭) বিজ্ঞা বিদন্তি।

(২৮) এতয়োঃ শচী-জগন্নাথয়োঃ ভাবিনোঃ তনুজয়োঃ শ্রীবিশ্বরূপ-বিশ্বম্ভরয়োরিত্যর্থঃ জ্যৈষ্ঠত্ব-ব্যবহারে। ইতীব বিচার্য্যেতি গম্যোৎপ্রেক্ষা ব্যঞ্জকাপ্রয়োগতঃ। (২৯) তদা তদা নাতিবিলম্বে-নেত্যর্থঃ, বীপ্সায়াং দ্বিরুক্তিঃ ল্যব্‌লোপে পঞ্চমী।

(৩০) জয়ন্ত-তুল্যানাং, (৩১) চক্ষুরানন্দদায়িনাং, (৩২) কস্মিন্নপি পুত্রে নাবশিষ্টে সতীত্যর্থঃ। (৩৪) সাধুনা (৩৪) অতিধীরৈরপি জনৈঃ স্তুতেন তেনেত্যন্বয়ঃ, ঈড়্ স্তুতৌ ধাতুঃ। (৩৫) চিরজীবী চ ধৃতনয়শ্চ যস্তনয়স্তৎকামনায়া, (৩৬) সতামামোদদাতারং দামোদরং শ্রীকৃষ্ণং, (৩৭) আঙ্-পূর্ব-রভতে র্ভাবে লিট্, প্রববৃতে ইত্যর্থঃ, শকাদিত্বাত্তদ্যোগে তুমুন্।

৬। শ্রীজগন্নাথ মিশ্রের সেই পরম উদার (শ্রেষ্ঠা) পত্নীতে তেজঃ দ্বারা মানব-গণের বিস্ময় উৎপাদক অষ্ট সূর্য্যের ন্যায় আটটী সন্তান জন্মিয়াছিল। কিন্তু জন্মিয়াই তাহারা মৃত্যুমুখে পতিত হইয়াছিল। তৎকারণ বিজ্ঞ ব্যক্তিগণই অবগত আছেন।

৭। ভবিষ্যতে ইঁহাদের যে দুইটী পুত্র জন্মগ্রহণ করিবে, এই পুত্রকন্যাগণ (সন্তানগণ) তাঁহাদের অগ্রজরূপে ব্যবহারের উপযুক্ত নয়—এই প্রকার বিচার করিয়াই কি যম তাঁহাদিগকে জাতমাত্র তৎক্ষণাৎ বিনাশ করিয়াছিলেন?

৮। এইরূপে ইন্দ্রপুত্র জয়ন্ত সদৃশ, নয়নের আনন্দপ্রদ, অভীষ্ট আটটী সন্তানের মধ্যে যখন একটিও অবশিষ্ট থাকিল না, তখন অতিধীর ব্যক্তিগণেরও প্রশংসনীয়

তস্যোদ্যৎকরুণা-বলেন ভগবান্ শ্রীযুক্তসঙ্কর্ষণো
মিশ্রৌ তৌ (৩৮) প্রতি সুপ্রসন্নহৃদয়ঃ পুত্রস্তয়োঽভূত্তয়োঃ।
যস্মিন্ বীক্ষ্য সমগ্রমদ্ভুততমং রূপং স মিশ্রো মুদা
সম্পূর্ণঃ খলু বিশ্বরূপ (৩৯) ইতি তন্নামাকরোন্মঞ্জুলম্ (৪০) ॥৯॥

যঃ খলু তৎসুতানাং নবমোঽপ্যনবমো (৪১) গুণগণৈঃ বিশ্বরূপোঽপ্যবিশ্বরূপো (৪২) বস্তুতঃ কামপালোঽপি (৪৩) কাম-পরাভবী সৌন্দর্য্যবর্য্যেণ জগন্নাথোল্লাস-করোঽপি জগন্নাথ-মর্দনো (৪৪) বভূব ॥১০

সৌন্দর্য্যামৃতপূরপুষ্কলহ্রদো (৪৫) গাম্ভীর্য্য-ধৈর্য্য-ক্ষমা-
সৌশীল্য-প্রতিভাদিসদ্গুণমণিশ্রেণীশ্রিয়ামাকরঃ (৪৬)।

---

(৩৮) তৌ দম্পতী প্রতি, কর্মপ্রবচনীয়যোগে দ্বিতীয়া। (৩৯) বিশ্বমশেষং রূপং যস্মিন্ ইতি নিরুক্ত্যেতি ভাবঃ, (৪০) মঞ্জুলং সর্বচিত্তকর্ষিত্বাদন্বর্থং নতু সংজ্ঞামাত্র-পর্য্যবসায়িত্বাদনর্থকমিত্যর্থঃ।

(৪১) অনবমঃ অন্যূনঃ (৪২) অবিশ্বং বিশ্বাতীতং রূপং সৌন্দর্য্যং যস্য, (৪৩) বলদেবোঽপি কন্দর্পবিজয়ী, (৪৪) জগতাং নাথ উপতাপস্তন্নাশকঃ, অত্র সর্বত্র বিরোধাভাসনামালঙ্কারঃ 'আপাততো বিরোধে তু বিরোধাভাস উচ্যতে' ইতি লক্ষণাৎ।

[৪৫] সৌন্দর্য্যমেবামৃতপূরঃ সুধা-প্রবাহস্তস্য পুষ্কলহ্রদ মহাহ্রদ-ইত্যর্থঃ। [৪৬] খনি

পরম শিষ্ট মিশ্রবর দুঃসহ শোকে পীড়িত হইয়া চিরজীবী ও সচ্চরিত্র পুত্র কামনা করিয়া সহধর্ম্মিণীর সঙ্গে সজ্জনদিগের আনন্দদায়ক দামোদরের অর্চ্চনা করিতে আরম্ভ করিলেন॥

৯। অনন্তর তাঁহার করুণাবলে ভগবান্ শ্রীসঙ্কর্ষণ সেই মিশ্রদম্পতীর প্রতি সুপ্রসন্ন হইয়া তাঁহাদের পুত্ররূপে জন্মগ্রহণ করিলেন। তাঁহাতে (সেই নবজাত পুত্রে) সমস্ত অদ্ভুততমরূপ দর্শন করিয়া শ্রীজগন্নাথ মিশ্র আনন্দে পূর্ণ হইয়া তাঁহার "বিশ্বরূপ" এই সুন্দর নামকরণ করিলেন॥

১০। তিনি (অর্থাৎ বিশ্বরূপ) তাঁহার সন্তানগণের মধ্যে নবম হইলেও গুণ-সমূহের দ্বারা অনবম অর্থাৎ উত্তম ছিলেন। তিনি নামে বিশ্বরূপ হইলেও অ-বিশ্বরূপ অর্থাৎ অলৌকিকরূপ সম্পন্ন ছিলেন। বস্তুতঃ তিনি কামপাল অর্থাৎ বলদেব হইলেও সৌন্দর্য্যাতিশয়ে কামপরাভবী অর্থাৎ কন্দর্পবিজয়ী ছিলেন। মিশ্র জগন্নাথের উল্লাসজনক হইলেও তিনি জগন্নাথ মর্দন অর্থাৎ জগতে উপতাপনাশক ছিলেন॥

বিদ্যা-দিব্যতরঙ্গিণী (৪৭) জলনিধিঃ শ্রীকৃষ্ণপাদাম্বুজ-
প্রেমাম্ভোনবনীরদো জগদিদং শ্রীবিশ্বরূপোঽধিনোৎ (৪৮) ॥১১॥

জনকৌ তু জন-কৌতুকবর্দ্ধিগুণমমুল্লঙ্ঘিত-নয়ং তনয়ং বিলোক্য যচ্ছাতম (৪৯) চ্ছাতম (৫০) বাপতুঃ, তন্মনোগোচরতাং চরতাং (৫১) মুনীনামপি মধ্যে কস্যাপি ন প্রয়াতি । ১২

অয়ঞ্চ সঙ্কর্ষণো বহুধা লোকাননুজিঘৃক্ষুঃ (৫২) প্রকাশান্তরেণ (৫৩) স্থানান্তরেঽপি প্রাদুর্বভূব যথা :—

(৫৪) রাঢ়ায়ামেকচক্রাভিধ-বরনগরে শ্রীমুকুন্দাভিধস্য
শ্রীশাণ্ডিল্যান্ববায়-প্রকটিতজনুষঃ (৫৫) পণ্ডিত-খ্যাতিভাজঃ
পদ্মাবত্যাং গৃহিণ্যাং দ্রুতকনকরুচিঃ (৫৬) পুত্রভাবেন জাতঃ
শ্রীনিত্যানন্দনামাভবদিহ বিদিতো মেদিনী-চক্রবালে (৫৭) ॥১৩॥

ত্রিয়ামাকরঃ স্যাৎ। [৪৭] মন্দাকিনী [৪৮] প্রীণয়ামাস, কুবি-দিবোঃ কুধী শ্নৌ। অত্রাশ্লিষ্টশব্দ-নিবন্ধনমালারূপং পরম্পরিতরূপকমলঙ্কারঃ।

[৪৯] শাতং সুখং, 'শর্মশাতসুখানি চ' ইত্যমরঃ। [৫০] অচ্ছাতম্ অখণ্ডিতং 'ছো ছেদনে ধাতুঃ'। [৫১] জানতাং সর্বে গত্যর্থা জ্ঞানার্থা ইতি ন্যায়াৎ। [৫২] অনুগ্রহীতুমিচ্ছুঃ, সনাশংসভিক্ষ উঃ [৫৩] প্রকাশঃ সর্বথা স্বারূপ্যং তদ্‌ভেদেনেত্যর্থঃ। [৫৪] রাঢ়প্রদেশে [৫৫] শাণ্ডিল্যগোত্রে লব্ধজন্মনঃ, [৫৬] গলিত-স্বর্ণকান্তিরতএবারক্তপ্রায় ইত্যর্থঃ, তথৈব তদ্ধ্যানশ্রুতেঃ। [৫৭] ভূমণ্ডলে।

১১। শ্রীবিশ্বরূপ সৌন্দর্য্যরূপ অমৃতপ্রবাহের মহাহ্রদরূপে, গাম্ভীর্য্য ও ধৈর্য্যে পৃথিবীরূপে, সুশীলতা প্রতিভাদি সদ্‌গুণরূপ-মণিশ্রেণী সম্পদের আকররূপে, বিদ্যারূপ সুরধুনীর জলধিরূপে (সমুদ্ররূপে) শ্রীকৃষ্ণচরণ-কমল সম্বন্ধীয় প্রেমরূপ সলিল বর্ষণকারী নব মেঘরূপে শ্রীবিশ্বরূপ এই জগতের প্রীতিবিধান করিয়াছিলেন ॥

১২। জনকজননী জনবৃন্দের কৌতুকবর্দ্ধক গুণসম্পন্ন সুনীতিপরায়ণ পুত্র অবলোকন করিয়া অখণ্ড সুখ প্রাপ্ত হইয়াছিলেন; সে সুখ জ্ঞানবান্ মুনিগণের মধ্যে কাহারও মনোগোচর হয় না অর্থাৎ মুনিগণও সে সুখ অনুভব করিতে পারেন না ॥

১৩। নানাপ্রকারে লোকদিগকে অনুগ্রহ করিবার ইচ্ছায় এই সঙ্কর্ষণ অন্যস্থানেও প্রকাশভেদে আবির্ভূত হইয়াছিলেন—যথা—রাঢ়প্রদেশে একচক্রানামক উত্তম নগরে শ্রীশাণ্ডিল্যবংশ-সম্ভূত পণ্ডিত-খ্যাতি বিশিষ্ট শ্রীমুকুন্দনামক ব্রাহ্মণের পদ্মাবতী নাম্নী

এবং পরেঽপি ধরণীমনু (৫৮) নন্দসূনো
　　র্জাতাঃ প্রিয়াঃ পরিকরা বহুষু স্থলেষু।
জন্মাদিকং কথয়িতুং ক্ষমতেঽত্র তেষাং
কোবা ভবেদ্ যদি সহস্রমুখোঽপি বিজ্ঞঃ (৫৯) ॥১৪॥

এবং গতে কিয়তি সময়ে সময়েদং (৬০) নবদ্বীপং সমুদ্ভূতা ভূ-তাপ-হারকা (৬১) হার-কারুণ্যবিষয়া (৬২) বিষ-যাদসাম্পতিরূপে (৬৩) কলৌ নিমগ্নানাং মর্ত্তানামর্ত্ত্যা নানা-দুরবস্থাং সমালোকমানা (৬৪) মানাতীত-করুণার্দ্রহৃদয়া (৬৫) দয়াময়স্ত শ্রীমতোঽদ্বৈতাচার্য্যস্ত সত্বরমভ্যাসমভ্যাসদন্নহান্তঃ (৬৬) ॥১৫

যং খলু ভগবদনপরং (৬৭) বদনপরং ভগবতো ভজনানাং (৬৮) জনানাং ক্ষেমকর-

---

[৫৮] ধরণীম্ অনু তাং লক্ষ্যীকৃত্যেতি কর্মপ্রবচনীয়-যোগে তৃতীয়া। [৫৯] অনন্ত-বদনোঽপি বিজ্ঞোঽপি স্যাদিত্যন্বয়ঃ।

[৬০] ধাম-পরত্বেন ক্লীবত্বমত্রেষ্যতে যতঃ পুংস্ত্বমন্যত্র দৃশ্যতে, তদুক্তং শ্রীকবিকর্ণপূরচরণৈঃ 'নবদ্বীপঃ সোঽয়ং জয়তি পরমাশ্চর্য্যমহিমেতি' ; দ্বিতীয়াত্র তু সময়েত্যব্যয়যোগে কর্মপ্রবচনীয়ত্বাৎ, অস্য নবদ্বীপস্য সমীপ ইত্যর্থঃ। [৬১] পৃথ্বীদুঃখহরা [৬২] হরি-সম্বন্ধিন্যাঃ করুণায়াঃ পাত্রভূতাঃ, [৬৩] গরল-সমুদ্ররূপে 'যাদসাম্পতিরপ্‌পতিরিত্যমরঃ সংজ্ঞায়াং ষষ্ঠ্যা অলুক্ [৬৪] পীড়য়া বিবিধ-দুর্গতিং পশ্যন্তঃ, [৬৫] অপরিমিতকৃপাবলস্নিগ্ধান্তঃকরণাঃ, [৬৬] নিকটং প্রাপ্তবন্ত ইত্যর্থঃ, সদ্‌ঌ বিশরণ-গত্যবসাদনেষু ধাতুঃ, ঌদিত্বাচ্চেলৃরঙ্।

[৬৭] ভগবতোঽনপরমভিন্নম্, [৬৮] নববিধ-ভক্তীনাং বদনপরং তদুপদেশ-তৎপরমিত্যর্থঃ

পত্নীর গর্ভে গলিত স্বর্ণকান্তি অতএব আরক্তপীত বর্ণ ধারণপূর্ব্বক পুত্ররূপে জন্মগ্রহণ করিয়া তিনি এ সংসারে শ্রীনিত্যানন্দ নামে বিখ্যাত হইয়াছিলেন।

১৪। এইরূপে পৃথিবীতে অনেক স্থানে শ্রীনন্দনন্দনের অন্যান্য প্রিয় পরিকরগণ জন্মগ্রহণ করিয়াছিলেন। এ জগতে এমন কোন্ বিজ্ঞ ব্যক্তি আছেন যিনি অনন্ত বদন বিশিষ্ট হইলেও তাঁহাদের জন্মাদিলীলা বর্ণনা করিতে পারেন ?

১৫। এই প্রকারে কিছুকাল গত হইলে এই নবদ্বীপের নিকটে সমুদ্ভূত (আবির্ভূত) সংসার-তাপহারী শ্রীহরির কৃপাপাত্র ভক্তগণ বিষসাগররূপ কলিতে নিমগ্ন মর্ত্ত্যগণের পীড়া হেতু নানাপ্রকার দুরবস্থা দর্শন করিয়া অত্যন্ত করুণার্দ্র হৃদয়ে দয়াময় শ্রীমান্ অদ্বৈতাচার্য্যের নিকট সত্বর উপস্থিত হইলেন॥

১৬। তিনি শ্রীভগবান হইতে অভিন্ন, নববিধা ভগবদ্ভক্তির উপদেশ দানে তৎপর

মকলঙ্কং (৬৯) মায়াতমীশানমীশান (৭০) মাচক্ষতে বিচক্ষণাঃ (৭১)। তথাচ—

'অদ্বৈতাচার্য্যবর্য্যো ভগবদনবমং (৭২) শাম্ভবং ধাম সাক্ষাৎ' ইতি ॥ ১৬

গত্বা চামী চামীকর-সমানভাসং (৭৩) ভা-সংনিন্দিত-বিভাবসুং (৭৪) ভাবসুবলিতং (৭৫) বলিতং লব্ধপ্রমদা মদাপেতাঃ (৭৬) কৃতাবনামা নামামুনা প্রেমধুরা মধুরাবলোকনেন প্রিয়বচসা চ সান্ত্বিতা অমুং নিবেদয়ামাসুঃ ॥ ১৭

প্রভো সুকৃতি-সারস-স্মিতবিনাশনাড়ম্বরং (৭৭)
দুরন্ত-দনুজোৎকট-প্রকৃতিলোকঘূকপ্রিয়ম্।
শ্রুতিপ্রকর-লোচন-স্ফুরণগূহনং দুষ্ক্রিয়া
ভুজঙ্গরুচিবর্দ্ধনং কলিতমো ভৃশং বর্দ্ধতে ॥১৮॥

---

প্রভুরয়মবতীর্ণো নামগানং স্বধর্মং (৬০)
জগতি প্রকটয়িষ্যত্যত্র সর্বত্র নূনম্।
তদয়মহমিদানীমিন্দুমাবৃত্য লোকা-
নবিরতি হরিনামোদ্‌গাপয়াম্যস্য তুষ্ট্যৈ (৬১) ॥২৪॥

(৫৪) রাহুঃ, (৫৫) মর্মপীড়কঃ, (৫৬) ত্বয়া ভবতা অলং ন কিমপি সাধ্যমিত্যত্র তৃতীয়া গম্যমানাপি ক্রিয়া কারক-প্রযোজিকা ভবতীতি ন্যায়াৎ। ইত্যেবং ভাবয়ন্নিতি ব্যঞ্জকা প্রয়োগাৎ গম্যোৎপ্রেক্ষেয়ম্। ইতি শব্দেন প্রাগুক্তং কর্ণপূর-প্রভৃতীনাং কাব্যত্বেন পদ্যমিদং পরামৃষ্টম্।

(৫৭) বয়ন্তু অর্বাচীনাঃ কবয়ঃ। (৫৮) অস্মিন্ পরমেশ্বরে উদীয়মানে প্রাদুর্ভবতি। (৫৯) পুরা অনেন মহেশ্বরেণ দীয়মানেন খণ্ড্যমানেন তেন রাহুণা স্বহৃদয়েনেদং বক্ষ্যমাণং মীমাংসিতম্—

(৬০) স্বসাধ্যত্বেনোপস্থিতগুণং। (৬১) রাহুগ্রস্তে শশিনি প্রায়ঃ সর্বে হরিনামৈব উদ্‌গায়ন্তীতি প্রসিদ্ধং, ততশ্চ তুষ্টোঽয়ং মাং পুনর্ন খণ্ডয়িষ্যতীতি ভাবঃ। ইয়মপি প্রাগ্বদুৎপ্রেক্ষৈব।

২২। সম্প্রতি জগতে অন্য একটি চন্দ্র উদিত হইয়াছেন, অতএব এখন তোমার কোনও প্রয়োজন নাই—ইহাই মনে ভাবিয়া যেন সেই সময়ে মর্ম্মপীড়ক রাহু চন্দ্রকে সানন্দে অত্যন্ত পীড়ন করিয়াছিল॥

২৩। আমাদের কিন্তু এইরূপ মনে হয়—পূর্ব্বে শ্রীভগবান মোহিনী মূর্ত্তি ধারণ করিয়া সিংহিকানন্দন রাহুকে দ্বিখণ্ডিত করিয়াছিলেন ; এক্ষণে এই পরমেশ্বরের উদয়কালে সেই রাহু মনে মনে এইরূপ বিচার করিয়াছিল।—

২৪। এই ভগবান্ জগতে অবতীর্ণ হইয়া যথার্থই নামগান রূপ স্বধর্ম্ম অর্থাৎ স্ববিষয়ক ভক্তিধর্ম্ম সর্ব্বত্র প্রকাশ করিবেন। অতএব আমি এক্ষণে ইঁহার সন্তোষের জন্য

অথবা—বিধুরেব স প্রভোঃ সুষমাং বীক্ষ্য নিজপ্রভাজিতং (৬২)।

অতিহ্রীণতয়া (৬৩) ন্যলীয়ত প্রথিতে রাহুমুখে বিলে স্বয়ম্ ॥২৫॥

কিম্বা প্রভো বীক্ষ্য নিজাতিশায়িনীং (৬৪)

তনুচ্ছটাং দুঃখভরং সমাপ্নুবন্।

দোষাকরো (৬৫) রাহব-জাঠরানলে

মর্ত্তুং বিবেশ ধ্রুবমীর্ষ্যয়াকুলঃ ॥ ২৬ ॥

যদা বিধুন্তুদঃ (৬৬) সমাববার বারণাকার (৬৭) স্তদৈব সর্বে মানবা মানবাসিতং (৬৮) হরিংবদ হরিং বদেতি সানন্দমুচ্চমুচ্চরন্তি স্ম ॥ ২৭

যদৈবাসৌ নাদো বদ হরিমিতীত্থং প্রতিদিশং

দিশন্ কল্যাণৌঘং সমচরদঘানাং ক্ষয়করঃ।

(৬২) নিজপ্রভাজিতাং অত্র কর্ত্তরি ক্তঃ কিন্তু জিতমিতি ক্লিবন্তমিষ্টম্। (৬৩) অতি লজ্জিতয়া লুক্কায়িতোঽভূৎ।

(৬৪) নিজং স্বমতিশয়িতুং শীলমস্যাস্তাং স্বাতিরিক্তামিত্যর্থঃ। (৬৫) চন্দ্রঃ শ্লেষেণ দোষাণা-মাকরস্তস্য যুক্তমেতৎ।

(৬৬) বিধুন্তুদতীতি বিধুন্তুদো রাহুঃ 'খশস্তঃ'। (৬৭) হস্ত্যাকারঃ, তথাচ 'রাহু বৈ হস্তী ভূত্বা চন্দ্রং গ্রসতীতি তিথিতত্ত্বধৃতত্বাৎ। (৬৮) মানেন মর্য্যাদাকরণেন বাসিতং যুক্তং যথা স্যাত্তথা।

চন্দ্রকে আচ্ছাদিত করিয়া লোকদিগকে অবিরত হরিনাম গান করাইব॥

২৫। অথবা সেই চন্দ্রই যেন শ্রীমন্মহাপ্রভুর কান্তি নিজপ্রভাকে পরাজয় করিতেছে দেখিয়া অত্যন্ত লজ্জাভরে নিজেই রাহুর বিস্তৃত বদন রূপ গর্ত্তে লুকাইয়াছিল॥

২৬। কিম্বা শ্রীমন্মহাপ্রভুর অঙ্গপ্রভা নিজ কান্তি অপেক্ষা উৎকৃষ্ট (অত্যধিক) দেখিয়া দোষাকর নিশাকর (শ্লেষে দোষের আকর স্বরূপ) যেন অত্যন্ত দুঃখ পাইয়াছিল এবং ঈর্ষায় আকুল হইয়া যেন সত্য সত্যই মরিবার জন্য রাহুর জঠরানলে প্রবেশ করিয়াছিল।

২৭। হস্তীর ন্যায় আকৃতি-বিশিষ্ট রাহু যখন চন্দ্রকে একেবারে (সম্যক্) আচ্ছন্ন করিয়াছিল, তখন সকল লোকে ভক্তিযুক্ত হইয়া আনন্দের সহিত উচ্চৈঃস্বরে "হরিবোল, হরিবোল" এই কথা উচ্চারণ করিয়াছিল।

তদৈবাসৌ ক্রন্দন্নিব মনুজলীলাবশতয়া
নিজং নামৈবোমোমিতি (৬৯) পরিবভাষ প্রভুরপি ॥২৮॥

তচ্চ মধুর-মধুরস-মাধুরী-ধুরীণং (৭০) কুহূকণ্ঠ-কণ্ঠ-কাকলীকল্পং (৭১) ক্রন্দনমাকর্ণ্য মিশ্রপুরন্দরপত্নীপ্রভৃতয়ঃ পুরন্ধ্র্যঃ প্রাপ্তপ্রতিপদঃ (৭২) প্রতিপদ-স্ফারিত-প্রমোদবিস্ময়াং প্রভোঃ প্রভাং প্রেক্ষ্য প্রোচুঃ ॥ ২৯

কিমিদং কিমিদং (৭৩) তড়িদ্ঘটা, স্খলিতা কিং জলদাৎ পতত্যহো!
অথবা তমসো (৭৪) ভয়াদিয়ং, শশিনো ভা বিশতীহ কেতনে ॥৩০॥

পুনশ্চ প্রভৌ প্রভৌঘ-ভাসিত-সদনে (৭৫) সদনেকসুখকরং (৭৬) ক্রন্দনং কুর্বতি সতি

---

(৬৯) ওমাঙোশ্চেতি পররূপমেকাদেশঃ, তথাচ শ্রুতিঃ-'ওমিত্যেতদ্ ব্রহ্মণো নেদিষ্ঠং নামেতি'।

(৭০) মধুরস্য মধুরসস্য মাধ্বীকরসস্য মাধুরী-ধুরীণং পরমমাধুর্য্যাশ্রয়মিত্যর্থঃ। (৭১) কোকিলকণ্ঠস্য যা কাকলিঃ সূক্ষ্মঃ কলধ্বনিস্তৎসদৃশং। (৭২) প্রাপ্তচেতনাঃ, পূর্বমানন্দজন্য-প্রলয়াখ্যভাবেন তদাচ্ছাদনাদিতি ভাবঃ।

(৭৩) বিস্ময়ে দ্বিরুক্তিঃ, সামান্যে নপুংসকম্। (৭৪) রাহোঃ, 'ভীত্রার্থানাং ভয়হেতু'রিতি পঞ্চমী, ন তু অপাদানে।

(৭৫) স্বকান্তিপুঞ্জদীপিতগৃহে, (৭৬) সতাং শৃণ্বতামমিতসুখকরং,

২৮॥ সমস্ত পাপক্ষয়কারী "হরিবোল" এই প্রকার ধ্বনি যখনই কল্যাণরাশি দান করিয়া সকল দিকে সঞ্চারিত হইয়াছিল, তৎক্ষণাৎ প্রভুও নরলীলাবশে "ওম্, ওম্" এই শব্দে ক্রন্দন করিতে করিতে যেন নিজের নামই উচ্চারণ করিয়াছিলেন ॥

২৯॥ সুমিষ্ট মধুরসের পরম মাধুর্য্যের আশ্রয় স্বরূপ এবং কোকিলের সুমধুর কণ্ঠস্বর সদৃশ তাঁহার সেই ক্রন্দনধ্বনি শ্রবণ করিয়া মিশ্রপুরন্দরপত্নী শচী প্রভৃতি পতিব্রতাগণ শিশুর প্রথম দর্শনে আনন্দবশতঃ মোহপ্রাপ্ত হইয়াছিলেন, সম্প্রতি তাঁহারা চৈতন্য লাভ করিলেন এবং পদে পদে আনন্দ-বিস্ময়বর্দ্ধিনী প্রভুর কান্তি দেখিয়া বলিতে লাগিলেন ! !—

৩০। কি আশ্চর্য্য একি ! একি ! মেঘ হইতে বিদ্যুৎপুঞ্জ খসিয়া পড়িতেছে ? অথবা অন্ধকারের ভয়ে চন্দ্রের কিরণরাশি কি এই গৃহে প্রবেশ করিতেছে ?

৩১॥ প্রভুর শ্রীঅঙ্গের কান্তিপুঞ্জে গৃহ আলোকিত হইয়াছিল। ভক্তগণের প্রচুর

সতিতমা (৭৭) স্তাঃ পুন র্জগদু র্জগদুৎসবকরং বচনম্ ॥ ৩১

কিমেতৎ কিমেতৎ কুহূকণ্ঠনাদো

মরন্দাব্ধি-পূরে বগাঢ়ঃ কিমেতি (৭৮)।

উতাহো বিপঞ্চী-নিনাদঃ সুরর্ষেঃ (৭৯)

সুধাসিক্ত-মূর্ত্তি র্বিশত্যেষ কর্ণম্ ॥৩২॥

ততশ্চ প্রণিহিত-হৃদয়েক্ষণাঃ (৮০) ক্ষণান্মুখ-করচরণাদ্যবয়ব-সমূহং সমূহন্ত্যো (৮১) নির্দ্ধারয়ন্ত্যশ্চ রয়ন্ত্যশ্চ নিকট (৮২) মপত্যমেবেদমিত্যববুদ্ধ্য বুদ্ধ্যতীতং কমপি পরমানন্দমবাপুরহো ভাগ্যমহো ভাগ্যমপত্যমিদমিতি সচমৎকারানন্দমূচুশ্চ ॥ ৩৩

---

(৭৭) সতিশ্রেষ্ঠাঃ উগিতশ্চেতি (৬।৩।৪৫) তত্রাপি হ্রস্বঃ।

(৭৮) মকরন্দ-সমুদ্রস্য প্রবাহে কৃতাবগাহঃ সন্নিত্যর্থঃ। 'বষ্টি ভাগুরিরল্লোপমবাপ্যোরুপসর্গয়োঃ' ইত্যনেন [অবগাঢ়শব্দস্যাকারাভাবঃ]। (৭৯) নারদস্য বীণাধ্বনিঃ।

(৮০) প্রণিধানং নীতং হৃদয়েক্ষণং মনোনেত্রং যাভিস্তাঃ। (৮১) সম্যগ্ বিমৃশন্ত্যঃ, 'উপসর্গাদস্যত্যূহ্যোর্বেতি বাচ্যমিতি বিকল্পাৎ পরস্মৈপদম্। (৮২) নিকটং গচ্ছন্ত্যশ্চ।

সুখ জন্মাইয়া তিনি যখন ক্রন্দন করিতে লাগিলেন, তখন সেই পতিব্রতা রমণীবৃন্দ পুনরায় জগদ্বাসিজনের আনন্দপ্রদ বাক্য বলিয়াছিলেন—

৩২। ইহা কি ? ইহা কি কোকিলের কণ্ঠধ্বনি মকরন্দসাগরে অবগাহন করিয়া আসিতেছে ? অথবা ইহা কি দেবর্ষি নারদের বীণাধ্বনি সুধায় সিক্ত হইয়া কর্ণে প্রবেশ করিতেছে ?

৩৩। অনন্তর তাঁহারা মন ও নয়ন নিবেশপূর্ব্বক ক্ষণকালের মধ্যে শিশুর মুখ-কর-চরণাদি অবয়বসমূহ নিরীক্ষণ করিয়া স্থির করিলেন। পরে নিকটে আসিয়া "এটী সন্তান" এইরূপ অবগত হইয়া এবং বুদ্ধির অতীত অনির্ব্বচনীয় পরমানন্দ প্রাপ্ত হইলেন এবং বিস্ময় ও আনন্দের সহিত "অহোভাগ্য ! অহোভাগ্য ! এটী সন্তান।" এই কথা বলিতে লাগিলেন॥

ততশ্চ কাচিৎ সুভগা পুরন্ধ্রী, দ্রুতং তমুত্তোল্য দধৌ করাভ্যাম্।
তদঙ্গ-সংস্পর্শ-সুখেন দৃগ্‌ভ্যাং, তস্যা কুচাভ্যাঞ্চপয়ো (৮৩) হক্ষরচ্চ ॥৩৪॥

ততশ্চিহ্নবিশেষেণাশেষেণাতিমনোহরং পুমপত্যমিত্যবধার্য্যমান-গদ্‌গদরবাঽদর-বাষ্পা (৮৪) সা শচীমুবাচ ॥ ৩৫

হে বিশ্বরূপ-জননীহ মহীতলে স্ত্রী—
সৌভাগ্যভুমিরপরা ন সমা ত্বয়াঽস্তি।
যস্মাৎ সমস্তভুবনোত্তর-কান্তিরূপ-
মেতাদৃশং জনিতবত্যসি দেবি ! পুত্রম্ ॥৩৬॥
এবং সখী-জলদলেখিকয়াঽ (৮৫) ভিষিক্তা
বাক্যামৃতৈরথ:শচী-লতিকা প্রহৃষ্টা (৮৬)।

(৮৩) নেত্রজলং স্বেদজলং ক্ষীরঞ্চ।
(৮৪) ধার্য্যমাণো গদ্‌গদো রবো যয়া সা, অদরঃ অনীষৎ মহান্ বাষ্পো যস্যাঃ সা।
(৮৫) সখ্যেব মেঘশ্রেণী তয়া, (৮৬) প্রফুল্লা।

৩৪। অতঃপর কোনও সৌভাগ্যবতী পুরনারী সত্বর তাঁহাকে উঠাইয়া করযুগলের দ্বারা ধারণ করিলেন। তাঁহার অঙ্গ স্পর্শ জনিতসুখে তখন সেই রমণীর নয়নযুগল হইতে আনন্দাশ্রু, শরীর হইতে ঘর্ম্ম এবং কুচদ্বয় হইতে দুগ্ধ ক্ষরিত হইতে লাগিল ॥

৩৫। তারপর তিনি (সমস্ত) চিহ্ন বিশেষ দ্বারা তাঁহাকে সর্ব্বতোভাবে অতি সুন্দর পুরুষ সন্তান অর্থাৎ পুত্রসন্তান নিশ্চয় করিয়া, আনন্দাশ্রু-পূর্ণ নয়নে ও গদগদস্বরে শচীদেবীকে বলিলেন।

৩৬। হে বিশ্বরূপজননি ! এ সংসারে তোমার ন্যায় সৌভাগ্যবতী অন্য কোনও রমণী নাই। কারণ হে দেবি ! তুমি এইরূপ অলৌকিক রূপলাবণ্যসম্পন্ন পুত্র প্রসব করিয়াছ ॥

৩৭। এই প্রকারে সখীগণরূপ মেঘমালা কর্ত্তৃক বাক্য সুধাধারা স্নাত হইয়া শচীরূপিণী লতিকা অত্যন্ত প্রফুল্ল হইলেন এবং পুলকাঙ্কুরযুক্ত হইয়া নয়নরূপ পুষ্পদ্বারে প্রচুর পরিমাণে অশ্রুরূপ মধুধারা বর্ষণ করিতে লাগিলেন ॥

রোমোদ্গমাঙ্কুরযুতাশ্রুমরন্দধারাং
বাঢ়ং ববর্ষ কুসুমেন বিলোচনেন ॥৩৭॥

ততশ্চ তাসাং সর্বাসাং পুত্র পুত্র ইতি কলকলেনাবিকলেনা বিদিতবৃত্তান্তো (৮৭) মিশ্রবরোঽবরোধ (৮৮) মাগত্য সবিশেষমবগত্য চ যং প্রমোদমাপদ (৮৯) সৌ মা পদসৌবর্ণ্যমাপ্নোতি (৯০)। ৩৮

অথ স্বশ্বশুরং জ্যোতির্বেদ-বেদিতারমদিতার (৯১) মসাবানায্য-তেনাবেদিত শুভ-সময়োঽসমযোগৈ (৯২) রপ্যলভ্যং স্বতনয়ংনয়নগোচরীকর্ত্তুং তেন সমং সমগচ্ছতি স্ম (৯৩) ॥৩৯

দৃষ্ট্বা হরিং (৯৪) নিজ-সুতং ভৃত-গৌরকান্তিং (ক)
নামামৃতানি (৯৫) বিতরীতুমুদীয়মানম্।
উল্লঙ্ঘিত-প্রথিত-সীম-রসোদ্গমোঽসৌ (৯৬)
ক্ষীরাম্বুনাথ (৯৭) ইব বাঢ়মবাপ মোদম্ (৯৮) ॥৪০

(৮৭) অবিদিতেতি ঈষজ্জ্ঞাতপ্রবৃত্তিঃ, (৮৮) অন্তঃপুরম্, (৮৯) আপৎ প্রাপ। (৯০) অসৌ প্রমোদঃ পদসৌবর্ণ্যং শব্দেন সুখবর্ণনীয়ত্বং মা আপ্নোতি, নাসৌ সুখবর্ণনীয়ো ভবতীত্যর্থঃ।

(৯১) অদিতমখণ্ডিতম্ অরং বেগো যত্র তদ্ যথা স্যাৎ শীঘ্রমিত্যর্থঃ। (৯২) অতুল্যযোগৈঃ (৯৩) সংগচ্ছতি স্ম।

(৯৪) কৃষ্ণং পক্ষে চন্দ্রং (ক) গৌরত্বং পীতত্বং শুভ্রত্বঞ্চ (৯৫) নামান্যেব অমৃতানি পক্ষে নাম, পক্ষে নাম প্রকাশ্যে। উল্লঙ্ঘিতা প্রথিতা প্রসিদ্ধা সীমা যেন তাদৃশো রসোদ্গমো যস্য সঃ রসো রাগো জলঞ্চ; (৯৭) ক্ষীরসমুদ্রঃ (৯৮) হর্ষং বৃদ্ধিঞ্চ। (৯৯) বিদ্যোতিতং প্রকাশিতমুদ্বাসিতং গৃহং যেন তদ্। (১০০) কম্পিতশরীরঃ।

৩৮॥ অনন্তর সেই নারীগণের অবিকল "পুত্র পুত্র" এই কোলাহলে মিশ্রবর ব্যাপারটি ঈষৎ অবগত হইয়া অন্তঃপুরে আসিলেন এবং সবিশেষ সংবাদ জানিয়া যে আনন্দলাভ করিলেন, তাহা পদের (বাক্যের) দ্বারা সম্যক্‌রূপে বর্ণনা করা যায় না।

৩৯। অতঃপর তিনি জ্যোতির্বেদবিৎ নিজ শ্বশুরকে সত্বর আনাইলেন এবং তৎ-কর্ত্তৃক শুভ সময় অবগত হইয়া কর্ম্মজ্ঞানাদি অসামান্যযোগসমূহের দ্বারাও যাঁহাকে পাওয়া যায়না, এবম্বিধ নিজ পুত্রকে দেখিবার জন্য তাঁহার সহিত গমন করিলেন॥

৪০। নামরূপ অমৃত বিতরণ করিবার জন্য উদীয়মান গৌরকান্তিধারী হরিকে

নীলাম্বরস্তু বরস্তুতিযোগ্যবিদ্যো বিদ্যোতিতোদবসিতং (৯৯) দৌহিত্রমবলোক্য প্রাপ্ত-সুখরাশি রাশিষং প্রযুজ্য জামাতারং তরঙ্গিতাঙ্গো (১০০) জগাদ। ৪১॥

মিশ্রেন্দ্র! তাত! তব নন্দন এষ বাঢ়ং (১)
গোত্রং পবিষ্যতি তবাপি মমাপি নূনম্।
আলোকয়াস্য বত লোক-বিলক্ষণানি
লক্ষ্মাণি (২) সৎপুরুষতা-পরিসূচকানি ॥৪২॥

প্রথমস্তাবদবলোকয়েমামঙ্গকান্তিমস্য কান্তিরস্করোতীয়ং ন চপলাং চপলাং (৩) তথেয়ঞ্চ মাধুরী মা ধুরীণানামপি দিব্যবোধস্য সুধিয়াং ধিয়াং গম্যা ভবতি (৪)। ৪৩।

পশ্য পশ্যাস্য নেত্রান্তৌষ্ঠাধর-রসনা-করতল-চরণতল নখরাণি সপ্তাঙ্গানি বৈষ্ণব-মনাংসীবাচ্যুতরাগাণি। (৫) মুখ-নাসিকা-স্কন্ধবক্ষঃ কটিনখানি ষড়ুপবনানীব বিলসত্তুঙ্গতা-স্পদানি (৬) নাসানেত্রহনুভুজজানূনি পঞ্চ মনাংসীব দীর্ঘত্বরাজীনি (৭)। ত্বক্‌কেশাঙ্গুলি-

(১) আবয়োঃ কুলং পবিত্রয়িষ্যতীতি বাঢ়ং (২) চিহ্নানি (৩) কাং চপলাং বিদ্যুতং ন তিরস্করোতি যতশ্চপলাং চঞ্চলাং। (৪) দিব্যজ্ঞানস্য ধুরীণানামাশ্রয়ভূতানামপি বিদুষাং ধিয়াং বুদ্ধীনাং গম্যা মা ভবতি।

(৫) ন চ্যুতো রাগো রক্তিমা যেভ্যঃ পক্ষে অচ্যুতে কৃষ্ণে রাগোঽনুরাগো যেষাং। (৬) বিলসন্ত্যাঃ

পক্ষে শুভ্র-কান্তি কৃষ্ণচন্দ্রকে নিজ পুত্ররূপে অবলোকন করিয়া সেই মিশ্রবর প্রসিদ্ধ সীমা অতিক্রমপূর্ব্বক রসের (পক্ষে জলের) উদ্গমে ক্ষীরসমুদ্রের ন্যায় অপার আমোদ (পক্ষে বৃদ্ধি) প্রাপ্ত হইলেন।

৪১। শ্রেষ্ঠ ব্যক্তিগণের স্মৃতিযোগ্য বিদ্যাবিশিষ্ট নীলাম্বর দৌহিত্রকে অঙ্গপ্রভায় গৃহ উদ্ভাসিত করিতে দেখিয়া সুখরাশি লাভ করিলেন এবং তাহাকে আশীর্ব্বাদ করিয়া কম্পিত কলেবরে জামাতাকে বলিলেন।

৪২। বৎস মিশ্রেন্দ্র! তোমার এই নন্দন যথার্থই তোমার ও আমার উভয়ের কুলকেই পবিত্র করিবে। কেননা দেখ, ইহার অলৌকিক চিহ্নসমূহ মহাপুরুষত্ব সূচনা করিতেছে।

৪৩। অহে! প্রথমতঃ ইহার অঙ্গকান্তি নিরীক্ষণ কর। ইহা কোন্ চঞ্চলা বিদ্যুৎকে তিরস্কার না করে? অর্থাৎ চঞ্চলা বলিয়া বিদ্যুৎ মাত্রকেই ইহা তিরস্কার করে এবং ইহার এই অঙ্গমাধুরী দিব্যজ্ঞানের আশ্রয়ভূত সুধীবৃন্দেরও বোধগম্য নহে।

পর্ব-রোমাণিচত্বারি বসন্তবনানীব মঞ্জুলতা নবোল্লাসিতানি (৮) শিরোললাট-বক্ষাংসি ত্রীণি বহুলপক্ষগণরাত্রীণীব (৯) সদা-বিস্তারালঙ্কৃতানি (১০)। গ্রীবা-পুরুষতা-প্রত্যায়ক-প্রতীক-বিশেষ-জঙ্ঘাযুগলানি ত্রীণি গঞ্জনয়নানীব খর্বতা-রাজনভাজনানি (১১)। নাভি-স্বরৌ দ্বৌ কৃষ্ণয়োঃ (১২) শঙ্খাবিবানুত্তানতালসক্তৌ (১৩)॥ ৪৭

তুঙ্গতায়া উচ্চতায়া পক্ষে বিলসন্তঃ তুঙ্গাঃ পুন্নাগা যেষু তাদৃশতায়াশ্চাস্পদানি। (৭) দীর্ঘত্বেন রাজিতুং শীলং যেষাং পক্ষে দীর্ঘয়া ত্বরয়া অজিতুং গন্তুং শীলং যেষাং। (৮) মঞ্জুলং চারু যৎ তানবং সূক্ষ্মতা তেন উল্লসিতানি পক্ষে মঞ্জুভির্লতাভির্মাধবীভিরুল্লাসিতানি। কৃষ্ণপক্ষীয়রাত্রিসমূহানিব (১০) সর্বদা বিস্তারেণালঙ্কৃতানি পক্ষে সৎ বর্ত্তমানমাবিঃপ্রকাশো যাসাং তাভিস্তারাভি ভূষিতানি। (১১) খর্বতায়া ক্ষুদ্রতায়া রাজনং শোভা পক্ষে খর্বাণাং কনীনিকানাম্ অজনং গমনং তদ্ভাজনানি। (১২) কৃষ্ণার্জ্জুনয়োঃ 'স্বরূপাণামেকশেষ একবিভক্তৌ' বিত্যেকশেষঃ। (১৩) অনুত্তানতয়া গভীরতয়া লসক্তৌ পক্ষে অনুত্তানো গম্ভীরো যস্তালঃ তারঃ উচ্চশব্দস্তেন সক্তৌ সর্ব্বশব্দেভ্যঃ শ্রেষ্ঠৌ রলয়োরৈক্যশ্রুতেঃ।

৪৪। দেখ দেখ, ইহার নয়নপ্রান্ত, ওষ্ঠ, অধর, (নীচের ওষ্ঠ) জিহ্বা, করতল, পদতল এবং নখররাজি—এই সপ্ত অঙ্গ বৈষ্ণবগণের মনের ন্যায় অচ্যুতরাগযুক্ত অর্থাৎ অক্ষয়রক্তিমবিশিষ্ট, (পক্ষে অচ্যুতে শ্রীকৃষ্ণে অনুরাগযুক্ত); মুখ, নখ, নাসিকা, স্কন্ধ, বক্ষঃ, কটি এবং নখ—এই ছয়টী অঙ্গ উপবনসমূহের ন্যায় বিলসত্তুঙ্গতাস্পদ অর্থাৎ সুন্দর উচ্চতার আশ্রয় (সুন্দর উন্নত) (পক্ষে রমণীয় পুন্নাগবৃক্ষের আশ্রয়স্থান)। নাসিকা, নেত্র, হনু (চোয়াল) বাহু ও জানু এই পাঁচ অঙ্গ মনের ন্যায় দীর্ঘত্বরাজী অর্থাৎ দীর্ঘতা দ্বারা বিরাজমান, (পক্ষে দীর্ঘ-ত্বরার সহিত অর্থাৎ অতিক্রুতবেগে গমনশীল) ত্বক্, কেশ, অঙ্গুলি-পর্ব্ব এবং রোম—এই চারি অঙ্গ বসন্তকালীন বনসকলের ন্যায় মঞ্জুলতানবোল্লসিত অর্থাৎ মনোরম সূক্ষ্মতা দ্বারা শোভিত (সুন্দর সূক্ষ) (পক্ষে সুন্দর মাধবী প্রভৃতি লতাসমূহের নবীন শোভাযুক্ত)। মস্তক, ললাট ও বক্ষ এই তিন অঙ্গ কৃষ্ণপক্ষের রাত্রিসকলের ন্যায় সদা বিস্তারালঙ্কৃত অর্থাৎ সর্ব্বদা বিস্তারযুক্ত (বিস্তৃত), পক্ষে সুপ্রকাশ তারকামণ্ডলীর দ্বারা অলঙ্কৃত।

এবং লক্ষণানামবিরলক্ষণানা (১৪) মবিরতদান-নিপুণানাং (১৫) ত্রিংশতা দন্তানাং ভাবিনী সুতা তনুতা তথাশয়স্য (১৬) সংশয়স্য সংস্পর্শশূন্যা গভীরতাপ্যনুমীয়তে, ততো মহাপুরুষ এবায়ং ভবেৎ ॥ ৪৫

কিঞ্চ,—রবিরিব চক্র-সরোজে, করেণ তে সংবিভর্ত্ত্যয়ং তনুজঃ (১৭)।
রোহিত-পদকমলেনাপ্য (১৮) শুভ্রপদ্মে যথা সরসী ৪৬॥
অন্যানি চ কর-যুগলে পদযুগলে চাস্য সন্ত্যনেকানি।
শুভ-লক্ষণানি কিন্তু স্ফুটমধুনা ন প্রতীয়ন্তে ॥৪৭

কিঞ্চ—উচ্চস্থিতাঃ শনি-বৃহস্পতি-ভৌম-শুক্রাঃ
পূর্ণঃ শশী ভবতি লগ্নগতোঽস্য তাত!
তস্মাদ্ ভবিষ্যতি মহাপুরুষস্তবায়ং
সূনুর্জগৎসুবিদিতো ন হি সংশয়োঽত্র। ৪৮॥

---

(১৪) অবিরলা ঘনা যে ক্ষণা উৎসবা স্তেষাং, (১৫) সদা দান-দক্ষাণাং (১৬) বুদ্ধেঃ। (১৭) চক্র-সরোজে তত্তদাকারচিহ্নে হস্তেন ধারয়তি, পক্ষে চক্রবাক-পদ্মে কিরণেন পুষ্ণাতি। (১৮) তথা রক্তবর্ণ-পাদপদ্মেন মীন-পদ্মাকার-চিহ্নে ধারয়তি, পক্ষে রোহিতমৎস্যাশ্রয়জলেন পক্ষিপদ্মে পুষ্ণাতি।

গ্রীবা, পুরুষত্ববোধক অবয়ব বিশেষ এবং জঙ্ঘাদ্বয়—এই তিন অঙ্গ হস্তীর নয়নের ন্যায় খর্ব্বতারাজনভাজন অর্থাৎ খর্ব্বতাজনিত শোভার আধার, পক্ষে খর্ব্বতারকার (কনীনিকার) গমনভাজন অর্থাৎ খর্ব্বতারকাযুক্ত। নাভি এবং কণ্ঠস্বর—এই দুইটী কৃষ্ণযুগলের অর্থাৎ কৃষ্ণ ও অর্জ্জুনের শঙ্খযুগলের ন্যায় অনুত্তানতালসৎ অর্থাৎ গভীরতা দ্বারা শোভমান (গম্ভীর), (পক্ষে গম্ভীর ও উচ্চ শব্দহেতু সমস্ত শব্দ অপেক্ষা শ্রেষ্ঠ)।

৪৫। এই প্রকারে নিবিড় আনন্দের সর্ব্বদা দানবিষয়ে নিপুণ অর্থাৎ সর্ব্বদা নিবিড় আনন্দদায়ক এই ত্রিশটী লক্ষণের দ্বারা ভাবি (ভবিষ্যতে উৎপত্তিশীল) দন্তসমূহের সুন্দর সূক্ষ্মতা এবং সন্দেহের সংস্পর্শশূন্য বুদ্ধির গভীরতাও অনুমান করা যাইতেছে। অতএব এই শিশু নিশ্চয়ই মহাপুরুষ হইবে।

এবং শ্বশুর-মুখোদিতং সুখোদিতং (১৯) সুতস্য লক্ষণং মিশ্রবর আশ্রুত্য শ্রুত্যনুসারেণ সারেণ দ্রব্যাদিনা (২০) রুচি-বিস্মাপিত-মনুজস্য তনুজস্য তস্য জাতকর্ম চকার। চকার (২১) চাকপটেন পটেন সহিতানি বিবিধানি ধনানি বিপ্রেষু দানীয়কেষু (২২) বনীয়কেষু (২৩) বহুষন্যেষু চ ॥ ৪৯

স্থানং তীর্থং সুপুণ্যং সমগত (২৪) সময়স্তত্র চাত্যন্তপুণ্যঃ
শ্রীযুক্তা পৌর্ণমাসী তিথিরমিতগুণা সাপি মন্বন্তরাদ্যা।
তত্রাপীন্দূপরাগঃ (২৫) পরমশুভকরস্তত্র পুত্রস্য জন্ম
শ্রীমান্ পুত্রশ্চ কৃষ্ণস্তদিহ কতি ফলং (২৬) তস্য দানং ন জানে ॥৫০
নবদ্বীপে যর্হি প্রভুরুদয়মপি প্রিয়জনা
বিদূরস্থানস্থা অপি কিল তদৈবাস্য বিবিদুঃ।
অগস্ত্যো যর্হ্যেবোদয়তি দিশি যাম্যাং (২৭) মুনিবর
শুদৈবোদগিদকৃস্থা (২৮) অপি তদবগচ্ছন্তি মদিরাঃ (২৯) ॥২৫॥

(১৯) সুখস্য উদিতম্ উদয়ো যত্র তদ্ যথা স্যাত্তথা। (২০) বেদোক্তবিধিক্রমেণ উত্তমেন দ্রব্যাদিনা অত্র 'আদিনা' মন্ত্রাদেগ্রহঃ। (২১) বিকীর্ণবান্। (২২) দীয়স্তে যেভ্যস্তেষু দানপাত্রেষু, (২৩) যাচকেষু।

(২৪) সংগচ্ছতে স্ম। সংপূর্ব্বগমেরকর্মকত্ব-লক্ষণমিহাত্মনেপদম্। 'বাগম' ইতি কিত্ব-পক্ষেঽনুনাসিকলোপঃ। (২৫) চন্দ্রগ্রহণং, (২৬) কতি কিয়ন্তি ফলানি যস্য তদ্দানম্ তস্য মিশ্রস্য—তথা চ 'পুত্রে জাতে ব্যতীপাতে দত্তং ভবতি চাক্ষয়মি'তি' স্মৃতেঃ। (২৭) দক্ষিণস্যাং দিশি, (২৮) উত্তরদিগ্‌বর্ত্তিনঃ। (২৯) খঞ্জরীটাঃ নিত্যসম্বন্ধিনামেব নিয়মাদিতি ভাবঃ। সামান্যেন বিশেষ-সমর্থনাদর্থান্তরন্যাসোঽলঙ্কারঃ।

৪৬। অধিকন্তু সূর্য্য যেরূপ কিরণের দ্বারা চক্রবাক ও পদ্মকে এবং সরোবর যেমন রোহিত মৎস্যের আশ্রয়স্বরূপ জলের দ্বারা পক্ষী (অথবা মৎস্য) ও পদ্মকে পরিপুষ্ট করে, সেইরূপ তোমার এই পুত্রও হস্তের দ্বারা চক্র ও পদচিহ্ন এবং রক্তবর্ণ পদকমলের দ্বারা মীন ও পদ্মাকৃতি চিহ্ন ধারণা করিতেছে।

৪৭। ইহার হস্তদ্বয়ে ও পদদ্বয়ে অন্যান্য আরও অনেক শুভচিহ্ন আছে; কিন্তু এক্ষণে সেগুলি সুস্পষ্টভাবে জানা যাইতেছে না।

প্রভূদয়জ্ঞানমুদোল্লসদ্ধৃদো
বিধুপরাগস্য মিষেণ (৩০) তে তদা।
প্রভোঃ সুখায় প্রচুরং ধনং দদু-
র্জগুশ্চ তন্নাম সরাগমুচ্চকৈঃ ॥৫২॥
নিত্যানন্দেন তু ভগবতো জন্মবুদ্ধ্যা বিদিত্বা
প্রেমোন্মত্তেন বত বিদধে হুঙ্কৃতি-ধ্বান একঃ।
যেনাহার্যৈঃ (৩১) সমমুরুতরং ভূমিরেষা চকম্পে
দেবাঃ সর্বে চলিততনবো বিস্ময়ং প্রাপুরুচ্চৈঃ ॥৫৩॥
মোদং সহুঙ্কৃতিরবো ভগবৎপ্রিয়াণাং
তদ্দ্বেষিণাস্ত্ব বিপুলং দরমাততান (৩২)
নাদো যথা মৃগপতেরিহ শাবকানাং
তস্যৈক এব কুরুতে করিণাঞ্চ তং তম্ (৩৩) ॥৫৪॥

এবং শ্রীমতাদ্বৈতেন চ তেন চতুর-শিরোমণিনা শ্রীহরিদাসেনারিদাসেনাতি (৩৪) মুদিতেন সহ-সহসমুখং নর্ত্তনমারেভে ॥ ৫৫

(৩০) ছলেন (৩১) পর্বতৈঃ অহার্যধরপর্বতা ইত্যমরঃ।

(৩২) ভয়ং জনয়ামাস। (৩৩) মোদং দরঞ্চেত্যর্থঃ। মৃগপতেঃ সিংহস্য। (৩৪) অরীন্ শত্রূন্ কামাদীন্ দস্যতি উৎক্ষিপতীতি তেন কর্মণ্যাণি। অতিহৃষ্টেন, হাস্যসুখাভ্যাং সহিতম্।

৪৮। অধিকন্তু শনি, বৃহস্পতি, মঙ্গল ও শুক্র উচ্চস্থানে অবস্থান করিতেছে এবং পূর্ণচন্দ্র ইহার লগ্নগত রহিয়াছে। অতএব বৎস! তোমার এই তনয় সমস্ত জগতের মধ্যে বিখ্যাত মহাপুরুষ হইবে—ইহাতে কোনও সন্দেহ নাই।

৪৯। শ্বশুরের মুখে পুত্রের সুখজনক লক্ষণের কথা সম্যক্ শ্রবণ করিয়া মিশ্রবর বেদবিধি অনুসারে উৎকৃষ্ট দ্রব্যাদির দ্বারা কান্তিতে লোকের বিস্ময়জনক সেই পুত্রের জাতকর্ম্ম করিলেন; এবং দানের যোগ্যপাত্র বহু ব্রাহ্মণকে ও অন্যান্য অনেক যাজকদিগকে বস্ত্রের সহিত নানাবিধ ধনরত্ন নিষ্কপটে দান করিলেন।

রে পাষণ্ড কলেরেরে দুরিত রে মুণ্ডেষু বোঽহং দধে (৩৫)
পাদং নাস্তি ভয়ং কিমপ্যবতরত্যস্মাকমেষ প্রভুঃ।
ইত্যাবেশ্য মহীতলে ধ্রুবমসৌ ত্রিস্ত্রিঃ পদং নিক্ষিপ-
ন্নাচার্য্যো নিগদন্ হরিং বদ বদেত্যুচ্চৈস্ত্রিতাল্যা নটৎ ॥৫৬॥
তস্যোদ্দণ্ড বিচিত্র-নর্ত্তনভরং সোঢ়ুং ন শক্তা সতী
বাত্যান্দোলিত-নৌরিব প্রতিপদং বাঢ়ং চকম্পে মহী।
তেনাশঙ্কিত-চেতসোঽখিল-নরঃ (৩৬) সর্ব্বে চ নারীগণাঃ।
ত্রাত ত্রাত হরি হরি হরিরিতীত্যাক্রোশনং (৩৭) চক্রিরে ॥৫৭

নিত্যানন্দাদ্বৈতয়োরেবমীহাং
চিত্রাং জ্ঞাত্বা (৩৮) শ্রীশচীনন্দনোঽসৌ।
প্রেমানন্দাম্ভোধিপুরে নিমগ্নে।
মন্দং মন্দং রম্যরম্যং জহাস (ক) ॥৫৮॥

(৩৫) রে রে ইতি সাধিক্ষেপসম্বোধনে, দুরিত রে অধর্ম! যুষ্মাকং শিরঃসু। (৩৬) অখিলনরঃ সর্বপুরুষাঃ নৃশব্দস্যেদং রূপম্। (৩৭) হরির্হরিরিত্যাদিসম্ভ্রমেণ প্রবৃত্তৌ যথেষ্টমনেকধা প্রয়োগো ন্যায়-সিদ্ধ ইতি দ্বিস্ত্রিরুক্তৌ উন্নেয়ে। আক্রোশমুচ্চৈ নিনাদং কৃতবন্তঃ।

(৩৮) ঈদৃশীং বিচিত্রাং চেষ্টাং জ্ঞাত্বা স্বমনসীতি শেষঃ। অন্তর্য্যামিত্বাদিতি ভাবঃ। (ক) মন্দং মন্দমিতি বাহুল্যাদিহ ন কর্মধারয়বদ্ভাবেঽপীতি কিন্তু রম্যরম্যমিত্যত্র প্রকারেণ গুণবচনস্যেতি 'মন্দং মন্দং নুদতি পবন' ইতি কালিদাস-প্রয়োগদর্শনাৎ সমাধেয়ম্।

৫০। স্থানটি অতি পবিত্র তীর্থ এবং তাহাতে অত্যন্ত পুণ্যময় সময় উপস্থিত। সেই সময়টী আবার শোভাময়ী পূর্ণিমা-তিথি এবং অমিতগুণসম্পন্ন মন্বন্তরের আদি। তাহাতে আবার চন্দ্রগ্রহণ এবং সেইক্ষণে আবার পরম মঙ্গলময় পুত্রের জন্ম; (সর্ব্ব-সৌন্দর্য্যমাধুর্য্যময়) পুত্রও আবার স্বয়ং শ্রীকৃষ্ণ,—অতএব এই বিষয়ে তাহার দানের যে কত ফল, তাহা জানি না।

৫১। শ্রীমন্মহাপ্রভু যখন নবদ্বীপে আবির্ভূত হইলেন, তাঁহার প্রিয়জন সকল অতিদূরবর্ত্তী স্থানে থাকিলেও তাঁহারা তৎক্ষণাৎ তাহা (তাঁহার আবির্ভাব)

তঞ্চ সুন্দরহসং দর হ (৩৯) সমবলোক্য শচীপ্রভৃতয়ো ভৃতযোগিদুষ্প্রাপরাগাঃ (৪০) পরাগাঃ পরস্পরমূচুঃ। অহো! কিমিদং হেমনলিনাদিমলিনাদমন্দং মরন্দবৃন্দং ক্ষরত্যাহোস্বিন্নিষ্কলঙ্কবিধুতো বিধুতোরুতাপা (৪১) সুধা বসুধাঽবসাদহরণায়াবতরতীতি ॥৫৯

অথোপসংহৃত-নৃত্যভরঃ শ্রীলাদ্বৈতাচার্য্যবরঃ পরমানন্দিততরঃ কৃষ্ণভক্তি-প্রচারিণীং সীতানামধারিণীং নিজগৃহাধিকারিণীং নিজগাদ ॥ ৬০

অয়ি সুচরিতে! বরিতে বহুভিগুৃণৈর্লোকবদনাদনাশঙ্কং (৪২) শ্রূয়তে সুষমযা সুধাংশুঞ্জয়ঞ্জয়ন্তমিব (৪৩) শচী শচী তনয়মেকমধুনৈবাজনয়দনয়দপ্যস্মান-মানমানন্দস্তেন (ক) ততস্তমপ্যাপায়নান্যুপাদায় তদায়তনং (৪৪) প্রযাহীতি ॥ ৬১

---

(৩৯) সুন্দরো হসো হাস্যং তাদৃশং, দর অল্পমেব ঈষদর্থে দরাব্যয়মিত্যমরঃ। হ স্ফুটম্ অনধিকং মনোজ্ঞহাস্যং স্মিতমিতি যাবৎ। (৪০) ভৃতো ধৃতো যোগিনামপি দুষ্প্রাপো রাগোঽনুরাগো যাভিস্তাঃ। পরা শ্রেষ্ঠাঃ গা বচনানি। (৪১) বিধুতঃ খণ্ডিত উরুতাপো যয়া তাদৃশী সুধা অমৃতং বসুধায়া ধরণ্যা অবসাদ-হরণায় জাড্যনাশায়।

(৪২) নিঃশঙ্কং নিঃসংশয়মিতি যাবৎ, (৪৩) জয়ন্তমিব তন্নামকমিন্দ্রপুত্রমিব শচী ইন্দ্রপত্নী, (ক) তেন তনয়েন, (৪৪) শচীগৃহম্।

অবগত হইয়াছিলেন। মুনিবর অগস্ত্য (নক্ষত্র) যখনই দক্ষিণ দিকে উদিত হন, উত্তর দিক্স্থিত মদিরা অর্থাৎ খঞ্জন পক্ষিগণ তখনই তাহা জানিয়া থাকে ॥

৫২। প্রভুর উদয় জানিয়া আনন্দোৎফুল্লহৃদয়ে তাঁহার প্রিয় ভক্তগণ প্রভুর সুখের নিমিত্ত চন্দ্রগ্রহণ-চ্ছলে প্রচুর ধন দান করিয়াছিলেন এবং রাগভরে উচ্চৈঃস্বরে তাঁহার নাম গান করিয়াছিলেন ॥

৫৩। শ্রীনিত্যানন্দ প্রভু জ্ঞানবলে ভগবানের আবির্ভাব জানিয়া প্রেমে উন্মত্ত হইয়া একটী হুঙ্কার শব্দ করিয়াছিলেন। তাহাতে পর্ব্বত সমুদয়ের সহিত এই ধরিত্রী অত্যন্ত কম্পিত হইয়াছিল এবং দেবতাগণ কম্পান্বিত শরীরে অত্যধিক বিস্ময় প্রাপ্ত হইয়াছিলেন।

এতৎ স্বপতিনোদিতমুদিতমুচ্চ (৪৫) পাকর্ণ্য তয়া সীতয়াঽসীমোৎসুক্যং প্রাপ্য কনকভূষণানি দিব্যাংশুকান্যংশুকাণ্যপি (৪৬) বিচিত্রাণ্যাদায় প্রার্থিত-শচী-শিবিকয়া (৪৭) শিবিকয়া মিশ্রপুরন্দর-সদনং রস-সদন-নন্দন-নিরীক্ষণায় (৪৮) প্রতস্থে ॥ ৬২

তাঞ্চ প্রযান্তীমবলোক্য তত্র, প্রায়ঃ পুরন্ধ্র্যঃ সকলাঃ পুরস্থাঃ (৪৯)।
শচীসুতালোক-সমুৎকচিত্তাঃ সোপায়না (৫০) মিশ্রগৃহং প্রজগ্মুঃ ॥৬৩॥

তাশ্চ দৃষ্ট্বা মিশ্রপুরন্দর-নন্দনং নন্দনন্দনমিব জরদাভীরবনিতা (৫১) রব-নিতান্ত-জিতপিকাঃ (৫২) প্রাপ্ত-পরমপ্রমোদাশ্চিরঞ্জীব চিরঞ্জীবেতি কোলাহলং কুর্বত্যো লব্ধশত-শতপর্বিকাঃ (৫৩) শতপর্বিকাধান্যপুঞ্জং (৫৪) শচীসুনু-শিরসি সমর্প্যানীতান্যুপায়নান্যর্পয়ামাসুঃ । ৬৪

(৪৫) উদিতা মুৎ হর্ষো যত্র তদ্ যথা স্যাত্তথা, (৪৬) দিব্যা অংশবো কিরণা যেষাং তানি স্বর্ণ ভূষণানি, সমাসান্ত-কপ্। অংশুকানি বস্ত্রাণি। (৪৭) প্রার্থিতং শচ্যাঃ শিবং যয়া তয়াপি সীতয়া— সমাসান্ত-কবস্তু স্ত্রিয়ামিদাদেশঃ। (৪৮) শিবিকয়া বাহন-বিশেষেণ, সর্বরসাশ্রয়-তৎপুত্র দর্শনায় প্রতস্থে তদাদেশেন সা জগাম ইত্যর্থঃ। গম্যমানা ক্রিয়াপি কারক-প্রযোজিকেতি সকর্মকত্বম্।

(৪৯) শান্তিপুর-বাসিন্যঃ (৫০) বিচিত্রোপঢৌকন-সহিতাঃ

(৫১) প্রাচীনগোপস্ত্রিয়ঃ, (৫২) রবেণ কণ্ঠস্বরেণ অত্যন্তজিতকোকিলাঃ, (৫৩) লব্ধানি শতশত-সংখ্যকানি পর্বাণি উৎসবা যাভিস্তাঃ প্রাপ্তানন্তোৎসবাঃ। (৫৪) দূর্বাধান্যসমূহং

৫৪। এ জগতে সিংহের একই গর্জ্জন যেমন তাহার শাবকদিগের প্রচুর আনন্দ এবং হস্তীদিগের অত্যন্ত ভয় জন্মাইয়া থাকে ; সেইরূপ শ্রীনিত্যানন্দপ্রভুর সেই হুঙ্কার ধ্বনি শ্রীভগবানের প্রিয়বর্গের অতিশয় আনন্দ এবং তাঁহার প্রতি বিদ্বেষকারীদিগের অত্যধিক ভয় জন্মাইয়াছিল ॥

অথ মিশ্রগেহিনী-প্রীতিশালিনী (৫৫) হেমমুক্তামণিমালিনী মালিনী নাম দ্বিজ-সীমন্তিনী (৫৬) তাসাং পদরজোহদর-জোষ (৫৭) মাদায় তদায়ত-শুভবাসনা (৫৮) সনাতনস্য শিরসি রসিকজন-প্রশংসনীয়-স্নেহতয়া দদৌ (৫৯) ॥ ৬৫

(৫৫) শ্রীশচীদেব্যামতীব প্রণয়বতী, (৫৬) মালিনী নাম শ্রীবাসপণ্ডিতস্য পত্নী, (৫৭) অদর-জোষমনল্পসুখং যথা স্যাৎ, (৫৮) তস্য আয়তে দীর্ঘে শুভে বাসনা ইচ্ছা যস্যাঃ তথাভূতা সতী, (৫৯) সনাতনস্য পরমার্থনিত্যস্য, স্বয়ংভগবত্ত্বাৎ, তথাপি তচ্ছিরসি তাসাং পদরজো দদৌ ইত্যন্বয়ঃ। তত্র হেতুমাহ—পরমস্নিগ্ধজন-শ্লাঘ্যবাৎসল্যতয়া হেতুনা। অহো! বাৎসল্যমস্যা যদস্য আত্যন্তিকশুভকামনয়া এবমকরোদিয়মিতি সর্বে স্নিগ্ধাস্তাং শ্লাঘন্তে স্মেতি ভাবঃ।

৫৫। কামাদিরিপুদমনকারী শ্রীহরিদাসের সহিত বিজ্ঞশিরোমণি শ্রীমদ্ অদ্বৈতাচার্যও অত্যন্ত হৃষ্ট হইয়া সহাস্যে আনন্দভরে নৃত্য করিতে আরম্ভ করিলেন ॥

৫৬। "রে পাষণ্ড! অরে কলি! রে পাপ! আমি তোদের মস্তকে পদ ধারণ করিতেছি। আমাদের প্রভু অবতীর্ণ হইতেছেন, অতএব তোদের নিকট হইতে আমাদের কোনও ভয় নাই।"—এই কথা জানাইয়া যেন ভূমিতে তিন তিন বার পদ নিক্ষেপ করিয়া শ্রীআচার্য্য উচ্চৈঃস্বরে "হরি বোল, হরি বোল", বলিতে বলিতে তালত্রয় সহকারে নৃত্য করিয়াছিলেন ॥

৫৭। তাঁহার উদ্দণ্ড ও বিচিত্র নৃত্যের ভার সহ্য করিতে অসমর্থ হইয়া পৃথিবী পদে পদে বাত্যান্দোলিত নৌকার ন্যায় অত্যন্ত কম্পিত হইয়াছিল।

৫৮। শ্রীনিত্যানন্দ ও অদ্বৈতপ্রভুর এইরূপ অদ্ভুত চেষ্টা হৃদয়ঙ্গম করিয়া শ্রীশচীনন্দন প্রেমানন্দ-সাগরে মগ্ন হইয়াছিলেন ও মন্দ মন্দ ভাবে সুমধুর হাস্য করিয়াছিলেন ॥

৫৯। যোগিবৃন্দেরও দুষ্প্রাপ্য অনুরাগবিশিষ্ট শচী প্রভৃতি নারীগণ তাঁহার সেই সুন্দর ঈষৎ হাস্য অবলোকন করিয়া পরস্পর উৎকৃষ্ট বাক্য বলিতে লাগিলেন।—

অহো! একি প্রফুল্ল স্বর্ণকমল হইতে অনুপম মধুধারা ক্ষরিত হইতেছে; অথবা পৃথিবীর অবসাদ দূর করিবার জন্য অকলঙ্ক চন্দ্র হইতে প্রচণ্ডতাপহারিণী সুধা অবতরণ করিতেছে! ॥

অথ বিবিধ-রাগায়কা (৬০) গায়কা মনোমালিন্যাবসাদিকা (৬১) বাদকা বামবেশা (৬২) নটাশ্চাজগ্মুঃ। আগত্য চ তৌর্য্যত্রিকং (৬৩) প্রপঞ্চয়ন্তোঽহঞ্চয়ন্তো (৬৪) মানবা-মবামোদং মিশ্রপুরন্দরেণাদরেণালঙ্কার-পটাদিকং দত্ত্বা তোষয়ামাসিরে॥ ৬৬

এবং নানাদেশ-প্রসূতাঃ সূতাঃ সমেত্য পুরাণানি (৬৫) পুরাণানি পেঠুঃ। মাগধা রাগধারা-সংপৃক্ততয়া তস্য বংশং শশংসুঃ। তথা বন্দিনো নন্দিনো নন্দন-জন্মনানন্দিতস্তমেব সংতুষ্টুবুঃ॥ ৬৭

> মিশ্রপুরন্দর! জয় জয় সুন্দর তনয়সমুদ্ভব-বিগমিতবৈভব (৬৬)
> সুখজল-কন্ধর (৬৭) বিনয়ধুরন্ধর ধৃতিজিত-মন্দর নিজমতিকন্দর
> শায়িত-মাধব-সিংহশুভস্তব তোষিত-শঙ্কর-গুরুজন-কিঙ্কর
> মনসিজ-বর্দ্ধন পরসুখগর্দ্ধন (৬৮) কীর্ত্তিনিশাকর শোভিত-পুষ্কর
> কৢপ্তমহামহ (৬৯) নো মুদমাবহ ধীর (৭০)। ৬৮

(৬০) বিবিধানাং রাগাণামায়কাঃ প্রাপকাঃ, (৬১) চিত্তপ্রসাদজনকাঃ, (৬২) মনোজ্ঞ-নেপথ্যাঃ, (৬৩) 'তৌর্য্যত্রিকং নৃত্যগীতবাদ্যঞ্চেতি ত্রয়ং' মতামিত্যমরঃ। (৬৪) প্রাপয়ন্তঃ পরমানন্দম্ অঞ্চু গতিপূজনয়োরিতি গত্যর্থত্বাণ্ণৌ তৎকর্ত্তুঃ কর্ম্মত্বম্।

(৬৫) পুরাতনানি। (৬৬) ক্ষয়িত-ধনসম্পত্তিকঃ, (৬৭) কং জলং ধরতীতি কন্ধরো মেঘঃ। (৬৮) কামখণ্ডনং যৎপরং সুখং ভগবৎপ্রীতিসুখং তদভিলাষুক। 'জুচংক্রমেত্যাদিনা তাচ্ছীল্যে ক যু-প্রত্যয়ঃ। (৬৯) পুষ্পরম্যকাশং তেন জনিতমহোৎসব হে! (৭০) নোঽস্মাকং বন্দিনাং মুদমানন্দা-তিশয়ম্ আবহ জনয়েত্যর্থঃ। ধীরেতি বিরুদ-দ্যোতকম্।

৬০। অনন্তর নৃত্যাবসানে শ্রীঅদ্বৈতাচার্যবর পরম আনন্দিত হইয়া কৃষ্ণভক্তি-প্রচারিণী সীতানাম্নী নিজ গৃহিণীকে বলিলেন॥

৬১। "অয়ি সাধ্বি! তুমি বহুগুণে ভূষিতা। সম্প্রতি লোকমুখে নিঃসন্দেহে এইরূপ শুনা যাইতেছে যে, ইন্দ্রপত্নী শচী যেমন জয়ন্ত নামক পুত্রকে প্রসব করিয়া-ছিলেন, সেইরূপ শচীদেবী এখনই একটী পুত্র প্রসব করিয়াছেন। তাহার (বালকের) সৌন্দর্য্যে চন্দ্রও পরাজয় প্রাপ্ত হইতেছে। শচী এইরূপ পুত্র জন্মাইয়া আমাদিগকে

মিশ্রস্তু দানোৎসুকধীঃ স্বভাবাৎ
তত্রাপি পুত্রোৎসব-হৃষ্টচিত্তঃ।
ততঃ স তেভ্যো বসু কামপুরং (৭১)
দদৌ যদেতন্ন ভবেদ্বিচিত্রম্ ॥৬৯॥

ন চাসাবনতিসমৃদ্ধো বিপ্রস্তাবতাং লোকানাং বসুনা কামপূরণে কথমলমভূদিতি শঙ্কিতব্যং, যতঃ—

যস্য শ্রীলকৃপাকটাক্ষ-লবতো (৭২) লেভে ধ্রুবোঽসৌ ধ্রুবং (৭৩)
ব্রহ্মেশাদি-সুদুর্লভং পদমহো লক্ষ্মীঞ্চ লোকোত্তরাম্।
ইন্দ্রাদি-ত্রিদশৈরবাঞ্ছিতচরীং প্রাপৎ সুদামা শ্রিয়ং
সোঽয়ং যস্য সুতোঽভবন্ন ঘটতে (৭৪) শ্রীস্তস্য কিং তাদৃশী ? ॥৭০॥

(৭১) বসু ধনং রত্নং বা কামং পূরয়িত্বা দদাবিতি যদেতন্নাশ্চর্য্যং ভবেদিতি বাক্যার্থেনান্বয়ঃ।

(৭২) যস্য সর্ব্বসম্পত্তিমৎ কৃপাকটাক্ষলেশাৎ (৭৩) ধ্রুবাখ্যং স্থানং যদ্ব্রহ্মাদিভিরপি দুষ্প্রাপম্। (৭৪) ঘটত এবেতি শিরশ্চালনতা গম্যতে।

অপরিমিত আনন্দ প্রদান করিয়াছেন। অতএব তুমি নানাবিধ উপহার লইয়া তাহার গৃহে যাও ॥

৬২। নিজ পতির এই বাক্য সানন্দে শ্রবণ করিয়া সীতাদেবী অত্যন্ত উৎকণ্ঠিত হইলেন এবং উজ্জ্বল কিরণ বিশিষ্ট বিবিধ স্বর্ণ-অলঙ্কার ও বিচিত্র বস্ত্রসমূহ গ্রহণ করিয়া শচীর মঙ্গল প্রার্থনা করতঃ শিবিকারোহণে সকলরসের আশ্রয়স্বরূপ সেই পুত্রটিকে দেখিবার জন্য মিশ্র পুরন্দরের গৃহে গমন করিলেন।

৬৩। তাঁহাকে (সীতাদেবীকে) সেখানে (মিশ্রগৃহে) যাইতে দেখিয়া শান্তিপুরস্থিত প্রায় সমস্ত কুলবতী রমণী শচীদেবীর পুত্রকে দেখিবার জন্য উৎকণ্ঠিতচিত্তে উপহার লইয়া মিশ্রগৃহে গমন করিয়াছিলেন।

৬৪। বয়োবৃদ্ধ গোপ-স্ত্রীগণ নন্দনন্দনদর্শনে পরম আনন্দিত হইয়া (কোকিলা-কণ্ঠ অপেক্ষাও সুমধুর কণ্ঠস্বরে) যেরূপ "চিরজীবী হও, চিরজীবী হও" বলিয়া কোলাহল করিয়াছিলেন, সেইরূপ সেই পতিব্রতা নারীগণ মিশ্রপুরন্দরের পুত্রদর্শনে পরমানন্দ লাভ

অথাসতীন্দৌ কবয়োঽত্র পিষ্টপে (৭৫)
কেনোপমাস্যন্তি (৭৬) বিভোরিদং মুখম্।
ইত্থং বিবিচ্যেব (৭৭) কিয়ৎক্ষণান্তরে
সমুজ্জগারেন্দুমসৌ তমোগ্রহঃ (৭৮) ॥৭১॥

(৭৫) জগতি, (৭৬) উপমাবিষয়ীকরিষ্যন্তি, (৭৭) ইত্থং পরামৃশ্যেব কিয়ৎক্ষণমধ্যে, (৭৮) রাহুশ্চন্দ্রং সমুদ্গীর্ণবান্ ইত্যর্থঃ। অত্রোৎপ্রেক্ষানামালঙ্কারঃ।

করিলেন এবং কোকিলা-কণ্ঠ অপেক্ষাও সুমধুর স্বরে "চিরজীবী হও, চিরজীবী হও" বলিয়া কোলাহল করিতে করিতে অনন্ত উৎসব (আনন্দ) ভরে দূর্ব্বাধান্যপুঞ্জ শচীনন্দনের মস্তকে প্রদান করিয়া আনীত উপহারসমূহও অর্পণ করিলেন।

৬৫। অনন্তর মিশ্রপত্নী শচীর প্রতি প্রেমবতী স্বর্ণমুক্তামণিমালাধারিণী মালিনী নাম্নী (বিপ্রপত্নী) শ্রীবাসপণ্ডিত নামক ব্রাহ্মণের গৃহিণী পরম উল্লাসভরে সেই কুল-স্ত্রীগণের চরণধূলি লইয়া সনাতন ভগবান্ শচীনন্দনের চিরমঙ্গল কামনায় তাঁহার মস্তকে সস্নেহে প্রদান করিলেন। তাঁহার এবম্বিধ স্নেহ রসিক-ভক্তগণেরও প্রশংসনীয়।

৬৬। তদনন্তর বিবিধ রাগ-আলাপকারী গায়কগণ, মনের অপ্রসন্নতা নাশক অর্থাৎ আনন্দজনক বাদকগণ, মনোহর বেশধারী নর্ত্তকগণ আসিয়া উপস্থিত হইল। তাহারা আসিয়া সমাগত লোকদিগকে পরমানন্দ প্রদান পূর্ব্বক নৃত্যগীত করিতে লাগিল। মিশ্র পুরন্দর তাহাদিগকে সাদরে অলঙ্কার বস্ত্রাদি দান করিয়া সন্তুষ্ট করিয়াছিলেন॥

৬৭। এই প্রকারে নানাদেশ-জাত সূতগণ আসিয়া পুরাতন সর্গ-প্রতিসর্গাদি পঞ্চলক্ষণবিশিষ্ট পুরাণ পাঠ করিয়াছিল। মাগধগণ রাগধারা মিশাইয়া তাঁহার বংশ কীর্ত্তন করিয়াছিল এবং বন্দিগণ আনন্দে পুত্রের জন্মহেতু আনন্দিত সেই মিশ্রবরেরই স্তব করিয়াছিল॥

৬৮। হে মিশ্রপুরন্দর! আপনার জয় হউক; জয় হউক। সুন্দর পুত্রের জন্মোৎসবে আপনি বিতরণপূর্ব্বক সমস্ত ধনসম্পত্তি নিঃশেষ করিয়াছেন। আপনি সুখরূপ জলবর্ষী মেঘস্বরূপ। আপনি বিনয়িশ্রেষ্ঠ এবং ধৈর্য্যের দ্বারা মন্দর পর্ব্বতকে

দ্বিজান্বয়-সমুদ্ভবৌ (৭৯) রুচিরগৌর (৮০) দেহচ্ছটৌ
তমো (৮১) হৃতি-কৃতিক্ষমৌ কুবলয়- (৮২) প্রমোদপ্রদৌ।

(৭৯) বিপ্রবংশোৎপন্নৌ, দ্বয়োরপি দ্বিজপদার্থত্বাৎ ; (৮০) গৌরত্বমিহ পীতত্বমন্যত্র শুক্লত্বম্ ; (৮১) তমো দুঃখমন্ধকারশ্চ (৮২) ভূমণ্ডলং কুমুদঞ্চ।

জয় করিয়াছেন ; আপনার চিত্তরূপ-গুহামধ্যে আপনি কৃষ্ণরূপ সিংহকে শয়ন করাইয়া রাখিয়াছেন অর্থাৎ আপনার হৃদয়ে শ্রীকৃষ্ণ সর্ব্বদা বিরাজ করিতেছেন। শুভস্তবের দ্বারা আপনি মহাদেবকে সন্তুষ্ট করিয়াছেন। আপনি গুরুজনের সেবক, কামদমনকারী এবং পরমপ্রেমসুখাকাঙ্ক্ষী। আপনার কীর্ত্তিরূপ চন্দ্রের দ্বারা শোভিত আকাশে আপনি মহোৎসবের রচনা করিয়াছেন (প্রকাশ করিয়াছেন)। হে ধীর! আমাদের আনন্দ উৎপাদন করুন অর্থাৎ প্রদান করুন।

৬৯। মিশ্রের চিত্ত স্বভাবতঃ দান বিষয়ে উৎকণ্ঠিত, তাহাতে আবার তিনি পুত্রোৎসবে হৃষ্টমনা হইয়াছেন। অতএব তিনি যে তাহাদের বাসনা পূর্ণ করিয়া ধন দান করিয়াছিলেন—ইহা বিচিত্র নহে।

৭০। ঐ বিপ্র মিশ্রপুরন্দর অতিশয় ধনবান নহেন ; সুতরাং কিরূপে তিনি ধনের দ্বারা সেই সমুদয় লোকের বাসনা পূরণে সমর্থ হইয়াছিলেন—এরূপ শঙ্কা করা উচিত নয়। যেহেতু যাঁহার সর্ব্বসম্পত্তিময় লবমাত্র কৃপাকটাক্ষে ধ্রুব-ব্রহ্মমহেশ্বরাদিরও অত্যন্ত দুর্লভ ধ্রুবলোক ও লোকোত্তর (অলৌকিক) সম্পদ্ প্রাপ্ত হইয়াছিলেন এবং ইন্দ্রাদি দেবতাগণও পূর্ব্বে যে ঐশ্বর্য্য দর্শন করেন নাই, সুদামা সেইরূপ ঐশ্বর্য্য লাভ করিয়াছিলেন, সেই ভগবান্ যাঁহার পুত্র হইয়াছেন, তাঁহার কি সেইরূপ সম্পত্তি হইতে পারে না?

৭১। অতঃপর—"চন্দ্র না থাকিলে কবিগণ এ জগতে কাহার সহিত প্রভুর এই মুখের উপমা দিবেন?"—এইরূপ বিবেচনা করিয়াই যেন রাহুগ্রহ কিছুক্ষণ পরে চন্দ্রকে পরিত্যাগ করিয়াছিল।

৭২। দ্বিজকুলোৎপন্ন, সুন্দর গৌরবর্ণ (পীতবর্ণ পক্ষে শ্বেতবর্ণ) দেহকান্তি-

শচীসুত-সুধাকরৌ সমবলোক্য লোকাস্তদা
হরিধ্বনি-মহোৎসবং বিদধতো মমজ্জুঃ সুখে ॥ ৭২ ॥

ইতীত্যাদি শ্রীগৌরলীলামৃতে শ্রীগৌরজন্মমহোৎসবো নাম

চতুর্থ আস্বাদঃ

সম্পন্ন, তমঃ (দুঃখ বা অজ্ঞান পক্ষে অন্ধকার) নাশ করিতে সমর্থ, কুবলয়ের (ভূমণ্ডলের পক্ষে কুমুদের) আনন্দপ্রদ শচীনন্দন ও চন্দ্রকে অবলোকন করিয়া লোক সকল তখন হরিধ্বনি-মহোৎসব করিতে করিতে সুখে মগ্ন হইয়াছিল।

ইত্যাদি শ্রীগৌরলীলামৃতে শ্রীগৌরজন্মমহোৎসব নামক চতুর্থ আস্বাদ।

শ্রীশ্রীগৌরাঙ্গ-চম্পূঃ

—ঃ(*)ঃ—

পঞ্চম আস্বাদঃ

অথ দিবসে দিবসে দিবসেনাপতি- (১) সমানসৌন্দর্য্যো বলক্ষে পক্ষে পতিরিব যামিনীনাং (২) ববৃধে স বালকঃ ॥ ১ ॥

যথা যথাবর্দ্ধত তস্য বিগ্রহস্তথা তথৈবাস্য বিচিত্রমাধুরী (৩)।
যথা যথা পুষ্টিমগাৎ ক্রমেণ, সা (৪) জনানুরাগোঽপি তথা তথা প্রভৌ ॥ ২ ॥

ততো নবদ্বীপ-নিবাসিনো জনাঃ
ক্ষণং তমপ্রেক্ষ্য শচীতনূদ্ভবম্।
বিধাতুমন্যত্র ন শেকিরে (৫) স্থিতিং
যথা চকোরা উদিতং সুধাকরম্ ॥ ৩ ॥

(১) স্বর্গ-সেনানীঃ কার্ত্তিকেয়ঃ ; (২) শুক্লে পক্ষে যামিনীনাং পতিশ্চন্দ্র ইব।

(৩) লোকোত্তরমাধুর্য্যং ; (৪) সা বিচিত্রমাধুরী।

(৫) শক্তবন্তঃ শক্ মর্ষণে দিবাদিরাত্মনেপদী, াতুনামনেকার্থত্বাদিহ শক্ত্যর্থঃ কবিকল্পদ্রুমে চ তদর্থ এবং পঠিতশ্চ। ৩

অনন্তর স্বর্গসেনাপতি কার্ত্তিকেয়ের ন্যায় পরম সুন্দর সেই বালক শুক্লপক্ষে নিশাপতি চন্দ্রের ন্যায় দিনে দিনে বৃদ্ধি পাইতে লাগিলেন ॥ ১ ॥

তাঁহার কলেবর যেমন বাড়িতে লাগিল, তাঁহার শ্রীঅঙ্গের মাধুরীও সেইরূপ বৃদ্ধি পাইতে লাগিল। তাঁহার শ্রীঅঙ্গমাধুরী যেমন ক্রমে ক্রমে পুস্ট হইতে লাগিল, প্রভুর প্রতি জনগণের অনুরাগও সেইরূপ পুষ্টিলাভ করিতে লাগিল ॥ ২ ॥

চন্দ্র উদিত হইলে চকোর যেমন তাহাকে না দেখিয়া থাকিতে পারে না, সেই-রূপ নবদ্বীপবাসী লোকসকল শচীদেবীর পুত্রটিকে ক্ষণকালও না দেখিয়া অন্যত্র থাকিতে পারিত না ॥ ৩ ॥

উত্তানীভূয় (৬) শুভ্রে মৃদুতর-শয়নে যর্হি মিশ্রেন্দ্রসূনুঃ
শিশ্যে (৭) শোণাঙ্ঘ্রিপাণিঃ প্রবিলসদলকশ্রেণি (৮) রালোলদৃষ্টিঃ।
স্বর্ণশ্রীস্তর্হি তোয়ে বিকসিত-কনকাম্ভোজ-বন্যেব (৯) রক্তৈঃ
পদ্মৈর্যুক্তা নিবিষ্ট-ভ্রমরপটলিকাহরাজতেন্দীবরাঢ্যা ॥ ৪ ॥

স চ প্রায়ঃ সর্ব্বদা সর্ব্বদাতাপি কৃপণ ইব বদ্ধমুষ্টিঃ, প্রকাশমানদৃগপি চৈত্যবৃক্ষ (১০) ইব সংবৃতনেত্রঃ (১১), বিগতস্ময়োঽপি (১২) প্রদোষারম্ভ ইব স্ফুটকুমুদহাসশ্চ (১৩) বভূব, তত্র কবয়ঃ কবয়ন্তি (১৪)—॥ ৫ ॥

(৬) উদ্ধমুখীভূয় ; (৭) শয়িতবানিত্যর্থঃ ; (৮) রাজচ্চূর্ণকুন্তলরাজিঃ ; (৯) বনানাং সমূহ ইব যদ্যে বমভূত্তদ্যে বমভূদিত্যদ্ভুতোপমালঙ্কারো দণ্ডিমতে বোধ্যঃ। ৪

(১০) দৃক্‌ লোচনং বুদ্ধিশ্চ, চৈত্যবৃক্ষঃ বৌদ্ধগণ-পূজনীয়-পাদপবিশেষঃ ; (১১) নেত্রং লোচনং পক্ষে মূলং ; (১২) অদৃষ্টস্মিতোঽপি ; (১৩) স্ফুটকুমুদবৎ হাসো যস্য পক্ষে স্ফুটঃ কুমুদানাং হাসো বিকাশো যত্র ; (১৪) বর্ণয়ন্তি—অত্রোপমানুপ্রাণিতো বিরোধালঙ্কারঃ। ৫

রক্তবর্ণ-করচরণবিশিষ্ট, সুন্দর অলকাবলী-শোভিত এবং চঞ্চলদৃষ্টিসম্পন্ন মিশ্রেন্দ্রনন্দন যখন শ্বেতবর্ণ সুকোমল শয্যায় উত্তানভাবে (চিৎ হইয়া) শুইয়া থাকিতেন, তখন তিনি গঙ্গাজলে রক্তপদ্মযুক্ত, উপবিষ্টভ্রমরশ্রেণীবিশিষ্ট এবং নীলকমলশোভিত প্রফুল্লস্বর্ণকমলবনরাজির ন্যায় বিরাজ করিতেন ॥ ৪ ॥

তিনি নিত্য সর্ব্বদাতা হইলেও কৃপণ ব্যক্তির ন্যায় প্রায়ই মুষ্টি বদ্ধ করিয়া থাকিতেন। তাঁহার দৃষ্টি সবপ্রকাশ হইলেও বৌদ্ধগণকর্ত্তৃক পূজিত সংবৃতনেত্র (মূলদেশে আবৃত) চৈত্যবৃক্ষের ন্যায় তিনি প্রায়ই সংবৃতনেত্র অর্থাৎ নয়ন মুদ্রিত করিয়া থাকিতেন। তাঁহার শ্রীবদনে মন্দহাস্য বিশেষরূপে দৃষ্ট না হইলেও প্রস্ফুটিত-কুমুদশোভাবিশিষ্ট সন্ধ্যাকালের ন্যায় তাঁহার বদনে প্রফুল্লকমলতুল্য হাস্য বিরাজ করিত। তদ্বিষয়ে কবিগণ বর্ণনা করিয়া থাকেন ॥ ৫ ॥

আলোকয়েয়ুরিহ পাণিযুগে মদীয়ে
লোকোত্তরাণি (১৫) মনুজা যদি লক্ষণানি (১৬)
ভর্ত্তীশ্বরোঽয়মিতি নিশ্চয়মাচরেয়ু-
রিত্থং বিচিন্ত্য স জুগোপ তলে নু (১৭) পাণ্যোঃ ॥ ৬

নায়াতি যাবন্মম ভক্তবৃন্দং
পশ্যামি তাবৎ স্ফুটমত্র কং বা ?
ইতীব সঞ্চিন্ত্য দৃশাবজস্রং
প্রায়ো নিমীল্যৈব স তিষ্ঠতি স্ম (১৮) ॥ ৭ ॥
অবতীর্ণেঽপি ময়ীহ ভূতলে
সুকৃতিক্লেশ-বিবর্দ্ধনঃ কলিঃ।
অধুনাপি প্রভুতাং বিধিৎসতী- (১৯)
ত্যবমৃশ্য প্রজহাস সোঽসকৃৎ ॥ ৮ ॥

(১৫) অলৌকিকানি ; (১৬) শঙ্খচক্রমীনধ্বজাদীনি ; (১৭) নু বিতর্কে উৎপ্রেক্ষাদ্যোতক-মব্যয়মিদম্। জুগোপ গোপয়ামাস। ৬

(১৮) অত্র নিমীলিতনেত্রতয়াবস্থানং প্রায়ো বালানাং স্বভাবঃ, স এব তথোৎপ্রেক্ষিতঃ ইতিশব্দেন হেতুত্বাবগমাৎ হেতুৎপ্রেক্ষালঙ্কারঃ। ৭

(১৯) বিধাতুমিচ্ছতি—ইয়মপি গম্যোৎপ্রেক্ষা। ৮

যদি মানবগণ আমার এই করযুগলে অলৌকিক চিহ্ন সকল দর্শন করে, তাহা হইলে তাহারা আমাকে ঈশ্বর বলিয়া নিশ্চয় (নির্দ্ধারণ) করিবে—এইরূপ চিন্তা করিয়া বোধ হয় তিনি করতলদ্বয় গোপন করিয়াছিলেন ॥ ৬ ॥

যতদিন পর্য্যন্ত আমার ভক্তবৃন্দ উপস্থিত না হন, ততদিন আমি এখানে কাহাকে দেখিব ?—এই প্রকার চিন্তা করিয়াই যেন তিনি প্রায় সর্ব্বদা নয়নযুগল নিমীলিত করিয়া থাকিতেন ॥ ৭ ॥

আমি এ জগতে অবতীর্ণ হইলেও সজ্জনগণের ক্লেশবর্দ্ধক কলি এখনও ভূতলে প্রভুত্ব করিতে ইচ্ছা করিতেছে—এইরূপ বিচার করিয়া যেন তিনি বার বার হাস্য করিতেন ॥ ৮ ॥

যদা যদা বালকভাবতঃ প্রভুঃ
করাঙ্ঘ্রি (২০) তূল্যাং শয়িতোঽক্ষিপন্মুহুঃ।
সুরাপগেবানিল-চালিতাম্বুজা
তদা তদা শোভত তূলিকাসকৌ (২১) ॥ ৯

কদাচিদাচিত-স্নেহরসা-রসাতলোপবিষ্টা নীলাম্বর-দুহিতা হিতাচরণা, চরণান্তিকে স্বস্য তস্য শিরো নিধায় প্রসারিতয়োঃ প্রসৃতয়োঃ (২২) প্রস্মররোচিরুপরিভাগে শায়য়তি স্ময়তি-স্মরণীয়ং (২৩) সুতম্॥ ১০॥

তদা চ তস্যা অগ্রশোভি-নখরাভিরখরাভিরঙ্গুলীভিরন্বিতেন পদাগ্রদ্বয়েন তস্য বদনমগ্রবিরাজমান-শিখরাণাং (২৪) শিখরাণাং দশকেন বিলসতা সতা কনকময়-মুকুটেন দ্বিজরাজ ইব ররাজ (২৫)॥ ১১॥

(২০) হস্তচরণং প্রাণ্যঙ্গত্বাদেকবদ্ভাবঃ। তূল্যাং শয্যায়াং, কার্যকারণয়োরভেদোপচারাৎ। (২১) অসাবেবাসকৌ, অদসোঽকপ্রত্যয়ঃ। ৯

(২২) জঙ্ঘয়োঃ; (২৩) যতীনাং স্মর্তব্যম্। ১০।

(২৪) অগ্রে বিরাজমানানি শিখরাণি দাড়িমবীজতুল্যমাণিক্যানি যেষামঙ্গুলীনাং তেষাং শিখরাণামগ্রাণাং দশকেন। (২৫) বিলসতেতি—শোভমানেন স্বর্ণমুকুটেন করণেন চন্দ্র ইব তস্য বদনং ররাজেত্যন্বয়ঃ। যথা মাণিক্য-খচিত-দশচূড়মুকুটেন চন্দ্রস্য শোভা জায়তে, তথাচারক্তনখর-রঞ্জিত-স্নিগ্ধাঙ্গুলী দশকযুক্তপাদাগ্রদ্বয়েন গৌরবদনস্যেত্যন্বিতার্থঃ। ১১

তূলীতে (গদীতে) শয়ন করিয়া প্রভু যে যে সময়ে বালকভাবে করচরণ মুহুর্মুহুঃ চালনা করিতেন, সেই সেই সময়ে সেই তূলিকাও পবনসঞ্চালিত কমলবিশিষ্ট জাহ্নবীর ন্যায় শোভা পাইত॥ ৯॥

কোনও এক সময়ে পরমস্নেহময়ী সর্ব্বমঙ্গলকারিণী ও অত্যুজ্জ্বলকান্তিমতী নীলাম্বর-কন্যা শচীদেবী ভূমিতলে উপবেশন করিয়া পাদদ্বয় প্রসারণপূর্ব্বক নিজচরণ-প্রান্তে মুনিগণেরও স্মরণার্হ সেই পুত্রের মস্তকটি রাখিয়া প্রসারিত জঙ্ঘাদ্বয়ের উপরি-ভাগে তাঁহাকে শয়ন করাইয়াছিলেন॥ ১০॥

অগ্রে দাড়িম্ববীজতুল্য মাণিক্যরাজিবিরাজিত দশশিখর-(অগ্রভাগ) শোভিত

যদীয়াঙ্ঘ্রি দ্বন্দ্বেঽম্বুজভব-ভবাদি-ক্রতুভুজো (২৬)॥
নিধাতুং মূর্দ্ধানং বত বিদধতে কাম (২৭) মনিশম্
স শিশ্যে যৎপাদোপরি (ক) নিজশিরো ন্যস্য নৃহরি-
র্মহত্ত্বং কস্তস্যা ভুবি বদতু শচ্যাঃ কবিরপি (২৮)॥ ১২॥

কদাচিৎ কদাচিদসৌ চিদসৌষ্ঠবপ্রকাশিস্নেহরসসমুত্তা (২৯) সমুত্তার্য্য স্বসুতং স্বাঙ্কেঽশায়য়দপায়য়দপাকৃতপীযূষদর্পং পয়োধরজং পয়োঽপশ্যচ্চ পরমপ্রমোদতঃ । ১৩।

(২৬) ব্রহ্মশিবাদিদেবাঃ ; (২৭) অভিলাষম্ ; (ক) যস্যাঃ শচ্যাঃ পাদোপরি চরণয়োরুপরিষ্টাৎ ; (২৮) বিদ্বানপি । ১২॥

(২৯) চিদ্-জ্ঞানং তস্য অসৌষ্ঠবং প্রকাশয়িতুং শীলং যস্য তেন স্নেহরসেন সমুত্তা, আর্দ্রা, উন্দী ক্লেদনে ধাতুঃ, নিষ্ঠাতকারস্য নাদেশ-বিকল্পঃ । ১৩॥

মুকুটের দ্বারা চন্দ্র যেরূপ শোভা পায়, অগ্রভাগে নখরাজিশোভিত সুকোমল অঙ্গুলীযুক্ত শচীদেবীর পদাগ্রযুগলের দ্বারা তাঁহার বদনটিও সেইরূপ শোভা পাইতেছিল । ১১ ।

ব্রহ্মা মহেশ্বর প্রভৃতি দেবগণ যাঁহার চরণযুগলে মস্তক ধারণ (স্থাপন) করিতে সর্ব্বদা কামনা করিয়া থাকেন, সেই নরহরি (পুরুষোত্তম) যাঁহার চরণোপরি নিজ মস্তক রাখিয়া শয়ন করিয়াছিলেন, এ সংসারে এমন কোন্ ব্যক্তি আছেন যিনি কবি (পণ্ডিত) হইলেও সেই শচীদেবীর মহিমা বলিতে পারেন ? ১২ ।

যাহা স্বভাবতঃ জ্ঞানকে সুষ্ঠুভাবে প্রকাশ পাইতে দেয় না, এমন স্নেহরসে আর্দ্র হইয়া শচীদেবী কখনও কখনও নিজ পুত্রটিকে তুলিয়া অঙ্কে শয়ন করাইয়া অমৃতদর্পহারী সুমধুর স্তন্যদুগ্ধ পান করাইতেন এবং পরম আনন্দ ভরে তাঁহাকে দর্শন করিতেন । ১৩।

তদা তদঙ্কে শিতিপট্টশাট্ট্যা-
বৃতে প্রভুঃ পিঞ্জরগঞ্জি-বর্ণঃ (৩০)।
পতঙ্গপুত্রী (৩১) পয়সাং প্রবাহে
যানং বিধের্হংস ইব ব্যরাজৎ (৩২)॥ ১৪ ॥

স্তন্য-প্রপাণাবসরে স্তনাধ-
স্তস্যাঃ প্রভো র্যে দদৃশুর্মুখেন্দুম্।
সংসস্মরুস্তে খলু পান-কালেঽ-
মৃতস্য চন্দ্রং কলসাদধস্থম্ (৩৩)॥ ১৫ ॥

দৃষ্ট্বা সুতাস্যশশিনং স্তনহেমভূভৃ-
চ্ছৃঙ্গেণ চেৎ স্রুতমহো বহুলং পয়োঽস্যাঃ।
তৎ সুস্রুবে যদধিকং নয়নেন চন্দ্র-
কান্তেন তত্তবতু নাত্যুচিতং কথং বা ? (৩৪)॥ ১৬ ॥

(৩০) হরিতালনিন্দিতকান্তিঃ প্রভুঃ শ্রীগৌরাঙ্গো বিরাজতে স্মেত্যর্থঃ। 'পিঞ্জরঃ পীতকং তালমালঞ্চ হরিতালকে' ইত্যমরঃ; (৩১) শ্রীযমুনা; (৩২) বিধি-যানত্বেন হংসস্য পীতত্বং, তদ্বাহনানাং স্বর্ণময়পক্ষত্বাৎ। ১৪ ॥

(৩৩) কলসাদমৃতস্য ঘটাদধঃস্থং চন্দ্রং সংসস্মরুঃ সম্যক্ স্মৃতবন্ত ইত্যর্থঃ। অত্র সদৃশানুভবা-ত্তৎসদৃশবস্ত্বন্তরস্মরণাৎ স্মরণালঙ্কারঃ। গুণোঽর্ত্তিসংযোগাদ্যোরিতি কিত্যপি লিটি গুণঃ। ১৫ ॥

(৩৪) অস্যাঃ শচীদেব্যাঃ সুতস্য মুখচন্দ্রং বিলোক্য স্থিতায়া ইতি স্থিতিক্রিয়াধ্যাহারেণৈক-কর্ত্তৃকত্বাৎ ক্তাচ্ প্রত্যয়ঃ। স্তনরূপ-সুমেরুশৃঙ্গেণাপি যদ্যেবং বহুলং পয়ঃ ক্ষরিতং, তর্হি নয়নেনৈব চন্দ্রকান্তেন মণিভেদেন যদধিকং তৎপয়ঃ সুস্রুবে, কথংবা তদত্যুচিতং ন ভবত্বপিত্বত্যুচিতমেবেত্যন্বয়ঃ। অত্র সমস্ত-বস্তুবিষয়রূপকালঙ্কারঃ, তেন চ মুখেন্দোঃ কঠোরগিরিশৃঙ্গদ্রাবকত্বে কিমুত স্বতঃস্রাবি-মণিশিলাদ্রাবকত্বমিত্যর্থাপত্তিধ্বনিরূহ্যঃ। ১৬ ॥

শ্যামবর্ণ যমুনার জলপ্রবাহে ব্রহ্মার বাহন স্বর্ণপক্ষ হংস যেমন শোভা পায়, শচীদেবীর কৃষ্ণবর্ণ পট্টশাটির দ্বারা আবৃত অঙ্কে হরিতাল-নিন্দাকারি-কান্তিবিশিষ্ট প্রভুও তখন সেইরূপ শোভা পাইতেন ॥ ১৪ ॥

স্তন্যপান সময়ে যাঁহারা তাঁহার স্তনের নিম্নে প্রভুর মুখচন্দ্র দর্শন করিয়াছিলেন, তাঁহারা তখন অমৃতপানকালে কলসের অধঃস্থিত চন্দ্রকে স্মরণ করিয়াছিলেন ॥ ১৫ ॥

পুত্রের মুখশশী দর্শন করিয়া শচীদেবীর স্তনরূপ স্বর্ণাচলের (সুমেরুর) শৃঙ্গ যদি

যোঽভোজয়ৎ খলু সুধাং সুরবর্গমেব
ভৃত্যং স্বয়ন্তু বুভুজে ন হি তুচ্ছবুদ্ধ্যা।
সোঽপি স্বয়ং যদপিবৎ পরমানুরক্ত-
স্তস্মিন্ শচীস্তনরসেঽস্তি গুণো নু কোঽপি ॥ ১৭ ॥

কদাচিৎ স্বপয়োধরে ধরে (৩৫) সুবর্ণস্য স্বর্ণলতিকেব সুতো জনন্যাঽনন্যালোকিত-স্নেহিকয়া (৩৬) কয়াচিৎ কৌতুক-পরীপাট্যা রোপয়ামাসে ॥ ১৮

তস্য তদা পদযুগলং, পয়োধরোপরি বভৌ শচ্যাঃ।
হৈম-সদাশিবলিঙ্গোপরি, রক্তোৎপলযুগলং যথা বিকচম্ ॥ ১৯ ॥

---

(৩৫) পর্ব্বতে ; (৩৬) ন অন্যত্র আলোকিতঃ স্নেহো যস্যাস্তয়া ॥ ১৮

প্রচুর পয়ঃ (দুগ্ধ) ক্ষরণ করিয়া থাকে, তবে তাঁহার নয়নরূপ চন্দ্রকান্তমণি যে তদপেক্ষা অধিক পয়ঃ (আনন্দাশ্রু) ক্ষরণ করিবে তাহা কেন উচিত হইবে না ? অর্থাৎ সমুচিত বটে ॥ ১৬

যিনি পূর্ব্বে নিজভৃত্যস্থানীয় দেবতাগণকেই সুধা ভোজন করাইয়াছিলেন, কিন্তু নিজে তুচ্ছবুদ্ধিতে তাহা ভোগ করেন নাই, তিনিও স্বয়ং পরম অনুরাগভরে যাহা পান করিতেছেন, তাহাতে মনে হয় শচীদেবীর সেই স্তনরসে যথার্থই কোনও এক অনির্ব্বচনীয় গুণ আছে ॥ ১৭

যাঁহার স্নেহ একমাত্র তাঁহাতে ব্যতীত অন্যত্র দৃষ্ট হয় না, এবংবিধ জননী শচীদেবী একদা কোনও এক অপূর্ব্ব কৌতুকরীতিক্রমে সুবর্ণশৈলসদৃশ নিজ স্তনের উপর স্বর্ণ-লতিকাতুল্য নিজ পুত্রকে স্থাপন করিয়াছিলেন ॥ ১৮

স্বর্ণশিবলিঙ্গের উপর প্রস্ফুটিত রক্তোৎপলযুগল যেমন শোভা পায়, শচীর স্তনের উপর তাঁহার চরণযুগল তখন সেইরূপ শোভা পাইতেছিল ॥ ১৯

নটন্নসৌ মাতৃকুচোপরি প্রভু-
ররাজ বাহূ পরিচালয়ন্মুহুঃ। *
প্রকম্পিতা চঞ্চল-পল্লবানিলৈঃ
সুমেরুশৃঙ্গে লতিকেব কানকী॥ ২০॥
যদা যদোত্তানশয়া শচী কুচ-
দ্বয়ান্তরে শায়য়তি স্ম তং সুতম্।
তদা তদা স্বর্ণ-গিরিদ্বয়ান্তরে
বভৌ তনুস্তস্য নদীব কানকী॥ ২১॥

অসকৃৎ স কৃৎস্নবেদিতা বিদিতাবিদ্যো (৩৭) ঽপি জাতু (৩৮) জাতুধান-পীড়িতপ্রাকৃত-বালক ইবাধীরতামাদদদরোদীদদরোদীরিত-দন্তময়-নিনাদো (৩৯) নাদোঽহাসী- (৪০) দহাসী দয়াময়ঃ। ততস্তস্য মাতা মা তাত ক্রন্দেতি মুহুরুক্ত্বাপি সান্ত্বয়িতুমশক্তেদমুবাচ॥ ২২

(৩৭) অসকৃদরোদীদিত্যন্বয়ঃ বিশেষেণ দিতা খণ্ডিতা অবিদ্যা যেন সঃ। (৩৮) কদাচিৎ; (৩৯) অদরমনীষৎ যথা ভবতি তথা উদীরিতো দন্তময়ো নিনাদো যেন সঃ। (৪০) অদো রোদনং ন অহাসীৎ অত্যজৎ। অহাসী হাসরহিতঃ॥ ২২

পবন দ্বারা কম্পিতা চঞ্চলপল্লববিশিষ্টা স্বর্ণলতিকা সুমেরুশৃঙ্গে যেরূপ বিরাজ করে, সেইরূপ জননীর স্তনের উপর প্রভু বাহুদ্বয় পুনঃ পুনঃ চালিত করিয়া নৃত্য করিতে করিতে শোভা পাইয়াছিলেন॥ ২০

যে যে সময়ে শচীদেবী উত্তানভাবে (চিৎ হইয়া) শয়ন করিয়া স্তনদ্বয়ের মধ্যে পুত্রকে শয়ন করাইতেন, সেই সেই সময়ে তাঁহার (প্রভুর) তনুখানি দুইটি স্বর্ণপর্ব্বতের মধ্যবর্ত্তিনী সুবর্ণসলিলা নদীর ন্যায় বিরাজ করিত॥ ২১

দয়াময় প্রভু সর্ব্বজ্ঞ এবং বিশেষরূপে অবিদ্যাখণ্ডনকারী হইলেও কখনও রাক্ষস-পীড়িত প্রাকৃত বালকের ন্যায় হাস্যরহিত (অপ্রফুল্ল) ও অধীর হইয়া অতি উচ্চ দন্তময়

* পাঠান্তরম্,—নটন্ত্যসৌ মাতৃকুচোপরি প্রভো ররাজ বাহূ কিরতী মুহুস্তনুঃ।

তাত ত্বমসি পিতা মে, নিজকুল-কুমুদৌষধীশোঽসি
কস্মাৎ ক্রন্দসি বাঢ়ং, হরি হরি দুর্বিধিরয়ং কো মে ॥ ২৩ ॥

ইতি যাবদবদন্মিশ্রজায়াঽজায়ামি-ক্রন্দনপীড়িতে- (৪১) ড়িতেয়ত্তাশূন্যরাগতয়া (৪২) গতয়া তয়া গিরা শ্রুতিবিলমনাবিলমনা (৪৩) দুঃখেন সক্রন্দনং তাবদজহাদজহারি-নামাভাস-শ্রবণেন (৪৪) ॥ ২৪

ততস্তস্য ক্রন্দন-বিরামে রামেড্যা তন্মাতাঽবাপদপদবিষয়মানন্দং যদা, তদৈব চ দৈবচক্রাগম্যচরিতশ্চক্রন্দ পুনস্তন্নন্দনঃ ॥ ২৫

সা চ তদেবপদ্যমাপদ্যমানায়াং তৎক্রন্দনরূপায়াং মন্থোপকারকং বালকন্দমিব কানন-কৃশানুকৃতক্লেশে পপাঠ পুনঃ ॥ ২৬

(৪১) অজস্য ভগবতঃ আয়ামি দীর্ঘং যৎ ক্রন্দনং তেন পীড়িতা, (৪২) ঈড়িতঃ স্তুতঃ ইয়ত্তাশূন্যো রাগো যস্যাঃ তত্তয়া, (৪৩) দুঃখেন অনাবিলং মনো যস্য সঃ, (৪৪) অজস্য স্বস্য হারি মনোহরং যন্নাম তস্যাভাসস্য হরিহরীত্যস্য খেদবচনস্য শ্রবণেন ॥ ২৪

শব্দ উচ্চারণ করিতে করিতে বারংবার রোদন করিতেন। কিছুতেই তিনি সে রোদন ত্যাগ করিতেন না।

অনন্তর তাঁহার জননী "বৎস! কাঁদিও না" এইরূপ পুনঃ পুনঃ বলিয়াও যখন তাঁহাকে সান্ত্বনা দিতে পারিতেন না, তখন এই কথা বলিতেন ॥ ২২

বৎস! বাপ আমার! নিজবংশরূপকুমুদের (প্রকাশ বিষয়ে) তুমি চন্দ্রস্বরূপ। এত কাঁদিতেছ কেন? হরি হরি! আমার কি দুরদৃষ্ট! ॥ ২৩

অসীম অনুরাগহেতু সর্ব্বপ্রশংসিত মিশ্রপত্নী ভগবানের বহুক্ষণব্যাপি ক্রন্দন ধ্বনিতে ব্যথিত হইয়া যখন ঐ কথা বলিলেন, তখন কর্ণকুহরে প্রবিষ্ট "হরি হরি" এই খেদসূচক বাক্যে নিজের মনোহর নামের আভাসমাত্র শ্রবণে প্রসন্নচিত্ত হইয়া তৎক্ষণাৎ তিনি দুঃখহেতুক ক্রন্দন পরিত্যাগ করিলেন ॥ ২৪

অতঃপর প্রভুর ক্রন্দন থামিলে রমণীগণের স্তবযোগ্যা শচীমাতা যখন অনির্ব্বচনীয় আনন্দ লাভ করিলেন, তখনই আবার তাঁহার পুত্রটি ক্রন্দন করিতে লাগিলেন। যেহেতু প্রভুর চরিত্র দেবগণেরও অগোচর ॥ ২৫

দাবাগ্নিজনিত পীড়ায় নবীন মেঘ যেমন উপকারী, সেইরূপ পুত্রের ক্রন্দনরূপ অসীম

তদা চ পদ্যস্য পাদত্রয়পাঠপর্য্যন্তং চক্রন্দ তন্নন্দনস্ততো হরি হরীত্যক্ষরচতুষ্টয়ে পঠিতে তূষ্ণীং বভূবেতি হরিধ্বনিনৈব ক্রন্দনং ত্যজত্যয়মিতি নিশ্চিত্য হরিং বদ হরিং বদেতি মুহুর্জগাদ, ততোঽসৌ পরমানন্দমবাপ ॥ ২৭

তদ্দিনাবধি যদা যদা প্রভুঃ
ক্রন্দতি স্ম কলয় (৪৫) ন্নিজাহ্বয়ম্ ।
সুস্বরেণ বনিতা হরিং বদে-
ত্যুচ্চকৈ র্জগুরলং তদা তদা ॥ ২৮ ॥

অহো ! প্রভো বৈষ্ণবধর্ম্মশিক্ষণা
সমাগ্রহো বিজ্ঞজনৈ র্বিলোক্যতাম্ ।
যদেষ বাল্যেঽপি রুদন্নপি স্বয়ং
স্বনামগানং প্রকটত্বমানয়ৎ ॥ ২৯ ॥

(৪৫) কলয়ন্ শ্রোতুম্ ॥ ২৮

বিপদে পূর্ব্বোক্ত পদ্যটিকে উপকারক মনে করিয়া তিনি পুনরায় তাহাই পাঠ করিতে লাগিলেন ॥ ২৬

তখন পদ্যের তিন চরণ পাঠ করা পর্য্যন্ত তাঁহার পুত্র রোদন করিয়াছিলেন। অতঃপর "হরি হরি" এই চারিটি অক্ষর পাঠ করা মাত্র তিনি নীরব হইলেন। তাহা দেখিয়া "হরিধ্বনি শুনিলেই পুত্র ক্রন্দন পরিত্যাগ করে" এইরূপ নিশ্চয় করতঃ শচীদেবী পুনঃ পুনঃ "হরিবোল হরিবোল" বলিয়াছিলেন। তাহা শুনিয়া প্রভু পরম আনন্দলাভ করিয়াছিলেন ॥ ২৭

সেইদিন হইতে যখনই প্রভু নিজনাম শ্রবণ করিবার জন্য রোদন করিতেন, তখনই বনিতাগণ সুস্বরে "হরিবোল" এই কথা উচ্চৈঃস্বরে অতিশয় গান করিতেন ॥ ২৮

অহো প্রভুর বৈষ্ণব ধর্ম্ম শিক্ষা দিবার সম্যক্ আগ্রহ বিজ্ঞব্যক্তিগণ অবলোকন করুন। যেহেতু ইনি বাল্যকালেও স্বয়ং রোদন করিতে করিতে ও নিজনামগান প্রকাশ করিয়াছিলেন ॥ ২৯

অথ নামকরণস্য রসময়ে সময়ে সমুদিতে মুদিতেন মনসা মিশ্রো নীলাম্বর-চক্রবর্ত্তিন-মাহূয় জাতবেদসং (৪৬) বেদসঙ্গীতবিধানতো নতোত্তমাঙ্গতয়া সাঙ্গতয়া (৪৭) সাদরমভ্যর্চ্য তারকাংশসূচিতং সূচিতং (৪৮) মোহন ইতি নাম বিধায় সর্ব্বজনবেদ্যং নাম কিং স্যাদিতি বিচারয়ামাসে (৪৯) রয়ামাসেদং তদা নীলাম্বরঃ ॥ ৩০

পিতস্তে পুত্রস্যোদ্ভবসময়-সাদ্গুণ্য-কলনা-
স্ময়া জ্ঞাতং বিশ্বং সকলমিদমাপোক্ষ্যতি সদা।
তথা ধর্ত্তা পাপাম্বুধি-পতিতমেতত্তদুচিতং
ভবেন্নাম খ্যাতং জগতি ননু বিশ্বম্ভর ইতি ॥ ৩১ ॥
কৃষ্ণবর্ণতয়া কৃষ্ণ-নামা নন্দসুতো যথা।
গৌরবর্ণতয়া গৌরনামাপি স্যাদয়ং তথা ॥ ৩২ ॥

(৪৬) অগ্নিম্, (৪৭) সাঙ্গতয়া বিশেষণে তৃতীয়া, বিশেষণঞ্চাভ্যর্চ্চ্যেতি ক্রিয়ায়াঃ (৪৮) অত্যুচিতং, (৪৯) ঈরয়ামাস কথয়ামাস ॥ ৩০

অনন্তর নামকরণের সুখময় সময় উপস্থিত হইলে মিশ্রবর সানন্দমনে নীলাম্বর চক্রবর্ত্তীকে ডাকাইয়া বেদগান বিধানে (সামবেদবিধানে) নতমস্তকে সাদরে (ভক্তিভরে) পূর্ণরূপে অগ্নির অর্চ্চনা করিলেন এবং প্রভুর জন্মনক্ষত্রাংশসূচিত 'মোহন' এই উপযুক্ত নাম রাখিয়া "সর্ব্বজনবেদ্য নাম কি হইতে পারে" মিশ্র যখন এইরূপ বিচার করিতে-ছিলেন, তখন নীলাম্বর এই কথা বলিলেন ॥ ৩০

বাপ! তোমার পুত্রের জন্মসময়ের সদ্গুণ দেখিয়া আমি জানিয়াছি তোমার এই পুত্র সর্ব্বদা সমস্তবিশ্বকে পোষণ করিবে এবং পাপসাগরে পতিত এই বিশ্বকে ধারণ অর্থাৎ উদ্ধার করিবে; অতএব জগতে ইহার "বিশ্বম্ভর" এই সমুচিত নামটি খ্যাত হইবে ॥ ৩১

কৃষ্ণবর্ণ হেতু নন্দনন্দনের যেরূপ কৃষ্ণ নাম হইয়াছে, সেইরূপ গৌরবর্ণহেতু ইহার গৌরনামটিও খ্যাত হইবে ॥ ৩২

এবং নামাদ্বয়মদ্বয়ব্রহ্মসমানমানন্দজনকং ন কং জনমরঞ্জয়দরঞ্জয়দখিলমাধিমাধিক্যেন (৫০) যস্য চ নিশমনতঃ শমনতঃ সাধ্বসং নশ্যতি, নশ্যতি (৫১) কিংবা দুরিতং যৎকীর্ত্তনং ভবভবভয়ঞ্চ খণ্ডয়তি, মণ্ডয়তি মধুরেণাবিধুরেণ- (৫২) বিজ্ঞমপি জনং প্রেমরত্নেন ॥ ৩৩

তদানীং তদ্দ্রুত্বা কতিচন জনা লোচনপুটা-
স্থলং লোত্রৈঃ পূর্ণান্যদধত পরানন্দবিভবাৎ।
তনুং কেচিন্ন্যত্যস্তনুরুহ-কদম্বাতিরুচিরাং
সমুচ্চৎ স্বেদাম্ভঃকানগণচিতং কেচন বপুঃ ॥ ৩৪ ॥

এবমানন্দেন কিয়ৎসু যৎসু (৫৩) দিনেষু কদাচিদুদবসিতে সিতে শয়নে শয়নে-নিজ্যমানে (৫৪) নিদ্রিতং সুতং শায়য়িত্বার্পয়িত্বা কবাটং বাটং (৫৫) দ্বারস্য নিরুধ্য মন্দিরোচিতে রোচিতে পুত্রহিতয়া (৫৬) ততয়া মুদা কর্ম্মান্তরে প্রসক্তা বভূব মিশ্রপুরন্দরপত্নী ।। ৩৫

(৫০) অখিলমাধিং মনোব্যথাম্ আধিক্যেন অরং শীঘ্রং জয়ৎ। (৫১) খণ্ডয়তি, (৫২) অবিধুরেণ অবিকলেন ॥ ৩৩

(৫৩) গচ্ছৎসু, (৫৪) শয়েন হস্তেন নেনিজ্যমানে পুনঃ পুনঃ শোধ্যমানে, (৫৫) পন্থানম্, (৫৬) পুত্রস্য হিততয়া রোচিতে প্রকাশমানে দুগ্ধাবর্ত্তনাদৌ ॥ ৩:

এইরূপে প্রভুর অদ্বয়ব্রহ্মতুল্য আনন্দজনক নামদ্বয় অবিলম্বে সমস্ত মনোব্যথা অত্যধিক ভাবে জয় (নাশ) করিয়া কোন্ ব্যক্তিকে না আনন্দ প্রদান করিয়াছিলেন অর্থাৎ সকলকেই আনন্দিত করিয়াছিলেন। যে নামদ্বয় শ্রবণে শমনভয় নাশ হয়, তাহাতে এমন কোন্ পাপ আছে যাহা খণ্ডিত হয় না? অর্থাৎ সর্ব্বপ্রকার পাপই খণ্ডিত হইয়া থাকে, যে নামদ্বয় কীর্ত্তন করিলে সংসারে জন্মভয় নিবারিত হয় এবং নিতান্ত অজ্ঞ ব্যক্তিও সম্পূর্ণ সুমধুর প্রেমরত্নে ভূষিত হইয়া থাকে ॥ ৩৩

তখন প্রভুর ঐ নাম দুইটি শুনিয়া পরম আনন্দ হেতু কয়েকজনের নয়ন আনন্দাশ্রুতে অত্যন্ত পূর্ণ হইয়াছিল, কাহারও কাহারও শরীরে অতি সুন্দর পুলকাবলী প্রকাশ পাইয়াছিল এবং কাহারও কাহারও সর্ব্বাঙ্গ ঘর্ম্মজলবিন্দুসমূহে ব্যাপ্ত হইয়াছিল ॥ ৩৪

এই প্রকার আনন্দে কিছুদিন গত হইলে একদা মিশ্রপুরন্দরপত্নী গৃহমধ্যে নিজ হস্তে শয্যা পরিষ্কৃত করিয়া সেই শুভ্র শয্যায় নিদ্রিত পুত্রকে শয়ন করাইয়া কপাট

তদাশ্চর্য্যচর্য্যাবলোকনয়া মাতরমাতরলিতীকর্ত্তুমনা (৫৭) মনাগ্বলং প্রকাশ্য তল্পতোঽল্পতো নন্দে (৫৮) রুথায় গৃহস্থিতং দ্রব্যং নানাপ্রকারং প্রকারং প্রকারং (ক) ভাণ্ডান্যবরোপ্য স্থাপয়িত্বা পূর্ব্ববচ্ছয়নেঽশয়িষ্ট বিশ্বম্ভরঃ ॥ ৩৬

মিশ্রভার্য্যা শুভার্য্যাশু (৫৯) নির্ব্বাহ্য গৃহব্যাপারমপার-মহোৎকণ্ঠাকুলা কুলায়মিব পক্ষিণী পুত্রেক্ষণায় গৃহং প্রবিবেশ। প্রবিশ্য চ সর্ব্বাণি দ্রব্যাণি যতস্ততোঽস্ততো-পলক্ষিতানি ক্ষিতানি (৬০) চ কানিচিদ্ বিলোক্য জাতচিত্রা-চিত্রায়িতা পরিজনানাহূয় প্রোবাচ ॥ ৩৭

(৫৭) সম্যক্ চঞ্চলিতীকর্ত্তুকামঃ, (৫৮) আনন্দাৎ, (ক) বিক্ষিপ্য বিক্ষিপ্য। (৫৯) শুভা আর্য্যা শ্রেষ্ঠা, (৬০) যতস্ততঃ ক্ষিপ্ততয়া উপলক্ষিতানি ক্ষিতানি নাশিতানি চ ॥ ৩৭ ॥

বন্ধ করিলেন এবং দ্বারপথ রুদ্ধ করিয়া পুত্রের হিতকর বলিয়া রুচিকর গৃহোচিত কর্ম্মান্তরে আনন্দে নিযুক্ত হইলেন ॥ ৩৫

তখন বিশ্বম্ভর জননীকে এক আশ্চর্য্য ব্যাপার দর্শন করাইয়া চঞ্চল করিবার ইচ্ছায় ঈষৎ বলপ্রকাশপূর্ব্বক পরম আনন্দভরে শয্যা হইতে উঠিলেন এবং গৃহস্থিত নানা-প্রকার দ্রব্য সকল ইতস্ততঃ নিক্ষেপ করিয়া ও ভাণ্ড সকল অধোমুখে স্থাপন করিয়া পূর্ব্ববৎ শয্যায় গিয়া শয়ন করিয়া রহিলেন ॥ ৩৬

পরমমঙ্গলময়ী আর্য্যা মিশ্রপত্নী শচীদেবী সত্বর গৃহকর্ম্ম সম্পন্ন করিয়া বিহঙ্গমী যেমন নিজ শাবক দর্শনের নিমিত্ত অত্যন্ত উৎকণ্ঠিত হইয়া কুলায়ে প্রবেশ করে, সেইরূপ অত্যধিক উৎকণ্ঠায় আকুল হইয়া পুত্রকে দর্শন করিবার জন্য গৃহে প্রবেশ করিলেন। প্রবেশ করিয়া দেখিতে পাইলেন সমস্ত দ্রব্য গৃহমধ্যে ইতস্ততঃ বিক্ষিপ্ত ও কতকগুলি ভগ্ন হইয়া পড়িয়া আছে। তদ্দর্শনে তিনি বিস্মিত হইয়া কিছুকাল চিত্রপুত্তলিকার ন্যায় স্থির হইয়া রহিলেন, পরে পরিজনদিগকে ডাকিয়া বলিলেন ॥ ৩৭

চিত্রং পশ্যত হে সমুত্থিতিবিধৌ শক্তো ন মে বালক-
শ্চাতুর্মাসিক এক এব শয়িতো গেহেঽত্র নান্যো জনঃ।
দ্বারস্যাপি ময়া নিরোধকরণান্নান্যাগতিঃ (৬১) সম্ভবে-
ত্তদ্ দ্রব্যাণি যতস্ততঃ ক্ষিতিতলে ক্ষিপ্তানি কেনাহহ ॥ ৩৮ ॥

তদেতন্মিশ্রভার্য্যয়ার্য্যয়া গদিতমবগত্য প্রামাণিক্যো মাণিক্যোপমাঃ পুরস্ত্রীষু কাশ্চন প্রোচিরে চিরেণাস্মাভিরনুভূতং ভূতং কিমপি সাহসেনানূনং (ক) নূনং শিশুমেনমপহর্ত্তুং প্রবিবেশেদং সদনং সদনন্তামরাশীর্বচসা (৬২) রক্ষিতস্ত্বেনং নেতুমপারয়তাঽযতাত্মনা তেন তেন ইদং দৌরাত্ম্যম্ ॥ ৩৯

(৬১) ন অন্যস্য আগতিঃ ॥ ৩৮
(ক) সাহসেন অনূনং পূর্ণং, অসংযতচিত্তেন ॥ ৩৯
(৬২) সন্তো যে অনন্তামরা ভূসুরাস্তেষামাশীর্ব্বাদেন,

ওগো! তোমরা অদ্ভুত ব্যাপার দর্শন কর; আমার চার মাসের বালক, এখনও ইহার উঠিবার শক্তি হয় নাই। এ ঘরে সে একলাই শুইয়া আছে, এখানে আর কেহ নাই। আমি দ্বার বন্ধ করিয়া রাখায় এ ঘরে অন্যের আগমনও সম্ভব নহে। অতএব হায় হায়! কে জিনিষগুলি মাটিতে ইতস্ততঃ ছড়াইয়া ফেলিয়াছে? ॥ ৩৮

মাননীয়া মিশ্রপত্নীর বাক্য অবগত হইয়া পুরললনাগণের মধ্যে মাণিক্যস্বরূপ (প্রধানা) কতিপয় প্রবীণা রমণী বলিলেন,—"আমরা বহুক্ষণ অনুভব করিয়াছি, নিশ্চয়ই কোন একটি সাহসী অপদেবতা তোমার এই শিশুকে অপহরণ করিবার জন্য এই গৃহে প্রবেশ করিয়াছিল। কিন্তু সজ্জন ব্রাহ্মণগণের আশীর্ব্বাদে রক্ষিত বলিয়া ইহাকে লইতে পারে নাই। তাই অসংযতচিত্তে অর্থাৎ ক্রোধে সেই অপদেবতা এই দৌরাত্ম্য করিয়াছে ॥ ৩৯

ন জানীমহে পুনরপি কিমায়াতি মায়াতিরোহিতং তদেব বা দেববাটচর-(ক) মন্যদেব বা, ততঃ শ্রীমদ্‌ভাগবতীয়েনাদ্বিতীয়েনাদ্বিষ্টেন সদ্ভী (৬৩) রক্ষাবিধানেনাবনীয়োঽয়ং শিশুঃ ॥ ৪০

এবং নিগদ্য ধরণীসুর-যোষিতস্তাঃ
শুদ্ধা যথাবিধি কৃতাচমনাদিকৃত্যাঃ।
রক্ষাং সমস্তভুবনান্যবতোঽপি চক্রুঃ
স্নেহো হি নৈশ্যমপি সৎ (৬৪) স্ফুরিতুং দদাতি ॥ ৪১
অব্যাদজোঽঙ্ঘ্রি (৬৫) মণিমাংস্তব জান্বথোরূ
যজ্ঞোঽচ্যুতঃ কটিতটং জঠরং হয়াস্যঃ।
হৃৎ কেশব স্ত্বদুর ঈশ ইনস্তু কর্ণং
বিষ্ণুর্ভুজং মুখমুরুক্রম ঈশ্বরঃ কম্ (৬৬) ॥ ৪২ ॥

(ক) আকাশচরম্ (৬৩) অদ্বিষ্টেন সদ্ভিঃ সতাং সম্মতেন ॥ ৪০
(৬৪) সাধু যথা স্যাত্তথা ॥ ৪১ ॥
(৬৫) অঙ্ঘ্রী জাতাবেকবচনম্। (৬৬) শিরঃ ॥৪২

মায়াবী সেই ভূতটিই (অপদেবতা) অথবা আকাশগামী অন্য কোন ভূত পুনরায় আসিবে কিনা জানি না। সুতরাং সাধুগণের সম্মত শ্রীমদ্‌ভাগবতের অদ্বিতীয় রক্ষাবিধানমন্ত্রের দ্বারা এই শিশুকে রক্ষা করা কর্ত্তব্য ॥ ৪০

এই কথা বলিয়া সেই ব্রাহ্মণ-পত্নীগণ শুদ্ধ হইয়া যথাবিধি আচমনাদি কার্য্য করিয়া প্রভু সমস্ত ভুবনের রক্ষাকর্ত্তা হইলেও তাঁহার রক্ষার বিধান করিয়াছিলেন। কেননা স্নেহ কখনও ঐশ্বর্য্যকে সম্যক্ স্ফূর্ত্তি পাইতে দেয় না ॥ ৪১

যথা—অজ নামক ভগবান্ তোমার চরণদ্বয় রক্ষা করুন, অণিমান্ তোমার জানু, যজ্ঞ-ভগবান্ তোমার উরুদ্বয়, অচ্যুত তোমার কটিতট, হয়গ্রীব তোমার জঠর, কেশব তোমার হৃদয় রক্ষা করুন। ঈশ তোমার বক্ষ, ইন (সূর্য্যরূপী হরি) তোমার

চক্র্যগ্রতঃ সহগদো হরিরস্তু পশ্চাৎ
ত্বৎপার্শ্বয়োর্ধনুরসী (৬৭) মধুহাঽজনশ্চ।
কোণেষু শঙ্খ উরুগায় উপর্য্যুপেন্দ্র-
স্তার্ক্ষ্যঃ (৬৮) ক্ষিতৌ হলধরঃ পুরুষঃ সমন্তাৎ ॥ ৪৩
ইন্দ্রিয়াণি হৃষীকেশঃ প্রাণান্নারায়ণোঽবতু।
শ্বেতদ্বীপপতিশ্চিত্তং মনো যোগেশ্বরোঽবতু ॥ ৪৪ ॥
পৃশ্নিগর্ভস্তু তে বুদ্ধিমাত্মানং (৬৯) ভগবান্ পরঃ।
ক্রীড়ন্তং পাতু গোবিন্দঃ শয়ানং পাতু মাধবঃ ॥ ৪৫ ॥

(৬৭) ধনুরসী ধনুৰ্দ্ধরো মধুহা অসিধরোঽজনঃ। (৬৮) তার্ক্ষ্যঃ গরুড়ারূঢ় উপেন্দ্রঃ ॥ ৪৩
(৬৯) অহঙ্কারম্ ॥ ৪৫

কণ্ঠ, বিষ্ণু তোমার বাহুদ্বয়, উরুক্রম তোমার মুখ এবং ঈশ্বর তোমার মস্তক রক্ষা করুন ॥ ৪২

চক্রধারী হরি তোমার অগ্রে, গদাধারী হরি তোমার পশ্চাদ্ভাগে, ধনুর্ধারী মধুদৈত্যঘাতী এবং অসিধর অজন তোমার পার্শ্বদ্বয়ে, অবস্থান করুন। শঙ্খধর উরুগায় তোমার সকল কোণে, উপেন্দ্র তোমার উপরিভাগে, গরুড়বাহন হরি তোমার অধোভাগে এবং হলধারী পুরুষ তোমার সর্ব্বদিকে বর্ত্তমান থাকুন ॥ ৪৩

হৃষীকেশ তোমার ইন্দ্রিয়গণকে, নারায়ণ তোমার প্রাণসমূহকে রক্ষা করুন। শ্বেতদ্বীপপতি তোমার চিত্ত এবং যোগেশ্বর তোমার মনকে রক্ষা করুন ॥ ৪৪

পৃশ্নিগর্ভ তোমার বুদ্ধি এবং পরমেশ্বর ভগবান্ তোমার অহঙ্কারকে রক্ষা করুন। ক্রীড়াকালে গোবিন্দ এবং শয়নকালে মাধব তোমাকে রক্ষা করুন ॥ ৪৫

ব্রজন্তমব্যাদ্ বৈকুণ্ঠ আসীনং ত্বাং শ্রিয়ঃ পতিঃ।
ভুঞ্জানং যজ্ঞভুক্ পাতু সর্ব্বগ্রহ-ভয়ঙ্করঃ ॥ ৪৬ ॥
ডাকিন্যো যাতুধান্যশ্চ কুষ্মাণ্ডা যেঽর্ভকগ্রহাঃ।
ভূতপ্রেতপিশাচাশ্চ যক্ষরক্ষোবিনায়কাঃ ॥ ৪৭ ॥
কোটরা রেবতী জ্যেষ্ঠা পূতনা মাতৃকাদয়ঃ।
উন্মাদা যে হ্যপস্মারা দেহপ্রাণেন্দ্রিয়দ্রুহঃ ॥ ৪৮ ॥
স্বপ্নদৃষ্টা মহোৎপাতা বৃদ্ধবালগ্রহাশ্চ যে।
সর্ব্বে নশ্যন্তু তে বিষ্ণো র্নামগ্রহণভীরবঃ ॥ ৪৯ ॥ ইতি

এবং স্বস্যৈব নানাবিধয়াঽভিধয়াঽভিতো রক্ষাং তন্বতীনাং (৭০) ধিয়ং বাচামালিমালিহ্য তাঞ্চ মহাপুরাণতাখ্যাতিভাগবতংসং (৭১) ভাগবতং সংবুধ্য কদম্বকোরক-সমান-কলেবরো (৭২) বরোদবিন্দুব্যাপ্তবিলোচনো বভূব বিশ্বম্ভরঃ ॥ ৫০

---

(৭০) প্রীণয়ন্তীনাং, (৭১) মহাপুরাণতাখ্যাতিং ভজতাং ব্রহ্মপুরাণাদীনামবতংসং শ্রেষ্ঠং, (৭২) উত্তমঃ কদম্বকোরকঃ তেন সমানঃ কলেবরো যস্য ॥ ৫০

গমনে বৈকুণ্ঠ এবং উপবেশনে শ্রীপতি তোমাকে রক্ষা করুন। সর্ব্ব-গ্রহভয়ঙ্কর যজ্ঞভুক্ বিষ্ণু ভোজনকালে তোমাকে রক্ষা করুন ॥ ৪৬

ডাকিনীগণ, রাক্ষসীগণ, বালকদিগের বিঘ্নকারী যে সকল কুষ্মাণ্ড, ভূত-প্রেত-পিশাচগণ, যক্ষ-রক্ষ-বিনায়কগণ, কোটরা, রেবতী, জ্যেষ্ঠা, পূতনা, মাতৃকা প্রভৃতি, উন্মাদ এবং অপস্মারগণ যাহারা দেহ প্রাণ ও ইন্দ্রিয়ের দ্রোহকারী, স্বপ্নদৃষ্ট, মহা উৎপাতজনক, বৃদ্ধ ও বালকদিগের যাহারা অনিষ্টকারী, তাহারা সকলে বিষ্ণুর নামগ্রহণে ভীত হইয়া পলায়ন করুক ॥ ৪৭-৪৮-৪৯

এইরূপে প্রভুর নিজেরই নানাবিধ নামের দ্বারা সর্ব্বতোভাবে তাঁহার রক্ষাবিধানপূর্ব্বক বিপ্রপত্নীগণ চিত্তে আনন্দ অনুভব করিতেছিলেন, তখন বিশ্বম্ভর

এবং গতে পঞ্চমে মাসি মাসি (৭৩) বলতি লবতিরস্কাররহিতহিতকরে করেহ-(৭৪) হব্যহব্যমানমানমর্চ্চয়িত্বা সুপর্ব্বণঃ সুপর্ব্বণঃ (৭৫) পিতৃংশ্চার্চ্চয়িত্বা বিভাবসৌ (৭৬) ভাবসৌষ্ঠবেনাহুতী হুত্বা ব্রাহ্মণান্ ভোজয়ামাস মিশ্রবরঃ ॥ ৫১

চর্ব্যত্বাদি-বিশেষণৈঃ প্রথমতো ভেদং চতুর্দ্ধা গতৈঃ
ষোড়া (৭৭) তিক্তমুখৈ রসৈরগণিতং তত্তদ্বিশেষৈঃ পুনঃ।
দ্রব্যৈঃ সৌরভ-সংযুতৈ রুচিকরৈঃ (৭৮) শ্রদ্ধাকৃতৈঃ সুন্দরৈঃ
শ্রীমান্ মিশ্রপুরন্দরো দ্বিজগণান্ সংপ্রীণয়ামাস সঃ ॥ ৫২ ॥

(৭৩) মাসি চন্দ্রে, (৭৪) লবঃ খণ্ডঃ তিরস্কারঃ পরাভবঃ তৎশ্চ অখণ্ডবলবন্ধিতহিতকরে করে সুখপ্রদে, (৭৫) সুন্দরং পর্ব্বসুখং যেভ্যস্তান্ দেবান, (৭৬) অগ্নৌ ভক্তিসৌষ্ঠবেন ॥ ৫১

(৭৭) ষট্‌প্রকারৈঃ, (৭৮) রসনাসুখদৈঃ, সুন্দরৈঃ দৃষ্টিসুখদৈশ্চ । ৫২

তাঁহাদের বাক্যসকল আস্বাদন (শ্রবণ) করতঃ তাহা মহাপুরাণনামে প্রসিদ্ধ ব্রহ্ম-পদ্ম প্রভৃতি পুরাণ সকলের শিরোমণি শ্রীভাগবতের বাক্য জানিয়া তাঁহার কলেবর সুন্দর কদম্বমুকুলের ন্যায় পুলকাবলীতে ভূষিত এবং নয়নযুগল সুচারু আনন্দাশ্রুবিন্দুতে পরিপূর্ণ হইল ॥ ৫০

এই প্রকারে পঞ্চম মাস অতীত হইলে দোষলবরহিত অর্থাৎ নির্দ্দোষ ও মঙ্গলময় পৌর্ণমাসীতে সুখময় দিনে মিশ্রবর অতিশয় সমাদরে পরম সুখদাতা দেবতাগণের পূজা করিলেন, পিতৃপুরুষগণের অর্চ্চনা করিলেন এবং একান্ত ভক্তিভরে অগ্নিতে আহুতি প্রদান করিয়া ব্রাহ্মণগণকে ভোজন করাইলেন ॥ ৫১

প্রথমতঃ চর্ব্ব্য প্রভৃতি বিশেষণের দ্বারা চারিপ্রকার ভেদপ্রাপ্ত, পরে তিক্ত প্রভৃতি রসের দ্বারা ছয় প্রকার এবং তাহাদের (চর্ব্ব্য ও তিক্তাদির প্রকার)

এবং ব্রাহ্মণ-সমাজে সমাজেগিল্যয়া (৭৯) পরমাং তৃপ্তিং ভজতি ব্রহ্মজ্ঞেহ (৮০) তিশয়িতাং প্রীতিঞ্চ, বিপ্রপ্রিয়স্য বিশ্বম্ভরস্যাপি ভোজনস্যানুষ্ঠানমেবাবশিষ্টং ভোজনস্য সিদ্ধমেব, তথা চ তস্যৈব পূর্ব্বাবতারস্য রম্যতমং বচনম্॥ ৫৩

নাহং তথাদ্মি যজমান-হবির্বিতানে (৮১)
শ্চ্যোতদ্ঘৃতপ্লুতমদন্ হুতভুঙ্মুখেন (৮২)
যদ্ (৮৩) ব্রাহ্মণস্য মুখতশ্চরতোহনুঘাসং (৮৪)।
তুষ্টস্য ময্যবহিতৈর্নিজকর্ম্মপাকৈঃ॥ ইতি [ভা ৩।১৬।৮] ৫৪

(৭৯) অতিশয়ভোজনেন, (৮০) বেদজ্ঞে, ভজতি ব্রজতি প্রাপ্নবতি॥ ৫৩
(৮১) যজ্ঞে, (৮২) বহ্নিরূপেণ মুখেন অদন্নপি, (৮৩) যদ্ যথা, (৮৪) প্রতিগ্রাসম্॥ ৫৪

মধ্যে আবার প্রত্যেক বিশেষ বিশেষ দ্রব্যের অসংখ্য প্রকার ভেদযুক্ত, শ্রদ্ধাপূর্ব্বক প্রস্তুত, সুন্দর, সুগন্ধযুক্ত, রসনার তৃপ্তিপ্রদ দ্রব্যসমূহের দ্বারা শ্রীমান্ মিশ্রপুরন্দর ব্রাহ্মণগণকে প্রীতিপূর্ব্বক ভোজন করাইয়াছিলেন॥ ৫২

এইরূপে ব্রাহ্মণগণ অত্যধিক ভোজনে পরম পরিতৃপ্তি এবং তজ্জন্য বেদবিৎ মিশ্রবর অতিশয় প্রীতি লাভ করিলে বিপ্রপ্রিয় বিশ্বম্ভরের ভোজনের অনুষ্ঠানটিই কেবলমাত্র অবশিষ্ট ছিল, কিন্তু তাঁহার ভোজন সিদ্ধই হইয়াছিল। যেহেতু তাঁহারই পূর্ব্ব-অবতারের অতি সুন্দর বাক্য আছে॥ ৫৩

আমাতে একাগ্রতারূপ নিজকর্ম্মফলে সন্তুষ্ট হইয়া বিচরণশীল ব্রাহ্মণের মুখে প্রতিগ্রাসে আমি যেমন আহার করি, যজ্ঞে অগ্নিমুখে যজমানপ্রদত্ত ক্ষরণশীল-ঘৃতযুক্ত হবিঃ আমি ভোজন করিলেও সেরূপ আহার করি না॥ ৫৪

ততশ্চ দ্বিজগণে কৃতাজ্ঞাবিতরণে শালগ্রামশিলাপুরস্থানে (৮৫) সমুপবিশ্যাসনে বিধায়াচমনে মিশ্রপ্রধানে সাবধানে সতি নানালঙ্কার-ভূষিতগাত্রী বিশ্বম্ভরজনয়িত্রী স্বচরণ-সন্দর্শন-পবিত্রীকৃতাশেষধরিত্রীবলয়ং সর্ব্বগুণালয়-স্বতনয়ং পরিপূর্ণ-প্রণয়ং তদঙ্কে সমর্পয়ামাস ॥ ৫৫

অঙ্কে নিবিষ্টেন সুতেন মিশ্র-স্তদা ররাজাতিতরাং স তেন।
হিরণ্ময়ং শৃঙ্গমিবোদয়াদ্রে-র্দিনাবসানে শশিমণ্ডলেন ॥ ৫৬ ॥

ততশ্চ পাত্রেনাষ্টাপদরচিতেনাদরচিতেনানেকপ্রকারেণ ব্যঞ্জনেন রঞ্জনেন রসনায়া রসনায়ারতি-রহিতেন (৮৬) পায়সেন সহিতং সুহিতং সুন্দরমোদনমামোদনমানীয় মানীয়-তমা (৮৭) কাচন দ্বিজ-বনিতাঽবনিতাপহরস্য ভগবতোঽগ্রতো নিদধে ॥ ৫৭

(৮৫) শালগ্রামেতি (মার্কণ্ডেয়ঃ) "দেবতাপুরতস্তস্য পিতুরঙ্কগতস্য চ। অলঙ্কৃতস্য দাতব্যমন্নং পাত্রে চ কাঞ্চনে ॥ মধ্বাজ্যকনকোপেতং প্রাশয়েৎ পায়সং ততঃ। কৃতাশনস্তুতমঙ্কে মাতুর্বালস্তু তং ত্যজেৎ" ॥ ৫৫

(৮৬) রসনায়া রসস্য সুখস্য নায়ঃ প্রাপণা তত অরতির্বিরতিস্তদ্রহিতেন, (৮৭) মানর্হ-তমা ॥ ৫৭

অনন্তর দ্বিজগণ অনুমতি প্রদান করিলে মিশ্রবর শালগ্রামশিলার সম্মুখে আসনে উপবেশনপূর্ব্বক দুইবার আচমন করিয়া যখন সাবধান (স্থিরচিত্ত) হইলেন, তখন নানালঙ্কারভূষিতাঙ্গী শ্রীবিশ্বম্ভরজননী স্বচরণদর্শনদানে সমস্ত জগৎ পবিত্রকারী সর্ব্বগুণালয় নিজপুত্রটিকে পরিপূর্ণ বাৎসল্যপ্রেমভরে তাঁহার অঙ্কে অর্পণ করিলেন ॥ ৫৫

দিবাবসানে উদয়াচলের সুবর্ণময় শৃঙ্গ যেমন চন্দ্রমণ্ডলের দ্বারা অতিশয় শোভান্বিত হয়, সেইরূপ অঙ্কস্থিত পুত্রের দ্বারা শ্রীপুরন্দরমিশ্রও তখন অত্যধিক শোভা পাইতেছিলেন ॥ ৫৬

অতঃপর পূজ্যতমা কোনও এক ব্রাহ্মণ-রমণী স্বর্ণনির্ম্মিতপাত্রে আদরপূর্ব্বক সঞ্চিত রসনার তৃপ্তিজনক নানাপ্রকার ব্যঞ্জন ও প্রচুর মাধুর্য্যরসময় পায়সের সহিত, অতিহিতকর, সুন্দর, সুগন্ধি অন্ন আনিয়া পৃথিবীর তাপহারী ভগবানের অগ্রে স্থাপন করিলেন ॥ ৫৭

অথ মিশ্রপুরন্দরঃ পুনর্নীত্বা দ্বিজানামনুমতিং মনু-(৮৮) মতিশ্রদ্ধয়া পঠন্ হেমধূলি-মধূলী-ঘৃতসহিতং (৮৯) পায়সমপায়সমসনং (৯০) সুতমভোজয়দজয়দপি তেন সৌভাগ্যেন বিশ্বম্ ॥ ৫৮

পশ্য পশ্য—উদ্দিশ্যৈব (৯১) যমগ্নৌ ব্রহ্মমুখা অপি সুরা হবিদদাতি তং সাক্ষাদ্ ভোজয়তো মিশ্রেন্দ্রস্যাতুলং ভাগ্যম্ ॥ ৫৯

প্রথমান্নাশন-সময়ে যা মুখভঙ্গী প্রভোরাসীৎ।
তাং যে দদৃশুর্মনুজা স্ত এব জন্মার্থবৎ (৯২) চক্রুঃ ॥ ৬০ ॥

তদেবং ভোজয়িত্বা যোজয়িত্বা যোগ্যতরাশী-রাশীরনেন সুতং তন্মাতুরুৎসঙ্গসঙ্গতং চকার। সা চ প্রক্ষালিত-তন্মুখকমলা কমলাপত্যগ্রতঃ কোমলাসনে নিধায় বিবিধানি শাস্ত্রাণি শস্ত্রাণি শিল্পভাণ্ডানি চ তদগ্রতঃ (৯৩) সমর্পয়ামাস ॥ ৬১

(৮৮) মন্ত্রং, (৮৯) সুবর্ণ-চূর্ণ-মধু-ঘৃত-সহিতং, (৯০) অপায়ং সমস্ততি সংক্ষিপতীতি তৎ।

(৯১) উদ্দিশ্যৈব নতু সাক্ষাৎ ॥ ৫৯ (৯২) অর্থবৎ সার্থকম্ ॥ ৬০

(৯৩) তথাচ—দেবাগ্রতোঽথ বিন্যস্য শিল্পভাণ্ডানি সর্ব্বশঃ। শাস্ত্রাণি চৈব শস্ত্রাণি ততঃ পশ্যেত্তু লক্ষণম্ ॥ প্রথমং যৎ স্পৃশেদ্বালঃ শিল্পভাণ্ডং স্বয়ং তথা। জীবিকা তস্য বালস্য তেনৈব তু ভবিষ্যতে ॥ ইত্যাদি—॥ ৬১

তদনন্তর মিশ্রপুরন্দর পুনরায় ব্রাহ্মণগণের অনুমতি লইয়া অতি শ্রদ্ধাপূর্ব্বক দুঃখ-সংহারী মন্ত্র পাঠ করিতে করিতে সুবর্ণচূর্ণমধুঘৃতমিশ্রিত পায়স পুত্রকে ভোজন করাইয়াছিলেন এবং সেই সৌভাগ্যে তিনি সমস্ত বিশ্ববাসীকে জয় করিয়াছিলেন ॥ ৫৮

দেখ দেখ! ব্রহ্মা প্রভৃতি দেবতাগণ যাঁহার উদ্দেশে মাত্র অগ্নিতে আহুতি প্রদান করেন, সাক্ষাৎ তাঁহাকেই মিশ্রেন্দ্র ভোজন করাইলেন। সুতরাং তাঁহার ভাগ্য অতুলনীয় ॥ ৫৯

প্রথম অন্নভোজনসময়ে প্রভুর যে প্রকার মুখভঙ্গী হইয়াছিল, যে সকল মনুষ্য তাহা দেখিয়াছিলেন, তাঁহারা জন্ম সার্থক করিয়াছিলেন ॥ ৬০

এইরূপে পুত্রকে ভোজন করাইয়া অসংখ্য সমুচিত আশীর্ব্বাদ প্রদানপূর্ব্বক তাঁহাকে তাঁহার জননীর অঙ্কে অর্পণ করিলেন। জননী শ্রীশচীদেবী তাঁহার মুখপদ্ম প্রক্ষালন করিয়া দিলেন, এবং নারায়ণের অগ্রে কোমল আসনে তাঁহাকে রাখিয়া নানাপ্রকার শাস্ত্র, শস্ত্র ও শিল্পভাণ্ডসকল তাঁহার সম্মুখে অর্পণ করিলেন ॥ ৬১

গৌরস্তু নাস্ত্রেষু নিধায় দৃষ্টিং
শিল্পস্য ভাণ্ডেষু চ (৯৪) তদ্বদেব।
বিবিচ্য শাস্ত্রেষ্বপি পাণিনাসৌ
সমাদদে ভাগবতং পুরাণম্ ॥ ৬২ ॥

তদ্ বিলোক্য সকলা জনাস্তদা, প্রোচুরেষ ভবিতা সুবৈষ্ণবঃ।
কিন্তু বৈষ্ণব-সুধর্ম্মশিক্ষকো, বিষ্ণুরেব ভবতীতি নাবিদন্ ॥ ৬৩ ॥

এবং কিয়ত্যয়ত্যনেহসি (৯৫) হসিতানন্দভরণোরুপর্ববযুগেনোরুপর্ববযুগেধিত- (৯৬) রক্তিমাতিশয়াভ্যাং শয়াভ্যাং (৯৭) চ সমাক্রান্তবিশ্বম্ভরো (৯৮) বিশ্বম্ভরো রিঙ্গিতুং সমারেভে সমারেভেন্দ্রমন্থরগমনঃ (৯৯) ॥ ৬৪

কলিজ্বরোত্তপ্ততনো র্ধরিত্র্যা
হরন্নিব (১০০) স্পর্শরসেন তাপম্।
বিন্যস্য বিন্যস্য করাব্জযুগ্মং
তস্যাং স বভ্রাম শচীতনুজঃ ॥ ৬৫ ॥

(৯৪) উপকরণেষু ॥ ৬২

(৯৫) এবং কিয়তি কালে অয়তি গচ্ছতি সতি, (৯৬) জানুদ্বয়েন প্রভূতানন্দযুক্তঃ (৯৭) হস্তাভ্যাম্, (৯৮) আক্রান্তধরণিঃ, (৯৯) সমারম্ভ সকামস্য ইভেন্দ্রস্য ইব মন্দগমনং যস্য ॥৬৪ (১০০) হর্ত্তুমিব ॥ ৬৫

কিন্তু গৌর, অস্ত্র ও শিল্পভাণ্ডসমূহে দৃষ্টিপাত না করিয়া শাস্ত্রসকলের মধ্যে শ্রীমদ্ভাগবতপুরাণকেই পৃথক্ করতঃ হস্তের দ্বারা গ্রহণ করিলেন ॥ ৬২

তাহা দেখিয়া সকল লোকে বলিয়াছিলেন—"এই বালক বৈষ্ণবচূড়ামণি হইবে।" কিন্তু তিনি যে সর্ব্বোৎকৃষ্ট বৈষ্ণবধর্ম্মের শিক্ষাদাতা সাক্ষাৎ বিষ্ণুই, ইহা তাঁহারা জানিতে পারেন নাই ॥ ৬৩

এই প্রকারে কিছুকাল গত হইবার পর পরমানন্দময় বিশ্বম্ভর সানন্দে সহাস্যবদনে জানুদ্বয় ও অতিশয় রক্তবর্ণ করতলযুগলের দ্বারা ভূমিতল আশ্রয় করিয়া মদমত্ত করিবরের ন্যায় মন্থরগতিতে হামাগুড়ি দিতে আরম্ভ করিলেন ॥ ৬৪

নিজ স্পর্শরসের দ্বারা কলিরূপ জ্বররোগে উত্তপ্তদেহা পৃথিবীর তাপ হরণ করিবার জন্যই যেন শচীনন্দন তাহার উপর করকমলদ্বয় ধারণ করিতে করিতে ভ্রমণ করিয়াছিলেন ॥ ৬৫

জিত্বা কলিং পাপমপি স্বতেজসা
নিপাত্য বক্ষস্যনয়োঃ স্বজানুনী।
এবং দদানীত্যনুভাবয়ন্ জনান্
রিরিঙ্গ জানু-দ্বিতয়েন স প্রভুঃ ॥ ৬৬

প্রভোঃ করস্পর্শমবাপ্য কাশ্যপী তদা যদানন্দমবিন্দতাধিকম্।
সহস্রবক্ত্রো যদি বাচকো ভবেত্তদা স কল্পে ন সমীরিতুং ক্ষমঃ ॥ ৬৭

পরিক্রামংশ্চাসৌ স্বকটিতট-কীলিত- (১) কনককিঙ্কিণীকদম্বস্য কণৎ কণদিতি কণঙ্কাণমাকর্ণ্য কৌতুক-কল্লোলাকুলিতঃ ককুভঃ কলয়তি কতিচিৎ কালকলাঃ (২) পরম-প্রমোদ-পরিপূর্ণঃ পুনরপি পরিক্রামতি ॥ ৬৮

(১) কীলিতত্বং বদ্ধত্বং, (২) দিশঃ পশ্যতি কতিচিৎ কালাবয়বান্, কলয়তীত্যাদি একক্রিয়ায়া মুহুরাবৃত্তৌ ভূতেঽপি বর্ত্তমানপ্রত্যয়ঃ প্রযুজ্যতে। তথা—আনন্দবৃন্দাবনে—জননী মুদমাতনোতি হসতি হাসয়তে চ সর্ব্বানিত্যাদি, এবং পরপরত্রাপি ॥ ৬৮

স্বকীয় তেজঃপ্রভাবে কলি এবং পাপকে জয় করতঃ নিপাতিত করিয়া তাহাদের উভয়ের বক্ষঃস্থলে নিজের জানুদ্বয় এইরূপে প্রদান করিব—সমস্ত জনগণকে যেন ইহা অনুভব করাইয়া প্রভু নিজ জানুযুগলের দ্বারা হামাগুড়ি দিয়াছিলেন ॥ ৬৬

রিঙ্গন (হামাগুড়ি)-সময়ে প্রভুর করস্পর্শ প্রাপ্ত হইয়া ধরিত্রী যে অতিশয় আনন্দলাভ করিয়াছিলেন, সহস্রবদন অনন্তদেব যদি বক্তা হন, তথাপি তিনি কল্পকালেও তাহা বলিতে সমর্থ নহেন ॥ ৬৭

প্রভুর কটিতটে সুবর্ণকিঙ্কিণীসমূহ বদ্ধ ছিল। তিনি যখন হামাগুড়ি দিতে দিতে যাইতেছিলেন, তখন সেই কিঙ্কিণী সকলের "কণৎ কণৎ" এই প্রকার ধ্বনি শ্রবণ করিয়া অত্যন্ত কৌতূহলাক্রান্ত হইয়া কিয়ৎক্ষণ যাবৎ সমস্ত দিকে দৃষ্টিপাত করিতেছিলেন এবং পরম আনন্দে পরিপূর্ণ হইয়া পুনরায় গমন করিতেছিলেন ॥ ৬৮

ইদং নবদ্বীপরজঃ পবিত্রতা-বিধায়ি মদ্ভক্তজনাঙ্ঘ্রি-সঙ্গমাৎ।
ততো দধেঽহং বপুষীতি বেদয়ন্ লুঠত্যসৌ তত্র কদাচন প্রভুঃ॥ ৬৯

উদাসীনো লোকো নিজসদনমাগচ্ছতি যদা
তদা তস্যাসন্নং প্রভুরতিজবাদ্ যাতি স হসন্।
বিচার্য্যামুং পশ্চাদপর ইতি জানন্নতিভিয়া
পরাগ্‌ভূত্বা ধাবন্ ব্রজতি নিজমাতুঃ স সবিধম্॥ ৭০

মাতা চ নিরস্ত-সমস্তদোষাভ্যাং দোষাভ্যাং (৩) ধারয়িত্বা রয়িত্বাতিশয়েন শয়েন (৪) বক্ষসি নিধায় তাতাকস্মাৎ কস্মাৎ প্রাপ্নোষি সাধ্বসং? সাধ্বসম্মতো নায়ং (৫) লোকো ভবতি, ভবতি কথমপকারী ভবেদিতি সান্ত্বয়ন্তী বিলোক্য তন্মুখং ভয়-চকিত-নয়নকমলং কমলং (৬) প্রাপ্নোতি॥ ৭১

(৩) বাহুভ্যাং, (৪) বেগবত্তাতিশয়েন হস্তেন, (৫) সাধ্বেতি ইতঃ সাধ্বসং প্রাপ্নোষি ইতি চেদাহ অয়ং লোকঃ সাধূনামসম্মতো ন ভবতি, (৬) কং সুখম্ অলমত্যর্থম্॥ ৭১

আমার ভক্তজনের চরণসঙ্গ হেতু নবদ্বীপের এই রজঃ পবিত্রতাজনক। অতএব আমি ইহা সর্ব্বাঙ্গে ধারণ করিব—যেন ইহাই জানাইয়া প্রভু কখনও কখনও সেই রজে লুণ্ঠিত হইতেন (গড়াগড়ি দিতেন)॥ ৬৯

যখন কোন তটস্থ (বিশ্বম্ভরের অপরিচিত) ব্যক্তি মিশ্রভবনে আসিতেন, তখন প্রভু তাঁহাকে পরিচিত মনে করিয়া হাসিতে হাসিতে অতি দ্রুতবেগে তাঁহার নিকট গমন করিতেন। পরে তাঁহাকে যখন অপর ব্যক্তি বলিয়া জানিতেন, তখন অত্যন্ত ভয়ে মুখ ফিরাইয়া ধাবিত হইয়া নিজ-জননীর নিকট গমন করিতেন॥ ৭০

মাতাও তাঁহাকে সমস্ত দোষরহিত সুন্দর বাহুযুগলের দ্বারা ধারণ করিয়া ক্ষিপ্রহস্তে বক্ষে লইয়া বলিতেন, "বৎস! অকস্মাৎ কেন ভয় পাইতেছ? এই ব্যক্তি অসাধু নহেন। কেন তোমার অপকার করিবেন?" এইরূপে সান্ত্বনা দিতে দিতে বিশ্বম্ভরের ভয়-চকিত-নয়ন-কমল-বিশিষ্ট মুখমণ্ডল অবলোকন করিয়া শচীদেবী যথেষ্ট সুখলাভ করিতেন॥ ৭১

কদাচিন্মাতুরঙ্কে তাং পশ্চাৎকৃত্বোপবিশ্য স্বচরণস্য স্পর্শসুখং কাময়মানাময়মানামুৎসুকতাং (৭) মহীমহীনাং তদ্দর্শনয়া প্রলোভয়ন্নিব তদান্দোলয়তি, হিন্দোলয়তি হি লোভ্যবস্তুলোকো লোকোত্তরধৈর্য্যভাজনমপি জনমপিনাকপাণিমপি (৮)॥ ৭২

তুষারয়িষ্যন্ স্বপদেন ভূতলং
তদার্পয়ত্তত্র (৯) বিভুঃ সকৃৎ সকৃৎ।
প্রমোদয়িষ্যন্ স করেণ কৈরবং
কিরত্যমুং (১০) শীতকরোহগ্রতোহল্পশঃ। ৭৩

কদাচিৎ শ্রীশচী কৌমল্যজিত-কুশেশয়াভ্যাং শয়াভ্যাং (১১) সুতস্যাবিহস্তা (১২) হস্তারবিন্দে গৃহীত্বা স্বয়ং পশ্চাৎ পশ্চাৎ পদং প্রক্ষিপন্তী গতিং শিক্ষয়ামাস॥ ৭৪

(৭) উৎসুকতাং কালাসহত্বং প্রাপ্নুবতীং, (৮) নঞঃ সাদৃশ্যার্থঃ, শিবসদৃশমপি জনম্॥ ৭২
(৯) তদার্পয়ৎ স্বপদম্ আর্পয়ৎ, (১০) অমুং স্বধিকরণং কিরতি॥ ৭৩
(১১) কোমলতা-জিত-পদ্মাভ্যাং হস্তাভ্যাং, (১২) অবিহস্তা অব্যাকুলা॥ ৭৪

কোন সময়ে বিশ্বম্ভর জননীর কোলে তাঁহাকে পশ্চাৎ করিয়া বসিয়াছিলেন এবং তাঁহার চরণস্পর্শ-সুখাভিলাষিণী উৎকণ্ঠিতা ভাগ্যবতী পৃথিবীকে চরণ দর্শন করাইয়া প্রলুব্ধ করিবার জন্যই যেন তাহা ধীরে ধীরে দোলাইতেছিলেন ; যেহেতু কোন লোভনীয় বস্তু দৃষ্ট হইলে তাহা পিনাকপাণি মহাদেব সদৃশ অলৌকিক ধৈর্য্যসম্পন্ন ব্যক্তিকেও চঞ্চল করিয়া থাকে॥ ৭২

নিজ চরণস্পর্শদ্বারা পৃথিবীকে তুষারবৎ শীতল করিবার জন্য প্রভু এক একবার তাহাতে চরণ অর্পণ করিতেছিলেন। শীতরশ্মি চন্দ্র যেমন নিজ কিরণ দ্বারা কৈরবকে আনন্দিত করিবার জন্য উপরিভাগে অল্প অল্প কিরণ বিকিরণ করিয়া থাকে, সেইরূপ সুশীতল করযুক্ত প্রভুও নিজ শীতল কর দ্বারা পৃথিবীকে আনন্দিত করিবার জন্য তাহার উপরিভাগে করদ্বয় অল্প করিয়া নিক্ষেপ করিতেছিলেন॥ ৭৩

কখন বা শ্রীশচীদেবী কমল অপেক্ষাও সুকোমল নিজ করযুগলদ্বারা ধীরভাবে পুত্রের করপদ্মদ্বয় গ্রহণ করিয়া নিজে পশ্চাৎ পশ্চাৎ পদক্ষেপ করিতে করিতে পুত্রকে গতি শিক্ষা দিয়াছিলেন॥ ৭৪

যস্যেচ্ছাবশতশ্চরস্য চরতো হেতুর্মরুদ্বাত্যয়ং
যৎ শক্নোতি মনোঽপি ধর্ত্তুমহহ ক্ষেপিষ্ঠবর্য্যং (১৩) নহি।
সোঽসাবাশ্রিত-মাতৃহস্তযুগলো গন্তুং প্রযত্নং ব্যধা-
ল্লীলেয়ং কিল তস্য তর্কবিষয়ো ন স্যাদ্বুধানামপি॥ ৭৫

আকৃষ্যমাণোঽপি তদা জনন্যা, শশাক নৈবোচ্চলিতুং জবাৎ সঃ (১৪)।
মন্যে ধরণ্যা নিজতাপশান্ত্যৈ দধ্রে করাভ্যাং পদপদ্মযোঃ সঃ॥ ৭৬

সুকোমলং সক্থিযুগং (১৫) পরস্পরং
সংঘর্ষণে ক্লেশমবাপ্নুয়ামহম্।
ইতীব কিঞ্চিৎ স তিরঃপ্রসারয়-
ন্নদঃ (১৬) শনৈর্যন্ (১৭) মুদিতং ন কং ব্যধাৎ॥ ৭৭

---

(১৩) ক্ষিপ্রতমশ্রেষ্ঠম্॥ ৭৫

(১৪) অন্যোঽপি কেনচিদ্ধৃতপাদ উচ্চলিতুং ন শক্নোত্যেব॥ ৭৬

(১৫) উরুযুগলং, (১৬) অদঃ উরুদ্বয়ং (১৭) যন্ গচ্ছন্॥ ৭৭

যাহার ইচ্ছাবশে জঙ্গম জীবের বিচরণের কারণস্বরূপ বায়ু প্রবাহিত হয়, অতি দ্রুতগামী মনও যাঁহাকে ধরিতে পারে না, অহো! সেই প্রভু মায়ের হস্তদ্বয় আশ্রয় করিয়া চলিতে চেষ্টা করিয়াছিলেন। ইহা তাঁহার লীলা, অতএব পণ্ডিতগণেরও তর্কের অগোচর॥ ৭৫

তখন জননীকর্ত্তৃক আকৃষ্ট হইয়াও তিনি দ্রুতবেগে চলিতে পারিতেছিলেন না, মনে হয় নিজ তাপশান্তির জন্য ধরণী নিজ করদ্বয়ে প্রভুর পাদপদ্মযুগল ধারণ করিতেছিলেন॥ ৭৬

আমার সুকোমল জানুদ্বয়ের পরস্পর সংঘর্ষণে ক্লেশ প্রাপ্ত হইব—এইরূপ মনে করিয়াই যেন প্রভু কিঞ্চিৎ বক্রভাবে জানুদ্বয় বিস্তার করিয়া ধীরে ধীরে গমন করিতেছিলেন। তাহাতে তিনি সকলেরই আনন্দ বিধান করিয়াছিলেন॥ ৭৭

কৃতে চরণচালনে কনক-নূপুরাভ্যাং তদা
ব্যধায়ি মৃদুশিঞ্জিতং চটক-নিস্বনস্পর্দ্ধি যৎ।
নিশম্য তদসৌ পরাং মুদমবাপ্নুবন্ সাদ্ভুতাং
ক্ষিপন্ ক্ষিপন্ পদমনেকধা ভৃশমানন্দয়ন্মাতরম্॥ ৭৮

কদাচিত্তু ভিত্তিমালম্ব্য স্বয়মেব দণ্ডায়মানোঽয়মানো মন্থর-মন্থরং তিরোঽতি-রোচিষ্ণু-হাসশোভি-বদনকমলো ন কমলোকত তত্রস্থং জনং, জননী তু তদবলোক্যা-লোক্যা-(১৭) নন্দমবাপ্য তমঙ্কে নিধায়ং (১৮) কারয়ামাস পয়োধর-পয়সঃ॥ ৭৯

পূর্ণে তস্য স্তন্যরসরসনে নিদ্রোদয়েন জৃম্ভাং বিদধানস্য বদনে দরোদিতং দশনদ্বয়ং দৃষ্ট্বা বিতর্কয়ামাস॥ ৮০

বিন্দূ ইমে কিমু পয়োধর-দুগ্ধজাতৌ
কিং মৌক্তিকে কিমথবা করকস্য (১৯) বীজে।
আ জ্ঞাতমস্মদনুসেবন-তোষিতস্য
ধাতুঃ প্রসাদলবতোঽভ্যুদিতৌ হি দন্তৌ॥ ৮১

(১৭) অলোক্যেতি লোকাতীত ইত্যর্থঃ, (১৮) পানং, ধেট্ পানে ঘঞ্॥ ৭৯
(১৯) দাড়িম্বস্য॥ ৮১

প্রভু চরণ চালনা করিলে তাঁহার চরণস্থিত সুবর্ণ নূপুরযুগল তখন যে চটকধ্বনি-বিনিন্দি মৃদু শিঞ্জন করিতেছিলেন, তাহা শুনিয়া তিনি পরম বিস্ময় ও আনন্দ লাভ করিতেছিলেন—এইভাবে বহুপ্রকারে বহুবার পদক্ষেপ করিতে করিতে তিনি জননীকেও অত্যন্ত আনন্দিত করিতেছিলেন॥ ৭৮

কোন সময়ে প্রভু ভিত্তি অবলম্বন করিয়া নিজেই দণ্ডায়মান হইয়া ধীরে ধীরে গমন করিতেছিলেন এবং অতি উজ্জ্বল হাস্যশোভিত বদনকমলে তত্রস্থ কোন্ ব্যক্তিকে বক্রদৃষ্টিতে অবলোকন করিতেছিলেন না? জননী তাহা দেখিয়া অপার আনন্দ লাভ করিয়া তাঁহাকে কোলে লইয়া স্তনদুগ্ধ পান করাইয়াছিলেন॥ ৭৯

তাঁহার স্তনদুগ্ধ পান শেষ হইলে নিদ্রার আগমনে বিশ্বম্ভর যখন জৃম্ভা (হাই) ত্যাগ করিলেন, তখন তাঁহার বদনে ঈষৎ উদ্গত দন্তযুগল দর্শনে জননী বিতর্ক করিয়াছিলেন॥ ৮০

ইহা কি স্তনদুগ্ধজাত বিন্দুদ্বয়! কিংবা মৌক্তিকযুগল, অথবা দাড়িম্ববীজদ্বয়?

অথ নিদ্রানন্দ-নিমগ্ন-নয়ন-নলিনং নিজনন্দনং নিরীক্ষ্যানন্দিতা নীলাম্বরনন্দনা নিহ্নুতনিনাদা নব নবনীতসদৃশে শয়নীয়ে শায়য়ন্তী স্বয়মপ্যশয়িষ্ট ॥ ৮২

চুকুচ্চুকুদিতি স্তনং প্রপিবতো মুদা দক্ষিণং
পরত্র (২০) দধতোঽপরং (২১) নিজকরং জনন্যা স্তনে।
অবামমুদরোপরি (২২) প্রমৃদু জানু বিন্যস্ততঃ
প্রভো ভুর্বনমোহনং হৃদি দধামি নিদ্রায়িতম্ ॥ ৮৩

ইতীত্যাদি শ্রীগৌর-লীলামৃতে শ্রীগৌর-প্রথমবাল্যবিলাসো
নাম পঞ্চম আস্বাদঃ ॥

---

(২০) বামস্তনে, (২১) দক্ষিণং (২২) উদরে ইত্যর্থঃ ॥ ৮৩

অহো! জানিলাম, বিধাতা আমাদের নিরন্তর সেবায় সন্তুষ্ট হওয়ায় তাঁহারই অনুগ্রহবলে ইহার দন্ত দুইটি উদিত হইয়াছে ॥ ৮১

অনন্তর নিদ্রানন্দে পুত্রের নয়নকমল মুদ্রিত হইতেছে দেখিয়া নীলাম্বর-দুহিতা আনন্দিত হইয়া নিঃশব্দে নূতন নবনীত সদৃশ অতি শুভ্র শয্যায় তাঁহাকে শয়ন করাইয়া নিজেও পার্শ্বে শয়ন করিয়াছিলেন ॥ ৮২

প্রভু "চুকুচ্চুকুৎ" শব্দে জননীর দক্ষিণ স্তন আনন্দে পান করিতেছেন, তাঁহার বামস্তনে নিজের দক্ষিণ কর স্থাপন করিয়া আছেন এবং তাঁহার উদরোপরি অতিমৃদুভাবে দক্ষিণ জানু স্থাপন করিয়া আছেন—প্রভুর এইপ্রকার ভুবনমোহন নিদ্রায়িত অবস্থা আমি হৃদয়ে ধারণ করি ॥ ৮৩

ইতি শ্রীগৌরলীলামৃতে শ্রীগৌরাঙ্গের প্রথম বাল্যবিলাস নামক পঞ্চম আস্বাদ ॥

শ্রীশ্রীগৌরাঙ্গ-চম্পূঃ

—ঃ(*)ঃ—

ষষ্ঠ আস্বাদঃ

অথ দিবসান্তরে সাহন্তরেণ সখী-সমুদয়ন্তী সমুদয়ং (১) সুতং লালয়ন্তী ভালয়ন্তী ভাবেন তন্মুখসরোজমুরোজমুখস্রবৎক্ষীরাহক্ষীরা-স্নপিতবদনে (২)-দমবদৎ ॥ ১

দর্শনেন তব মাধুরীততে, শ্চক্ষুষোঃ সফলজন্মতাজনি।
তাত! মাতরিতি মাং সকৃল্লপন্, সার্থকং কুরু মম শৃণ্বোর্যুগম্ (৩)॥ ২

তমেতং জনন্যা ব্যাহারং নব্যাহারং (৪) ন লব্ধানেকদিনৌদনো (৫) জন ইব পরমপ্রীত্যাস্বাদ্য ভক্ত-পরবশো রবশোষিতবনপ্রিয়মদো (৬) যমদোদূয়মান-জগদানন্দনো (৭) নন্দনো মা মামেত্যর্দ্ধোদিতেনোদিতেনোচ্ছৎপ্রেম সমবোধয়ৎ ॥ ৩

---

(১) সখী-সমূহস্য মধ্যে উদয়মানা, (২) অক্ষোরিরয়া জলেন স্নপিতবদনা যুক্তমুখী ॥ ১
(৩) কর্ণদ্বয়ং ॥ ২ (৪) নূতনাহারং, (৫) ন লব্ধোহনেকদিনো ওদনানি যেন,
(৬) রবেণ শোষিতো বনপ্রিয়স্য কোকিলস্য মদো যেন, (৭) যমেন অন্তকেন দোদূয়মানস্য ভৃশং পীড্যমানস্য জগত আনন্দনঃ ॥ ৩

অনন্তর অন্য একদিন শচীদেবী সখীগণের মধ্যে উপস্থিত থাকিয়া পুত্রকে লালন করিতে করিতে প্রেমভরে তাহার মুখকমল নিরীক্ষণ করিতেছিলেন। তাঁহার স্তনের অগ্রভাগ হইতে তখন দুগ্ধ ক্ষরিত হইতেছিল ও তাঁহার বদন নয়নজলে প্লাবিত হইতেছিল। সেই অবস্থায় তিনি পুত্রকে লক্ষ্য করিয়া বলিতে লাগিলেন ॥ ১

বৎস! তোমার মাধুরীরাশি দর্শন করিয়া আমার নয়নযুগলের জন্ম সফল হইয়াছে। একবার আমায় "মা" বলিয়া আমার কর্ণদ্বয়ও সার্থক কর ॥ ২

যে ব্যক্তি বহুদিন যাবৎ কোনও অন্ন প্রাপ্ত হয় নাই (অর্থাৎ বহুদিনের অনাহারী) সেই ব্যক্তি নূতন আহার পাইলে তাহা যেমন অতিশয় আনন্দের সহিত

শ্রোতুং ববাঞ্ছ সকৃদেব সুতস্য বক্ত্রাৎ
শ্রীমচ্ছচী যদপি মাতৃপদং তথাপি।
পুত্রো মুহুস্তমবদদ্ যদসৌ স্বভক্তৈ-
রিষ্টং ফলং বহুগুণং প্রদদাতি কৃত্বা (৮)॥ ৪

ব্যাহারোঽপূর্ণোঽপি প্রভোরকার্ষীৎ স মাতরং মুদিতাম্।
অর্দ্ধোদিতোঽপি চন্দ্রঃ সাগরবেলাঃ (৯) ধিনোতি (১০) ন কিম্॥

সা চ পুত্রবদনাদনাকর্ণিতচরং (১১) শ্রুত্বা মাতৃপদৈকভাগং ভাগং (১২) স্বং সার্থকং মত্বা মিষ্টমিষ্টতমমদনীয় (১৩) মানীয় মান্যান্ বিপ্রানাদয়ামাস (১৪) নাদয়ামাস (১৫) চাশিষং সুতস্য॥ ৬

(৮) বহুগুণং কৃত্বেত্যন্বয়ঃ॥ ৪ (৯) সমুদ্রজলং, (১০) কম্পয়তি উদ্বেলয়তীত্যর্থঃ॥
(১১) পূর্ব্বমশ্রুতম্, (১২) ভাগ্যং, (১৩) ভোজ্যং, (১৪) ভোজয়ামাস,
(১৫) বাদয়ামাস॥ ৬

আস্বাদন করিয়া থাকে, সেই প্রকার জননীর ঐ বাক্য শ্রবণ করিয়া যমকর্তৃক নিরন্তর পীড়িত জগতের আনন্দপ্রদ, ভক্তাধীন শচীনন্দন মধুররবে কোকিলের গর্ব্ব খর্ব্ব করিয়া "মা মা মা" এইরূপ অর্দ্ধস্ফুট শব্দ উচ্চারণ করতঃ জননীর প্রেম সম্যক্ জাগরিত করিয়াছিলেন॥ ৩

শ্রীশচীদেবী যদিও পুত্রের মুখ হইতে একবার মাত্র "মাতৃশব্দ" শুনিতে চাহিয়াছিলেন, তথাপি পুত্র পুনঃ পুনঃ তাহা বলিয়াছিলেন, কারণ ভগবান্ নিজভক্তগণের অভীষ্টফল বহুগুণ করিয়া প্রদান করেন॥ ৪

প্রভুর "মা মা" এই উক্তিটি অপূর্ণ হইলেও তাহা শুনিয়া জননী আনন্দিতা হইয়াছিলেন। চন্দ্র অর্দ্ধোদিত হইলেও তাহা কি সাগরবেলাকে উদ্বেলিত করে না?॥ ৫

শচীদেবী পুত্রের বদন হইতে অশ্রুতপূর্ব্ব মাতৃপদের একাংশ "মা" শব্দ শুনিয়া নিজের ভাগ্যকে সার্থক মনে করিলেন এবং অভিলষিত সুমিষ্ট ভোজ্যদ্রব্য আনয়নপূর্ব্বক মাননীয় বিপ্রগণকে ভোজন করাইয়া তাঁহাদের দ্বারা পুত্রকে আশীর্ব্বাদ করাইয়াছিলেন॥ ৬

এবমুদারয়া মুদা রয়াদিব (১৬) দিবসেষ্বষ্টনবেষু নবেষুপাতবৎ (১৭) প্রযাতেষু কদাচিৎ শ্রীবিশ্বম্ভরো বিশ্বম্ভরোপরি পরিসমালম্বমন্তরেণ (১৮) জানুকরসহায়কতাং স হায়কতাং (১৯) প্রকটয়ামাস চরণ-কমলেনৈব কেবলেন বলেন কিঞ্চিৎ প্রকটিতেন ॥ ৭ ॥

মন্দং মন্দং চরণকমলে মঞ্জুমঞ্জীরযুক্তে
ন্যস্য ন্যস্য প্রবলিত-সুখং মন্থরং সঞ্চরন্তম্।
স্মিত্বা স্মিত্বা মৃদু মৃদু মুখং মাতুরালোকমানং
ধ্যায়ং ধ্যায়ং মনসি বিভুমানন্দমাপ্নোমি বাঢ়ম্ ॥ ৮ ॥

তাঞ্চ গতিলীলামাধুরীমালোক্য মোদসমুদ্রমগ্নমানসা মাতা মালিনীমুখমাননীয়-মহিলামণ্ডলীমাহূয় মহামহোৎসবমাততান ॥ ৯ ॥

---

(১৬) রয়াৎ বেগাৎ, (১৭) নূতনবাণপতনবৎ, (১৮) সমালম্বনং, বর্জ্জয়িত্বা, (১৯) জানুকরয়োঃ সহায়ভাবং বিনা চ, স হ স্ফুটং আয়কতাং গমনশীলতাং ॥৭॥

এইপ্রকার পরমানন্দে আট নয় দিবস নূতন শরপতনের ন্যায় দ্রুতবেগে গত হইলে একদা বিশ্বম্ভর ভূমির উপর বিনা অবলম্বনে জানু ও করদ্বয়ের সাহায্য ব্যতীত কেবলমাত্র চরণকমলের দ্বারা কিঞ্চিৎ বল প্রকটিত করিয়া গমনশীলতা প্রকাশ করিয়াছিলেন ॥ ৭ ॥

প্রভু মনোহর নূপুরযুক্ত পাদপদ্মযুগল মন্দ মন্দ বিন্যাস করিয়া অতি সুখভরে ধীরে ধীরে গমন করিতেছেন এবং পুনঃ পুনঃ মৃদুমধুর হাস্য করিতে করিতে জননীর মুখের দিকে দৃষ্টিপাত করিতেছেন—এইরূপে তাঁহাকে বারংবার ধ্যান করিয়া আমি মনে অপার আনন্দ অনুভব করিতেছি ॥ ৮ ॥

বিশ্বম্ভরের সেই গমনলীলামাধুরী দর্শনে শচীমাতার চিত্ত আনন্দসমুদ্রে মগ্ন হওয়ায় তিনি মালিনী প্রভৃতি মাননীয় মহিলাবৃন্দকে ডাকিয়া মহামহোৎসব করিয়াছিলেন ॥ ৯ ॥

কদাচিত্তু পরিকরচয়ে রচয়েয়মহমিদং রচয়েয়মহমিদমিতি স্বস্বকার্য্যতৎপরে তথা জাত-স্বাপস্বাপত্যং (২০) শয়নে নিধায় জনন্যামনন্যামমরবাহিনীমিতায়াম (২১) মিতায়ামপ্রেমদিদৃক্ষিতপ্রভুলীলাবিশেষঃ (২২) শেষঃ স্বেচ্ছয়া ভূত্বা সামান্যসরীসৃপঃ সরীসৃপ (২৩) ন্নগরং সকলং ভ্রমিত্বা গৌরাঙ্গস্যাঙ্গনমাজগাম ॥ ১০ ॥

তঞ্চাগতমবগত্য গৌরাঙ্গো যোগনিদ্রাসঙ্গং বিগময্য গৃহান্নির্গত্য প্রাঙ্গণং রিঙ্গন্নাগপুঙ্গবেনাবলুলোকেঽবলোক্য চ মনসেদং পরামমৃশে ॥ ১১ ॥

মৎসেবনীয়চরণঃ খলু বাসুদেবঃ,
সোঽয়ং ভবেদিতি মনো মনুতে মদীয়ম্।
বর্ণান্যথাত্ব-কলনেন (২৪) তু প্রত্যভিজ্ঞা
নিঃসংশয়া ভবতি সা নহি কিং বিদধ্যাম্ ॥ ১২ ॥

---

(২০) জাতঃ স্বাপো নিদ্রা যস্য তৎ স্বাপত্যং পুত্রস্তৎ, (২১) অনন্যামদ্বিতীয়াম্ গঙ্গাং গতায়াম্, (২২) অমিত আয়ামো দৈর্ঘ্যং যস্য তেন প্রেম্না দিদৃক্ষিতঃ প্রভুলীলাবিশেষো যেন।

(২৩) সামান্য সর্পোভূত্বা বক্রং গচ্ছন্ ॥১০॥

(২৪) বর্ণান্যথাত্বদর্শনেন গৌরত্বদর্শনেনেতি ভাবঃ ॥১২॥

একদা পরিকরগণ "আমি এই কার্য্যটি করিব, আমি এই কার্য্যটি করিব" এইভাবে নিজনিজকার্য্যে নিযুক্ত হইল এবং নিদ্রিত পুত্রকে শয্যায় শয়ন করাইয়া জননী শচীদেবী একাকী গঙ্গায় গমন করিলেন। এমন সময়ে অসীম প্রেমভরে প্রভুর লীলাবিশেষ দেখিবার আকাঙ্ক্ষায় অনন্তদেব নিজের ইচ্ছাক্রমে সামান্য সর্পের আকার ধারণ করিয়া বক্র গতিতে সমস্তনগর ভ্রমণ করিয়া শ্রীগৌরাঙ্গের অঙ্গনে আসিয়া উপস্থিত হইলেন ॥ ১০ ॥

তাঁহার আগমন জানিয়া গৌরাঙ্গ যোগনিদ্রা পরিত্যাগ পূর্ব্বক গৃহ হইতে বাহির হইয়া প্রাঙ্গণে হামাগুড়ি দিয়া গমন করিতে লাগিলেন। তখন নাগশ্রেষ্ঠ তাঁহাকে দেখিয়া মনে মনে বিচার করিতে লাগিলেন ॥ ১১ ॥

আমার মনে হইতেছে—ইনি যথার্থ আমার সেব্য বাসুদেব হইবেন কিন্তু ইহার অন্য প্রকার বর্ণ দর্শনে (অর্থাৎ গৌরবর্ণ দর্শনে) "ইনি যে তিনিই" আমার এই জ্ঞান নিঃসংশয় হইতেছে না। অতএব এক্ষণে আমার কি করা উচিত ? ॥ ১২ ॥

এবমনন্তে ভাবয়তি বয়তি সংশয়বসনং (২৫) স নন্দনঃ শচ্যাঃ স্বকরেণ তং পস্পর্শ। স চ তেন স্পৃষ্টঃ স্বস্য ভুজগতাং জগতাং মধ্যে প্রকাশয়িতুমনা মনাক্ কুপিত ইব স্বভোগস্য (২৬) পশ্চাদর্দ্ধং কুণ্ডলীকৃত্য পুরোর্দ্ধমুত্তোল্য বিস্তারিত ফণোঽবত-স্থে ॥১৩॥

তস্যালোক্য শ্রীলবিশ্বম্ভরোঽসৌ
জ্ঞাত্বা হার্দ্দিং তস্য ভাবঞ্চ সম্যক্।
আবিষ্কৃত্বা শেষশায়িস্বরূপং
তস্যারুহ্যাবস্থিতঃ কুণ্ডলেঽভূৎ ॥ ১৪ ॥

নবীনাম্ভোদাভং কনকরুচিরাম্বরধরং
স্ফুরন্নানারত্নোজ্জ্বলবহুবিধালঙ্করণকম্।
চতুর্ভির্দোর্দণ্ডোল্লসদরিগদাশঙ্খনলিনৈ- (২৭)
র্মনোজ্ঞং তং দৃষ্ট্বা চিরমজনি শেষো জড়তনুঃ ॥ ১৫ ॥

(২৫) সংশয়রূপং বসনং বয়তি বিস্তারয়তি, (২৬) স্বশরীরস্য ॥১৩।
(২৭) অরিঃ চক্রম্ ॥১৫॥

অনন্তদেব এইরূপ ভাবিতে ভাবিতে যখন সংশয়রূপ বসন বয়ন করিতেছিলেন অর্থাৎ সংশয়াপন্ন হইতেছিলেন, তখন শচীনন্দন আসিয়া নিজ করে তাঁহাকে স্পর্শ করিলেন। তাঁহার স্পর্শে অনন্তদেব নিজের ভুজগত্ব সমস্ত জগতে প্রকাশ করিবার ইচ্ছায় যেন ঈষৎ কুপিত হইয়া নিজ শরীরের পশ্চাৎ অর্দ্ধাংশ কুণ্ডলী করিয়া এবং সম্মুখের অর্দ্ধাংশ উত্তোলন পূর্ব্বক ফণা বিস্তার করিয়া রহিলেন ॥১৩॥

তদ্দর্শনে শ্রীবিশ্বম্ভর তাঁহার হৃদয়ের ভাব সম্যক্ অবগত হইয়া শেষশায়িস্বরূপ প্রকাশ করিলেন এবং তাঁহার কুণ্ডলে আরোহণ করিয়া অবস্থান করিতে লাগিলেন ॥১৪॥

তখন নবজলদকান্তি, স্বর্ণবর্ণ বসনধারী, নানারত্নখচিত বহুবিধ উজ্জ্বল ভূষণ শোভিত, চক্রগদাশঙ্খকমলযুক্ত চতুর্ভুজধারী মনোহর শেষশায়িরূপ দর্শন করিয়া অনন্তদেব মোহপ্রাপ্ত হইয়া বহুক্ষণ যাবৎ নিস্পন্দ শরীরে বর্ত্তমান ছিলেন ॥১৫॥

ক্ষণাদনন্তরমনন্তরমনীয়-চমৎকারকারকে তস্মিন্ রূপে শ্রীগৌরেণান্তর্ধাপিতেঽপি তেন (২৮) শেষেণ বিশেষেণ বিকারমানন্দজং (২৯) গোপয়িত্বাঽর্পায়িত্বাত্মানং ধৈর্য্যং কিঞ্চিন্নিবেদয়িতুং যাবন্মানসং চক্রে, তাবদেব দেবধুনীজীবনেঽবনেজনং (৩০) বিধায় শচী গৃহমাজগাম ॥১৬॥

আগত্য চ ভয়ঙ্করভুজগোপরি পরিভ্রাজমানমানন্দসুতং (৩১) সুতং সমালোক্য্যা-দরদরকম্পিকলেবরা (৩২) বরা ভক্তিমতীনাং মতীনাং গোচরতারহিতেন ভাববিশেষেণ বিষেণ বিহ্বলিতেবাচেতনা নিপপাত ॥১৭॥

পাতশব্দং তস্যাঃ শ্রুতিগোচরীকৃত্য কৃত্যন্তরন্তরসা (৩৩) বিহায় বিহায়স ইবাতিবেগেন তত্রাজগ্মুরবলা রবলাবণ্যশূন্যাং (৩৪) শচীং নিশাম্য (৩৫) প্রাপ্ত-ভিয়োঽভিযোগতঃ শীতল-সলিলস্য সমীরণ-সমীরণতশ্চ (৩৬) তাং চেতয়ামাসুরপি ॥১৮॥

(২৮) অপিতেন তেনাপীত্যন্বয়ঃ, (২৯) বিকারঃ অশ্রুপুলকাদিকম্, (৩০) স্নানং ॥১৬॥ (৩১) আনন্দং সৌতি জনয়তি ইতি আনন্দসুৎ তং পুত্রং, (৩২) সাতিশয়ভয়কম্পিতশরীরা ॥১৭॥ (৩৩) কর্ম্মান্তরং বেগেন ত্যক্ত্বা পক্ষিণ ইব, (৩৪) রবেণ লাবণ্যেন চ শূন্যাং রহিতাং, (৩৫) দৃষ্ট্বা, (৩৬) বায়ুপ্রেরণাচ্চ ॥১৮॥

ক্ষণকাল পরে শ্রীগৌরসুন্দর অনন্তরমণীয় ও চমৎকারজনক সেই রূপ অন্তর্হিত করিলে অনন্তদেবও বিশেষভাবে আনন্দজনিত অশ্রুকম্পাপুলকাদি বিকার গোপন করত ধৈর্য্যধারণ করিয়া যখন কিছু নিবেদন করিতে মনে করিলেন, তখনই সুরধুনীজলে স্নান করিয়া শচীদেবী গৃহে আসিলেন ॥১৬॥

আসিয়া দেখিতে পাইলেন "ভয়ঙ্কর সর্পের উপর তাঁহার আনন্দজনক পুত্র বিরাজ করিতেছে।" তাহা দেখিয়া পরম ভক্তিমতী শচীদেবীর শরীর মহা ভয়ে কম্পিত হইতে লাগিল এবং বিষবিহ্বলার ন্যায় মনবুদ্ধি প্রভৃতির অগোচর ভাববিশেষে অচেতন হইয়া নিপতিতা হইলেন ॥১৭॥

তাঁহার পতন শব্দ শ্রবণ করিয়া অন্যান্য রমণীগণ সত্বর কর্ম্মান্তর পরিত্যাগ করিয়া পক্ষিদিগের ন্যায় বেগাতিশয়ে সেখানে আসিয়া উপস্থিত হইলেন। তাঁহারা শচীকে নীরব ও লাবণ্যরহিত (বিবর্ণ) দেখিয়া ভীতা হইলেন এবং শীতল জল-সেচন ও বায়ুসঞ্চালন (ব্যজন) করিতে করিতে তাঁহার চৈতন্য সম্পাদন করিলেন ॥১৮॥

সা চ প্রাপিত-চেতনা পরিজনৈরুত্থায় পৃথিবীতলাদ্
দৃষ্ট্বা কুণ্ডলিকুণ্ডলোপরি সুতং তত্রাভ্যয়ান্নির্ভয়া।
স্নেহো যদ্বলবত্তরঃ স্ববিষয়স্যানিষ্টসম্ভাবনে
নানিষ্টায় নিজাশ্রয়স্য (৩৭) দদতে কাণ্ডং কচিদ্ ভাসিতুম্॥ ১৯

অন্যাস্তু ভীমভুজগোপরি গৌরচন্দ্রং
দৃষ্ট্বাতিভীতহৃদয়াঃ পরিশুষ্কবক্ত্রাঃ।
হা রক্ষ রক্ষ গরুড়েতি সবাষ্পমুচ্চৈ
শ্চক্রন্দুরস্তুতনবো লুলুঠুশ্চ ভূম্যাম্॥ ২০॥

শচী তু দোর্ভ্যাং নিজপুত্রমঙ্কে-
নিধায় লেভে পরমপ্রমোদম্।
চিন্তামণিং হারিতমত্রলব্ধা
পুনর্যথা লুব্ধজনোহশ্নুতে তম্ (৩৮)॥ ২১॥

(৩৭) নিজাশ্রয়স্য অনিষ্টায় ভাসিতুং কাণ্ডমবসরং ন দদাতীত্যন্বয়ঃ॥১৯॥
(৩৮) তং প্রমোদমশ্নুতে ভুঙ্‌ক্তে॥২১॥

শচীদেবী পরিজনদিগের দ্বারা সংজ্ঞা প্রাপ্ত হইয়া ভূতল হইতে গাত্রোত্থান করিলেন এবং পুত্রকে সর্পের কুণ্ডলোপরি দেখিয়া নির্ভয়ে তথায় গমন করিলেন। যেহেতু, অতি বলবান্ স্নেহ নিজ বিষয়ের অনিস্ট সম্ভাবনা থাকিলে নিজ আশ্রয়ের অনিষ্টকে কখনও প্রকাশ পাইবার অবসর দেয় না অর্থাৎ আশ্রয়কে নিজ অনিষ্ট চিন্তা করিবার সময় দেয় না॥ ১৯

অন্য রমণীগণ গৌরচন্দ্রকে ভয়ঙ্কর সর্পের উপর দেখিতে পাইয়া অত্যন্ত ভীত হইলেন। তাঁহারা শুষ্ক বদনে 'হা গরুড়! হা গরুড়! রক্ষা কর, রক্ষা কর" বলিয়া অশ্রুমোচন করিতে করিতে উচ্চৈঃস্বরে কাঁদিতে লাগিলেন এবং ভূমিতে পতিত হইয়া লুণ্ঠিত হইতে লাগিলেন॥ ২০

শচীদেবী বাহুযুগল দ্বারা নিজ পুত্রকে কোলে তুলিয়া লইলেন এবং চিন্তামণি হারাইয়া গেলে পুনরায় তাহা প্রাপ্ত হইয়া লুব্ধ ব্যক্তি যেমন আনন্দ ভোগ করে তিনিও পুত্র পাইয়া পরমানন্দ লাভ করিলেন॥ ২১

দৃষ্ট্বাঙ্কোপরি নিহিতং সুতং জনন্যাঃ
সর্ব্বাস্তাঃ ধরণিতলাৎ ক্ষণাদুদস্থুঃ।
কিং ভাগ্যং মহদিতি সাস্রমালপন্ত্যঃ
সানন্দং বত সমবারিষুশ্চ (৩৯) দেবীম্॥ ২২॥

তাসাং পূর্ব্বং দুঃখবিস্তারকালে
পশ্চাদপ্যানন্দসন্দোহকালে।
ধারাশ্রূণামেকধৈবাবিরাসী
দৌষ্ণ্যং শৈত্যঞ্চাভিনৎ কেবলং তাম্ (৪০)॥ ২৩॥

অথ স খলু ব্যালবরোঽলবরোপিতানন্দমতি (৪১) রতিরভসেন জলনির্গম-বাটীতো (৪২) বাটীতোঽমুষ্যা নিষ্ক্রম্য তিরোদধৌ রোদধৌতবদনঃ (৪৩) ॥২৪

(৩৯) আবৃতবত্যঃ ॥২২॥

(৪০) তামশ্রুধারাম্ অভিনৎ বিভেদ ॥২৩॥

(৪১) অলবমধিকং যথাস্যাত্তথা রোপিত আনন্দো যত্র সা মতি র্যস্য সঃ, (৪২) অন্নো বাটঃ পন্থা বাটী জল নির্গমদ্বারেণ বাটীতো বাস্তুস্থানাৎ, (৪৩) অশ্রুপ্রক্ষালিতমুখঃ ॥২৪॥

জননীর অঙ্কের উপর পুত্রকে বিদ্যমান দেখিয়া সেই সকল নারীগণ তৎক্ষণাৎ ধরণী হইতে উত্থিত হইলেন এবং অশ্রুপূর্ণ নয়নে "কি মহাভাগ্য" এই কথা বলিতে বলিতে সানন্দে শচীদেবীকে ঘিরিয়া দাঁড়াইলেন ।।২২

পূর্ব্বে অত্যন্ত দুঃখের সময় এবং পরে প্রচুর আনন্দের সময় তাহাদের অশ্রুধারা একভাবেই আবির্ভূত হইয়াছিল তবে উষ্ণতা ও শীতলতা সেই অশ্রুধারাকে পৃথক্ করিয়াছিল ।।২৩

অনন্তর সেই সর্পরাজ মহানন্দপূর্ণমনে জল বাহির হইবার পথ প্রণালিকা দিয়া সেই বাটী হইতে অশ্রুপ্লাবিত বদনে অতিবেগে নির্গত হইলেন ।।২৪

ইহ তু শচীপ্রভৃতয়ো ভৃতয়োরগস্পর্শেনাঽশঙ্কয়া শঙ্কয়া প্রক্রিয়য়া স্যাদিত্যা-(৪৪) কুলতয়া লতয়াঽপরাজিতয়া রাজিতয়া রক্ষাং ববন্ধুরতিবন্ধুরতিষ্যোৎপাটিতাঃ (৪৫) পরাশ্চৌষধীরঙ্গেষু শ্রীগৌরাঙ্গস্য ॥ ২৫ ॥

উচ্চারণেন রুচিরা লসতঃ পদস্য (৪৬)
তস্যৈব সুন্দরতরা স্খলনেন জাতু (৪৭)
গৌরপ্রভোরথ তদা পরিপূর্ণভাবং
বাণী তথা গতিরপি (৪৮) প্রতিপদ্যতে স্ম ॥ ২৬ ॥

তদা চ তয়োরাস্বাদনায় জাতলালসাঃ পুরজনা রজনাবপি তস্য ত্যক্তুমাসন্নমাসন্ন-ক্ষমাঃ (৪৯) ক্ষমাবস্তোঽপি। স চ তৈস্তত্তদ্বাক্যং শিক্ষিতঃ পুনঃ পৃষ্টৈশ্চৈব-মাচষ্ট ॥ ২৭ ॥

---

(৪৪) সর্পস্পর্শেন পুষ্টয়া আশঙ্কয়া, কয়া প্রক্রিয়য়া শং সুখং স্যাদিত্যন্বয়ঃ, (৪৫) অতি-সুন্দরীঃ পুষ্যোৎপাটিতাঃ ॥২৫॥

(৪৬) পদস্য তিঙন্তাদেরুচ্চারণেন, পক্ষে পদস্য চরণস্য উত্তোলনেন, রলয়োরৈক্যাৎ ; (৪৭) কদাচিৎ, (৪৮) তস্য পদস্য স্খলনেন বাণী গতিশ্চ। ॥২৬॥

(৪৯) তয়োঃ বাণীগত্যোঃ, ক্ষমাবস্তোঽপি পুরজনা রজনৌ অপি তস্য আসন্নং নিকটং ত্যক্তুং ক্ষমা ন আসন—ইত্যন্বয়ঃ ॥২৭॥

এ দিকে শচী প্রভৃতি সকলে পুত্রের সর্পস্পর্শজনিত অত্যন্ত ভয়ে "কোন প্রক্রিয়া দ্বারা তাহার মঙ্গল হইতে পারে" এ বিষয়ে ব্যাকুল হইয়াছিলেন। সেইজন্য তাঁহারা সুন্দর অপরাজিতা লতার দ্বারা শ্রীগৌরাঙ্গের রক্ষা বন্ধন করিয়াছিলেন এবং পুষ্যানক্ষত্রে উৎপাটিত অতি সুন্দর শ্রেষ্ঠ ওষধিসমূহ তাহার অঙ্গে বাঁধিয়া-ছিলেন ॥ ২৫ ॥

অনন্তর একদিকে শ্রীগৌরপ্রভুর মনোজ্ঞপদের উচ্চারণে সুন্দর এবং তাহার স্খলনে অধিকতর সুন্দর বাক্য, অন্যদিকে তাঁহার কমনীয় চরণের উত্তোলনে মনোহর এবং তাহার স্খলনে আরও অধিক মনোহরগতি উভয়ই তখন পরিপূর্ণতা প্রাপ্ত হইয়াছিল ॥ ২৬ ॥

কিন্নামাসি পিতস্ত্বং, বদ বদ বিশ্বম্ভরোঽস্মি গৌরোঽস্মি।
তাতস্তব কো ব্রুহি, শ্রীলজগন্নাথমিশ্রঃ সঃ ॥ ২৮ ॥

এবং বাগ্‌বিলাসৈঃ প্রমোদিতাদিতাখিলসন্তাপা-(৫০) স্তে কদাচিৎ কদাচিৎ সুখকরকরতালিকালিকাভিস্তং নর্ত্তয়ন্তি স্ম, তদানীন্তনী তস্য সুষমা স্মৃতিপথমারূঢ়া কং ন মোহয়তি ? ॥ ২৯ ॥

তথাহি—সূক্ষ্ম-শ্যামল-নাতিদীর্ঘচিকুরো নাসাগ্রজাগ্রন্মণিঃ
শ্রীমৎকজ্জল-শোভিলোচনযুগো গোরোচনা-চিত্রকী (৫১)
মুক্তাহার-সুবর্ণদাম-বিলসদ্বৎ-সোঽঙ্গদী কিঙ্কিণী-
শ্রেণী-নূপুর-শিঞ্জিতেন মধুরং গৌরো ননর্ত্তাঙ্গনে ॥ ৩০

(৫০) খণ্ডিতসকলসন্তাপাঃ, ॥২৯॥
(৫১) গোরোচনাতিলকবান্ ॥৩০॥

সেই সময়ে পুরবাসী জনসকল প্রভুর বাক্য ও গতি আস্বাদন (অর্থাৎ শ্রবণ ও দর্শন) করিবার জন্য লালসান্বিত হইয়াছিলেন এবং তাঁহারা সহিষ্ণু হইলেও তখন রাত্রিকালেও প্রভুর নিকট ত্যাগ করিতে পারিতেন না। তাঁহারা প্রভুকে যে যে বাক্য শিখাইতেন, পুনরায় তাহা জিজ্ঞাসা করিলে তিনি এইরূপ বলিতেন ॥ ২৭ ॥

তাঁহারা বলিতেন—বাপ্! তোমার নাম কি ? বল বল ? প্রভু উত্তর দিতেন—আমি বিশ্বম্ভর। আমি গৌর! পুনরায় তাঁহারা বলিতেন—"তোমার বাপ্ কে বলত ?" তিনি বলিতেন—"শ্রীল জগন্নাথ মিশ্র" ॥ ২৮ ॥

এইরূপে প্রভুর সুমধুর বাক্যোচ্চারণ শুনিয়া তাঁহারা অত্যন্ত আনন্দিত হইতেন ও তাঁহাদের সকল সন্তাপ দূর হইত। কখনও কখনও তাঁহারা সুখকর করতালি দিয়া তাহাকে নৃত্য করাইতেন; প্রভুর তাৎকালিক সৌন্দর্য্য স্মৃতি পথে আরূঢ় হইলে কাহাকে না মুগ্ধ করিয়া থাকে ? ॥ ২৯ ॥

অহো মস্তকে সূক্ষ্মশ্যামল নাতিদীর্ঘ কেশ, নাসিকার অগ্রভাগে উজ্জ্বল মনি, নয়ন যুগলে সুন্দর কজ্জল শোভা, ললাটে গোরোচনার তিলক, বক্ষে মনোহর মুক্তাহার

সা নেত্রভঙ্গী পদচালনা সা
সা বাহু বিক্ষেপণ-দিব্যলীলা।
গৌরস্য যৈরৈক্ষি তদা মনুষ্যৈ-
স্ত এব লোকে বরজন্মভাজঃ ॥৩১॥
যদা যদাহসাবুদতোলয়ৎ প্রভু
র্ধরাতলাৎ পাদসরোরুহং নটন্।
তদা তদা সোঢুমযোগমক্ষমৈ-
রদো (৫২) নু ধর্ত্তুং কিমডায়ি রেণুভিঃ ॥৩২॥
স নৃত্যসময়ে হরিং বদ হরিং বদেত্যুচ্চরন্
দদাতি করতালিকাং প্রমদমগ্নচিত্তো যদা।
তদা তু সকলো জনঃ কুতুকমোদচিত্রান্বিতো
হরিং বদ হরিং বদেত্যসকৃদুচ্চকৈর্গায়তি ॥৩৩॥

(৫২) অদঃ পাদসরোরুহং ধর্ত্তুং রেণুভিঃ কিম্ অডায়ি উড্ডিনম্ ? ॥৩২॥

ও সুবর্ণদাম এবং বাহুদ্বয়ে অঙ্গদ (বাজু) ধারণ করিয়া গৌর অঙ্গনে কিঙ্কিনী শ্রেণী ও নূপুরের ধ্বনির সহিত অতি মধুরভাবে নৃত্য করিতেন ।।৩০

নৃত্যকালে গৌরের সেই নয়নভঙ্গী, সেই পদচালনা, সেই মনোহর বাহুক্ষেপণলীলা, যাঁহারা দর্শন করিয়াছেন, এ সংসারে তাঁহারাই সার্থকজন্মা (তাঁহাদেরই জন্মগ্রহণ সার্থক) ।।৩১

প্রভু নৃত্য করিতে করিতে যে যে সময়ে ধরাতল হইতে চরণকমল উত্তোলন করিতেন তখন (মনে হইত) তাঁহার পাদপদ্মের বিচ্ছেদ সহ্য করিতে অক্ষম হইয়া রেণু সকল কি উহা ধরিবার জন্য উড়িয়া যাইত ? ।।৩২

প্রভু নৃত্যকালে যখন "হরি বোল, হরি বোল" বলিতে বলিতে আনন্দে মগ্ন হইয়া করতালি দিতেন, তখন সকল লোকে কৌতুক, আনন্দ ও বিস্ময়যুক্ত হইয়া পুনঃ পুনঃ "হরি বোল, হরি বোল," বলিয়া উচ্চৈঃস্বরে গান করিতেন ।।৩৩

এবং নৃত্যদর্শনামিষেণামিষেণাগুজানিব প্রলোভ্যমানবানবাধং নিজনাম গাপয়ামাসা পয়ামাসাপি পরমানন্দং নন্দনো মিশ্রপুরন্দরস্য ॥৩৪

এবং ক্রমেণ কিঞ্চিচ্চঞ্চলতাঞ্চলতা বিভুনা কদাচিৎ কদাচিদ্বাটীতো বিনিষ্ক্রম্য প্রতিবেশবাসিনাং বেশ্মান্যপি প্রবিশ্য বহুবিধা বিধাতুমারেভিরে বিলাসাঃ ॥৩৫

ক্বচিন্নটতি যোষিতাং ভতিভিরর্থিতঃ সুন্দরং
মনোজ্ঞ-করতালিকামনুসরন্নমূভিঃ (৫৩) কৃতী।
ক্বচিৎ প্রণয়শালিভির্নিজজনৈঃ প্রদত্তং মুদা
সমত্তি (৫৪) কদলী সিতা দধি-পয়োবিকারাদিকম্ (৫৫) ॥৩৬॥

(৫৩) অমূভি র্যোষিদ্ভিঃ, (৫৪) ভুঙ্ক্তে, (৫৫) পয়োবিকারাদিকম্ আমিক্ষাদিকম্ ॥৩৬

এইরূপে মিশ্রপুরন্দরনন্দন আমিষের (মাংসাদি লোভনীয় বস্তুর) দ্বারা মৎস্যাদিগকে প্রলোভিত করিবার ন্যায় নৃত্য প্রদর্শন করাইবার ছলে মানবগণকে প্রলোভিত করিয়া নির্ব্বাধে নিজনাম গান করাইয়া পরমানন্দ প্রদান করিতেন ॥৩৪

এই প্রকারে প্রভু ক্রমে ক্রমে কিঞ্চিৎ চঞ্চলতা অবলম্বন পূর্ব্বক কখনও কখনও বাটী হইতে বহির্গত হইয়া প্রতিবেশিগণের গৃহে প্রবেশ করত নানাবিধ লীলা করিতে আরম্ভ করিতেন ॥৩৫

যথা—কখনও রমণীগণের প্রার্থনায় প্রভু তাঁহাদের মনোহর করতালির অনুসরণ করিয়া সুন্দর নৃত্য করিতে কখনও প্রণয়াস্পদ নিজজনকর্ত্তৃক প্রদত্ত কদলী, শর্করা ও ক্ষীর, সর, ছানা, নবনীতাদি সানন্দে ভোজন করিতেন ॥৩৬

কদাচিত্তু গৃহজনেষু স্থানান্তরং প্রযাতেষু যা তেষু কর্ত্তুং নোচিতা, তাং তরলতাং বিরলতাং বিন্দন্নাচরতি ॥ ৩৭ ॥

যথা—ক্বচিৎ ভুঙ্‌ক্তে দেবার্চ্চনবিহিত-নৈবেদ্যমখিলং
ক্বচিৎ পিত্রর্চ্চার্থং চিত্তমতিমুদা বস্তুসকলম্।
ক্বচিদ্ গঙ্গাপূজা-বিরচনকৃতে কল্পিতমহো
ক্বচিৎ স্বাস্বাদার্থং নিহিতমতিযত্নেন রহসি ॥৩৮॥

যদি তত্তল্লীলাং কুর্ব্বতি তস্মিন্ কশ্চিৎ কদাচনায়াতি, নায়াতিনিপুণঃ (৫৬) স তু তদা সাটোপমিদং রটতি ॥ ৩৯ ॥

ভদ্রং ভদ্রময়ে সমেধি যদিহ ত্বদ্‌গেহবর্ত্তী জনঃ
সোঽসাবাগ্রহ-পূর্ব্বকং কিয়দিদং দত্বাত্তুমন্নাদিকম্ (৫৭)।
মামাস্থাপ্য গৃহস্থ রক্ষণকৃতে জানে না কুত্রাভ্যয়াৎ
ত্বং দৃষ্ট্বা নয়ং সর্ব্বমাত্মবিভবং গেহং ব্রজাম্যস্মি (৫৮) তু ॥ ৪০ ॥

---

(৫৬) নীতৌ অতিনিপুণঃ ॥৩৯॥
(৫৭) অত্তুং ভোক্তুং (৫৮) অস্মীত্যব্যয়ম্ অহমিত্যর্থঃ ॥৪০॥

কখনও গৃহস্থিত জনসকল স্থানান্তরে প্রস্থান করিলে তাহাদের নিকট যে চঞ্চলতা করা অনুচিত, প্রভু নির্জ্জনতা প্রাপ্ত হইয়া তখন সেখানে সেইরূপ চঞ্চলতা করিতেন ॥ ৩৭ ॥

যথা—প্রভু কখনও দেবপূজার জন্য প্রস্তুত সমস্ত নৈবেদ্য, কখনও পিতৃ-পুরুষগণের অর্চ্চনার নিমিত্ত পরমানন্দে সঞ্চিত দ্রব্যাদি, কখনও গঙ্গাপূজা করিবার জন্য প্রস্তুত দ্রব্যসকল, কখনও বা নিজেদের আস্বাদনের জন্য অতিযত্নে গোপনে রক্ষিত দ্রব্যসমূহ খাইয়া ফেলিতেন ॥ ৩৮ ॥

যদি ঐ প্রকার লীলা করিবার সময় সেখানে কখনও কেহ আসিয়া উপস্থিত হইতেন, অতি নীতিকুশল (সুচতুর) প্রভু তখন সগর্ব্বে এই কথা বলিতেন ॥ ৩৯ ॥

"অয়ে! আপনি আসিয়াছেন, ভাল হইয়াছে, ভাল হইয়াছে। যেহেতু আপনাদের গৃহের একব্যক্তি আগ্রহ পূর্ব্বক আমাকে ভোজন করিবার জন্য কিছু

এবমুক্ত্বা মুক্ত্বা ভোজনং জনং তং বঞ্চয়িত্বাঞ্চয়িত্বা (৫৯) চ বিস্ময়ং স্ময়ং কুর্ব্বন্ পলায়তে। যদি তু তত্র কোঽপি গৃহী সদ্বিতীয়ো ন ভবতি, তদা স পরিহসন্ বদতি ॥ ৪১ ॥

রে ধূর্ত্তরাজ! মম সদ্মনি কোঽপি লোকো
মমান্তরেণ ন পরোঽস্তি কদাচনাপি।
আস্থাপয়ত্তদিহ কো নু জনো বদ ত্বাং
তদ্‌ব্রূহি মিশ্রপুরন্দরপুত্র! যথার্থমেব ॥৪২॥

এবং তস্য বচনমাকর্ণ্য সচমৎকারমিব—

ত্বত্তঃ পরোঽস্তি যদি সদ্মনি নাত্র লোক—
স্তর্হ্যেতদদ্ভুততমং ভবতি দ্বিজাগ্র্য।
কিন্ত্বস্মি তং পরিচিনোমি ততো বিধৃত্য
দ্রাগানয়েয়মিতিলপ্য (৬০) পলায়তেঽস্রাক্ ॥৪৩॥

(৫৯) প্রাপয্য ॥৪১॥
(৬০) ইতিলপ্য এবং কথয়িত্বা ॥৪৩॥

অন্নাদি প্রদান করিয়া গৃহরক্ষার নিমিত্ত আমাকে এখানে রাখিয়া না জানি, কোথায় চলিয়া গিয়াছেন, আপনি নিজ সম্পত্তি সকল দেখিয়া লউন, আমি ঘরে যাই" ॥ ৪০ ॥

এই বলিয়া ভোজন পরিত্যাগ পূর্ব্বক সেই ব্যক্তিকে বঞ্চিত ও বিস্ময়ান্বিত করিয়া গৌরসুন্দর মৃদুমন্দ হাসিতে হাসিতে পলায়ন করিতেন, কিন্তু যদি সেই গৃহস্বামীর অপর কেহ না থাকিত, তবে তিনি (গৃহস্বামী) প্রভুকে পরিহাস করিয়া বলিতেন ॥ ৪১ ॥

রে ধূর্ত্তরাজ! আমার গৃহে আমি ব্যতীত কখনও অপর কোনও লোক নাই; অতএব মিশ্রবরপুত্র! যথার্থ বল,—কোন্ ব্যক্তি তোমাকে এখানে রাখিয়া গিয়াছে? ॥ ৪২ ॥

তাঁহার এই কথা শুনিয়া প্রভু যেন সবিস্ময়ে বলিতেন "হে দ্বিজবর! যদি এ ঘরে তোমা ভিন্ন অপর কোনও লোক না থাকেন, তাহা হইলে ইহা বড় অদ্ভুত কথা, কিন্তু আমি তাহাকে চিনি, অতএব শীঘ্র তাহাকে ধরিয়া আনিব" এই কথা বলিয়া গৃহের এক কোণে যাইয়া পলায়ন করিতেন ॥ ৪৩ ॥

যদি তু গৃহাদ্ বহির্ভবন্ কেনচিদ্ গৃহাধিকারিণা দৃশ্যতে, তদৈবমাচষ্টে—

অস্মিন্ গৃহে স্বীয়গৃহভ্রমেণ
প্রবিষ্টবানস্মি কথঞ্চিদেব।
বিধায় বন্ধোঽত্র মমোপকারং
প্রদর্শয়ে মাং স্বগৃহস্য মার্গম্ ॥৪৪॥

এবং গৃহে গৃহে বিচিত্রাশ্চাপল্যচর্য্যাঃ প্রপঞ্চয়তি গৌরচন্দ্রে কদাচিৎ কতিচিৎ প্রতিবেশবাসিন্যো বলিতা তন্মাতুঃ সমীপং প্রাপ্য তাস্তা বর্ণয়ামাসুস্তচ্ছ্রুত্বা সহাসমাহ স্ম মাতা—মা তাত! পরগৃহেষু চাপল্যমাচর, মা চরমজাত্যাচারো (৬১) দ্বিজসুতে শোভতে লোভলোলতাদিঃ; কিঞ্চ—

পরপুত্রস্য চাঞ্চল্যং কঃ সহেত সদা নরঃ।
স্বপুত্রস্যাপি (৬২) দৌরাত্ম্যং ন সেহে সগরো নৃপঃ ॥ ৪৫

(৬১) শূদ্রাচারঃ, জঘন্যজাত্যাচারো বা, অসমঞ্জসস্য, সগরঃ সূর্য্যবংশীয়ো রাজবিশেষঃ, স আত্মপুত্রস্যাসমঞ্জসনামকস্য দৌরাত্ম্যস্বভাবাত্তং নির্ব্বাসয়ামাস ॥ ৪৫ ॥

গৃহ হইতে বাহির্গত হইবার সময় যদি প্রভুকে কোনও গৃহস্বামী দেখিতে পাইতেন, তখন প্রভু তাঁহাকে এই কথা বলিতেন।—

"আমি নিজের গৃহ-ভ্রমে এই ঘরে প্রবেশ করিয়াছিলাম। অতএব বন্ধো! কিছু উপকার করত আমাকে নিজ বাটী যাইবার পথটি দেখাইয়া দাও" ॥ ৪৪

এইরূপে গৌরচন্দ্র গৃহে গৃহে নানাবিধ বিচিত্র চাঞ্চল্যময়ী লীলা বিস্তার করিতে থাকিলে একদা কয়েকটি প্রতিবেশিনী রমণী তাঁহার জননীর নিকট গিয়া সেই সকল ব্যাপার বর্ণনা করিলেন। তাহা শুনিয়া শচীমাতা সহাস্যে বলিলেন,—

বৎস! পরের গৃহে চঞ্চলতা করিও না। লোভ, চাঞ্চল্য প্রভৃতি নীচজাতির আচার কখনও ব্রাহ্মণপুত্রের শোভা পায় না। অধিকন্তু—সগর রাজা নিজ-পুত্রেরও দৌরাত্ম্য সহ্য করেন নাই; আর পরপুত্রের চাঞ্চল্য সর্ব্বদা কোন্ ব্যক্তি সহ্য করিতে পারে? ॥ ৪৫

এবং মাতুর্গিরমাকর্ণ্য মৃদুহসন-ভাসন-ভাসিত-ভবনান্তরো (ক) ভগবানভাষত—

মাতশ্চিরায় সহতে জনতা মমৈষা
চাপল্যমুৎকটমতো বিদধাম্যহং তৎ।
তন্নাসহিষ্যত যদীয়মহঞ্চ তর্হি
নৈবাকরিষ্যমিতি বিদ্ধি যথার্থমেব ॥৪৬॥

অত্র চিরায়েতি মম গোপালক-বালক-বার-বর্য্যত্বে (৬৩) হপীমে তদসহন্ত, হন্ত কথং মম ভূদৈবততায়াং ততায়াং (৬৪) ন সহিষ্যন্ত ইত্যান্তরোঽভিপ্রায়ঃ প্রকাশতে ॥ ৪৭

তদস্য বাক্যং নিশময্য সর্ব্বা
স্ত্রিয়ো হসন্ত্যো জগদুস্তদন্তাম্।
তবাত্মজং ভাগ্যবতীহ পূর্য্যাং
বাচা বিজেতুং ন জনোঽস্তি শক্তঃ ॥৪৮॥

(ক) মৃদুহসনেন ভাসনেন কান্ত্যা ভাসিতং ভবনমধ্যং যেন ॥ ৭৬ ॥
(৬৩) গোপবালসমূহশ্রেষ্ঠত্বে (৬৪) ব্রাহ্মণত্বে বিস্তৃতে ॥ ৪৭ ॥

মায়ের এইকথা শুনিয়া ভগবান্ মৃদুহাস্যচ্ছটায় গৃহের অভ্যন্তর আলোকিত করিয়া উত্তর দিলেন—“মা! বহুদিন যাবৎ এই সকল ব্যক্তি আমার তীব্র চাঞ্চল্য সহ্য করিতেছে। সুতরাং আমি তাহা করিব। যদি ইহারা সহ্য না করিত, তাহা হইলে আমিও করিতাম না—ইহা যথার্থই জানিও ॥ ৪৬

এইস্থানে “চিরায়” (অর্থাৎ বহুদিন যাবৎ) এই কথার দ্বারা —এই আভ্যন্তরীণ অভিপ্রায়টি বহুল পরিমাণে প্রকাশ পাইতেছে যে “আমি যখন সমস্ত গোপ বালকগণের শিরোমণি নন্দনন্দন ছিলাম, তখন ইহারা আমার এই প্রকার চাপল্য সহ্য করিয়াছিল। এখন আমার উন্নত ব্রাহ্মণ স্বরূপের এই চাপল্য কেন ইহারা সহ্য করিবে না? ॥ ৪৭

প্রভুর সেই বাক্য শুনিয়া সমস্ত নারীগণ হাসিতে হাসিতে তাঁহার জননীকে বলিলেন—“হে ভাগ্যবতি! এই নবদ্বীপ পুরীতে তোমার পুত্রকে বাক্যের দ্বারা জয় করিতে কেহ সমর্থ নহে ॥” ৪৮

অথ কদাচিদেকাকিতয়া দিবসাবসানসময়েঽধ্বনি ধ্বনিরহিততয়া ততয়া স্থিরতরয়া খেলতি গৌরচন্দ্রে বহুলোকপীড়াকরৌ নানেন্দ্রজাল বিদ্যাধরৌ ততএব সর্ব্বাদৃশ্যতা-প্রাপ্তিসমর্থতরৌ ততএব বিগতদরৌ (৬৫) দ্বৌ তস্করৌ তত্রাজগ্মতুঃ ॥৪৯

আগত্য চাদৃষ্টচরং পরম-মনোহরং বিদ্যুদ্‌বিনিন্দিকান্তিধরং প্রভুবরং বিলোক্য প্রথমং হৈমীং প্রতিমামেব মত্বা মহামোদমগ্নৌ সমীপমাগত্য মানুষোঽয়-মিতি নিশ্চিত্য পরামমৃশতুঃ ॥৫০

প্রতিমা কানক্যভবন্ন বিধিবলতো ন চেন্মাভূৎ।
কানক-ভূষণযুক্তো বালোঽয়ং নঃ সুখং কর্ত্তা ॥৫১॥
কিন্তু যদীহ হরেমালঙ্করণৌঘং তদা ত্বয়ং বালঃ।
ক্রন্দিষ্যতি তৎস্বগৃহং নীত্বৈনং সাধয়েমার্থম্ ॥৫২॥

(৬৫) গতভয়ৌ, ॥ ৪৯ ॥

অনন্তর একদা সায়ংকালে গৌরচন্দ্র পথে একাকী নিঃশব্দে ও স্থিরচিত্তে খেলা করিতেছিলেন, এমন সময় বহুজনের দুঃখদায়ক দুইটী চোর সেখানে আসিয়া উপস্থিত হইল। তাহারা নানাপ্রকার ইন্দ্রজাল বিদ্যা জানিত, সেই জন্য সকলের নিকটে অদৃশ্য হইতে অতিশয় সমর্থ ছিল এবং তজ্জন্য তাহাদের কোনও ভয় ছিল না ॥৪৯

তাহারা আসিয়া অদৃষ্টপূর্ব্ব পরম মনোহর, বিদ্যুন্নিন্দিকান্তিধারী প্রভুবরকে দর্শন করিয়া প্রথমতঃ তাঁহাকে স্বর্ণ প্রতিমাই মনে করিয়া পরম আনন্দসাগরে মগ্ন হইয়াছিল। অতঃপর তাহারা নিকটে আসিয়া তাঁহাকে "মানুষ" বলিয়া স্থির করতঃ বিচার করিতে লাগিল।—॥৫০

আমাদের দুরদৃষ্ট বশে যদি এটী সুবর্ণপ্রতিমা না হয়, না হউক কিন্তু স্বর্ণালঙ্কারযুক্ত এই বালকটী আমাদের সুখবিধান করিবে ॥৫১

কিন্তু যদি এইখানে অলঙ্কার সকল চুরি করি, তাহা হইলে বালকটী রোদন করিবে। অতএব ইহাকে নিজগৃহে লইয়া প্রয়োজন সিদ্ধি করিব ॥৫২

ইতি পরামর্শং নিশ্চিত্য বিশ্বম্ভরং জগদতুর্জগদতুলমাধুর্য্যধুর্য্য বৎস! বৎসরত্রয় পরিমিত এব ত্বমেকাকী বিহরসীহ রসীভবন্ (৬৬) ভবন্মাতা তু শুভবন্তং ভবন্তং নাবলোক্য বিকলা কলারাবেন (৬৭) মুহুরাহ্বয়তি, তদেহি ভবন্তং গৃহং নয়াম, ন যাম সংপ্রতি স্বকার্য্যায়েতি ॥৫৩

ভগবাংস্তু তয়োস্তং মনোরথ-মনোরথবৎ (৬৮) স্বস্য পুরশোভাবলোক-নায়ানায়াসং সাধনং মত্বা নয়তং নয়তং চলতং চলতমিতি মুহুরুবাচ ॥৫৪

ততস্তয়োরেকো রেকোজ্ঝিতো (৬৯) দ্রুততমং তমংসে নিধায়াধাবদিতরস্তু তরস্তুতিং কুর্ব্বন্নব্রজৎ ॥৫৫

(৬৬) সুখীভবন্, (৬৭) মধুরশব্দেন ॥ ৫৩ ॥
(৬৮) অনোরথবৎ শকটবৎ রথবৎ ॥ ৫৪ ॥

এইরূপ যুক্তি স্থির করিয়া তাহারা বিশ্বম্ভরকে বলিল—"বৎস! তুমি জগতে অতুলনীয় মাধুর্য্যশালী। কেবলমাত্র তোমার তিন বৎসর বয়স। এই বয়সেই তুমি একাকী এখানে সানন্দে খেলা করিতেছ। কিন্তু তোমার মাতা কল্যাণাস্পদ তোমাকে না দেখিয়া ব্যাকুল হইয়া মধুরস্বরে পুনঃ পুনঃ আহ্বান করিতেছেন। অতএব আইস, সম্প্রতি আমরা নিজকার্য্যে না যাইয়া তোমাকে গৃহে লইয়া যাই" ॥৫৩

ভগবান্ তাহাদের সেই মনোরথকে নিজের পুরশোভা দর্শনের নিমিত্ত অনায়াস সাধনস্বরূপ মনে করিয়া পুনঃ পুনঃ বলিতে লাগিলেন "লইয়া চল, লইয়া চল" ॥৫৪

অনন্তর তাহাদের উভয়ের মধ্যে একজন নির্ভয়ে তাঁহাকে স্কন্ধে লইয়া অতি দ্রুতবেগে দৌড়াইতে লাগিল এবং অন্য চোর তাহার গমনবেগের প্রশংসা করিতে করিতে যাইতে লাগিল ॥

স্বরূপং প্রচ্ছাদ্যাতুল-মহিমশক্ত্যা প্রচলতো-
র্নিজাবাসং নেতুং স্বমতিশয়যত্নং (৬৯) বিদধতঃ।
তদা স্তেনস্যাংসে (৭০) মনুজশিশুলীলা-সুকুতুকী
প্রলম্বস্য স্কন্ধে হলভৃদিব রেজে দ্বিজমণিঃ ॥ ৫৬॥

অথ ভগবানগবানরাবিব বর্ব্বরাবর্ব্বরাজিগমনৌ (৭১) তৌ প্রতি প্রতিপল্লোপিনীং (৭২) মায়াং কুতূহলেন বহলেন (৭৩) বলিনাবিষ্টঃ কিঞ্চিৎ প্রসারয়ামাস। তয়া চ মোহিতৌ তাবিতস্ততো বভ্রমতুর্ন তু স্ববাসস্থানং গন্তুং পারয়ামাসতুঃ ॥৫৭

তত্র চ—বাত্যাসুরেণৈব বিলুণ্ঠিতা স্বং (৭৪)
চৌরেণ সংদ্রষ্টুমনাঃ খ-(৭৫) শোভাম্।
ক্ষণাননন্তাধ্বসু (৭৬) ভূরি সংখ্যান্
বিশ্বম্ভরো (৭৭) ভ্রাম্যতি কৌতুকী স্ম ॥ ৫৮॥

---

(৬৯) শঙ্কারহিতঃ ॥ ৫৫ ॥ (৬৯ক) স্বং ভগবন্তং নিজাবাসং নেতুমিত্যন্বয়ঃ (৭০) চৌরস্য স্কন্ধে ॥ ৫৬ ॥

(৭১) পর্ব্বতবৎ স্থূলৌ বানরাবিব বর্ব্বরৌ মূর্খৌ অর্ব্বৎ ঘোটকবৎ রাজিতুং শীলং যস্য তদ্ গমনং যয়োস্তৌ, (৭২) জ্ঞানধ্বংসিনীং, (৭৩) প্রচুরেণ ॥ ৫৭ ॥

(৭৪) আত্মানাং পক্ষে ধনং (৭৫) খং পুরং পক্ষে আকাশং, (৭৬) অনন্তাধ্বসু বহুষু মার্গেষু পক্ষে আকাশপথেষু, (৭৭) গৌরঃ কৃষ্ণশ্চ ॥ ৫৮ ॥

চোরটি যখন স্বরূপ লুকাইয়া অসামান্য শক্তির সহিত (জোরে) চলিতেছিল এবং প্রভুকে নিজগৃহে লইবার জন্য অত্যন্ত চেষ্টা করিতেছিল, তখন তাহার স্কন্ধে নরবালকলীলায় কৌতূহলযুক্ত দ্বিজকুলমণি বিশ্বম্ভর প্রলম্বাসুরের স্কন্ধে বলরামের ন্যায় বিরাজ করিতে লাগিলেন ॥৫৬

অতঃপর ভগবান্ অতি প্রবল কৌতূহলাবিষ্ট হইয়া পর্ব্বত সদৃশ স্থূল, বানরতুল্য মূর্খ ও ঘোটকের ন্যায় দ্রুতগমনশীল সেই চোর দুইটির উপর জ্ঞানলোপকারিণী কিঞ্চিৎ মায়া বিস্তার করিয়াছিলেন। সেই মায়াদ্বারা মোহিত হইয়া তাহারা ইতস্ততঃ ভ্রমণ করিতে লাগিল; কিন্তু নিজ বাসস্থানে যাইতে পারিল না ॥৫৭

তথায়—কৃষ্ণ যেমন আকাশের শোভা দর্শন করিবার ইচ্ছায় বাত্যাসুর (তৃণাবর্ত্তাসুর) কর্ত্তৃক অপহৃত হইয়া বহুক্ষণ পর্য্যন্ত কৌতুকভরে তাহার সঙ্গে

গৃহে তু তনয়স্যানয়স্যা-(৭৮) তীতেঽপি কালে কালেয়সমে (৭৯) সমেতেঽপি তমসি (৮০) তমসিতস্বভাবং (৮১) শিশুমপশ্যন্তোঽপশ্যন্তো ধৈর্য্যং (৮২) সর্ব্ব এব বান্ধবা বান্ধবাবাসেযু (৮৩) গবেষয়ামাসুঃ ॥৫৯

ততশ্চ—মার্গে মার্গে শ্রীনবদ্বীপপুর্য্যা-
স্তীরে তীরে বিষ্ণুপদ্যাস্তটিন্যাঃ।
দর্শং দর্শং সর্ব্বমেব প্রদেশং
মার্গং মার্গং গৌরমেতেঽভ্রমন্ দ্রাক্ ॥ ৬০ ॥

মাতা তু ভাবনা-ভাব-নাশিত-ধৈর্য্যা (৮৪) ত্যক্তমন্দাক্ষা (৮৫) মন্দাক্ষা (৮৬) লোচনজলার্দ্রপয়োধরাং শুকাঽয়োধরাংশুকা (৮৭) পথি পথি পরিভ্রমন্ত্যুচ্চৈশ্চক্রন্দ ॥৬১

---

(৭৮) আনয়স্য আগমনস্য, "নয়গতৌ" ইতি ধাতুঃ, (৭৯) কালাগুরুতুল্যে কৃষ্ণে, (৮০) অন্ধকারে, (৮১) অবদ্ধস্বভাবং চপলমিত্যর্থঃ, (৮২) অপশ্যন্তো ধৈর্য্যং তনুকুর্ব্বন্তঃ, (৮৩) বন্ধূনামিমে বান্ধবাঃ তেষু গৃহেষু ॥ ৫৯ ॥

(৮৪) ভাবনায়াশ্চিন্তায়াঃ ভাবেন জন্মনা নাশিতধৈর্য্য', (৮৫) ত্যক্তো মন্দাক্ষো লজ্জা যয়া সা, (৮৬) মন্দা অক্ষা ইন্দ্রিয়াণি যস্যাঃ সা, (৮৭) অয়োধরবৎ লৌহপর্ব্বতবৎ অংশবঃ কিরণা যস্যাঃ সা কৃষ্ণবর্ণা ইত্যর্থঃ। তথাচ—বিষাদে শ্বেতিমা প্রোক্তা ধৌসর্য্যং কালিমা কচিৎ ॥ ইতি ॥ ৬১ ॥

আকাশমার্গে ভ্রমণ করিয়াছিলেন, সেইরূপ নগরের শোভা দর্শন বাসনায় বিশ্বম্ভর চোর কর্ত্তৃক হৃত হইয়া বহুক্ষণ যাবৎ কৌতূহলভরে তাহার সহিত নগরের অনেক পথে ভ্রমণ করিয়াছিলেন ॥৫৮

এদিকে পুত্রের গৃহে আগমনের কাল অতীত হইল এবং ক্রমে ক্রমে অগুরুর তুল্য কৃষ্ণবর্ণ ঘোর অন্ধকার সমাগত হইল। তথাপি সেই চপলস্বভাব বালককে দেখিতে না পাইয়া আত্মীয় স্বজন সকলেই ধৈর্য্য হারাইয়া বন্ধু বান্ধবগণের গৃহে তাঁহাকে অনুসন্ধান করিতে লাগিলেন ॥৫৯

তারপর শ্রীনবদ্বীপনগরীর পথে পথে, সুরধুনীর তীরে তীরে সকল স্থান পুনঃ পুনঃ দর্শন করিয়া তাঁহারা গৌরকে বারংবার অন্বেষণ করিয়া অবিলম্বে ভ্রমণ করিতে লাগিলেন ॥৬০

এদিকে জননী শচীদেবীর পুত্রের জন্য চিন্তা উপস্থিত হওয়ায় তিনি ধৈর্য্যশূন্যা হইলেন। তাঁহার ইন্দ্রিয় সকল শিথিল হইয়া পড়িল। নয়নজলে স্তনবসন সিক্ত

হে তাত হে স্বজননীক্ষণহর্ষণেন্দো
হে বৎস হে বিবিধ-সদ্‌গুণরত্নসিন্ধো!
কুত্রাসি রে ত্বরিতমেহি মমোপকণ্ঠং
নোচেত্তনূজ! জননী ম্রিয়তে তবেয়ম্ ॥ ৬২ ॥
নাতাড়য়ং পিতরয়েঽস্মি কদাচন ত্বাং
নাভর্ৎসয়ং কটুগিরাঽজনয়ং ন ভীতিম্।
কর্ত্তুং ন বা হিনবমালয়কর্ম্ম (৮৮) তৎ কিং
লুক্কায়িতো দহসি মাং খদিরোল্মুকেন ॥ ৬৩ ॥

এবং ক্রন্দন্তী বহুষু স্থানেষু ভ্রমিত্বা অহো মুদ্রিতনীরজনী (৮৯) রজনী সমুপস্থিতা তদেতাবৎ কালপর্য্যন্তমবশ্যমবশ্যতমোঽপি তনয়ো গৃহমায়াতো মায়াতো (৯০) দামোদরস্যেতি মনসি পরামৃশ্য পরাবৃত্য গৃহং প্রবিশন্ত্যুচ্চৈরাচন্ট ॥৬৪

(৮৮) ন বা আলয়কর্ম্ম কর্ত্তুম্ অহিনবম্ প্রৈরয়ম্ ॥ ৬৩ ॥

(৮৯) মুদ্রিতপদ্মা, (৯০) কৃপাতঃ (মায়া দম্ভে কৃপায়াঞ্চেত্যমরঃ) ॥ ৬৪ ॥

হইতে লাগিল এবং লৌহপর্ব্বতের ন্যায় তাঁহার দেহকান্তি কৃষ্ণবর্ণ হইল। তখন তিনি লজ্জা ত্যাগ করিয়া পথে পথে ভ্রমণ করিতে করিতে এই বলিয়া উচ্চৈঃস্বরে রোদন করিতে লাগিলেন ॥৬১

হে বৎস! তুমি নিজ জননীর নয়নের আনন্দপ্রদ চন্দ্রস্বরূপ। হে বৎস! তুমি বিবিধ সদ্‌গুণরত্নের সাগর। অরে! তুমি কোথায় আছ? শীঘ্র আমার নিকট এস। হে পুত্র! নতুবা তোমার এই জননীর মৃত্যু হইবে ॥৬২

বাপ! আমি তোমাকে কখনও তাড়না করি নাই, কটুবাক্যে কখনও তোমাকে ভৎর্সনা করি নাই, কখনও তোমার ভীতি উৎপাদন করি নাই অথবা কখনও তোমাকে কোনও গৃহকর্ম্ম করিতে আদেশ করি নাই। সুতরাং কেন তুমি লুক্কায়িত হইয়া জ্বলন্ত খদির কাষ্ঠের দ্বারা আমাকে দগ্ধ করিতেছ? ॥৬৩

শচীদেবী এইরূপে কাঁদিতে কাঁদিতে বহুস্থানে ভ্রমণ করিয়া অবশেষে মনে করিলেন—"অহো! এক্ষণে পদ্ম মুদ্রিত হইয়াছে এবং রাত্রিকাল উপস্থিত হইয়াছে।

তাতাগতোঽসি গেহং, বিশ্বম্ভর নিজকুলাম্বুরাশীন্দো !

এহ্যেহি ত্বরিতং ত্বং, ভুজান্তরং মে সমারোহ ॥ ৬৫ ॥

ইতি নিগদন্তী প্রবিশ্য নিশান্ত (৯১) মশান্তমনাস্তমনালোক্য মূর্চ্ছিতা পপাত বসুমতীতলেঽসুমতীত-লেখেব (৯২) ক্ষণাদনন্তরং প্রাপ্তচেতনা চেতনানাসংশয়া (৯৩) চক্রন্দ ॥৬৬

এতাবতীয়মভবদ্রজনী তথাপি

বালঃ সুতো ন ভবনং যদুপাগতো মে।

বার্ত্তাপি তস্য ন চ কাপি (৯৪) ততো ন জানে

ক্রূরো বিধির্বত বতাঽহহ কিং বিদধ্যাৎ ॥ ৬৭ ॥

(৯১) গৃহং, (৯২) অসুমতীভ্যঃ প্রাণবতীভ্যঃ ইতো গতো লেখো লেখনং যস্যাঃ সা ইব।
(৯৩) আ+ইতা—এতা আগতা নানাসংশয়া যাং, আঙীত্যকারলুক্ ॥ ৬৬ ॥
(৯৪) (বার্ত্তা চ ন) কাপি উপাগতেতি যোজ্যম্ ॥ ৬৭ ॥

অতএব এতক্ষণে অবশ্যই আমার অবাধ্য পুত্রটি দামোদরের কৃপায় গৃহে আসিয়াছে" মনে মনে এই প্রকার বিচার করতঃ মাতা ফিরিয়া গৃহে প্রবেশপূর্ব্বক উচ্চৈঃস্বরে ডাকিতে লাগিলেন ॥৬৪

হে নিজকুলাব্ধিচন্দ্র ! বৎস ! বিশ্বম্ভর ! গৃহে আসিয়াছ ? এস, এস, শীঘ্র আমার বক্ষে আরোহণ কর ॥

এই কথা বলিতে বলিতে অস্থির চিত্তে গৃহে প্রবেশ পূর্ব্বক শচীদেবী তাঁহাকে দেখিতে না পাইয়া মূর্চ্ছিত হইয়া মৃতবৎ ভূমিতলে পতিত হইলেন। ক্ষণকাল পরে চেতনা পাইয়া নানাপ্রকার সন্দেহযুক্ত হইয়া কাঁদিতে লাগিলেন ॥৬৬

এত রাত্রি হইল। তথাপি আমার শিশুপুত্র ঘরে আসিল না এবং তাহার কোনও সংবাদও পাইতেছি না। অতএব, হায় হায় ! না জানি নিষ্ঠুর বিধি কি করিবে ?৬৭

মন্যে প্রদোষসময়ে পথি সঞ্চরন্তং
মত্বা সুতং শশিনমগ্রসদেত্য রাহুঃ।
কিম্বা সুবর্ণঘটিতাং প্রতিমাং বিবুধ্য
মুগ্ধাশয়োঽহরদমুং বত কোঽপি চৌরঃ॥ ৬৮॥
রে রে (৯৫) বিধে! তব ময়াঽরচি কোঽপরাধঃ
যেনাতনোষি কুপিতো মদনিষ্টমেবম্।
ন প্রাপ্নুয়াং যদি সুতং তমহং কথঞ্চি-
দত্যৈব তর্হি সুরসিন্ধুহ্রদে (৯৬) বিশেয়ম্॥ ৬৯॥

এবং সাশ্রুধারং সোরস্তাড়ং ক্রন্দন্ত্যাং তস্যামতিগভীরোঽপি ভীরোপিতমোহো (৯৭) মিশ্রপুরন্দরোঽপি চক্রন্দ। তয়োশ্চ ক্রন্দতোঃ ক্রমেণ বিগতহাসকলং (৯৮) সকলং নগরমেব ক্রন্দিতুমারেভে॥৭০

(৯৫) রে রে সাক্ষেপসম্বোধনং, (৯৬) গঙ্গায়া আবর্ত্তময়-প্রদেশে, অত্যৈবেতি পাক্ষিক-হ্রস্ববিধানান্ন ছন্দোবিভঙ্গঃ॥ ৬৯॥

(৯৭) ভিয়া রোপিতো মোহো যস্য, (৯৮) বিগতা হাসস্য কলাপি যস্মাৎ॥ ৭০॥

আমার মনে হয়,—প্রদোষকালে যখন সে পথে ভ্রমণ করিতেছিল, তখন রাহু আসিয়া চন্দ্র মনে করিয়া আমার পুত্রকে গ্রাস করিয়াছে; অথবা কোনও চোর তাহাকে সুবর্ণগঠিত প্রতিমা জ্ঞান করত মুগ্ধ চিত্তে হরণ করিয়াছে॥৬৮

রে রে বিধি! আমি ত তোমার কোনও অপরাধ করি নাই, যাহাতে তুমি কুপিত হইয়া আমার এইরূপ অনিষ্ট করিতেছ! আমি যদি কোনও প্রকারে আমার পুত্রকে না পাই, তাহা হইলে অদ্যই আমি জাহ্নবী-জলপ্রবাহে প্রবেশ করিব॥৬৯

এইরূপে শচীদেবী যখন অশ্রুধারা মোচন ও বক্ষঃস্থলে করাঘাত করিতে করিতে কাঁদিতেছিলেন, তখন মিশ্র পুরন্দর গম্ভীর-প্রকৃতি হইলেও তিনি ভীত ও কিংকর্ত্তব্যবিমূঢ় হইয়া রোদন করিতেছিলেন। তাঁহারা উভয়ে এইরূপে ক্রন্দন করিতে থাকিলে ক্রমে ক্রমে সমস্ত নগরবাসিগণ হাস্যলেশ রহিত হইয়া ক্রন্দন করিতে আরম্ভ করিল॥৭০

তস্মিংশ্চ ক্রন্দনরবে নরবেদনাকরে ন কেবলং কিন্তু মোহনে বিহায়সাং হায়সাং দ্রাবণেঽপি (৯৯) নানা বিধাবতি বিধাবতি (১০০) দিশঃ সকলাঃ স কলানিধিস্তং নিশম্য শম্যঙ্গারেণেব দন্দহ্যমানো নগরশোভেক্ষণক্ষণমপহায় সদনাসদনায় (২) সাভিলাষো বভূব ॥৭১

অতস্তাভ্যাং মোষকাভ্যামোষকাভ্যামপি (৩) জগতস্তস্য সকলকর্ম্মকল্পেন সংকল্পেন সংনিযোজিতাভ্যাং জিতাভ্যাং তন্মায়য়া তদ্‌গৃহমেব স্বগৃহমিতি মত্বা 'আগতাঃ স্মঃ স্বগৃহ'মিতি মুহুর্ব্বদদ্ভ্যাং তৎপ্রাঙ্গণং প্রবিবিশে ॥৭২

যাবেব হৃত্বাঽনয়তাং প্রভুং তম্
আনীয় তাবেব পুনঃ স্ম দত্তঃ।
অহো বিচিত্রা খলু তস্য লীলা
স্মৃতাপি যা চিত্রয়তেঽপি বিজ্ঞান্ ॥ ৭৩ ॥

(৯৯) অয়সাং লৌহানাং দ্রাবণে দ্রাবকরে, (১০০) নানাপ্রকারবতি বিধাবতি বিশেষেণ ধাবতি, (১) নগরশোভাদর্শনোৎসবং, (২) গৃহাগমনায় ॥ ৭১ ॥

(৩) মোষকাভ্যাং চৌরাভ্যাং ওষকাভ্যাং জগতো দাহকাভ্যাং ॥ ৭২ ॥

তাঁহাদের সেই ক্রন্দনধ্বনি কেবলমাত্র যে মানবগণেরই বেদনা জন্মাইতেছিল, তাহা নহে; অধিকন্তু তাহা শুনিয়া পক্ষিগণ মোহিত এবং লৌহ সকলও দ্রবীভূত হইতেছিল। যখন এইরূপে সেই ধ্বনি নানাপ্রকারে সকল দিকে সঞ্চারিত হইতেছিল, তখন সেই কলানিধি গৌরচন্দ্র তাহা শুনিয়া শমী কাষ্ঠের জ্বলন্ত অঙ্গারের দ্বারা অত্যন্ত দগ্ধ হইবার ন্যায় অতিশয় সন্তপ্ত হইয়া নগরশোভাদর্শনের আনন্দ পরিত্যাগ করতঃ গৃহে আসিবার জন্য অভিলাষী হইলেন ॥৭১

অনন্তর জগতের পীড়াদায়ক সেই চৌরদ্বয়ও প্রভুর সকল কর্ম্মসাধনসমর্থ সঙ্কল্পের দ্বারা চালিত ও তাঁহার মায়ার দ্বারা নিয়ন্ত্রিত হইয়া প্রভুর গৃহকেই নিজগৃহ মনে করিয়া "আমার ঘরে আসিয়াছি" এই কথা বলিতে বলিতে তাঁহার প্রাঙ্গণে প্রবেশ করিল ॥৭২

যাহারা প্রভুকে হরণ করিয়া লইয়া গিয়াছিল, তাহারাই পুনরায় তাঁহাকে আনিয়া দিল। অহো! প্রভুর লীলা সত্যই অতি বিচিত্র। তাহা স্মরণ করিলে বিজ্ঞব্যক্তিগণও বিস্ময় প্রাপ্ত হইয়া থাকেন ॥৭৩

চৌরাংসতঃ সোঽবরুরোহ যাবদ্
গৌরোঽঙ্গনে তর্হি জনা মুহুস্তে।
উচ্চৈরয়ং গৌর ইতি ব্রুবাণাঃ
কোলাহলং সংব্যধুরেকদৈব ॥ ৭৪ ॥

তঞ্চ দৃষ্ট্বা সর্ব্বে জনা বারিপতি-বারিপতিতা-(৪) স্তরণিং প্রাপ্যেব নানাগদ-নাগদশন-চর্ব্যমাণা (৫) রসায়নং প্রাশ্যেব বেষ্টিতা বন-তনূনপাতা (৬) হনূনপাতা-(৭) মম্বুদালীং লব্ধ্বেব ভব-পবনাশনেন (৮) নাশনেন পীড়িতাস্তন্নাম-মন্ত্রমুচ্চার্য্যেব দুষ্খাদ্বিমুক্তা বভূবুঃ ॥ ৭৫ ॥

তদা চ তেষাং যুগপদ্ভুজান্তরং
শিশুং সমারোপয়িতুং তমিচ্ছতাম্।
মন্যেঽভবিষ্যৎ কলহঃ পরস্পরং
ন চেদধাস্যন্ জড়তাং সুখেন তে ॥ ৭৬ ॥

---

(৪) সমুদ্রজলে পতিতাঃ, (৫) নানারোগা এব নাগদশনাঃ সর্পবিশেষদন্তাঃ, (৬) বনতনূনপাতা বনানলেন বেষ্টিতা, (৭) অনূনোঽন্যূনঃ প্রচুরঃ পাতো গতিঃ পতনং যস্যাঃ, অম্বুদালীং মেঘশ্রেণীম্, (৮) সংসারসর্পেণ ॥ ৭৫ ॥

গৌর যখন তস্করের স্কন্ধ হইতে অঙ্গনে নামিলেন, তখন তত্রস্থ সকল লোকে উচ্চৈঃস্বরে "এই গৌর", "এই গৌর" এই কথা বলিয়া একই সময়ে কোলাহল করিয়া উঠিলেন ॥ ৭৪ ॥

সমুদ্রজলে পতিত ব্যক্তি নৌকা পাইলে, নানারোগরূপ সর্পদন্তের দ্বারা চর্ব্বিত ব্যক্তি রসায়ন ভক্ষণ করিলে, বনাগ্নি-বেষ্টিত ব্যক্তি প্রচুর বর্ষণশীল মেঘমালা প্রাপ্ত হইলে এবং সর্ব্বনাশকর সংসার-সর্প কর্তৃক প্রপীড়িত ব্যক্তি ভগবানের নাম মন্ত্র উচ্চারণ করিলে যেমন দুঃখ হইতে বিমুক্ত হয়, সেই প্রকার প্রভুকে দেখিয়া সমস্ত জনগণ দুঃখ হইতে বিমুক্ত হইলেন ॥ ৭৫ ॥

প্রভুর দর্শনজনিত সুখে যদি তাঁহারা তখন জড়তা প্রাপ্ত না হইতেন, তাহা হইলে সকলে শিশুকে যুগপৎ বুকে লইবার জন্য ইচ্ছুক হওয়ায়, বোধ হয়, তাহাদের পরস্পরের মধ্যে কলহ উপস্থিত হইত ॥ ৭৬ ॥

ততশ্চ—যো যঃ ক্রমেণ জড়তাং বিজহৌ স সোঽমুং
ক্রোড়ে নিধায় মুদিতঃ শতশশ্চু চুম্ব।
জঘ্রৌ শিরোঽস্য শতশো বত জীব জীবে-
ত্যাশীর্বচঃ পরিজগাদ চ সাশ্রুধারম্ ॥ ৭৭ ॥

মাতা তু পুত্রং নিজবাহুমধ্যং
যদা যদা নেতুমনা উদস্থাৎ।
তদা তদৈবাতিশয়-প্রমোদাৎ
সঞ্জাতকম্পাকুলিতা পপাত ॥ ৭৮ ॥

তদেবং তনয়ান্তিকং তস্যাং প্রাপ্তুমপারয়ন্ত্যামতিমতিমতী (৯) শ্রীমতী মালিনী তমানীয় তদঙ্কে সমর্পয়ামাস ॥ ৭৯ ॥

(৯) অতিমতিমতী অতিশয়বুদ্ধিমতী ॥ ৭৯ ॥

অনন্তর যে যে, ব্যক্তি ক্রমে ক্রমে জড়তা ত্যাগ করিতে লাগিলেন, সেই সেই ব্যক্তি প্রভুকে কোলে লইয়া সানন্দে অশ্রুধারা মোচন করিতে করিতে শত শতবার তাঁহাকে চুম্বন করিয়াছিলেন, শত শতবার তাঁহার মস্তক আঘ্রাণ করিয়াছিলেন এবং শত শতবার "জীব জীব" (বাঁচিয়া থাক, বাঁচিয়া থাক) বলিয়া তাঁহাকে আশীর্ব্বাদ করিয়াছিলেন ॥ ৭৭ ॥

মাতা পুত্রকে নিজ বাহুমধ্যে (বক্ষে) লইবার ইচ্ছায় যখন যখনই গাত্রোত্থান করিয়াছিলেন, তখন তখনই অতিশয় আনন্দভরে কম্পিত হইয়া পড়িয়া গিয়াছিলেন ॥ ৭৮ ॥

এই প্রকারে শচীমাতা পুত্রের নিকট যাইতে অসমর্থা হইলে, অতি বুদ্ধিমতী শ্রীমতী মালিনী বালককে লইয়া তাঁহার অঙ্কে প্রদান করিলেন ॥ ৭৯ ॥

ততশ্চ সা নেত্রযুগাৎ স্তনদ্বয়া-
দপি প্রবীণৈঃ (১০) পয়সাং ঝরৈর্ভৃশম্।
নিষিঞ্চতী পুত্রমচুম্বদম্বিকা
নিমেষশূন্যাক্ষিযুগা দদর্শ চ ॥ ৮০ ॥

তদেবমানন্দ-কোলাহলেন কিয়তি সময়ে নিরীয়মাণে (১১) রীয়মাণেক্ষণজলাঃ (১২) সর্ব্বে তং পপ্রচ্ছুঃ—'তাত! বিশ্বম্ভর! কুত্র যাতোঽসি, কুত্র স্থিতোঽসি, বদ বদে'তি। স চ সর্ব্বামুদন্ত-মুদন্ত (১৩) মন্যূনানধিকমেব বর্ণয়ামাসান্তরেণ স্বচাতুরী-বিলাসম্॥ ৮১ ॥

তচ্ছ্রুত্বাতিমুদিতহৃদয়াঃ সদয়াঃ সর্ব্বে সিচয়-নিচয়-নির্বপণায় (১৪) তাবন্বেষয়ামাসুঃ। তৌ তু তস্করা-বস্করা- (১৫) ববরূঢ়-মাত্রে ভগবতি গ্রহোন্মুক্তবল্লব্ধ-স্বরূপাববোধৌ ততঃ পুরতঃ (১৬) পুরত (১৭) এব পলায়াঞ্চক্রাতে। ততস্তৌ ন দৃষ্টৌ। সর্ব্বে বিস্ময়াব্ধিতরঙ্গে রঙ্গেণ মমজ্জুঃ ॥ ৮২ ॥

(১০) ক্ষরিতৈঃ পয়সাং জলানাং দুগ্ধানাঞ্চ ॥ ৮০ ॥

(১১) নির্গচ্ছতি, (ঈঙ্ গতৌ) (১২) ক্ষরদশ্রুজলাঃ, (১৩) সর্ব্বেষাম্ অমুদোঽসুখস্যান্তো যস্মাত্তম্ উদন্তং বার্ত্তাম্ ॥ ৮১ ॥

(১৪) বস্ত্রসমূহদানায়, (১৫) তস্করাবস্করৌ চৌরাধমৌ, (১৬) অগ্রতঃ, (১৭) নগরাৎ ॥ ৮২ ॥

তখন জননী শচীদেবী নয়নযুগল হইতে ক্ষরিত অশ্রুপ্রবাহ দ্বারা এবং স্তনদ্বয় হইতে ক্ষরিত দুগ্ধ প্রবাহের দ্বারা (অথবা নয়ন যুগল ও স্তন যুগল হইতে ক্ষরিত যথাক্রমে অশ্রু ও দুগ্ধ প্রবাহের দ্বারা) পুত্রকে অতিশয় সিক্ত করিতে করিতে তাহাকে চুম্বন এবং নির্নিমেষ নয়নে তাঁহাকে নিরীক্ষণ করিতে লাগিলেন ॥ ৮০ ॥

এইরূপে আনন্দ-কোলাহলে কিছু সময় গত হইলে সকলে নয়নজল মোচন করিতে করিতে প্রভুকে জিজ্ঞাসা করিলেন, "বৎস বিশ্বম্ভর! কোথায় গিয়াছিলে? কোথায় ছিলে? বল বল" তিনি নিজের চাতুর্য্যময়ী লীলাটি ব্যতীত সকলের দুঃখহারী সেই বৃত্তান্তটি ন্যূনাধিক পরিমাণে সকলের নিকট বর্ণনা করিলেন ॥ ৮১ ॥

ততঃ প্রঘাণে জননী ভুজান্তরে
নিবিশ্য গৌরে পিবতি স্তনং মুদা।
উদৈয়তেন্দুঃ কিমু পূর্ব্বয়া দিশা।
তদীক্ষণার্থং স্বমুদঞ্চিতং মুখম্ ॥ ৮৩ ॥

তঞ্চ নয়নায়নায়াত (১৮) মালোক্য বভাসে বিশ্বম্ভরো মাতরং মাতরম্বরীক্ষান্তরীক্ষাং (১৯) ক্রুধেব রুষৈব কিঞ্চিদরুণঃ কোঽপি রাজহংসো বিরাজতে বিরাজতেষ্টতমেনানেন (২০) বিহর্তুং মে লালসা ভবত্যলসা ভবত্যত্র মা ভবতু, কিন্তু নিবধ্যানয়ম্বেনম্ ॥ ৮৪ ॥

---

(১৮) নয়নপথাগতম্, (১৯) আকাশমধ্যে দর্শনম্, (২০) পক্ষিরাজতয়া ইষ্টতমেন ॥৮৪॥

সকলে তাহা শুনিয়া অত্যন্ত আনন্দিত হৃদয়ে সদয়ভাবে বস্ত্রসমূহ দান করিবার জন্য তাহাদের দুইজনকে অন্বেষণ করিতে লাগিলেন। কিন্তু সেই দুই তস্কর ভগবান্ স্কন্ধ হইতে নামিবামাত্র পিশাচগ্রহমুক্ত ব্যক্তির ন্যায় স্বরূপজ্ঞান প্রাপ্ত হইয়া তাহার অগ্রেই নগর হইতে পলায়ন করিয়াছিল। অতঃপর তাহাদের দুইজনকে না দেখিয়া সকলে কৌতুকপূর্ণ বিস্ময়-সাগর-তরঙ্গে নিমগ্ন হইয়াছিলেন ॥ ৮২ ॥

অনন্তর গৃহ লিন্দে জননীর অঙ্কে বসিয়া গৌর আনন্দে জননীর স্তন পান করিতে লাগিলেন। তখন চন্দ্র যেন তাঁহাকে দর্শন করিবার ইচ্ছায় পূর্ব্বদিক দিয়া তাহার মুখখানি উত্তোলন করিয়া উদিত হইয়াছিল ॥ ৮৩ ॥

তখন বিশ্বম্ভর চন্দ্রকে নয়নগোচর করিয়া জননীকে বলিলেন—"মাতঃ! আকাশমধ্যে কোনও একটি রাজহংস ক্রোধে যেন কিঞ্চিৎ রক্তবর্ণ হইয়া বিরাজ করিতেছে—দেখিতে পাইতেছ কি? এই পক্ষিরাজটি আমার একান্ত অভীষ্ট। ইহার সহিত বিহার করিবার জন্য আমার লালসা হইতেছে। তুমি আমাকে ঐটি বাঁধিয়া আনিয়া দাও। এ বিষয়ে তুমি অলস হইও না ॥ ৮৪ ॥

মাতোবাচ—মুগ্ধমতে ! নাশ্রৌষীঃ কুতোঽপি লোকাৎ কদাপি ত্বম্।
ন ভবতি চক্রাঙ্গো (২১) হ্যয়ং কিন্তু জগন্মাতুলশ্চন্দ্রঃ ॥ ৮৫ ॥

এতন্মাতুর্বচনমাকর্ণ্য সপরিহাস-হাসমুবাচ তনয়ো ন যোগ্যং মাতস্তবেদং বচনং, একঃ কথং স্যাজ্জগতো মাতুলো, মা তু লোকবিরুদ্ধমেবং পুনর্ব্বোচঃ, ভবত্যা মাতুলঃ কিং মমাপি মাতুলঃ স্যাৎ ? ॥ ৮৬ ॥

তচ্ছ্রুত্বা সহসং (২২) সহ-সম্মোদঞ্চ জগদে জনন্যা ন ন্যায়বিরুদ্ধং মম বচনং। শ্রূয়তাং—

লক্ষ্মীর্জগতো মাতা, ভার্য্যা বিষ্ণোর্জগৎস্রষ্টুঃ।
তস্যাঃ সহোদরোঽয়ং ভবতি জগন্মাতুলশ্চন্দ্রঃ ॥ ৮৭ ॥

পুত্রঃ স্ম সচমৎকারমাহ—রমা হরিপ্রেয়সী শ্রেয়সী শ্রেণীষু সুন্দরীণামিতি শ্রূয়তে, অয়ন্তু রাজতকংসবন্ (২৩) মুখকরচরণাদ্যবয়বরহিতস্তস্যাঃ সহোদরঃ কথং ভবেত্তবে খলু সর্ব্বত্র সোদরয়োঃ সারূপ্যমেব সমীক্ষ্যতে ॥ ৮৮ ॥

(২১) হংসঃ ॥ ৮৫ ॥
(২২) সহাসম্ ॥ ৮৭ ॥
(২৩) রূপ্যকাংস্যপাত্রবৎ ॥ ৮৮ ॥

মাতা উত্তর করিলেন—"মুগ্ধমতে (বোকাছেলে) তুমি কি কখনও কাহারও নিকট শোন নাই—এটি রাজহংস নয় কিন্তু উহা জগতের মাতুল চন্দ্র ?" ॥ ৮৫ ॥

জননীর এই কথা শুনিয়া পুত্র পরিহাস মিশ্রিত হাস্যসহকারে বলিলেন—"মা! তোমার একথা সমীচীন নয়। এক ব্যক্তি কি প্রকারে জগতের মাতুল হইবে? তুমি লোকবিরুদ্ধ এরূপ কথা আর বলিও না। তোমার মাতুল কি প্রকারে আমার মাতুল হইতে পারে ? ॥ ৮৬ ॥

তাহা শুনিয়া জননী সানন্দে হাসিতে হাসিতে বলিলেন—আমার বাক্য ন্যায়-বিরুদ্ধ নহে। শুন—"লক্ষ্মী জগতের মাতা এবং তিনি জগতের সৃষ্টিকর্ত্তা বিষ্ণুর ভার্য্যা। এই চন্দ্র সেই লক্ষ্মীর সহোদর, সুতরাং ইনি জগতের মাতুল" ॥ ৮৭ ॥

পুত্র তখন সবিস্ময়ে বলিলেন—লক্ষ্মী শ্রীহরির প্রিয়তমা এবং সুন্দরীগণের মধ্যে শ্রেষ্ঠা—এই কথাই শুনিতে পাওয়া যায়। কিন্তু এই চন্দ্র রজত ও কাংস্য-

এতৎ পুত্রবচনামৃতমাচম্য সহাসং সহাসংখ্যসুখঞ্চ শচী পুনরাচষ্ট—

মুখকরচরণাদ্যবয়বহীনো ন ভবতি শশী তাত !।
কিন্তু বিদূরতয়াসৌ লোকৈঃ সংলক্ষ্যতে তদ্বৎ (২৪) ॥ ৮৯ ॥

মাতুর্বাচমেতামেতার্থা- (২৫) মাকলয্য ক্ষণং বিমৃশ্য পুত্রঃ পুনরনুযুযোজ (২৬) যো জননি ! ত্বয়োক্তঃ সমাধিঃ (২৭) স মা ধিনোতি (২৮) কিন্তু ধারণশক্তিরহিতোঽপি গগনে গচ্ছন্নসৌ কথং ন পততি, তদাচক্ষ্ব ॥ ৯০ ॥

মাতোবাচ—পুত্র ! স্থিরো নভস্বানূর্দ্ধ্বে ভাগে সদৈবাস্তি।
তত্রৈব গচ্ছতি রথঃ শশিনস্তস্মাৎ পতত্যসৌ নাধঃ ॥ ৯১ ॥

(২৪) মুখাদ্যবয়বহীনবৎ ॥ ৮৯ ॥

(২৫) এতঃ প্রাপ্তোঽর্থঃ যয়া তাম্, (২৬) পপ্রচ্ছ, (২৭) সমাধানং, (২৮) স সমাধিঃ মা মাং ধিনোতি প্রীণয়তি ॥ ৯০ ॥

পাত্রের ন্যায় মুখ কর চরণ প্রভৃতি অবয়ব রহিত। অতএব চন্দ্র কিরূপে লক্ষ্মীর সহোদর হইতে পারে ? যেহেতু, এ সংসারে সর্ব্বত্র সহোদর ও সহোদরার মধ্যে সাদৃশ্যই দেখিতে পাওয়া যায় ॥৮৮

পুত্রের এই বচনামৃত পান (আস্বাদন) করিয়া শচী পুনরায় সহাস্যে ও অসীম আনন্দভরে বলিলেন—বৎস ! চন্দ্র মুখ, কর, চরণাদি অবয়বশূন্য নহে। কিন্তু অনেক দূরে আছে বলিয়া লোকে উহাকে ঐ প্রকার দেখিয়া থাকে ॥৮৯

মায়ের এই অর্থযুক্ত বাক্য শ্রবণ করতঃ ক্ষণকাল চিন্তা করিয়া পুত্র পুনরায় প্রশ্ন করিলেন—তুমি যে সিদ্ধান্তটি বলিলে, তাহাতে আমি সন্তুষ্ট হইয়াছি। কিন্তু "আকাশের ত ধারণ শক্তি নাই। অতএব সেই আকাশপথে গমন করিতে করিতে চন্দ্র কেন পড়িয়া যায় না—তাহা আমাকে বল" ॥৯০

মাতা উত্তর করিলেন—পুত্র ! ঊর্দ্ধভাগে বায়ু সর্ব্বদা স্থিরভাবে বর্ত্তমান আছে। সেইস্থান দিয়াই চন্দ্রের রথ গমন করে, সুতরাং সে নীচে পড়িয়া যায় না ॥৯১

এবং কথাশ্রবণ-সৌখ্য-সমেতনিদ্রং
শয্যাতলে সুতমশীশয়দম্বিকাসৌ।
ভৃত্যস্তয়োর্মৃদুমৃদু ব্যজনেন কশ্চিৎ
সংবীজনং স্ম কুরুতে রঘুনন্দনাখ্যঃ॥ ৯২॥

ইতীত্যাদি শ্রীগৌরলীলামৃতে মধ্যবাল্যবিলাসো নাম ষষ্ঠ আস্বাদঃ॥

এইরূপে কথাশ্রবণজনিত সুখে পুত্র নিদ্রিত হইয়া পড়িলে জননী শচীদেবী তাঁহাকে শয্যায় শয়ন করাইয়াছিলেন। তখন রঘুনন্দন নামক তাঁহাদের কোনও এক ভৃত্য ব্যজনের দ্বারা ধীরে ধীরে তাঁহাকে বাতাস করিয়াছিলেন॥৯২

ইতি শ্রীগৌরলীলামৃতে মধ্যবাল্যবিলাস নামক ষষ্ঠ আস্বাদ॥

শ্রীশ্রীগৌরাঙ্গ-চম্পূঃ

—ঃ(*)ঃ—

সপ্তম আস্বাদঃ

অথ জগদিনে (১) দিনেশে সুকুলে সুখভরজনিকরে (২) রজনীকরে চ সর্ব্বশুভেক্ষণে (৩) ক্ষণে শ্রীমতা মিশ্র-প্রধানেন বিধানেন বিদ্যাবদ্ভিরভিহিতেন হিতেন চূড়াকরণং সুতস্য তস্য চক্রে ॥১

তদা তু গৌরস্য শিরঃ সুমণ্ডিতং
মল্লীস্রজানদ্ধমতীব সংবভৌ।
সুরাপগা-সুন্দর-বারিধারয়া
সুমেরুশৃঙ্গং পরিবেষ্টিতং যথা ॥ ২ ॥

তদা সুবিদ্ধে শ্রবণদ্বয়ে প্রভু-
র্দধার জাম্বূনদ-কুণ্ডলীদ্বয়ম্।
ধর্ত্তুং জগন্নেত্র-চকোর-বালকান্
পাশাবিবাস্যেন্দু-নিতান্ত-লোভিতান্ ॥ ৩ ॥

তস্মিন্ পুনঃ কুণ্ডলিকাদ্বয়ে প্রভোঃ
কশ্চিৎ সমারোপয়তি স্ম মৌক্তিকম্।
জগন্মনোমীন-গণ-গ্রহেচ্ছয়া
কিং বস্তু লোভ্যং বড়িশে হিরণ্ময়ে ॥ ৪ ॥

(১) জগত ইনে প্রভৌ, (২) সুখাতিশয়োৎপাদকরে, (৩) সর্ব্বশুভানামীক্ষণং যত্র ॥১॥

তদনন্তর জগৎপতি সূর্য্য এবং সুখাতিশয়জনক চন্দ্র অনুকূল হইলে সর্ব্বশুভলক্ষণান্বিত-ক্ষণে শ্রীমান্ মিশ্রবর পণ্ডিতগণ-কথিত হিতকর বিধানে পুত্র বিশ্বম্ভরের চূড়াকরণ করিয়াছিলেন ॥১

তখন গৌরের সুন্দর মুণ্ডিতমস্তক মল্লিকামালাদ্বারা বেষ্টিত হইয়া সুরধুনীর সুন্দর বারিধারা পরিবেষ্টিত সুমেরুশৃঙ্গের ন্যায় অতিশয় শোভা পাইয়াছিল ॥২

প্রভু তখন নিজের বদনচন্দ্রের দ্বারা নিতান্ত লোভিত জগদ্বাসিজনবৃন্দের নয়নরূপ-চকোর-শাবকদিগকে ধরিবার জন্য পাশদ্বয়ের ন্যায় সুবিদ্ধকর্ণযুগলে দুইটি স্বর্ণকুণ্ডল ধারণ করিয়াছিলেন ॥৩

প্রভুর সেই কুণ্ডলদ্বয়ে কেহ একটি মুক্তাফল সংযুক্ত করিয়া দিয়াছিলেন।

তদেবং বালক-লীলয়া কলীলয়া (৪) মোহিতানাং মানবানাং নবানাং মোদানাং সংবর্দ্ধনায় বর্দ্ধনায় (৫) চ দুঃখানামহরতিহরতি (৬) গৌরবিধৌ কদাচিৎ কোঽপি কোপিতা-কামিতাদি (৭)-বর্জ্জিতোঽর্জ্জিতোরুতপা বালগোপালোপাসকস্তৈর্থিকো ব্রাহ্মণো মিশ্রগৃহেঽতিথির্বভূব ॥৫

স্কন্ধে চারু-বিহঙ্গিকাং (৮) দধদসৌ তীর্থাম্বুপূর্ণৈর্ঘটৈঃ
সংরাজৎ-পিটক (৯)-দ্বয়েন বিলসৎকোটি (১০) দ্বয়াং চিক্কণাম্।
কাষায়াম্বরধৃক্ সুপর্ব্বতটিনী-মৃৎস্না-বিলিপ্তাঙ্গক-
স্তেজোরাশিভিরুজ্জ্বলো রবিরিব শ্রীমান্ বিবেশালয়ম্ ॥ ৬ ॥

(৪) কলেঃ ইলয়া কলীলয়া কলিবাচা, অথবা কলিরেব ইলা ইরা সুরা তয়া। (৫) ছেদনায়, (৬) অহঃ অতিহরতি দিনং যাপয়তি, (৭) কোপকামাদীত্যর্থঃ ॥ ৫ ॥

(৮) ভারযষ্টিং "বাঁক" ইতি ভাষা, (৯) পিটকঃ পেড়া "পেটারী" ইতি ভাষা, (১০) প্রান্তঃ ॥ ৬ ॥

(মনে হইতেছিল যেন) কেহ কি জগদ্বাসিজনগণের মনোরূপ মৎস্যদিগকে ধরিবার ইচ্ছায় স্বর্ণময় বড়িশে লোভনীয় বস্তু যোজিত করিয়া রাখিয়াছে? ॥৪

এইরূপে গৌরচন্দ্র যখন কলির শাসনে অথবা কলিরূপ সুরা দ্বারা মোহিত মানবগণের নবীন আনন্দবর্দ্ধন ও দুঃখরাশি খণ্ডন করিবার জন্য বাললীলায় দিনযাপন করিতেছিলেন, তখন একদা কামক্রোধাদিবর্জ্জিত, মহাতপস্বী, বালগোপালের উপাসক কোনও একজন তৈর্থিক ব্রাহ্মণ আসিয়া মিশ্রগৃহে অতিথি হইলেন ॥৫

তিনি স্কন্ধে একটি সুন্দর বাঁক ধারণ করিয়া মিশ্রভবনে প্রবেশ করিয়াছিলেন। সেই বাঁকের চিক্কণপ্রান্তদ্বয়ে দুইটি পেটারী শোভা পাইতেছিল। তাহাতে তীর্থজলপূর্ণ ঘটসকল বিরাজিত ছিল। তাঁহার পরিধানে কাষায় বসন এবং অঙ্গ গঙ্গামৃত্তিকা দ্বারা বিলিপ্ত ছিল এবং তিনি সূর্য্যের ন্যায় উজ্জ্বল তেজোরাশিমণ্ডিত ও পরমসুন্দর কান্তিযুক্ত ছিলেন ॥৬

তঞ্চ কণ্বমুনিমিব ব্রজরাজো বিলোক্য মিশ্রপুরন্দরঃ সাদরঃ সাদভ্রহর্ষঃ (১১) সমুত্থায়াভ্যবাদয়ত্তাহদয়ত্তাপি দিব্যমাসনং সনন্দনোপমায় তস্মৈ ॥৭

অঙ্গীকৃতাসনমবেক্ষ্য স তৈর্থিকং তং
মিশ্রো নিনেজ শুচিনাম্বু জলেন পাদৌ।
অর্ঘ্যং দদৌ সমধুপর্কমপাঞ্চ পাত্রং
ন্যূনা ভবেদ্ধি খলু সৎস্বতিথেঃ সপর্য্যা ॥ ৮ ॥

স চ তত্তদঙ্গীকৃত্য সুখাসীনস্তত্রাগতং বিশ্বম্ভরং বিলোক্য সচমৎকারং পরামমর্শ—

ভ্রান্তা ময়া জনপদা বহবোহপি কিন্তু
নৈতাদৃশঃ কচিদলোকি শিশুর্মনোজ্ঞঃ।
চিত্রং বিলোক্য সকৃদেব যমীক্ষণে মে
নাস্মান্নিবৃত্য পুনরাব্রজিতুং ক্ষমেতে। ৯ ॥

---

(১১) অদভ্রেণ অনল্পেন হর্ষেণ সহিতঃ, অদয়ত অদত্ত "দয় দানে" ॥ ৭ ॥

ব্রজরাজ নন্দের ন্যায় মিশ্রপুরন্দর কণ্বমুনি সদৃশ সেই অতিথিকে দর্শন করিয়া সাদরে ও প্রচুর হর্ষভরে গাত্রোত্থান পূর্ব্বক তাঁহাকে অভিবাদন করিলেন এবং সনন্দন তুল্য সেই ব্রাহ্মণকে বসিবার নিমিত্ত দিব্য আসন প্রদান করিলেন ॥৭

সেই তৈর্থিক ব্রাহ্মণ আসন গ্রহণ করিয়াছেন দেখিয়া মিশ্র শুদ্ধজলের দ্বারা তাঁহার পাদদ্বয় প্রক্ষালন করিয়া দিলেন। সজ্জনদিগের নিকট অতিথির সেবা (বিশেষভাবে করিলেও তাহা) অল্প বলিয়াই অনুমিত হইয়া থাকে ॥৮

তিনি সেই অর্ঘ্যাদি অঙ্গীকার করিয়া সুখে উপবেশন করিলে সেখানে বিশ্বম্ভর আসিয়া উপস্থিত হইলেন। তাঁহাকে দেখিয়া সেই তৈর্থিক সবিস্ময়ে বিচার করিতে লাগিলেন—আমি বহু জনপদ ভ্রমণ করিয়াছি, কিন্তু এইরূপ মনোহর শিশু কোথায়ও দেখি নাই। কি আশ্চর্য্য! ইহাকে একবার মাত্র দেখিয়া আমার নয়নদ্বয় ইহা হইতে পুনরায় ফিরিয়া আসিতে সমর্থ হইতেছে না ॥৯

অথ মিশ্রেণ তদনুমতিং নীত্বা পাকসামগ্রীসাধনে কৃতে স খলু নানাপ্রকারাণ্যন্নানি পক্ত্বা পরিবেশ্য স্বেষ্টদেবায় বালগোপালায় নিবেদ্য তদ্‌ভোজনলীলাং ধ্যাতুমারেভে ॥১০॥

যথা—ভূমৌ জানু নিধায় বামমতুলং বামং করাব্জং তথা
জানূত্তোল্য পরং পরঞ্চ চরণং বিন্যস্য ভূমীতলে।
ভুঙ্‌ক্তেঽন্নং বিরলাঙ্গুলীদলভৃতা সব্যেন হস্তেন সৎ
সর্পিব্যঞ্জন-সূপ-পূপ-সহিতং শ্রীবালগোপালকঃ ॥ ১১ ॥

তদেবং জাতভাবকস্য (১২) ভাবকস্য তস্য ভক্ত্যা সমাকৃষ্টো ভগবান্ বিশ্বম্ভরস্তস্য সমীপং গত্বা তদ্ধ্যানানুসারেণ তদন্নং বুভুজে ॥ ১২ ॥

(১২) জাতরতে ॥ ১২

অনন্তর মিশ্র তাঁহার অনুমতি লইয়া পাকের সামগ্রী আয়োজন করিয়া দিলেন। তিনি নানাপ্রকার অন্নব্যঞ্জনাদি পাক করিলেন এবং তাহা পরিবেশনপূর্ব্বক নিজের ইষ্টদেবতা বালগোপালকে নিবেদন করিয়া তাঁহার ভোজনলীলা ধ্যান করিতে আরম্ভ করিলেন ॥ ১০

যথা—শ্রীবালগোপাল ভূমিতে অনুপম বামজানু এবং বামকরকমল স্থাপনপূর্ব্বক দক্ষিণজানু তুলিয়া এবং দক্ষিণ চরণ ভূতলে ন্যস্ত করিয়া বিরল অঙ্গুলীদলযুক্ত দক্ষিণ হস্তের দ্বারা ঘৃতযুক্তব্যঞ্জন-সূপপিষ্টক সমন্বিত অন্ন ভোজন করিতেছেন ॥ ১১

এই প্রকারে জাতরতি সেই ভাবনাশীল ব্রাহ্মণের ভক্তিতে আকৃষ্ট হইয়া ভগবান্ বিশ্বম্ভর তাঁহার সমীপে গমন করিয়া তাঁহার ধ্যানানুসারে সেই অন্ন ভোজন করিতে লাগিলেন ॥ ১২

তস্য চ ভোজনরবতো ভঞ্জিতধ্যানঃ স দ্বিজবরো জব-রোচিত-(১৩) মুত্থায় স্বমনসেদমাহ স্ম। অহো! সোঽয়ং বালোঽবালোক্যায়ং সবিস্ময়োঽহমভূবমভূবর্ত্তিরূপমস্য সত্যং, কিন্তু সর্ব্বগুণমোষা দোষা দোধূয়ন্তে মানসং মানসন্ধানার্হ-(১৪) স্ততো ন ভবত্যয়ম্ ॥ ১৩

সুন্দরোঽপি পরজীব-মানস-ক্ষোভি-দোষযুগলং ন শোভতে
শম্বরারিরতিসুন্দরোঽপি সন্ শত্রুবর্গমনুপঠ্যতে বুধৈঃ ॥ ১৪ ॥

এবং বিমৃশ্য নির্গত্যোদবসিতাদবসিতাত্মা-(১৫)-সনমধ্যাসামাস সামাসক্তহৃদয়ো (১৬) দয়োদয়ান্ন কিঞ্চিদুবাচ। মিশ্রপুরন্দরস্তু তং তথাভূতং লোকয়িত্বায়িত্বা তদন্তিকং পপ্রচ্ছ —"প্রভো! কথমকৃত্বৈব গ্রসন (১৭)-মাসনমাশ্রিতোঽসীতি"। স তূবাচ ॥ ১৫

(১৩) জবেন বেগেন রোচিতং প্রকাশিতং যথা স্যাৎ। (১৪) সম্মান-সন্ধানার্হঃ ॥ ১৩
(১৫) অবসিতাত্মা অসংযতচিত্তঃ, (১৬) প্রিয়ভাষণাসক্তমনাঃ, (১৭) ভোজনম্ ॥ ১৫

প্রভুর ভোজনশব্দে সেই দ্বিজবরের ধ্যান ভঙ্গ হইল। তিনি সবেগে উঠিয়া মনে মনে এই কথা বলিতে লাগিলেন—"অহো! যাহাকে দেখিয়া আমি বিস্মিত হইয়াছিলাম, এই সেই বালকটি। ইহার রূপ অলৌকিক সত্য, কিন্তু ইহার সর্ব্বগুণহারী দোষসকল আমার চিত্তকে আন্দোলিত করিতেছে। অতএব এ বালক সম্মানপ্রাপ্তির যোগ্য নহে ॥ ১৩

কেহ সুন্দর হইলেও তাহার যদি এমন কোনও দোষ থাকে যাহাতে অন্যজীবের চিত্তে ক্ষোভ জন্মে, তাহা হইলে সেই ব্যক্তি যথেষ্ট শোভা পায় না। কেন না, কামদেব অতি সুন্দর হইলেও পণ্ডিতগণ তাহাকে রিপুগণের মধ্যেই গণনা করিয়া থাকেন ॥ ১৪

এইরূপ বিচার করতঃ সেই ব্রাহ্মণ গৃহ হইতে বাহির হইয়া অসংযত চিত্তে আসনে গিয়া উপবেশন করিলেন। তিনি প্রিয়ভাষণে আসক্তচিত্ত ছিলেন। সুতরাং তাঁহার দয়ার উদয় হওয়ায় তিনি কিছুই বলিলেন না। কিন্তু মিশ্রপুরন্দর তাঁহাকে সেই প্রকার দেখিয়া তাঁহার নিকটে যাইয়া জিজ্ঞাসা করিলেন—"প্রভো! আপনি ভোজন না করিয়াই কেন আসিয়া আসন গ্রহণ করিলেন? তখন তিনি উত্তর করিলেন— ॥ ১৫

মিশ্র! ন সিদ্ধং ভোজনময়ে ন বা সেৎস্যতীহ মম।
কশ্চন বালঃ কৃতবানন্নং সর্ব্বং তদুচ্ছিষ্টম্ ॥ ১৬ ॥

সিদ্ধং মম ন যদশনং তেন ন খেদো মমান্তরে কোঽপি।
গোপাল-ভোগলীলা ধ্যানং পূর্ণং ন যত্ততঃ সোঽস্তি। ১৭ ॥

মিশ্রস্তু তাং গিরং গরংগহনং মত্বা কম্পিততরতনুরতনুভিয়াঽভিয়ায় গৃহমধ্যমধ্যাশ্নন্তং সুতং সমালোক্য জাতপ্রতিঘো (১৮) ঽতিঘোরলোচনো "রে রে চপলাশয় পলাশযক্ষ-প্রকৃতে! (১৯) কিমেতদকরো রদকরোরস (২০) তিষ্ঠ তিষ্ঠ" ইত্যুক্ত্বা তিতাড়য়িষু-র্দণ্ডমন্বেষয়ামাস ॥ ১৮

ভগবাংস্তু 'মম কো দোষো (ক) দোষাদ্ধীকৃতেনায়মেব মে বহুধাহ্বানং বিহিতবানী-

---

(১৮) জাতক্রোধঃ, (১৯) পলাশাঃ রাক্ষসাঃ, (২০) খণ্ডনকারিণাং শ্রেষ্ঠ! ॥ ১৯ ॥
(ক) উদ্ধীকৃতেন দোষা বাহুনা, (২১) আতুরং যথা স্যাৎ তথা গচ্ছতি স্ম ॥ ১৯ ॥

হে মিশ্র! আমার ভোজন সিদ্ধ হয় নাই অথবা এখানে সিদ্ধ হইবে না। কোনও একটি বালক সেই অন্নসকল উচ্ছিষ্ট করিয়া দিয়াছে ॥ ১৬

আমার আহার যে সিদ্ধ হয় নাই, সেজন্য আমার অন্তরে কোনও দুঃখ নাই। তবে গোপালের ভোগলীলাধ্যান যে পূর্ণ হয় নাই, সেইজন্যই আমার দুঃখ ॥ ১৭

তখন মিশ্র তাঁহার বাক্য তীব্র বিষবৎ মনে করিয়া অত্যন্ত ভয়ে কম্পিত কলেবরে গৃহমধ্যে গমন করিলেন এবং পুত্রকে অন্ন ভক্ষণ করিতে দেখিয়া ক্রুদ্ধ হইয়া অতিভয়ঙ্কর-লোচনে বলিতে লাগিলেন—রে রে চঞ্চলমতে! তোর স্বভাব যক্ষরাক্ষসের ন্যায় দেখিতেছি। রে সর্ব্বনাশিশ্রেষ্ঠ! "তিষ্ঠ তিষ্ঠ" এই কথা বলিয়া তাহাকে তাড়না করিবার ইচ্ছায় দণ্ড অন্বেষণ করিতে লাগিলেন ॥ ১৮

ভগবান্ তখন অতিনিম্নস্বরে বলিতে লাগিলেন—আমার দোষ কি? —এই ব্যক্তি বাহু উর্দ্ধে উত্তোলন করিয়া আমাকে বহুবার আহ্বান করিয়াছিল

হিতবাণীদৃশমেব দ্রষ্টুং মমাদনং মাদনং লোচনস্যেতি' নীচৈরুক্ত্বা পলায়মানো মাতুরঙ্ক-মাতুরং কষতি স্ম (২১)॥ ১৯

মিশ্রস্তু পুনঃ পাকায় কায়ক্লেশভিয়ানুত্থন্তমপি তৈর্থিকমর্থিকমনীয়বচনেন প্রসাদ্য পুনরপি নরপিতৃসমানো (২২) যতমানো যতমনাঃ (২৩) পাচয়ামাস ॥ ২০ ॥

শ্রীগৌরস্তু পিতৃভয়তো যতো নিদ্রামগমদগমদহারিহারিধৈর্য্যা (২৪) মাতাতো 'মা তাতোন্নিদ্রো ভব যাবৎ কোঽপি নাহ্বয়তী' ত্যুক্ত্বা তং শময়িত্বা কার্য্যান্তরায় জগাম ॥ ২১ ॥

(২২) নরাবতারস্য পিতা ধর্ম্মঃ তস্য সদৃশঃ, (২৩) যতমনাঃ স্বভাবেন সংযতচিত্তঃ যদ্বা তস্য ভোজনাসিদ্ধ্যা অযতমনাঃ । ২০ ॥

(২৪) পর্ব্বতমদহারি-মনোহরধৈর্য্যা ॥ ২১ ॥

এবং নয়নানন্দকর আমার এইরূপ ভোজন দেখিবার জন্য ইচ্ছা করিয়াছিল।"—এই কথা বলিয়া তিনি ভীতভাবে মায়ের কোলে গিয়া উঠিলেন ॥ ১৯ ॥

তৈর্থিক কায়ক্লেশভয়ে পুনরায় পাকের জন্য উদ্যত না হইলেও যাচকের ন্যায় কমনীয় বাক্যে (অথবা প্রার্থনাযুক্ত মনোহর বাক্যে) তাঁহাকে প্রসন্ন করিয়া সাক্ষাৎ ধর্ম্মসদৃশ স্বভাবতঃ সংযতচেতা (অথবা তাঁহার ভোজন না হওয়ায় অস্থিরচিত্ত) মিশ্র যত্নপূর্ব্বক পুনরায় তাঁহার দ্বারা পাক করাইয়াছিলেন ॥ ২০ ॥

এদিকে শ্রীগৌর পিতার ভয়ে ভীত হইয়া যখন নিদ্রিত হইয়া পড়িলেন, তখন পর্ব্বতগর্ব্বহারি মনোহর ধৈর্য্যশালিনী মাতা শচীদেবী তাহাকে বলিলেন—"বৎস! যে পর্য্যন্ত তোমাকে কেহ আহ্বান না করে, সে পর্য্যন্ত জাগিও না।"—এই কথা বলিয়া তাঁহাকে শয়ন করাইয়া অন্য কার্য্যে গমন করিলেন ॥ ২১ ॥

মিশ্রোঽপি পুত্রং নিদ্রিতমবগত্য নিশ্চিন্তো দামোদরস্য পরিচর্য্যার্থং তদ্বেশ্ম বিবেশ ॥২২

তৈর্থিকস্তু পাকে নিষ্পন্নে পূর্ব্ববদ্ গোপালায় নিবেদ্য তং ধ্যায়ন্নিদং জগাদ—

গোপাল! পূর্ব্বং তব ভোজনক্রিয়া
ন পূর্ত্তিমাপেতি মমাজনি ব্যথা।
ততঃ সমাগত্য পুনঃ কৃপানিধে!
নিবেদিতং ভুঙ্‌ক্ষ্ব ময়েদমোদনম্ ॥ ২৩ ॥

এবং যদাহ্বয়তি বিপ্রবরস্তদৈব
নিদ্রাং বিহায় বিভুরাগমদেষ তত্র।
ভক্তো যদাহ্বয়তি তং করুণং ক তিষ্ঠে-
ন্নিদ্রা তদাস্য বত কার্য্যমপীতরৎ ক ॥ ২৪ ॥

মিশ্রও "পুত্র নিদ্রিত হইয়াছে" জানিয়া নিশ্চিন্ত হইয়া দামোদরের সেবার নিমিত্ত তাঁহার মন্দিরে প্রবেশ করিলেন ॥২২

পাক শেষ হইলে তৈর্থিক পূর্ব্ববৎ অন্নব্যঞ্জনাদি গোপালকে নিবেদন করিয়া তাঁহাকে ধ্যান করিতে করিতে এই কথা বলিতে লাগিলেন—"হে গোপাল! পূর্ব্বে তোমার ভোজন ক্রিয়া সম্পন্ন হয় নাই বলিয়া আমার মনে দুঃখ হইয়াছিল। অতএব হে কৃপানিধে! তুমি পুনরায় আসিয়া আমার নিবেদিত এই অন্ন ভোজন কর ॥২৩

বিপ্রবর যখন গোপালকে এইরূপে আহ্বান করিলেন, তখন প্রভুও নিদ্রা পরিত্যাগ করিয়া সেখানে গিয়া উপস্থিত হইলেন। ভক্ত যখন তাঁহাকে করুণভাবে আহ্বান করেন, তখন তাঁহার নিদ্রাই বা কোথায় এবং অন্যান্য কার্য্যই বা কোথায় থাকে? ॥২৪

ততশ্চ তস্মিন্নোদনং গ্রসতি সতি স বিপ্রো বিপ্রোজ্ঝধ্যানমুন্মীল্য লোচন-যুগলং তল্লীলামালোক্যাহো লুব্ধোঽয়ং বালোহলমিতি মুহুরালপ্যালয়াদ্ বহিরেত্যাসনে সমুপবিবেশ। শ্রীবিশ্বম্ভর-বপ্রস্তু (২৫) প্রস্তুতং কর্ম্ম সাধয়িত্বাঽয়িত্বা তন্নিকটং পপ্রচ্ছ— অয়ে! পুণ্যচরিতাচরিতাশনোঽসীতি ॥২৫

বার্ত্তা বদেয়ং যদহং যথাতথং (২৬)
তদা রুষা বালকমেষ তাড়য়েৎ।
এবং কৃপালুঃ প্রবিবেচ্য শঙ্কিতো
ন কিঞ্চনৈষ্টে রয়িতুং (২৭) স তৈর্থিকঃ ॥ ২৬ ॥

মিশ্রস্তু ততোঽতিশঙ্কামাপন্নঃ কামাপন্নঃ প্রাপদিতি বিচিন্ত্য প্রবিশ্য বাসোদরং সোদরং বিশ্বরূপস্য পশ্যন্নন্নমদন্তং—'মদন্তং কৃতবানসি রেঽবোধমতেঽধম! তে দণ্ডং করিষ্যামীত্যেবংবিধা গিরো রুষ্টঃ সন্ চারয়ন্ চারয়ন্নিকটং (২৮) তস্য কম্পিত-সংহননো (ক) হননোদ্যতো বভূব।২৭

(২৫) বপ্রঃ পিতা, ॥ ২৫ ॥

(২৬) সত্যং যথা স্থ তথা, (২৭) কিঞ্চন কথয়িতুং ন ঐষ্ট শশাক ॥ ২৬ ॥

(৮) চারয়ন্ গচ্ছন্, কম্পিতদেহঃ ॥ ২৭ ॥

অনন্তর প্রভু যখন সেই অন্ন ভোজন করিতে লাগিলেন, তখন সেই বিপ্রের ধ্যান-ভঙ্গ হইল। তিনি নেত্রদ্বয় উন্মীলনপূর্ব্বক ঐ লীলা দর্শন করতঃ "অহো! এই বালকটি অত্যন্ত লোভী" বারংবার এই কথা বলিয়া গৃহ হইতে বাহিরে আসিয়া আসনে উপবেশন করিলেন। অতঃপর—শ্রীবিশ্বম্ভরের পিতা প্রস্তুত (আরব্ধ) কর্ম্ম সমাপন করিয়া তাঁহার নিকটে যাইয়া জিজ্ঞাসা করিলেন "অয়ে পুণ্যচরিত! আপনি ভোজন করিয়াছেন কি?" ॥২৫

"আমি যদি যথার্থ সংবাদ বলি, তাহা হইলে ইনি ক্রোধে বালককে তাড়না করিবেন" এইরূপ বিচার করতঃ শঙ্কিত হইয়া সেই দয়ালু তৈর্থিক কোন কথাই বলিতে পারিলেন না ॥২৬

মিশ্র তাহাতে আরও অধিক শঙ্কাপ্রাপ্ত হইলেন। "আমাদের কোনও বিপদ্ ত উপস্থিত হয় নাই?" এইরূপ চিন্তা করিতে করিতে তিনি গৃহমধ্যে প্রবেশ করিয়া

তদ্ দৃষ্ট্বা স তৈর্থিকঃ কৃপাপারাবারো রাবারোপিতবারণো (২৯) বারণোত্তমকরাকারাভ্যাং বাহুভ্যাং মিশ্রপুরন্দরং দধার ॥২৮

সুতস্ত্বীশ্বরোঽপি সংসারস্য সারস্য প্রেম্নোঽধীনতয়া দৃশা পশ্যন্ বসুমতী-মতীবশুষ্কবদনরাজীবকো নরাজীবকোমলচরিতঃ (৩০) সগদ্‌গদমিদং জগাদ ॥২৯

তাত! মাং প্রতি কুরুষ্ব মা ক্রুধং
নাত্র দূষণ-কণোঽপি মেঽস্তি যৎ।
আহ্বয়ত্যসকৃদেষ এব মাং
তৎ কিমত্র করবাণি তদ্বদ। ৩০ ॥

(২৯) রাবেণ শব্দেন আরোপিতং জনিতং বারণং নিবারণং যেন সঃ ॥ ২৮ ॥
(৩০) নরাণামাজীবরূপং জীবাতুস্বরূপং কোমলং চরিতং যস্য ॥ ২৯ ॥

দেখিলেন—বিশ্বরূপের সহোদর বিশ্বম্ভর অন্ন ভোজন করিতেছে। তাহা দেখিয়া ক্রুদ্ধ হইয়া বলিতে লাগিলেন—"অরে অজ্ঞানমতে! অধম বালক! তুই আমার সর্ব্বনাশ করিলি? তোর দণ্ড বিধান করিতেছি।" এই কথা উচ্চারণ করিতে করিতে কম্পিত কলেবরে তাহার নিকটে গিয়া তাহাকে প্রহার করিতে উদ্যত হইলেন ॥২৭

তাহা দেখিয়া করুণাসাগর সেই তৈর্থিক উচ্চশব্দে তাহাকে মারিতে নিষেধ করিয়া নিজের করিশুণ্ডসদৃশ বাহুযুগলদ্বারা মিশ্রপুরন্দরকে ধারণ করিলেন ॥২৮

এদিকে মিশ্রের পুত্র বিশ্বম্ভর জগতের ঈশ্বর হইলেও তিনি সর্ব্বোত্তম প্রেমের অধীন এবং তাঁহার কোমল চরিত্র মানবগণের জীবাতুস্বরূপ। সুতরাং পিতার আচরণে তাঁহার বদনকমল অতিশয় শুকাইয়া গেল। তিনি নতদৃষ্টিতে ভূতলে দৃষ্টি নিক্ষেপ করিতে করিতে গদ্‌গদস্বরে এই কথা বলিলেন ॥২৯

পিতঃ! আমার প্রতি ক্রোধ করিবেন না। এ বিষয়ে আমার বিন্দুমাত্রও দোষ নাই। কেননা—এই ব্রাহ্মণই আমাকে বারংবার আহ্বান করিতেছেন। ইহাতে আমি কি করিব বলুন ॥৩০

ইত্যুদীর্য্য ভয়বিহ্বলঃ প্রভু-
র্বাল্যভাব-বশতঃ পরাপতন্ (৩১)
মাতরেহি নয় মামিতীরয়-
ন্নেত্য বক্ষসি দধে তয়া দ্রুতম্ ॥ ৩১ ॥

মিশ্রস্তু ব্যথিত-মানসোঽমান-সোদ্বেগ-বিষাদোঽধোলপনো (৩২) লপনোজ্ঝিতো (৩৩) লোচন-কমল-কমলধারাভি-(৩৪) রাভিসিঞ্চন্ কেবলং ভূমিতলং মিতলঙ্গিম-বচনেনা-(৩৫) নেনানেনা (৩৬) জগাদ তৈর্থিকেন ॥৩২

মিশ্রেন্দ্র ! হে ক্রন্দসি কিং নিরর্থকং
মমাস্তি নৈবাণুরপীহ খিন্নতা।
জনস্য যদ্ ভোজনমপ্যভোজনং
ন জাতু লঙ্ঘেত মনোরথং বিধেঃ ॥ ৩৩ ॥

---

(৩১) পলায়মানঃ ॥ ৩১ ॥

(৩২) মানরহিতঃ অপরিমিত ইত্যর্থঃ, সোদ্বেগো বিষাদো যস্য, অধোলপনঃ অধোমুখঃ, (৩৩) বাক্যরহিতঃ, (৩৪) কমলধারাভিঃ জলধারাভিঃ, (৩৫) মিতেন পরিমিতেন লঙ্গিমেন সুন্দরেণ চ বচনেন, (৩৬) অনেনাঃ নিষ্পাপঃ। ৩২ ॥

এই কথা বলিয়া প্রভু বাল্যভাব বশতঃ ভয়ে ব্যাকুল হইয়া পলায়ন করিতে লাগিলেন এবং "মা ! আইস ! আমাকে কোলে লও" এইরূপ বলিতে বলিতে মায়ের নিকট আসিলে জননী শচীদেবী সত্বর তাঁহাকে লইয়া বক্ষে ধারণ করিলেন ।৩১

এদিকে নিষ্পাপ মিশ্র অপরিমিত উদ্বেগ ও বিষাদ প্রাপ্ত হইয়া ব্যথিতচিত্তে মস্তক অবনত করিয়া নীরবে কেবল নয়নকমলের জলধারায় ভূমিতল সিক্ত করিতে লাগিলেন। তখন তৈর্থিক পরিমিত ও মধুর বাক্যে তাঁহাকে বলিলেন ।।৩২

হে মিশ্রেন্দ্র ! কেন বৃথা রোদন করিতেছেন ? এ বিষয়ে আমার বিন্দুমাত্রও দুঃখ নাই। যেহেতু লোকের আহার এবং অনাহার কখনও বিধির ইচ্ছাকে লঙ্ঘন করিতে পারে না। অর্থাৎ বিধির ইচ্ছানুসারেই হইয়া থাকে ॥৩৩

মিশ্রপুরন্দরঃ সরোদনমুবাচ—

প্রভো! ন কৃত্বা হৃদয়ে বিচারণা-
মনন্বিতং হন্ত! কিমেতদুচ্যতে।
ভবাদভীতাঃ ক্ব ভবাদৃশা জনাঃ
ক্ব বা বিধেশ্চিত্তপথানুবর্ত্তিতা ॥ ৩৪ ॥

ময়া তু নির্ণীতমিদং মমালয়ে
ন সিদ্ধিমাপ্নোতি তবাশনং নু যৎ।
গৃহান্ধকূপে পতিতস্য তদ্ধ্রুবং
মমৈব দুর্দ্দৈব-দুরন্তবৈভবম্ ॥ ৩৫ ॥

কিন্তু প্রসাদো ভবতো ভবেদ্ যদি
প্রভো! তদৈবোপশমং তদা ব্রজেৎ।
প্রসন্নতাং প্রাপ্তবতি প্রভাকরে
নিশা-তমস্কাণ্ড-কৃতং ভয়ং কুতঃ? ॥ ৩৬ ॥

মিশ্রপুরন্দর কাঁদিতে কাঁদিতে বলিলেন—"প্রভো! হৃদয়ে বিচার না করিয়া আপনি এ কি অযুক্ত কথা বলিতেছেন! কোথায় আপনার ন্যায় সংসারমুক্ত পুরুষ, আর কোথায় বিধির মনের অনুবন্ধ? ॥৩৪

কিন্তু আমি ইহা নির্ণয় করিয়াছি—আমার গৃহে আপনার যে ভোজন সিদ্ধ হইবে না তাহা নিশ্চিত গৃহান্ধকূপে পতিত আমারই প্রবল দুর্দ্দৈবের প্রভাব ॥৩৫

পরন্তু প্রভো! যদি আপনার অনুগ্রহ হয় তাহা হইলেই উহা উপশম প্রাপ্ত হইবে। সূর্য্য প্রসন্ন হইলে রাত্রিকালীন অন্ধকারপুঞ্জজনিত ভয় কোথায় থাকে? ॥৩৬

তদেতন্মিশ্রবচনং শ্রুত্বা স তৈর্থিকো জগাদ—মিশ্রবর! মধুরচরিতেরিতে (৩৭) ভবতি ভবতি মম প্রসন্নতৈব সাদরা দরাপ্যপ্রসন্নতা নাস্ত্যেব কিন্তু—

যদিচ্ছয়েদং ভবতা নিবেদ্যতে
মমাত্র চিত্তং ন পুনঃ প্রবর্ত্ততে।
বিঘট্যমানে বিধিনা পুনঃ পুন-
র্ন কর্ম্মণীষ্টো মুনিভি র্যদুদ্যমঃ ॥ ৩৭ ॥

এবং তয়োঃ সংবদতোঃ সতোর্বিশ্বরূপঃ শ্রুতসকলবৃত্তান্ততয়া সমুদ্ভ্রান্ততয়া (৩৮) স মুদাং বর্দ্ধনঃ সর্ব্বলোকস্য তত্রাজগাম ॥৩৮

জান্বভ্যর্ণ-বিলম্বি-বাহুযুগলো গাঙ্গেয় (৩৯) গর্জ্জিচ্ছবী-
রাকাশারদ-চন্দ্রশোভিবদনো বিস্তীর্ণবক্ষঃস্থলঃ।
রক্তপ্রান্ত-বলক্ষ-সূক্ষ্মবসনো দন্তীন্দ্রমঞ্জুক্রমঃ
সর্ব্বেষাং মুদমুত্তমামজনয়ৎ শ্রীবিশ্বরূপঃ প্রভুঃ ॥ ৩৯ ॥

(৩৭) মধুরং চারিত্রম্ ঈরিতং বচনঞ্চ যস্য তস্মিন্, দরাপি অল্পাপি ॥ ৩৭ ॥

(৩৮) অতিগ্লানিতয়া ॥ ৩৮ ॥

(৩৯) গাঙ্গেয়ং সুবর্ণম ॥ ৩৯ ॥

মিশ্রের এবংবিধ বাক্য শুনিয়া সেই তৈর্থিক বলিলেন—মিশ্রবর! আপনার চরিত্র ও বাক্য উভয়ই মধুর, আপনার প্রতি আমার আদরযুক্ত প্রসন্নতাই বর্ত্তমান আছে। কিঞ্চিন্মাত্রও অপ্রসন্নতা নাই জানিবেন। কিন্তু আপনি যে ইচ্ছায় ইহা নিবেদন করিতেছেন, এ বিষয়ে আমার চিত্ত পুনরায় প্রবর্ত্তিত হইতেছে না। যেহেতু কোনও কর্ম্ম বিধিকর্ত্তৃক পুনঃ পুনঃ ব্যাহত হইলে, সেই কার্য্যে উদ্যম করা অভিপ্রেত নহে ॥৩৭

তাঁহারা যখন পরস্পর এইরূপ বাক্যালাপ করিতেছিলেন, তখন সর্ব্বলোকের আনন্দবর্দ্ধক বিশ্বরূপ সকল বৃত্তান্ত শ্রবণ করিয়া অতি দুঃখিতভাবে সেখানে আসিয়া উপস্থিত হইলেন ॥৩৮

তাঁহার বাহুযুগল জানুপর্য্যন্ত লম্বমান, অঙ্গকান্তি সুবর্ণবিনিন্দি অর্থাৎ সুবর্ণ অপেক্ষাও সুন্দর। বদন শরৎকালীয় পূর্ণিমার চন্দ্রের ন্যায় শোভাযুক্ত। বক্ষঃস্থল

তঞ্চালোক্যালোক্যাঙ্গকান্তিং (৪০) স তীর্থাটনকরো বিশ্বম্ভরামরো বিস্ময়-স্থগিত-কলেবরো মিশ্রপুরন্দর মুখনিরীক্ষণপরো "বিপ্রবরাপূর্ব্বলাবণ্যধরো নরবরোঽয়ং ক" ইতি পৃচ্ছন্ মিশ্রেণ প্রত্যূচে মমৈবায়ং তনয় ইতি ॥৪০

তদাকর্ণ্য বিস্ময়-স্ময়মান-নয়নস্তমুবাচ তৈর্থিকঃ—

যুবয়োর্বত দম্পত্যোঃ সৌভাগ্যং মিশ্র ! গীর্মনোদূরম্।
ভুবনবিলক্ষণরূপো যয়োরমূদৃক্ সুতো লসতি ॥ ৪১ ॥

বিশ্বরূপস্তু তৈর্থিকস্য নিকটং জগাম, গামনু (৪১) শিরো নিধায় ননাম চ। স চাদর-সমাদর-সমার্পিত-ধৈর্য্যঃ (৪২) সমুত্থায় তমালিঙ্গ্য পরমানন্দিতোঽনিন্দিতো নিবেশয়ামাস স্বসমার্য্যাদে সমর্য্যাদেন বচনেন ॥৪২

---

(৪০) লোকে ভবতীতি লোক্যা (লোক+ষৎ) সা ন ভবতীতি অলোক্যা ॥ ৪০ ॥
(৪১) গাং ভূমিং, (৪২) অদর-সমাদরেণ অতিশয়িতাদরেণ সমার্পিতং ধৈর্য্যং যেন সঃ ॥৪২॥

বিস্তীর্ণ, পরিধানে রক্তপ্রান্ত সূক্ষ্ম শ্বেতবস্ত্র, পাদবিক্ষেপ করিবরের ন্যায় মনোহর,—এবংবিধ প্রভু শ্রীবিশ্বরূপ সকলের পরম আনন্দ উৎপাদন করিয়াছিলেন ॥৩৯

অলৌকিক অঙ্গকান্তিসম্পন্ন বিশ্বরূপকে দেখিয়া সেই তীর্থপর্য্যটক ব্রাহ্মণ বিস্ময়ে নিস্পন্দকলেবর হইলেন এবং মিশ্রপুরন্দরের মুখ নিরীক্ষণ করিয়া জিজ্ঞাসা করিলেন—"মিশ্রবর ! অপূর্ব্বলাবণ্যময় এ নরশ্রেষ্ঠ কে ?" মিশ্র উত্তর করিলেন—"এ আমারই পুত্র" ॥৪০

তাহা শুনিয়া তৈর্থিক বিস্ময়পূর্ণলোচনে তাঁহাকে বলিলেন—হে মিশ্র ! যে দম্পতীর এতাদৃশ অলোকসামান্যরূপবিশিষ্ট পুত্র বিরাজমান, সেই তোমাদের সৌভাগ্য বাক্যমনের অগোচর ॥৪১

বিশ্বরূপ তৈর্থিকের নিকট গমন করিলেন এবং ভূমিতে মস্তক রাখিয়া তাঁহাকে প্রণাম করিলেন। তিনিও অতিসমাদরে ধৈর্য্য ধারণপূর্ব্বক উঠিয়া তাঁহাকে আলিঙ্গন

শ্রীবিশ্বরূপস্তু কৃতাঞ্জলির্ভবন্
সপ্রশ্রয়ং সাধু জগাদ তৈর্থিকম্।
প্রভো ভবান্ প্রাঘুণতাং (৪৩) ব্রজন্
ব্যধাদিদং নঃ সফলং ভৃশং দিনম্ ॥ ৪৩ ॥

ভবাদৃশো যস্য জনো নিকেতনে
মহাশয় ! প্রাঘুণতাং পরিব্রজেৎ।
অমুষ্য গেহাঽপি যান্তি পূততাং
কিমুচ্যতাং তস্য শরীর-পূততা ॥ ৪৪ ॥

ভবাদৃশানাং পরদুঃখহারিতা
তথা পরানন্দ-বিধায়িতা দ্বয়ম্।
স্বভাব এবেতি বদন্তি সূরয়ো
স চাপহাতুং ন হি শক্যতে জনৈঃ ॥ ৪৫ ॥

(৪৩) আতিথিম্ ॥ ৮২ ॥

করতঃ পরম আনন্দিত ও ধন্য হইলেন এবং সম্মানযুক্ত বাক্যে তাঁহাকে নিজসমীপে বসাইলেন ॥৪২

তখন শ্রীবিশ্বরূপ কৃতাঞ্জলি হইয়া সবিনয়ে মধুর বচনে তৈর্থিককে বলিলেন—প্রভো ! আপনি অতিথি হইয়া আমাদের অদ্যকার দিন অত্যন্ত সফল করিয়াছেন ॥৪৩

মহাশয় ! ভবাদৃশ ব্যক্তি যাহার গৃহে অতিথি হন, তাহার গৃহও যখন পবিত্র হয়, তখন তাহার শরীরের পবিত্রতার কথা আর কি বলিব ? ॥৪৪

পণ্ডিতগণ বলিয়া থাকেন—"পরদুঃখহরণ এবং পরের আনন্দ বিধান করা—এ দুইটি আপনাদের ন্যায় ব্যক্তিগণেরই স্বভাব এবং লোকে কখনও নিজস্বভাব ত্যাগ করিতে পারে না ॥৪৫

ভবাংস্তু তং যত্ত্যজতীহ কেবলং
প্রযাতি হেতুত্বমদৃষ্টমেব নঃ।
সুশীতলস্যাপি হিমস্য দগ্ধৃতা
সরোরুহানাং বিধিনৈব (ক) ভণ্যতে ॥ ৪৬ ॥

বিনয়সমেতামেতাং বিশ্বম্ভর-জ্যেষ্ঠস্য শ্রেষ্ঠস্য শ্রেয়সীং গিরমাশ্রুত্যা মাশ্রুত্যা চেতসা ততসান্দ্রানন্দঃ (৪৪) স তৈর্থিকো নিজগাদ নিজগাদ-মাধুর্য্যেণ (৪৫) তং সান্ত্বয়িতুম্ ॥৪৭

বিশ্বরূপ! ভবতা যদুচ্যতে
তেন সিক্তমমৃতেন মে বপুঃ।
নেদৃশং মধুরং মাধুরীময়ং
বাক্যমত্র ভুবি কুত্রচিৎ শ্রুতম্ ॥ ৪৮ ॥

(ক) বিধিনা অদৃষ্টেন ॥ ৪৬ ॥

(৪৪) গিরং বাক্যম্ আশ্রুত্য শ্রুত্বা চেতসা চ তয়া সহ ইতঃ প্রাপ্তঃ সান্দ্রানন্দো যেন,

(৪৫) নিজগাদমাধুর্য্যেণ স্ববচনমাধুর্য্যেণ ॥ ৪৭ ॥

কিন্তু আপনি যে সেই স্বভাব ত্যাগ করিতেছেন—এ বিষয়ে আমাদের অদৃষ্টই একমাত্র কারণ। হিম অত্যন্ত শীতল হইলেও তাহা যে কমলসমূহকে দগ্ধ করে তাহা কেবল অদৃষ্ট জন্য ॥৪৬

সর্ব্বজন-প্রশংসনীয় বিশ্বম্ভরাগ্রজ বিশ্বরূপের এই বিনয়যুক্ত উত্তম বাক্য শ্রবণ করিয়া তৈর্থিক শ্রবণে ও মনে গভীর আনন্দলাভ করিলেন এবং নিজবচনমাধুর্য্যে তাঁহাকে সান্ত্বনা দিবার জন্য বলিলেন ॥৪৭

বিশ্বরূপ! তুমি যাহা বলিতেছ সেই (বাক্যরূপ) অমৃতের দ্বারা আমার শরীর সিক্ত হইয়াছে। ঈদৃশ মধুর মাধুরীময় বাক্য এ জগতে আমি আর কখনও শুনি নাই ॥৪৮

এতয়া তব গিরৈব মে ক্ষুধা
শান্তিমাপ সহিতা পিপাসয়া।
তেন চাদ্য ন পচেয়মর্থিতা
কস্য-সাধনকৃতৌ ফলেঽয়িতে (৪৬)॥ ৪৯॥

বিশ্বরূপস্তু পুনরপি নর-পিষ্টপাবতংসং (৪৭) তং সংজগাদ—প্রভো! ক্ষুন্নিবৃত্তিঃ ফলং ন ভবতি ভবতাং ভোজনস্য, ভো জনস্য গৃহিণো মঙ্গলং পুনস্তৎ। তদত্র ন যুজ্যতে বিরামো মা বিরামো মাদৃশাং (৪৮) যথা স্যাত্তথা দয়োদয়ো বিধীয়তাং, ধীয়তাং পয়ঃ-পয়ঃপ্রমুখং পেয়ং (৪৯) প্রাশ্যতাঞ্চ প্রীত্যা পক্বান্নম্॥৫০

(৪৬) অয়িতে প্রাপ্তে॥ ৪৯॥
(৪৭) নরলোকশ্রেষ্ঠং, (৪৮) মাদৃশাম আমঃ পীড়া যথা মা আবিঃস্যাৎ, (৪৯) ধীয়তাং পীয়তাং দুগ্ধজলাদিকং পেয়ম্॥ ৫০॥

তোমার এই কথাদ্বারাই পিপাসার সহিত আমার ক্ষুধার শান্তি হইয়াছে। অতএব আমি আজ আর পাক করিব না। ফলপ্রাপ্ত হইলে সাধনকার্য্যে আর কাহার আকাঙ্ক্ষা থাকে? ॥৪৯

নরলোকশ্রেষ্ঠ সেই তৈর্থিককে বিশ্বরূপ পুনরায় বলিলেন—হে প্রভো! আপনার ভোজনের ফল ক্ষুন্নিবৃত্তি নহে, পক্ষান্তরে তাহার ফল গৃহিজনের মঙ্গল। অতএব এ বিষয়ে আপনার বিরত হওয়া উচিত নহে। যাহাতে আমাদের মনঃপীড়া উপস্থিত না হয়, আপনি সেইরূপ দয়া প্রকাশ করুন। দুগ্ধ জলাদি পেয় দ্রব্য পান করুন এবং প্রীতির সহিত অন্ন পাক করিয়া ভোজন করুন॥৫০

এবং বদন্নসিতকাকু স বিশ্বরূপ-
স্তস্যাদধাৎ পদযুগং স্বকরাম্বুজাভ্যাম্।
সন্তো হি সেবনকৃতে সতৃষোঽতিথীনাং
সদ্বর্গ-মস্তকমণিঃ কিমুত প্রভুঃ সঃ ॥ ৫১ ॥

মুঞ্চ মুঞ্চ মম পাদয়োর্দ্বয়ং
কিং করোষ্যনুচিতং মহামতে!
ত্বৎসুখায় করবৈ পুনঃ পচা-(৫০)
মিত্যুদীর্য্য স দধৌ করৌ প্রভোঃ ॥ ৫২ ॥

তত্তু প্রমোদবচনং বচনং তৈর্থিকস্যাকর্ণ্য মিশ্রপুরন্দরো মন্দরোপম-স্থৈর্য্যোঽপ্যস্থৈর্য্যো ভবন্নব-প্রভূতামন্দেনানন্দেনা (৫১) তিবেগতো গতো গৃহান্তরং পাক-সামগ্রীং সাধয়িত্বা রাধয়িত্বা বচন কুসুমেন তৈর্থিকং তত্র নীত্বা ললাপ ॥৫৩

(৫০) পচাং পাকম্ ॥ ৫২ ॥
(৫১) নবশ্চ প্রভুতশ্চ অমন্দশ্চেতি তেন আনন্দেন ॥ ৫৩ ॥

বিশ্বরূপ কাকুভরে এইরূপে বলিতে বলিতে নিজের দুইটি করকমলদ্বারা তাঁহার পদযুগল ধারণ করিলেন। যেহেতু অতিথিদিগের সেবা করিবার নিমিত্ত যখন সমস্ত সাধুগণই অভিলাষী, তখন সজ্জনগণের শিরোমণি প্রভু বিশ্বরূপ যে সে বিষয়ে অভিলাষী হইবেন—একথা আর কি বলিব? ॥৫১

"মহামতে! আমার পদদ্বয় ত্যাগ কর, ত্যাগ কর। এ কি অনুচিত কার্য্য করিতেছ! তোমার সুখের জন্য আমি পুনরায় পাক করিব।" এই কথা বলিয়া তৈর্থিক প্রভুর করদ্বয় ধারণ করিলেন ॥৫২

তৈর্থিকের সেই সুখকর বাক্য শ্রবণ করিয়া মিশ্রপুরন্দর মন্দর পর্ব্বতের ন্যায় স্থিরপ্রকৃতি হইলেও নবীন, প্রভূত ও পরম আনন্দে অধীর হইয়া অতি দ্রুতবেগে গৃহমধ্যে গমন করিলেন এবং সত্বর পাকের সামগ্রী সংগ্রহ করিয়া তৈর্থিককে বাক্য-কুসুমের দ্বারা অর্চ্চনা করতঃ সেখানে লইয়া গিয়া বলিলেন ॥৫৩

মলাপহরণ-চরণরেণো ! হরেণো- (৫২) দ্বন্ধবাটং কবাটং সম্পাদ্য তচ্চ দুর্গলেনার্গলেনারুন্ধ্য পাকাদিকর্ম্ম শর্ম্মণা কুরুষ্ব, ময়া তু বিশ্বরূপসহিতেনাবহিতেনাভিগম্যতে তস্য সদনস্য বদনস্য রোধায়, বোধায়রহিতোঽসৌ বালো যত্র বর্ত্ততে ॥৫৪

ইত্যুক্ত্বা বিশ্বরূপেণ স্বরূপেণ সহ মহর্ষিরূপো মিশ্রেশ্বরোঽবরোধং (৫৩) গত্বান্নচৌরেণ গৌরেণ সেবিতস্যাগারস্য দ্বারস্য কবাটং শৃঙ্খলয়াঽস্খলয়া নিবন্ধ্য মধ্যমাক্রম্য প্রতীহার (৫৪) স্থাসানঃ শচীগৌরয়োঃ সংলাপং শৃণোতি স্ম ॥৫৫

যথা—শচী গৌরমঙ্কেকৃত্য সনর্ম্মশর্ম্ম সংবভাষে—

বৎসাপরিজ্ঞাতকুলস্য ভুক্তং
যত্তৈর্থিকস্যাশিতবাংস্ত্বমন্ন ।
ভ্রষ্টা ততো জাতিরতোঽত্র কোঽপি
দ্বিজো ন কন্যাং বত তে প্রদাতা ॥ ৫৬ ॥

(৫২) অরেণ বেগেন শীঘ্রতয়া ॥ ৫৪ ॥

(৫৩) অন্তঃপুরম্ (৫৪) দ্বারস্য ॥ ৫৫ ॥

মহাত্মন্ ! আপনার চরণরেণু সর্ব্বপাপহারী। আপনি শীঘ্র দ্বারপথে কপাট দিয়া তাহা দুর্গল অর্গলের দ্বারা রুদ্ধ করতঃ সুখে পাকাদিকার্য্য সম্পাদন করুন। আমি বিশ্বরূপের সঙ্গে অবহিতভাবে সেই অজ্ঞান ও দুষ্ট বালকটি যে গৃহে আছে তাহার দ্বার রোধ করিবার জন্য যাইতেছি ॥৫৪

এই বলিয়া স্বরূপতঃ বিশ্বরূপের সহিত মহর্ষিতুল্য মিশ্রবর অন্তঃপুরে গমন করিয়া অন্নচোর গৌরকর্ত্তৃক অধিষ্ঠিত গৃহের দ্বারের কপাট দৃঢ় শৃঙ্খলদ্বারা বন্ধ করিলেন এবং দ্বারের মধ্যস্থলে বসিয়া শচী ও গৌরের পরস্পর আলাপ শুনিতে লাগিলেন ॥৫৫

যথা—শচী গৌরকে কোলে করিয়া সুখভরে পরিহাসের সহিত বলিতে লাগিলেন—বৎস ! তুমি যে আজ অজ্ঞাতকুল (যাহার কুল জানা নাই) তৈর্থিকের ভাত খাইয়াছ, তাহাতে তোমার জাতি নষ্ট হইয়াছে। অতএব কোনও ব্রাহ্মণ তোমাকে কন্যাদান করিবে না ॥৫৬

পুত্রোঽহসিতবদনো গদনোৎসবং বিততান—

মাতরোদনাদনেন ব্রাহ্মণস্য শ্রীভরহিতস্য কলেরস্য লোপকস্য শ্রীবল্লভকলেবরস্য বালকস্য কিং জাতিভ্রংশ্যতি ? (ক) ॥ ৫৭ ॥

তদেতদ্বচনং শ্রুত্বা সর্ব্বেষু হসৎসু সৎসু মাতা পুনরুবাচ—তাত ! বিভাবরী বিভা বরীবর্ত্তি ততঃ স্বাপমাপদ্য সুখমনুভব ॥৫৮

পুত্রঃ প্রোবাচ—মাতঃ ! শাতকরং কথয়সি, কিন্তু নিদ্রা মম দৃষ্টী ন স্পৃষ্টী করোতি, ততঃ কমপীতিহাসমিহাসজ্জয় বাচা যং শ্রুত্বা নিদ্রিতো ভবেয়ং, ভবেদয়ং হি পরমোপায়ো নিদ্রাজননস্য ॥৫৯

(ক) শ্রীভর-হিতস্য সম্পদতিশয়-হিতস্য অস্য কলেঃ লোপকস্য নিবর্ত্তকস্য নারায়ণতনুরূপস্য ব্রাহ্মণস্য অন্নভোজনেন বালকস্য কিং জাতিঃ ভ্রংশ্যতি ? অথবা শ্রীবল্লভকলেবরস্য বালকস্যেত্যেকং পদং, কীদৃশস্য শ্রীভ ইতি বর্ণাভ্যাং রহিতস্য তথা কলেঃস্য ইতি চতুর্ণাং বর্ণানাং লোপো যত্র তাদৃশস্য, তেন বল্লব-বালকস্য মম ব্রাহ্মণস্যোদনেনেত্যাদি ॥ ৫৭ ॥

পুত্র ম্লানমুখে বাক্যোৎসব বিস্তার করিলেন অর্থাৎ বলিলেন, "মাতঃ ! সম্পদাতিশয্যে মঙ্গলময় বর্ত্তমান কলিভয় নিবর্ত্তক নারায়ণের তনুরূপ ব্রাহ্মণের অন্নভোজনে কি বালকের জাতি নষ্ট হয় ?" পক্ষে (শ্রীভ-রহিত ও কলের এই শব্দত্রয় নাশক যে শ্রী বল্লভ কলেবর অর্থাৎ বল্লব) ব্রাহ্মণের অন্নভোজনে কি গোপ-বালকের জাতি নষ্ট হয় ? ॥৫৭

তাঁহার এই কথা শুনিয়া সকলে হাসিতে থাকিলে জননী পুনরায় বলিলেন—বৎস ! রাত্রির শোভা অতিশয় বিরাজমান। অতএব নিদ্রিত হইয়া সুখ অনুভব কর ॥৫৮

পুত্র বলিলেন—মা ! তুমি ত সুখকর কথাই বলিতেছ। কিন্তু নিদ্রা আমার নয়নদ্বয় স্পর্শ করিতেছে না। সুতরাং তুমি কোন একটি ইতিহাস (পৌরাণিক কথা) বলিতে থাক, তাহা শুনিয়া আমি নিদ্রিত হইয়া পড়িব ; কেন না এ সংসারে নিদ্রা উৎপাদনের ইহাই পরম উপায় ॥৫৯

মাতোবাচ—'পুত্রাকর্ণয়াবর্ণয়ামি। অস্তি চতুর! চতুরশীতিযোজনমানা জন-মা-নায়িকা (৫৫) মথুরামণ্ডলা নাম ভগবদ্ধামমণিঃ'।

পুত্রঃ সরোমাঞ্চমুবাচ—'মাতঃ! কুত্র?॥ ৬০

মাতোবাচ—'তাত! ধরাতলে রাত-লেখ-সুখকন্দলে (৫৬) হস্তীতি লোকৈরুদ্‌ঘুষ্যতে, বস্তুতস্তু সুদর্শনস্য সুদর্শনস্য চক্রস্যোপরি পরিস্ফুরতি।' পুত্রঃ সহুঙ্কারমুবাচ—'কথয়, কথয়' ॥৬১

মাতোবাচ—'তত্র সর্বমহোৎসবাবনং (৫৭) মহাবনং নাম স্থানমাস্তে, তত্র বিরচিত-জগদানন্দো নন্দো নাম গোপরাজো বরাজোরব্যচূড়ামণিঃ (৫৮)।

পুত্রঃ সানন্দং প্রপচ্ছ—'জননি! যং রমাধবস্য মাধবস্য জনকং জনকদম্বকং (৫৯) কথয়তি' ॥ ৬২ ॥

---

(৫৫) জনানাং মা সম্পৎ তস্যাঃ নায়িকা প্রাপিকা ॥ ৬০ ॥

(৫৬) রাতং দত্তং লেখানাং দেবানাং সুখকন্দলং যেন ॥ ৬১ ॥

(৫৭) সর্বোৎসবরক্ষকং (৫৮) উরব্যচূড়ামণিঃ বৈশ্যশ্রেষ্ঠঃ (৫৯) লোকসমূহঃ ॥ ৬২ ॥

মাতা বলিলেন—পুত্র! শোন। বলিতেছি—হে চতুর! মানবগণের সম্পৎপ্রদ চৌরাশীযোজন পরিমিত মথুরামণ্ডল নামক ভগবানের শ্রেষ্ঠধাম বর্ত্তমান আছে। পুত্র রোমাঞ্চিত কলেবরে জিজ্ঞাসা করিলেন—মা! কোথায়? ॥৬০

মাতা উত্তর করিলেন—বৎস! "দেবগণের সুখদায়ক এই ধরাতলেই আছে"—লোকে এইরূপ বলে বটে। বস্তুতঃ সুন্দর-দর্শন সুদর্শন চক্রের উপরেই ঐ স্থান বিরাজ করিতেছে। পুত্র হুঙ্কারপূর্ব্বক কহিলেন—বল, বল ॥৬১

মা বলিলেন—তথায় সর্ব্বপ্রকার উৎসব রক্ষক মহাবন নামে স্থান আছে। সেখানে জগতের আনন্দদায়ক নন্দ নামক একজন বৈশ্যশ্রেষ্ঠ গোপরাজ আছেন। পুত্র সানন্দে জিজ্ঞাসা করিলেন—জননি! যাঁহাকে জনবৃন্দ লক্ষ্মীপতি (রাধানাথ) মাধবের জনক বলিয়া থাকে? ॥৬২

মাতা প্রত্যুবাচ—'অথ কিম্' ? পুত্রো জগাদ-'ততস্ততঃ। অথ তয়োঃ প্রকারান্তরেণ সংলাপঃ ॥৬৩

কণ্বো নাম মুনির্বভূব সুত হুং নন্দস্য গেহেঽতিথিঃ
সোঽভুদ্ধং সতু নন্দরাজ-মহিতোঽভক্তং মুদাপাক্তহুম্।
পক্ত্বা বৎস! নিজেষ্টদেবচরণং ধ্যাত্বার্পয়ামাস তৎ
মাতর্মুঞ্চ বিধায় তত্র গমনং ভুঞ্জীয় তস্যোদনম্ ॥ ৬৪ ॥

এবং শ্রীগৌরস্য বচনং শ্রুত্বা শ্রীবিশ্বরূপে ভূপে বিদুষাং কপটেন পটেন কিঞ্চিদ্ বিকশিতরদনং বদনং সংচ্ছাদ্য মৃদু হসতি সতি, মিশ্রপুরন্দরেঽলন্দরেণ কিময়ং মত্তো মন্তোষকরো বালক ইতি ভাবয়তি, ভয়তিমিরাচ্ছন্নমতিরতিব্যগ্রা শচী পপ্রচ্ছ—"পুত্র! কিং ব্যাহরসে ? হরসেবকভূতেন ভূতেন কিমভিভূতোঽসি ?" ॥৬৫

মাতা প্রত্যুত্তর করিলেন—হাঁ। পুত্র বলিলেন—তারপর, তারপর ? অনন্তর তাহাদের প্রকারান্তরে কথোপকথন ॥৬৩

মা—কণ্ব নামে একজন মুনি ছিলেন। পুত্র—হুঁ। মা—তিনি নন্দগৃহে অতিথি হইয়াছিলেন। পুত্র—হুঁ। মা—তিনি নন্দরাজকর্তৃক পূজিত হইয়া সানন্দে অন্ন পাক করিয়াছিলেন. পুত্র হুঁ। মা—বৎস! পাক করিয়া তিনি নিজ ইষ্টদেবতার চরণ ধ্যান করিয়া তাহা অর্পণ করিয়াছিলেন: পুত্র—মা! ছাড়। আমি সেখানে গিয়া তাহার অন্ন ভোজন করিব ॥৬৪

শ্রীগৌরের এই কথা শুনিয়া বিদ্বৎশ্রেষ্ঠ (বিজ্ঞবর) শ্রীবিশ্বরূপের দন্তপংক্তি ঈষৎ বিকসিত হইল। তিনি ছলপূর্ব্বক বস্ত্রের দ্বারা মুখ ঢাকিয়া মৃদু হাস্য করিতে লাগিলেন, এবং মিশ্রপুরন্দর অতি শঙ্কার সহিত "আমার সন্তোষদায়ক এই বালকটি কি মত্ত পাগল ?"—এইরূপ চিন্তা করিতে লাগিলেন। তখন শচীদেবীরও চিত্ত ভয়ান্ধকারে আচ্ছন্ন হইল। তিনি অতি ব্যগ্রভাবে জিজ্ঞাসা করিলেন—"পুত্র! কি বলিতেছ ? মহাদেবের সেবক কোনও ভূত তোমাকে আক্রমণ করিল কি ?" ॥৬৫

গৌরেণ গৌরেণ-লাঞ্ছনমুখেন (৬০) সস্মরণমূচে—

'মাত ! মা তনু দ্বাপরং (৬১) পরং দ্বিঃকৃত-দ্বিজভক্ত-ভোজন-জনিত-সংস্কারোপনীত—স্বপ্নবিলসিতমেবেদং বচনম্ ।।৬৬

মাতা—তাত ! যদি জাতনিদ্রোঽসি তদা ত্বাং শায়য়ানি, পায়য়ানি চ ধন্যং স্তন্যমিত্যুক্তা তূলীতলে শীতলে শায়য়ামাস, পায়য়ামাস চ পয়ঃ পয়োধরস্য ।।৬৭

তৈথিকস্বন্নাদিকং পক্বা পরিবিশ্য পূর্ব্ববৎ প্রেম্না শ্রীবালগোপালায় সমর্প্য তং ধ্যায়ন্নিদমুবাচ— ।।৬৮

হে গোপাল শশাঙ্কশেখরমুখৈর্বন্দ্যস্য দেবোত্তমৈ-
রাহ্বানং ভবতঃ পুনঃ পুনরহং কর্ত্তুং বিভেমি প্রভো !
কিন্তু ত্বৎকরুণা মহাবলবতীত্যালোচ্য চেতস্তু মে
শান্তিং ন ব্রজতি স্পৃহাতিতরলং তেনার্থয়ে ত্বাং পুনঃ ॥ ৬৯ ॥

(৬০) চন্দ্রসূর্য্যানিন্দিমুখেন. (৬১) দ্বাপরং সংশয়ম্ ॥ ৬৬ ॥

চন্দ্রসূর্য্য অপেক্ষাও উজ্জ্বলবদনে গৌর স্মরণপূর্ব্বক বলিলেন—মাতঃ ! তুমি সংশয় করিও না। দুইবার ব্রাহ্মণের অন্নভোজন জনিত সংস্কারবশে স্বপ্ন দেখিয়া আমি এই কথা বলিয়াছি ।।৬৬

শচীমাতা বলিলেন—বৎস ! তুমি যদি নিদ্রিত হও, তাহা হইলে তোমাকে শয়ন করাইয়া সুমিষ্ট স্তন্যপান করাই। এই কথা বলিয়া তিনি তাহাকে শীতল তূলীর (গদির) উপর শয়ন করাইয়া স্তনদুগ্ধ পান করাইতে লাগিলেন ।।৬৭

এদিকে তৈথিক অন্নাদি পাক করিয়া পরিবেশন করতঃ পূর্ব্ববৎ প্রেমভরে শ্রীবালগোপালকে তাহা সমর্পণ করিলেন এবং তাঁহাকে ধ্যান করিতে করিতে এই কথা বলিতে লাগিলেন ।।৬৮

"হে গোপাল ! তুমি চন্দ্রমৌলি মহাদেব প্রভৃতি দেবশ্রেষ্ঠগণেরও বন্দনীয়। সেইজন্য হে প্রভো ! আমি তোমাকে পুনঃ পুনঃ আহ্বান করিতে ভয় পাইতেছি। কিন্তু তোমার

যদ্যপি সংপ্রতি মাতুঃ ক্রোড়ে নিদ্রাসুখং প্রযাতোঽসি
তদাপি সকৃৎ করুণাময়! সমেত্য দীনস্য ভুঙ্ক্ষ্বান্নম্ ॥ ৭০ ॥

এবং ভাষমাণে ভূসুরে ভাববশো ভগবানভাবনীয়বৈভবস্তদ্ভবনং প্রকাশভেদেনৈত্য তদুক্তং ভোক্তুমারেভে ॥ ৭১ ॥

যদা যদা ভক্তজনঃ সমাহ্বয়েৎ
তদা তদৈবৈতি তদন্তিকং প্রভুঃ।
ন চাস্য তত্রালসতাস্তি কর্হিচিৎ
কৃপামবেক্ষধ্বমমুষ্য সাধবঃ ॥ ৭২ ॥

এবং তস্মিন্নোদনং ভুঞ্জানে যুঞ্জানে চ মৃদুহসেন মুখারবিন্দং বিন্দংস্তদ্ধ্যানভঙ্গমুন্মীল্য লোচনে রোচনেড়িতভালকং (৬২) বালকং তমালোক্য শঙ্কাপঙ্কাকুলিতমনা কবাটমালোকয়ামাস ভূসুরঃ ॥ ৭৩ ॥

(৬২) গোরোচনা-স্তুত-কান্তিম্ ॥ ৭৩ ॥

করুণা অত্যন্ত বলবতী—ইহা আলোচনা করিয়া বাসনা বশতঃ অতি চঞ্চল আমার চিত্ত শান্তি পাইতেছে না। তজ্জন্য আমি তোমার নিকট প্রার্থনা করিতেছি ॥ ৬৯ ॥

যদিও এখন তুমি মায়ের কোলে নিদ্রাসুখ ভোগ করিতেছ, তথাপি করুণাময়! একবার আসিয়া দীনের অন্ন ভোজন কর" ॥ ৭০ ॥

ব্রাহ্মণ এই প্রকার বলিতে লাগিলে অচিন্ত্যবৈভবশালী প্রেমাধীন ভগবান প্রকাশভেদে (ভিন্নপ্রকাশে) সেই গৃহে আসিয়া তাঁহার অন্ন ভক্ষণ করিতে আরম্ভ করিলেন ॥ ৭১ ॥

হে সাধুগণ! আপনারা প্রভুর কৃপা দেখুন; যখন যখনই ভক্তজন তাঁহাকে আহ্বান করেন, তখন তখনই তিনি তাঁহার নিকটে আসিয়া উপস্থিত হন, এ বিষয়ে তাঁহার কখনও আলস্য নাই ॥ ৭২ ।

এইরূপে প্রভু যখন অন্নভোজন ও বদনকমলে মৃদুহাস্য (যোজনা) করিতেছিলেন, তখন ব্রাহ্মণের ধ্যানভঙ্গ হইল। তিনি নয়ন উন্মীলনপূর্ব্বক গোরোচনা অপেক্ষাও সুন্দর

তচ্চ পূর্ব্ববদেবার্গলেন নিরুদ্ধমবেক্ষ্য অহো ! কিমিদমাশ্চর্য্যং সত্যপি দ্বারে তথৈবাপি তকবাটে বাটেন কেনাগাগতোঽয়ং বাল ইতি চিন্তয়তি তস্মিন্ নিজজন-ভজন-পরায়ত্ততয়া যত্নতয়া (৬৩) চ ভক্তানুগ্রাহে তস্য ধ্যেয়ং সপরিকরবালগোপালরূপমাত্মানং প্রকাশয়ামাস প্রভুবরঃ ॥ ৭৪ ॥

তত্র চ প্রথমং—

বিপ্রশ্চিন্তামণিময়-ধরামণ্ডলং কল্পশাখি-
শ্রেণীবল্লীললিতসুষমং শোভিতং ভানুপুত্র্যা ;
নিত্যাভীরপ্রভৃতিমনুজং সেবিতং পক্ষিজালৈ-
র্নানারূপৈরপিপশুকুলৈর্গোকুলং প্রৈক্ষতাসৌ ॥ ৭৫ ॥

(৬৩) প্রযত্নতয়া ॥)

গৌরকান্তি সেই বালকটিকে দর্শন করিয়া শঙ্কাকুলচিত্তে কবাটের দিকে দৃষ্টিপাত করিলেন ॥৭৩॥

কিন্তু তাহা পূর্ব্বের ন্যায়ই অর্গলের দ্বারা বন্ধ দেখিয়া তিনি চিন্তা করিতে লাগিলেন—অহো এ কি আশ্চর্য্য ! দ্বার সেইরূপ কবাটবদ্ধই আছে, তথাপি কোন্ পথে বালকটি এখানে আসিয়া উপস্থিত হইল ! প্রভুবর নিজজনের ভক্তির একান্ত অধীন ও ভক্তজনের প্রতি অনুগ্রহ বিষয়ে যত্নশীল। সুতরাং তিনি তখন তাঁহার ধ্যানযোগ্য পরিকর সহিত নিজ বালগোপালরূপ তাঁহার নিকট প্রকাশ করিলেন ॥ ৭৪ ॥

তন্মধ্যে প্রথমতঃ—সেই বিপ্র কল্পতরুশ্রেণী ও লতা সকলের দ্বারা সুন্দর শোভাময় যমুনাশোভিত, নিত্য আভীর প্রভৃতি মনুষ্যগণ বিরাজিত, নানারূপ পশুপক্ষি সমন্বিত, চিন্তামণিময় ভূমি গোকুল দর্শন করিলেন ॥ ৭৫ ॥

তত্র চ—মূলে কল্পতরোঃ স্ফুরদ্বহুমণীসংক্লৃপ্তবেদীস্থিতে
রক্তাম্ভোজবরে বসন্তমচিরাদুদ্যৎপয়োদ-প্রভম্।
বালং সন্নবনীত-শোভিতকরং গোগোপগোপীবৃতং
নানালঙ্করণং দিগম্বরতনুং গোপালমালোকয়ৎ ॥ ৭৬ ॥

আলোক্য চ প্রাপ্তপরমপ্রকর্ষ-প্রেমপ্রমোদ-পূরেণ ক্ষণং মহালয় ইব প্রবলিতস্তম্ভঃ (৬৪) ক্ষণং কাসার ইব কম্পাতিবিক্ষোভিতঃ ক্ষণং শমীতরুরিব কণ্টকা (৬৫)-লঙ্কৃততনুঃ ক্ষণং নদীকূলস্থপলাশীব জলবিশন্নেত্রো ভবন্ রবিরিব পরাভূত স্বপরগ্রহ-প্রকাশঃ (৬৬) পৃথিব্যাং পপাত ॥ ৭৭

(৬৪) স্তম্ভঃ স্তব্ধতা পক্ষে স্থূণঃ, (৬৫) কণ্টকঃ পুলকঃ পক্ষে বৃক্ষাঙ্গভেদশ্চ। (৬৬) পরাভূতঃ স্বাপরজ্ঞানস্য প্রকাশো যেন, পক্ষে পরাভূতঃ স্বস্মাৎ পরস্য গ্রহস্য চন্দ্রাদেঃ প্রকাশো যেন ॥ ৭৭ ॥

তথায়, কল্পতরুমূলে বহু উজ্জ্বল মণিরচিত বেদীস্থিত রক্তকমলের উপর বিরাজমান, নবোদিত জলদের ন্যায় কান্তিযুক্ত, দিগম্বরতনু, বালগোপালকে দর্শন করিলেন। তাঁহার হস্ত সুন্দর নবনীতদ্বারা শোভিত, তাঁহার অঙ্গ নানাবিধ অলঙ্কারে ভূষিত এবং গো, গোপ ও গোপীগণ তাঁহাকে বেস্টন করিয়া আছে ॥ ৭৬

তদ্দর্শনে তৈর্থিক পরমপ্রেমানন্দপ্রবাহে মগ্ন হওয়ায় ক্ষণকাল প্রকাণ্ড গৃহের ন্যায় স্তম্ভপ্রাপ্ত (পক্ষে জড়তাপ্রাপ্ত) হইলেন। কিছুক্ষণ সরোবরের ন্যায় কম্পভরে অত্যন্ত বিচলিত হইলেন, কখনও শমীবৃক্ষের ন্যায় তাঁহার শরীর কণ্টকশোভিত (রোমাঞ্চ পক্ষে কাঁটা) হইল। ক্ষণকাল নদীতীরস্থিত বৃক্ষের ন্যায় তাঁহার নেত্র (নয়ন পক্ষে বৃক্ষমূল) জলসিক্ত হইল। এবং সূর্য্য যেমন অন্যান্য গ্রহের প্রকাশ আচ্ছাদিত করিয়া স্বয়ং পৃথিবীর উপর প্রকাশিত হয়, সেইরূপ তাঁহার আত্মপর সম্বন্ধীয় জ্ঞান লোপ হওয়ায় তিনি মূর্চ্ছিত হইয়া ভূমিতে পতিত হইলেন ॥ ৭৭

তঞ্চ তাদৃশ-ভৃশমোহ-রোহ-কবলিত-বিবেকমালোক্য করুণা-নীরধিরধিকমনুগ্রহং চিকীর্ষুরমুষ্য শিরসি রসিকেন্দ্রো নিজকরকমলমর্পয়ামাস। তঞ্চ চেতনয়া সম (৬৭)-মসমমমুং স্পর্শমবাপ্যোত্থিতং দ্বিজবরমুবাচ চ ॥ ৭৮

বিপ্রেন্দ্র! ধৈর্য্যমুপগচ্ছ কিমাকুলোঽসি
ত্বং সেবকো ভবসি মে নতরাং নবীনঃ।
তস্মাদ্ যদাহ্বয়সি মামসি ভক্তিযুক্ত-
স্তর্হ্যেব তে সবিধমাশ্ম জবাদুপৈমি ॥ ৭৯ ॥

বীক্ষ্যাপি মাং যদসি নাবগতোঽদ্য তস্মাৎ
প্রাকাশয়ং তব বিচিন্ত্যমিদন্তু রূপম্।
যস্মাৎ ষড়ক্ষরমনোর্মম গোপরাজ-
পুত্রস্য বালবপুষস্ত্বমুপাসকোঽসি। ৮০ ॥

(৬৭) সমং সহ ॥ ৭৮

তাঁহাকে ঐ প্রকার অত্যন্ত মোহনিমিত্ত অচৈতন্য দেখিয়া করুণাসিন্ধু রসিক-শিরোমণি প্রভু অধিক অনুগ্রহ করিবার ইচ্ছায় তাঁহার মস্তকে নিজ করকমল অর্পণ করিলেন। তাঁহার সেই অনুপম স্পর্শ প্রাপ্ত হইয়া দ্বিজবর চৈতন্যলাভের সঙ্গে সঙ্গে গাত্রোত্থান করিলে প্রভু তখন তাঁহাকে বলিলেন ॥ ৭৮

বিপ্রবর! ধৈর্য্য ধারণ কর, কেন আকুল হইতেছ? তুমি আমার নূতন সেবক নও। সেইজন্য তুমি যে যে সময়ে ভক্তিযুক্ত হইয়া আমাকে আহ্বান কর, আমি তৎক্ষণাৎ দ্রুতবেগে তোমার সমীপে উপস্থিত হই ॥ ৭৯

তুমি যে আজ আমাকে দেখিয়াও চিনিতে পার নাই, সেই নিমিত্ত তোমার চিন্তনীয় এই রূপ প্রকাশ করিলাম। যেহেতু তুমি গোপেন্দ্রনন্দন আমার বালগোপাল-মূর্ত্তির ষড়ক্ষর মন্ত্রের উপাসক ॥ ৮০

শ্রীগোকুলেঽপি ভবতো ব্রজরাজ-সদ্ম-
ন্যেবং পুরা ত্রিরঘসং দ্বিজপুঙ্গবান্নম্।
মল্লীলয়া প্রবলয়াবৃতমানসস্য
নারোহতি স্মৃতিপথং ভবতঃ পুনস্তৎ ॥ ৮১ ॥

এবং বিশ্বম্ভরস্য বচনমবগত্যাবনীবিবুধবরো বিশ্বম্ভরা-বিন্যস্তবপুর্বিনয়েন বহুবারমবনামং বিধায় বিগলদ্‌বিলোচন-বহুল-বারিধারা-বিক্লিন্নবদনো বাষ্প-ব্যাকুল-বাগ্‌বিনুনাব (৬৮) ॥ ৮২ ॥

জাতং পুরা গোকুলভূমিমধ্যেঽধুনা নবদ্বীপ-কৃতাবতারম্।
ব্রহ্মাদি-বিস্মাপক-দিব্যশক্তিং গোপালদেবং শরণং প্রপদ্যে ॥ ৮৩ ॥
শ্রীমদ্‌যশোদা-ব্রজরাজ-কীর্ত্তি-জাতীলতাবর্দ্ধন-বারিবাহং।
শচীজগন্নাথ-যশোম্বুধীন্দুং গোপালদেবং শরণং প্রপদ্যে ॥ ৮৪ ॥

(৬৮) তুষ্টাব ॥ ৮২ ॥

হে দ্বিজবর! ইতঃপূর্ব্বে দ্বাপরযুগে শ্রীগোকুলেও ব্রজরাজ নন্দের গৃহে আমি তিনবার তোমার অন্ন খাইয়াছিলাম; কিন্তু আমার প্রবল লীলাশক্তি দ্বারা তোমার চিত্ত আবৃত আছে বলিয়া তাহা তোমার স্মৃতিপথে উদয় হইতেছে না॥ ৮১ ॥

বিশ্বম্ভরের এইপ্রকার বাক্য অবগত হইয়া বিপ্রবর ভূলুণ্ঠিত শরীরে বিনয়-পূর্ব্বক বহুবার নমস্কার করিলেন এবং অবিরল নয়ন-জলধারায় বদন সিক্ত করিতে করিতে বাষ্পগদ্‌গদস্বরে স্তব করিতে লাগিলেন ॥ ৮২ ॥

যিনি পূর্ব্বে গোকুলনগরে জন্মগ্রহণ করিয়াছিলেন; এবং সম্প্রতি যিনি নবদ্বীপে অবতীর্ণ হইয়াছেন, যাহার দিব্যশক্তি ব্রহ্মাদি দেবতাগণেরও বিস্ময় উৎপাদন করে, আমি সেই গোপালদেবের শরণ গ্রহণ করিতেছি ॥ ৮৩ ॥

দ্বাপরে শ্রীমতী যশোদা ও শ্রীব্রজরাজ নন্দের কীর্ত্তিরূপ জাতীলতার (মালতী লতার) বর্দ্ধন বিষয়ে জলধর স্বরূপ, এক্ষণে শচী ও জগন্নাথের যশোরূপ সমুদ্রের (বর্দ্ধন বিষয়ে) চন্দ্রস্বরূপ গোপালদেবের আমি শরণ লইতেছি ॥ ৮৪ ॥

যশ্চিত্রলীলাবলি-সংবিধানৈরশোধয়দ্দ্বাপরবর্ত্তি-লোকান্।
তং তিষ্যজাতান্ (৬৯) মনুজান্ পুনানং গোপালদেবং শরণং প্রপদ্যে ॥ ৮৫ ॥
সপ্তাশ্ব-কন্যাতটনীরয়োর্যো বিস্তারয়ামাস বিচিত্রলীলান্।
তং গাঙ্গতীরোদকয়োর্লসন্তং গোপালদেবং শরণং প্রপদ্যে ॥ ৮৬ ॥
যো মেঘমালাং মঘবন্মণীংশ্চ (৭০) স্বয়া রুচা পর্য্যভবন্নিকামম্।
তয়া (৭১) ক্ষিপন্তং বরহাটকং তং গোপালদেবং শরণং প্রপদ্যে ॥ ৮৭ ॥
কৃত্বাবিরৈশ্বর্য্য-পরপ্রকর্ষং যোঽমোহয়ৎ পদ্মভবাদি-দেবান্।
তং ছাদয়ন্তং নিজতাদৃগৈশ্যং গোপালদেবং শরণং প্রপদ্যে ॥ ৮৮ ॥
কণ্বাভিধানস্য মুনীশ্বরস্য ব্রজে ত্রিরন্নং বুভুজে মুদা যঃ।
দীনস্য মেঽপ্যন্নমদন্তমেতং গোপালদেবং শরণং প্রপদ্যে ॥ ৮৯ ॥

(৬৯) কলিযুগজাতান ॥ ৮৫ ॥
(৭০) ইন্দ্রনীলমণীন্, (৭১) তয়া রুচা ॥ ৮৭

যিনি নানাবিধ বিচিত্র লীলাবিধান দ্বারা দ্বাপরযুগের লোক সকলকে পবিত্র করিয়াছিলেন, বর্ত্তমানে কলিযুগজাত মানবগণকে যিনি পবিত্র করিতেছেন, আমি সেই গোপালদেবের শরণ গ্রহণ করিতেছি ॥ ৮৫ ॥

যিনি যমুনার তীরে নীরে বিচিত্রলীলা বিস্তার করিয়াছিলেন, এক্ষণে গঙ্গার তীরে নীরে বিলাসপরায়ণ, সেই গোপালদেবের আমি শরণ গ্রহণ করিতেছি ॥ ৮৬ ॥

যিনি নিজকান্তিদ্বারা মেঘমালা ও ইন্দ্রনীলমণিসমূহকে পরাজিত করিয়াছিলেন, এক্ষণে নিজের কান্তিতে যিনি উৎকৃষ্ট স্বর্ণকে তিরস্কার করিতেছেন, আমি সেই গোপালদেবের শরণ গ্রহণ করিতেছি ॥ ৮৭ ॥

যিনি পরম ঐশ্বর্য্যাতিশয় প্রকাশ করিয়া ব্রহ্মাদি দেবতাগণকে মোহিত করিয়াছিলেন, এক্ষণে নিজের তাদৃশ ঐশ্বর্য্য আচ্ছাদিত করিয়া বিরাজমান সেই গোপালদেবের আমি শরণ গ্রহণ করিতেছি ॥ ৮৮ ॥

ব্রজে যিনি কণ্বনামক মুনিবরের অন্ন তিনবার আনন্দে ভোজন করিয়াছিলেন, এক্ষণে মাদৃশ দীনেরও অন্ন যিনি সানন্দে ভোজন করিতেছেন, আমি সেই গোপালদেবের শরণ গ্রহণ করিতেছি ॥ ৮৯ ॥

কম্বস্য বিশ্বাসকৃতে ব্রজে যশ্চতুর্ভুজং রূপমদর্শয়ত্তু।
মজ্জ্ঞপ্তয়ে গোপতনুং ভবন্তং গোপালদেবং শরণং প্রপদ্যে ॥ ৯০ ॥

ভো ভোঃ প্রভো! তব কৃপা বচসো ধিয়োঽপি
কস্যাপি জাতু ন ভবেদ্বিদুষোঽপি গম্যা।
যেয়ং সমস্তজগদন্তরতীব হীনং
মামপ্যহোৰততমাং বিষয়ীকরোতি ॥ ৯১ ॥

এবং ভূসুরস্য সুরস্য-স্তুতিং (৭২) শ্রুতিমানীয় প্রীয়মাণো ভগবানুবাচ—

"দ্বিজপুঙ্গব! সুমতেস্তব স্তবনেনানেনাত্যন্তমেব প্রাপ্তোঽস্মি পরং মোদ-মোদনেন চামোদকেনোদকেনোতপলাশেনাপি প্রীণামি দত্তেন ভক্তেন, ভক্তেন (৭৩) ত্বীদৃশেন কিমুত! ততো বরং কঞ্চিৎ প্রার্থয়স্ব, তং প্রতিপাদয়ানি দয়া-নিতান্তবশঃ ॥ ৯২ ॥

(৭২) পরমাস্বাদ্যস্তবং, (৭৩) ভক্তেন দত্তেন উদকেন তথা পলাশেনাপি পত্রেণাপি, ভক্তেন অন্নেন ॥ ৯২ ॥

কম্বের বিশ্বাসের নিমিত্ত যিনি তাঁহাকে চতুর্ভুজ রূপ দেখাইয়াছিলেন, এক্ষণে আমাকে জানাইবার জন্য যিনি গোপ-কলেবর হইয়াছেন, আমি সেই গোপালদেবের শরণ গ্রহণ করিতেছি। ৯০ ॥

হে, হে প্রভো! তোমার করুণা কখনও কোন পণ্ডিতেরও বাক্যবুদ্ধিরও গোচর নহে। কেননা—ইহা সমস্ত জগতের মধ্যে অত্যন্ত হীন হতভাগ্য আমাকেও আত্মসাৎ করিতেছে ॥ ৯১ ॥

ব্রাহ্মণের এই সুমধুর স্তুতি শুনিয়া ভগবান্ প্রীত হইয়া বলিলেন:—হে দ্বিজশ্রেষ্ঠ! তোমার বুদ্ধি অতি উৎকৃষ্ট। তোমার এই স্তবে ও সৌরভযুক্ত অন্নের দ্বারা আমি অত্যন্ত আনন্দপ্রাপ্ত হইয়াছি অথবা ভক্তপ্রদত্ত জল ও পত্রের দ্বারাও যখন আমি সন্তুষ্ট হই, তখন এইপ্রকার অন্নের দ্বারা যে আমি অত্যন্ত সন্তুষ্ট হইব, তাহাতে কি আর সন্দেহ আছে? অতএব তুমি কোনও বর প্রার্থনা কর। আমি নিতান্ত দয়াপরবশ হইয়া তোমাকে প্রদান করিব ॥ ৯২ ॥

স তূবাচ—'ভগবন্! কাময়ে কাময়েয় বস্তুজাতিং, (৭৪) সুকৃতং সুকৃতমপি স্বতঃ ফলং ন ভবতি। অর্থস্তু মঙ্গলগ্রহ ইব নাম্নৈব কর্ণমাত্র-রোচনো বস্তুতস্ত্বনর্থ এব সর্ব্বদোদ্বেগকরত্বাৎ; বিষয়া বিষ-যাদসাম্পতয়ঃ, স্বেষু নিমগ্নং জনং ক্লেশয়ন্তি। চতুর্থায় তু মোক্ষায় নমোঽক্ষায়ন-পরমানন্দকারিণীং (৭৫) হারিণীং হা ভবল্লীলা-মৃত-তরঙ্গিণীমাস্বাদয়িতুং যো ন দদাতি ॥ ৯৩ ॥

কিঞ্চ ভবন্নিশামনেনৈবমনেনৈব (৭৬) কৃতার্থতাময়াম যাচিত্বাঽপি, ততঃ কিমন্যৎ প্রার্থয়েয়, ন হি পীযূষ-পারাবার-পরিমগ্নঃ ক্ষারবারি বাঞ্ছতি ॥ ৯৪ ॥

যদ্যবশ্যং বরো দেয়স্ত্বয়া মে মিশ্রনন্দন।
ভবল্লীলাবলোকানুমতিং দেহি তদা বরম্ ॥ ৯৫ ॥

(৭৪) কাং বস্তুজাতিং কাময়েয়। (৭৫) ইন্দ্রিয়মার্গস্থ কর্ণচক্ষুরাদেঃ পরমসুখকারিণীং ॥ ৯৩ ॥
(৭৬) এবম্প্রকারেণ অনেনৈব ভগবদ্দর্শনেন ॥ ৯৪ ॥

কিন্তু ব্রাহ্মণ বলিলেন—হে ভগবন্! আমি কোন্ বস্তুসমূহ প্রার্থনা করিব? ধর্ম্ম সম্যগ্ভাবে অনুষ্ঠিত হইলেও তাহা স্বতঃই ফলরূপ নহে। অর্থ মঙ্গলগ্রহের ন্যায় নামেই কেবল কর্ণসুখকর, বস্তুতঃ সর্ব্বদা উদ্বেগ জন্মায় বলিয়া উহা যথার্থই অনর্থ। বিষের সাগররূপ বিষয় সকল আপনাতে নিমগ্ন ব্যক্তিকে অর্থাৎ বিষয়াবিষ্ট ব্যক্তিকে ক্লেশ প্রদান করে। চক্ষুঃকর্ণাদি ইন্দ্রিয়মার্গের পরম সুখদায়িনী মনোহারিণী আপনার লীলামৃত-তরঙ্গিণীকে যে আস্বাদন করিতে দেয় না, সেই চতুর্থ মোক্ষকে আমি নমস্কার করি ॥ ৯৩ ॥

আরও আমি যাচ্ঞা না করিলেও আপনি যে আমাকে এইপ্রকার দর্শন দিয়াছেন, ইহাতেই আমি কৃতার্থতা লাভ করিয়াছি। অতএব আমি অন্য আর কি প্রার্থনা করিব? অমৃতসমুদ্রমগ্ন ব্যক্তি কখনও ক্ষারজল (লবণজল) প্রার্থনা করে না ॥৯৪॥

হে মিশ্রনন্দন! যদি তুমি অবশ্যই আমাকে বর দিবে, তবে তোমার লীলা দর্শনের অনুমতিরূপ বর আমাকে প্রদান কর ॥ ৯৫ ॥

কিঞ্চ—বারদ্বয়ং যত্তবতঃ প্রসাদো মোহাভিভূতেন ময়াভ্যুপৈক্ষি।
ততোঽপরাধান্মম কম্পতে ধীঃ কৃপামৃতাব্ধে তমিমং ক্ষমস্ব ॥ ৯৬ ॥

শ্রুত্বা বিপ্রস্য বচনং তমুবাচ মহাপ্রভুঃ।
পশ্যের্লীলাং কিন্তু মাং ত্বং কুত্রচিন্ন প্রকাশয়েঃ ॥ ৯৭ ॥

উপেক্ষিতো দ্বির্মম যৎ প্রসাদ, স্ত্বয়া তবাত্রাপি ন কিঞ্চিদাগঃ।
কুর্ব্বন্তি যদ্ যন্মম বিপ্র! ভক্তাস্তত্তৎ সুখায়ৈব ভবেদ্ যতো মে ॥ ৯৮ ॥

ইত্যুক্ত্বাঽন্তর্হিতেঽর্হিতে (৭৭) জগন্নাথৌরসে রসেন (ক) স ভূদেবোঽভূদেবো-ন্মত্তঃ। ততশ্চ ভগবৎপ্রসাদান্নং 'অহোভাগ্যমহোভাগ্যমিতি' বদন্ মুহুঃ প্রণম্য শিরস্যুরস্যপর্য্যঙ্গেষু সর্ব্বেষ্বেব প্রলিপ্য সতৃণং (৭৮) বুভুজে, রসনয়া পুনঃপুনঃ পাত্রং পরিলিলেহ চ ॥ ৯৯ ॥

---

(৭৭) পূজ্যে, (ক) আনন্দেন, (৭৮) সমগ্রম্ ॥ ৯৯ ॥

অধিকন্তু, আমি মোহাচ্ছন্ন হইয়া দুইবার যে তোমার প্রসাদ উপেক্ষা করিয়াছি, সেই অপরাধে আমার বুদ্ধি বিচলিত হইতেছে। হে করুণামৃতসাগর। তুমি আমার সেই অপরাধ ক্ষমা কর।। ৯৬ ।।

বিপ্রের কথা শুনিয়া মহাপ্রভু বলিলেন—তুমি আমার লীলা দেখিতে পাইবে। কিন্তু কাহারও নিকট আমাকে প্রকাশ করিও না ॥ ৯৭ ॥

তুমি যে দুইবার আমার প্রসাদ উপেক্ষা করিয়াছ এ বিষয়ে তোমার কোন দোষ নাই। যেহেতু হে বিপ্র! আমার ভক্তগণ যাহা যাহা করেন, তাহা সকলই আমার সুখের নিমিত্ত হইয়া থাকে ॥ ৯৮ ॥

এই কথা বলিয়া পূজ্য শ্রীজগন্নাথনন্দন অন্তর্হিত হইলে সেই ব্রাহ্মণ প্রেমানন্দে সত্যই উন্মত্ত হইলেন। অনন্তর "অহো ভাগ্য! অহো ভাগ্য!" এই কথা বলিতে বলিতে ভগবানের প্রসাদান্নকে পুনঃ পুনঃ প্রণাম করিয়া মস্তকে বক্ষে ও সর্ব্বাঙ্গোপরি লেপন করিলেন এবং নিঃশেষে ভোজন করিয়া জিহ্বাদ্বারা পাত্রটি পুনঃ পুনঃ চাটিতে লাগিলেন ॥ ৯৯ ॥

অথ গৃহাদ্‌বহিরাগত্য কৃতাচমনস্তমনন্তরমেবোপেত্য মিশ্রবরঃ পপ্রচ্ছ—সাধূত্তম। প্রষ্টুং বিভেমি ভবতো ভোজনং নিষ্পন্নং ন বেতি। স তু সাবহিত্থমুবাচ— ॥ ১০০ ॥

মিশ্রেন্দ্র! ভোজনমভূন্মম যাদৃগদ্য
নৈতাদৃগদ্য জনুষি (৭৯) কচনাপি লব্ধম্।
ত্বৎসূনুনানপরিভুক্ত (৮০) মতীব শুদ্ধং
ভক্তং বিভুজ্য তব পূততমোঽস্ম্যভূবম্ ॥ ১০১ ॥
এতন্নিশম্য বচনং কিল তৈর্থিকস্য
শ্রীবিশ্বরূপ-জনকো মুদিতো বভূব।
শয্যাং বিধায় রুচিরাং তমশায়য়চ্চ
তস্যান্তিকে স্বয়মশেত চ সুস্থচিত্তঃ ॥ ১০২ ॥

ইতীত্যাদি শ্রীগৌরলীলামৃতে শেষবাল্যবিলাসো নাম সপ্তম আস্বাদঃ।

(৭৯) অস্মিন্ জন্মনি, (৮০) শ্লেষেণ অনপরিভুক্তং, পরিভুক্তমিতি তু বাস্তবার্থঃ ॥ ১০১ ॥

তারপর গৃহ হইতে বাহিরে আসিয়া তিনি আচমন করিলে মিশ্রবর তাঁহার নিকট আসিয়া জিজ্ঞাসা করিলেন—"সাধূত্তম! আপনার ভোজন নিষ্পন্ন হইয়াছে কি না আমি জিজ্ঞাসা করিতে ভয় পাইতেছি।" তখন তিনি মনের ভাব গোপন করিয়া বলিলেন ॥ ১০০ ॥

হে মিশ্রেন্দ্র! অদ্য আমার যেরূপ ভোজন হইয়াছে, এ জন্মে আমি আর কখনও এরূপ ভোজন লাভ করি নাই। তোমার পুত্র কর্তৃক অপরিভুক্ত (শ্লেষে অনপরিভুক্ত অর্থাৎ পরিভুক্ত) অত্যন্ত শুদ্ধ অন্ন ভোজন করিয়া আমি অতিশয় পবিত্র হইয়াছি ॥ ১০১ ॥

তৈর্থিকের এই বচন শুনিয়া শ্রীবিশ্বরূপের পিতা আনন্দিত হইলেন। মনোরম শয্যা রচনা করিয়া তাঁহাকে শয়ন করাইলেন, এবং সুস্থচিত্তে নিজেও তাঁহার নিকট শয়ন করিলেন ॥ ১০২ ॥

ইতি শ্রীগৌরলীলামৃতে শেষবাল্যবিলাস নামক সপ্তম আস্বাদ ॥

শ্রীশ্রীগৌরাঙ্গ-চম্পূঃ

—ঃ(*)ঃ—

অষ্টম আস্বাদঃ

অথ সংবৃত্তে নিশান্তে (১) নিশান্তেশ্বরং (২) সীরপাণি-স্বরূপং বিশ্বরূপঞ্চামন্ত্র্য সর্ব্বজনধীচৌরং শ্রীগৌরমালোক্য স তৈর্থিকস্ততো জগাম। গচ্ছন্নপি শ্রীগৌর-লীলাবলোক-লালসয়া নাতিদূরং জগাম। কিন্তু নবদ্বীপ-নিকটেষু গ্রামেষটন্নহরহ-রভ্যেত্য তল্লীলাদর্শনেনাত্মানমানন্দয়ামাস ॥ ১ ॥

অথৈবং পরমানন্দেন শ্রীমতঃ প্রভোরিচ্ছানুসারিবয়সো* জবত্যতুল্যে তুল্যে (৩) বৎসরে বৎ সরেণ রুচিকরেণ (৪) সপ্রপঞ্চমেন (৫) পঞ্চমেন মাসমানেন মাসমানেন (৬) প্রববৃতে ॥ ২ ॥

তত্র চ বাল্যভাগতয়া প্রসিদ্ধেঽপি শিশিরস্থাবয়বেঽপি ফাল্গুনে গুণেনাধিকো বসন্ত ইব পৌগণ্ডমধিকারমধিকারমণঞ্চকার (৭) ॥ ৩ ॥

---

(১) রাত্র্যন্তে প্রভাতে, (২) গৃহেশ্বরং জগন্নাথম্ ॥ ১ ॥

(৩) তুল্যে তুর্য্যে বৎসরে জবতি গতে ('জু' সৌত্রধাতুঃ গত্যর্থঃ), (৪) সরেণবৎ দধ্যগ্রেণেব রুচিকরেণ, (৫) সপ্রপঞ্চা মা শোভা যস্য তেন, (৬) যতঃ ময়া শোভয়া অসমানেন মাসমানেন বৎসরেণ প্রবৃত্তম্ ॥ ২ ॥

(৭) অধিকমারমণং ক্রীড়া জনানুরাগো বা যত্র তৎ ॥ ৩ ॥

অনন্তর রাত্রি প্রভাত হইলে তৈর্থিক গৃহস্বামী জগন্নাথ মিশ্র ও হলধর স্বরূপ শ্রীবিশ্বরূপকে সম্ভাষণ করিয়া সকল লোকের বুদ্ধি অপহরণকারী (চিত্তচোর) শ্রীগৌরকে দর্শন করতঃ সেখান হইতে প্রস্থান করিলেন। গমন করিলেও শ্রীগৌরের লীলাদর্শন-লালসায় তিনি বেশী দূর গেলেন না। কিন্তু তিনি নবদ্বীপের নিকটবর্ত্তী গ্রামসমূহে ভ্রমণ করিতেন এবং প্রতিদিন আসিয়া তাঁহার লীলাদর্শনপূর্ব্বক চিত্তের আনন্দ বিধান করিতেন ॥ ১ ॥

এইরূপে পরমানন্দে শ্রীমান্ প্রভুর ইচ্ছাধীন বয়সের অনুপম চতুর্থ বৎসর গত হইলে, রুচিপ্রদ সরের (দধিদুগ্ধাদির অগ্রভাগের) ন্যায় অতুল শোভাসম্পন্ন পরমসুন্দর পঞ্চম বৎসর প্রবৃত্ত হইল ॥ ২ ॥

---

* 'প্রভোরিচ্ছানুসারবয়সোঽবজিতেঽতুল্যে' পাঠস্তু প্রামাদিকঃ।

কিঞ্চিত্তানব-লব্ধসৌষ্ঠব-মনঃসংমোদকৃন্মধ্যমং
ন্যগ্রোধাঙ্কুর-পক্ববিম্ব-বিজয়ি শ্রীভাজি দন্তচ্ছদম্।
কম্বুন্মাদহর-ত্রিরেখ-ললিতগ্রীবং সমুদ্যৎপ্রভং
পৌগণ্ডং হৃদি চিন্তয়ামি সততং শ্রীগৌরচন্দ্র-প্রভোঃ ॥ ৪ ॥

মন্যে বয়োঽস্য তদুরো বিপুলং বিধাতুং,
দৃষ্ট্বেতরত্র নহি তৎ-কৃতিযোগ্যবস্তু।
মাংসং ক্রমেণ জঠরস্য জহার তস্মাৎ
তৎসূক্ষ্মতামুপজগাম তদাক্রমেণ ॥ ৫ ॥
মথিষ্যতো রাজতি বন্ধুজীবং
নারাগতাঽস্য দ্বিজ-চেলকস্য (৮)।
এবং বিচার্য্যেব বয়স্তদস্য
প্রভুত্বরাগং স্বযুযোজ তত্র ॥ ৬ ॥

(৮) বন্ধুজীবং পুষ্পবিশেষং মথিষ্যতঃ জেষ্যতঃ দ্বিজচেলকস্য অধরস্য অথচ বন্ধূনাং প্রিয়তমানাং জীবং জীবনং বিলোড়য়িষ্যতো দ্বিজাধমস্য রাগশূন্যতা ন শোভতে ॥ ৬ ॥

শীতকালের অবয়ব হইলেও ফাল্গুন মাসে যেমন অধিক গুণসম্পন্ন বসন্তের অধিকার হয়, সেইরূপ পঞ্চম বৎসর বাল্যকালের অংশ বলিয়া প্রসিদ্ধ থাকিলেও তখন প্রচুর ক্রীড়াময় অথবা জনবৃন্দের পরম অনুরাগজনক পৌগণ্ড আসিয়া অধিকার করিয়াছিল ॥ ৩ ॥

তখন প্রভুর কটিদেশ কিঞ্চিৎ কৃশতাপ্রাপ্ত সৌষ্ঠবের দ্বারা সকলের মনে আনন্দ বিধান করিতেছিল, তাঁহার ওষ্ঠশোভায় বটবৃক্ষের অঙ্কুর ও পক্কবিম্বফলকে জয় করিয়া বিরাজ করিতেছিল, গ্রীবা শঙ্খের মত্ততানাশক ত্রিরেখাদ্বারা অতি সুন্দর হইয়াছিল, প্রভু শ্রীগৌরচন্দ্রের এইপ্রকার উদীয়মান কান্তিযুক্ত পৌগণ্ড বয়সকে আমি সর্ব্বথা হৃদয়ে চিন্তা করি ॥ ৪ ॥

মনে হয়, প্রভুর বয়স তাঁহার বক্ষঃস্থলকে বিশাল করিবার জন্য অন্য কোথায়ও ঐ কার্য্যের উপযুক্ত বস্তু না দেখিয়া ক্রমে ক্রমে জঠরের মাংস হরণ করিয়াছিল, সেইজন্য জঠর তখন ক্রমশঃ সূক্ষ্মতাপ্রাপ্ত হইয়াছিল ॥ ৫ ॥

প্রভুর যে অধর, বন্ধুজীব পুষ্পকে পরাভব করিবে, তাঁহার রাগহীনতা শোভা পায় না, (শ্লেষে যে দ্বিজাধম বন্ধুগণের জীবনে দুঃখ প্রদান করিবে, তাহার রাগশূন্যতা

বিদ্যা-প্রিয়োক্তি-হিতভাষণ-গানশক্তী-
র্জ্ঞাত্বাস্য কণ্ঠভুবি কিন্নু নিরস্তকামাঃ।
তাসাং বিবাদ-পরিহারকৃতে বয়স্তদ্
রেখাত্রয়েণ বিদধৌ বহিরত্র (৯) সীমাম্॥ ৭ ॥

বয়স্যমুষ্মিন্নুদিতে তনুপ্রভা
বভূব তস্যাভ্যধিকাপি পূর্ব্বতঃ।
প্রাতর্যথা ভানুমতশ্ছটা ভবে-
ন্ন সঙ্গবে (১০) সা হি তথৈব তিষ্ঠতি॥ ৮ ॥

তদা চ তং নবদ্বীপ-পত্তনবাসী নবাসীম-সৌন্দর্য্যস্তস্য সমানবয়ামানব-যাচনীয়পদরজা (১১) দরজাত-নিত্যপ্রেমোদয়ো (১২) মোদযোগে-(১৩) নৈকধ্যাদিক্রমেণ সমাজগাম বালকচয়ঃ, সরসালবালং (১৪) রসালবালং (১৫) মুকুলিতমাকুলিতমানসঃ সৌরভেণ পরভৃত-বিসর ইব ॥৯

(৯) অত্র কণ্ঠস্থানে ॥ ৭ ॥

(১০) প্রাতঃ কালাৎ পরস্মিন্ মুহূর্ত্তত্রয়ে পূর্ব্বাহ্ণে ॥ ৮ ॥

(১১) মনুষ্যৈর্যাচ্যা পদধূলির্যস্য, (১২) ঈষদাবির্ভূতো নিত্যপ্রেম্ণ উদয়ো যস্য। (১৩) মোদযোগেন আনন্দ-সম্বন্ধেন, (১৪) সরসং সজলং আলবালং যস্য তম্, (১৫) আম্রপোতম্ ॥ ৯ ॥

শোভা পায় না) এইরূপ বিচার করিয়াই যেন তাঁহার ঐ বয়স তখন অধরে প্রচুর রক্তিমা সংযুক্ত করিয়াছিল ॥৬

প্রভুর কণ্ঠদেশে বিদ্যা, প্রিয়োক্তি, হিতভাষণ ও গানের শক্তি সকল ক্রীড়া করিতে ইচ্ছুক জানিয়াই কি তাহাদের বিবাদ ভঞ্জন করিবার নিমিত্ত ঐ বয়স তখন তাঁহার কণ্ঠের বাহিরে তিনটি রেখাদ্বারা সীমা নির্দ্দেশ করিয়া দিয়াছিল ? ॥৭

প্রভুর পৌগণ্ড বয়স উদিত হইলে তাঁহার অঙ্গকান্তি পূর্ব্বাপেক্ষা আরও অধিক বৃদ্ধিপ্রাপ্ত হইয়াছিল। কেননা সূর্য্যের তেজঃ প্রাতঃকালে যেমন থাকে, পূর্ব্বাহ্ণে সেইরূপ থাকে না অর্থাৎ তদপেক্ষা অধিক বর্দ্ধিত হয় ॥৮

প্রোষ্যাগতাংশ্চিরদিনাৎ সমবেক্ষ্য বন্ধূন্।
লোকো যথাভিলভতে পরমং প্রমোদম্।
তদ্বচ্চিরাদুপগতান্ নিজপূর্ব্বভক্তা-
নালোক্য কিঞ্চন সুখং প্রভুরেষ লেভে ॥ ১০ ॥

তদা চ গৌরস্য তথা শিশূনাং পরস্পরালোকজ-হর্ষবর্ষম্।
তনূলতাঃ সৎপুলকাঙ্কুরাঢ্যা নেত্রচ্ছদাং (১৬) শ্চাম্বুমুচশ্চকার ॥ ১১ ॥

গৌরস্য কায়-কনকাব্জবনে শিশূনাং
নেত্র-দ্বিরেফনিকরঃ সুরভৌ প্রবিশ্য।
সৌন্দর্য্য-পুষ্পরস-তৃপ্ততয়ালসঃ সং-
স্তস্মাৎ কথঞ্চিদপি নোচ্চলিতুং শশাংক ॥ ১২ ॥

---

(১৬) নেত্রাণ্যেব ছদাঃ পত্রাণি তান্ ॥ ১১ ॥

জলপূর্ণ আলবালবিশিষ্ট ক্ষুদ্র আম্রবৃক্ষ (আমের চারা) মুকুলিত হইলে তাহার সৌরভে আকুলচিত্ত হইয়া কোকিলসমূহ যেমন সেখানে আসিয়া উপস্থিত হয়, সেইরূপ যাহাদের চরণরজঃ মানবগণের যাচ্ঞার যোগ্য, এবংবিধ নবদ্বীপবাসী, অসীমনবসৌন্দর্য্য-বিশিষ্ট, প্রভুর সমবয়স্ক বালকসমূহে নিত্যপ্রেমের ঈষৎ উদয় হওয়ায় আনন্দভরে এক দুই করিয়া তাঁহার নিকট আসিয়া উপস্থিত হইয়াছিল ॥৯

বহুদিন পরে বন্ধুগণকে বিদেশ হইতে আগত দেখিয়া লোকে যেমন পরমানন্দ লাভ করে, সেইপ্রকার নিজের পূর্ব্বভক্তগণকে দীর্ঘকাল পরে উপস্থিত দেখিয়া প্রভু অনির্ব্বচনীয় সুখ লাভ করিয়াছিলেন ॥১০

তখন গৌরও শিশুগণের পরস্পর দর্শনজনিত আনন্দবর্ষা তনুরূপ লতাসকলকে সুন্দর পুলকরূপ অঙ্কুরযুক্ত এবং চক্ষুর পাতাগুলিকে জলবর্ষী মেঘস্বরূপ করিয়াছিল ॥১১

গৌরের শরীররূপ সুগন্ধিস্বর্ণকমলবনে বালকদিগের নেত্ররূপ ভ্রমরসমূহ প্রবেশপূর্ব্বক সৌন্দর্য্যরূপ মধুপানে তৃপ্তিহেতু অলস হইয়া তথা হইতে কোনও প্রকারে প্রস্থান করিতে পারিতেছিল না ॥১২

তত্তস্তমালোক্য ন হি ক্ষণং তে, কুত্রাপি ন স্থাতুমলং বভূবুঃ (১৭)।
অলৌকিকী শ্রীর্বশয়েন্ন মাত্রং, কিমু স্বতঃ সিদ্ধরতীনসৌ তান্॥ ১৩॥

ততশ্চ তৈঃ সহ মিলিতো মিশ্রেন্দ্রনন্দনো নৃপমার্গ-নগরনিবাসি-বাসরমণীয়ারামামরতটিনী-তীর-নীরেষু নিরন্তরং নানাবিলাসমাচরতি স্ম॥১৪

দেবেশ্বরোঽপি যদবাপ নৃবালচর্য্যাং
গাম্ভীর্য্যসিন্ধুরপি চঞ্চলতাঞ্চ গৌরঃ।
তন্ন প্রমোদয়তি হন্ত! তদীয়-লীলা-
শক্তের্বিচিত্রতরতাং স্ফুটয়জ্জনং কম্॥ ১৫॥

অথ কদাচিৎ—

প্রাচীরং ভবনঞ্চ ধূলিপটলৈঃ কৃত্বা পথি প্রস্তরং
শালগ্রামশিলাং প্রকল্প্য রজসৈবার্চাং বিধায় প্রভুঃ।
পঙ্‌ক্তীকৃত্য নিবেশ্য সঙ্গিনিকরান্ পত্রেষু পাত্রেষসৌ
নৈবেদ্যং পরিবেষয়ত্যভিমুদা শ্রীমান্ শচীনন্দনঃ॥ ১৬॥

(১৭) তং নালোক্য স্থাতুং ন শক্তাঃ বভূবুঃ॥ ১৩॥

সেইদিন হইতে বালকগণ প্রভুকে ক্ষণকালের জন্য না দেখিয়া অন্য কোথাও থাকিতে পারিত না। অলৌকিক সৌন্দর্য্য মনুষ্যমাত্রকেই বশীভূত করে, সুতরাং যাহাদের অনুরাগ স্বতঃসিদ্ধ, তাহাদিগকে যে উহা বশীভূত করিবে এ সম্বন্ধে কি আর বলিবার আছে?॥১৩

তখন হইতে তাহাদের সঙ্গে মিলিত হইয়া মিশ্রেন্দ্রনন্দন বিশ্বম্ভর রাজপথে, নগরবাসিগণের গৃহে, রমণীয় উদ্যানে এবং সুরধুনীর তীরে নীরে নিরন্তর নানাপ্রকার ক্রীড়া করিতে লাগিলেন॥১৪

গৌর দেবগণের ঈশ্বর হইয়াও যে নরবালকের চরিত্র অঙ্গীকার করিয়াছিলেন, গাম্ভীর্য্যসাগর হইয়াও যে চঞ্চলতা স্বীকার করিয়াছিলেন, ইহাতে তাঁহার লীলাশক্তির অতিশয় বৈচিত্র্যই প্রকাশ করিতেছে। অতএব তাহাতে কোন্ ব্যক্তিকে না আনন্দিত করে? অর্থাৎ সকলকেই আনন্দিত করে॥১৫

তথায় কখনও প্রভু শ্রীমান্ শচীনন্দন পথিমধ্যে ধূলিরাশির দ্বারা প্রাচীর (দেওয়াল) ও গৃহ নির্ম্মাণ করতঃ একখণ্ড প্রস্তরকে শালগ্রাম শিলারূপে কল্পনা

তে ঃ ভোজনলীলামনুকুর্ব্বন্তস্তথা কুর্ব্বন্তং তমূচুঃ—হে বালকাখণ্ডলা-(১৮) লকাখণ্ডলাবণ্য ! সুকোমলেন কর-কঞ্জেন করকং জেজীয়মানেন (১৯) দেবতাশেষো (২০) বত্তাশেষোপমানশূন্যো যো ভবতাস্মভ্যং সমর্পিতঃ, সোঽয়ং লোচনেনৈবাস্বাদনীয়ো ন রসনয়া রসনায়াশক্তত্বাৎ ॥১৭

তস্য চাস্বাদতোঽস্বাদতো (২১) বুভুক্ষাভরতো ন নিস্তারোঽজনি। যদি ততোদিততোদাঽস্মাকমশনায়ামশনায়াপনয়া নিবারয়িতুং পারয়ে রয়েণ, ততঃ প্রততঃ প্রমোদো ভবত্যস্মাকম্ ॥১৮

(১৮) বালকাখণ্ডল বালকেন্দ্র, (১৯) দাড়িম্বপুষ্পং রক্তিমাতিশয়েন জয়তা,
(২০) দেবতোচ্ছিষ্টম্ ॥ ১৭ ॥
(২১) অসূন্ প্রাণান্ অত্তীতি অস্বাদস্তস্তঃ প্রাণনাশকাদিত্যর্থঃ ॥ ১৮ ॥

করিয়া ধূলিদ্বারাই তাহার অর্চ্চনা করিয়াছিলেন এবং সঙ্গিগণকে পঙ্‌ক্তিবদ্ধভাবে বসাইয়া পত্ররূপ পাত্রসমূহে অতি আনন্দের সহিত নৈবেদ্য পরিবেশন করিতেছিলেন ॥১৬

তাহারা সকলে ভোজনলীলা অনুকরণ করিতে করিতে ঐ প্রকার পরিবেশনকারী প্রভুকে বলিল—হে অখণ্ডলাবণ্যময় চূর্ণকুন্তল-শোভিত বালকেন্দ্র ! (বালক-শিরোমণি !) রক্তিমাতিশয্যে দাড়িম্বজয়ী তোমার সুকোমল করকমলের দ্বারা যে অতুলনীয় দেবতার প্রসাদ তুমি আমাদিগকে অর্পণ করিয়াছ, তাহার রসগ্রহণ করা অসাধ্য বলিয়া জিহ্বা দ্বারা তাহা আস্বাদ করা যায় না, নয়ন দ্বারাই ইহা আস্বাদন করিবার যোগ্য ॥১৭

উহার আস্বাদে প্রাণনাশক প্রচণ্ড ক্ষুধা হইতে আমাদের মুক্তি হইল না। যদি তুমি ভোজ্যবস্তু প্রদানের দ্বারা আমাদের অতিবিস্তৃত যন্ত্রণাদায়ক ক্ষুধা সত্বর নিবারণ করিতে পার, তাহা হইলে আমাদের অপার আনন্দলাভ হইবে ॥১৮

তদেতদ্বচনং নিশম্য সবয়সাময়সামস্ত্যপূর্ণো (২২) ভগবান্ যূয়ং ক্ষণমত্রৈব বিরমেতারমেতাম্বঃ (২৩) প্রার্থনাং সাধয়ানীত্যুক্ত্বা নিকটবর্ত্তিনাং দ্বিজানাং নিকেতনেষু প্রবিশ্য যদ্ যদ্ ভক্ষ্যমবলোকয়তি তত্তচ্চোরয়তি রয়তিরস্কৃত-পবনঃ ॥১৯

যদি তু তং কশ্চিৎ পশ্যতি তদা বদতি—রে চলাচলাশয়! শয়দ্বয়ে (২৪) কিং তে বর্ত্ততে জানাসি নাসি (২৫) মাং যদহো পরগৃহেঽপীদৃগৌদ্ধত্যমাচরসি? ॥২০

বালকস্তু বক্তি—ভূসুরোত্তম! কিমিদং ভবান্ সত্যমেব ভাষতে, ভবনমিদং মামকং ন ভবতীতি ভবতু, ভবতো ভণিত্যৈবাহমিদানীমিতো ব্রজেয়ং পশ্চাত্তু বিচারয়িষ্যামি কস্যেদমিতি ॥২১

> এতদ্বচস্তস্য* নিপীয় তস্মিন্ বিপ্রে হসেনাকুলিতে নিতান্তম্।
> শ্রীগৌরচন্দ্রো নিজকার্য্যসিদ্ধিং, কৃত্বা সখীনাং নিকটং প্রযাতি ॥ ২২ ॥

(২২) অয়েতি—শুভাবহবিধিপূর্ণতাপূর্ণঃ (২৩) [বিরমেত+অরং (শীঘ্রম্)+এতাং+বঃ] ॥১৯
(২৪) চলেতি—চঞ্চলমতে। হস্তদ্বয়ে। (২৫) অসিত্বম্ (অব্যয়ম্) ॥২০

সমবয়স্ক বালকগণের এই কথা শ্রবণ করিয়া সমস্ত শুভবিধিযুক্ত অর্থাৎ শোভনচরিত্র ভগবান্ বলিলেন—"তোমরা ক্ষণকাল এই স্থানেই অপেক্ষা কর। আমি শীঘ্রই তোমাদের এই প্রার্থনা পূর্ণ করিব।" এই বলিয়া তিনি নিকটবর্ত্তী ব্রাহ্মণগণের গৃহসমূহে প্রবেশ করিয়া যে যে ভক্ষ্যবস্তু দর্শন করিলেন, বায়ু অপেক্ষাও অধিকবেগে তাহা চুরি করিতে লাগিলেন ॥১৯

যদি কেহ তাহাকে দেখিত, তাহা হইলে বলিত—রে চপলচিত্ত! তোমার দুইটি হস্তে কি আছে? অহো! তুমি যে পরের গৃহেও এই প্রকার ঔদ্ধত্য করিতেছ, তুমি কি আমাকে জান না? ॥২০

বালক বিশ্বম্ভর উত্তর করিতেন—"হে ব্রাহ্মণবর! আপনি কি ইহা সত্যই বলিতেছেন যে এ গৃহ আমার নয়? যাহা হউক, আপনার কথাতেই আমি এখন এখান হইতে যাই, এ কাহার গৃহ, ইহা পরে বিচার করিব ॥২১

*এতদ্বচঃ স্বস্য ইতি পাঠান্তরম্।

এবং কঞ্চিৎ স্বসঙ্গিনং রহসি তদ্সম্মুখঃ স্থাপয়িত্বা 'নায়ামীহ যাবদস্মি তাবদস্মি-তামদতো মদতোষকতো (২৬) হন্যত্র মা যায়া মায়ায়া-(২৭) স্বৎপিত্রোঃ পরীক্ষাং কর্ত্তাস্মি, ততঃ কেনাপ্যাহূতোঽপি নোত্তরং দত্ত্বা' ইত্যুক্ত্বা তৎপিতৃসদনমন্যৈঃ সহ গত্বা বদতি ॥২৩

বিপ্রবর্য্য! ভবতো বালকঃ ক্রন্দন্ সুরধুনী-সরণ্যা সরতি তং পরাবর্ত্তয়িতুং বহুধা যত্নমকাষ্ম', তথাপি নাসৌ প্রত্যাবৃত্তস্ততো যদিচ্ছসি তদ্বিধেহি ॥২৪

এতাং শ্রুত্বা গিরমতিভয়ব্যাকুলো বিপ্রবর্য্যো-
ঽন্বেষ্টুং পুত্রং নিজপরিকরৈর্যাতি সর্ব্বৈঃ সহ দ্রাক্।
শ্রীগৌরস্ত প্রিয়সখগণৈঃ সার্দ্ধমালোক্য গেহং
শূন্যং বিষ্ট্বা হরতি মধুরং মোদকাদি-সুভক্ষ্যম্ ॥ ২৫ ॥

(২৬) অস্মিতেতি অহঙ্কার-মদতো মদসন্তোষকারণাৎ (২৭) মায়ায়া মমতায়াঃ মা যায়াঃ ন গচ্ছেঃ ॥ ২৩

তাঁহার এই বাক্যসুধা পান করিয়া সেই ব্রাহ্মণ অত্যন্ত হাস্য করিতে লাগিলে, শ্রীগৌরচন্দ্র নিজকার্য্য সিদ্ধ করিয়া সখাদিগের নিকট প্রস্থান করিলেন ॥২২

এইরূপে প্রভু সহাস্যবদনে নিজের কোনও এক সঙ্গীকে গুপ্তস্থানে রাখিয়া বলিতেন—আমি যতক্ষণ এখানে না আসি, ততক্ষণ তুমি আমার অসন্তোষজনক অভিমানমদে মত্ত হইয়া অন্যত্র যাইও না। তোমার মাতাপিতার মমতার পরীক্ষা করিব। সুতরাং কেহ ডাকিলেও উত্তর দিও না। এই কথা বলিয়া তিনি অন্যান্য সঙ্গিগণের সঙ্গে ঐ বালকের পিত্রালয়ে গিয়া তাহার পিতার নিকট বলিতেন ॥২৩

"হে বিপ্রবর! আপনার বালক পুত্রটি রোদন করিতে করিতে গঙ্গার পথ দিয়া যাইতেছে। তাহাকে ফিরাইবার জন্য অনেক চেষ্টা করিলাম, তথাপি সে ফিরিল না। অতএব আপনি যাহা ইচ্ছা হয় করুন ॥ ৪

এই কথা শুনিয়া সেই দ্বিজবর অত্যন্ত ভয়ে ব্যাকুল হইয়া নিজের সমস্ত পরিজনগণের সঙ্গে পুত্রকে অন্বেষণ করিবার নিমিত্ত তৎক্ষণাৎ গমন করিতেন। এদিকে শ্রীগৌরও গৃহ শূন্য দেখিয়া প্রিয়সখাদিগের সঙ্গে তন্মধ্যে প্রবেশপূর্ব্বক মোদক (মোয়া) প্রভৃতি মধুর ও সুন্দর ভক্ষ্যদ্রব্যসমূহ অপহরণ করিতেন ।.২৫

অহো ! প্রভোর্ভক্তহিতে সমাগ্রহং
বিলোকয়ধ্বং ননু সাধবো জনাঃ।
যদর্থমেষ ত্রিজগদ্বিনিন্দিতা-
মপি স্বয়ং হন্ত ! করোতি চৌরিকাম্ ॥ ২৬ ॥

ততশ্চ পূর্ব্ব-গোপিতং সখায়মানীয় সর্ব্বৈঃ সহ মোদকাদি ভুক্ত্বা পুত্রান্বেষিণং বিপ্রমনুসরন্ ! দূরাদুচ্চৈরাচষ্টে ॥ ২৭

"ভোঃ পুত্রবৎসল ! বৎসলতাং তবালোকয়িতুমস্মাভিরেবায়ং তব তনয়ো গোপিতো নয়েনমিতি", স তু হারিতনিধিবত্তনয়ং প্রাপ্য পরমানন্দিতো গৃহং গচ্ছতি ॥ ২৮

কদাচনারামে (২৮) হনারামে (২৯) সহ সবয়োভিঃ সবয়োভিঃ সজ্জুষ্টে পত্রফল-সুমনোরুচিরে (৩০) মনো রুচিরে (৩১) প্রবিশ্য বিহরন্ কেকি-কোকিল-কীর-শারিকাদি কলমাকলয্য স্বয়মনুকরোতি ॥ ২৯

---

(২৮) আরামে উপবনে, (২৯) নাস্তি নারস্য নরসমূহস্য আমঃ পীড়া যত্র, (৩০) পত্রফলপুষ্পৈঃ সুন্দরে, (৩১) মনসো রুচিপ্রদে ॥ ২৯ ॥

হে সাধুজন সকল ! ভক্তগণের মঙ্গলের জন্য প্রভুর সম্যক্ আগ্রহ আপনারা দর্শন করুন। হায় ! যে ভক্তগণের জন্য তিনি স্বয়ং ত্রিজগতে অতিনিন্দিত চৌরকর্ম্ম আচরণ করিতেছেন ॥ ২৬

অনন্তর পূর্ব্বগুপ্ত সেই বন্ধুটিকে আনিয়া সকলের সঙ্গে মোদকাদি ভোজন করতঃ পুত্রান্বেষী সেই বিপ্রের পশ্চাৎ গমন করিতে করিতে দূর হইতে উচ্চৈঃস্বরে বলিতেন—॥ ২৭

"হে পুত্রবৎসল ! আপনার বাৎসল্য অবলোকন করিবার নিমিত্ত আমরাই আপনার এই পুত্রটিকে লুকাইয়া রাখিয়াছিলাম, এই আপনার পুত্র লউন।" এই কথা শুনিয়া সেই ব্রাহ্মণ হারানিধির ন্যায় নিজ তনয় প্রাপ্ত হইয়া পরমানন্দে গৃহে যাইতেন ॥ ২৮

কখনও প্রভুর সমবয়স্ক বালকগণের সঙ্গে মানবগণের উপদ্রবশূন্য, পক্ষিকুল-মুখরিত, চিত্তের রুচিপ্রদ, সুন্দর পত্রপুষ্পফলযুক্ত উপবনে প্রবেশ করিয়া বিহার

যদা রবং যস্য খগস্য স প্রভুঃ
করোতি তর্হ্যেব সবান্ধব-ভ্রমাৎ।
তদন্তিকং যাতি ততো ভ্রমো ভবেদ্
যদন্যজীবস্য নহীদমদ্ভুতম্ ॥ ৩০ ॥

যো যোঽশৃণোদনুকৃত-স্বরবং তদীয়ং
রাবং খগোঽতিমধুরং শিখি-কোকিলাদিঃ।
অত্যক্ষ্যদেব স স রাবমপত্রপাত-(৩২)
স্তদ্রাব-শিক্ষণরুচির্যদি নাভবিষ্যৎ ॥ ৩১ ॥

কদাচিৎ কৌতুকেন কপীনাকার্য্য কর্ম্মরঙ্গ-কোল-কদলীফলানি প্রদায় ভোজনাবসরে তেষাং বদনভঙ্গীর্বিলোক্য বহুলমানন্দমবাপ্নোতি ॥ ৩২

(৩২) অপত্রপাতঃ লজ্জাতঃ ॥ ৩১ ॥

করিতে করিতে ময়ূর, কোকিল, শুকশারী প্রভৃতি বিহঙ্গদিগের অব্যক্তমধুর ধ্বনি শ্রবণ করিয়া নিজেও সেইরূপ অনুকরণ করিতেন ॥ ২৯

তিনি যখন যে পক্ষীর রব করিতেন, তৎক্ষণাৎ সেই পক্ষী নিজের স্বজন মনে করিয়া ভ্রমে তাঁহার নিকট গমন করিত। প্রভু হইতে যে অন্যজীবের ভ্রম হইবে ইহা কিছু আশ্চর্য্য নহে ॥ ৩০

ময়ূর, কোকিল প্রভৃতি যে যে পক্ষী তাহাদের নিজ নিজ শব্দের অনুকরণকারী প্রভুর অতি মধুর রব শ্রবণ করিত, তাহাদের যদি সেই রব শিক্ষা করিবার স্পৃহা না থাকিত, তাহা হইলে তাহারা নিশ্চিতই লজ্জায় নিজ নিজ শব্দ পরিত্যাগ করিত ॥ ৩১

কখনও কৌতুকচ্ছলে বানরগণকে ডাকিয়া তাহাদিগকে কামরাঙা, বদরী, রম্ভা ফলসমূহ প্রদান করিতেন এবং ভোজনকালে তাহাদের মুখভঙ্গী দেখিয়া প্রচুর আনন্দলাভ করিতেন ॥ ৩২

কদাচিদ্বশীকৃত্যাহারেণ ব্যাহারেণ কর্ম্ম কুর্ব্বতস্তান্নিযুজ্য স্বসঙ্গি-ব্যতিরিক্তান্ বালকান্ বালিকাশ্চ ভীষয়ন্ তেষাং তাসাঞ্চ সাধ্বস-চেষ্টিতমালোক্য প্রমোদতে ॥৩৩

কদাচন বিষমভাব-রহিতে বরহিতে বিহরণায় রণায় চ বালোচিতায় (৩৩) ধবল-সিতাঽতিকোমল-বালুকে (৩৪) বালুকেপ্সিত-সুরভা-(৩৫) বতিসুরভাবতি (৩৬) ত্রিপথগা-তটে সখিভিঃ সহ খেলতি স হ খে লতিকেব বিদ্যুতো (৩৭) বিশ্বম্ভরঃ ॥ ৩৪

কর্পূরধূলি-ধবলে সহ মিত্রবর্গৈ-
র্ভাগীরথী-তটতলে বিররাজ গৌরঃ।
জ্যোৎস্নাচ্ছটাবলয়-পাণ্ডুরিতেঽম্বরীক্ষে
নক্ষত্রমণ্ডলবৃতো রজনীকরো বা ॥ ৩৫ ॥

---

(৩৩) বিহারস্য বালোচিতস্য যুদ্ধস্য চ উত্তমহিতে।(৩৪) ধবল-শর্করাবদ্ অবলসিতা অতি-কোমলা চ বালুকা যত্র। (৩৫) বালুকেন গন্ধদ্রব্যবিশেষেণ ঈপ্সিতঃ সুরভির্গন্ধো যস্য তত্র, (৩৬) অতিসুরা সুরানতিক্রান্তা যা ভা তদ্বতি গঙ্গাতটে, (৩৭) স, হ, স্ফুটং খে আকাশে বিদ্যুতে লতিকেব ॥৩৪

কখনও আহারের দ্বারা তাহাদিগকে বশীভূত করতঃ তাঁহার কথানুসারে কার্য্যকারী সেই বানরদিগকে প্রেরণ করিয়া নিজ সঙ্গিগণ ব্যতীত অন্যান্য বালক ও বালিকা সকলকে ভয় দেখাইতেন এবং তাহাদের (বালক ও বালিকাদিগের) কম্পরোদনাদি দেখিয়া আনন্দিত হইতেন ॥ ৩৩

কখনও বিষমতারহিত অর্থাৎ সমতল, বালকোচিত যুদ্ধক্রীড়া ও বিহারের জন্য অতি হিতকর (উপযুক্ত), শ্বেতশর্করাতুল্য সুন্দর সুকোমল বালুকাময়, বালুকা অর্থাৎ গন্ধদ্রব্য বিশেষের ও অভীষ্ট সুগন্ধযুক্ত (অর্থাৎ অত্যন্ত সৌরভযুক্ত) দেবগণ অপেক্ষাও অতিশয় কান্তিবিশিষ্ট গঙ্গাতটে বিশ্বম্ভর আকাশে বিদ্যুল্লতিকার ন্যায় সখাদিগের সঙ্গে খেলা করিতেন ॥ ৩৪

জ্যোৎস্নার রশ্মিপুঞ্জের দ্বারা ধবলিত আকাশে নক্ষত্রমালা-পরিবেষ্টিত চন্দ্র যেমন শোভা পায়, কর্পূরচূর্ণের ন্যায় শুভ্রবর্ণ ভাগীরথীতীরে গৌর বন্ধুগণের সঙ্গে সেইরূপ বিরাজ করিতেন ॥ ৩৫

তত্র চ পরমকৌতুকভরতশ্চরতশ্চক্রাঙ্গ-বিহঙ্গমানালোক্য কেচিৎ কুর্ব্বন্তি তদ্বদ্-গমনমনন্তং শব্দায়ন্তে চ। পরে তু বেগনিন্দিত-শরালয়ঃ (৩৮) শরালয় (৩৯) ইব দ্রুতং বিক্রমন্তে বিক্রমন্তেঽহং জয়েয়মিতি পরস্পরং বদন্তঃ ॥ ৩৬

অপরে তূপহসন্তঃ সন্তঃ সুখঞ্জনং সুখং জনয়ন্তোঽবলোকয়তাং তদ্বদ্দ্রুতপদন্যাসং চলন্তি। ইতরে তু পারাবতানপারাবতান-ভঙ্গীভি-(৪০) রনুকুর্ব্বন্তস্তদ্বদ্ঘূর্ণন্তো ভ্রমন্তি ॥ ৩৭

কেচিৎ প্লবমানাঃ প্লবমানাপনোদনায় (৪১) মোদনায়াপ্যাত্মপক্ষাণাং খেলন্তি। কতিচিৎ কল্পিত-করিবেষাঃ কৃত-কৃতক-দ্বেষা (৪২) ঘনাঘন-গভীর-গর্জ্জনাঃ প্রকাশিত-তর্জ্জনা যুধ্যন্তি ॥ ৩৮

(৩৮) বেগনিন্দিত বাণসমূহাঃ (৩৯) পক্ষিভেদাঃ ॥ ৩৬

(৪০) অপারোঽনন্তোঽবতানো বিস্তারো যাসাং তাভির্ভঙ্গীভিঃ ॥ ৩৭

(৪১) প্লবানাং ভেকানাং মান-খণ্ডনায়, (৪২) কৃতঃ কৃতকঃ অযথার্থো দ্বেষো যৈস্তে ॥ ৩৮

তথায় পরম কৌতুকভরে বিচরণশীল চক্রাবাক পক্ষীদিগকে দেখিয়া সেইপ্রকার গমন করিত ও অশেষ শব্দ উচ্চারণ করিত। অপর কেহ কেহ বেগে বাণসমূহের নিন্দাকারী অর্থাৎ বাণবেগের অপেক্ষাও দ্রুতগামী শরাল পক্ষিসকলের ন্যায় "আমি তোমার পক্ষিগতিকে জয় করিব" পরস্পর এই কথা বলিতে বলিতে দ্রুতবেগে পাদক্ষেপ করিত ॥ ৩৬

অন্য কেহ কেহ বা সুন্দর খঞ্জন পক্ষীকে উপহাস করিতে করিতে দর্শকগণের সুখ জন্মাইয়া তাহার ন্যায় দ্রুতপাদবিক্ষেপে গমন করিত। অপর কেহ কেহ বা অপার ভঙ্গী বিস্তারের দ্বারা কপোতদিগের অনুকরণপূর্ব্বক তাহাদের ন্যায় ঘুরিয়া ঘুরিয়া ভ্রমণ করিত ॥ ৩৭

কেহ কেহ ভেকসকলের গর্ব্বনাশ ও নিজপক্ষীয় বালকগণের আনন্দবর্দ্ধনের নিমিত্ত লম্ফপ্রদান করিতে করিতে খেলা করিত। কেহ কেহ বা হস্তীর বেশ ধারণ-পূর্ব্বক কৃত্রিম দ্বেষ করিয়া মেঘের ন্যায় গভীর গর্জ্জন ও তর্জ্জন প্রকাশ করিতে করিতে যুদ্ধ করিত ॥ ৩৮

কতিচন বেশানুকৃত-মেষা বিস্তারিত-কপটকোপাবেশাঃ প্রাদুষ্কৃত-পরম-দর্পাঃ কৃতাপসর্পোপসর্পা মেষকমস্তকামস্তকি দ্বন্দ্বশো রণমাচরন্তি ॥ ৩৯

হম্বারবাপূর্ণদিশঃ করাভ্যাং পদীকৃতাভ্যাং ক্ষিতিমুল্লিখন্তঃ।
বৃষায়মাণাঃ কতিচিচ্চ বালাঃ শৃঙ্গৈঃ প্রকৢপ্তৈর্যুযুধুর্বিষন্তঃ ॥ ৪০ ॥

কেচিচ্চ তুরঙ্গম-রঙ্গমঙ্গীকুর্ব্বাণা ধারা-(৪৩) ধারাবাহিতয়া বিতন্বন্তঃ স্বপৃষ্ঠারূঢ়ান্ সহচরান্ বহন্তি। একে ত্বসকৃদ্ ঘূর্ণন্তো ঘূর্ণিতনেত্রা ইদমালপন্তি—

রে রে সখায়ঃ! কিমিদং বিচিত্রং
ঘূর্ণন্তি সর্ব্বে কথমত্র বৃক্ষাঃ।
গঙ্গা নবদ্বীপপুরী চ সর্ব্বা
কিং বাচ্যমন্যৎ সকলা ধরা চ ॥ ৪১ ॥

(৪৩) ধারাঃ অশ্বগতিভেদান্ ["আস্কন্দিতং ধৌরিতকং রেচিতং বল্গিতং প্লুতমিতিগতয়োঽমূঃ পঞ্চধারা" ইত্যমরঃ।] ॥ ৪১

কতকগুলি বালক মেষের বেশ অনুকরণ করিয়া কপট কোপাবেশ প্রকাশ করতঃ অতিশয় দর্প দেখাইয়া দুই দুইজন পশ্চাৎ গমন ও অগ্রগমন দ্বারা দূর ও নিকটবর্ত্তী হইয়া মেষের মত মস্তকে মস্তকে যুদ্ধ করিতে লাগিল ॥ ৩৯

আবার হম্বা রবে দশদিক্ পূর্ণ করিতে করিতে হস্তদ্বয়কে পদদ্বয় করিয়া উহা দ্বারা মাটি খুঁড়িতে খুঁড়িতে বৃষ সাজিয়া কতিপয় শিশু কল্পিত শৃঙ্গদ্বারা রোষভরে যুদ্ধ করিতে লাগিল ॥ ৪০

কেহ কেহ আবার অশ্বসজ্জায় সজ্জিত হইয়া একপ্রকার অশ্বগতি অবলম্বনে নিজপৃষ্ঠে আরোহণকারী সহচরগণকে বহন করিতে লাগিল। কোন কোন শিশু বার বার ঘূর্ণিত হইয়া নয়ন ঘূর্ণিত হইতে থাকিলে এইরূপ বলিতে আরম্ভ করিল;—

ওরে! ওরে! সখাগণ! দেখরে বিচিত্র,
সব তরুগণ দেখ হ'তেছে ঘূর্ণিত।
গঙ্গা আর নবদ্বীপ—পুরী ও সকল,
কি আর বলিব ঘূর্ণ্যমান সব ধরা ॥ ৪১

কদাচিত্তু—একো ধাবতু পূর্ব্বতোঽমুমগমা (৪৪) তং ধর্ত্তুমন্যোজনো
ধাবত্তত্র জিতোঽন্যমানয়তু চ স্কন্ধেন খেলাস্থলীম্।
এবং গৌরবিধোর্নিশম্য বচনং সঞ্জাত-কৌতূহলা-
স্তাং খেলাং বত কুর্ব্বতে শিশুগণাস্তেনৈব সার্দ্ধং মুহুঃ। ৪২ ॥

তত্র চেদ্ ভবতি গৌরসুন্দরো বালকেন বিজিতঃ স কেনচিৎ।
তর্হি সোঽপি জয়িনং বহত্যহো ভাগ্যমস্য সখি-সংহতেঃ পরম্। ৪৩

যদা নবীনাব্দ-রুচিং কমপ্যসৌ
শিশুং নিজাংসেন বহত্যহো প্রভুঃ।
সমুল্লসদ্বাহুশিরোগতাচ্যুতং
তদা জয়ত্যন্ত্যজ-ভূপতিং শ্রিয়া। ৪৪ ॥
যদা তু পুন্নাগ-পরাগ-রোচিষং
দধাতি গৌরো ভুজমূর্দ্ধ্নি কঞ্চন।
তদা মহেন্দ্র-স্ফুরদগ্রভাগকং
সুমেরুশৃঙ্গং হসতি শ্রিয়া স্বয়া॥ ৪৫ ॥

---

(৪৪) অমুম্ অগম্ আ অদো বৃক্ষপর্য্যন্তম্॥ ৪২

কোনও দিন, "অগ্রে এই বৃক্ষ পর্য্যন্ত একজন দৌড়াইয়া যাইবে, তাহাকে ধরিবার জন্য অন্যজন দৌড়াইবে, ইহাতে যে পরাজিত হইবে, সে জয়ী বালককে স্কন্ধে করিয়া ক্রীড়ার স্থানে আনয়ন করিবে" এইরূপ গৌরচন্দ্রের বাক্য শুনিয়া জাত-কৌতূহল বালকগণ তাঁহার (গৌরচন্দ্রের) সহিত সেই ক্রীড়াই করিতে লাগিল ॥ ৪২

সেই ক্রীড়াতে যদি গৌরসুন্দর কোনও বালক কর্ত্তৃক পরাজিত হইতেন, তাহা হইলে তিনিও জয়ী বালককে বহন করিতেন। অহো! এই সখাগণের ভাগ্য অতুলনীয় ॥ ৪৩

যখন ঐ প্রভু, নবীনমেঘের মত কান্তিমান্ কোনও শিশুকে নিজের স্কন্ধে বহন করিতেন, তখন তিনি, যাঁহার সমুল্লসিত স্কন্ধে রামচন্দ্র অবস্থান করিতেছেন, সেই চণ্ডালরাজকে শোভাদ্বারা জয় করিতেন ॥ ৪৪

কদাচিত্তু সব্যাপসব্য-স্থিতয়োঃ সুকৃতোরন্যোন্যবদ্ধকরয়োঃ করয়োরুপরি চরণমেকং বিন্যস্য তয়োর্বামদক্ষিণয়োরংসয়োর্দক্ষিণবামৌ করৌ নিধায় ধাবন্ত্যাং তাভ্যামেকো ধাবতীত্যেবম্বিধং বিলাসং বহবো বিদধতি ॥ ৪৬

কদাচন পুষ্করোপরি পরিপততাং পততাং (৪৫) ছায়াং ধর্ত্তুং যতন্তে, তস্যাঞ্চ ধর্ত্তুমপারিতায়াং কোঽপি বদতি—'হে সখায়ঃ! স্বচ্ছায়াং যো লঙ্ঘয়িতুং পারয়েদ্ধারয়েদ্ধাবতঃ পক্ষিণশ্ছায়াং স' ইতি। তদেতন্নিশম্য স্বচ্ছায়া-লঙ্ঘনার্থং কুর্দ্দন্তি ॥ ৪৭

কদাপি মল্লানাং লীলামনুকুর্ব্বন্তি। যথা—

করেণ ভুজমুচ্চরদ্বিকটরাবমাঘ্নানয়ো-
র্ভুজাভুজি বিকর্ষতোরদয়গাঢ়মালিঙ্গতোঃ।
উদগ্র (৪৬) মলিকালিকিপ্রহরতোর্নিযুদ্ধং দ্বয়ো-
র্দ্বয়োঃ পৃথুকয়োর্নকং জনমনন্দয়দ্ বীক্ষকম্ ॥ ৪৮ ॥

(৪৫) আকাশোপরি গচ্ছতাং পক্ষিণাম্ ॥ ৪৭

(৪৬) উদগ্রমুৎকটং ॥ ৪৮

পুনশ্চ যখন গৌর, পুন্নাগপুষ্পের পরাগের মত সুন্দর কোনও বালককে স্কন্ধদেশে ধারণ করিতেন, তখন তিনি, যাহার ঊর্দ্ধদেশে ইন্দ্রশোভিত সেই সুমেরুশৃঙ্গকে নিজ শোভাদ্বারা উপহাস করিতেন ॥ ৪৫

কখন বা বাম ও দক্ষিণে অবস্থিত সুকৃতি বালকদ্বয় পরস্পরকে আবদ্ধ করিয়াছে এইরূপ করদ্বয়ের উপর নিজ নিজ এক এক চরণ স্থাপন করিয়া, নিজ নিজ বাম ও দক্ষিণ স্কন্ধ পরস্পরের দক্ষিণ ও বাম হস্তের দ্বারা অবলম্বন করতঃ ধাবিত হইতে লাগিল। ঐরূপ ধাবমান দুইজনকে দেখিয়া মনে হইত যেন একজনই ছুটিতেছে। এইরূপ ক্রীড়া বহু বালকেরই প্রীতিপ্রদ ॥ ৪৬

কোন দিন, আকাশে উড্ডীয়মান্ পক্ষিগণের ছায়া ধরিতে যত্ন করিত, ধরিতে না পারিলে কেহ বলিত—ওহে সখাগণ! নিজের ছায়াকে যে লঙ্ঘন করিতে পারিবে সেই উড্ডীয়মান পক্ষীর ছায়া ধরিতে পারিবে। এই শুনিয়া বালকগণ নিজের ছায়া লঙ্ঘন করিবার জন্য লম্ফ দিতে লাগিল ॥ ৪৭

কোন দিন শিশুগণ মল্লগণের চেষ্টা অনুকরণ করিয়া থাকে। যথা—ভীষণ শব্দ উচ্চারণ করিয়া করের দ্বারা বাহুতাড়না করতঃ, ভুজে ভুজে আকর্ষণ বিকর্ষণ নির্দ্দয়ভাবে

একৈকমেকৈকশিশুর্দ্বয়োর্দ্বয়োঃ (৪৭)
পশ্চাদ্‌বলেন প্রতিষাপয়ত্যলম্।
কদাপি ভূমৌ পরিপাতয়ত্যু-
রস্থলং সমাক্রম্য বসত্যমুষ্য চ ॥ ৪৯ ॥

তদালোক্য পতিতস্য তস্য তস্য পক্ষপাতং প্রকাশয়ন্তঃ পরে পৃথুকাঃ পরাজয়মানং তং তং পৃথিব্যাং পাতয়িত্বা পরাজীয়মানং তং তং তস্তদুপরি পরিস্থাপয়ন্তি ॥ ৫০

তদেবং কদাচিৎ যথার্থ-কৃতবিজয়াঃ শ্রীবিশ্বম্ভরং ন্যবেদয়ন্—'মিশ্রপুরন্দরনন্দন! ত্বং বালকানামবতংসোঽসি, ততস্ত্বাং রাজানং করবাম, অস্মাকং বাহুযুদ্ধে ন্যায়মন্যায়ঞ্চ বিচারয়ে'ত্যুক্ত্বা দিব্যস্যৈকস্যানোকহস্য (৪৮) মূলে বালুকাঃ সঞ্চিত্য বেদীমেকাং বিধায় তত্র শ্রীগৌরমুপবেশয়ামাসুঃ ॥ ৫১

(৪৭) দ্বয়োর্দ্বয়োর্মধ্যে একৈকম্ ॥ ৪৯
(৪৮) অনোকহস্য বৃক্ষস্য ॥ ৫১

গাঢ় আলিঙ্গনপূর্ব্বক উৎকটভাবে কপালে কপালে প্রহার-(ঠোকাঠুকি) কারী দুইটি দুইটি বালকের বিষমযুদ্ধ কোন্ দর্শনকারী জনকে আনন্দ দেয় নাই? ॥ ৪৮

দুইটি দুইটি বালকের মধ্যে এক একটি বালক, এক একটি বালককে বলপূর্ব্বক যথেষ্ট পশ্চাৎ অপসারিত করিতেছে, (পিছু হঠাইতেছে) কখনও ভূমিতে ফেলিতেছে এবং ভূমিতে পতিত বালকের বক্ষঃস্থল আক্রমণ করিয়া তাহার উপর বসিতেছে ॥ ৪৯

তাহা দেখিয়া অপর বালকগণ পতিত সেই সেই বালকের পক্ষপাতিত্ব প্রকাশ করিয়া সেই সেই জয়ী বালককে ভূমিতে পাতিত করিয়া (ফেলাইয়া), সেই সেই পরাজিত বালককে সেই সেই জয়ী বালকের উপর বসাইতে লাগিল ॥ ৫০

সেইরূপ কোনদিন, যাহারা সত্যসত্যই খেলাতে জয়ী হইয়াছিল, সেই বালকগণ শ্রীবিশ্বম্ভরকে নিবেদন করিল—"হে মিশ্রপুরন্দরনন্দন! তুমি বালকগণের শিরোভূষণ।

গৌরস্য মূর্দ্ধ্নি কুসুমৈঃ কৃতমাতপত্রং
কশ্চিদ্দধার পরম-প্রণয়েন বালঃ।
কেচিন্নবীন-তরুপল্লব-চামরেণ
প্রাবীজয়ন্ জয় জয়েত্যনুবংশ্চ কেচিৎ ॥ ৫২ ॥

কর্পূরচুর্ণ নিভ-কোমল-বালুকানাং
পুঞ্জে দিগম্বর-শিশুপ্রকরৈঃ পরীতঃ।
গৌরঃ সমীরণপটো বিররাজ যদ্বদ্
রুদ্রৈর্বৃতো রজত-ভূভৃতি ভূতনাথঃ ॥ ৫৩ ॥

তদেবং কৃতরাজ-মানে (৪৯) বিরাজমানে বিধুসমানে মিশ্রসন্তানে বাহুযুদ্ধে পূর্ব্বং জয়িনো নিবেদয়ামাসুঃ—॥ ৫৪

---

(৪৯) কৃতো রাজবৎ মানো যস্য তস্মিন্ ॥ ৫৪

সেইজন্য তোমাকে রাজা করিব, 'আমাদের বাহুযুদ্ধে ন্যায় ও অন্যায় বিচার কর" এই বলিয়া দিব্য এক মনোহর বৃক্ষের মূলে বালুকারাশি সঞ্চয় করিয়া একটি বেদী নির্ম্মাণকরতঃ সেখানে শ্রীগৌরকে উপবেশন করাইল ॥ ৫১

গৌরের মস্তকে পুষ্পরচিত ছত্র কোন এক বালক অতিপ্রীতির সহিত ধারণ করিল। কেহ কেহ নবীন তরুপল্লবকে চামর করিয়া ব্যজন করিতে লাগিল, কেহ বা "জয় জয়" শব্দে স্তুতি করিতে লাগিল ॥ ৫২

রজতপর্ব্বত কৈলাসে রুদ্রগণপরিবৃত ভূতনাথ শিব যেমন শোভিত হইয়া থাকেন, কর্পূরচূর্ণের মত কোমলবালুকাপুঞ্জে দিগম্বর শিশুগণের দ্বারা পরিবেষ্টিত বায়ুবস্ত্র (উলঙ্গ) শ্রীগৌর সেইরূপ সুশোভিত হইলেন ॥ ৫৩

এইরূপে মিশ্রসন্তান গৌরসুন্দর শিশুগণকর্ত্তৃক রাজসম সম্মানিত ও চন্দ্রসম সুশোভিত হইলে পর বাহুযুদ্ধে পূর্ব্বে যাহারা জয়ী হইয়াছিল সেই শিশুগণ নিবেদন করিল ॥ ৫৪

জয় জয় শিশুরাজ ! শ্রূয়তাং বাক্ ত্বয়া নো
জিতমিহ ভুজ-যুদ্ধেঽস্মাভিরেভৈঃ সহাত্ত।
নয়-পথমভিলঙ্ঘ্যামী তু ধূর্ত্তাঃ কুতোঽস্মান্
পরিভবমনয়ন্তামুত্র কুর্য্যা বিচারম্ ॥ ৫৫ ॥

তদেতদ্বালানাং বচনং বিশ্রুত্য 'কিমিত্যেবমন্যায়ো যুষ্মাভিরাচরিত' ইতি বিশ্বম্ভরেণ পৃষ্টাস্তে বালা মৃদু মৃদু হসন্তো যদা কিমপি নোত্তরয়িতুং শেকুঃ, তদা বাদিনো বালা বদন্তি স্ম—"রে দুরাশয়াঃ ! শয়ানা ইব কিমিদানীং তিষ্ঠথ, প্রতিবাচং কিং ন দত্থ" ॥ ৫৬

তদেতন্নিশম্য বালক-বচো বাল-কবচোপমেন (৫০) ভগবতাঽবাদি, 'বাদিবর্য্যাঃ ! যুষ্মাভিরিহ যৎ কিমপি বক্তুং ন শকিতং, চকিতঞ্চ বিলোক্যতে, ততো জ্ঞায়তেঽন্যায়োঽন্যাযোগ্যো (৫১) ঽবশ্যমেব বিহিতো ঽহিতো যুষ্মাভিস্ততো যূয়ং দণ্ডনীয়াঃ, খণ্ডনীয়াঃ খলতাদয়ো দুঃস্বভাবাশ্চ বঃ ॥ ৫৭

---

(৫০) বালকানাং বাক্যং বালানাং কবচোপমেন বর্ম্মবৎ রক্ষকেণ। (৫১) অন্যেষামযোগ্যাঽনুচিতঃ ॥ ৫৭

জয় জয় শিশুরাজ! তুমি আমাদের কথা শোন; আজ এই বালকগণের সহিত বাহুযুদ্ধে আমরা জয়ী হইয়াছি। কিন্তু ধূর্ত্ত উহারা ন্যায্যপথ লঙ্ঘন করিয়া কোথা হইতে আমাদের পরাভব আনিল? এ বিষয়ে তুমি বিচার কর ॥ ৫৫

বালকগণের এই কথা শ্রবণ করিয়া "তোমরা কি এইরূপ অন্যায় আচরণ করিয়াছ? ইহা বিশ্বম্ভর কর্ত্তৃক জিজ্ঞাসিত হইয়া সেই বালকগণ মৃদু মৃদু হাসিতে লাগিল। যখন কিছুই উত্তর দিতে পারিল না, তখন বাদী বালকগণ বলিল,—রে দুরাশয়গণ! এখন শয়নকারী ব্যক্তিগণের মত আছ কেন? অর্থাৎ চুপ করিয়া আছ কেন? প্রত্যুত্তর দিতেছ না কেন? ॥ ৫৬

বালকগণের এই কথা শুনিয়া, বালকগণের, কবচের মত (বর্ম্মবৎ) রক্ষণকারী ভগবান্ বলিলেন—হে বিবাদী ধুরন্ধরগণ! এ বিষয়ে তোমরা যখন কিছুই বলিতে পারিলে না, ভীত বলিয়াও দেখাইতেছে, সেইহেতু জানা যাইতেছে—তোমাদের

তস্মাদেতান্ পৃথুকান্ পৃথুকায়া (৫২) যূয়মেকমেকমংসে নিধায় সুরধুনীনীরং-নয়ত।'

এতদ্বচো গৌরহরের্নিশম্য, বালা ব্যধুস্তে মুদিতাস্তথৈব।
অযুক্তমপ্যস্য বচোঽন্যথা তে, ন কুর্ব্বতে কিং পুনরেব যুক্তম্ ॥ ৫৮ ॥

কিন্তু 'সুরধুনীনীরং নয়তে'তি তদীয়বাক্যমেব প্রমাণীকৃত্য নাভিদঘ্নাদপ্যধিকে জলে প্রবিশন্তি স্ম। তদবলোক্য ভীতা বালা উচ্চৈরূচুঃ—॥ ৫৯

ভো বাল-ভূপালক পশ্যসি ত্বং
দুরাত্মনামাচরণং কিমেষাম্।
নিমজ্জয়ন্ত্যম্বুনি নো গভীরে
বলাদিমে শীঘ্রমিহেত্য পাহি ॥ ৬০ ॥

(৫২) স্থূলদেহাঃ ॥ ৫৮

কর্ত্তৃক অহিতকর, অন্যলোকের অযোগ্য অন্যায় অবশ্যই আচরিত হইয়াছে অর্থাৎ তোমরা অন্যায় করিয়াছ সেইজন্য তোমরা দণ্ড পাইবার যোগ্য এবং তোমাদের খলতাদি ও দুষ্টস্বভাব অবশ্য খণ্ডনীয় ॥ ৫৭

এইরূপ অন্যায় করার জন্য স্থূলদেহ তোমরা এই বালকগণের এক একজনকে স্কন্ধে করিয়া গঙ্গার জলে লইয়া যাও। গৌরহরির এইরূপ বাক্য শুনিয়া সেই বালকগণ আনন্দিত হইয়া তাহাই করিল। গৌরের বাক্য অনুচিত হইলেও সেই বালকগণ অন্যথা করে না, উচিত বাক্য ত' অন্যথা করিবেই না ॥ ৫৮

কিন্তু "গঙ্গার জলে লইয়া যাও" এইরূপ বিশ্বম্ভরের বাক্যকেই প্রমাণ করিয়া নাভি পরিমিত জল হইতেও অধিকজলে প্রবেশ করিতে লাগিল। তাহা দেখিয়া স্কন্ধে অবস্থিত বালকগণ ভীত হইয়া উচ্চৈঃস্বরে বলিল—॥ ৫৯

হে বালকভূপতে! তুমি এই দুরাত্মাগণের আচরণ দেখিতেছ কি? ইহারা আমাদিগকে বলপূর্ব্বক গভীর জলে নিমগ্ন করিতেছে। তুমি শীঘ্র এখানে আসিয়া রক্ষা কর ॥ ৬০

তদেতচ্ছাবকানাং বকানামিব শ্যেন-ভীষিতানাং ব্যাকুলমাক্রোশনমাশ্রুত্য নিকটবর্ত্তিভিঃ সখিভিঃ সহ সত্বরং সমেত্য সলিলে প্রবিশ্য তেষামংসতস্তানবরোপ্য সর্বৈঃ সমং সন্তরণ-লীলামারেভে প্রভুবরঃ ॥ ৬১

গঙ্গাজলে ক্ষীরনিভে তরন্তো, বালাঃ সুবর্ণচ্ছবয়ো বিরেজুঃ।
মন্দাকিনী-পাথসি সঞ্চরন্তো, যথা বিধের্বাহন-হংসসঙ্ঘাঃ (৫৩) ॥ ৬২ ॥

যদা প্রতারাবসরে মহাপ্রভুঃ
সমুৎক্ষিপত্যঙ্ঘ্রি যুগং মনোহরম্।
তদা মহাবাত-বিচালিতারুণা
বিরাজতে নীররুহ-দ্বয়ীব তৎ ॥ ৬৩ ॥

(৫৩) বিধের্বাহনেতি তেষাং হিরণ্ময়ত্বাদুপমা ॥ ৬২

শ্যেনপক্ষী অর্থাৎ বাজপাখী হইতে ভীত বকপক্ষিগণের মত সেই বালকগণের ব্যাকুল চীৎকার শ্রবণ করিয়া নিকটস্থিত সখাগণের সহিত শীঘ্র আসিয়া জলে প্রবেশ করতঃ তাহাদের স্কন্ধ হইতে বালকগণকে নামাইয়া প্রভুবর গৌরসুন্দর সকল বালকের সহিত সন্তরণলীলা আরম্ভ করিলেন ॥ ৬১

স্বর্গগঙ্গায় শুভ্রজলে বিচরণকারী ব্রহ্মার বাহন সুবর্ণবর্ণ হংসগণ যেমন শোভা পায়, দুগ্ধ সদৃশ শ্বেতবর্ণ গঙ্গাজলে সন্তরণকারী কাঞ্চন কান্তিমান্ বালকগণও সেইরূপ বিরাজ করিতে লাগিলেন ॥ ৬২

সন্তরণকালে মহাপ্রভু যখন মনোহর চরণযুগল উৎক্ষেপণ করিতে লাগিলেন, তখন সেই চরণযুগল প্রবলবায়ুচালিত অরুণবর্ণ কমলদ্বয়ের মত শোভিত হইল ॥ ৬৩

প্রভোঃ পদেন প্রহতস্য পাথসঃ
সমুৎপতন্তস্ত্যস্য বিয়োগ-দুঃখতঃ।
পৃষন্তি মন্যে গগনং শনৈঃ শনৈঃ
পতন্তি তস্মিংস্তত এব বেগতঃ (৫৪) ॥ ৬৪ ॥

অথ বিশ্বরূপাবরজো বরজোষঙ্করো (৫৫) জগাদ—"ভো ভ্রাতরঃ! সন্তরস্ সন্তুন্যতামেবং,— এক একঃ সন্তরন্ পলায়তাং, চপলায়তাঞ্চ (৫৬) পরঃপরস্তং তং তথা কুর্ব্বন্ (৫৭) ধারয়তু, রয়তুলনাস্তরোহিত, (৫৮) স্তরো (৫৯) হি তরণে যস্য যস্যাধিকং স্যাৎ, স স জয়ী ভবিষ্যতি" ॥ ৬৫ ॥

এবমেক একো জলান্তর্নিমজ্য পলায়তাং, পরঃপরস্তূপরি পরিসঞ্চরন্ তং তং ধারয়তু, তত্র ধারণে ধারকস্য জয়োঽন্যথা পরাজয়ঃ। জিতৈস্তু জয়িনঃ পৃষ্ঠেকৃত্বা তদিচ্ছানুসারেণ ভ্রামণীয়া" ইতি ॥ ৬৬ ॥

(৫৪) তস্মিন্ পাথসি। তাদৃশস্য জলস্য বিন্দবো গৌরস্য বিয়োগদুঃখাদিব গগনং শনৈঃ শনৈঃ যান্তি; ততঃ বিয়োগদুঃখত এব বেগতঃ পতন্তি ॥ ৬৪ ॥

(৫৫) উত্তমসুখকরঃ, (৫৬) অচপলশ্চ চপলো ভবতু চ বেগেন পলায়তামিত্যর্থঃ। (৫৭) সন্তরন্, (৫৮) বেগতুলনায়াম্ অস্তা ক্ষিপ্তা রোহিতা মৎস্যবিশেষা যেন, রোহিতেভ্যোঽপি বেগং কুর্ব্বন্। (৫৯) বেগঃ, তরণে সন্তরণে ॥ ৬৫ ॥

প্রভুর চরণাহত জলবিন্দুগুলি অভিমানভরে ধীরে ধীরে গগণতলে উঠিত আর জলে পড়িবার সময় বেগে পড়িত, ইহা গৌরের বিরহদুঃখেই হইত আমি মনে করি ॥ ৬৪ ॥

অনন্তর বিশ্বরূপের অনুজ উত্তম সুখদাতা বিশ্বম্ভর বলিলেন—"দেখ ভ্রাতাগণ! এইভাবে সাঁতার দিতে হইবে—এক একজন করিয়া সাঁতার দিয়া বেগে পলায়ন কর—আর পর পর ব্যক্তিও পূর্ব্ব পূর্ব্ববর্ত্তী জনকে সাঁতার দিয়া ধরুক। যে যে জন অধিকাধিক বেগভরে রোহিতমৎস্যকেও পরাজয় করিতে পারিবে, সেই সেই জয়ী হইবে ॥ ৬৫ ॥

তদেবং বচনানুসারেণ দ্বয়োর্লীলয়োঃ কৃতয়োঃ ক্রমেণ সর্ব্বএব জয়িনোঽভবন্। শ্রীগৌরস্তু পরস্যাং ধারণ এব জয়ীবভূব, ন তু বহুশঃ কৃতযত্নোঽপ্যেকবারমপি পলায়নে ॥ ৬৭ ॥

যতো গভীরেঽপি জলে নিমগ্নো
যতো যতো ধাবতি স প্রভুঃ স্ম।
ততস্ততো গোপয়িতুং ন শক্যা
প্রাকাশয়ত্তং বপুষঃ প্রভৈব ॥ ৬৮ ॥

তদেবং সর্ব্বৈরেব পরাজিতে তজ্জয়া লজ্জয়া লম্বিত-বদনে শ্রীশচীনন্দনে মহাপৃথুকেষু (৬০) পৃথুকেষু চ হসৎসু সৎসু কেনচিদুদাসীনেনাসীনেনামুত্র সহায়েন সহায়েন (৬১) ভূত্বা গৌরস্থ বালকা জগদিরে ॥ ৬৯ ॥

(৬০) মহাপৃথুনি কানি সুখানি যেষাং তেষু, (৬১) অনেন শুভাবহবিধিনা সহ বর্ত্তমানঃ সহায়স্তেন ॥ ৬৯ ॥

অপরন্তু এক একজন জলমধ্যে নিমগ্ন হইয়া পলায়ন কর, পর পর জন জলোপরি সঞ্চরণক্রমে তাহাকে তাহাকে ধরুক। এইভাবে যদি সে জলমগ্ন ব্যক্তিকে ধরিতে পারে, তবেই জয়ী হইবে, অন্যথা তাহার পরাজয় মানিতে হইবে। পরাজিত বালকগণ কিন্তু বিজয়ী বালকগণকে পৃষ্ঠে করিয়া তাহাদের ইচ্ছানুসারে ভ্রমণ করাইবে ॥ ৬৬ ॥

এই বাক্যানুসারে দ্বিবিধ লীলা অনুষ্ঠিত হইলে ক্রমে ক্রমে সর্ব্ববালকই জয় লাভ করিল, শ্রীগৌর পরবর্ত্তী লীলায় অর্থাৎ ধারণ বিষয়েই জয়লাভ করিলেন বটে, কিন্তু বহু চেষ্টা করিয়াও পলায়ন ব্যাপারে একবারও জয়ী হইলেন না ॥ ৬৭ ॥

যেহেতু গভীর জলে নিমগ্ন হইয়াও শ্রীগৌরপ্রভু যে যে দিকে ধাবিত হইতেছিলেন—সেই সেই দিকেই আর গুপ্ত থাকিতে পারিলেন না, কেননা তাঁহার দেহকান্তিই তাঁহাকে প্রকাশ করিয়া দিল ॥ ৬৮ ॥

'রে চপলমানসা ! মান-সাহিত্যেন (৬২) মা স্ময়ধ্বং (৬৩), স্ময়ধ্বংসকরো বোঽয়ং সুজাতরূপজাতরূপোপমকান্তিরর্ভকঃ (৬৪), ময়া হ্যবলোকিতং ন জিতং যুষ্মাভিঃ, অস্য হি তায়মানয়াহিতায়মানয়া (৬৫) ঽঙ্গসুষময়ৈব বঃ সাহায্যমাচরিতম্ ॥৭০॥

তমেতমাকর্ণ্য ব্যাহারং হারং বিড়ম্বয়ন্ হসিত-ভাসা তমুবাচ বিশ্বম্ভরঃ—'সাধুত্তম ! ধুত-মদকীর্ত্তে ! (৬৬) যদি ভবান্ সাক্ষিতামাদদানো মাদ-দানোদ্যতঃ (ক) ক্ষণমত্র তিষ্ঠেত্তদা কিতব-শেখরৈঃ খরৈঃ (৬৭) সহামীভিঃ খেলান্তরং বিদধীয় ॥ ৭১ ॥

(৬২) গর্ব্বযুক্তত্বেন, (৬৩) ন হসতঃ (৬৪) যুষ্মাকং গর্ব্বধ্বংসকরোঽয়ং সুন্দরঃ সুবর্ণতুল্যকান্তির্বালঃ। (৬৫) তায়মানয়া বর্দ্ধমানয়া, অহিতায়মানয়া অহিতবৎ আচরন্ত্যা ॥ ৭০ ॥

(৬৬) ধুতা কম্পিতা মম অকীর্ত্তির্যেন সঃ। (ক) মাদঃ সুখং তস্য দানে উদ্যতঃ। (৬৭) গর্দভতুল্যৈ-রিত্যাক্ষেপঃ ॥ ৭১ ॥

এইভাবে শ্রীশচীনন্দন সকল বালক-কর্ত্তৃকই পরাজিত ও তাহাতে লজ্জিত এবং অধোবদন হইলে, পক্ষান্তরে বিপুলানন্দযুক্ত বালকগণ হাসিতে থাকিলে—সেইস্থানে আসীন জনৈক উদাসীন সৌভাগ্যভাজন ব্যক্তি গৌরের সহায় হইয়া বালকগণকে বলিলেন—॥ ৬৯ ॥

'ওরে চঞ্চলচিত্ত বালকগণ ! তোমরা গর্ব্বযুক্ত হইয়া হাসিও না। সুন্দর সুবর্ণকান্তি এই বালকটী তোমাদের গর্ব্বনাশন। আমিই ত দেখিয়াছি যে তোমরা জয়লাভ করিতে পার নাই। এই বালকের বিবর্দ্ধিষ্ণু ও অহিতবৎ আচরণকারী অঙ্গকান্তিই তোমাদের সাহায্য করিয়াছে !! ॥ ৭০ ॥

এই কথা শুনিয়া বিশ্বম্ভর হাস্যচ্ছটায় হারের অনুকরণ করত অর্থাৎ দশ দিককে শোভিত করিয়া তাঁহাকে বলিলেন—'সাধুত্তম ! আপনি আমার অকীর্ত্তি নাশ করিলেন। আপনি যদি সাক্ষিস্বরূপে মদীয় সুখদানে উদ্যত হইয়া ক্ষণকাল এস্থানে অবস্থান করেন, তবে আমি এই সকল শঠচূড়ামণি গর্দভতুল্য বালকগণের সহিত অন্যখেলা খেলিতে পারি ॥ ৭১ ॥

এতামমৃতধারামিব শ্রীগৌরস্য বাণীং নিশম্য তস্মিন্ জনে বাঢ়মিতি কৃতানুমতি-বিরচনে সর্ব্বানেব যুগপদ্ বিজিগীষুণা তে বভাষিরে গৌরহরিণা ॥ ৭২ ॥

রে কিতবাশয়াঃ! সলিলং সময়া ময়া সহ যুগপন্নিমজ্জত. তত্র যঃ সর্ব্বেষাং পশ্চাদুত্থাতা, স এব সর্ব্ববিজয়ী ভবিতা; স চ পরাজিতৈরুত্থানক্রমেণ স্কন্ধে নিধায় নগরং প্রাপণীয় ইতি ॥ ৭৩ ॥

এবমেব কৃতসময়াঃ (৬৮) সময়া সলিলং সর্ব্ব এব শিশবো নিমমজ্জুঃ।

গৌরস্তু গঙ্গাসলিলে নিমজ্য স্থিতস্তুষারত্বিষি শোভতে স্ম।
পয়ঃপয়োধৌ মথনাৎ পুরস্তাৎ সম্পূর্ণবিম্বো রজনীকরো বা ॥ ৭৪ ॥

ততশ্চ স্কন্ধারোহণাশাবকেষু (৬৯) শাবকেষু ক্রমেণোত্থিতেষু সর্ব্বপরতোঽপরতোচ্ছ্বাস (৭০) এব গৌরঃ সমুত্তস্থৌ। ততঃ সাক্ষিজনাবেদিতোত্থানক্রমেণ তং স্কন্ধে নিধায়ং নিধায়ং নগরীং নিন্যুর্বালকাঃ ॥ ৭৫ ॥

(৬৮) কৃতপ্রতিজ্ঞাঃ ॥ ৭৪ ॥

(৬৯) স্কন্ধারোহণে আশাম্ অর্থাৎ বর্তন্তে ধারয়ন্তি বা যে তেষু বালকেষু, (৭০) অপগতো নিবৃত্ত উচ্ছ্বাসো যস্য অপগতোচ্ছ্বাস ইত্যর্থঃ ॥ ৭৫ ॥

শ্রীগৌরের মুখনিঃসৃত অমৃতধারার ন্যায় এই বাণী শ্রবণ করত সেই লোকটি 'হাঁ' বলিয়া অনুমতি দান করিলে সকল বালককেই একই সময়ে পরাজয় করিবার অভিপ্রায়ে শ্রীগৌরহরি বলিলেন—॥ ৭২ ॥

'ওরে দুষ্টমতি শিশুগণ! আমার সহিত সকলে একত্র জলমধ্যে নিমগ্ন হও, যে সকলের পশ্চাৎ জল হইতে উত্থিত হইতে পারিবে, সেই সর্ব্ববিজয়ী হইবে এবং উত্থানের ক্রমানুসারে পরাজিত বালকগণ সেই বিজয়ীকে স্কন্ধে বহন করিয়া নগরে লইয়া যাইবে' ॥ ৭৩ ॥

এইভাবে প্রতিজ্ঞাবদ্ধ হইয়া সকল শিশুই একই সঙ্গে জলমধ্যে নিমজ্জিত হইল। গৌর কিন্তু ধবলকান্তি গঙ্গাজলে নিমগ্ন হইয়া শোভা পাইতেছেন—মনে হয় যেন মন্থনের পূর্ব্বে দুগ্ধসাগরে সম্পূর্ণবিম্ব চন্দ্রমাই বিকাশিত হইয়াছে!! ॥ ৭৪ ॥

ততঃ প্রভুঃ স্বস্বগৃহান্ সখীংস্তান্
প্রস্থাপ্য তৃট্‌ক্ষুণ্মলিনাননাভান্।
স্বয়ং নিকেতং সমবাপ তঞ্চ
শ্রীমচ্ছচী বীক্ষ্য মুদং জগাম ॥ ৭৬ ॥

সা সংমার্জ্য 'সুকোমলানি'* বসনেনাঙ্গানি তস্যাধিকং
কৌষেয়ং পরিধাপ্য দিব্যবসনং কৃত্বাহলিকে চিত্রকম্ (৭১)।
নেত্রে চিক্কণ-কজ্জলস্য কৃশয়া (৭২) সংভুগ্ন সদ্রেখয়া
নানালঙ্করণানি রত্নঘটিতান্যঙ্গেম্ববধ্নাচ্ছচী ॥ ৭৭ ॥

(৭১) ললাটে তিলকং কৃত্বা, (৭২) সূক্ষ্মণা ॥ ৭৭ ॥

অতঃপর স্কন্ধারোহণের আশান্বিত বালকগণ ক্রমশঃ উত্থিত হইলে সকলের পরে অন্তর্মুখগত শ্বাস না লইয়াই শ্রীগৌর উত্থিত হইলেন। তার পরে সাক্ষিকর্ত্তৃক উত্থানক্রম নিবেদিত হইলে তাঁহাকে স্কন্ধে বহন করিয়া করিয়া বালকগণ নগরে প্রবেশ করিল ॥ ৭৫ ॥

অনন্তর ক্ষুধাতৃষ্ণায় বালকগণের মুখ মলিন হইয়াছে দেখিয়া প্রভু সেই সখাগণকে স্ব স্ব গৃহে পাঠাইয়া স্বয়ং স্বগৃহে আসিলেন। তাঁহাকে দেখিয়া শ্রীশচী-মাতাও আনন্দিতা হইলেন ॥ ৭৬ ॥

শচীমাতা তখন তাঁহার সুকোমল অঙ্গপ্রত্যঙ্গাদি বস্ত্রখণ্ডদ্বারা অধিক সংমার্জন করত রেশমজাত দিব্যবস্ত্র পরিধান করাইলেন, ললাটে তিলক রচনা করিলেন, নেত্রদ্বয়ে চিক্কণ কজ্জলের সূক্ষ্ম সুন্দররেখাদ্বারা ভূষিত করিলেন এবং অঙ্গসমূহে রত্ননির্ম্মিত বিবিধ অলঙ্কার বন্ধন করিলেন ॥ ৭৭ ॥

*'ততঃ সুচীন'—ইতি বা পাঠঃ।

তদেবমলংকৃত্য জগাদ –"তাত ! সমুপস্থিতো ভোজনকালো ভো জনকালোক-সুখকর-মুখক্ষপাকর ! (৭৩) পাক-রম্যানি (৭৪) ব্যঞ্জনানি শীতলীভবন্তি, ততোঽদ্বৈতাচার্য্য-ভবনেঽধীয়ানং নিজাগ্রজমাহ্বয়, দামোদরায় নিবেদয়ত্বসাবন্নাদীনীতি" ॥ ৭৮ ॥

প্রভুস্তত্রগত্বা 'ভোঃ পূজ্যপাদাগ্রজমহাশয় ! মাতাহ্বয়তি ভবন্ত' - মিত্যুবাচ, তস্য কোকিল-কাকলী-কমনীয়ং তং কণ্ঠস্বনং নিশম্য শ্রীমানদ্বৈতাচার্য্যো ভবনাদ্ বহির্ভবন্ তস্য মাধুরীমালোক্য সচমৎকারং বিশ্বরূপং পপ্রচ্ছ 'মিশ্রনন্দন ! কোঽয়মতিসুকুমারঃ কুমারঃ ।' সতূবাচ –ভগবন্মমৈবাবরজো বরজো ভবতো (৭৫) বিশ্বম্ভর" ইতি ॥ ৭৯ ॥

(৭৩) জনকয়োঃ পিত্রোবালোকসুখকরো মুখচন্দ্রো যস্য। (৭৪) পাকেন রম্যানি আস্বাদ্যানি ॥ ৭৮ ॥
(৭৫) ভবতো বরাজ্জাতঃ ॥ ৭৯ ॥

এইভাবে ভূষিত করিয়া মাতা বলিলেন—'বৎস হে ! তোমার মুখচন্দ্র তোমার জনক জননীর নেত্ররসায়ন, এক্ষণে ভোজন উপস্থিত হইয়াছে। পাচিত ব্যঞ্জনাদি শীতল হইতেছে –অতএব অদ্বৈতাচার্য্যগৃহে অধ্যয়নরত তোমার অগ্রজ বিশ্বরূপকে ডাকিয়া আন। সে আসিয়া অন্নব্যঞ্জনাদি দামোদরকে নিবেদন করুক্' ॥ ৭৮ ॥

প্রভু সেইস্থানে (অদ্বৈত-মন্দিরে) গিয়া বলিলেন—'পূজ্যপাদ অগ্রজ মহাশয় ! আপনাকে মাতা ডাকিতেছেন।' তাঁহার এই কোকিল-কণ্ঠ-বিনিন্দিত কণ্ঠস্বর শুনিয়া শ্রীমান্ অদ্বৈতাচার্য্য গৃহ হইতে বহির্গত হইয়া তাঁহার মাধুরী-দর্শনে চমৎকৃত হইলেন এবং বিশ্বরূপকে জিজ্ঞাসা করিলেন— মিশ্রনন্দন! এই অতিসুকুমার বালকটি কে হে ?' তিনি বলিলেন--'মহাত্মন্ ! এ আপনারই বরে জাত আমার কনিষ্ঠ বিশ্বম্ভর' ॥ ৭৯ ॥

তন্নিশম্য সুখসিন্ধু-নিমগ্নঃ
স্তম্ভয়ন্নয়ন-বারি কথঞ্চিৎ।
সংবিধায় খলু হুঙ্কৃতিমেকাং
স প্রভুর্ন কিমপি প্রবভাষে ॥ ৮০ ॥

অথাচার্য্য-চরিতমালোক্য মৃদু বিহস্য শ্রীগৌরেণ বসনাঞ্চলে ধৃত্বা বিশ্বরূপে গৃহায় নীতে শ্রীমানাচার্য্যো হরিদাসাদীনুবাচ—

অহো! কনিষ্ঠস্য শচীতনূজনে-
র্ভবদ্ভিরালোকি কিমঙ্গমাধুরী।
পুনঃ পুনর্যা পরিবীক্ষিতাপ্যহো
ন দৃষ্টপূর্ব্বে বসদৈব ভাসতে ॥ ৮১ ॥

অথাগ্রজেনেত্য গৃহং নিবেদিতে
দামোদরায়ৌদন-তেমনাদিকে (৭৬)।
সহামুনাঽসৌ জনকেন চ প্রভু-
র্দত্তং জনন্যা বুভুজেঽন্নমুত্তমম্ ॥ ৮২ ॥

ইতীত্যাদি শ্রীগৌরলীলামৃতে প্রথম-পৌগণ্ড-বিলাসো নামাষ্টম আস্বাদঃ।

(৭৬) তেমনং ব্যঞ্জনম্ ॥ ৮২ ॥

শ্রীঅদ্বৈতপ্রভু তাহা শুনিয়া সুখসাগরে নিমগ্ন হইলেন কোনও প্রকারে নয়নাশ্রু নিরোধ করত এক বিশাল হুঙ্কার করিয়া নির্ব্বাক হইয়া রহিলেন ॥ ৮০ ॥

আচার্য্যচরিত্র দেখিয়া শ্রীগৌর মৃদুমধুর হাস্যসহকারে বিশ্বরূপের বস্ত্রাঞ্চলে ধরিয়া তাঁহাকে গৃহে লইয়া গেলে শ্রীমান্ অদ্বৈতাচার্য্য, শ্রীহরিদাসদিগকে বলিলেন —ওহে! শচার কনিষ্ঠ পুত্রের অঙ্গমাধুরী তোমরা দেখিলে ত? অহো! উহা পুনঃ পুনঃ পরিদৃষ্ট হইলেও সদাই মনে হয় যেন কখনই দেখা হয় নাই!!' ॥ ৮১ ॥

অনন্তর বিশ্বরূপ গৃহে আসিয়া অন্নব্যঞ্জনাদি দামোদরকে নিবেদন করিলে পিতা ও ভ্রাতার সহিত শ্রীগৌরপ্রভু জননীর হস্তে পরিবেশিত উত্তম অন্নাদি ভোজন করিলেন ॥ ৮২ ॥

অথ নবম আস্বাদঃ।

অথ কদাচিদেকাদশী-দিবসে দিবসেশে সমুদিতে মুদিতেন স্বসবয়ঃ-সমূহেন সহ সুরধুনী-সমীপং সমিয়ায় বিশ্বম্ভরঃ ॥ ১ ॥

সমিত্য চ -বাহূবাহবি (১) বিগ্রহং বিদধিরে তে কর্হিচিদ্বালকা,
নানারঙ্গতরঙ্গলঙ্গিমতমং নৃত্যং কদাচিৎ পুনঃ।
কর্হ্যপ্যুৎকটবেগি ধাবনমহো বিস্তার্য্যহং পূর্ব্বিকা (২)
ঝম্পং কর্হিচিদপ্যসৌ বৃক্ষশিখরাণ্যারুহ্য সম্যগ্‌দদুঃ ॥ ২ ॥

তদেবং বহুবিধবিলাসেন শ্রান্তা বালকাঃ কালিন্দীকুলে কৃষ্ণমিব শ্রীদামাদয়ো বিশ্বম্ভরমূচুঃ ॥ ৩ ॥

বিশ্বম্ভরার্দ্ধং দিবসং প্রযাতং
ততোঽশনায়া (৩) পরিবাধতেঽস্মান্।
মিষ্টান্নমত্তুং যদি কুক্ষিপূরং
লভেমহিস্যাম তদৈব সুস্থাঃ ॥ ৪ ॥

---

(১) বাহূবাহবি বাহুভ্যাং বাহুভ্যাং প্রহৃত্য ইদং যুদ্ধং বৃত্তম্ ॥ ১ ॥
(২) বিস্তার্য্যহংপূর্ব্বিকা বিস্তারিণী অহং পূর্ব্বিকা যেষাং তে ॥ ২ ॥
(৩) অশনায়া ক্ষুধা ॥ ৪ ॥

অতঃপর একদা একাদশী দিবসে দিনমণি সমুদিত হইলে অতিশয় আনন্দিত হইয়া বিশ্বম্ভর সমবয়স্ক সখাগণের সহিত সুরধুনীর সমীপে সমাগত হইলেন ॥ ১ ॥

সেখানে বালকগণ কখন বাহুযুদ্ধ কখন বা নানারঙ্গ তরঙ্গে মনোহর নৃত্য আবার কখন আমি আগে আমি আগে এই বলিয়া অতিবেগে ছুটাছুটি কখন বা বৃক্ষশিখরে আরোহণ করিয়া ঝাঁপাঝাঁপি করিতে লাগিল ॥ ২ ॥

এইপ্রকার নানা খেলায় ক্লান্ত হইয়া যমুনাকূলে শ্রীদামাদি রাখালগণের মত বালকগণ কৃষ্ণের ন্যায় বিশ্বম্ভরকে বলিল. ॥ ৩ ॥

ভাই বিশ্বম্ভর ! বেলা দ্বিপ্রহর হইল, অতিশয় ক্ষুধা আমাদিগকে কাতর করিতেছে। যদি পেট ভরিয়া মিষ্টান্ন খাইতে পাই তবেই আমরা সুস্থ হইতে পারি ॥ ৪ ॥

তদেতদুদিতং প্রভুঃ সবয়সাং নিশম্যাদরাৎ
সমেতভবনং ময়া সহ তথা করিষ্যাম্যহম্।
ইতি প্রণয়-সুন্দরং সয়বসোঽভিলপ্য দ্রুতং
নিজং গৃহ মুপাগতঃ স্বজননীং বভাষে রুদন্॥ ৫॥

মাতরতিমহত্যা বুভুক্ষয়া ক্ষয়াদ্দিত ইব (৪) ক্ষীণোঽস্মি, ততঃ প্রচুরং ভক্ষ্যং ত্বরিতমানয়, মানয় (৫) মমবচঃ। তদেতচ্ছ্রুত্বা বচনং সুতস্য সুতস্যন্তী (৬) কার্য্যান্তরন্তরসাঽনিনায় গৃহস্থিতং মোদকাদিকং তন্মাতা ॥ ৬ ॥

পুত্রস্তু হিরণ্য-জগদীশ-নামকয়োঃ কয়োশ্চিৎ স্বভক্তয়োরনুরক্তয়োরনুগ্রহীতুমনা মনাক্ কুপিত ইব তৎ সর্ব্বং দূরতশ্চিক্ষেপ ॥ ৭ ॥

তদবলোক্য মাতা ব্যথিত-ধিষণা (৭) ধিষণাদীনামপ্যগমং (৮) ভগবতো ভাবমনববুধ্য প্রতিবেশ-বাসিগৃহেষু ভিক্ষিত্বা বহুলমোদকাদীনানীয় পুনরপি দদৌ ॥৮॥

(৪) ক্ষয়রোগ-পতিত ইব, (৫) পূজয় পালয়েতিভাবঃ (৬) সুতস্যন্তি উৎক্ষিপন্তী, তসু দসু উৎক্ষেপে।
(৭) পীড়িতমতিঃ, (৮) ধীষণাদীনাং বৃহস্পত্যাদীনাম্।

সখাগণের এইরূপ কথা সাদরে শুনিয়া বিশ্বম্ভর বলিলেন, ভাই! আমার সঙ্গে বাড়ী আইস তাহাই করিব। এইরূপ সখাগণকে ভালবাসার মিষ্টকথা বলিয়া শ্রীগৌর নিজগৃহে সত্বর উপস্থিত হইলেন এবং জননীকে বলিলেন, ॥ ৫ ॥

মাগো! অতিক্ষুধায় পীড়িত হইয়া অতিখিন্ন হইয়া পড়িয়াছি। শীঘ্র প্রচুর খাবার লইয়া আস, আমার কথা শুন। জননী পুত্রের এইরূপ কথা শুনিয়া অন্যসকল কার্য্য ফেলিয়া অতিসত্বর গৃহস্থিত মিষ্টান্নাদি আনিলেন ॥ ৬ ॥

পুত্র কিন্তু হিরণ্য, জগদীশ নামে দুইজন অন্তরঙ্গ ভক্তকে অনুগ্রহ করিতে ইচ্ছুক হইয়া ঈষৎ কুপিতের ন্যায় সেই সমস্ত মিষ্টান্ন দূরে নিক্ষেপ করিলেন ॥৭॥

তাহা দেখিয়া মাতা ব্যথিতমনে বৃহস্পতি প্রভৃতিরও অবোধ্য শ্রীভগবানের ভাব বুঝিতে না পারিয়া প্রতিবেশীগৃহে মাগিয়া পুত্রকে আবার প্রচুর মিষ্টান্নাদি দিলেন ॥ ৮ ॥

বিশ্বম্ভরস্তু তৎ সর্ব্বং দূরতো বিচকার (৯), চকার চাধিকং রোদনম্। তচ্ছ্রুত্বা সমাগতাভির্মালিনী-প্রমুখাভিঃ পুরন্ধ্রীভিঃ সাকং প্রপচ্ছ শচী স্বতনয়ং 'তাত! কিমর্থং ক্রন্দসি, তৎকথয় ॥ ৯ ॥

স্থত উবাচ – শ্রীমদ্ধিরণ্য-জগদীশ-ধরাসুরাভ্যাং
দেবার্থমদ্য বিহিতা বহুধোপহারাঃ।
তান্ প্রাপ্নুয়াং যদি নিবেদনতঃ পুরাত্তুং
তর্হি ত্যজেয়ময়ি রোদনমন্যথা ন ॥ ১০ ॥

তদিদমাকর্ণ্য জননী জগাদ –হন্ত! হন্ত! মুগ্ধমতে! দেবার্থং সম্পাদিতং দ্রব্যং তস্মৈ ন দত্ত্বা কেনাপি কিমদ্যতে? কিমদ্য তে বুদ্ধির্ভ্রান্তা? যদেবং বদসীতি ॥১১॥

পুত্রস্তু মাতৃবচনমশৃন্বন্নেব—
হিরণ্য জগদীশাভ্যাং যো যো দেববলিঃ কৃতঃ।
তং তং নাত্তুং প্রাপ্নুয়াচ্চেত্তর্হি জহ্যাং ন রোদনম্॥
ইতি মুহুরুচ্চারয়ুচ্চৈশ্চক্রন্দ ॥ ১২ ॥

(৯) চিক্ষেপঃ, কৃ বিক্ষেপে।

বিশ্বম্ভর কিন্তু সেই সমস্ত দূরে ছুড়িয়া ফেলিলেন এবং অতিশয় রোদন করিতে লাগিলেন। তাহা শুনিয়া সমাগত মালিনী প্রভৃতি পুররমণীগণের সহিত শচীদেবী নিজ তনয়কে জিজ্ঞাসা করিলেন, বাছা! কিজন্য কাঁদিতেছ বল ॥ ৯ ॥

পুত্র বলিলেন, হিরণ্য ও জগদীশ নামক দুইজন ব্রাহ্মণ আজ দেবতার জন্য বহুপ্রকার নৈবেদ্য সংগ্রহ করিয়াছে। সেইগুলি যদি নিবেদন করিবার পূর্ব্বেই খাইতে পাই তবেই রোদন ত্যাগ করিব, নচেৎ নয় ॥ ১০ ॥

তাহা শুনিয়া জননী বলিলেন, হায় হায়, মন্দবুদ্ধি! দেবতার জন্য সংগ্রহকরা বস্তু দেবতাকে নিবেদন না করিয়া কেহ কি কখন খায়? আজ তোমার বুদ্ধির কি ভ্রম হইয়াছে, যেহেতু এইরূপ কথা বলিতেছ ॥ ১১ ॥

পুত্র কিন্তু মাতার কথা না শুনিয়াই যেন, হিরণ্য জগদীশ দেবতার যে যে নৈবেদ্য প্রস্তুত করিয়াছেন সেই সেই নৈবেদ্য যদি খাইতে না পাই তবে কখনই

শ্রীগৌরস্য ক্রন্দনমাকর্ণ্য হা হন্ত বালকস্যাস্যোন্মাদো জাত ইতি নিশ্চিত্য সর্ব্ব এব ক্রন্দিতুমারেভিরে। তচ্চ ক্রমেণ শ্রুত্বা মিশ্রপুরন্দরস্য পরমপ্রিয়ৌ হিরণ্যজগদীশৌ তেন সহৈব তত্রাজগ্মতুঃ ॥ ১৩ ॥

আগত্য চ শ্রীগৌরেণোচ্চরিতং তং শ্লোকং শ্রুত্বা সবিস্ময়ং পরস্পরং মন্ত্রয়ামাসতুঃ—॥ ১৪ ॥

"অহো অদ্য হরিবাসরেঽস্মদাগারে প্রচুরতরো দেবোপহারো ভবতীতি বালকো-ঽয়ং কথং জ্ঞাতবান্, ততোঽত্র কেনাপি রহস্যেনার্থেনাবশ্যং ভাব্যম্ ॥ ১৫ ॥

ভবতু, পশ্চাদবধারয়িষ্যামঃ, সম্প্রতি ত্বস্য ভনিতিরিয়মুন্মাদনা যথার্থা বেতি নির্ণেতুং তাংস্তানুপহারানানায্য দদামঃ, ভগবদ্ ভোগার্থং পুনরন্যান্ সম্পাদযিষ্যাম" ইতি পরামৃশ্য বহুভির্লোকৈস্তানানায্যৈতানুপহারান্ গৃহীত্বা ভুঙক্ষ্বেত্যুক্ত্বা বিশ্বম্ভরা-গ্রতো দদতুঃ ॥ ১৬ ॥

রোদন ত্যাগ করিব না, এই কথা বারম্বার উচ্চারণ করিতে করিতে উচ্চৈঃস্বরে রোদন করিয়াছিলেন ॥ ১২ ॥

শ্রীগৌরের ক্রন্দন শুনিয়া হায়! হায়! বালকটি পাগল হইল এই নিশ্চয় করিয়া সকলেই কাঁদিতে লাগিলেন। সেই ক্রন্দন শুনিয়া মিশ্রপুরন্দরের পরমপ্রিয় হিরণ্য জগদীশ তাঁহার সহিত সেখানে আসিয়া উপস্থিত হইলেন ॥ ১৩ ॥

এবং শ্রীগৌরোচ্চারিত সেই শ্লোকটি শুনিয়া বিস্ময়ের সহিত পরস্পর মন্ত্রণা করিয়াছিলেন, ॥ ১৪ ॥

অহো আজ হরিবাসর দিনে আমাদের গৃহে দেবতার জন্য প্রচুর নৈবেদ্যাদি প্রস্তুত হয় একথা এ বালক কেমনে জানিল? অতএব এ বিষয়ে নিশ্চয় কোন রহস্য আছে ॥ ১৫ ॥

আচ্ছা পরে এ কথা দেখা যাইবে। এক্ষণে ইহার এই কথা পাগলামি বা যথার্থ তাহাই নির্ণয় করিবার জন্য সেই সেই নৈবেদ্য আনাইয়া দেওয়া যাক, ভগবানের ভোগের জন্য অপর নৈবেদ্য করা যাইবে। এইরূপ পরামর্শের পর বহুলোকের

বিশ্বম্ভরস্তু পরিলোক্য বহূপহারা
নানাগ্নিভান্ স জগদীশ-হিরণ্যকাভ্যাম্।
সংত্যজ্য রোদমজিরে সবয়ঃ সমূহং
সংবেশ্য প্রারভত তৎ পরিবেষকর্ম্ম ॥ ১৭ ॥

পরিবেষ্য চ তান্মণ্ডলীকৃত্যোপবেশ্য স্বয়ঞ্চ সর্ব্বপ্রকারং ভক্ষ্যং গৃহীত্বা বালচক্র-বালান্তরালে নিবিশ্য ভোজনমারভ্য হিরণ্যজগদাশয়োরশেষ-সংশয়শমনায় তদ্দ্বয়মাত্র-গোচরতয়া গোপরূপমাবিশ্চকার ॥ ১৮ ॥

অনেকশিশুমণ্ডলী বিহিতমণ্ডলাগুস্থিতং
স্ফুরন্নবঘনপ্রভং শিখিশিখণ্ডচূড়োজ্জ্বলম্।
মুদাশ্নদ (১০) তিসুন্দরং প্রকটিতং শচী-সূনুনা
হিরণ্যজগদীশয়োর্নয়নবর্ত্ম ভেজে বপুঃ ॥ ১৯ ॥

তদ্বিলোক্য বরভক্তয়োস্তয়োঃ শ্রীমতি ব্রজসরস্তটান্তরে।
গোপবালকগণৈরদন্ সজুরস্ফুরদ্ ব্রজনৃপাত্মজো হৃদি ॥ ২০ ॥

(১০) অশ্নং ভোজনং কুর্ব্বং।

দ্বারা সেই নৈবেদ্যগুলি আনাইয়া, এই খাও বলিয়া বিশ্বম্ভরের অগ্রে ধরিয়া দিলেন। ॥ ১৬ ॥

এবার বিশ্বম্ভর হিরণ্য-জগদাশকর্তৃক আনিত সেই সমস্ত নৈবেদ্য দেখিয়া রোদন পরিত্যাগপূর্ব্বক আঙ্গিনায় সখাগণকে শ্রেণীবদ্ধভাবে বসাইয়া পরিবেশন করিতে আরম্ভ করিয়া দিলেন ॥ ১৭ ॥

সখাদিগকে মণ্ডলাকারে বসাইয়া নিজেও সর্ব্বপ্রকার ভক্ষদ্রব্য গ্রহণ করিয়া সেই বালকমণ্ডলীর মধ্যস্থানে উপবেশন করতঃ ভোজনলীলা আরম্ভ করিতে করিতে হিরণ্য জগদীশের সংশয় অপনোদনের জন্য বিশ্বম্ভর গোপরূপ প্রকট করিলেন। তাঁহার সেই রূপ কেবল ঐ হিরণ্য জগদীশই দেখিতে পাইলেন ॥ ১৮ ॥

নবমেঘসমকান্তিতে উদ্ভাসিত ময়ূরপুচ্ছের চূড়ায় অতিশয় সমুজ্জ্বল অনেক শিশুমণ্ডলীর মধ্যে অবস্থান পূর্ব্বক আনন্দের সহিত ভোজনরত, এইরূপ সুন্দর-বিগ্রহ শচীনন্দনকর্তৃক প্রকটিত হইয়া হিরণ্য জগদীশের নয়নপথে দৃষ্ট হইলেন ॥১৯॥

ততঃক্ষণাংস্তৌ কতিচিন্মহত্তমৌ
নিমেষশূন্যাক্ষিযুগৌ স্ম তিষ্ঠতঃ।
সুসাম্প্রতং তৎপ্রবদন্তি পণ্ডিতা
যতস্তদা তৌ যযতুঃ সুপর্ব্বতাম্ (১১) ॥ ২১ ॥

অথ গৌরেণ শ্যামলভাঽমলভাবাবেশং তয়ো রালোক্যান্তর্দ্ধাপিতা। ততশ্চ লব্ধপ্রকৃতী (১২) কৃতীভূতং স্বং মন্যমানাবন্যমানাবর্দ্ধকৌ (১৩) তৌ কঞ্চিৎপ্রতি কিমপি নোক্ত্বা যথাস্বং ভবনং যযতুঃ ॥ ২২ ॥

শ্রীগৌরস্তু ভোজনং কুর্ব্বন্ স-সহচর-সমুদয়ো রস (১৪) মুদযোজয়ৎ, ভোজনোপরতো নোপরতৌৎসুক্যো (১৫) অনৃত্যচ্চ ॥ ২৩ ॥

(১১) সুপর্ব্বতাং দেবত্বং অথচ সুষ্ঠুপর্ব্ব যযাং তাদৃশত্বম্।
(১২) প্রাপ্ত-স্বভাবৌ, (১৩) অন্যেষাং মানস্য আ সম্যগ্‌বর্দ্ধকৌ।
(১৪) রসমানন্দং পরিহাসং বা, (১৫) অনিবৃত্তৌৎসুক্যঃ।

তাহা দেখিয়া সেই ভক্তশ্রেষ্ঠ দুইজনের হৃদয়ে শ্রীযমুনাতীরে গোপবালকসহ বনভোজনকারী ব্রজরাজনন্দন স্ফুরিত হইলেন ॥ ২০ ॥

তাহার পর অতিমহান্ সেই দুইজন কিছুক্ষণ নির্নিমেষ নেত্রে অবস্থান করিলেন। তাঁহাদের সেই সময়টীকে পণ্ডিতগণ শুভক্ষণ বলিয়া থাকেন। যেহেতু তখন তাঁহারা পলকশূন্য হওয়াতে দেবত্বকে প্রাপ্ত হইয়াছেন এবং ঈশ্বর দর্শন করিবার জন্য মহামহোৎসবভোগী হইয়াছেন ॥ ২১ ॥

অনন্তর শ্রীগৌরাঙ্গ সেই হিরণ্য জগদীশের এইরূপ নির্ম্মল ভাবাবেশ দেখিয়া স্বীয় শ্যামলকান্তি অপসারিত করিলেন। তাহার পর অন্যের মানবর্দ্ধনকারী তাঁহারা প্রকৃতিস্থ হইয়া নিজেকে কৃতকৃত্য মনে করতঃ কাহাকেও কিছু না বলিয়া মৌনভাবে নিজগৃহে গমন করিলেন ॥ ২২ ॥

এদিকে শ্রীগৌরসুন্দর সহচরগণের সহিত ভোজন করিতে করিতে হাস্যপরিহাস করিতে লাগিলেন এবং ভোজন হইতে বিরত হইয়া ঔৎসুক্যসহকারে নৃত্য করিতে লাগিলেন ॥ ২৩ ॥

যথা — দিগম্বরশিশুব্রজৈঃ পরিনটদ্ভিরানন্দিতৈ
র্মনোজ্ঞকরতালিকার্পণপরৈঃ পরীতোঽভিতঃ।
ভুজাযুগলমুৎক্ষিপন্ বিবিধভঙ্গিভির্লঙ্গিমং
নিজাঙ্গনতলে নটন্ প্রভুরনন্দয়ৎ স্বান্ জনান্ ॥ ২৪ ॥

যদবলোক্য পিতামহেনাপিতা মহেনানেকবিধা বিকারা দধিরে, পিনাকিনাপি নাকিনামোঘেন (১৬) চ সকলেন, নবদ্বীপবাসিভিস্তু সুতরামেব ॥ ২৫ ॥

অথ গতবতি সূরে পশ্চিমাশাদ্রিশৃঙ্গং
প্রিয়-সহচরবর্গে স্বস্ব গেহং প্রযাতে।
বিবিধ-মধুর-ভক্ষ্যং ভোজয়িত্বা যথেচ্ছং
সুতমতিমৃদুতল্পে শায়য়ামাসমাতা ॥ ২৬ ॥

---

(১৬) উৎসবেন প্রাপিতা বিকারা ব্রহ্মণা দধিরে, মহাদেবেন দেবানাং সমূহেন চ।

মনোহর করতালি দিয়া সেই দিগম্বর শিশুগণ আনন্দের সহিত গৌরসুন্দরের চারিদিকে নৃত্য করিতেছে, তাহাদের মাঝে প্রভু শ্রীগৌরসুন্দর বাহুযুগল ঊর্দ্ধে তুলিয়া নানাভঙ্গীতে অতিমনোহর নৃত্য করিতে করিতে নিজজনদিগকে আনন্দিত করিতেছেন ॥ ২৪ ॥

পিতামহ ব্রহ্মা নিজলোক হইতে সে নৃত্য দর্শন করিয়া মহানন্দে নানাপ্রকার সাত্ত্বিক বিকার ধারণ করিয়াছিলেন। মহাদেব ও দেবসমূহসহ ঐ প্রকার পরমানন্দ-ময় অবস্থা প্রাপ্ত হইয়াছিলেন। সুতরাং নবদ্বীপবাসীগণ যে সেই নৃত্যদর্শনে অতিশয় পরমানন্দলাভ করিয়াছিলেন তাহা বলা বাহুল্য ॥ ২৫ ॥

অনন্তর দিনকর পশ্চিমদিক্ অস্তাচলে আরোহণ করিলে যখন গৌরের নিজ প্রিয় সহচরগণ নিজ নিজ গৃহে গমন করিল, তখন শচীমাতা পুত্রকে বিবিধ মধুর ভক্ষ্যদ্রব্য ইচ্ছামত ভোজন করাইয়া অতি কোমল শয্যায় শয়ন করাইলেন ॥ ২৬ ॥

অথার্দ্ধরাত্র সময়ে পরিপ্রাপ্তোদয়ে মনুজমাত্রে নিদ্রয়াবসন্নগাত্রে মিশ্রপরিজনেষু তয়া হৃতচেতনেষু ভগবতো নৃত্যদর্শনেনাতৃপ্তং নবদ্বীপমাসৃপ্তং (১৭) তত্তুৎকণ্ঠাকুলং পিতামহপ্রভৃতিদেবকুলং মিশ্রপুরন্দরধাম সমাজগাম ॥ ২৭ ॥

সমাগম্য চ মাগম্যচরণং (১৮) সুতমঙ্কেনিধায় শয়ানয়া মিশ্রপুরন্দরভার্যয়া-র্য্যয়ালঙ্কৃতং ভবনং তে দেবা বিবিশুঃ ॥ ২৮ ॥

প্রবিষ্টাংশ্চ তানবগত্য চঞ্চলমানসাহমানসাধ্বসা নিমীলিত-লোচনা শচী ইদং চিন্তয়ামাস—

পুত্রো মমা হি যদভুঙ্ক্ত হরেনিবেদ্যং
চাপল্যতস্তনিবেদিতমেব হন্ত! ।
নূনং ততঃ প্রকুপিতাস্ত্রিদিবৌকসোঽমী
তদ্দণ্ডনার্থমধুনা ভবনং প্রবিষ্টাঃ ॥ ২৯ ॥

(১৭) আসৃপ্তং আগতম্।

(১৮) ময়া লক্ষ্ম্যা অপ্যাগম্যং চরণং যস্য।

অনন্তর নিশামধ্যভাগে মানবসকল নিদ্রায় অবসন্ন হইলে এবং শ্রীজগন্নাথ মিশ্রের পরিজনবর্গ নিদ্রায় অচেতন হইয়া পড়িলে শ্রীভগবানের সেই নৃত্য দর্শনে অতৃপ্ত পিতামহ প্রভৃতি দেবগণ শ্রীধাম নবদ্বীপে আগমনপূর্ব্বক প্রভুর সেই সুমধুর নৃত্যদর্শনের উৎকণ্ঠায় আকুল হইয়া মিশ্রপুরন্দরগৃহে সমাগত হইলেন ॥ ২৭ ॥

শ্রীলক্ষ্মীদেবীও যাঁহার পাদপদ্ম পাইতে অভিলাষিনী সেই পুত্রকে ক্রোড়ে লইয়া সৌভাগ্যবতী মিশ্রপুরন্দর পত্নী শয়নাবস্থায় যে গৃহটীকে অলঙ্কৃত করিয়াছেন দেবগণ আসিয়া সেই গৃহে প্রবেশ করিলেন ॥ ২৮ ॥

তাঁহাদিগকে প্রবেশ করিতে দেখিয়া শচীদেবীর মনে চাঞ্চল্য এবং অতিশয় ভীতির উদয় হইল। তিনি মুদ্রিত নয়নে এইরূপ চিন্তা করিলেন—আমার পুত্র শ্রীহরির অনিবেদিত নৈবেদ্য, যাহা বাল্য-চপলতা বশতঃ ভোজন করিয়াছিল নিশ্চয় তাহাতে দেবগণ প্রকুপিত হইয়া এক্ষণে দণ্ডবিধানের জন্য গৃহে প্রবিষ্ট হইয়াছেন ॥২৯॥

তদিদানীং পুত্রং নীত্বেতঃ পলায়নমেব মে বরং, কিন্তু মমাঙ্গানি ভয়োদয়োদস্ততয়া (১৯) যথা কম্পন্তে, তেন তৎসম্পাদয়িতুং দয়িতুঞ্চ (২০) পুত্রো ন শক্যতে ময়া, তস্মাদেবমাচরেয়মিতিমনসি পরামৃশ্য তত্রৈব শয়ানাং কাঞ্চিৎ কিঙ্করীমুবাচ—অয়ি সুশীলে! বিশ্বম্ভরং নীত্বা মিশ্রপুরন্দরে সমর্প্যাগচ্ছেতি ॥ ৩০ ॥

শচী ভিয়াচষ্টশনৈর্যদেত
ন শুশ্রুবে স্বাপ-ভরেণ দাস্যা।
ততঃসুরঃ কশ্চন তদ্বদূচে
গিরার্দ্রয়া দেবি! সমর্পয়েতি ॥ ৩১ ॥

সা চ তদাকর্ণ্য নিমীলিতনয়নৈব নয়, দেব বিলম্বং মা চকৃথা ইত্যুক্ত্বা তৎকরে পুত্রং সমর্পয়ামাস।

অহো! ভগবতো ভক্তবাসনা-পূর্ত্তিকারিতা।
মাতুরঙ্কং পরিত্যজ্য যয়ানীতঃ সুরান্তিকম ॥ ৩২ ॥

(১৯) ভয়োদয়েন উৎক্ষিপ্ততয়া, (২০) রক্ষিতুম্।

অতএব এখন হইতে পুত্রকে লইয়া পলায়নই শ্রেয়ঃ কিন্তু ভয়-বিহ্বলতা বশতঃ আমার অঙ্গসকল যেরূপ কাঁপিতেছে তাহাতে আমি পলায়ন করিতে এবং পুত্রকে রক্ষা করিতেও পারিব না। অতএব এইরূপ করি ইহা ভাবিয়া শচীমাতা সেই গৃহেই শায়িত কোনও এক দাসীকে বলিলেন, অয়ি সুশীলে! বিশ্বম্ভরকে লইয়া মিশ্রপুরন্দরের নিকট দিয়া আইস॥ ৩০ ॥

শচী ভয় বশতঃ ধীরে ধীরে যাহা বলিলেন গাঢ়নিদ্রাহেতু দাসী তাহা শুনিতে পাইল না। তখন কোনও দেবতা দাসীর মত নিদ্রাজড়িত বাক্যে বলিলেন, হে দেবী! বিশ্বম্ভরকে অর্পণ কর॥ ৩১ ॥

তিনি তাহা শুনিয়া মুদ্রিতনেত্রেই "এই নাও যেন বিলম্ব করিও না।" এই বলিয়া সেই দেবতার করে পুত্রকে অর্পণ করিলেন। অহো! ভগবানের ভক্তবাসনাপূরণকারিণী ইচ্ছা কি অপূর্ব্ব, যাহাতে ভগবানের মাতৃক্রোড় পরিত্যাগ করিয়া দেবগণের নিকটে আনীত হইলেন॥ ৩২ ॥

তঞ্চ প্রাপ্য পরম-প্রমোদিতাঃ পিতামহ-প্রমুখাঃ সুপর্ব্বাণঃ প্রাঙ্গনং প্রবিশ্য প্রভুমুপবেশ্য পারিজাতাদিপুষ্পৈঃ পূজয়ামাসুঃ, পুনঃ পুনঃ প্রণুনুবুশ্চ ॥ ৩৩ ॥

কলিমত্ত-মতঙ্গজ-মর্দ্দহরিং
হরিতাল-সমান-বিভাল-হরিম্।
হরিণাঙ্ক কলা-বিলসন্নখরং
খর-কর্কশ-চিত্ত-মৃদুত্বকরম্ ॥ ৩৪ ॥

করকান্তি-বিনিন্দিত-তামরসং
রসবর্ষি-পদাম্বুজ-পূত-রসম্।
রসনা বিলসন্নিজনামগুণং
গুণসঙ্গ-বিনাশি-সকৃৎ স্মরণম্ ॥ ৩৫ ॥

রণকেলিমৃতে (২১) জিতদুষ্টজনং
জনতৈনন পুনানমিদং ভুবনম্।
বনজাবলি-গঞ্জন-বক্ত্র বিধুং
বিধুতাখিল-তাপক-বাক্যমধুম্ (২২) ॥ ৩৬ ॥

---

(২১) যুদ্ধক্রীড়াং বিনা, (২২) বিধুতা অখিলা তাপা যেন তাদৃশং বাক্যমধু যস্য তং। ॥ ৩৬ ॥

সেই প্রভুকে প্রাপ্ত হইয়া পরমানন্দে বিভোর ব্রহ্মাদি দেবগণ প্রাঙ্গনে প্রবেশ করতঃ প্রভুকে তথায় উপবেশন করাইয়া পারিজাত প্রভৃতি পুষ্পের দ্বারা পূজা বিধান করিলেন এবং পুনঃ পুনঃ সুললিত ভাষায় স্তব করিতে লাগিলেন ॥৩৩॥

হে ভগবন্! আমরা মস্তকদ্বারা আপনাকে বারংবার প্রণাম করিতেছি। আপনি কলিকালরূপ মত্তহস্তিদলনে সিংহ স্বরূপ, আপনার কান্তিলহরী হরিতাল সদৃশ, এবং নখররাজি চন্দ্রকলার ন্যায় শোভায়মান। আপনি কঠিন ও কর্কশ চিত্তকে কোমল করিয়া থাকেন ॥ ৩৪ ॥

আপনার করতলের কান্তিতে পদ্ম নিন্দাপ্রাপ্ত হয়। চরণকমলের পবিত্র রস (মকরন্দ বা অনুরাগ) আনন্দ বর্ষন করে, রসনায় আপনার নিজনামগুণ বিলাস করিতেছে এবং আপনার একবার মাত্র স্মরণে সত্ত্বাদিগুণ সঙ্গ (অথবা বিষয়াসক্ত) বিনষ্ট করিয়া থাকে ॥ ৩৫ ॥

মধুরালককান্তি-জিতালিরুচিং
রুচিরস্মিত-নাশিত-তাপশুচিম্ (২৩)।
শুচিমানস-লোক-মনোনিলয়ং
লয়বর্জ্জিত-মাহিত-ভক্ত্যুদয়ম্॥ ৩৭ ॥
দয়য়া ভুবি ভাবিত-ভক্তগণং (২৪)
গণনাতিগ-দিব্যগুণাভরণম্।
রণনেন নিজেন জিতান্যভৃতং (২৫)
ভৃতকাবলি-মঙ্গলবৃদ্ধিকৃতম্॥ ৩৮ ॥
কৃতলোচন-লোভন-নৃত্যমহং (২৬)
মহনীয়পদং নিজমন্তু (২৭) সহম্।
সহ বালকুলেন বিলাসপরং
পরমেশ্বরমপ্যতি বাল্যধরম্॥ ৩৯ ॥

(২৩) রুচিরস্মিতেন নাশিতঃ তাপানলো যেন তম্ ॥৩৭॥ (২৪) জীবেষু কৃপয়া ভুবি আবির্ভাবিতা ভক্তগণা যেন, (২৫) জিত-কোকিলং ॥৩৮॥ (২৬) মহঃ উৎসবঃ, (২৭) মন্তুঃ অপরাধঃ ॥৩৯॥

যুদ্ধক্রীড়া ব্যতীত আপনি দুষ্টজনদিগকে জয় করিয়াছেন। স্বয়ং আবির্ভাব দ্বারা এই ভুবনকে পবিত্র করিয়াছেন, আপনার মুখচন্দ্র, কমল সমূহকে গঞ্জিতকরে এবং আপনার বাক্যমধুপানে সমস্ত তাপ নিবারিত হয় ॥ ৩৬ ॥

আপনার সুন্দর চূর্ণ কুন্তলের কান্তি ভ্রমরের শোভাকে জয় করিয়াছে। মনোরম মৃদুহাস্যের দ্বারা আপনি তাপরূপ অগ্নি নির্ব্বাপিত করিয়াছেন, শুদ্ধচিত্ত লোকসমূহের মনই আপনার নিবাসস্থান এবং আপনি অবিনাশি শোভা অথবা সম্পদের সহিত ভক্তির উদয় করিয়া থাকেন ॥ ৩৭ ॥

জীবের প্রতি দয়া বশতঃ আপনি ভক্তগণের পৃথিবীতে আবির্ভাব করাইয়াছেন, অগণিত দিব্যগুণরাশি আপনার অলঙ্কার স্বরূপ, আপনার মধুরশব্দে কোকিল পরাজিত হইয়াছে, আপনি ভৃত্যবর্গের মঙ্গল বৃদ্ধি করিয়া থাকেন ॥ ৩৮ ॥

ধরণীসুরপদ্মঘটা-তপনং
পননীয়তমং গজজিদ্‌গমনম্‌।
মনসোঽপি ন গোচরমিদ্ধতরং (২৮)
তরণিব্রজবচ্ছশিবচ্ছিশিরম্‌॥ ৪০ ॥

শিরসা প্রণমাম ভবন্তমলং, মলনাশ-বিধায়ক-পদ্‌যুগলম্‌।
গললম্বিত-মৌক্তিকহারচয়ং, চয়নায় রতের্ভগবন্নুবয়ম্‌॥ ৪১ ॥

তদেবং দেবকৃতেন নবেন স্তবেন স্তবকিততোষো ভগবাংস্তানুবাচ—অয়ে কমলভব-ভবপ্রধানা অদিতি নন্দনা! নন্দনারণ্য-বিহারং বিহায় যূয়মত্র কিমর্থমায়াতা মায়া-তানবকর (২৯) মনবকর (৩০) মিতি সুন্দরং স্তবঞ্চেমং কিমর্থং কৃতবন্তস্তদ্বদত। ॥ ৪২ ॥

(২৮) তরণিব্রজবৎ সূর্য্যসমূহবৎ ইদ্ধতরং দীপ্ততরম্‌ ॥৪০॥
(২৯) মায়ায়াঃ ক্ষীণতাকরম্‌, (৩০) অনবকরম্‌ দোষরহিতং ॥৪২॥

আপনার নৃত্যোৎসব নয়নের লোভজনক, আপনার চরণযুগল অর্চ্চনার যোগ্য, আপনার নিকট অপরাধ করিলে আপনি তাহা সহ্য করিয়া থাকেন। আপনি পর-মেশ্বর হইলেও অতি বাল্যাবস্থা ধারণ করিয়া বালকগণের সঙ্গে ক্রীড়া পরায়ন হইয়াছেন ॥ ৩৯ ॥

ব্রাহ্মণরূপ পদ্মসমূহের প্রকাশ বিষয়ে আপনি সূর্য্যস্বরূপ। আপনি অতিশয় স্তবার্হ। আপনার গমন হস্তীর গতিকে জয় করে। (বাক্যের কথা দূরে থাক্‌) আপনি প্রাকৃত মনেরও গোচর নহেন। সূর্য্যসমূহের ন্যায় আপনি অতিশয় দীপ্তিযুক্ত এবং চন্দ্রের ন্যায় শীতল ॥ ৪০ ॥

আপনার চরণযুগল পাপনাশকারী। আপনার গলদেশে মুক্তামালা সকল লম্বিত আছে। হে ভগবন্‌! আমরা অনুরাগ লাভের নিমিত্ত নত মস্তকে পুনঃ পুনঃ আপনাকে প্রণাম করি ॥ ৪১ ॥

দেবগণকৃত এই প্রকার নবীন স্তবের দ্বারা ভগবান্‌ পরম সন্তুষ্ট হইয়া তাহা-দিগকে বলিলেন—হে ব্রহ্মা, মহেশ্বর প্রভৃতি সুরবৃন্দ! আপনারা নন্দনকাননে বিহার

নির্জরা নির্জগতুর্জগদুৎসব-সব-দীক্ষিত! (৩১) অদ্য ভবতাবতারিতাং লাস্য-লীলানালোক্য ন তৃপ্তা বয়ং, তদ্দর্শনার্থমাব্রজিতা জিতাশেষনট-নটনং যদি সকৃদাচরে-স্তদা ফলিত-সমস্তাদিষ্টাস্তদিষ্টার্থসিদ্ধ্যা ভবেম (৩২), ভবে মহত্ত্বাঞ্চ লভেমহি ॥৪৩॥

তদিদমাকর্ণ্য সুরবচো রব-চোটিত-কোকিল-মদোহলমদো মোদকরং (৩৩) মৃদুহসন্ ভদ্রং ভদ্রমিত্যুক্ত্বোত্থায় ননর্ত্ত দেবানাং কৌতুকরতালিকা চ করতালি-কাচরণতৎপরা বভূব ॥ ৪৪ ॥

(৩১) জগদুৎসব এব সবো যজ্ঞঃ তত্র দীক্ষিত তৎপর। (৩২) তদিষ্টার্থসিদ্ধ্যা ফলিতং সমস্তং দিষ্টং ভাগ্যং যেষাং তথাভূতা ভবেম্। ॥৪৩॥

(৩৩) অলমদো মোদকরম্ অতিশয়েন অমীষাং সুখকরং যথা স্যাৎ। দেবানাং কৌতুকরতা আলিকা ইত্যন্বয়ঃ ॥৪৪॥

পরিত্যাগ করিয়া কিজন্য এখানে আগমন করিয়াছেন এবং মায়াক্ষয়কারী দোষরহিত, অতি সুন্দর এই স্তব কেন করিলেন,—তাহা বলুন ॥ ৪২ ॥

অমরগণ বলিলেন—আপনি জগতের আনন্দ (দান) যজ্ঞে দীক্ষিত হইয়াছেন। অদ্য আপনি যে নৃত্যলীলার অবতারণা করিয়াছেন, তাহা দেখিয়া আমরা তৃপ্ত হই নাই। তাহাই দর্শন করিবার নিমিত্ত আমরা আসিয়াছি। আপনার নৃত্যে সকল নট পরাজয় প্রাপ্ত হয়। আপনি যদি একবার সেইরূপ নৃত্য করেন, তাহা হইলে অভীষ্ট বিষয়ের সিদ্ধিহেতু আমাদের সমস্ত ভাগ্য সফল হইবে এবং আমরা জগতে মহত্ত্ব লাভ করিতে পারিব ॥ ৪৩ ॥

সুরগণের এইকথা শ্রবণ করিয়া শব্দের দ্বারা কোকিলের গর্ব্ব খণ্ডনকারী ভগবান্ বিশ্বম্ভর তাহাদের অত্যন্ত সুখকর মৃদুহাস্য করিলেন এবং "ভাল, ভাল" এই বলিয়া গাত্রোত্থান পূর্ব্বক নৃত্য করিতে লাগিলেন। তদ্দর্শনে দেবতা বৃন্দও কৌতুক-যুক্ত হইয়া নৃত্যের তালে তালে করতালী প্রদান করিলেন ॥ ৪৪ ॥

স্বপ্রিয়লেখাবীত (৩৪) স্তালাঙ্কোজ্জ্বলতনু (৩৫) র্হরিদ্বসনঃ।
নন্দাঙ্গন ইব তস্মিন্ ‌নৃত্যন্ বিশ্বম্ভরো রুরুচে ॥ ৪৫ ॥

তদৈকমাসীদাশ্চর্য্যং শ্রীগৌরস্য পদদ্বয়ে।
অমঞ্জীরেঽপি মঞ্জীরশিঞ্জিতং যদভূন্মুহুঃ ॥ ৪৬ ॥

তদাকর্ণ্য সমুন্মীল্য নয়নে নিক্ষিপ্যাঙ্গনে ত্রিদিবেশ-নিচয়ং সময়া তনয়ং পূর্ণ-শশিসমানং নরীনৃত্যমানং দাসীঞ্চ সুশীলাভিধানাং নিজনিকট এব শয়ানাং বিলোক্য জাত-সুখোদয়া সমুদ্গতভয়া চ বভূব শচী। অসম্ভৃত-মঞ্জীরাভরণে তনয়স্য চরণে সারস-রব-গঞ্জনং মঞ্জীর-শিঞ্জনং শ্রুত্বা বিস্ময়ঞ্চাবাপ ॥ ৪৭ ॥

যং যং তদানুজগৃহুঃ সুখভীতিচিত্রা-
ন্যস্যাং যথাবধিকৃতিং স স এব ভাবঃ।
দেশে নৃপৈরধিকৃতে বহুভিঃ প্রভুঃ স্যান্
মন্ত্রী স এব খলু সর্ব্বমতো (৩৬) ভবেদ্ যঃ ॥ ৪৮ ॥

(৩৪) স্বপ্রিয়া যে লেখা দেবাস্তৈরাবীতঃ পরিবৃতঃ, পক্ষে স্বপ্রিয়শ্রেণ্যাবৃতঃ। (৩৫) তালস্য হরিতালস্য ক্রোড়বৎ, পক্ষে তালাঙ্কেন বলদেবেন উজ্জ্বলতনুঃ ॥ ৪৫ ॥ ৩৬ সর্ব্বেষাং নৃপাণাং সম্মতঃ ॥ ৪৮ ॥

নন্দের অঙ্গনে নিজপ্রিয়জন পরিবেষ্টিত, বলদেবের দ্বারা উজ্জ্বল শরীর হরিদ্ব-সন (দিগম্বর অথবা পীতাম্বর) নৃত্য পরায়ন কৃষ্ণচন্দ্রের ন্যায় নিজপ্রিয় দেবগণ পরি-বেষ্টিত হরিতালের ক্রোড়দেশের ন্যায় উজ্জ্বল গৌরকলেবর দিগম্বর বিশ্বম্ভর অঙ্গনে নৃত্য করিতে করিতে শোভা পাইয়াছিলেন ॥ ৪৫ ॥

শ্রীগৌরের পদদ্বয়ে নূপুর না থাকিলেও যে পুনঃ পুনঃ নূপুরের ধ্বনি হইতে-ছিল ইহাই তখন একটী আশ্চর্য্য ব্যাপার হইয়াছিল ॥ ৪৬ ॥

তাহা শুনিয়া শচী নয়ন মেলিয়া অঙ্গনে দৃষ্টিপাত পূর্ব্বক দেখিলেন দেবতা-গণের মধ্যে পূর্ণচন্দ্র সদৃশ তাঁহার পুত্র পুনঃ পুনঃ অতিশয় নৃত্য করিতেছে এবং

দ্বিত্রেষু তিষ্ঠৎস্বপি তাদৃশেষু
তত্রাধিচক্রে বহু (৩৭) জাড্যমেব।
মুখ্যং ভবেত্ত্রেষু হি তদ্ যতস্তদ্
গৃহ্ণন্তি সংখ্যাসময়ে বুধাঃ প্রাক্ ॥ ৪৯ ॥

ততশ্চ তস্যাং নিশ্চেষ্টায়াং স্থিতায়াং ভগবন্নৃত্যবিলোকন-কৌতুকেন কতিপয়-কালং সময়িত্বা লব্ধ-তদাজ্ঞা গীর্ব্বাণাঃ প্রণম্য স্বস্থানং সমীয়ুঃ ॥ ৫০ ॥

(৩৭) বহু প্রচুরং যথাস্যাত্তথা ॥ ৪৯ ॥

সুশীলা নাম্নী দাসী তাঁহার নিজের নিকটেই শয়ন করিয়া আছে। এই ব্যাপার দর্শনে তাঁহার সুখ ও ভয়ের উদয় হইল এবং নূপুরালঙ্কার শূন্য পুত্রের চরণে সারসরব গঞ্জী নূপুরের ধ্বনি শ্রবণ করিয়া বিস্ময় প্রাপ্ত হইলেন ॥ ৪৭ ॥

তখন সুখ, ভয় ও বিস্ময় যে যে ভাবকে অনুগ্রহ করিয়াছিল, সেই সেই ভাবই শচীর অঙ্গে অধিকার লাভ করিয়াছিল। বহু নৃপতি কর্ত্তৃক অধিকৃত দেশে যে মন্ত্রী সকল রাজারই অভিমত প্রাপ্ত হন, তিনিই প্রভু হইয়া থাকেন ॥ ৪৮ ॥

ঐপ্রকার দুই তিনটী ভাব বিদ্যমান থাকিলেও তথায় জড়তাই বহুল পরিমাণে অধিকার বিস্তার করিয়াছিল। যে হেতু, পণ্ডিতগণ গনণা সময়ে প্রমথ তাহাকেই গ্রহণ করিয়া থাকেন, অতএব সমস্ত ভাবের মধ্যে সেইটীই মুখ্য হইবে ॥ ৪৯ ॥

সুতরাং শচীদেবী নিশ্চেষ্ট হইয়া রহিলেন। এদিকে ভগবানের নৃত্য দর্শন কৌতুকে কিছুকাল যাপন করিয়া দেবগণ তাঁহার অনুমতি গ্রহণ করতঃ তাঁহাকে প্রণাম করিয়া স্বস্থানে প্রস্থান করিলেন। ॥ ৫০ ॥

বিশ্বম্ভরস্তু পিতৃ-সদনং সমিত্য তাত তাতেতি মধুরমাজুহাব। স চ ততঃ পূর্ব্বমেব করতালিকা-কনকনূপুর-কলধ্বনিমাকর্ণ্য কুণ্ঠিতনিদ্রঃ কিমিদমিতি বিতর্কয়ন্ স্বতনয়-কণ্ঠনাদং নিশম্য বহিরেত্য তমঙ্কে নিধায় তং পপ্রচ্ছ ॥ ৫১ ॥

তাত! ত্বদঙ্ঘ্রি যুগলে ন ময়া প্রদত্তো
মঞ্জীরকোঽস্ত্য নচ কেনচনাপরেণ।
আগচ্ছতস্তদধুনৈব মদন্তিকং তে
তচ্ছিঞ্জিতং বত কুতোঽত্র ময়োপলব্ধম্ ॥ ৫২ ॥

কিঞ্চ তবাগমন-সময়ে ময়েব স্ফুরিতং যথাঙ্গনান্তরেঙ্গনান্তরেণ সন্নিধানং কতিচিজ্জনাঃ করতালিকাং দদতীতি, তৎ কিং স্বপ্নকার্য্যং যথার্থং বেতি ন নিরচীয়তা-য়তা ত্বয়া যদি কিমপীক্ষিতং তৎ কথ্যতাম্ ॥ ৫৩ ॥

বিশ্বম্ভরো বিতথ-ভাষণভিয়া সশ্লেষং বভাষে—

অশ্রাবি যন্নূপুর-শিঞ্জিতং পিত!
ত্বয়া তথায়ং করতালিকারবঃ।
নিদ্রাবিলাসঃ খলু তদ্দ্বয়ং ভবে—
ন্ন যোগ্যতাং যাতি যথার্থতাপ্তয়ে (৩৮) ॥ ৫৪ ॥

(৩৮) শ্লেষার্থস্তু—নিদ্রাবিলাসো ন ভবেৎ যতস্তদ্ যথার্থতা-প্রাপ্তয়ে যোগ্যতাং যাতি ॥৫৪॥

অতঃপর বিশ্বম্ভর পিতার গৃহে যাইয়া "বাবা বাবা" বলিয়া মধুর স্বরে ডাকিতে লাগিলেন। তাহার পিতা ইহার পূর্ব্বেই করতালি ও সুবর্ণ নূপুর ধ্বনি শুনিয়া জাগরিত হইয়া "ইহা কি ?" (অর্থাৎ এ ধ্বনি কিসের) এইরূপ বিচার করিতে ছিলেন, এমন সময়ে পুত্রের কণ্ঠস্বর শুনিয়া বাহিরে আসিলেন এবং তাহাকে কোলে লইয়া জিজ্ঞাসা করিলেন ॥ ৫১ ॥

বাপ্! আজ আমি ত তোমার পদযুগলে নূপুর প্রদান করি নাই এবং অপর কেহও অর্পণ করে নাই। তথাপি এখনই তুমি যখন আমার নিকট আসিতেছিলে, তখন আমি তোমার পায়ে কেন নূপুরের ধ্বনি অনুভব করিলাম ? ॥ ৫২ ॥

এবং ব্রুবন্নেব জগাম নিদ্রাং
বিশ্বম্ভরস্তং জনকোঽস্য নীত্বা।
শচ্যন্তিকংপ্রাপ্য কুটুম্বিনি! ত্বং
নিদ্রাসি কিং ভো ইতি তামপৃচ্ছৎ ॥ ৫৫ ॥

সা চ তৎকণ্ঠরবতোঽবতোটিতজাড্যাশঙ্কাকুলহৃদয়তয়ায়তয়াতনা ব্যথিতা মুদ্রিত-নয়নৈব পপ্রচ্ছ—'পুত্রবৎসলা! বৎস-ললামং (৩৯) যদ্ভবদাসন্নায় সন্নায়স্তধিয়া (৪০) ময়া প্রেষিতং, তৎকুত্র স্বাপায়িত্বা গতোঽসি? ॥ ৫৬ ॥

মিশ্র উবাচ—সুহৃদয়ে! মা ভয়ময়, মমাঙ্ক এবাস্তেঽঙ্গজস্ত্বঙ্গ (৪১) জগদানন্দনঃ, কিন্তেতাবত্যাং রজনৌ জনৌঘে শয়ানে কথমেকাকী তনয়ো মদন্তিকায় দন্তিকায়-মলীমসে সন্তমসে (৪২) সন্ততাশঙ্কিচিন্তয়া ত্বয়া প্রেষিতঃ? ॥ ৫৭ ॥

(৩৯) পুত্রোত্তমং, (৪০) ভবন্নিকটং প্রেষিতং সন্না নিদ্রাণা ক্ষীনা বা, আয়স্তা বিক্ষিপ্তা চ ধীর্য্যস্যাস্তয়া ॥৫৬॥ (৪১) অঙ্গ হে, (৪২) হস্তিশরীরবন্মলিনে গাঢ়ান্ধকারে ॥৫৭॥

অধিকন্তু হে বৎস! তোমার আগমন সময়ে আমার মনে স্ফূর্ত্তি হইল—যেন অঙ্গন মধ্যে তোমার নিকটে কয়েকজন করতালি দিতেছে—ইহা কি স্বপ্নকার্য্য অথবা যথার্থ তাহা নিশ্চয় করিতে পারি নাই। তুমি আসিতে আসিতে যদি কিছু দেখিয়া থাক তাহা বল ॥ ৫৩ ॥

বিশ্বম্ভর মিথ্যাভাষণভয়ে শ্লেষের সহিত বলিলেন—হে পিতঃ! আপনি যে নূপুরের ধ্বনি ও করতালীর শব্দ শুনিয়াছেন, সেই দুইটীই নিদ্রার কার্য্য, যথার্থতা প্রাপ্তির নিমিত্ত তাহা যোগ্যতা প্রাপ্ত হয় না (শ্লেষে, সে দুইটী নিদ্রার কার্য্য নহে, তবে যথার্থতা প্রাপ্তির নিমিত্ত তাহা যোগ্যতা লাভ করে অর্থাৎ যথার্থ) ॥ ৫৪ ॥

এই কথা বলিতে বলিতেই বিশ্বম্ভর নিদ্রিত হইয়া পড়িলেন, যখন তাঁহার পিতা তাঁহাকে লইয়া শচীর নিকট গিয়া জিজ্ঞাসা করিলেন—"হে কুটুম্বিনি! ঘুমাইয়াছ কি?" ॥ ৫৫ ॥

তদেতচ্ছ্রুত্বা বিশ্বম্ভর-জননী স্মারং স্মারং সর্ব্বং বৃত্তান্তং বর্ণয়ামাস—মিশ্রশ্চ শ্রুত্বা স্বানুভূতং সর্ব্বং বর্ণয়িত্বোবাচ— ॥ ৫৮ ॥

কুটুম্বিনি! ন কঞ্চন প্রতিজনং প্রবৃত্তিস্ত্বিমাং
প্রকাশয় কদাচন প্রণয়তো নিষেধাম্যহম্।
ক্রিয়াভিরনুমীয়তে বহুভিরাবয়োর্নন্দনঃ
কথঞ্চন ভবত্যয়ং ন খলু বালকঃ প্রাকৃতঃ ॥ ৫৯ ॥

তদেবমানন্দ-সন্দোহেন কিয়তীষু দিনরজনিষু নরজনিষু (৪৩) তেন কৃতার্থভাবমিতেষ্বভিজ্ঞং শাস্ত্রেষু স্বশ্বশুরমাহূয় স্বসুতস্য তস্য বিদ্যারম্ভদিনং নির্ণিনায় নায়কো মিশ্রবংশস্য ॥ ৬০ ॥

(৪৩) মনুষ্যেষু ॥ ৬০ ॥

তাঁহার কণ্ঠস্বরে শচীদেবীর জড়তা দূর হওয়ায় তিনি শঙ্কাকুল হৃদয়ে অত্যন্ত বেদনায় ব্যথিত হইয়া মুদ্রিতনয়নেই জিজ্ঞাসা করিলেন—পুত্রবৎসল! আমি যে ঘুমঘোরে বিক্ষিপ্ত বুদ্ধিতে পুত্ররত্নটীকে আপনার নিকট পাঠাইয়া দিলাম, আপনি তাহাকে কোথায় রাখিয়া আসিলেন? ॥ ৫৬ ॥

মিশ্র বলিলেন—হে সুচিত্তে! ভীত হইওনা! তোমার জগদানন্দকারীপুত্র আমার কোলেই আছে। কিন্তু, এত রাত্রিতে জনসমূহ নিদ্রিত হইয়া পড়িয়াছে। হস্তিদেহের ন্যায় কৃষ্ণবর্ণ এই ঘোর অন্ধকারে তুমি সর্ব্বদা শঙ্কিতা ও উদ্বিগ্না হইয়া কেন পুত্রকে একাকী আমার নিকট পাঠাইয়া দিলে? ॥ ৫৭ ॥

তাঁহার এই কথা শুনিয়া বিশ্বম্ভরের মাতা পুনঃ পুনঃ স্মরণ করিয়া সকল বৃত্তান্ত বর্ণনা করিলেন, এবং মিশ্র তাহা শুনিয়া নিজের অনুভূত সমস্ত বিষয় বর্ণন পূর্ব্বক বলিলেন ॥ ৫৮ ॥

কুটুম্বিনি! আমি তোমাকে প্রণয় বশতঃ নিষেধ করিতেছি—তুমি কাহারও নিকট কখনও এ ব্যাপার প্রকাশ করিও না। অনেক কার্য্যের দ্বারা অনুমান করা যাইতেছে—আমাদের এই পুত্র যথার্থই কোনও প্রকারে প্রাকৃত বালক নহে ॥৫৯॥

ততঃ প্রতিহতাশেষাশুভেক্ষণে (৪৪) শুভে ক্ষণে মিশ্রপ্রধানেন বিধানেন বিদ্যারম্ভে পূজনীয়া দেবতাঃ পূজয়িত্বা পুত্রেণ পুষ্পাঞ্জলিরর্পয়ামাসে সরস্বত্যৈ ॥৬১॥

সরস্বত্যৈ দেব্যৈ নম ইতি যদোবাচ ভগবাং-
স্তদা তস্যাস্তস্যাপ্যভবদুভয়োরেতদুভয়ম্।
তনৌ ঘর্ম্মস্রাবো নটনমপি রোমস্বতিতরাং
নিদানং পূর্ব্বস্যাঃ প্রণয়রুড়িহান্যস্য (৪৫) তু রতিঃ ॥৬২॥

অকারাদি-ক্ষকারান্তান্ বর্ণান্ মিশ্রপুরন্দরঃ।
লেখয়িত্বা সুভেনামুং ক্রমেণ ত্রিরপীপঠৎ ॥৬৩॥

তদেবমারব্ধবিদ্যো বিদ্যোতিধী রতিধীরজন-সবিধে স বিধেরপি জ্ঞানদঃ সখিভিঃ সহ সদা লিখতিস্ম। তদর্থং প্রস্থান-সময়ে-২সময়েত্তারহিত-স্নেহিকয়া(৪৬) জনন্যাঽহরহরভ্যলঙ্ক্রে স বালকমণিঃ ॥ ৬৪ ॥

(৪৪) প্রতিহতমশেষাশুভানামীক্ষণং যত্র ॥ ৬১ ॥ (৪৫) প্রণয়রুট্ প্রণয়রোষঃ, পত্যুর্নমস্কার-স্পর্শনাৎ ॥ ৬২ ॥
(৪৬) অসময়া অতুলনীয়য়া তথা ইয়ত্তারহিতঃ স্নেহো যস্যাস্তয়া ॥ ৬৪ ॥

এই প্রকার আনন্দরাশির সঙ্গে কতিপয় অহোরাত্র অতীত হইলে এবং তদ্দ্বারা জনসমূহের কৃতার্থতা লাভ করিলে একদা মিশ্রবংশনায়ক জগন্নাথ সর্ব্বশাস্ত্রে অভিজ্ঞ নিজশ্বশুর নীলাম্বর চক্রবর্ত্তীকে ডাকিয়া স্বীয় পুত্র বিশ্বম্ভরের বিদ্যারম্ভের দিন নির্দ্দেশ করিলেন ॥ ৬০ ॥

অনন্তর সর্ব্বামঙ্গলশূন্য শুভক্ষণে মিশ্রপ্রধান বিদ্যারম্ভে পূজনীয় দেবতাগণের বিধিপূর্ব্বক পূজা করিয়া পুত্রের দ্বারা স্বরস্বতীকে পুষ্পাঞ্জলি প্রদান করাইলেন ॥ ৬১ ॥

যখন ভগবান্ "সরস্বত্যৈ দেব্যৈ নমঃ" এই মন্ত্র উচ্চারণ করিলেন ; তখন সরস্বতী ও ভগবান্ উভয়েরই শরীরে ঘর্ম্মস্রাব ও রোমসমূহের অতিশয় নৃত্য এই দুইটী বিকার উপস্থিত হইয়াছিল। সরস্বতীর ঐরূপ বিকার হইবার কারণ

যথা—সম্মার্জ্যাঙ্গান্যভীক্ষ্ণং মৃদুতর-বসনৈর্বাসয়িত্বা ধটীং সা
রক্তপ্রান্তাং ঘনাভাং মৃগমদ-তিলকং নাসিকায়াং বিধায়।
নেত্রে দ্বে অঞ্জয়িত্বা মসৃণরুচিমতা কজ্জলেনাতিদিব্যৈ—
র্মুক্তা-মাণিক্য-হেমাভরণ-নিকরৈকর্মণ্ডয়ামাস সূনুম্ ॥ ৬৫॥

সুবর্ণ-সংনিন্দিত-তনুত্বিষঃ প্রভোঃ
কটীতটে নীলধটী ব্যরাজত।
সুরাপগা-ক্ষালিত-ভূতি-সংহতে-(৪৭)
রুমাপতেঃ কৃষ্ণভুজঙ্গরাড়িব ॥ ৬৬॥

ধৃতস্য গৌরেণ ঘনাভবাসসো
ব্যলম্বত প্রান্তমধোমুখং ভবৎ।
নখেন্দুমালামবলোক্য পাদয়োঃ
গ্রসেচ্ছয়া কেতুরুপাযযৌ ধ্রুবম্ ॥ ৬৭॥

(৪৭) অনেন বিশেষণেন গৌরত্বমানীতং, তস্য স্বভাবেন গৌরত্বাৎ ॥ ৬৬ ॥

(পতির নমস্কার স্পর্শহেতু) প্রণয়রোষ কিন্তু, ভগবানের এইরূপ হইবার কারণ—রতি ॥ ৬২ ॥

মিশ্রপুরন্দর পুত্রের দ্বারা অকার হইতে ক্ষকার পর্য্যন্ত বর্ণসমূহ লেখাইয়া ক্রমান্বয়ে তিনবার তাহাকে পাঠ করাইলেন ॥ ৬৩ ॥

ব্রহ্মারও জ্ঞানদাতা, উজ্জ্বল বুদ্ধি বিশ্বম্ভর এইরূপে বিদ্যারম্ভ করিয়া শ্রেষ্ঠ পণ্ডিতজনের নিকটে সখাদিগের সঙ্গে সর্ব্বদা লিখিতে লাগিলেন। তজ্জন্য প্রস্থান সময়ে প্রতিদিন অতুলনীয় অসীম স্নেহশীলা মাতা সেই বালকরত্নকে অলঙ্কৃত করিয়া (সাজাইয়া) দিতেন ॥ ৬৪ ॥

যথা—অতিকোমল বসনের দ্বারা তাহার অঙ্গসকল পুনঃ পুনঃ মার্জ্জিত করিয়া রক্তপ্রান্তঃ, মেঘের ন্যায় নীলবর্ণ ধটী (ধড়া) পরাইয়া দিতেন। নাসিকায় মৃগমদ তিলক রচনা করিয়া, স্নিগ্ধ ও সুন্দর কজ্জলে তাহার নয়নদ্বয় অলঙ্কৃত করতঃ

সুবর্ণবর্ণং যদি পাটলায়াং
পুষ্পং ক্বচিৎ স্যাদ্ ভ্রমরোঽত্র তিষ্ঠেৎ।
তদার্পিতস্য প্রভু নাসিকায়াং
ভবেৎ স ভুল্যো মদ-পুণ্ড্রকস্য (৪৮)॥ ৬৮॥

তদা জনন্যা প্রভু-লোচনদ্বয়ে
সমর্পিতা কজ্জলরেখিকা বভৌ
সরোজবুদ্ধ্যা মধুপানলোভতো
দ্বিরেফমালা কিমুপাগতাঽবসৎ॥ ৬৯॥

সমর্পিতা মারকতী ললাটিকা (৪৯)
প্রভোর্ললাটেঽতিতরামশোভত।
শিতিঃ শিরোত্তংস-শশাকমণ্ডলে (৫০)
অপরাজিতেব স্বজনেন লম্বিতা॥ ৭০॥

(৪৮) মৃগমদ-তিলকস্য, ॥ ৬৮ ॥ (৪৯) ললাটাভরণম্ (৫০) শিতিঃ কৃষ্ণবর্ণা, শিরোত্তংসেত বিশেষণম্, অপরাজিতা-সঙ্গসাধনার্থম্। [শিরং মস্তকং শিবমিত্যাকারান্তং পদং, তস্য উত্তংসো ভূষণং যৎ শশাঙ্কমণ্ডলং তস্মিন্]॥ ৭০॥

পুত্রকে অতিমনোহর মুক্তা, মাণিক্য ও স্বর্ণভূষণ সমূহের দ্বারা বিভূষিত করিয়া দিতেন॥ ৬৫॥

সুবর্ণনিন্দি দেহকান্তি প্রভুর কটিদেশে নীলধটী, যাঁহার অঙ্গের ভস্মরাশি গঙ্গাদ্বারা খালিত হইয়াছে সেই উমাপতি মহাদেবের কটিস্থিত কৃষ্ণসর্পরাজের ন্যায় বিরাজ করিত॥ ৬৬॥

গৌর কর্তৃক পরিহিত মেঘবর্ণ বস্ত্রের প্রান্তভাগ অধোমুখ হইয়া লম্বমান থাকিত; মনে হইত যেন চরণযুগলের নখরাজিরূপ চন্দ্রসমূহ দর্শন করিয়া গ্রাস করিবার ইচ্ছায় সত্য সত্যই কেতু আসিয়া উপস্থিত হইয়াছে॥ ৬৭॥

যদি পাটলাবৃক্ষে (পারুল অথবা গোলাপ) কখনও স্বর্ণবর্ণ ফুল হয়, এবং তাহাতে যদি কখনও ভ্রমর আসিয়া অবস্থান করে, তাহা হইলে সেই ভ্রমর প্রভুর নাসিকায় অর্পিত মৃগমদ তিলকের তুল্য হইতে পারে॥ ৬৮॥

ললাটিকা-লম্বিত-মৌক্তিকাবলি
রৱাজ তস্যাতিতরাং তদালিকে।
হিমাংশুনাঙ্কে যুগপদ্‌যথা নিজে
নিবাসিতা দক্ষভিয়োডুসংহতিঃ ॥ ৭১ ॥

তদাস্য নাসাগ্রতলে বিলম্বিতং
ররাজ মুক্তাফলমুত্তমং মহৎ।
সুবর্ণ-বর্ণোজ্জ্বল-পাটলাগ্রতো
মরন্দবিন্দুর্গলনোদ্ধতো (৫১) যথা ॥ ৭২ ॥

কর্ণদ্বয়ে মধ্যবিলম্বিরত্নে
দ্বে কুণ্ডলে তস্য যুযোজ মাতা।
তদীয়-বক্ত্রস্য হতোপমানা-
বলীজয়োদ্‌ঘোষণ-ঘণ্টিকে কিম্ (৫২) ॥ ৭৩ ॥

(৫১) গলনোন্মুখ ইত্যনেন বর্তুলত্বং ॥ ৭২ ॥ (৫২) উপমানাবলীনাং চন্দ্রকমলানাং জয়োদ্‌ঘোষণস্য ঘণ্টিকে ইব। অন্যস্যাপি জয়িত্বাজ্ জয়ঘণ্টা বধ্যতে ॥ ৭৩ ॥

তৎকালে জননীকর্ত্তৃক প্রভুর নয়নদ্বয়ে অর্পিত যে কজ্জলরেখা শোভা পাইতেছিল, তাহা দেখিয়া মনে হইতেছিল, যেন কমল মনে করিয়া মধুপান লোভে ভ্রমরশ্রেণী কি উহাতে আসিয়া বাস করিতেছে? ॥ ৬৯ ॥

প্রভুর ললাটে প্রদত্ত মরকতমণিময় ললাটিকা (ললাট ভূষণ) অতিশয় শোভা পাইতেছিল। মনে হইতেছিল যেন শিরোভূষণরূপ চন্দ্রমণ্ডলে স্বজনকর্ত্তৃক কৃষ্ণবর্ণ অপরাজিত লম্বিত হইয়াছে ॥ ৭০ ॥

ললাটিকাময় বিলম্বিত মৌক্তিকসমূহ তাঁহার ললাটে তখন অতিসুন্দররূপে বিরাজ করিতেছিল। মনে হইতেছিল, যেন দক্ষের ভয়ে চন্দ্র যুগপৎ সমস্ত নক্ষত্র-মণ্ডলীকে নিজ অঙ্কে বাস করাইয়াছেন ॥ ৭১ ॥

তখন তাহার নাসিকার অগ্রভাগে বিলম্বিত অতি উত্তম মুক্তাফল—সুবর্ণবর্ণ উজ্জ্বল পাটলপুষ্পের অগ্রভাগে পতনোন্মুখ মকরন্দবিন্দুর ন্যায় শোভা পাইতেছিল। ॥ ৭২ ॥

পীতার্দ্ধভাগাঙ্গরুচা তদীয়য়া
ররাজ তস্যোরসি মৌক্তিকাবলী।
যথা শিবাভূত্যভিলিপ্তভাগয়োঃ (৫৩)
পরস্পরং যোগমিতা তনুদ্বয়ী ॥ ৭৪ ॥

স্বর্ণমালাস্তু তদঙ্গরোচিষৈ-
ক্যতাং প্রযাতাস্বপি তৎসমর্পণে।
অসংশয়াভূজ্জননী-প্রভোরসৌ
করেণ কাঠিন্য-পরিগ্রহাৎ পরম্ ॥ ৭৫ ॥

অশোভতাস্যোরসি নিষ্কার্পিতং
প্রভোর্জনন্যা মহেন্দ্রনীলময়ম্ (৫৪)।
চতুষ্কিকায়াং শুচিশুদ্ধভর্মণঃ (৫৫)
সুমার্জিতা চক্রশিলেব (৫৬) মেচকা ॥ ৭৬ ॥

(৫৩) শিবাঙ্গ পার্বতী, বিভূতিলিপ্তশিবশ্চ ॥ ৭৪ ॥ (৫৪) ইন্দ্রনীলমণিময়ং, (৫৫) বাহুশুদ্ধ স্বর্ণস্য, (৫৬) শালগ্রামশিলেব ॥ ৭৬ ॥

তাঁহার বদনের চন্দ্রকমল প্রভৃতি উপমানসমূহের পরাজয় ঘোষণা করিবার দুইটী ক্ষুদ্র ঘণ্টারূপে কি জননী তাঁহার কর্ণদ্বয়ের মধ্যে বিলম্বমান রত্নবিশিষ্ট দুইটী কুণ্ডল যুক্ত করিয়া দিয়াছিলেন ? ॥ ৭৩ ॥

তাঁহার বক্ষঃস্থলে মুক্তামালা, পার্ব্বতী ও বিভূতি ভূষিত মহাদেবের পরস্পর সংযুক্ত তনুদ্বয়ের ন্যায় তদীয় অর্দ্ধাঙ্গের পীতকান্তির সঙ্গে শোভা পাইতেছিল ॥৭৪॥

স্বর্ণমালা সকল তাঁহার অঙ্গকান্তির সহিত একতাপ্রাপ্ত হইলেও হস্তের দ্বারা তাহাদের কাঠিন্য অনুভব হওয়ায় প্রভুর জননী ঐসকল প্রদান বিষয়ে নিঃসংশয় হইয়াছিলেন অর্থাৎ নিঃসংশয়ে অর্পণ করিয়াছিলেন ॥ ৭৫ ॥

প্রভুর বক্ষঃস্থলে জননী প্রদত্ত ইন্দ্রনীলমণিময় মধ্যমণি, (ধুক্‌ধুকি), অগ্নি-দ্বারা বিশুদ্ধ স্বর্ণের চৌকিতে অতিপরিষ্কৃত শ্যামবর্ণ শালগ্রাম শিলার মত শোভা পাইতেছিল ॥ ৭৬ ॥

সুবর্ণ-মাণিক্যময়ং বিভূষণং
তদা নিবদ্ধং ভুজয়োঃ প্রভোর্বভৌ।
সুগোপিতোঽপি প্রভুণা তয়োধ্রুবং
প্রতাপরাশিঃ কলিমর্দ্দিতুং স্ফুটঃ ॥ ৭৭ ॥

করৌ যুবাং ভূরি-বিভূষণৈরহং
বিভূষয়াম্যাশু লিখেতমক্ষরম্।
ইতীব সংচিন্ত্য শচী প্রভোস্তয়ো-
র্দদেঽঙ্গদাদ্যং বহুধা বিভূষণম্ ॥ ৭৮ ॥

সমাবৃতে নীলপটেন মধ্যমে
হিরন্ময়ী তস্য ররাজ শৃঙ্খলা।
সুমেরুশৃঙ্গে নবনীরদাবৃতে
তড়িল্লতেব স্থিরতামুপাগতা ॥ ৭৯ ॥

তখন প্রভুর বাহুদ্বয়ে স্বর্ণ ও মাণিক্যময় অলঙ্কার সকল নিবদ্ধ হইয়া দীপ্তি পাইতেছিল। মনে হইতেছিল, প্রভু সম্যক্ গোপন করিলেও তাঁহার ঐ ভুজদ্বয়ের প্রতাপরাশি যেন কলিকে পীড়ন করিবার জন্য যথার্থই পরিস্ফুট হইয়াছে ॥৭৭॥

হে করদ্বয়! আমি তোমাদিগকে নানাবিধ অলঙ্কারের দ্বারা বিভূষিত করিতেছি। তোমরা শীঘ্র অক্ষরগুলি লিখিবে," এইপ্রকার চিন্তা করিয়াই কি শচী প্রভুর দুই হাতে অঙ্গদ (বাজু) প্রভৃতি অনেক প্রকার আভরণ পরাইয়া দিয়াছিলেন ॥ ৭৮ ॥

নীলবসনের দ্বারা আবৃত প্রভুর কটিদেশে স্বর্ণময় শৃঙ্খল (চন্দ্রহার) নবমেঘে সমাচ্ছন্ন স্বর্ণাচল সুমেরুর শৃঙ্গে স্থিরতাপ্রাপ্ত বিদ্যুল্লতার ন্যায় শোভা পাইতেছিল। ॥৭৯॥

প্রভোরমুষ্যাঙ্ঘ্রিমবাপ্য হংসকো
যথৈতি শোভামিতরত্র নো তথা।
ইতীদমাশ্রুত্য বচো মনীষিণাং
তদীয়মঙ্ঘ্রিং কিমু হংসকো (৫৭) স্রয়ৎ ॥ ৮০ ॥

এবং বিধায় জননী তনয়স্য বেশং
দৃষ্ট্বাশ্রুপূর্ণনয়না শতশশ্চুচুম্ব।
সা ত্বালিকে রুচির-গোময়বিন্দুমেকং
দুষ্টাদ্ভিয়া বপুষি থূৎকৃতমার্পিপচ্চ ॥ ৮১ ॥

তদৈব দৈবত-বালকা ইব ভূদেবসুতা বসুতার-চামীকর-করম্বিতাঃ (৫৮) প্রভোঃ সহচরাঃ সমাজগ্মুঃ ॥ ৮২ ॥

(৫৭) হংসকঃ পরমহংসঃ, পাদকটকশ্চ ॥ ৮০ ॥
(৫৮) বসুরূপাসুবর্ণ-খচিতাঃ ॥ ৮২ ॥

প্রভুর চরণ লাভ করিয়া পরমহংস ব্যক্তি যেরূপ শোভা পান, অন্যত্র সেরূপ প্রাপ্ত হন না—মনীষিগণের এইবাক্য শ্রবণ করিয়াই কি হংসক অর্থাৎ নূপুর তাঁহার চরণ আশ্রয় করিয়াছিল ? ॥ ৮০ ॥

জননী এইরূপে পুত্রের বেশরচনা করতঃ আনন্দাশ্রুপূর্ণ নয়নে তাহা দর্শন করিয়া তাহাকে শত শতবার চুম্বন করিয়াছিলেন এবং দুষ্টের ভয়ে তাহার ললাটে একটী সুন্দর গোময়বিন্দু প্রদান করিয়া তাহার শরীরে থুথু অর্পণ করিয়াছিলেন ॥ ৮১ ॥

তৎক্ষণাৎ দেববালকগণের ন্যায় প্রভুর সহচর ব্রাহ্মণ বালকসকল-রত্ন, রৌপ্য ও স্বর্ণভূষণে বিভূষিত হইয়া তথায় আসিয়া উপস্থিত হইল ॥ ৮২ ॥

যে খলুবালকা অপি নবালকাঃ (৫৯), সতরলা (৬০) অপ্যতরলাঃ (৬১), লেখাহিত-মনোরথা (৬২) অপি নলেখাহিত-মনোরথাঃ (৬৩), সমান-বিগ্রহা (৬৪) অপি নসমানবিগ্রহা (৬৫) রাজীবসমচরণা (৬৬) অপি নরাজীব-সমচরণাঃ পরমবিচিত্রা বভূবুঃ ॥ ৮৩ ॥

তৈঃ সহ সংভূয় ভূয়সা সুখেন লেখনায় লেখনায়কেন (৬৭) ভগবতা প্রতস্থে, গুরোঃ সমীপং প্রাপ্য চ সর্ব্বসুর-বন্দ্যেনাপি গুরুগৌরবপুষা (৬৮) গৌর-বপুষা তেন ভগবতা প্রত্যহং স নমস্ক্রিয়তে, যতো ধর্ম্মশিক্ষণেঽপি দেবাবতংস-দৈবতস্য (৬৯) সদৈব তস্য মহানেবাগ্রহঃ ॥ ৮৪ ॥

(৫৯) নবালকা অত্র বিরোধাঃ স্ফুটাঃ, প্রকৃতে নবা অলকা যেষাং। (৬০) হারমধ্যগ-মণিসহিতাঃ অপি (৬১) অচঞ্চলাঃ। (৬২) লেখে লিখনে আহিত-মনোরথাঃ অপি (৬৩) ন বিদ্যতে লেখানাং দেবানামহিতে মনোরথো যেষাং। (৬৪) সমশরীরা অপি (৬৫) ন সমানো মানেন সহ বিদ্যমানঃ কলহো যেষাং। (৬৬) পদ্মসমপাদা অপি নরাণাম্ আজীবসমশ্চরণো যেষাং, চরণমাচরণং বা ॥ ৮৩ ॥

(৬৭) দেবশ্রেষ্ঠেন, (৬৮) গুরোর্গৌরবং পুষ্ণাতীতি তেন, (৬৯) দেবাবতংসানামপি দেবশ্রেষ্ঠানামপি দৈবতস্য পূজ্যস্য ॥ ৮৪ ॥

যাহারা বালক হইলেও ন বালক (বিরোধ পক্ষে বালক নহে) (সমাধান পক্ষে নব অলক যুক্ত) সতরল (বিরোধ পক্ষে তারল্যযুক্ত, সমাধান পক্ষে হারের মধ্যমণিদ্বারা ভূষিত) হইলেও অতরল (অচঞ্চল); লেখাহিতমনোরথ (অর্থাৎ লিখন বিষয়ে মনোরথযুক্ত) হইলেও লেখাহিতমনোরথ নহে (সমাধান পক্ষে দেবগণের অহিতাচরণে অভিলাষী নহে), সমানবিগ্রহ (অর্থাৎ সকলের সমান শরীর) হইলেও সমানবিগ্রহ নহে (সমাধান পক্ষে অভিমানীও কলহ পরায়ণ নহে) রাজীবসমচরণ (অর্থাৎ সকলের পদ্মতুল্য চরণ) হইলেও তাহারা ন রাজীবচরণ (বিরোধ পক্ষে রাজীবসমচরণ নহে, সামাধান পক্ষে নরগণের আজীব সম অর্থাৎ জীবিকাতুল্য চরণ (পদ) অথবা আচরণ যাহাদের) —এইরূপে তাহারা পরম বিচিত্র হইয়াছিল ॥ ৮৩ ॥

গুরুস্তু সর্ব্বেভ্যোঽপি বালকেভ্যস্তস্মিন্নধিকমাদরং করোতি।
অলৌকিকং হি মাধুর্য্যং বশয়ত্যখিলং জগৎ।
পরিপূর্ণকলে চন্দ্রে কো জনো নহি রজ্যতি ॥ ৮৫ ॥

যদা তু সকৃৎ সকৃদুপদেশেনৈবাক্ষরাণি লেখিতুং পঠিতুঞ্চ পারয়ামাস বিশ্বম্ভর-স্তদা স দ্বিজো বিস্ময়বারাংনিধি-নিমগ্নো নিতরামেব তস্মিন্নাদরং দধার ॥ ৮৬ ॥

অভ্যস্যতিস্ম সকৃদেব গুরোঃ সকাশা-
চ্ছ্রুত্বাঽক্ষরাণি ভগবান্ যদিদং ন চিত্রম্।
চিত্রন্ত্বিদং যদিহ সর্ব্ববিদোঽপি লীলা-
শক্তিঃ স্ম গোপয়তি তস্য সমস্তবিদ্যাঃ ॥ ৮৭ ॥

সর্ব্বদেবাধিপতি ভগবান তাহাদের সঙ্গে মিলিত হইয়া লিখিবার নিমিত্ত পরমসুখে প্রস্থান করিতেন এবং সমস্ত দেবতাগণের বন্দনীয় হইলেও গুরুর প্রতি গৌরব পোষণকারী সেই গৌর-কলেবর ভগবান গুরুর সমীপে উপস্থিত হইয়া প্রতিদিন তাঁহাকে নমস্কার করিতেন। যেহেতু তিনি দেবশ্রেষ্ঠগণের দেবতা অর্থাৎ পূজ্য হইলেও ধর্ম্মশিক্ষাপ্রদান বিষয়ে তাঁহার সর্ব্বদা মহান্ আগ্রহ বর্ত্তমান আছে ॥ ৮৪ ॥

গুরু কিন্তু সকল বালক অপেক্ষা তাঁহাকেই অধিক আদর করিতেন। কেন না, অলৌকিক মাধুর্য্য সমস্ত জগৎকে বশীভূত করে। পরিপূর্ণ কলা-বিশিষ্ট চন্দ্রে কোন্ ব্যক্তি অনুরক্ত না হয়? ॥ ৮৫ ॥

পক্ষান্তরে, যখন বিশ্বম্ভর এক একবার উপদেশেই অক্ষরসকল লিখিতে ও পড়িতে সমর্থ হইলেন, তখন সেই ব্রাহ্মণ বিস্ময়সাগরে মগ্ন হইয়া তাঁহার প্রতি পূর্ব্বাপেক্ষা অধিকতর আদর ধারন করিলেন ॥ ৮৬ ॥

ভগবান্ গুরুর নিকট হইতে অক্ষরসমূহ যে একবার মাত্র শুনিয়া অভ্যাস করিয়াছিলেন ইহা কিছু আশ্চর্য্য নহে। কিন্তু ইহাই আশ্চর্য্যের

তদেবং দ্বিত্রৈরেব দিনৈঃ সর্ব্বণ্যক্ষরাণ্যভ্যস্য সর্ব্বান্ বালকাংস্তানি লেখয়ন্ গুরোরায়াসমপাস্যৎ, ততো গুরুর্নিশ্চিন্তো ভবন্ স্বকার্য্যায় যতস্ততো যাতি, বিশ্বম্ভরস্তু সখিভিঃ সহ খেলতি, তেঽপি বালকভাবতশ্চপলাস্তেনৈব (৭০) পরমানন্দমাপ্নুবন্তি। ॥৮৮॥

কদাচিত্তদবলোক্য রুষ্টো গুরুর্নিজগাদ—বিশ্বম্ভর! ত্বয়ি বিন্যস্য বালকবর্গং নিশ্চিন্তোঽস্মি, ত্বন্তু কথমেতান্ন শিক্ষয়সীতি'। অনেন গুরুবচনেন জাতলজ্জো ভগবাংস্তেষু স্ববিদ্যাং সঞ্চারয়ামাস ॥ ৮৯ ॥

যো ব্রহ্মণো মনসি সাধু পরোক্ষভূতোঽ-
প্যস্ফোরয়চ্ছ্রুতিগণানবিচিন্ত্যশক্তিঃ।
সাক্ষাদ্ বসন্নপি স এব মতৌ সখীনাং
বর্ণানভাসয়দিদং ন ভবেদ্বিচিত্রম্ ॥ ৯০ ॥

(৭০) তেন খেলাকরণেন পরমাহ্লাদং প্রাপ্নুবন্তি ॥ ৮৮ ॥

বিষয় যে তিনি সর্ব্ববেত্তা হইলেও লীলাশক্তি তাঁহার সমস্ত বিদ্যাকে গোপন করিয়াছিল ॥ ৮৭ ॥

এইপ্রকারে দুই তিন দিনের মধ্যেই বিশ্বম্ভর সকল অক্ষরগুলি অভ্যাস পূর্ব্বক সমস্ত বালককে সেই সকল শেখাইয়া গুরুর পরিশ্রম লাঘব করিয়াছেন। তখন হইতে গুরু নিশ্চিন্ত হইয়া নিজকার্য্যে যথা তথা গমন করিতেন। এদিকে বিশ্বম্ভর কিন্তু সখাদিগের সঙ্গে খেলা করিতেন; তাহারাও বালকভাববশতঃ চঞ্চল হওয়ায় তাহাতেই পরমানন্দ লাভ করিত ॥ ৮৮ ॥

কোনও একদিন তাহা দেখিয়া গুরু রুষ্ট হইয়া বলিলেন বিশ্বম্ভর! আমি তোমার উপর বালকগণের ভার অর্পণ করিয়া নিশ্চিন্ত আছি। তুমি কেন ইহাদিগকে শিক্ষা দিতেছ না? গুরুর এইবাক্যে লজ্জিত হইয়া ভগবান তাহাদের হৃদয়ে নিজ বিদ্যা সঞ্চারিত করিলেন ॥ ৮৯ ॥

ততশ্চোবাচ—গুরো! এতেঽপি সর্ব্বাণ্যক্ষরাণ্যশিক্ষন্তাতোঽহমপি নিশ্চিন্তোঽস্মীতি তচ্ছ্রুত্বা গুরুস্তান্ প্রত্যেকং পপ্রচ্ছ, তেঽপি ক্রমেণোত্তরং দদুঃ। সচ তদাকর্ণ্য বিস্ময়ানন্দ-বারিধৌ মমজ্জ ॥ ৯১ ॥

অথৈবং শিক্ষিতাক্ষরাংস্তান্ সর্ব্বান্নামানি লেখয়িতুমারেভে সোঽধ্যাপক, স্তদা চ ভগবদিচ্ছয়া ভগবন্নামান্যেতন্মুখান্নির্জগ্মুঃ। তানি লিখিত্বা সর্ব্বেষু গৃহং গচ্ছৎসু বিশ্বম্ভরো বভাষে-হে ভ্রাতরো ঽদ্য নূতনামেকাং খেলাং কুর্য্যাম ॥ ৯২ ॥

তচ্ছ্রুত্বা জাতকৌতুকা দ্বিজবালকা ঊচুঃ-ভ্রাতঃ কথ্যতাং কথ্যতাং কীদৃশী খেলেতি। বিশ্বম্ভর উবাচ--

সখায়ো গুরুরস্মাকং যানি নামান্যলীলিখৎ।
সর্ব্বে বয়ং সংমিলন্তস্তানি গায়েম সুস্বরম্ ॥ ৯৩ ॥

যে অচিন্ত্যশক্তিসম্পন্ন ভগবান্ পরোক্ষরূপ অর্থাৎ ইন্দ্রিয়ের অগোচর হইয়াও ব্রহ্মার হৃদয়ে বেদসমূহ সম্যক্ স্ফুরিত করিয়াছিলেন, তিনিই সম্প্রতি সাক্ষাৎ বাস করিয়া সখিগণের অন্তঃকরণে যে বর্ণসকল প্রকাশিত করিয়াছিলেন —ইহা বিচিত্র নহে ॥ ৯০ ॥

অনন্তর প্রভু বলিলেন—গুরো! ইহারাও সমস্ত অক্ষরগুলি শিক্ষা করিয়াছে; সেইজন্য আমিও নিশ্চিন্ত আছি। তাহা শুনিয়া গুরু তাহাদের প্রত্যেককে জিজ্ঞাসা করিলেন, তাহারাও ক্রমে ক্রমে উত্তর প্রদান করিল। তাহা শ্রবণ করতঃ তিনি বিস্ময় ও আনন্দসাগরে মগ্ন হইলেন ॥ ৯১ ॥

এইপ্রকারে তাহারা সমস্ত অক্ষর শিক্ষা করিলে অধ্যাপক তাহাদিগকে নাম লেখাইতে আরম্ভ করিলেন। তখন ভগবানের ইচ্ছায় ভগবানের নাম-সকলই তাঁহার মুখ হইতে নির্গত হইয়াছিল। সেইসকল লিখিয়া সকলে গৃহে গমন করিলে বিশ্বম্ভর বলিলেন—হে ভাইসকল! এস! আজ আমরা একটী নূতন খেলা করিব ॥ ৯২ ॥

ইত্যুক্ত্বা পথি সুন্দরে মৃদুসমে স্থানে সখীন্মণ্ডলী-
কৃত্যাস্থাপ্য তদন্তরালমধিকপ্রীত্যা প্রবিশ্য প্রভুঃ।
নৃত্যদ্ভিঃ করতালিকার্পণপরৈস্তৈঃ স্বৈঃ সুকৃদ্ভিঃ সমং
রাধে কৃষ্ণ হরে জয়েতি মধুরং শ্রীমানগায়ত্তদা॥ ৯৪॥

যদ্যপ্যশিক্ষন্ত নহি ক্বচিত্তে, গানং তথাপ্যুজ্জগুরগ্র্যমেব।
উদীয়মানঃ স্বত এব চন্দ্রঃ, ক্রমেণ কান্ত্যাদিগুণানুপৈতি॥ ৯৫॥

যদা সুহৃদ্ভিঃ সহ গৌরচন্দ্রমাঃ
স্বনাম গাতুং মধুরং প্রচক্রমে।
তদা পুরোঽবধি জনৈর্নির্ণ্যতে
পরঃ সহস্রৈঃ কিমু কোকিলৈরিতি॥ ৯৬॥

তাহা শুনিয়া ব্রাহ্মণ বালকগণ কৌতুহলাক্রান্ত হইয়া বলিল—"ভাই! বল! বল! কিরূপ খেলা?" বিশ্বম্ভর উত্তর করিলেন—হে বন্ধুগণ! গুরু আমাদিগকে যে নামসমূহ লিখাইয়াছেন, আমরা সকলে মিলিয়া সেইগুলি সুস্বরে গান করি॥ ৯৩॥

এই বলিয়া প্রভু অতিশয় প্রীতিভরে কোমল ও সমতল প্রদেশযুক্ত সুন্দর পথে সখাদিগকে মণ্ডলীবদ্ধভাবে স্থাপন করিয়া (দণ্ডায়মান করাইয়া) নিজে তাহা-দের মধ্যে প্রবেশ করিলেন। তাঁহার সেই ভাগ্যবান নিজজন সকল, করতালী দিতে দিতে নৃত্য করিতে লাগিল এবং তাহাদের সঙ্গে শ্রীমান বিশ্বম্ভর তখন মধুরস্বরে "রাধেকৃষ্ণ হরে জয়" বলিয়া গান করিতে লাগিলেন॥ ৯৪॥

যদিও কখনও তাহারা গান শিক্ষা করে নাই, তথাপি তাহারা তদ্বিষয়ে সকলের অগ্রগণ্যরূপে উচ্চৈঃস্বরে গান করিয়াছিল। চন্দ্র স্বতঃই উদীয়মান্ হইয়া ক্রমে ক্রমে কান্তি প্রভৃতি গুণসমূহ প্রাপ্ত হয়॥ ৯৫॥

যখন গৌরচন্দ্র বন্ধুগণের সঙ্গে মধুরস্বরে নিজ নাম গান করিতে আরম্ভ করিলেন, তখন নগর হইতে জনসমূহের বোধ হইল যেন সহস্রাধি কোকিল শব্দ করিতেছে॥ ৯৬॥

ততোঽক্ষরাণাং বিততিং পরিস্ফুটাং
বিবুধ্য কৈশ্চিচ্ছিশুভিঃ প্রগীয়তে।
ইতি প্রমায়াকুলিতা দিদৃক্ষয়া
সমাযযুস্তত্র সহস্রশো জনঃ ॥ ৯৭ ॥

বিলোক্য তে বালক-তারকাচয়ৈঃ
সুবেষ্টিতং পূর্ণবিধুং শচীসুতম্।
পরিস্রবন্নেত্রবিধূপলা গিরীন্
বিকাশিরোমৌষধয়োঽনুচক্রিরে ॥ ৯৮ ॥

তে লেখভাবং (৭১) যদবাপ্নুবংস্তদা
ভবেদ্বিচিত্রং নতু তৎ কদাচন।
যতঃ শচীসূনু-মুখেন্দু-নির্গতাং
মনোহরাং গানসুধাং ভৃশং পপুঃ ॥ ৯৯ ॥

উক্তং হরের্ণাম পরং মনোহরে-
র্নৃনাং প্রগীতং বহুভিস্তু কিং পুনঃ।
মিষ্টস্বরৈরর্ভ-গণৈস্তু কিন্তরাং
শ্রীগৌরচন্দ্রেণ যুতৈস্তু কিন্তমাম্ ॥ ১০০ ॥

(৭১) দেবভাবং অথচ চিত্রতাং ॥ ৯৯ ॥

অতঃপর অক্ষরসকল সুস্পষ্ট বুঝিতে পারিয়া সকলের নিশ্চয় জ্ঞান হইল যে কতকগুলি বালক গান করিতেছে। তখন দর্শনের আকাঙ্ক্ষায় আকুল হইয়া সহস্র সহস্র ব্যক্তি সেখানে আসিয়া উপস্থিত হইল ॥ ৯৭ ॥

বালকগণরূপ নক্ষত্রমালার দ্বারা পরিবেষ্টিত পূর্ণচন্দ্ররূপ শচীনন্দনকে দর্শন করিয়া তাহাদের নয়নরূপ চন্দ্রকান্তমণিসকল বিগলিত এবং রোমাবলীরূপ ওষধি-সমূহ বিকাশপ্রাপ্ত হওয়ায় তাহারা তখন পর্ব্বতসমূহকে অনুকরণ করিয়াছিল ॥ ৯৮ ॥

তাহারা যে তখন নির্নিমেষলোচনে দর্শন করায় দেবভাব অথবা স্থিরভাবে দর্শন করায় চিত্রের অবস্থা প্রাপ্ত হইয়াছিলেন তাহা কখনও বিচিত্র নহে। কেন

গানস্য শ্রুতয়ে মনঃ শ্রুতিযুগেনাকৃষ্টমীক্ষাকৃতে
নেত্রাভ্যাং নটনস্য সৌরভসমাস্বাদার্থকং নাসয়া।
গৌরেন্দোরনুগাতুমুৎকতময়া গীতং তথা জিহ্বয়া
স্প্রষ্টুং তস্য তনুং ত্বচাপি ন তদা তেষাং স্থিরত্বং যযৌ-(৭২)
॥ ১০১ ॥

ততোমহানন্দমদেন মত্তা, মুদা দদানাঃ করতালিকাং তে।
প্রবিশ্য মধ্যে শিশু-সঞ্চয়ানাং, জগুস্তথা সংননৃতুশ্চ তদ্বৎ ॥ ১০২ ॥

(৭২) তদা তেষাং মনঃ স্থিরত্বং ন যযৌ, তত্র হেতুগর্ভাণি বিশেষণানি—গানস্যেত্যাদীনি ॥ ১০১ ॥

না, তাহারা তখন শচীনন্দনের মুখচন্দ্র নির্গত মনোহর গানসুধা অধিক পরিমানে পান করিতেছিলেন ॥ ৯৯ ॥

শ্রীহরির নাম উচ্চারিত হইলে তাহা স্বতঃই চিত্তকে অত্যন্ত হরণ করে, তাহা যদি আবার বহুজন কর্ত্তৃক সুন্দরভাবে গীত হয়, তবে উহা যে মনকে অতিশয় হরণ করিবে তাহা আর কি বলিব? অধিকন্তু ঐ নাম যদি আবার মিষ্টস্বর সম্পন্ন বালকগণ কর্ত্তৃক গীত হয়, তাহা হইলে উহা যে আরও অধিক পরিমাণে মনকে আকর্ষণ করিবে ইহাতে আর বলিবার কি আছে? পক্ষান্তরে তাহা যদি আবার শ্রীগৌরচন্দ্রের সঙ্গে মিলিত মধুরকণ্ঠ বালকগণ কর্ত্তৃক কীর্ত্তিত হয়, তবে তাহা যে সর্ব্বাপেক্ষা অধিক পরিমাণে চিত্তকে হরণ করিবে ইহা কি আর বলিতে হইবে? ॥ ১০০ ॥

তখন গান শ্রবণের নিমিত্ত তাহাদের কর্ণদ্বয়, নৃত্য-দর্শনের জন্য নয়ন-যুগল, গৌরচন্দ্রের অঙ্গসৌরভ আস্বাদনের নিমিত্ত নাসিকা, তাঁহার গীতের পশ্চাৎ গান করিবার জন্য উৎকন্ঠিত জিহ্বা এবং তাঁহার শরীর স্পর্শ করিবার জন্য ত্বক্ মনকে আকর্ষণ করিয়াছিল; সুতরাং তাহাদের মন তখন স্থিরতা লাভ করে নাই। ॥ ১০১ ॥

অনন্তর তাহারা অত্যন্ত আনন্দমদে মত্ত হইয়া শিশুমণ্ডলীর মধ্যে প্রবেশ করতঃ তাহাদের ন্যায় করতালী দিয়া গান ও নৃত্য করিতে লাগিল ॥ ১০২ ॥

অহো! লীলা চিত্রা ভবতি বত গৌরস্য নৃহরে-
র্যদেষা গম্ভীরানপি তরলয়ামাস মনুজান্।
চকার শ্রীনামস্বধিক-বিমুখানপ্যভিমুখান্
কঠোরাণ্যপ্যেষাং মসৃণতমতাং হৃন্দ্যনয়ত ॥ ১০৩ ॥

এতাং প্রভোর্বীক্ষ্য বিচিত্রলীলাং
প্রমোদমগ্নাঃ সুরসিদ্ধসংঘাঃ।
দ্রুমালিমাবিশ্য তয়ৈব (৭৩) মূর্দ্ধ্নি
প্রভোরবর্ষন্ কুসুমান্যভীক্ষ্ণম ॥ ১০৪ ॥

হরিতদল-তরুভ্যঃ শুক্লবর্ণানি পুষ্পা-
ণ্যমল পুরটপীতে গৌরদেহে পতন্তি।
অভিনব-ঘনজালৈঃ সাধু মুক্তানি রেজুঃ
কনক-শিখরশৃঙ্গে পাথসাং বা (৭৪) পৃষন্তি ॥ ১০৫ ॥

(৭৩) তয়া করণভূতয়া ॥ ১০৪ ॥

(৭৪) বা-শব্দ ইবার্থে, জলানাং বিন্দব ইব ॥ ১০৫ ॥

অহো! পুরুষোত্তম শ্রীগৌরের লীলা অতি অদ্ভুত। যেহেতু ইহা গম্ভীর পুরুষগণকেও চঞ্চল করিয়াছিল। শ্রীভগবানের নামের প্রতি অত্যন্ত বিমুখ জনকেও উহাতেখউন্মু করিয়াছিল এবং তাহাদের কঠিন হৃদয়কেও অত্যন্ত স্নিগ্ধ করিয়াছিল।
॥ ১০৩ ॥

প্রভুর এই বিচিত্রলীলা অবলোকন করিয়া দেবতা ও সিদ্ধগণ আনন্দে মগ্ন হইয়া বৃক্ষসমূহে অধিষ্ঠান পূর্ব্বক তাহাদের দ্বারা প্রভুর মস্তকে পুনঃ পুনঃ পুষ্পরাজি বর্ষন করিতে লাগিলেন ॥ ১০৪ ॥

সবুজবর্ণ পত্রযুক্ত বৃক্ষসকল হইতে শুক্লবর্ণ পুষ্পসমূহ বিমল সুবর্ণের ন্যায় পীতবর্ণ গৌরদেহে পতিত হইয়া নবীন মেঘমালা কর্ত্তৃক স্বর্ণগিরি সুমেরুর শৃঙ্গে বর্ষিত জলবিন্দুসকলের ন্যায় সম্যক্ শোভা পাইতেছিল ॥ ১০৫ ॥

নৃত্যশ্রমোচ্ছ্বসিত-ঘর্ম্মকণৈঃ কণৈশ্চ
মস্যাঃ করম্বিত-তনুর্ভগবানরাজৎ।
মুক্তাফলৈর্গরুড়রত্ন-কদম্বকৈশ্চ
ন্যস্তৈঃ সুবর্ণবিটপীব মনোহরাঙ্গঃ ॥ ১০৬ ॥

তঞ্চাবলোক্য জননী বিনিধায় চাঙ্কে
মৃদ্বঙ্গমার্জ্জন-পটেন পৃষন্তি মস্যাঃ।
সম্মার্জ্জ্য ঘর্ম্মস্পৃতাংশ্চ সুমিষ্টমন্নং
সংভোজ্য দিব্যশয়নে সমবীবিশৎ সা ॥ ১০৭ ॥

ইতীত্যাদি শ্রীগৌরলীলামৃতে মধ্যপৌগণ্ডবিলাসো নাম নবম আস্বাদঃ ॥

নৃত্য পরিশ্রমে উদ্গত ঘর্ম্মবিন্দুসকল ও মসীবিন্দুসমূহের দ্বারা ভগবানের শ্রীঅঙ্গ বিভূষিত হওয়ায় তিনি তখন সুবিন্যস্ত মুক্তাফল ও মরকতমণিশ্রেণী দ্বারা মনোহর অবয়ববিশিষ্ট সুবর্ণতরুর ন্যায় বিরাজ করিতেছিলেন ॥ ১০৬ ॥

এইপ্রকারে নৃত্য ও গানজনিত আনন্দে কিছুকাল অতিবাহিত করিয়া বিশ্বম্ভর সখাদিগকে তাহাদের গৃহে পাঠাইয়া দিয়া স্বয়ং নিজগৃহে প্রবেশ করিলেন। তখন প্রভুকে দেখিয়া জননী তাঁহাকে কোলে লইয়া কোমলঅঙ্গ মার্জ্জন বস্ত্রের (গামছার) দ্বারা তাঁহার অঙ্গের মসীবিন্দু ও ঘর্ম্মবিন্দুসকল মার্জ্জনা করিয়াছিলেন এবং তাঁহাকে সুমিষ্ট অন্নভোজন করাইয়া দিব্য শয্যায় শয়ন করাইলেন ॥ ১০৭ ॥

ইতীত্যাদি শ্রীগৌরলীলামৃতে মধ্যপৌগণ্ডবিলাস নামক নবম আস্বাদ ॥

দশম আস্বাদ।

অথ কদাচিৎ সখিভিঃ সহ সরস্যাং সংক্রীড়তি শচীসূনৌ শ্রীমুরারিনামা বৈদ্যরাজঃ শিষ্যৈঃ সহ তয়ৈব সরণ্যা সমাগচ্ছতি স্ম ॥ ১ ॥

সঃ খলু গুপ্তাখ্যোঽপি নগুপ্তাখ্যঃ (১) প্রশংসিত-ধিষণোঽপি (২) ধিকৃকৃত-ধিষণঃ (৩) শ্রীরামানুরক্তমানসোঽপি (৪) নশ্রীরামানুরক্তমানসঃ (৫) রাঘবলীলা-শ্রবণাসক্তোঽপি নরাঘবলীলাশ্রবণাসক্তো (৬) বভূব ॥ ২ ॥

যঞ্চ প্রীণিতভূমিতনয় (৭) মমিতনয়-মহিতং (৮) হিতং রামস্য স্বযশঃ প্রকাশিত-ভুবন-বলয়ং বনবলযন্তৃবিমর্দ্দকং বৈশ্রবণস্য (৯) বৈ শ্রবণস্যন্দি-বিচিত্র-চরিতং (১০) হনুমন্তমাচক্ষতাক্ষতাগমাবগমা (১১) বহবো বিদ্বাংসঃ ॥ ৩ ॥

---

(১) ন গুপ্তা আখ্যা নাম যস্য সঃ, (২) ধিষণা বুদ্ধিঃ পরত্র (৩) ধিষণো বৃহস্পতি, (৪) শ্রীরামো দাশরথিঃ পরত্র (৫) শ্রীর্লক্ষ্মীঃ রামা স্ত্রী, (৬) প্রকৃতে নরাণামঘং দুঃখং বলয়িতুং প্রকাশয়িতুং শীলং যস্যাতস্যাঃ ইলায়া বাচঃ শ্রবণে অসক্তঃ অনাসক্তঃ ॥ ২ ॥

(৭) ভূমিতনয়া সীতা, (৮) অনেকন্যায়-পূজিতং, (৯) বৈশ্রবণস্য রাবণস্য বনসৈন্যযন্তৃমর্দ্দনকরং, (১০) বৈপ্রসিদ্ধৌ শ্রুতিগামি-বিচিত্রচরিত্রম্, (১১) নক্ষত আগমস্য শাস্ত্রস্য অবগমো জ্ঞানং যেষাম্ ॥ ৩ ॥

একদা শচীনন্দন যখন সখাগণের সঙ্গে সরোবরে খেলা করিতেছিলেন, তখন শ্রীমুরারি নামক বৈদ্যরাজ শিষ্যগণের সহিত সেইপথ দিয়া যাইতেছিলেন ॥১॥

যিনি গুপ্তাখ্য (গুপ্ত উপাধিধারী) হইলেও গুপ্তাখ্য (পক্ষে গুপ্তনামা) ছিলেন না অর্থাৎ যিনি প্রসিদ্ধনামা ছিলেন; প্রশংসিতধিষণ (প্রশস্তবুদ্ধি) হইলেও ধিকৃকৃত-ধিষণ (পক্ষে নিন্দিতবৃহস্পতি) ছিলেন; (অর্থাৎ বুদ্ধিতে যিনি বৃহস্পতিকে নিন্দিত করিয়াছিলেন) শ্রীরামানুরক্তমানস (শ্রীরামচন্দ্রের প্রতি আসক্তচিত্ত) হইলেও শ্রীরামানুরক্তমানস (পক্ষে শ্রী-সম্পত্তি ও রামা—স্ত্রী, সম্পত্তি ও স্ত্রীতে আসক্তচিত্ত ছিলেন না;) রাঘবলীলাশ্রবণাসক্ত (রামচন্দ্রের লীলাশ্রবণে আসক্ত) হইলেও নরাঘ-বলীলাশ্রবণাসক্ত(অর্থাৎ বিরোধপক্ষে) রাঘবলীলাশ্রবণাসক্ত ছিলেন না, সমাধান পক্ষে নরসমূহের দুঃখসূচকবাক্যশ্রবণে অথবা পাপজনকবাক্যশ্রবণে আসক্ত ছিলেন না ॥২॥

স চ শিষ্যান্ প্রতি—

কিং ভদ্রং কিমভদ্রংবা, দ্বৈতস্যাবস্তুনঃ কিয়ৎ।
বাচোদিতং তদনৃতং, মনসাধ্যাতমেবচ॥ ইতি শ্রীভাগবতীয়-বচনস্য নরলীলাবেশেন প্রকৃতমর্থং বিস্মৃত্যাপাতপ্রতীতমেবার্থং ব্যাচক্ষাণস্তত্রোপস্থিতো বিশ্বম্ভরমবলোক্য সচমৎকারমুবাচ—॥ ৪ ॥

অহো নূনময়মেব লোকশ্রুতসৌন্দর্য্যো জগন্নাথমিশ্রপুরন্দরতনয়ো বিশ্বম্ভরো ভবতি—

সাধ্বস্য সৌন্দর্য্যমহো যদস্মিন্নিপত্য চেতঃ সহসা মমাপি।
শক্নোতি নোত্থাতুমগাধপঙ্কে প্রবিশ্য শৈলেন্দ্র-সমঃকরীব ॥ ৫ ॥

অখণ্ড শাস্ত্রজ্ঞানসম্পন্ন বহু পণ্ডিতগণ যাহাকে হনুমান বলিতেন—যিনি ভূমিসুতা সীতাদেবীর সুখদাতা, অমিতনীতিসম্পন্ন, রামচন্দ্রের হিতকারী ছিলেন। যিনি নিজযশের দ্বারা ভূমণ্ডল উদ্ভাসিত করিয়াছিলেন, যিনি রাবণের বল, সৈন্য ও সারথিকে বিমর্দ্দিত করিয়াছিলেন এবং যাঁহার বিচিত্র চরিত্র সকলেরই কর্ণগোচর আছে ॥ ৩ ॥

তিনি শিষ্যগণের প্রতি "অদ্বৈতবস্তুর ভালই বা কি, মন্দই বা কি? বাক্যের দ্বারা যাহা কথিত হয় এবং মনের দ্বারা যাহা চিন্তিত হয় তাহাই মিথ্যা।" নরলীলার আবেশে শ্রীমদ্ভাগবতের এইবাক্যের প্রকৃত অর্থ বিস্মৃত হইয়া আপাত প্রতীত অর্থটী ব্যাখ্যা করিতে করিতে সেখানে আসিয়া উপস্থিত হইলেন এবং বিশ্বম্ভরকে দেখিয়া চমৎকৃতভাবে বলিতে লাগিলেন ॥ ৪ ॥

অহো, যাহার সৌন্দর্য্যের কথা লোকমুখে শুনিয়াছি নিশ্চিত, এই সেই শ্রীজগন্নাথমিশ্রপুরন্দরের পুত্র বিশ্বম্ভর হইবে। অহো! ইহার সৌন্দর্য্য অতি উত্তম; কেন না, আমারও চিত্তরূপ শৈলেন্দ্র সহসা ইহাতে পতিত হইয়া অগাধপঙ্কে প্রবিষ্ট হস্তীর ন্যায় উহা হইতে উঠিতে পারিতেছে না ॥ ৫ ॥

ইতি ব্রুবন্ ক্ষণকতিপয়ং তমালোক্য পুনস্তং শ্লোকং ব্যাচক্ষাণঃ প্রতস্থে। বিশ্বম্ভরস্তু তদ্ব্যাখ্যাং শ্রুত্বা সপ্রহাসমুবাচ—ভো ভো গুপ্তরসাপ্তো রসানাং সারো ভাগবতস্য ভবতৈব (১২) বতৈবমতিসাধুতমো ধূতমোহো (১৩) হ্যর্থো ন সর্ব্বত্র প্রকাশনীয়ঃ ॥ ৬ ॥

এতদ্ভগবতো বচনমাকর্ণ্য রুষ্টমতির্বৈদ্যকুলপতিঃ পরাবর্ত্তিতকন্ধরস্তং বিলোকয়ন্ সহুঙ্কারং 'অহো! দ্বিজবালকস্যাস্যরুচিরতা যথা লোকোত্তরা, চপলতা চ তথৈবেতি বদন্ পুনর্ভগবতা সস্মিতমূচে ॥ ৭ ॥

'বিদ্বদ্বর! যাহি সাম্প্রতং শ্লোকস্যার্থং ভোজন-সময়ে জ্ঞাস্যসীতি'। গুপ্তস্তু তচ্ছ্রুত্বাপি কিং বক্তি চপলোঽয়মিত্যনাদরং কুর্ব্বন্ স্বগৃহং জগাম ॥ ৮ ॥

(১২) গুপ্তপ্রধান! ভাগবতস্য রসানাং সারো ভবতৈব আপ্ত! বত খেদে; অতিসাধুতমঃ অতিসুন্দরতমঃ, (১৩) ধূতোমোহো যেন ॥ ৬ ॥

এইকথা বলিয়া কয়েকক্ষণ যাবৎ তাহাকে দেখিয়া পুনরায় সেই শ্লোক ব্যাখ্যা করিতে করিতে গমন করিতে লাগিলেন। কিন্তু বিশ্বম্ভর তাহার সেই ব্যাখ্যা শুনিয়া উপহাস মিশ্রিত হাস্যের সহিত বলিলেন—"ওহে ওহে গুপ্তবর! আপনিই ভাগবত-রসের সার প্রাপ্ত হইয়াছেন। এইপ্রকার অতি উত্তম মোহনাশক অর্থ আপনি সর্ব্বত্র প্রকাশ করিবেন না ॥ ৬ ॥

ভগবানের এইকথা শুনিয়া বৈদ্যকুলপতি মুরারি ক্রুদ্ধ হইলেন। তিনি গ্রীবা ফিরাইয়া তাঁহার প্রতি দৃষ্টিপাত করিতে করিতে হুঙ্কারপূর্ব্বক কহিলেন "অহো! এই ব্রাহ্মণবালকের সৌন্দর্য্য যেমন অলৌকিক, ইহার চপলতাও সেইরূপ অলৌকিক," এইকথা শুনিয়া পুনরায় ভগবান্ মৃদুহাস্যে তাহাকে বলিলেন ॥ ৭ ॥

"পণ্ডিত প্রবর! এক্ষণে যাও। ভোজনসময়ে শ্লোকের অর্থ অবগত হইবে।" কিন্তু গুপ্ত "এইচপল কি বলিতেছে," সেই বিষয়ে আদর না করিয়া নিজগৃহে গমন করিলেন ॥ ৮ ॥

অথ দিনস্য পঞ্চম-যামার্দ্ধে তস্মিন্ গুপ্তবরে ভোক্তুমারব্ধে ছায়ামাত্র সহচরো (১৪) বিয়দম্বরো বিশ্বম্ভরো নিবিষ্টতদঙ্গনান্তরো ধিক্‌কৃত-জলধরেণ গভীর-স্বরেণ—'ভোভো গুপ্তবর্য্য! করোষি কিং কার্য্যমিতি জগাদ ॥ ৯ ॥

গুপ্তস্তু তস্য নিনদং নিশময্য সোঽয়ং
বালোঽতিচঞ্চলমতিঃ কথমাজগাম।
জানে ন কিংন্বু বিদধীত বত্তেতি চিন্তাং
(১৫) যাবৎ করোত্যুপযযৌ স পুরোঽস্য তাবৎ ॥ ১০ ॥

ততশ্চ পূর্ব্ববাক্যস্মরণজনিতশঙ্কাকুলতয়া কু-লতয়া তরাবিবা (১৬) বেষ্টিতে চেষ্টাশূন্যে গুপ্তবর্য্যে তস্য ভোজনপাত্রে জনপাত্রেশ্বরেণ (১৭) সহসা সহসাননেন (১৮) মূত্রয়াঞ্চক্রে ॥ ১১ ॥

---

(১৪) একাকীত্যর্থঃ ॥ ৯ ॥
(১৫) যাবদ গিরঃ খে মারুতাং চরন্তীতি কুমার সম্ভববৎ ॥ ১০ ॥
(১৬) কুৎসিতলতয়া তরাবিব, (১৭) জনপাত্রা জনানাং রক্ষিত্রা ইতি এবং জ্ঞান মার্গং নিবার্য্য ভক্তিমার্গ-প্রচারণেন জনান্ রক্ষিতুমেবম-করোদিতি ভাবঃ, (১৮) সহসা অতর্কিতং, সহাস্যমুখেন ॥ ১১ ॥

অনন্তর দিনের পঞ্চমযামার্দ্ধে অর্থাৎ সার্দ্ধদ্বিপ্রহরকালে সেই গুপ্তবর ভোজন করিতে আরম্ভ করিলে দিগম্বর বিশ্বম্ভর একাকী তাহার অঙ্গনে প্রবেশ করিয়া মেঘ-নিন্দি গম্ভীরস্বরে বলিলেন হে হে গুপ্তবর! কি কাজ করিতেছ? ॥ ৯ ॥

কিন্তু গুপ্ত তাঁহার কণ্ঠস্বর শুনিয়া যখন চিন্তা করিতে লাগিলেন "অতি চঞ্চলমতি সেই বালকটী এই," কেন এখানে আসিল? হায় জানি না এ কি করিবে।" তৎক্ষণাৎ বিশ্বম্ভর তাহার সম্মুখে আসিয়া উপস্থিত হইলেন ॥ ১০ ॥

অতঃপর পূর্ব্বকথা স্মরণজনিত শঙ্কায় আকুল হইয়া গুপ্তবর যখন কুৎসিত লতার দ্বারা বেষ্টিত বৃক্ষের ন্যায় নিশ্চেষ্ট হইয়াছিলেন, তখন জনপালক ঈশ্বর বিশ্বম্ভর সহাস্যবদনে সহসা তাহার ভোজনপাত্রে মূত্র ত্যাগ করিলেন ॥ ১১ ॥

যদ্যপি চিদ্‌ঘনমূর্ত্তৌ, ভগবতি নাস্ত্যেব কোঽপি হেয়াংশঃ।
তদপি চ লীলাসিদ্ধ্যৈ, যোগ্যং তং ভাসয়েন্মায়া ॥ ১২ ॥

ততশ্চ রোষারুণিত-লোচনদ্বয়ো গুপ্তমহাশয়ো জগাদ—

জগন্নাথো বিপ্রো ভবতি বিনয়ী সৌম্যচরিতঃ
শচী তদ্ভার্য্যাপি প্রকৃতি-সরলা শুদ্ধহৃদয়া।
ত্বমুদ্ভূতস্তাভ্যামপি ভজসি হে দৃক্‌চপলতাং
কুলাঙ্গার! স্বীয়ং কুলমহহ কর্ত্তাসি মলিনম্ ॥ ১৩ ॥

তদেতত্তদ্বচনং শ্রুত্বা ভগবান্ সস্মিতমুবাচ—গুপ্তবর্য্য! কিং ভদ্রমিত্যাদি বচনস্য বাচোদিতত্বেন মনসাধ্যাতত্বেন চাবস্তুত্বাদদ্বৈতে ভদ্রমভদ্রং বা নাস্তীত্যর্থো ভবতোঽভিমত, স্তত কিমিতি চপলায় মহ্যং কুপ্যসি, কিম্বান্নমিদং নাশ্নাসি ॥ ১৪ ॥

তন্নিশম্য—অহো! কিমিদমাশ্চর্য্যং, মন্মুখাৎ সকৃদেব শ্রুত্বা বচনমিদং বালে-নানেন কথমভ্যস্তং? তস্যার্থশ্চ কথং শিক্ষিত? ইতি চিন্তয়তি গুপ্তবরে তত্র কৃপাং চিকীর্ষুণা ভগবতা তদভীষ্টং শ্রীরামরূপং সপরিকরং প্রকাশয়ামাসে ॥ ১৫ ॥

যদিও চিদ্‌ঘনমূর্ত্তি ভগবানের কোনও হেয় অংশ নাই; তথাপি যোগমায়া লীলাসিদ্ধির যোগ্যরূপে তাহা প্রকাশ করিয়া থাকেন ॥ ১২ ॥

অনন্তর ক্রোধে নয়নদ্বয় আরক্ত করিয়া গুপ্তমহাশয় বলিতে লাগিলেন—বিপ্রজগন্নাথ বিনয়ী ও শান্তচরিত্র এবং তাহার ভার্য্যা শচীও স্বভাবতঃ সরলা ও শুদ্ধ-হৃদয়া। হায়! তুমি তাহাদের উভয় হইতে জন্মলাভ করিয়া এইপ্রকার চঞ্চল হইয়াছ এবং হে কুলাঙ্গার! তুমি নিজকুল মলিন করিতেছ ॥ ১৩ ॥

তাহার এইকথা শুনিয়া ভগবান্ মৃদুহাস্যে বলিলেন হে গুপ্তবর! কিং ভদ্রং এই বচনটীর "বাক্যের দ্বারা কথিত ও মনের দ্বারা চিন্তিত বলিয়া সমস্তই অবস্তু হওয়ায় অদ্বৈত বিষয়ে ভাল অথবা মন্দ কিছুই নাই"—এই অর্থই তোমার অভিমত, অতএব কেন আমি চপল বলিয়া আমার প্রতি কুপিত হইতেছ এবং অন্নই বা কেন ভোজন করিতেছ না? ॥ ১৪ ॥

ততশ্চ—মনোজ্ঞ-সরযুনদী-সবিধদেশ-বিভ্রাজিনীং
বিচিত্র-মণিমণ্ডলী রচিত-বেশ্মরথ্যাদিকাম্।
অনেক-সুরপাদপ-প্রকরশোভিতাং চিন্ময়ীং
দদর্শ বিলসজ্জনাং কবিরসাবযোধ্যাপুরীম্ ॥ ১৬ ॥

তত্রচ- দুগ্ধোজ্জ্বত মণিপ্রকাণ্ড-রচিতে দিব্যে সভামন্দিরে
নানাবর্ণক-রত্নরাজি-খচিতে সিংহাসনে সুন্দরে।
শ্রীমল্লক্ষণ-কেকয়ীসুত-মরুৎপুত্রাদিভিঃ সেবিতং
সীতালঙ্কৃত-বামপার্শ্বকমসৌ শ্রীরামমালোকত ॥ ১৭ ॥

নবীনশতপর্ব্বিকা (১৯) রুচিমপূর্ব্বপীতাম্বরং
বিচিত্র-মণিভূষণং শর-শরাসনোজ্জ্বৎকরম্।
স্মরার্ব্বুদ-মনোহরং স্মিতবিরাজিচন্দ্রাননং
বিলোক্য রঘুনন্দনং পরিমুমোহ বৈদ্যোত্তমঃ ॥ ১৮ ॥

(১৯) শতাপর্ব্বিকা দূর্ব্বা ॥ ১৮ ॥

তাহা শুনিয়া—"অহো একি আশ্চর্য্য! আমার মুখ হইতে এইবাক্যটী একবারমাত্র শুনিয়াই এই বালক কি প্রকারে ইহা অভ্যাস করিল এবং ইহার অর্থ ই বা কিরূপে শিক্ষা করিল," গুপ্তবর যখন এইরূপ চিন্তা করিতেছিলেন তখন ভগবান তাহার প্রতি কৃপা করিবার ইচ্ছায় তাহার নিকট তাহার অভীষ্ট পরিকরগণের সহিত শ্রীরাম রূপ প্রকাশ করিলেন ॥ ১৫ ॥

অনন্তর কবি শ্রীমুরারিগুপ্ত সুন্দর সরযূ নদীতীরদেশে বিরাজিতা, বিচিত্র মনিরাজি নির্ম্মিত গৃহ ও মার্গাদি সমন্বিতা অসংখ্য কল্পতরুসমূহে সুশোভিতা, বহুজন পূর্ণা, চিন্ময়ী অযোধ্যাপুরী দর্শন করিলেন ॥ ১৬ ॥

তথায় দুগ্ধের ন্যায় শুভ্র উজ্জ্বল ও উৎকৃষ্টমণিশ্রেণীরচিত দিব্য সভামণ্ডপে নানাবর্ণরত্নরাজি খচিত সুন্দর সিংহাসনে উপবিষ্ট, শ্রীমান লক্ষণ, ভরত, শত্রুঘ্ন পবন নন্দন প্রভৃতি কর্ত্তৃক সেবিত বামপার্শ্বে শ্রীসীতাদেবী শোভিত শ্রীরামচন্দ্রকে অবলো-কন করিলেন ॥ ১৭ ॥

ক্ষণাৎ পরং বোধমবাপ্য স প্রভুং
নিজেষ্টদেবং সমবেক্ষ্য তং পুনঃ।
স্রবদ্দৃগম্ভঃ-স্নপিতাননঃ ক্ষিতৌ
নিপাত্য কায়ং প্রণনাম দণ্ডবৎ ॥ ১৯ ॥

সংনম্য যাবদুদতিষ্ঠদসৌমুরারি—
স্তাবৎপ্রভুঃ পরিকরৈঃ সহিতং সধাম।
শ্রীরামরূপমপিধায় বিচিত্রশক্তিঃ
প্রাদুর্বিধায় বিললাস নিজস্বরূপম্ (২০) ॥ ২০ ॥

তঞ্চপ্রেক্ষ্য পরম-প্রমোদ-পুলকিততনুঃ পুনঃপুনঃপ্রণম্যপ্রণয়পরিস্রবদশ্রু-পুষ্কর-পৃষতোপসিক্তলপনঃ সগদ্গদমুবাচ বৈদ্যবরঃ ॥ ২১ ॥

(২০) সধাম অযোধ্যাসহিতং, নিজেতি গৌর-স্বরূপমিত্যর্থঃ ॥ ২০ ॥

নবীন দুর্ব্বাদল কান্তি, অপূর্ব্ব পীতাম্বরধারী নানাবিধ অলঙ্কারমণ্ডিত, করে ধনুর্ব্বাণ বিরাজিত, কন্দর্পকোটি অপেক্ষাও মনোহর চন্দ্রবদনে মৃদুহাস্য শোভিত শ্রীরঘুনন্দনকে দর্শন করিয়া বৈদ্যবর মোহপ্রাপ্ত হইলেন ॥ ১৮ ॥

ক্ষণকাল পরে তিনি চৈতন্যলাভ করিয়া প্রভুকে পুনরায় নিজের ইষ্টদেব শ্রীরামচন্দ্ররূপে দর্শন করিয়া বিগলিত নয়নজলধারায় বদন সিক্ত করতঃ ভূমিতে শরীর নিপাতিত করিয়া দণ্ডবৎ প্রণাম করিলেন ॥ ১৯ ॥

মুরারি প্রণাম করিয়া যখন গাত্রোত্থান করিলেন—তৎক্ষণাৎ বিচিত্র শক্তি-শালী প্রভু শ্রীগৌরসুন্দর ধাম ও পরিকরের সহিত শ্রীরামরূপ অন্তর্হিত করিয়া নিজের গৌর স্বরূপ প্রকাশ পূর্ব্বক বিলাস করিতে লাগিলেন ॥ ২০ ॥

তাঁহাকে দেখিয়া বৈদ্যবর পরানন্দে পুলকিতগাত্রে পুনঃ পুনঃ প্রণাম করিয়া প্রেমভরে বিগলিত নয়নজলধারায় বদনমণ্ডল প্লাবিত করিতে করিতে গদগদবাক্যে বলিতে লাগিলেন ॥ ২১ ॥

জীয়াঃ শচীজঠর-দুগ্ধপয়োনিধীন্দো!
মিশ্রেন্দ্র-বংশ-সরসী-কনকাম্বুজাত!।
গৌড়োদয়াদ্রি-শিখরোদিত-সপ্তসপ্তে
তুভ্যং নমো মম নমোঽস্তু নমো নমোঽস্তু ॥ ২২ ॥

লীলাং তবাতিশয়দুর্গ-বিচিত্ররূপাং
সর্ব্বজ্ঞকল্প-মতয়োঽপি বিধীশ্বরাদ্যাঃ।
দেবাস্তথা মুনিগণা নহি পারয়ন্তি
জ্ঞাতুং তদত্র বত মূঢ়ধিয়ো বয়ং কে ॥ ২৩ ॥

সর্ব্বেশ্বরোঽপি চকৃষে (২১) নরবাল-তুল্যো
নীলাশ্মকান্তিরপি শুদ্ধসুবর্ণবর্ণঃ।
গোপাত্মজোঽপ্যবনিদেবসুতো যয়া ত্বং
বন্দে মুহুর্মুহুরিমাং তব দেব! লীলাম্ ॥ ২৪ ॥

(২১) হে দেব! স্বয়ং ভগবানপি ত্বং যয়া লীলয়া কর্ত্তৃভূতয়া চকৃষে কৃত ইত্যর্থঃ ॥ ২৪ ॥

হে শচীগর্ভ ক্ষীরসাগর চন্দ্রমা! হে মিশ্রেন্দ্রবংশরূপ সরোবরের স্বর্ণকমল! হে গৌড়রূপ উদয়াচল শিখরে উদিত ভাস্কর! আপনার জয় হউক। আপনাকে আমার নমস্কার, নমস্কার, নমস্কার ॥ ২২ ॥

সর্ব্বজ্ঞতুল্য মনস্বী ব্রহ্মা মহেশ্বর আদি দেবতাবৃন্দ ও মুনিগণও আপনার অতিশয় দুর্জ্ঞেয় ও আশ্চর্য্যলীলা জানিতে সমর্থ নহেন, সুতরাং সে বিষয়ে মূঢ়বুদ্ধি আমি কোথায় (নগণ্য) ॥ ২৩ ॥

হে দেব (লীলাময়)! আপনার যে লীলা, সর্ব্বেশ্বর হইলেও আপনাকে নর-বালকতুল্য, নীলমণি কান্তি হইলেও, সুদ্ধ স্বর্ণবর্ণ এবং গোপনন্দন হইলেও ব্রাহ্মণ-নন্দন করিয়াছে, আমি পুনঃ পুনঃ এই লীলাকে বন্দনা করি ॥ ২৪ ॥

ছন্নঃ কলৌ যদভবস্ত্রিযুগোঽথ স ত্ব-
মিত্যাহ যন্নরহরিং প্রতি দৈত্যবর্য্যঃ (২২)।
এতাবদস্য বুবুধে ন হি কশ্চনার্থং
বিজ্ঞোঽপি সংপ্রতি তু স (২৩) স্ফুটতামবাপ ॥ ২৫ ॥

পীতোঽপি তেঽস্য তনয়স্য বভুব বর্ণ
ইত্যাদিশদ্ ব্রজপতিং প্রতি যচ্চ গর্গঃ (২৪)।
অস্যাস্ত্বদাস্পদমপি ক্ব বতেতি খিন্না-
ল্লোঁকেঽবতীর্য্য বিবুধান্ (২৫) সমসান্ত্বয়স্ত্বম্ ॥ ২৬ ॥

এবং নিগূহিততয়াবতরীতুমিচ্ছু-
র্নূনং ভবান্ মুনিগণস্য পুরাণবক্তুঃ।
লীলাং নিজাং স্ফুটতয়া গদিতুং নিষেধং
চক্রে স তাদৃশতয়া তত এব নাখ্যৎ (২৬) ॥ ২৭ ॥

(২২) প্রহ্লাদঃ, (২৩) সংপ্রতি ভবদবতারাবসরে তু এবকারার্থে স অর্থঃ ॥ ২৫ ॥

(২৪) তে তবাস্য তনয়স্য পীতোঽপি বর্ণো বভূবেত্যর্থঃ, 'শুক্লো রক্তস্তথা পীত' ইতি শ্রীদশমে গর্গো যচ্চাদিশত্তদুক্তবানিত্যর্থঃ, (২৫) পণ্ডিতান্ ॥ ২৬ ॥

(২৬) স মুনিগণঃ তাদৃশতয়া স্ফুটতয়া নাকথয়ৎ—'পরোক্ষবাদা ঋষয়ঃ পরোক্ষঞ্চ মম প্রিয়মিতি' শ্রীভগবদুক্তেঃ, এতেন পরম-রহস্যত্বমস্য দর্শিতম্। রহস্যং হি বস্তুলোকে সাধারণলোকচক্ষুরগোচরতয়া মঞ্জুষাদৌ রক্ষিতুং রোচতে বিজ্ঞেভ্য ইতি ভাবঃ ॥ ২৭ ॥

"যেহেতু আপনি কলিযুগে গুপ্ত হইয়াছিলেন এই নিমিত্ত আপনি ত্রিযুগ নামে খ্যাত"—দৈত্যবর প্রহ্লাদ নৃসিংহদেবের নিকট যে কথা বলিয়াছিলেন—এ পর্য্যন্ত কোন বিজ্ঞব্যক্তিও ইহার অর্থ অবগত ছিলেন না। সম্প্রতি আপনার অবতার হওয়ায় সেই অর্থ ই পরিস্ফুট হইয়াছে ॥ ২৫ ॥

"তোমার এই পুত্রের পীতবর্ণও ছিল"—গর্গঋষি ব্রজরাজ নন্দের নিকট যে এইকথা বলিয়াছিলেন—ইহার উদাহরণস্থল কোথায় তাহা না জানিয়া পণ্ডিতগণ অত্যন্ত খেদপ্রাপ্ত হইয়াছিলেন। আপনি সম্প্রতি সংসারে অবতীর্ণ হইয়া তাহাদিগকে সান্ত্বনা দিয়াছেন ॥ ২৬ ॥

ছন্নং ভবন্তমববোদ্ধুমলং ন ভূত্বা
মূঢ়োঽয়মাচরমহং কৃপণোঽপরাধম্।
কারুণ্যজীবননিধে! ভবতা স সহ্যো-
ঽবশ্যং নচেৎ কঠিনতৈব বিকাশিতা তে ॥ ২৮ ॥

তস্মাৎ কৃপাময়! বিধায় কৃপামপূর্ব্বাং
পাদাম্বুজং শিরসি মেঽত্র সকৃন্নিধেহি।
বাক্যস্যচ স্ববদনাম্বুজ-নির্গতস্য
শ্রীমন্ সমাদিশ যথার্থমবক্রমর্থম্ ॥ ২৯ ॥

এবমভিনুতোঽনুতোষিতো ভগবানবনতস্য তস্য শিরসি চরণ-তামরস-মমর-সমবায়-দুর্লভং (২৭) নিধায় তমুত্থাপ্য জগাদ ॥ ৩০ ॥

২৭) অমরসমূহদুর্লভমপি ॥ ৩০ ॥

এইপ্রকারে গুপ্তরূপে অবতীর্ণ হইবার ইচ্ছায় আপনি সত্যসত্যই পুরাণ-বক্তা মুনিগণকে নিজলীলা স্পষ্টভাবে বলিতে নিষেধ করিয়াছিলেন, সেইজন্যই তাঁহারা উহা স্পষ্টরূপে প্রকাশ করেন নাই ॥ ২৭ ॥

আমি অতি কৃপণ ও মূঢ়বুদ্ধি, সুতরাং আপনার ছন্নস্বরূপ চিনিতে অসমর্থ হইয়া যে অপরাধ করিয়াছি ; হে করুণাসিন্ধো! আপনি তাহা অবশ্য সহ্য করিবেন। নচেৎ আপনার কঠিনতাই প্রকাশিত হইবে ॥ ২৮ ॥

অতএব হে কৃপাময়! আপনি অপার করুণা করিয়া আমার মস্তকে একবার আপনার চরণকমল অর্পণ করুণ এবং হে শ্রীমন্! আপনার মুখপদ্মনির্গত বাক্যের যথার্থ সরল অর্থ আমাকে উপদেশ করুন ॥ ২৯ ॥

এইপ্রকারে মুরারি কর্ত্তৃক স্তুত হইয়া ভগবান বিশ্বম্ভর সন্তুষ্ট হইলেন এবং তাঁহার অবনত মস্তকোপরি অমরগণেরও দুর্লভ নিজ চরণকমল অর্পণ করতঃ তাহাকে উঠাইয়া বলিতে লাগিলেন ॥ ৩০ ॥

মহাভাগবত! ভাগবত-পুরাণস্য নাদ্বয়-বাদে তাৎপর্য্যং, তৎপ্রতিকূলস্য পরিণামবাদস্যৈব সৃষ্ট্যাদি-প্রকরণেষুররীকরণাৎ; যদি তু তন্মতং মতমস্যাভবিষ্যত্তদা তদনুকূলো বিবর্ত্তবাদ (২৮) এবাবক্ষ্যত ॥ ৩১ ॥

নন্বু বিশ্বমিথ্যাত্বং ক্বচিৎ ক্বচিদুচ্যতে, তস্য মিথ্যাত্বে ন তাৎপর্য্যং কিন্তু তত্রানাসক্তিপ্রতিপাদনে। যথা শ্রীনন্দনন্দনেন কর্ম্মবাদাদিকা যা ষণ্মতী স্বপিতরং-প্রত্যুক্তা, তস্যা বেদক্ষোভ এব তাৎপর্য্যং, নতু তত্তন্মতোপাদেয়ত্বে তথা ॥ ৩২ ॥

ততশ্চাস্য বচনস্যাপি বৈরাগ্য এব তাৎপর্য্যং, ন বিশ্বমিথ্যাত্বে; অন্যথা স্বজীবনমেব পীড্যেত। জীবনং হ্যস্য ভক্তিরেব, তথাচ ব্রহ্মবাক্যং—"যথা হরৌ ভগবতি নৃণাং ভক্তির্ভবিষ্যতি। সর্ব্বাত্মন্যখিলাধার ইতি সংকল্প্য বর্ণয়।" ইতি, ব্যাখ্যাতঞ্চ টীকাকৃদ্ভিঃ-হরিলীলা-প্রাধান্যেন শ্রীভাগবতং বর্ণয়, নতু ভক্তিরস-বিঘাতেন কেবলং তত্ত্বমিতি ॥ ৩৩ ॥

(২৮) অতাত্ত্বিকোঽন্যথা ভাবো বিবর্ত্তঃ ॥ ৩১ ॥

হে মহাভাগবত! শ্রীমদ্ভাগবত পুরাণের তাৎপর্য্য অদ্বয়বাদে নহে; কেন না সৃষ্ট্যাদি প্রকরণ সমূহে উহার বিরোধী পরিণামবাদকেই স্বীকার করা হইয়াছে, কিন্তু যদি ঐ অদ্বৈতবাদের মতটী এই ভাগবতের অভিমত হইত তাহা হইলে ভাগবত উহার অনুকূল বিবর্ত্তবাদটীই বলিতেন ॥ ৩১ ॥

পক্ষান্তরে কোথাও কোথাও জগৎকে মিথ্যা বলা হইয়াছে, সেই উক্তির তাৎপর্য্য জগৎ মিথ্যা বলিয়া নহে; কিন্তু জগতের প্রতি লোকের অনাসক্তি প্রতিপাদনের নিমিত্ত। যেমন শ্রীনন্দনন্দন নিজের পিতার নিকট যে কর্ম্মবাদ প্রভৃতি ছয়টী মত বলিয়াছিলেন তাহাদের তাৎপর্য্য কেবলমাত্র দেবরাজ ইন্দ্রের চিত্তক্ষোভের নিমিত্ত কিন্তু সেই মতসকলের উপাদেয় বিষয়ে সেরূপ তাৎপর্য্য নহে। ॥ ৩২ ॥

এবং সর্ব্বোঽপ্যস্যার্থস্তব মনসীতঃ পরং প্রকাশমাপ্সতি, ইমান্তু বার্ত্তামিদানীং কঞ্চিৎপ্রতি ন প্রকাশয়েত্যুক্ত্বা ভগবান্ স্বগৃহায় প্রতস্থে ॥ ৩৪ ॥

গুপ্তস্তু ভগবৎকৃপয়াঽপগাত-দ্বাপরো (২৯) ঽপরোক্ষীভূত-সমস্তসাত্ত্বতসিদ্ধান্তো বিমমর্শ। ভগবতি মূত্রাদিকং কদাপি ন বর্ত্ততে, "জগজ্জন-মলধ্বংসি-শ্রবণস্মৃতি-কীর্ত্তনাঃ। মলমূত্রাদি-রহিতাঃ পুণ্যশ্লোকা ইতীরিতা॥" ইতি বচনেন পুণ্যশ্লোক-শিখামণৌ-তস্মিন্ কৈমুত্যস্যাপাদিতত্বাৎ ॥ ৩৫ ॥

(২৯) অপগত-সংশয়ঃ ॥ ৩৫ ॥

অতএব এই বাক্যেরও বৈরাগ্য বিষয়েই তাৎপর্য্য কিন্তু সংসারের মিথ্যাত্ব বিষয়ে নহে। অন্যথা শ্রীমদ্‌ভাগবতের নিজজীবনই পীড়াপ্রাপ্ত হয়। যেহেতু এই শ্রীমদ্‌ভাগবতের জীবন একমাত্র ভক্তি। তদ্বিষয়ে ব্রহ্মার বাক্য যথা—"সকলের পরমাত্মা ও নিখিলের আশ্রয় ভগবান শ্রীহরিতে মানবগণের যে প্রকারে ভক্তি হইবে তুমি সম্যক্ ধ্যান্ করিয়া তাহা বর্ণনা কর।" টীকাকার শ্রীধরস্বামীপাদও ব্যাখ্যা করিয়াছেন—"শ্রীহরিলীলা প্রধান করিয়া শ্রীভাগবত বর্ণনা কর," কিন্তু তাহা ভক্তি-রসের হানি করিয়া নহে; ইহাই কেবলমাত্র তাৎপর্য্য ॥ ৩৩ ॥

এইপ্রকার শ্রীমদ্ভাগবতের সমস্ত অর্থই ইহার পর তোমার মনে প্রকাশ পাইবে। কিন্তু তুমি এই সংবাদ এক্ষণে কাহারও নিকট প্রকাশ করিও না।" ভগবান বিশ্বম্ভর এই কথা বলিয়া নিজগৃহে প্রস্থান করিলেন ॥ ৩৪ ॥

শ্রীভগবানের কৃপায় মুরারিগুপ্তের সমস্ত সংশয় দূর হইয়াছিল। সমস্ত ভক্তি সিদ্ধান্ত তাঁহার গোচর হওয়ায় তিনি বিচার করিতে লাগিলেন, শ্রীভগবানে কখনও মূত্রাদি থাকে না। "যাঁহাদের নামাদি শ্রবণ স্মরণ ও কীর্ত্তন করিলে জগদ্বাসীজনের মল ধ্বংস হয়, তাঁহারা স্বয়ং মল মূত্রাদি রহিত এবং তাঁহারা পুণ্যশ্লোক বলিয়া কথিত হন।"—এই বচনের দ্বারা পুণ্যশ্লোকগণের শিরোমণি সেই ভগবানের যে উহা থাকিতেই পারে না ইহা কি আর বলিতে হইবে। কৈমুত্যের প্রাপ্তিহেতুও এই অর্থই উপস্থিত হয় ॥ ৩৫ ॥

ততো যদেতন্মাংপ্রতি দর্শিতং, তত্তু মায়য়ৈব। এতচ্চান্নং ভগবতে নিবেদিতং ততোঽত্র যথার্থমূত্রস্পর্শেঽপি নাশুদ্ধিঃ স্যাৎ। "নৈবেদ্যং জগদীশস্য অন্নপানাদিকঞ্চ যৎ। ভক্ষ্যাভক্ষ্য-বিচারশ্চ নাস্তি তদ্ভক্ষণে দ্বিজাঃ॥" "ব্রহ্মবন্নির্বিকারং হি যথা বিষ্ণুস্তথৈব তদিতি" বৃহদ্বিষ্ণুপুরাণ-বচনাৎ, ততো ন ত্যাজ্যমিদমিতি ॥ ৩৬ ॥

এবং পরামৃশ্য স গুপ্তবর্য্যঃ
শঙ্কালবেনাপি ন দিগ্ধচিত্তঃ।
তদন্নমাদৎ পরম-প্রমোদা-
দ্বার্ত্তান্তু তাং কঞ্চন নো জগাদ ॥ ৩৭ ॥

অথ দিনান্তরে নান্তরেণ সখিসমুদায়ং (৩০) স যদাঽযং শ্রীগৌরচন্দ্রঃ সুরাপগামাপ, গামাবিশ্য (৩১) চিক্রীড়িষুঃ ॥ ৩৮ ॥

(৩০) সখিসমূহং নান্তরেণ ন বিনা তৎসংযুক্ত ইত্যর্থঃ। সোঽয়ং গৌরঃ. (৩১) গাং জলং প্রবিশ্য ॥ ৩৮ ॥

তবে তিনি আমার নিকট যে ইহা দেখাইলেন তাহা মায়া মাত্র। আর এই অন্ন ভগবানে নিবেদিত হইয়াছে, সুতরাং ইহাতে যথার্থ মূত্র স্পর্শ হইলেও ইহা অশুদ্ধ হয় না। কেন না হে দ্বিজগণ জগদীশ্বরের নৈবেদ্য যে অন্ন পানাদি, তাহার ভক্ষণ বিষয়ে ভক্ষ্যাভক্ষ্য বিচার নাই। যেহেতু উহা ব্রহ্মের ন্যায় বিকার রহিত। যেমন বিষ্ণু তাঁহার নৈবেদ্যও সেইরূপ (অপ্রাকৃত)। বৃহদ্‌বিষ্ণুপুরাণের এই বচন অনুসারেও তাহা প্রমাণিত হয়। অতএব এই অন্ন ত্যাগ করা উচিত নয় ॥ ৩৬ ॥

এইরূপ বিচার করিয়া সেই গুপ্তবর নিঃশঙ্কচিত্তে পরমানন্দে সেই অন্ন ভোজন করিলেন। কিন্তু সেই সংবাদ কাহারও নিকট বলিলেন না ॥ ৩৭ ॥

অনন্তর অন্য এক দিবস বন্ধুগণ সমভিব্যাহারে সেই শ্রীগৌরচন্দ্র জলে প্রবেশ করিয়া ক্রীড়া করিবার ইচ্ছায় সানন্দে গঙ্গাতীরে উপস্থিত হইলেন ॥ ৩৮ ॥

প্রাপ্য চ তস্যাস্তীরে দিব্যগুণ-বর-কামনয়াহ্বামনয়া (৩২) বাড়বাদিকন্যকাঃ (৩৩) কন্যকা (৩৪) মারাধয়ন্তীর্দদর্শ। দৃষ্ট্বা চ তাসামভ্যাসমভ্যাসত্য স্মিত-শবলিত-নন্দিত-লপনঃ পপ্রচ্ছ ॥ ৩৯ ॥

'অয়ি মনোরমা মনোহ্রমানন্দিতং (৩৫) দধানা ভবত্যঃ কিং কুর্ব্বন্তি'? তা উচুঃ—'শচীকুমার! কুমার-জননী জন-নীরাজ্যচরণা পূজ্যতে হস্মাভিঃ ॥ ৪০ ॥

শ্রীগৌরঃ পুনঃ পপ্রচ্ছ—'অয়ি শুভাচরণা! রণাশক্তা হিমালয়-তনয়া হহয়তন-যানাদিরহিতা (৩৬) অর্চ্যতে কুত্র প্রয়োজনে লোভবতীভির্ভবতীভিঃ? ॥৪১॥

এতদ্বচো গৌরহরের্নিশম্য ব্রীড়োদয়েনাভিবিনম্রবক্ত্রাঃ।
মৃদুস্মিত-স্পন্দিত-দন্তচেলা ন শেকুরেতাঃ প্রতিবক্তুমেনম্ ॥ ৪২ ॥

(৩২) অতিদীর্ঘয়া, (৩৩) ব্রাহ্মণাদিকন্যকাঃ, (৩৪) কন্যকাং দুর্গাম ॥ ৩৯ ॥

(৩৫) অত্র অতিশয়েনানন্দিতং মনো দধানাঃ ॥ ৪০ ॥

(৩৬) গৃহ-শকটাদিরহিতা ॥ ৪১ ॥

তাহার তীরে আসিয়া গৌরচন্দ্র দেখিতে পাইলেন ব্রাহ্মণ ক্ষত্রিয়াদির কন্যাগণ দিব্যগুণশালী বরের একান্ত কামনা করিয়া দুর্গার আরাধনা করিতেছে। তদ্দর্শনে গৌর তাহাদের নিকট উপস্থিত হইয়া সুন্দর মৃদু হাস্যযুক্ত বদনে জিজ্ঞাসা করিলেন ॥ ৩৯ ॥

হে মনোরমাগণ! অতি আনন্দিত মনে তোমরা কি করিতেছ? তাহারা বলিল হে শচীকুমার! আমরা জনবন্দনীয়চরণা কুমার-জননী শ্রীকাত্যায়ণীর পূজা করিতেছি ॥ ৪০ ॥

পুনরায় শ্রীগৌর জিজ্ঞাসা করিলেন "হে শুভচরিতাগণ! তোমরা কোন প্রয়োজনে লোভবতী হইয়া যুদ্ধাসক্তা গৃহ-শকটাদি রহিতা হিমালয়-কন্যার অর্চ্চনা করিতেছ? ॥ ৪১ ॥

ততশ্চ স্মিতেক্ষণতস্তাসাং মনোরথমববুদ্ধ্য বভাষে ভগবান্—'অয়ি সরলা! যুষ্মাকমভিপ্রায়ঃ প্রায়ঃ প্রবুদ্ধো ময়া, পরমোত্তম-পতিপ্রেপ্সয়া পার্ব্বতীং পূজয়থ, কিন্তু তৎপূজা যুষ্মাকমিষ্টসাধিকা কথং স্যাদ্ যতঃ—॥ ৪৩ ॥

দিগম্বরঃ কীকস-কল্পভূষণো (৩৭)
ভুজঙ্গমালী চিতিভূতি-রূষিতঃ (৩৮)।
পতির্যদীয়োঽতিভয়ঙ্করো ভবে-
ত্ততঃ কথং দিব্যবরানবাপ্স্যথ ॥ ৪৪ ॥

ততোঽহং বো হিতোপদেশং করবৈ, শঙ্কর-বৈরূপ্যানুসন্ধানাদক্ষাং (৩৯) দক্ষান্তহেতুং (৪০) গিরিজামুপেক্ষ্য মামেবারাধয়ত, ধয়ত মে চরণঘনরসং, নরসংঘবরান্ (৪১) বরানহং দাস্যামি দাস্যামিষ-তোষিতঃ (৪২) ॥ ৪৫ ॥

(৩৭) অস্থি-রচিতভূষণঃ, (৩৮) চিতাভস্মাবগুণ্ঠিতঃ ॥ ৪৪ ॥
(৩৯) শিব-কৌরূপ্যানুসন্ধানাচতুরাং, (৪০) পিতৃনাশকত্বেনাতিক্রূরাং, (৪১) নরসমূহশ্রেষ্ঠান্, (৪২) দাস্যমেবামিষং লোভ্যং তেন তোষিতঃ ॥ ৪৫ ॥

গৌরহরির এই কথা শুনিয়া সেই কুমারীগণ লজ্জার উদয়ে অতি বিনম্র বদনা হইলেন; মৃদুহাস্যে তাহাদের অধর স্পন্দিত হইতে লাগিল। কিন্তু তাহারা উহার কোন প্রত্যুত্তর দিতে পারিল না ॥ ৪২ ॥

অনন্তর তাহাদের সস্মিতদৃষ্টিতে ভগবান্ তাহাদের মনোরথ অবগত হইয়া বলিলেন—অয়ি সরলাগণ! তোমাদের অভিপ্রায় আমি সম্পূর্ণ বুঝিতে পারিয়াছি—তোমরা অত্যুত্তম পতি কামনায় পার্ব্বতীর পূজা করিতেছ। কিন্তু ঐপূজা কি প্রকারে তোমাদের অভীষ্টসাধিকা হইবে? কেন না—॥ ৪৩ ॥

যাঁহার পতি দিগম্বর অস্থিরচিত-ভূষণ ও সর্পমালাধারী চিতাভস্ম বিভূষিত এবং অতি ভয়ঙ্কর হইতে পারেন তাহার নিকট হইতে কি প্রকারে ঐ দিব্যবর লাভ করিবে ॥ ৪৪ ॥

বালিকা বদন্তিস্ম "বিশ্বম্ভর! পরিপ্লবমতে (৪৩)! হবমতে দৈবতে নৈব তে নৈবিন্ন্যং ভবিষ্যতি, তস্মাদেবং মা বদ" ॥ ৪৬ ॥

শ্রীগৌরো জগাদ—"অরে মুগ্ধবুদ্ধয়ো বৃদ্ধযোষা (৪৪) ইব মূঢ়া যূয়ং, মাং ন জানীথ, শৃণুত—

> যস্যেচ্ছাবশতঃ সমস্তভুবনং ব্রহ্মা বিধত্তে পুরো
> মধ্যে বিষ্ণুরবত্যসৌ ক্ষপয়তি প্রাপ্তেহন্তকালে হরঃ।
> দাস্যো যস্য রমা-শিবা-প্রভৃতয়ো গঙ্গা যদঙ্ঘ্র্যুদ্ভবা
> সোহহং-বঃ শুভ-ভাগ্যরাশি-বিভবাদত্রাবতীর্ণোহভবম্ ॥ ৪৭ ॥

(৪৩) চঞ্চলমতে ॥ ৪৬ ॥
(৪৪) বৃদ্ধোপাসিকাঃ স্ত্রিয়ঃ ॥ ৪৭ ॥

অতএব আমি তোমাদিগকে হিত উপদেশ করিতেছি, শঙ্করের বিরূপতা অনুসন্ধানে অচতুরা এবং পিতা দক্ষের বিনাশের কারণ-ভূতা অতএব অতিক্রূরা গিরিজাকে উপেক্ষা করিয়া আমারই আরাধনা কর, আমার চরণোদক পান কর। তাহা হইলে তোমাদের দাস্যরূপ লোভনীয় বস্তুদ্বারা সন্তুষ্ট হইয়া আমি তোমাদিগকে নরগণের মধ্যে শ্রেষ্ঠ বর প্রদান করিব ॥ ৪৫ ॥

বালিকাগণ বলিতে লাগিলেন—হে চঞ্চলমতে বিশ্বম্ভর! দেবতার অবমাননা করিলে তোমার কখনই মঙ্গল হইবে না, অতএব এরূপ কথা বলিও না ॥ ৪৬ ॥

শ্রীগৌর বলিলেন অরে মুগ্ধমতি বালিকাগণ! তোমরা বৃদ্ধোপাসিকা রমণীগণের ন্যায় মূঢ়া। তোমরা আমাকে জান না। শ্রবণ কর—যাহার ইচ্ছাবশে ব্রহ্মা প্রথমে সমস্ত ভুবন সৃষ্টি করেন, মধ্যে বিষ্ণু পালন করেন এবং অন্তকাল উপস্থিত হইলে মহাদেব সংহার করেন, লক্ষ্মী পার্ব্বতী প্রভৃতী যাহার দাসী, গঙ্গা যার চরণোদ্ভবা, সেই আমি। তোমাদের অশেষ শুভভাগ্য প্রভাবে এইখানে অবতীর্ণ হইয়াছি ॥ ৪৭ ॥

এতদ্বচো গৌরবিধোর্নিশম্য
শ্রদ্ধালবঃ কাশ্চন কন্যকাস্তাঃ।
দুর্গার্চ্চনায়াঙ্গ ভবস্তুজাতং
ন্যবেদয়ন্ প্রীতিভরেণ তস্মৈ ॥ ৪৮ ॥

ততো বিশ্বরূপাবরজো বরজোষং (৪৫) প্রাপ্য প্রোবাচ—

অয়ে সুভদ্রা যদদায়ি মহ্যং
যুষ্মাভিরেষ প্রচুরোপহারঃ।
ততঃ পতীন্ দিব্যগুণান্ শ্রিয়োঽগ্র্যাঃ
সুতাংশ্চ সংপ্রাপ্স্যথ সপ্ত সপ্ত ॥ ৪৯ ॥

অন্যাঃ কতিচিত্বতিচিত্ত্ব (৪৬) মাত্মনাং মন্যমানা জন্যমানাজঘন্যশঙ্কা (৪৭) গৃহীতোপহারা হারান্ দোলয়ন্ত্যঃ পলায়াঞ্চক্রিরে। তাঃ প্রত্যুবাচ-ভগবান্-॥৫০॥

(৪৫) বরম্নখং ॥ ৪৯ ॥

(৪৬) অতিচিত্তম্ অতিশয়িতা চিৎ জ্ঞানং যাসাং তাদৃশম্বং. (৪৭) জন্যমানা অজঘন্যা শ্রেষ্ঠা শঙ্কা যাসাং তাঃ ॥ ৫০ ।

গৌরচন্দ্রের এইকথা শুনিয়া তাহাদের মধ্যে কতিপয় কুমারী তাঁহার কথায় বিশ্বাসযুক্তা হইয়া দুর্গা পূজার নিমিত্ত সংগৃহীত বস্তু সকল প্রীতিভরে তাঁহাকে নিবেদন করিয়াছিল ॥ ৪৮ ॥

অনন্তর বিশ্বরূপানুজ শ্রীগৌর পরম সন্তোষ প্রাপ্ত হইয়া বলিলেন অয়ে সুভদ্রাগণ! তোমরা যে আমাকে এই প্রচুর উপহার প্রদান করিলে তাহাতে তোমরা সৌভাগ্য লক্ষ্মীরও অগ্রগণ্যা হইয়া দিব্যগুণবান্ পতিও সপ্ত সপ্ত পুত্রলাভ করিবে ॥ ৪৯ ॥

অন্য কতিপয় কুমারী আপনাদিগকে অত্যন্ত বুদ্ধিমতী মনে করিয়া অতিশয় শঙ্কাভরে উপহার সমূহ গ্রহণ করতঃ হার দোলাইতে দোলাইতে পলায়ন করিতে লাগিল। তখন ভগবান্ তাহাদের প্রতি বলিতে লাগিলেন ॥ ৫০ ॥

চেটৈন্নব দাস্যথ বিমূঢ়ভয়োপহারান্
মহ্যং দরিদ্রতনয়া বত যূয়মেতান্।
ভর্ত্রাপস্যথাতিশয়-রোষবতোঽন্ধনেত্রান্
ভর্ত্তুংস্তথা দশদশাতিখলাঃ সপত্নীঃ ॥ ৫১ ॥

এষা গৌরস্য গৌরস্য (৪৮) তাসাং সাধ্বসমুৎপাদয়ন্তী সাদয়ন্তী সাহসং তাঃ পরাবর্ত্তয়ামাস। পরাবৃত্তাশ্চ তাঃ অপ্যুপহারানপহারানন্দি-হৃদয়ায় (৪৯) দয়ায়ত্তায় দদুঃ ॥ ৫২ ॥

তাংশ্চ প্রাপ্য জাতমোদে তমোদে (৫০) বিশ্বম্ভরে তাভ্যোঽপি শুভবরং দত্ত্বা সখিভিঃ সহ তানুপহারানুপযোজয়তি তন্মাতা তত্রাজগাম। আগম্য চামলমলয়জ পঙ্কলিপ্ত-কলেবরং কুসুম-সুমনোরম-মাল্যভূষিতং (৫১) দৈবনৈবেদ্যং ভুঞ্জানং সুতং দদর্শ ॥ ৫৩ ॥

৪৮) অস্য গৌরস্য এষা গৌঃ বাক্, (৪৯) অপহারে আনন্দি কৌতূহলি হৃদয়ং যস্য ॥ ৫২ ॥
(৫০) দুঃখ-খণ্ডকে, (৫১) সুমনোরমমতিমনোহরং বিরোধাভাসঃ ॥ ৫৩ ॥

তোমরা যদি বিমূঢ় হইয়া আমাকে এই সকল উপহার প্রদান না কর তাহা হইলে তোমাদের পুত্র দরিদ্র হইবে এবং তোমরা অতিশয় ক্রোধী ও অন্ধনেত্র পতি এবং অত্যন্ত খলস্বভাবা দশ দশ সপত্নীলাভ করিবে ॥ ৫১ ॥

গৌরের এইবাক্য তাহাদের হৃদয়ে ভয় উৎপাদন করিল এবং তাহাদের সাহস দূর করতঃ তাহাদিগকে প্রত্যাবর্ত্তন করাইয়াছিল। ফিরিয়া আসিয়া তাহারাও সমস্ত উপহারগুলি দয়াধীন ও অপহরণ বিষয়ে আনন্দিত-হৃদয় শ্রীগৌরকে প্রদান করিয়াছিল ॥ ৫২ ॥

দুঃখ ভঞ্জনকারী বিশ্বম্ভর তাহাদের সেই উপহারসকল প্রাপ্ত হইয়া আনন্দিত হইলেন এবং তাহাদিগকে শুভবর প্রদানপূর্ব্বক সখাদিগের সঙ্গে যখন সেইগুলি ভোজন করিতে লাগিলেন, তখন তাঁহার মাতা শচীদেবী সেখানে আসিয়া উপস্থিত হইলেন। তিনি আসিয়া দেখিলেন নির্ম্মলচন্দন-পঙ্কলিপ্ত কলেবর অতি সুন্দর পুষ্পমাল্যে ভূষিত তাহার পুত্র দেবতার নৈবেদ্য ভোজন করিতেছে ॥ ৫৩ ॥

দৃষ্ট্বা চ -রে চঞ্চলাশয়! গৃহাদুপহার-বৃন্দং
কন্যাভিরাহৃতমিদং গিরিজার্চনার্থম্।
হা হোপযোজয়সি নৈব বিভেষি দেবান্
মাং পাতয়স্যহহ শঙ্কিত-বারিরাশৌ (৫২) ॥ ৫৪ ॥

বিষ্ণোর্হিরণ্য-জগদীশ-কৃতং নিবেদ্যং
তস্মিন্ দিনে কৃত-মহাকপটোঽস্যভুঙ্ক্থাঃ।
অদ্য ত্বশেষমুপযোজয়সীশ্বরায়া
হন্তোপহার-নিকরং কুরুষে কিমেতৎ? ॥ ৫৫ ॥

ততস্ত্বাং গৃহীত্বা ত্বজ্জনকস্য সমীপং নেষ্যামীতি বদন্তী দন্তীন্দ্রগমনা মনাক্ কুপিতা শচী তং ধর্ত্তুমুদ্যতা বভূব। শ্রীগৌরস্তু তদবলোক্য প্রাপ্য মহাসাধ্বসমহাসাধ্বসমাক্ষণং (৫৩) পলায়িতুমারেভে ॥ ৫৬ ॥

(৫২) শঙ্কা-সমুদ্রে ॥ ৫৪ ॥

(৫৩) নাস্তি হাসোঽধ্বসমীক্ষণঞ্চ যত্র ॥ ৫৬ ॥

তাহা দেখিয়া তিনি বলিতে লাগিলেন—"রে চঞ্চলমতি! কন্যাগণ গৃহ হইতে পার্ব্বতীপূজার নিমিত্ত এই উপহার সকল আনিয়াছে, হায় হায়! তুই তাহা ভক্ষণ করিতেছিস্? দেবতা হইতে ভয় পাইতেছিল্ না? অহো! আমাকে ইহাতে শঙ্কাসাগরে নিপাতিত করিতেছিস্? ॥ ৫৪ ॥

তুই মহাকপট করিয়া সেদিন হিরণ্য ও জগদীশকৃত বিষ্ণুর নৈবেদ্য খাইয়াছিলি। আজ আবার দেবীর সমস্ত উপহার খাইতেছিস্? তুই এ কি করিতেছিস্? ॥ ৫৫ ॥

অতএব তোকে ধরিয়া তোর পিতার নিকট লইয়া যাইব।"—এইকথা বলিতে বলিতে গজেন্দ্রগমনা শচী ঈষৎ কুপিতভাবে তাহাকে ধরিবার জন্য উদ্যতা হইলেন। শ্রীগৌরও তাহা দেখিয়া মহাভয় পাইয়া হাস্যরহিত বদনে পথ নিরীক্ষণ করিতে করিতে পলাইতে আরম্ভ করিলেন ॥ ৫৬ ॥

পলায়মানং তমবেক্ষ্য সা শচী
বিধর্ত্তুকামানুজগাম কোপতঃ।
বিভেদিনাংসং দধিভাণ্ড-ভঞ্জনং
ব্রজেশ্বরীব ব্রজরাজ-নন্দনম্ ॥ ৫৭ ॥

ততস্তামপ্রতিঘাত-প্রতিঘাতরলিত-কলেবরা (৫৪) মালোক্যাগচ্ছন্তীং সবীর্য্য-পদান্তরমা (৫৫) পদান্তরঙ্গে পতিতমাত্মানং মত্বোচ্ছিষ্ট-ত্যক্তমৃদ্ভাণ্ডকাণ্ড (৫৬) মধ্যে প্রবিবেশ বিশ্বম্ভরঃ ॥ ৫৮ ॥

তং জগাদ মাতা-অদমা (৫৭) আতায়মান-চাপল (৫৮)! চাপলতানিঃসৃতেন গমন! মনঃ ক্ষোভকং কস্য কিমাচরসি? মা চর সিতাংশুবদনাশুচি-প্রদেশং—

মুনীন্দ্রবন্দ্যো জননে (৫৯) গৃহাশয়াৎ
পিতুঃ পরিপ্রাপ্য পিতঃ! সমুদ্ভবম্।
স্থলে কথং সঞ্চরসীহ কুৎসিতে
জনোঽখিলস্ত্বাং বত কিং বদিষ্যতি ॥ ৫৯ ॥

(৫৪) অপ্রতিঘাতেন প্রবলেন প্রতিঘেন ক্রোধেন আ সম্যক্ চঞ্চলিত-শরীরম্। (৫৫) স্বস্থানাব্যবহিতে দেশে আগচ্ছন্তী, [আপদাং তরঙ্গে], (৫৬) ভাণ্ডকাণ্ডং ভাণ্ড-সমূহঃ ॥ ৫৮ ॥
(৫৭) হে অদম দুর্দম! (৫৮) আতায়মান চাপল বর্দ্ধমান-চাপল্য। (৫৯) কুলে ॥ ৫৯ ॥

দধিভাণ্ড ভগ্ন করিয়া ব্রজরাজনন্দন পলায়ন করিতে লাগিলে ব্রজেশ্বরী যেমন ক্রোধে ধরিবার জন্য তাহার অনুগমন করিয়াছিলেন, সেইরূপ শচীদেবী পুত্রকে পলাইতে দেখিয়া তাহাকে ধরিবার ইচ্ছায় ক্রোধভরে তাহার অনুসরণ করিতে লাগিলেন ॥ ৫৭ ॥

অনন্তর বিশ্বম্ভর তাহাকে প্রবল ক্রোধে কম্পিতকলেবরা ও তাহার অত্যন্ত নিকটে আগতা দেখিয়া আপনাকে বিপদের তরঙ্গে পতিত মনে করতঃ উচ্ছিষ্ট ও পরিত্যক্ত মৃদ্ভাণ্ড সমূহের মধ্যে প্রবেশ করিলেন ॥ ৫৮ ॥

এতাং মাতুর্গিরমবগত্য গৌরহরির্গভীরে লজ্জাসাগরে নিমগ্নস্তদপহারায় তৎ-স্থানস্যাশুচিতাং খণ্ডয়ন্ননভিমতমপ্যদ্বয়বাদমবাদীৎ, দেবতা-খণ্ডনায় কর্ম্মবাদমিব শিখণ্ডচূড়ঃ ॥ ৬০ ॥

অয়ে জনন্যেকমনন্তমদ্বয়ং
পরং চিদানন্দসদাত্মকং মহৎ।
অনামরূপং মনসোঽপ্যগোচরং
ব্রহ্মৈব বস্ত্বস্তি ন কিঞ্চনেতরৎ ॥ ৬১ ॥

তত্রৈব রজ্জৌ ভুজগাম্বুধারা
প্রসূনমালাবদিদং সমস্তম্।
আরোপিতং বিশ্বমবিদ্যয়াঽতো
যথার্থমস্তীহ ন বস্তু কিঞ্চিৎ ॥ ৬২ ॥

তখন মাতা তাঁহাকে বলিতে লাগিলেন—রে দুর্দ্দান্ত! তোর চঞ্চলতা অত্যন্ত বৃদ্ধি পাইয়াছে এবং ধনুর্মুক্ত বাণের ন্যায় তোর গতিও অত্যন্ত দ্রুত; তুই আমার চিত্তের ক্ষোভজনক এ কি কাজ করিতেছিস্? তিনি পুনরায় সস্নেহ বচনে বলিলেন—চন্দ্রবদন! অশুচিস্থানে যাইও না। বাপ মুনীন্দ্রগণের বন্দনীয় বংশে মহানুভব পিতা হইতে জন্মলাভ করিয়া তুমি কেন এরূপ কুৎসিৎ-স্থানে গমন করিতেছ? সকল লোকে তোমাকে কি বলিবে? ॥ ৫৯ ॥

জননীর নিকট এইকথা অবগত হইয়া গৌরহরি গভীর লজ্জাসাগরে নিমগ্ন হইলেন এবং তাহা দূর করিবার নিমিত্ত সেইস্থানের অপবিত্রতা খণ্ডনপূর্ব্বক কৃষ্ণ যেমন দেবতার গর্ব্ব খণ্ডনের নিমিত্ত কর্ম্মবাদ উপদেশ করিয়াছিলেন, সেইরূপ তাঁহার অনভিমত হইলেও অদ্বয়বাদ বলিতে লাগিলেন ॥ ৬০ ॥

হে জননী! এক, অনন্ত, অদ্বয়, নামরূপ বিবর্জ্জিত, মনেরও অগোচর, সচ্চিদানন্দস্বরূপ, পরমমহৎ ব্রহ্মবস্তুই বর্ত্তমান আছেন। তদ্ভিন্ন অন্য কিছুই নাই। ॥ ৬১ ॥

অসত্যভূতেঽত্র জগত্যনর্থিকা-
মনীষিণাং শুচ্যশুচিত্ব-ভাবনা।
ভবেৎ কিমু স্বাপদশা-প্রকাশিতাং
বিশং পরিস্পৃশ্য জনোঽশুচিঃ ক্বচিৎ ॥ ৬৩ ॥

তদেতচ্ছ্রুত্বান্তর্জাতবিস্ময়া (৬০) বহিঃ প্রকাশিত-স্ময়া স্নেহবতীবৃন্দ-মহিতা নীলাম্বর-দুহিতা জগাদ—

বৎস! ভাগ্যেন মে নান্যৈরিদং তে বচনং শ্রুতম্।
পুনর্ব্রূষে চেদেবং দুর্ল্লভা (৬১) ভাবিতা বধূঃ ॥ ৬৪ ॥

ইতি নিগদন্ত্যগদন্ত্যয়না (৬২) শচী সুতং করে গৃহীত্বা সুরধুনীং নীত্বা স্নানং কারয়িত্বা নিকেতনমাপয়িত্বা ভোজনাদিকং কারয়ামাস ॥ ৬৫ ॥

(৬০) অহো বালকঃ কথমেবং বদতীতি বিস্ময়ঃ, (৬১) উন্মত্তাশঙ্কয়া কন্যাদানাকরণাৎ ॥ ৬৪ ॥
(৬২) অগ-দন্ত্যয়না পর্ব্বততুল্য-হস্তিসমান-গমনা ॥ ৬৫ ॥

রজ্জুতে সর্প জলধারা এবং পুষ্পমালার ন্যায় এই সমস্ত বিশ্ব অবিদ্যাকর্ত্তৃক সেই ব্রহ্মেই আরোপিত আছে। অতএব এ জগতে যথার্থ কোনও বস্তু নাই। ॥ ৬২ ॥

এই মিথ্যা জগতে পণ্ডিতগণের শুচিতা ও অশুচিতা ভাবনা বৃথা। স্বপ্নাবস্থায় প্রকাশিত বিষ্ঠা স্পর্শ করিয়া কেহ কি কখনও অশুচি হইতে পারে? ॥৬৩॥

তাহার এইকথা শুনিয়া স্নেহবতীগণ—বন্দিতা নীলাম্বরকন্যা শচী অন্তরে বিস্মিতা হইলেন; কিন্তু বাহিরে মৃদুহাস্যে বলিতে লাগিলেন—বৎস! আমার ভাগ্যে অন্য কেহ তোমার এই কথা শ্রবণ করে নাই। পুনরায় যদি তুমি এইরূপ বল, তাহা হইলে তোমার বধূ দুর্ল্লভ হইবে ॥ ৬৪ ॥

এইকথা বলিয়া শচী পর্ব্বততুল্য হস্তীর ন্যায় মন্থর গমনে পুত্রকে করে ধরিয়া সুরধনীতে লইয়া স্নান করাইলেন এবং গৃহে আনিয়া ভোজনাদি করাইয়াছিলেন ॥৬৫॥

অথ দিনেঽন্যস্মিন্নুপাধ্যায়-সদনেঽধ্যায়-সদনেক-সবয়োভিঃ (৬৩) সহ মিলিত্বা সুরস-সুরসরিদম্ভসি প্রবিশ্য সলিল-কেলিমারভত বিশ্বম্ভরঃ ॥ ৬৬ ॥

যথা কৃত্বা যূথ-যুগং সমস্তসুহৃদামেকত্র যূথে স্বয়ং
তিষ্ঠন্ স্বেতর-যূথমস্মুঘটয়াঽসিঞ্চৎ সুহৃদ্ভিঃ প্রভুঃ।
অন্যদ্ যূথমপি স্বযূথ-সহিতং গৌরং সিষেচাম্ভসা
যুদ্ধে যোদ্ধৃগণাঃ পরস্পরমিবাম্ভোদেষুভি (৬৪) র্নির্ভরম ॥৬৭॥

তদা চ বিষ্ণুপদী-বারি বিচিত্রতামুবাহ যথা—

পুরা ধবলমেব সৎ প্রভু-করে স্থিতং তজ্জলং
জগাম কিল রক্ততাং শিখররত্ন-ধিক্কারিণীম্।
পুনর্নভসি পীততাং পতদমুষ্য দেহশ্রিয়া
ভৃশং ভবতি নির্ম্মলঃ পরগুণস্পৃগর্থো যতঃ ॥ ৬৮ ॥

(৬৩) অধ্যায়ে অধ্যয়নে সন্তঃ যে অনেকে সবয়সঃ সখায়স্তৈঃ ॥ ৬৬ ॥
(৬৪) অম্ভোদেষুভিঃ মেঘবাণৈঃ ॥ ৬৭ ॥

অনন্তর অন্য একদিন বিশ্বম্ভর গুরুগৃহে অনেক সমপাঠী (সমবয়স্ক) বয়স্যগণের সঙ্গে মিলিত হইয়া সুন্দরসলিলা জাহ্নবীর জলে প্রবেশ করতঃ জলকেলী আরম্ভ করিলেন ॥ ৬৬ ॥

যথা—সমস্ত বন্ধুগণকে দুইটি যূথে বিভক্ত করিয়া প্রভু স্বয়ং একটী যূথে রহিলেন এবং যুদ্ধে সৈন্যগণ যেরূপ পরস্পরের উপর প্রবলভাবে মেঘবাণ বর্ষণ করে সেইরূপ সখাদিগের সঙ্গে অন্য যূথের প্রতি জলরাশি সিঞ্চন করিতে লাগিলেন। অন্য যূথও নিজযূথ সহিত গৌরের উপর জল সেচন করিতে লাগিলেন ॥ ৬৭ ॥

তখন গঙ্গাবারি বিচিত্রতা ধারণ করিয়াছিল। যথা—প্রথমে সেই জলে শ্বেতবর্ণই ছিল, প্রভুর করস্থিত হইয়া শিখর নামক রত্নের ধিক্কারজনক রক্তবর্ণ ধারণ করিয়াছিল, পুনরায় আকাশে উঠিয়া তাঁহার অঙ্গকান্তিদ্বারা অত্যন্ত পীতবর্ণ হইয়াছিল। কেননা, নির্ম্মলবস্তু অন্যের গুণ গ্রহণ করিয়া থাকে ॥ ৬৮ ॥

তদেবমবিরল-জলধারা-নিপাতাকুলতয়া মুদ্রিত-লোচনতয়ৈব বারি বর্ষৎসু বালকেষু তত্রৈব স্নান-তর্পণ-দেবতার্চ্চনাদিবিদধতো ব্রাহ্মণাস্তান্ বারয়ামাসুঃ। তে চোপর্য্যুপরি পরিপতৎপাথঃপ্রকর-প্রচ্ছন্নশ্রুতয়ঃ কীলাল-কেলিকৌতুকাকৃষ্টচেতসোঽপি নাকর্ণয়ামাসুস্তেষাং বারণম্ ॥ ৬৯ ॥

ততশ্চ জাতকোপোদয়ঃ শোণীকৃত-নয়নদ্বয়ঃ কোঽপি ধরাসুরো মিশ্রপুরন্দরস্য পুরোগত্বা বিশ্বম্ভর-চরিতং চকার বিজ্ঞাপিতম্। স চ রোষারুণিত-নেত্রঃ করগৃহীত-বেত্রস্তং তিতাড়য়িষুর্ধিক্কৃত-ধাবদিষু (৬৫) শ্চচাল ॥ ৭০ ॥

তস্মারাদা (৬৬) গচ্ছন্তং বেত্রমাগচ্ছন্তং বিলোক্য পিতরং নিতান্তদ্রুততরং লব্ধাতিশয়দরঃ পলায়ত বিশ্বম্ভরঃ। মিশ্রস্তু তৎপশ্চাদয়মানো নিকেতনং বিশমানে বিশ্বম্ভরজনন্যা সামবচনবন্ধ্যা প্রয়োগেণ রোষদহনং প্রাপন্য শমনং (৬৭) সাম্ভয়ামাসে ॥ ৭১ ॥

(৬৫) ধিক্কৃত ধাবদিষুর্যেন ॥ ৭০ ॥
(৬৬) আরাৎ দূরে, (৬৭) শমনং শান্তিম্ ॥ ৭১ ॥

এইভাবে নিরন্তর জলধারা পতনে আকুল, অতএব নয়ন মুদ্রিত করিয়াই বালকগণ বারিবর্ষণ করিতে থাকিলে, সেইস্থানে যে সকল ব্রাহ্মণ স্নান, তর্পণ ও দেব পূজাদি করিতেছিলেন, তাঁহারা উঁহাদিগকে নিবারণ করিয়াছিলেন। কিন্তু বালকগণ উপর্য্যুপরি জলসমূহ পতনে কর্ণ আচ্ছন্ন এবং জলকেলিকৌতুকে চিত্ত আকৃষ্ট থাকায় তাঁহাদের নিষেধবাক্য শুনিতে পাইল না ॥ ৬৯ ॥

তাহাতে কোন একজন ব্রাহ্মণ ক্রোধের উদয়ে নয়নদ্বয় রক্তবর্ণ করিয়া মিশ্রপুরন্দরের সম্মুখে গমন করতঃ বিশ্বম্ভরের আচরণ বিজ্ঞাপিত করিলেন। তিনি রোষারুণিতনয়নে করে বেত্র লইয়া তাঁহাকে তাড়ন করিবার ইচ্ছায় বেগবান্ বাণ অপেক্ষাও দ্রুতবেগে গমন করিতে লাগিলেন ॥ ৭০ ॥

দূর হইতে পিতাকে বেত্র লইয়া অতি দ্রুতবেগে আসিতে, দেখিয়া বিশ্বম্ভর অত্যন্ত ভয় পাইয়া পলায়ন করিতে লাগিলেন, কিন্তু মিশ্র তাঁহার পশ্চাৎ পশ্চাৎ

এতন্ময়া স্বপ্নে বিচিত্রং সমবেক্ষিতং, বিচারয়ত তদ্যূয়ং শুভং বা যদি বাশুভম্ ॥ ৭৮ ॥

এতদ্বচো মিশ্রপুরন্দরস্য শ্রুত্বোচুরেতে সুখচিত্রমগ্নাঃ।
মিশ্রেন্দ্র! মা চিন্তয় তে তনূজো বিশ্বম্ভরো বিশ্ব-বিলক্ষণোহয়ম্ ॥৭৯॥

এবং বান্ধববর্গ-বারিদঘটা-বাগ্বারিধারাব্রজৈঃ
সিক্তো মিশ্রপুরন্দর-ক্ষিতিরুহো দূরাস্তশঙ্কারজাঃ (৭৫)।
প্রত্যঙ্গ-প্রতিভাত-পুণ্য (৭৬) পুলকপ্ররোম-পত্রাঙ্কুরঃ
শ্রীমান্ মোদমধুলিকাতিমধুরং (৭৭) পুষ্পং মনো (৭৮) হ্যধাৎস্ফুটম্ ॥৮০॥

(৭৫) দূরে অস্তং ক্ষিপ্তং শঙ্কারূপং রজো যেন, (৭৬) পুণ্যেতি চারু ইত্যর্থঃ, (৭৭) মোদ এব মধুলিকা মধু তেন মধুরম্, (৭৮) মন এব পুষ্পম্ ॥ ৮০ ॥

দিতে ও পালন করিতে হইবেই। অন্যথা আমার পক্ষে অন্যায় হইবে। আমার এইবাক্যে তিনি আনন্দ-সমুদ্রে মগ্ন হইয়া সহাস্যবদনে অন্তর্হিত হইলেন ॥ ৭৭ ॥

আমি স্বপ্নে এই বিচিত্র ব্যাপার অবলোকন করিয়াছি। তাহা শুভ কি অশুভ ইহা আপনারা বিচার করুন ॥ ৭৮ ॥

মিশ্রপুরন্দরের এইকথা শ্রবণ করিয়া তাঁহারা সুখে ও বিস্ময়ে মগ্ন হইয়া উত্তর করিলেন—মিশ্রেন্দ্র! চিন্তা করিও না। তোমার এই পুত্র বিশ্বম্ভর বিশ্ব-বিলক্ষণ অর্থাৎ অসাধারণ ॥ ৭৯ ॥

এইপ্রকারে মিশ্রপুরন্দররূপ বৃক্ষ, বান্ধবগণরূপ বারিদগণের বাক্যরূপ জলধারা সমূহের দ্বারা সিক্ত হওয়ায় তাহার শঙ্কারূপ রজ দূরীভূত হইল। তাহার প্রতিঅঙ্গে সুন্দর আনন্দজনিত রোমাঞ্চরূপ পত্রাঙ্কুর প্রকাশিত হইল এবং তিনি শোভাময় হইয়া আনন্দরূপ মধুদ্বারা অতিমধুর মনরূপ প্রস্ফুটিত পুষ্প ধারণ করিলেন ॥ ৮০ ॥

তদেবং বন্ধু-সংহত্যা সংহত্যা—(ক) লাপং মিশ্রপ্রধানে বিদধানে বিদলিত-তামরস-বদনেন(৭৯)রসবদনেনসাং চক্ষুঃ কুর্ব্বাণেন (৮০) শ্রীবিশ্বরূপেণ তত্রোপতস্থে। তঞ্চালোক্য বন্ধবো মিশ্রমূচুঃ ॥ ৮১ ॥

মিশ্র-প্রধান! তনয়স্তব বিশ্বরূপঃ
সৌন্দর্য্যভূন্নববয়ো (৮১) ঽলভটৈস রম্যম।
তস্মাদ্ বিশুদ্ধকুলজাং পরিমৃগ্য কন্যাং
কন্যাং বিবাহ-মহ (৮২) মস্য কুরুষ শীঘ্রম ॥ ৮২ ॥

বন্ধুনাং বচনং শ্রুত্বা বভাষে মিশ্রপুঙ্গবঃ।
শুভাশিষৈব ভবতামচিরেণ স সেৎস্যতি ॥ ৮৩ ॥

ততশ্চাবেক্ষ্য স্বপিতরং কৃতোদ্যমং স্বোপযমায় মনায়ত্তীকৃতমানসো (৮৩) অমান-সোম-শীতল-স্বভাবো (৮৪) বিশ্বরূপো বিমমর্শ ॥ ৮৪ ॥

(ক) বন্ধুসমূহেন সহ সংহত্য মিলিত্বা, (৭৯) স্ফুট-পদ্মমুখেন, (৮০) অনেনসাং নিষ্পাপানাং চক্ষুঃ রসবৎ সানন্দং কুর্ব্বাণেন ॥ ৮১ ॥

(৮১) নববয়ঃ নবযৌবনং, (৮২) বিবাহমহোৎসবং ॥ ৮২ ॥

(৮৩) মনেন যোগাঙ্গেন আয়ত্তীকৃতং মানসং যেন, (৮৪) অপরিমিত-চন্দ্রেভ্যঃ শীতল-স্বভাবঃ ॥ ৮৪ ॥

এইরূপে বন্ধুগণের সঙ্গে মিলিত হইয়া মিশ্রবর আলাপ করিতে লাগিলে প্রফুল্লকমলবদন শ্রীবিশ্বরূপ পুণ্যবান্‌দিগের নয়ন আনন্দিত করিতে করিতে সেখানে আসিয়া উপস্থিত হইলেন। তাঁহাকে দেখিয়া সুহৃদ্‌গণ মিশ্রকে বলিলেন ॥ ৮১ ॥

মিশ্রপ্রধান! তোমার এই পুত্র বিশ্বরূপ কমণীয় সৌন্দর্য্যযুক্ত নব-যৌবন প্রাপ্ত হইয়াছে। অতএব বিশুদ্ধ-কুলোদ্ভবা একটী সুন্দরী কন্যা অন্বেষণ করিয়া শীঘ্র ইঁহার বিবাহোৎসব সম্পাদন করুন ॥ ৮২ ॥

বন্ধুগণের কথা শুনিয়া মিশ্রবর বলিলেন—আপনাদের শুভাশীর্ব্বাদেই অচিরে তাহা সম্পন্ন হইবে ॥ ৮৩ ॥

হন্ত হন্তাধুনা মজ্জনকো মজ্জন-কোবিদৈর্ভবাব্ধৌ বন্ধুভিঃ প্রেরিতো মম পরিণয়মহসো যমহসেন্ধকায় (৮৫) যততে, ততোঽধুনৈব ময়া হিত্বা ভবনং বনং গন্তব্যং। মাতাপিতরৌ মা তাপিতরৌ (৮৬) যথা ভবেতাং, তথা জ্ঞাত-নয়েন তনয়েন কার্য্যম্ ॥ ৮৫ ॥

কৃতদারস্তু যদি প্রব্রজ্যামাচরেয়ং মাচরেয়ং (৮৭) তদা নিন্দিষ্যতি। ময়া চ চিরমত্রাবস্থাতুং ন পারয়িষ্যতে, দারয়িষ্যতে দারাদিভির্হি ধৈর্য্য-কবচস্তস্মাদদ্যৈব প্রব্রজেয়মিতি ॥ ৮৬ ॥

(৮৫) যমস্য হসো হাসস্তস্য ইন্ধকায় দীপকায়, তদ্বশীকরণ-হেতুত্বাৎ, (৮৬) আতাপিতরৌ অত্যন্ত-তাপবন্তৌ ॥ ৮৫ ॥

(৮৭) মা মাম্ ইয়ম্ অচরা অচলা পৃথিবী ॥ ৮৬ ॥

অনন্তর পিতাকে নিজ বিবাহের নিমিত্ত উদ্‌যোগী দেখিয়া অহিংসাদি যমের দ্বারা বশীকৃতচিত্ত এবং অগণিতচন্দ্র অপেক্ষাও অতি শীতল-স্বভাব বিশ্বরূপ বিচার করিতে লাগিলেন ॥ ৮৪ ॥

হায় হায়! সম্প্রতি আমার পিতা ভবসাগরে মজ্জনাভিজ্ঞ বন্ধুগণের দ্বারা প্রেরিত হইয়া যমরাজের হাস্যোদ্দীপক আমার বিবাহোৎসবের জন্য চেষ্টা করিতেছেন। অতএব আমার এখনই গৃহত্যাগ করিয়া বনে যাওয়া কর্ত্তব্য। মাতাপিতা যাহাতে অত্যন্ত তাপিত না হন নীতিজ্ঞপুত্রের তাহা করা উচিত ॥ ৮৫ ॥

দারপরিগ্রহ করিয়া যদি আমি সন্ন্যাস করি তাহা হইলে পৃথিবীস্থ সকল লোকেই আমাকে নিন্দা করিবে। অধিকন্তু আমি এখানে দীর্ঘকাল থাকিতে পারিব না। কেন না, পত্নী আমার ধৈর্য্যরূপ কবচ বিদীর্ণ করিবে। অতএব আজই আমি সন্ন্যাস গ্রহণ করিব ॥ ৮৬ ॥

তদেবং পররাত্রে পররাত্রেশ্বরেণ (৮৮) তেন কঞ্চিৎ প্রতি কিমপি নোক্ত্বা গৃহাদিকং বিহায় বিহায়সেব দ্রুতং গত্বা কচিৎ সংন্যাসাশ্রমোঽঙ্গীচক্রে শ্রীশঙ্করারণ্য ইত্যাখ্যা চ ॥ ৮৭ ॥

যস্মিন্নেব দিনে লভেত মনুজো বৈরাগ্যমাত্মাদিকে (৮৯)
তস্মিন্নেব বিহায় ধাম ভগবৎসেবাকৃতে প্রব্রজেৎ।
নাপেক্ষাস্তি তথাবিধস্য সুজনস্যর্ণত্রয়াপাকৃতা-
বেতজ্জ্ঞাপয়িতুং বিবাহমহহাকৃত্বৈব স প্রাব্রজৎ ॥ ৮৮ ॥

গতে চ তস্মিন্ শচী—জগন্নাথয়োর্যাদৃশী ব্যথাঽজনি, তদ্বর্ণনে নাস্তি সুখমিত্যুপরম্যতে। তৌ চাতিকাতরাবালোক্য শ্রীবিশ্বম্ভর উবাচ—॥ ৮৯ ॥

(৮৮) পররাত্রা পরস্য শ্রেষ্ঠবস্তুনো ভক্ত্যাখ্যস্য পরমেশ্বরস্য বা রাত্রা দাত্রা ॥ ৮৭ ॥
(৮৯) আত্মাদিকে দেহাদৌ. তথাচ শ্রুতিঃ—যদহরেব বিরজেত্তদহরেব প্রব্রজেৎ. যদিবেতরথা গৃহাদেব প্রব্রজেদিতি ॥ ৮৮ ॥

এইরূপ বিচার করিয়া রাত্রির শেষভাগে প্রেমভক্তিরূপ শ্রেষ্ঠবস্তুদাতা ঈশ্বর বিশ্বরূপ কাহারও নিকট কোনও কথা না বলিয়া গৃহাদি পরিত্যাগ পূর্ব্বক বিহঙ্গমের ন্যায় দ্রুতবেগে প্রস্থান করিলেন এবং কোনও একস্থানে সন্ন্যাসাশ্রম অঙ্গীকার করতঃ শ্রীশঙ্করারণ্য নাম গ্রহণ করিলেন ॥ ৮৭ ॥

যে দিনই মানব দেহাদি বিষয়ে বৈরাগ্যলাভ করিবেন, সেই দিনই তিনি গৃহ পরিত্যাগপূর্ব্বক ভগবৎ সেবার নিমিত্ত সন্ন্যাস গ্রহণ করিবেন। এইরূপ সুজনের ঋণত্রয় (দেবঋণ, ঋষিঋণ ও পিতৃঋণ) পরিশোধে কোনও অপেক্ষা থাকে না। ইহা জানাইবার জন্য বিশ্বরূপ বিবাহ না করিয়াই সন্ন্যাস অবলম্বন করিয়া-ছিলেন ॥ ৮৮ ॥

বিশ্বরূপ চলিয়া গেলে শচী ও জগন্নাথের যেপ্রকার দুঃখ জন্মিয়াছিল, তাহার বর্ণনায় কোনও সুখ নাই। এই জন্য আমি তাহা হইতে বিরত হইতেছি। তাহাদিগকে অত্যন্ত কাতর দেখিয়া শ্রীবিশ্বম্ভর বলিলেন ॥ ৮৯ ॥

মাতঃ পিতর্নন্নু যুবাং কুরুতং ন শোকং
শোচ্যো ন জাতু স ভবেৎ পুরুষাবতংসঃ।
সন্ন্যাস-ধর্ম্মমমলং বিদধজ্জনো যৎ
কোটিত্রয়ং খলু সমুদ্ধরতে কুলানাম্ ॥ ৯০ ॥

সেবাস্তু তত্রভবতোরিহ তদ্বিধেয়াং
কর্ত্তাস্মি বাঢ়মহমেব যথাত্মশক্তি।
চিন্তাং বিহায় তদমুষ্য ধ্রুবং সুসাধো-
রাশংসতং করুণয়াশ্রম-ধর্ম্মপূর্ত্তিম্ ॥ ৯১ ॥

এতদ্বাক্যং শ্রীল বিশ্বম্ভরস্য
শ্রুত্বা শ্রীমান্ মিশ্রবর্য্যঃ সভার্য্যঃ।
ক্রোড়ে কৃত্বালিঙ্গ্য তং দোর্দ্বয়েন
প্রীত্যম্ভোধৌ পারশূন্যে মমজ্জ ॥ ৯২ ॥

ইতীত্যাদি শ্রীগৌরলীলামৃতে শেষ পৌগণ্ড-বিলাসো নাম দশম আস্বাদঃ ॥

হে মাতঃ! হে পিতঃ! আপনারা শোক করিবেন না। সেই পুরুষশ্রেষ্ঠ কখনও শোকের বিষয় নহেন। কেন না, যে ব্যক্তি নির্ম্মল সন্ন্যাসধর্ম্ম অঙ্গীকার করেন, তিনি নিশ্চিত তিন কোটি কুলকে উদ্ধার করিয়া থাকেন ॥ ৯০ ॥

সংসারে থাকিয়া আমি নিজ শক্তি অনুসারে তাঁহার কর্ত্তব্য আপনাদের সেবা করিব। অতএব আপনারা সেই সাধুর চিন্তা পরিত্যাগ করিয়া কৃপা করতঃ তাঁহার আশ্রমধর্ম্মের পরিপূর্ণতা কামনা করুন ॥ ৯১ ॥

শ্রীবিশ্বম্ভরের এই বাক্য শ্রবণ করিয়া ভার্য্যার সহিত শ্রীমান্ মিশ্রবর তাহাকে কোলে লইয়া বাহুযুগলের দ্বারা আলিঙ্গন করতঃ অপার প্রেমানন্দ-সাগরে মগ্ন হইলেন ॥ ৯২ ॥

ইতীত্যাদি শ্রীগৌরলীলামৃতে শেষ গৌগণ্ড বিলাস নামক দশম আস্বাদ ॥

একাদশ আস্বাদঃ

তদেবং সপ্তম্যাং সমায়াং (১) সমাপ্তায়ামষ্টম্যাং স্পষ্টমায়াং (২) তস্যাং "নাতিদীর্ঘেণ কালেন স কার্ষ্ণী রূঢ়যৌবন" ইতি শ্রীভাগবতোক্তদিশা [১০।৫৫।৯] তস্য কৈশোরং বয়ঃ প্রববৃতে ॥ ১ ॥

মহাবিভূতির্বলবান্মহীক্ষিৎ
পরস্য রাজ্ঞো বিষয়েঽধিকারম্।
করোতি যদ্বৎ কুরুতেস্ম তদ্বৎ
পৌগণ্ডমধ্যেঽপি বিভোর্বয়স্তৎ ॥ ২ ॥

সদ্যো বিখণ্ডিত-সুবর্ণসমানশোভাং
রোমাবলি-সমুদয়োদ্ধুরস্থলীকম্।
নেত্রান্ত-কিঞ্চিদুদিতোরুম-শোণভাবং
কৈশোরমস্য নবমাত্মনি চিন্তয়ামি ॥ ৩ ॥

(১) বৎসরে, (২) স্পষ্টা মা শোভা যস্যাস্তস্যাং দৃশ্যাং সত্যাং ॥ ১ ॥

এইরূপে সপ্তম বৎসর সমাপ্ত হইলে এবং অষ্টম বৎসর স্পষ্টশোভা সম্পন্ন হইয়া উপস্থিত হইলে—"সেই কৃষ্ণনন্দন প্রদ্যুম্নের যৌবন উদ্গত হইয়াছিল"—শ্রীমদ্ভাগবত কথিত এই প্রক্রিয়া অনুসারে অচিরকাল মধ্যে শ্রীবিশ্বম্ভরের কৈশোর বয়স প্রবৃত্ত হইল ॥ ১ ॥

মহা-বৈভব সম্পন্ন বলবান্ নৃপতি যেমন অন্য রাজার বিষয়ে অধিকার স্থাপন করে, সেইরূপ সেই কৈশোর বয়সও প্রভুর পৌগণ্ড মধ্যেই অধিকার বিস্তার করিয়াছিল ॥ ২ ॥

তখন সদ্যো বিদীর্ণ সুবর্ণের ন্যায় তাহার শোভা, বক্ষঃ স্থলে রোমাবলির প্রকাশ এবং নয়ন প্রান্তে সুন্দর রক্তিমা ঈষৎ উদিত হইয়াছিল। আমি তাঁহার এই নবীন কৈশোর হৃদয়ে চিন্তা করি ॥ ৩ ॥

প্রথিম্নতী নেত্র-চকোর-সংহতিং
বপুষ্মতাং তাপসমূহ-হারিণী।
নবীন-কৈশোর-শরৎসমাগমে
বপুশ্ছটা গৌরবিধুরবর্দ্ধত ॥ ৪ ॥

প্রত্যগ্র-কৈশোরবয়ঃ পয়োধরে
লাবণ্যকীলালচয়ং প্রবর্ষতি।
কেদারিকায়াং (৩) মুদভূদুরস্থলে
রোমালি-শষ্পাঙ্কুর-লেখিকা প্রভোঃ ॥ ৫ ॥

তদাস্য চৈক্কণ্যভৃতোর্বলক্ষয়ো-
র্দৃগন্তয়োঃ কশ্চন শোণিমোদগাৎ।
উপক্রমে পাকবিধের্যথা ভবেন্
মনোহরে দাড়িমবীজমণ্ডলে ॥ ৬ ॥

উপক্রমেণোপচয়স্য দোষ্ণোঃ
স্বসন্নিধৌ সংস্থিতয়োস্তদাস্য।
ক্রমেণ মধ্যং খলু রাগিচেল-
প্রসঙ্গতঃ কার্শ্যমবাপ (৪) শঙ্কে ॥ ৭ ॥

(৩) স্বল্পক্ষেত্রে ॥ ৫ ॥
(৪) অন্যোঽপি অধমবাগিজনসঙ্গাৎ স্বনিকটস্থস্য বৃদ্ধ্যা কার্শ্যমাপ্নোতি ॥ ৭ ॥

নবীন কৈশোররূপ শরতের সমাগমে গৌরবিধুর অঙ্গচ্ছটা নয়নরূপ চকোর সমূহের আনন্দ বিধান ও শরীরধারী জীবগনের তাপসকল হরণ করিয়া বর্দ্ধিত হইয়াছিল ॥ ৪ ॥

নবীন কৈশোর বয়সরূপ জলধর লাবণ্যরূপ জলরাশি বর্ষণ করিতে লাগিলে প্রভুর বক্ষঃস্থলরূপ ক্ষেত্রে রোমাবলীরূপ তৃণাঙ্কুর সমূহ উৎপন্ন হইয়াছিল ॥ ৫ ॥

পরিপক্ক হইবার উপক্রমে সুন্দর দাড়িম্ববীজ শ্রেণীতে যেমন রক্তিমার উদয় হয়, সেইরূপ গৌরের সুচিক্কণ শ্বেতবর্ণ নয়নপ্রান্তে অনির্ব্বচনীয় রক্তিমার উদয় হইয়াছিল ॥ ৬ ॥

বক্ষঃস্থলং হারি (৫) যদস্য মাংসং
মধ্যস্য জহ্রে ভবতূচিতং তৎ।
উদারতাভাগপি (৬) সক্থিযুগ্মং
জহার যত্তদ্রুদতীব চিত্রম্ ॥ ৮ ॥

তদেবমস্টমমস্টমম (৭) বলোক্য সুতস্য পরমায়ুষো হায়নং মহায়নং (৮) মহায়নং মহাকুতুকী মিশ্রবরঃ সবিতরি বিতরিতুমুদ্যতে মঙ্গলমঙ্গলক্ষ্মীপূর্ণে ক্ষপাপতাবপাপতা-বলিতে সর্ব্বসুরাজীবে জীবে হেয়তারহিতে হিতে সর্ব্বশুভোল্লাসময়ে সময়ে তস্যোপ-নয়নং নয়নন্দিত-জনবারো নবারোহ-পুলকাঙ্কুরঃ (৯) সমারেভে ॥ ৯ ॥

ন বন্ধুরাসীৎ ক্ষিতিমণ্ডলে তদা
স মিশ্রবর্য্যেণ ন যো নিমন্ত্রিতঃ।
নিমন্ত্রণং তচ্চ ন চাচকর্ষ যৎ
সমস্তবন্ধূন্ তদালয়ং প্রতি ॥ ১০ ॥

(৫) হারবৎ অথচ হরণশীলম্, (৬) মহৎ অথচ দাতৃতাযুক্তম্, তৎ মাং সম্ ॥ ৮ ॥
(৭) অষ্টা ব্যাপ্ত্যা মা শোভা যস্য তৎ, [অশূ ব্যাপ্তৌ]। (৮) মহোৎসবপ্রাপকম্। (৯) নবারোহাঃ পুলকাঙ্কুরা যস্য ॥ ৯ ॥

এ জগতে নিকৃষ্ট বিষয়াভিলাষী ব্যক্তির সঙ্গে অন্য ব্যক্তিও যেমন নিজের নিকটবর্ত্তী কোনও লোকের শ্রীবৃদ্ধিতে স্বয়ং কৃশতাপ্রাপ্ত হয়, সেইরূপ তখন নিজ নিকটস্থিত বিশ্বম্ভরের বাহুদ্বয় বৃদ্ধি পাইতে আরম্ভ করিলে মনে হয়, তাহার মধ্যদেশ অধমরাগিজন সম্পর্কে (অথবা রক্তবর্ণ বস্ত্র সম্পর্কে) ক্রমে ক্রমে ক্ষীণতাপ্রাপ্ত হইয়াছিল ॥ ৭ ॥

তাঁহার মনোহর অথবা অপহরণশীল বা হারযুক্ত বক্ষঃস্থল যে কটিদেশের মাংস হরণ করিয়াছিল, তাহা সমুচিত হইতে পারে, কিন্তু উদার হইয়া উরুদ্বয় যে কটিদেশের মাংস হরণ করিয়াছিল, তাহা অতিশয় বিচিত্র ॥ ৮ ॥

এইরূপে পরম আয়ুষ্মান পুত্রের অতিশয় শোভাসম্পন্ন-আনন্দপ্রদ-অষ্টমবর্ষ দর্শন করিয়া মিশ্রবর মহানন্দে—সূর্য্যদেব মঙ্গলদানে উদ্যত হইলে, চন্দ্র সকলকলার শোভায় পূর্ণ হইলে, সকল দেবতাগণের আশ্রয়স্বরূপ আকাশ নির্দ্দোষ হইলে

দ্বারং দ্বারং প্রতি সমভবন্মিশ্রবর্য্যস্য গীতং
গীতং গীতং প্রতি বহুবিধং বাদ্যমুদ্বুদ্ধমাসীৎ।
বাদ্যং বাদ্যং প্রতি নটগণৈঃ কল্পিতং নৃত্যমগ্র্যং
নৃত্যং নৃত্যং প্রতি মতিহরা ব্যঞ্জকা (১০) ব্যক্তিমাপুঃ ॥১১॥

তদা চ শ্রীমন্মিশ্রোরসেন (১১) রসেন রসেন স্নানাদিকং বিধায় বিবিধায়-(১২) বিধান-পূর্ব্বকং পিতৃদিবিষদো বিষদোজ্জ্বল (১৩)-গন্ধপুষ্পাদিভিরর্চ্চয়িত্বা তনূনপাত্য-নূনপাত্যমলাজ্যেন (১৪) হোমমহো মমতার্দ্রহৃদয়েন চক্রে, যেন চক্রে বিঘ্নানাং দণ্ডো ন্যপাতি (ক) ॥ ১২ ॥

(১০) মনোহরা অভিনয়াঃ ॥ ১১ ॥

(১১) মিশ্র-প্রধানেন, (১২) অয়ঃ শুভাবহো বিধিঃ, (১৩) শুক্লঃ, (১৪) বহ্নৌ অনূনং, পতিতুং শীলং যস্য তেন বিমলঘৃতেন, (ক) যেন হোম-মহেন বিঘ্নানাং সমূহে দণ্ডো ন্যপাতি ॥ ১২ ॥

হেয়তাবর্জ্জিত ও মঙ্গলময় গুরুবারে সর্ব্বশুভোদয়যুক্ত সময়ে জনবৃন্দকে যথানিয়মে আনন্দিত করতঃ নবোদ্গত পুলকাবলী ভূষিত হইয়া তাঁহার উপনয়ন কার্য্য আরম্ভ করিয়াছিলেন ॥ ৯ ॥

তখন পৃথিবীতে এমন কোন বন্ধু ছিলেন না, যিনি মিশ্রবর কর্ত্তৃক নিমন্ত্রিত হন নাই এবং সেইরূপ নিমন্ত্রণ হইয়াছিল না যাহাতে সমস্ত বন্ধুবর্গকে তাঁহার গৃহাভিমুখে আকর্ষণ না করিয়াছিল ॥ ১০ ॥

তখন মিশ্রবরের প্রতিদ্বারে মঙ্গলগীত হইতেছিল। প্রতিগীতের সঙ্গে সঙ্গে বহুবিধ বাদ্য বাজিতেছিল। প্রত্যেক বাদ্যের সঙ্গে সঙ্গে নটগণ অতি সুন্দর নৃত্য করিতেছিল এবং প্রত্যেক নৃত্যের সঙ্গে সঙ্গে মনোহর অভিনয় প্রকাশ পাইতেছিল ॥ ১১ ॥

তখন শ্রীমান্ মিশ্রবর আনন্দে জলের দ্বারা স্নানাদি করিয়া নানাপ্রকার শুভবিধি বিধান পূর্ব্বক শ্বেতবর্ণ উজ্জ্বল গন্ধ পুষ্পাদিদ্বারা পিতৃপুরুষ ও দেবতাগণের অর্চ্চনা করিলেন এবং মমতার্দ্র-হৃদয়ে অগ্নিতে প্রচুর পরিমাণ নির্ম্মল ঘৃতেরদ্বারা হোমক্রিয়া সম্পন্ন করিলেন যে মহোৎসবের দ্বারা তিনি বিঘ্নসমূহের উপর দণ্ড নিপাতিত করিয়াছিলেন ॥ ১২ ॥

তদা প্রভোর্মিশ্রপুরন্দরার্পিতা
ররাজ মধ্যে বত মুঞ্জমেখলা।
পয়োম্বুধের্মন্থনদণ্ডমন্দরং
প্রবেষ্টয়ন্ বাসুকি-নাগরাড়িব ॥ ১৩ ॥

সমর্পিতং তেন তদোপবীতং
সিতং প্রভোর্বক্ষসি সংররাজ।
উরস্যুমেশস্য বিভূতিশূন্যে (১৫)
যথাধিপো ভাতি ভুজঙ্গমানাম্ ॥ ১৪ ॥

অথ মিশ্রাখণ্ডলোঽখণ্ড-লোত্রধারাবিলোরা (১৬) বিলোক্য সুতস্য শোভাং দ্বিজানাং স্বতেজসাঽবিত্রীং সাবিত্রীং তমজিগ্রহদাগ্রহদারিদ্র্যবিধুরো (১৭) বিধু-রোচিষ্ণু বদনম্ ॥ ১৫ ॥

সাবিত্র্যাং তেন লব্ধায়াং তেজস্তস্যোদগাদ্ভৃশম্।
মধ্যাহ্নবেলা-সম্বন্ধে নায়কস্যেব (১৮) রোচিষ ম্ ॥ ১৬ ॥

(১৫) বিভূতিশূন্য ইতি গৌণত্বম্ ॥ ১৪ ॥

(১৬) অথগুনেত্রপ্রবাহেণ আবিলম্ উরো বক্ষঃ যস্য, (১৭) আগ্রহ-দারিদ্র্যেণ বিধুরোঃ বিকলঃ, আগ্রহযুক্ত ইত্যর্থঃ ॥ ১৫ ॥

ক্ষীর সমুদ্রের মন্থনদণ্ড মন্দর পর্ব্বতকে বেষ্টন করিয়া নাগরাজ বাসুকি যেমন শোভা পাইয়াছিলেন, মিশ্রপুরন্দর কর্ত্তৃক প্রভুর কটিদেশে অর্পিত মুঞ্জমেখলা তখন সেইরূপ শোভা পাইতেছিল ॥ ১৩ ॥

মহাদেবের ভস্মরহিত বক্ষঃস্থলে সর্পরাজ যেরূপ শোভা পান, মিশ্রবর কর্ত্তৃক প্রভুর বক্ষঃস্থলে প্রদত্ত শুক্লযজ্ঞোপবীত তখন সেইরূপ শোভা পাইতেছিল ॥ ১৪ ॥

অনন্তর মিশ্রেন্দ্র নয়নজলের অজস্রধারায় বক্ষঃস্থল প্লাবিত করিয়া পুত্রের শোভা দর্শন করতঃ পরম আগ্রহভরে চন্দ্র অপেক্ষাও অতি সুন্দর বদন বিশ্বম্ভরকে নিজ প্রভাবে দ্বিজগণের রক্ষাকর্ত্রী সাবিত্রী গ্রহণ করাইয়াছিলেন ॥ ১৫ ॥

তস্যাবলোক্য বিলক্ষাণি (১৯) লক্ষাণি লোকানাং পরামমৃশুঃ—কিময়ং সনন্দনো নন্দনো বিধাতু, র্জাতবেদা (২০) বা বেদাবাহিতো হিতো দ্বিজানাং, দিবাকরো বা করেণ দ্রাবিততমা বিতত-মাহাত্ম্যো ভবতি, যদীদৃশং তেজো মানবেঽমান-বেদবিজ্ঞে (২১) ঽপি ন দৃশ্যতে। শ্রূয়তে যথা বামনস্য মনস্যতিবিস্ময়াবহমহো মহোঽস্যাপি তথেক্ষ্যতে, ততঃ কিংবা স এবায়মিতি ॥ ১৭ ॥

অথ মিশ্রনাগো যাগোচিতং বৈণবং নবং দণ্ডমপি গ্রাহয়ামাস তেন।

রক্তাংশুকাঙ্গঃ কুশজাতশোভি-
হস্তোল্লসদ্দণ্ড-নিষেব্যমাণঃ।
মুষ্ণন্নশেষামর-সর্ব্বতেজো
গৌরস্তদা ভানুরিব ব্যরাজৎ ॥ ১৮ ॥

(১৮) সূর্য্যস্যেব ॥ ১৬ ॥

(১৯) বিস্ময়যুক্তানি, (২০) অগ্নিঃ, (২১) অপবিমিতবেদজ্ঞেঽপি ॥ ১৭ ॥

মধ্যাহ্নবেলার সম্বন্ধপ্রাপ্ত হইয়া প্রভাকর সূর্য্যের তেজঃ যেমন অত্যন্ত বৃদ্ধি-পায়, প্রভু সাবিত্রীলাভ করিলে তাঁহার তেজও সেইরূপ অতিশয় প্রকাশ পাইয়াছিল ॥ ১৬ ॥

তাহা দেখিয়া লক্ষ লক্ষ লোক বিস্মিত হইয়া বিচার করিতে লাগিল—ইনি কি ব্রহ্মারপুত্র সনন্দন অথবা বেদে উপস্থাপিত ব্রাহ্মণগণের হিতকারী জাতবেদা অগ্নি কিম্বা রশ্মিদ্বারা অন্ধকারনাশী বিস্তৃত মাহাত্ম্যশালী দিবাকর? কারণ, এবম্বিধ তেজঃ কখনও অসীম বেদজ্ঞ মানবেও দেখা যায় না। অহো! মনের অতি বিস্ময়াবহ বামনদেবের তেজের কথা যেরূপ শুনিতে পাওয়া যায়, ইঁহার তেজও সেইরূপ দেখিতেছি। সুতরাং ইনি সেই বামনই হইবেন ॥ ১৭ ॥

অনন্তর মিশ্রবর তাঁহাকে যাগোচিত নূতন বেণুদণ্ডও প্রদান করিয়াছিলেন। অঙ্গে রক্তাংশুকধারী (রক্তবসনধারী) হস্তে কুশশ্রেণী শোভিত সুন্দর দন্তযুক্ত গৌর তখন ব্রাহ্মণের সমস্ত তেজঃ বিকীরণ করিতে করিতে রক্তাংশুক (রক্তবর্ণ-কিরণশালী)

ততো গৃহীত-দণ্ডপাত্রো ভগবান্ মাতরং যযাচে—ভিক্ষাং দেহি জননি! দেহিজন-নির্মঞ্ছনীয়-চরণে ইব।

ধনাধ্যক্ষো ভৃত্যো বসতিরপি রত্নাকরচয়ঃ
সমস্তশ্রীমূলং ভবতি কমলা যস্য গৃহিণী।
অহো ভাগ্যং শচ্যা ভবতি নহি বেত্তুং স ভগবান্
স্বয়ং যস্যাং ভিক্ষামকুরুত মহাপ্রেমবিবশঃ ॥ ১৯ ॥

সা তৎ সুতস্য বচনং পরিপীয় নেত্র-
পদ্ম-ক্ষরৎসলিলবিন্দুকরাম্বতাস্যা।
সদ্রত্ন-ভক্ষ্য-খচিতং পরিগৃহ্য পাত্রং
তস্মৈ দদে প্রথমমেব সুখেন ভিক্ষাম্ ॥ ২০ ॥

ততশ্চ মাতৃবৃন্দ-পিতৃবন্ধুপ্রমুখেষু লব্ধসুখেষু সকলজনেষু ভিক্ষাং দদানেষু গঙ্গাভক্তি-রসক্ষীবো (২২) রম্ভাতরুবিক্রয়াজীবো ধনসম্পর্কশূন্যধামা শ্রীধরনামা ব্রাহ্মণো মনসেদং পরামমর্শ ॥ ২১ ॥

(২২) ক্ষীবো মত্তঃ ॥ ২১ ॥

কুশশোভিত হস্ত, সুন্দর দন্তবিশিষ্ট এবং অনন্ত দেবতাগণের প্রতি সমস্ত তেজো-মোচনকারী সূর্য্যের ন্যায় বিরাজ করিতে লাগিলেন ॥ ১৮ ॥

অতঃপর দণ্ড ও ভিক্ষাপাত্র গ্রহন করিয়া ভগবান্ জননীর নিকট গিয়া যাচ্ঞা করিলেন—"হে জননি! আপনার চরণ দেহধারী জনবৃন্দের বন্দনীয়। আপনি আমাকে ভিক্ষাদান করুন।" ভৃত্য যাঁহার ধনাধ্যক্ষ কুবের, সমস্ত রত্নাকর সমূহ যাঁহার বসতিস্থল, সমস্ত সম্পদের মূল কমলা যাঁহার গৃহিণী. সই ভগবান অত্যন্ত প্রেমাধীন হইয়া স্বয়ং যাঁহার নিকট ভিক্ষা করিয়াছিলেন, সেই শচীদেবীর ভাগ্য কাহারও বোধগম্য নহে ॥ ১৯ ॥

পুত্রের সেই বচনামৃত পান করিয়া শচীদেবীর নয়নকমল হইতে ক্ষরিত জলবিন্দুসমূহের দ্বারা তাঁহার বদন সিক্ত হইল। তিনি উত্তমরত্ন ও ভক্ষ্যদ্রব্যযুক্ত পাত্র গ্রহন করিয়া প্রথমেই তাঁহাকে সুখে ভিক্ষাদান করিলেন ॥ ২০ ॥

সাবিত্রদীক্ষা-মহসি প্রবৃত্তে, গৌরায় ভিক্ষাং দদতেঽস্য সর্ব্বে।
অহন্তু দাস্যাম্যতিমন্দভাগ্যঃ, ক্রূরেণ ধাত্রা বত বঞ্চিতঃ কিম্?॥ ২২ ॥

কিং করবৈ, রবৈরমীভির্জনানামাকারিতো (২৩) হারিতোহাদরো (২৪) গেহান্তরে হান্তরেণ তত্র গমনমবস্থাতুং ন পারয়াম্য পার-যাম্য-যাতনাস্থান (২৫) ইবেতি বিভাব্য বিভাব্যয়-ম্লানবদনো দীর্ঘং নিঃশ্বস্য গৃহং প্রবিশ্য জরাজীর্ণগাত্রং গুবাকফলমেকমাত্রং প্রাপ্যাদায় তত্র প্রস্থায় প্রবিশ্য বাটীং দৃষ্ট্বা ভিক্ষা পরিপাটীং নম্রীকৃতাস্যঃ সর্ব্বপশ্চাদ্ বিহিতাস্থঃ (২৬) তস্থৌ ॥ ২৩ ॥

তঞ্চ দৃষ্ট্বা বিশ্বম্ভরঃ কৃতকরুণাভরঃ কঞ্চন সখায়ং তদানায়ং কর্ত্তুমাদিদেশ। তেন চানীতং লজ্জাজালবীতং শ্রীধরনামানং প্রভুরুবাচ সমানম্—॥ ২৪ ॥

(২৩) আকারিতঃ আহূতঃ, (২৪) হারিত উহস্য বিতর্কস্যাদরো যেন সঃ; (২৫) পারশূন্য-যম সম্বন্ধিযাতনাস্থানে নরকে ইত্যর্থঃ। (২৬) সর্ব্বেষাং পশ্চাদ্ বিহিতা আস্থা স্থিতির্যেন সঃ ॥ ২৩ ॥

অনন্তর মাতৃবর্গ পিতা ও তাঁহার বন্ধুগণ প্রভৃতি সকল ব্যক্তি সুখভরে ভিক্ষা প্রদান করিলে গঙ্গাভক্তিরসোন্মত্ত, কদলীবৃক্ষ বিক্রয়ের দ্বারা জীবিকা নির্ব্বাহকারী ধন সম্পর্ক শূন্যগৃহ (যাহার গৃহে ধনের সম্বন্ধও নাই) শ্রীধর নামক একজন ব্রাহ্মণ মনে মনে চিন্তা করিতে লাগিলেন ॥ ২১ ॥

আজ সাবিত্রী দীক্ষা উৎসবে গৌরকে সকলেই ভিক্ষা দিতেছেন। নিষ্ঠুর বিধাতা কর্ত্তৃক বঞ্চিত অতি মন্দভাগ্য আমি কি দান করিব ? ॥ ২২ ॥

কি করি ? ঐ সকল লোকের কণ্ঠস্বরে আহুত হইয়া আমি বিচারে আদর হারাইয়াছি অর্থাৎ বিচারশূন্য হইয়াছি। গৃহ এখন আমার নিকট অসীম যম-যাতনা স্থান নরকের ন্যায় বোধ হইতেছে, আমি সেখানে না গিয়া কিছুতেই গৃহমধ্যে অবস্থান করিতে পারিতেছি না—এইরূপ চিন্তা করতঃ ভাবী শুভকার্য্যের চিন্তায় মলিন বদনে দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ করিয়া গৃহে প্রবেশ করিলেন এবং জরাজীর্ণ গাত্র একটীমাত্র গুবাকু ফল পাইয়া তাহাই লইয়া চলিলেন। অনন্তর বিশ্বম্ভরের বাটীতে প্রবেশ করিয়া সেখানে ভিক্ষার পরিপাটি দেখিয়া বিনম্রবদনে সকলের পশ্চাতে অবস্থান করিতে লাগিলেন ॥ ২৩ ॥

অয়ে মধুরাশয় ভক্তিবশীকৃত—জহ্নুতনয়! সর্ব্ব এব জনাঃ সমানীত-নানাধনা মহ্যং ভিক্ষাং দদতি, ভবাংস্তুকিমিতি সর্ব্বপশ্চাৎ কৃতাগমস্তত্রা (২৭) বিহিতোদ্যমঃ সন্ বর্ত্ততে ॥ ২৫ ॥

সতু নম্রবদনো গদ্গদবচনো ললাপ—'সর্ব্বশুভাকর বিশ্বম্ভর! দরিদ্রতমেন দ্বিজাধমেন ময়া ভবতে কিং দাতুং শক্যং, কেবলং ভবদুপনয়-মহং (২৮) বিলোকয়িতুমহং সমাগতোঽস্মি ॥ ২৬ ॥

গৌরো জগাদ—'অয়ি বদ্ধমুষ্টিক! (২৯) পুষ্টিকরো মমামোদস্য তোদস্য (৩০) নোদকঃ কশ্চিদর্থো ভবত্যস্তি, তং কথং ন দদাতি'? স পুনরুবাচ—'বিশ্বম্ভর! ন কঞ্চনার্থমহং ধারয়ামি বিধ্বস্তমুদ্বেগমুদ্বেগমেকমন্তরেণ' (৩১) ॥ ২৭ ॥

(২৭) তত্র ভিক্ষাদানে ॥ ২৫ ॥

(২৮) উপনয়নোৎসবং ॥ ২৬ ॥

(২৯) কৃপণ, (৩০) ব্যথায়াঃ খণ্ডক! (৩১) বিধ্বস্তো মুদ আনন্দস্য বেগো যেন, উদ্বেগং উদ্বিগ্নতাং গুবাকং বা ॥ ২৭ ॥

বিশ্বম্ভর তাঁহাকে দেখিয়া করুণাভরে কোন একজন সখাকে তাঁহাকে আনিবার জন্য আদেশ করিলেন। তিনি তাঁহাকে লইয়া আসিলে প্রভু সাদরে অতিলজ্জিত শ্রীধরকে বলিলেন ॥ ২৪ ॥

"ওহে মধুরাশয়! তুমি ভক্তিদ্বারা জাহ্নবীকে বশীভূত করিয়াছ। সকল লোকেই নানাপ্রকার ধন আনিয়া আমাকে ভিক্ষা দিতেছে। তুমি কেন সকলের পশ্চাতে আসিয়া ভিক্ষাদানে যত্ন না করিয়া অবস্থান করিতেছ?" ॥ ২৫ ॥

তখন শ্রীধর নম্রবদনে ও গদগদবচনে উত্তর করিলেন—হে সর্ব্বমঙ্গলময় বিশ্বম্ভর! আমি অতিদরিদ্র হীন ব্রাহ্মণাধম। আমার কি আপনাকে কিছু দিবার শক্তি আছে? আমি কেবল আপনার উপনয়ন মহোৎসব দেখিবার জন্য উপস্থিত হইয়াছি ॥ ২৬ ॥

বিশ্বম্ভরো বভাষে—'কৃপণাগ্রগণ্য! সত্যমালপস্যুদ্বেগং দধামীতি, কিন্তু মদকারকং (৩২) নপুংসকতা-ধারকং, নতু চিত্তাবসাদনং পুংলিঙ্গতাসদনম্ ॥ ২৮ ॥

তদেতদাকর্ণ্য বিস্ময়ানন্দমগ্নান্তরে ধরামরবরে দিবিষৎসু বিলোকয়ৎসু স্বয়মেব বিশ্বম্ভরঃ প্রসারিতকরস্তৎকরতো বলং প্রকাশ্য পূগফলং জগ্রাহ ॥ ২৯ ॥

তদেতদবলোক্য দেবা জগদুঃ—

অহো! দ্বিজস্যাস্য বিচিত্রমেতদ্
বোদ্ধুং ন শক্যং খলু ভাগধেয়ম্।
ন বর্ত্ততে যস্য বতোপমানং
বিনা সুদাম-দ্বিজভাগ্যমেকম্ ॥ ৩০ ॥

(৩২) সুখকারকং অথচ মত্ততাকরং ॥ ২৮ ॥

গৌর বলিলেন—হে বদ্ধমুষ্টিক! (কৃপণ, পক্ষে মুষ্টি বদ্ধ আছে) আমার আনন্দের পুষ্টিকর ও দুঃখভঞ্জক কোনও এক অপূর্ব্ব অর্থ তোমার নিকট আছে, তুমি তাহা দিতেছ না কেন? তাহা শুনিয়া শ্রীধর বলিলেন—বিশ্বম্ভর! আমার নিকট একমাত্র আনন্দবেগ-বিনাশক উদ্বেগ ভিন্ন আর কোন অর্থ নাই ॥ ২৭ ॥

বিশ্বম্ভর বলিলেন—কৃপণাগ্রগণ্য! "আমি উদ্বেগ ধারণ করিতেছি"—ইহা সত্য বলিতেছি। কিন্তু এ উদ্বেগ সুখকর বা মত্ততাকারক ও নপুংসকত্বধারী অর্থাৎ ক্লীবলিঙ্গ, পরন্তু চিত্তের অবসাদজনক ও পুংলিঙ্গত্বের আশ্রয় অর্থাৎ পুংলিঙ্গ উদ্বেগ নয় ॥ ২৮ ॥

প্রভুর এই কথা শুনিয়া বিপ্রবর শ্রীধর বিস্ময় ও আনন্দে মগ্নচিত্ত হইলে এবং দেবতাগণ অবলোকন করিতে থাকিলে বিশ্বম্ভর নিজেই কর প্রসারিত করিয়া তাহার হস্ত হইতে বলপূর্ব্বক গুবাক ফলটি গ্রহণ করিলেন ॥ ২৯ ॥

তদ্দর্শনে দেবগণ বলিতে লাগিলেন—অহো! এই ব্রাহ্মণের বিচিত্রভাগ্য বুঝিতে পারা যায় না। যাঁহার উপমান একমাত্র সুদামা বিপ্রের ভাগ্য ব্যতীত আর কোথায়ও নাই ॥ ৩০ ॥

উদ্দিশ্য যং জুহ্বতি হব্যমগ্নৌ, ভূমীসুরাঃ সোঽপি পতীরমায়াঃ।
গুবাকমেকং পরমাদরেণ, জগ্রাহ যস্যাস্য বিধি (৩৩) র্ন বেদ্যঃ॥ ৩১ ॥

তদেবং ভিক্ষা-গ্রহণেন সর্ব্বানেব জনাননুকম্প্য যথাবিধি কৃত্যশেষং সমাপিতবতি গৌরচন্দ্রে শ্রীমন্ মিশ্রপুরন্দরো দক্ষিণাদিভিরাচার্য্যমন্নাদিভির্দ্বিজাদীং-স্তোষয়ামাস ॥ ৩২ ॥

অথ সকলশাস্ত্র-প্রবর্ত্তকোঽপি লোকশিক্ষণ-ক্ষণকৃতে (৩৪) কৃতেচ্ছঃ শ্রীগৌরবিধুরবিধুর-ধর্ম্মাচরিতং (ক) শ্রীগঙ্গাদাস-পণ্ডিতং শাস্ত্রাধ্যয়নার্থমুপসসার সসার-বলিকরঃ (৩৫) ॥ ৩৩ ॥

যং বেদেষু পরাশরস্য তনয়ং ন্যায়েঽক্ষপাদং মুনিং (৩৬)
যোগে শ্রীলপতঞ্জলিং কণভুজং বৈশেষিকে দর্শনে।
মীমাংসামনু জৈমিনিঞ্চ কপিলং সাংখ্যে তথা পাণিনিং
সাক্ষাদ্ ব্যাকরণে বদন্তি ভরতং কাব্যেষু বিদ্বজ্জনাঃ॥ ৩৪ ॥

(৩৩) ভাগ্যং ॥ ৩১ ॥

(৩৪) লোকশিক্ষণমেব ক্ষণ উৎসবস্তস্য কৃতে তদর্থং, (ক) অবিকলং ধর্ম্মাচরিতং যস্য, (৩৫) সারেণ বলিনা উপহারেণ সহিতঃ করো যস্য ॥ ৩৩ ॥

(৩৬) অক্ষপাদং মুনিং গৌতমম্ ॥ ৩৪ ॥

যাঁহাকে উদ্দেশ্য করিয়া ব্রাহ্মণগণ অগ্নিতে আহুতি প্রদান করেন, সেই রমাপতি নারায়ণও পরমাদরে যাঁহার নিকট হইতে বলপূর্ব্বক একমাত্র গুবাক গ্রহণ করিলেন, তাঁহার ভাগ্য বুদ্ধির অগোচর ॥ ৩১ ॥

এইপ্রকারে ভিক্ষাগ্রহণের দ্বারা সকল মনুষ্যকে অনুকম্পা করিয়া গৌরচন্দ্র অবশিষ্ট কর্ম্ম যথাবিধি সম্পন্ন করিলে শ্রীমান্ মিশ্রপুরন্দর দক্ষিণাদিদ্বারা আচার্য্যকে এবং অন্নাদিদ্বারা ব্রাহ্মণগণকে সন্তুষ্ট করিয়াছিলেন ॥ ৩২ ॥

অনন্তর শ্রীগৌরচন্দ্র সকল শাস্ত্র প্রবর্ত্তক হইলেও লোকশিক্ষারূপ উৎসবের নিমিত্ত ইচ্ছুক হইয়া অবিকল ধর্ম্মাচরণকারী শ্রীগঙ্গাদাস পণ্ডিতের নিকট শাস্ত্র অধ্যয়নের জন্য উৎকৃষ্ট উপহার হস্তে লইয়া উপস্থিত হইলেন ॥ ৩৩ ॥

স চ যথাবিধিকৃতবন্দনং মিশ্র-নন্দনং নিবেদিতাভিপ্রায়ং দত্তপ্রীতিদায়ং সহাদরেণ স্নেহভরেণ স্বীকৃত্যাধ্যাপয়িতুমারেভে ॥ ৩৫ ॥

সকৃৎ সকৃদ্ গৌরবিধুর্গুরোর্মুখা-
দাকর্ণ্য শাস্ত্রাণি যদগ্রহীদসৌ।
ন তদ্বিচিত্রং যদমুং পুরাবিদঃ
সরস্বতীবল্লভমাচচক্ষিরে ॥ ৩৬ ॥

ব্যক্তিং সমৃচ্ছন্ত্যচলাদ্গুরো-(৩৭) র্হিতং
কর্ত্তুং জনেভ্যো জড়রূপ-ধারিণী (৩৮)।
বিদ্যাততির্গৌরহরিং যথা নদী-
ঘটা সমাপদ্যত যাদসাং নিধিম্ ॥ ৩৭ ॥

(৩৭) অচঞ্চলাদাচার্য্যাৎ পক্ষে মহতোঽচলাৎ পর্ব্বতাৎ (৩৮) বিদ্যা—পক্ষে অজড়েতিচ্ছেদঃ ॥ ৩৭ ॥

পণ্ডিতগণ যাঁহাকে বেদে পরাশরনন্দন বেদব্যাস, ন্যায়শাস্ত্রে অক্ষপাদ গৌতম মুনি, যোগে শ্রীপতঞ্জলি, বৈশেষিকদর্শনে কণাদ, মীমাংসাতে জৈমিনি, সাংখ্যে কপিল, ব্যাকরণে সাক্ষাৎ পাণিনি এবং কাব্যে ভরত বলিতেন ॥ ৩৪ ॥

মিশ্রনন্দন বিশ্বম্ভর তাঁহাকে যথাবিধি বন্দনা করিয়া নিজ অভিপ্রায় নিবেদন করিলে পণ্ডিত গঙ্গাদাস সাদরে তাঁহাকে প্রীতিদান করতঃ তাঁহার কথা স্বীকার করিয়া স্নেহভরে তাঁহাকে পড়াইতে আরম্ভ করিলেন ॥ ৩৫ ॥

গৌরবিধু গুরুর মুখ হইতে এক একবারমাত্র শুনিয়াই যে শাস্ত্রসকল ধারণা করিয়াছিলেন তাহা বিচিত্র নহে, কেননা, পুরাতত্ত্ববিৎ পণ্ডিতগণ তাঁহাকে সরস্বতী-পতি বলিয়াছেন ॥ ৩৬ ॥

মহাপর্ব্বত হইতে প্রকাশ লাভ করিয়া জনগণের হিতসাধনের নিমিত্ত জল-রূপধারিণী নদীশ্রেণী যেমন সমুদ্রে গিয়া মিলিত হয়, সেইরূপ ধীর স্বভাব গুরু হইতে প্রকাশপ্রাপ্ত হইয়া মানবগণের মঙ্গল করিবার জন্য চৈতন্যরূপধারী বিদ্যাসমূহ শ্রীগৌরহরিতে গিয়া উপস্থিত হইয়াছিল ॥ ৩৭ ॥

তদেবং বিদ্যাভ্যাস-দক্ষতয়াঽক্ষতয়া সেনয়া হিতানিব হিতানি বর্দ্ধয়ন্ত্যা সতীর্থান্ পরাভবদপরাভব-দহনঃ (৩৯) ॥ ৩৮ ॥

যদ্যপ্যেকো গুরুরুপদিদেশৈকধৈবৈষ সর্ব্বান্
গৌরে ধীমত্য (৪০) ধিকমুদয়ং প্রাপ বিদ্যা তথাপি।
সূরে (৪১) রোচির্বিকিরতি সমং সর্ব্বতো লোকমধ্যে
বাঢ়ং সূর্য্যোপলগিরিতটে জৃম্ভতে হি প্রকাশঃ ॥ ৩৯ ॥

তাদৃশঞ্চ তস্য বিদ্যোদয়মবগত্য মত্যধ্বদূরে পূরে প্রমোদস্য মগ্নোলগ্নো বিস্ময়ে গুরুরুও সংশয়েন মনসেদং বিমমর্শ—॥ ৪০ ॥

অহো! কিমাশ্চর্য্যমিদং ময়া সকৃদ্‌খ—
দুচ্যতে শাস্ত্রমতীব দুর্গমম্।
তদপ্যয়ং মিশ্রপুরন্দরাত্মজঃ
সমগ্রমভ্যস্যতি যত্নমন্তরা ॥ ৪১ ॥

(৩৮) বিদ্যা—পক্ষে অজডেতি চ্ছেদঃ ; ॥ ৩৭ ॥

(৩৯) অপরেষাং স্বীয়ানাম্ ; অভবস্য অমঙ্গলস্য দহনঃ ॥ ৩৮ ॥

(৪০) প্রশস্তবুদ্ধিযুক্তে, (৪১) সূর্য্যে ॥ ৩৯ ॥

এইরূপে নিজ জনের অমঙ্গলহারী প্রভু অক্ষত সেনাদ্বারা শত্রুদিগকে জয় করিবার ন্যায় বিদ্যাভ্যাসের নিপুনতা দ্বারা সকলের মঙ্গলবৃদ্ধি করতঃ সতীর্থগণকে পরাজিত করিয়াছিলেন ॥ ৩৮ ॥

যদিও একজন মাত্র গুরু একবার মাত্র সকলকেই উপদেশ দিতেন তথাপি পরম বুদ্ধিমান্ গৌরচন্দ্রে বিদ্যা অধিক প্রকাশ পাইয়াছিল। যেহেতু সূর্য্য সংসার মধ্যে সর্ব্বত্র সমান ভাবে কিরণ বিকীরণ করিলেও সূর্য্যকান্তমনিময়পর্ব্বততটে তাহার অধিক প্রকাশ হইয়া থাকে ॥ ৩৯ ॥

পণ্ডিত গঙ্গাদাস তাঁহার ঐরূপ বিদ্যায় উন্নতি অবগত হইয়া মনোমার্গের অগোচর আনন্দ প্রবাহে মগ্ন ও বিস্ময়ে অভিভূত হইয়া অত্যন্ত সংশয় ভরে মনে মনে এইরূপ বিচার করিতে লাগিলেন। ॥ ৪০ ॥

ঈদৃশী চ মেধা কেবলং বলদেব-দেবকীনন্দনয়োরেব পুরাণেষু শ্রূয়তে, নান্যস্য। ততো বিতর্কণীয়ময়ং ক ইতি ॥ ৪২ ॥

অয়ঞ্চোপনয়নাবধিস্নানসময়াদন্যদা বিষ্ণুপদ্যাং পদং নার্পয়িষ্যামীতি প্রতিজ্ঞাং চক্রে, ততোঽদ্যৈব ময়া সংশয়োঽয়মপনেয় ইতি পরামৃশ্য শিষ্য-সমূহং স্বস্বসদনায় সাদয়িত্বা তন্মাত্র-সহিতঃ স্নাতুং সুরসরিতং সসার ॥ ৪৩ ॥

তত্র চ তৃতীয়জন-রহিতে তীর্থে স্নানাদিসংপাদ্য গৌর-সুন্দরে শাখিচ্ছায়া-মধ্যাসীনে শ্রীগঙ্গাদাসঃ স্নানাদিবিধায় পিতৃ-তর্পণায় পাথসি প্রবিষ্টস্তমুবাচ ॥ ৪৪ ॥

ভোস্তাত বিশ্বম্ভর। তীরভূমৌ
নিস্মৃত্য সংস্থাপ্য তিলস্য পাত্রম্।
ইতেভ্যা সন্তর্পণমারভে (৪১) হহং
ততস্তদানীয় সমর্পয় ত্বম্ ॥ ৪৫ ॥

(৪২) ইদানীমেবাবক্কবান ॥ ৪৫ ॥

অহো কি আশ্চর্য্য! অতি দুর্গম যে শাস্ত্র আমি একবার মাত্র বলিতেছি, এই মিশ্রপুরন্দর-নন্দন বিনাযত্নে তাহা সমগ্রই অভ্যাস করিতেছে ॥ ৪১ ॥

এই প্রকার মেধা কেবল পুরাণে বলদেব ও দেবকীনন্দন কৃষ্ণেরই শুনিতে পাওয়া যায়। অন্য কাহারও শুনিতে পাওয়া যায় না, অতএব "এ বালক কে" ইহাই বিতর্কের বিষয় ॥ ৪২ ॥

এই বিশ্বম্ভর উপনয়নের সময় হইতে "স্নানের সময় ব্যতীত অন্য সময়ে গঙ্গায় চরণ অর্পণ করিব না" এইরূপ প্রতিজ্ঞা করিয়াছে। অতএব অদ্যই আমি এই সংশয় দূর করিব, এইরূপ বিচার করিয়া শিষ্যগণকে নিজ নিজ গৃহে পাঠাইয়া দিলেন এবং কেবল মাত্র তাঁহাকে সঙ্গে লইয়া সুরধুনীতে গমন করিলেন ॥ ৪৩ ॥

সেই তৃতীয় ব্যক্তি রহিত গঙ্গার ঘাটে গৌরসুন্দর স্নানাদি ক্রিয়া সম্পন্ন করিয়া বৃক্ষের ছায়ায় বসিয়া রহিলেন। এ দিকে শ্রীগঙ্গাদাস স্নানাদি করতঃ পিতৃতর্পণের নিমিত্ত জলে প্রবিষ্ট হইয়া তাঁহাকে বলিলেন ॥ ৪৪ ॥

এতাং সমাকর্ণ্য গুরোঃ সরস্বতীং
বুদ্ধা চ তস্যাশয়মীশ্বরেশ্বরঃ।
তিলস্য পাত্রং পরিগৃহ্য জাহ্নবী–
জলং প্রতীবাঙিঘ্রসরোজমক্ষিপৎ ॥ ৪৬ ॥

তদৈব তস্যাঙিঘ্র-সমর্পণস্থলে
সরোজমেকং সমভূত্তদিচ্ছয়া।
পরাঙিঘ্রবিন্যাসভুবীতরস্তথা
তয়োরুপর্য্যেব পদে ন্যধাৎ প্রভুঃ ॥ ৪৭ ॥

গৌরেচ্ছয়া তদ্যুগলং সরোজয়ো
রভূদিতি ব্যাহ্রিয়তেঽখিলৈর্জনৈঃ।
অহন্তু মন্যেঽস্য পদস্পৃগাশয়া (৪৩)
প্রসারিতং জহ্নুজয়া করদ্বয়ম্ ॥ ৪৮ ॥

(৪৩) স্পৃক্ স্পর্শঃ, ॥ ৪৮ ॥

বৎস বিশ্বম্ভর ! আমি ভুলিয়া তীরে তিলপাত্র রাখিয়া এখানে আসিয়া তর্পণ আরম্ভ করিয়াছি। অতএব তুমি আমায় তাহা আনিয়া দাও ॥ ৪৫ ॥

গুরুর এইকথা শ্রবণ করিয়া এবং তাঁহার হৃদয়ের অভিপ্রায় অবগত হইয়া পরমেশ্বর তিলের পাত্র লইয়া জাহ্নবীজলের উদ্দেশ্যেই যেন চরণ কমল চালনা করিলেন ॥ ৪৬ ॥

তৎক্ষণাৎ তাঁহার চরণ অর্পণ স্থানে তাঁহার ইচ্ছাবলে একটী কমল উৎপন্ন হইল। অন্য চরণ বিন্যাস স্থানে সেইরূপ আর একটী কমল উৎপন্ন হইল। প্রভু সেই দুইটী পদ্মের উপরেই পদ স্থাপন করিলেন ॥ ৪৭ ॥

শ্রীগৌরের ইচ্ছায় ঐ পদ্মদ্বয় উৎপন্ন হইয়াছিল—সকল লোকে একথাই বলে। কিন্তু আমার মনে হয়—গৌরের চরণ স্পর্শ করিবার আশায় জহ্নুতনয়া নিজ করদ্বয় প্রসারিত করিয়াছিলেন ॥ ৪৮ ॥

গৌরস্য পাদযুগলং জলজাতবৃন্দং
বাঢ়ং পরাভবদিতি প্রবদন্তি যজ্জ্ঞাঃ (৪৪)
তন্নোমৃষেতি কিল বেদয়িতুং জনৌঘং
মন্যে তদম্বুজ-যুগোপরি সংররাজ (৪৫) ॥ ৪৯ ॥
কিংবাস্য পাদযুগলং শতপত্র রাজী—
র্মেনে স্বমিত্রমিতি তস্য বিলোক্য (৪৬) তর্হি।
সন্ধা-বিভঞ্জন (৪৭) মুপস্থিতমুত্থিতং সৎ
তস্যা দ্বয়ং স্বয়মদঃ প্রণয়াদ্দধার (৪৮) ॥ ৫০ ॥
কর্ণিকোপরি পদ্মস্য ররাজ চরণঃ প্রভোঃ।
সুবর্ণ-ভূভৃতঃ পৃষ্ঠে প্রভাতে ভানুমানিব ॥ ৫১ ॥

তদেতদালোক্য সুরসিদ্ধযোগিজনেষু জয়ধ্বনিং বিদধানেষু তত্রৈব স্থিতঃ কলিযুগজীবেষু ভাবুকপ্রকরভাজনং (৪৯) করভাজনঃ স্বমন সীদংজগাদ—॥ ৫২ ॥

(৪৪) জ্ঞাঃ পণ্ডিতাঃ, (৪৫) তৎপাদযুগলম্, অন্যোঽপি পরাভূতস্যোপরি রাজত্যেব ॥ ৪৯ ॥

(৪৬) তস্য পাদযুগলস্য, বিলোক্য স্থিতায়া ইত্যধ্যাহার্য্যং ; (৪৭) প্রতিজ্ঞাভঙ্গং ; (৪৮) পদ্মশ্রেণ্যাঃ সংস্পর্শাৎ দ্বয়মুৎপন্ন অদঃ পাদযুগলং প্রণয়াৎ দধার, অন্যোঽপি স্বমিত্রস্য প্রতিজ্ঞাভঙ্গং দৃষ্ট্বা তং রক্ষত্যেব ॥ ৫০ ॥

(৪৯) ভাবুক-প্রকরং শুভ-সমূহং ভাজয়তি প্রাপয়তীতি ॥ ৫২ ॥

গৌরের চরণযুগল কমলসমূহকে অতিশয় পরাজিত করিয়াছিল—পণ্ডিতগণ যে একথা বলেন তাহা মিথ্যা নহে। জনবৃন্দকে এই বিষয়ে জানাইবার জন্য বোধ হয় তাহার পদদ্বয় পদ্মদ্বয়ের উপর বিরাজ করিতেছিল ॥ ৪৯ ॥

কিংবা তাঁহার পদযুগল কমলশ্রেণীকে নিজ মিত্র বলিয়া মনে করিত, সেই জন্যই ঐ চরণদ্বয়ের প্রতিজ্ঞাভঙ্গ উপস্থিত দেখিয়া পদ্মশ্রেণী সংস্পর্শে দুইটী পদ্ম হইয়া নিজে প্রীতিভরে ঐ চরণদ্বয়কে ধারণ করিয়াছিল ॥ ৫০ ॥

পদ্মের কর্ণিকার উপর প্রভুর চরণ প্রভাত কালে স্বর্ণপর্ব্বতের পৃষ্ঠে সূর্য্যের ন্যায় বিরাজ করিতে লাগিল ॥ ৫১ ॥

তাহা দর্শন করিয়া দেবতা সিদ্ধ ও যোগীগণ সকলে জয়ধ্বনি করিতে লাগিলেন। তখন তাঁহাদের মধ্যে অবস্থিত কলিযুগের জীবগণের প্রতি অশেষ কল্যাণপ্রদ যোগীন্দ্রকরভাজন নিজমনে এই কথা বলিতে লাগিলেন ॥ ৫২ ॥

অহো ! সমাধিশুদ্ধমতিনা প্রজাপতিনা পদ্মনাভং প্রতি যদুক্তং—যদ্ যদ্ধিয়া ত উরুগায় ! বিভাবয়ন্তি, তত্তদ্বপুঃ (৫০) প্রণয়সে সদনুগ্রহায়েতি (ভাঃ ৩।৯।১১) তদ্ যথার্থমেব ॥ ৫৩ ॥

যতঃ প্রশ্নবিহিতকলিজন-কং (৫১) জনকং প্রতি কলিযুগোপাস্য-বর্ণনে—

"ধ্যেয়ং সদা পরিভবঘ্নমভীষ্টদোহং
তীর্থাস্পদং শিব-বিরিঞ্চি-নুতং শরণ্যম্ ।
ভৃত্যার্ত্তিহং প্রণতপালভবাব্ধিপোতং
বন্দে মহাপুরুষ ! তে চরণারবিন্দম্ ॥"[ভাঃ ১১।৫।৩৩]

ইত্যত্র শ্লেষেণ যালীলা ময়া বর্ণিতা, সৈবেয়ং ভগবতা প্রকটিতা ॥ ৫৪ ॥

(৫০) বপুরিত্যুপলক্ষণং, তেষামাকাঙ্ক্ষিতং সাধয়সীত্যর্থঃ ॥ ৫৩ ॥
(৫১) প্রশ্নেন বিহিতং কলিজনানাং কং সুখং যেন ॥ ৫৪ ॥

অহো সমাধি দ্বারা শুদ্ধচিত্ত প্রজাপতি ব্রহ্মা পদ্মনাভ ভগবানের প্রতি যে বলিয়াছিলেন—"হে উরুগায় ! তাহারা বুদ্ধিদ্বারা তোমার যে যে স্বরূপের ভাবনা করিয়া থাকেন, ভক্তগণের প্রতি অনুগ্রহ করিবার নিমিত্ত তুমি সেই সেই মূর্ত্তি প্রকট করিয়া থাক তাহা যথার্থই ॥ ৫৩ ॥

যেহেতু "যিনি প্রশ্নের দ্বারা কলিযুগ-জাত জনবৃন্দের সুখ বিধান করিয়াছেন, সেই জনকরাজের প্রতি কলিযুগের উপাস্য বর্ণন প্রসঙ্গে—হে প্রণতজনপালক ! হে মহাপুরুষ ! আমি সর্ব্বদা ধ্যানযোগ্য, ইন্দ্রিয় কুটুম্বাদির তিরস্কারনাশক, অভীষ্ট পূরক, গঙ্গাদি তীর্থ সমূহের আশ্রয়, শিব ও ব্রহ্মা কর্তৃক স্তুত, সকলের আশ্রয়যোগ্য নিজভৃত্যজনের দুঃখনাশন ও ভবসমুদ্রের তরণীস্বরূপ আপনার চরণকমল বন্দনা করি—এই শ্লোকে শ্লেষের দ্বারা আমি যে লীলা বর্ণনা করিয়াছি, ভগবান সেই লীলাই এখানে প্রকাশ করিলেন ॥ ৫৪ ॥

তথাহি তস্যার্থঃ—ভো মহাপুরুষ! ন্যগ্রোধ-পরিমণ্ডলত্বাদিলক্ষণজুষ! তে পদারবিন্দং পদ-সম্বন্ধ্যরবিন্দং বন্দে। কুত্রত্যং তীর্থাস্পদং গঙ্গায়াং লব্ধপদং। নন্থু কিমর্থমুদিতং তত্রোদিতং? সদা পরিভবঘ্নমিতি সতো মান্যাদতিধন্যাদর্থাদু-পাধ্যায়তঃ সম্যক্ পরিভবো ভবতঃ প্রগাঢ়দুঃখকূপঃ প্রতিজ্ঞাভঙ্গরূপস্তস্য বাধকং ভবতোঽভীষ্টসাধকং। শিষ্টানি তু পদানি মিষ্টানি স্পষ্টতাপ্রদানীতি ॥ ৫৫ ॥

তদেবমম্বুজোপরি নিহিত-পদদ্বয়ে শ্রীশচীতনয়ে গৃহাণ ভগবন্নিতি মুহুর্ব্যাহরতি বিলোকিত-তচ্চরিতঃ শ্রীগঙ্গাদাসপণ্ডিতঃ কতিচন ক্ষণানজড়োঽপি (৫২) জড়তাং জগাহে ॥ ৫৬ ॥

পরতস্তু প্রাপ্তবোধঃ স্বস্মিংস্তিল-পুটীমর্পয়িত্বা তটভূমিমটিতে গৌরচন্দ্রে পুলকিত-সকল-সংহননো লোচন-সলিল-স্নপিতাননো বিমমর্শ ধৈর্য্যমণ্ডিতঃ স পরম-পণ্ডিতঃ ॥ ৫৭ ॥

(৫২) অজড়োঽপি বিজ্ঞোঽপি অথচ স্তম্ভরহিতোঽপি ॥ ৫৬ ॥

যেহেতু তাহার অর্থ, যথা—হে মহাপুরুষ ন্যগ্রোধপরিমণ্ডলত্বাদিলক্ষণযুক্ত! তোমার পদারবিন্দ পদসম্বন্ধি অরবিন্দ বন্দনা করি। কোন্ স্থানীয় অরবিন্দ? তীর্থাস্পদ গঙ্গায় লব্দপদ অর্থাৎ উৎপন্ন। আচ্ছা, কিজন্য তথায় উদিত একথা বলা হইল? সদাপরিভবঘ্ন সৎ অর্থাৎ মান্য, অতিধন্য অর্থাৎ উপাধ্যায় হইতে সম্যক্ পরিভব অর্থাৎ আপনার প্রতিজ্ঞাভঙ্গ স্বরূপ প্রগাঢ় দুঃখ তাহার বাধক, আপনার অভীষ্টসাধক। অবশিষ্ট পদগুলি মধুর ও সুস্পষ্ট ॥ ৫৫ ॥

এই প্রকারে শ্রীশচীনন্দন পদ্মযুগলের উপর চরণদ্বয় রাখিয়া "ভগবন্! গ্রহণ করুন"—এই কথা পুনঃ পুনঃ বলিতে লাগিলে শ্রীগঙ্গাদাস পণ্ডিত তাঁহার চরিত্র দেখিয়া কয়েকক্ষণ যাবৎ অজড় অর্থাৎ বিজ্ঞ অথচ জড়তা রহিত হইলেও জড়তা প্রাপ্ত হইয়াছিলেন ॥ ৫৬ ॥

অহো ! অয়ং মিশ্রপুরন্দরাত্মজঃ
কথঞ্চ ন প্রাকৃত-মানুষো ভবেৎ।
বিলোক্যতামস্য পরাশয়জ্ঞতা (৫৩)
বিসর্গশক্তিঃ (৫৪) মনোনুসারিণী ॥ ৫৮ ॥

অনেন শক্ত্যোর্যুগলেন মেধয়া—
প্যচিন্ত্যয়াংশো নু (৫৫) ভবেদয়ং হরেঃ।
অলৌকিকঃ কোঽপি গুণোঽস্তি যত্র তং
যতো নিজাংশং ভগবান্ স্বয়ং জগৌ ॥ ৫৯ ॥

তথাচৈকাদশে (১৬।৪০) "তেজঃ শ্রীকীর্ত্তিরৈশ্বর্য্যং হ্রী ত্যাগঃ সৌভগং ভগঃ।
বীর্য্যং তিতিক্ষা বিজ্ঞানং যত্রযত্র স মেঽংশকঃ ॥" ॥ ৬০ ॥

(৫৩) সা চ স্বাভীষ্ট-পূরণেনানুমিতা, (৫৪) সা চ কমলদর্শনাদনুমিতা ॥ ৫৮ ॥
(৫৫) নু বিতর্কে ॥ ৫৯ ॥

অনন্তর তিনি সংজ্ঞা প্রাপ্ত হইলে গৌরচন্দ্র তাহাকে তিলের পাত্রটি অর্পণ করিয়া তীরে গমন করিলেন। তখন পরম পণ্ডিত শ্রীগঙ্গাদাস ধৈর্য্য প্রাপ্ত হইয়া পুলকিত সর্ব্বাঙ্গে ও অশ্রুপ্লাবিত বদনে চিন্তা করিতে লাগিলেন ॥ ৫৭ ॥

অহো ! এই মিশ্রপুরন্দরপুত্র কোনও প্রকারে প্রাকৃত মনুষ্য নহেন। কেন-না ইঁহার পরের অভিপ্রায় বিজ্ঞতা এবং মনের অনুযায়ী বিশেষ সৃষ্টিশক্তি দর্শন কর ॥ ৫৮ ॥

এই দুইটী শক্তিদ্বারা ও ইঁহার অচিন্তনীয় মেধাদ্বারা আমার মনে হয়, ইনি শ্রীহরির অংশ হইতে পারেন। যেহেতু যেখানে কোনও এক অলৌকিক গুণ আছে, স্বয়ং ভগবান্ তাহাকে নিজের অংশ বলিয়া কীর্ত্তন করিয়াছেন ॥ ৫৯ ॥

যেমন একাদশ স্কন্ধে—যেখানে যেখানে তেজঃ, শ্রী, কীর্ত্তি, ঐশ্বর্য্য, লজ্জা, ত্যাগ, সৌন্দর্য্য, ভগ, বীর্য্য, তিতিক্ষা ও বিজ্ঞান বর্ত্তমান আছে সেই সকলই আমার অংশ ॥ ৬০ ॥

ততো নূনমংশোঽয়ং সাধূনাং পরায়ণস্য, নারায়ণস্য, নাস্ত্যত্র সংশয়ঃ, কিন্তু বৃত্তমিদমিদানীং ময়া গোপনীয়মালপনীয়মালয়াসক্তেষু ন জনেষু, পরতস্তু সর্ব্বং ব্যক্তীভবিষ্যতীতি ॥ ৬১ ॥

তদেবং বিচার্য্য শ্রীগঙ্গাদাসাচার্য্যঃ শ্রীশচীতনয়ং প্রস্থাপ্য তদালয়ং, স্বয়মপি নিজধাম প্রীতিযুক্তো জগাম ॥ ৬২ ॥

অথ কদাচিদেকাদশী-বাসরে প্রাত্যহিক-প্রাতর্বন্দনাবসরে শ্রীমদ্বিশ্বম্ভরো নবাম্বুদ-গম্ভীরস্বরো গৌরব-পুরঃসরং নিজগাদ মাতরম্— ॥ ৬৩ ॥

মাতস্ত্বমদ্যাবধি বাসরে হরেঃ
কদাচিদন্নং নহি ভুঙ্‌ক্ষ্ব মদ্গিরা।
যতস্তদাশ্রিত-সমস্ত পাতকান্য—
মুত্র (৫৬) তিষ্ঠন্তি বদন্তি পণ্ডিতাঃ ॥ ৬৪ ॥

(৫৬) তদন্নমাশ্রিত্য অমুত্র হরিবাসরে ॥ ৬৪ ॥

অতএব নিশ্চয়ই ইনি সমস্ত সাধুগণের একমাত্র আশ্রয় নারায়ণের অংশ। এ বিষয়ে সন্দেহ নাই। কিন্তু এই ব্যাপার আমি গোপন করিয়া রাখিব। বিত্ত ও গৃহে আসক্ত লোকের নিকট বলিব না। অতঃপর সমস্তই প্রকাশ পাইবে ॥ ৬১ ॥

এইরূপ বিচার করিয়া আচার্য্য শ্রীগঙ্গাদাস শ্রীশচীতনয়কে তাহার গৃহে পাঠাইয়া দিয়া নিজেও প্রীতিযুক্ত হইয়া গৃহে গমন করিলেন ॥ ৬২ ॥

অনন্তর একদা শ্রীএকাদশীর দিনে প্রাতর্বন্দনার সময়ে শ্রীমান্ বিশ্বম্ভর নব-মেঘের ন্যায় গম্ভীর স্বর গৌরবের সহিত নিজ জননীকে বলিলেন ॥ ৬৩ ॥

"মা আজ হইতে তুমি আমার কথায় শ্রীহরিবাসরে কখনও অন্ন ভোজন করিওনা। যেহেতু পণ্ডিতগণ বলিয়া থাকেন—ঐ হরিবাসরে অন্নকে আশ্রয় করিয়া সমস্ত পাতক অবস্থান করে ॥ ৬৪ ॥

শ্রীশচী জগাদ—"তাত! সত্যং কথয়সি, কিন্তু সভর্ত্তৃকয়া কয়াপি নার্য্যা নার্য্যাধ্ববর্ত্তিন্যোপবাসো বিধেয়ঃ। 'পত্যৌ জীবতি যা নারী উপবাসব্রতং চরেৎ। আয়ুঃ সা হরতে ভর্ত্তুর্নরকঞ্চৈব গচ্ছতীতি' বিষ্ণুবচনাদিতি স্মৃতিবিদো বদন্তি, ততোঽস্মাভির্নোপোষ্যতে" ॥ ৬৫ ॥

ভগবান্ বভাষে—"মাতর্নৈতৎ সাধু, 'সপুত্রশ্চ সভার্য্যশ্চ স্বজনৈর্ভক্তিসংযুতঃ। একাদশ্যামুপবসেৎ পক্ষয়োরুভয়োরপী'তি বিষ্ণুধর্ম্মোত্তর-নারদবচনাৎ, গান্ধার্য্যাদিভির্বিহিতত্বাচ্চ; তথাচ স্কান্দে—'দশম্যৈকাদশী বিদ্ধা (৫৭) গান্ধারী তামুপোষিতা। তস্যাঃ পুত্রশতং নষ্টং তস্মাত্তাং পরিবর্জ্জয়েদিতি'। বিষ্ণুবচনন্তু বৈষ্ণবেতর-স্ত্রীপরংজ্ঞেয়মিতি ॥ ৬৬ ॥

(৫৭) অনেন কদাচিদ্ বিদ্ধোপবাসাচরণেন সর্ব্বদা শুদ্ধোপবাসোঽবগম্যতে ॥ ৬৬ ॥

শ্রীশচী উত্তর করিলেন—বৎস সত্যই বলিতেছ। কিন্তু আর্য্যপথবর্ত্তিনী কোনও সধবা নারীর উপবাস করা উচিত নহে। কেননা পতি জীবিত থাকিতে যে রমণী উপবাস ব্রত আচরণ করে সে স্বামীর আয়ু হরণ করে এবং নরকে যায়, বিষ্ণুর এই বচন অনুসারে স্মৃতি শাস্ত্রবিৎ পণ্ডিতগণ ঐ কথাই বলিয়া থাকেন। অতএব আমরা উপবাস করি না ॥ ৬৫ ॥

ভগবান্ বলিলেন—মাতঃ! পুত্র, ভার্য্যা ও স্বজনের সঙ্গে সকলেরই ভক্তিযুক্ত হইয়া উভয় পক্ষের একাদশীতেই উপবাস করা কর্ত্তব্য বিষ্ণু ধর্ম্মোত্তরে নারদের এই প্রকার বচন অনুসারে এবং গান্ধারা প্রভৃতি ইহার আচরণ করিয়াছেন বলিয়া আপনার একথা সমীচীন নহে। গান্ধারীর ব্রতের কথা স্কন্দ পুরাণে যথা—দশমীবিদ্ধা যে একাদশী তাহাতে গান্ধারী উপবাস করিয়াছিলেন। সেজন্য তাহার শত পুত্র বিনষ্ট হইয়াছিল। অতএব তাহা পরিত্যাগ করিবে। পক্ষান্তরে বিষ্ণুর যে বচন তাহা বৈষ্ণব ভিন্ন অবৈষ্ণব স্ত্রী সম্বন্ধেই জানিতে হইবে ॥ ৬৬ ॥

এতদ্বচো গৌরহরের্নিশম্য, ভদ্রং তথাস্ত্বিত্যভিলপ্য মাতা।
তদ্‌ঘস্রমারভ্য হরের্দিনেষু, প্রচক্রমে ভক্তিযুতোপবস্তুম্ ॥ ৬৭ ॥

এতাঞ্চ বার্ত্তাং লোকমুখাদাকর্ণ্য পরমবিস্মিতঃ শ্রীগঙ্গাদাস-পণ্ডিতঃ কদাচিদধ্যাপনাকালে সংসদন্তরালে শিষ্য-সমুদায়ম্প্রতি জগাদ সানন্দমতি ॥ ৬৮ ॥

বিশ্বম্ভরস্য জনবৃন্দগিরাবগত্য
বিদ্যাপ্রভাবমভিলব্ধবিচিত্র-হর্ষঃ।
সংচিন্তয়ামি মনসা তত এব (৫৮) যূয়ং
শাস্ত্রাণ্যধীধ্বমিতি সন্ততমেব পুত্রাঃ ॥ ৬৯ ॥

কিন্ত্বেতদিষ্টমথবা ভবতামনিষ্টং
স্যাদিত্যলং নহি ভবামি সুতা! বিবোদ্ধুম্।
শক্নোমি বো নহি নিদেষ্টুমতস্তদর্থং
ব্রূতাত্র বিস্ফুটমভীষ্টমিহাস্তি যদ্ব ॥ ৭০ ॥

(৫৮) বিশ্বম্ভরাদেব ॥ ৬৯ ॥

গৌরহরির এই কথা শুনিয়া মাতা "ভাল! তাহাই হইবে" এই কথা বলিয়া সেইদিন হইতে শ্রীহরিবাসরে ভক্তিযুক্তা হইয়া উপবাস করিতে আরম্ভ করিলেন ॥ ৬৭ ॥

লোক মুখে এই সংবাদ শ্রবণ করিয়া শ্রীগঙ্গাদাস পণ্ডিত পরম বিস্মিত হইলেন। তিনি একদা অধ্যাপনা সময়ে গোষ্ঠী মধ্যে সানন্দচিত্তে শিষ্যগণের নিকট বলিতে লাগিলেন ॥ ৬৮ ॥

জনবৃন্দের বাক্যে বিশ্বম্ভরের বিদ্যার প্রভাব অবগত হইয়া আমি অতুল আনন্দলাভ করিয়াছি। আমি মনে চিন্তা করিতেছি—পুত্রগণ! তোমরা তাহার নিকটে সর্ব্বদা শাস্ত্র অধ্যয়ন কর ॥ ৬৯ ॥

কিন্তু হে পুত্রগণ! ইহাতে তোমাদের ভাল হইবে কি মন্দ হইবে—তাহা আমি বুঝিতে পরিতেছিনা এবং তোমাদের আদেশ করিতেও সমর্থ হইতেছি না। অতএব এ বিষয়ে তোমাদের যাহা অভিপ্রায় তাহা স্পষ্ট করিয়া বল ॥ ৭০ ॥

এতদধ্যাপকস্যোপাধ্যাপকস্যোপাখ্যানমাশ্রুত্য শ্রুত্যন্তর (৫৯) মৃতসিক্তা ইব শিষ্যাঃ সমূচুঃ—

"ভগবন্! গুরবঃ করুণাঃ, শিষ্যেষ্বিতি যন্নিগদ্যতে লোকৈঃ।
তৎ সত্যত্বং ভবতা, প্রকাশিতং নঃ প্রতীদানীম্ ॥ ৭১ ॥

যস্মাদ্ বিনাপি যাচ্ঞাং, সেবাপেক্ষাং ন কুত্রাপি।
স্ব-য়মস্মাকমভীষ্টং, সাধয়িতুং যত্নমাচরসি॥ ৭২ ॥

গৌরো দিব্যৈর্গুণসমুদয়ৈঃ সর্ব্বলোকে বরীয়া
নস্মাকন্তু প্রিয়তম-সুহৃৎ সর্ব্বদা সৌখ্যকারী।
বিদ্যাবত্ত্বে সুরগুরুসমস্তত্তোঽধ্যেতুমেতে
সর্ব্বে বাঞ্ছাং বয়মবিরতং ধারয়ামো মনঃ সু ॥ ৭৩ ॥

(৫৯) কর্ণমধ্যে ॥ ৭১ ॥

উপাধি প্রদানকারী অধ্যাপকের এই কথা শুনিয়া শিষ্যগণ কর্ণ মধ্যে যেন অমৃতের দ্বারা সিক্ত হইয়া বলিতে লাগিলেন হে ভগবন্! "শিষ্যগণের প্রতি গুরু কৃপালু" এই কথা যে লোকে বলিয়া থাকে, আপনি এক্ষণে আমাদের নিকট তাহার সত্যতা প্রকাশ করিলেন॥ ৭১ ॥

যেহেতু বিনা যাচ্ঞায় এবং সেবার অপেক্ষা না করিয়াই আপনি স্বয়ং আমাদের অভীষ্ট সাধন করিতে যত্ন করিতেছেন ॥ ৭২ ॥

উৎকৃষ্ট গুণ সকলের দ্বারা গৌর সমস্ত লোকের মধ্যে শ্রেষ্ঠ এবং তিনি আমাদের সর্ব্বদা সুখবিধানকারী প্রিয়তম বন্ধু। বিদ্যাবত্তায় তিনি সুরগুরু বৃহস্পতি সদৃশ। অতএব আমরা সকলে তাহার নিকট অধ্যয়ন করিবার জন্য নিরন্তর মনে মনে বাসনা ধারণ করিতেছি ॥ ৭৩ ॥

কিন্তু ত্বদাজ্ঞাপনমন্তরেণ, ন কুর্ম্মহে কিঞ্চন জাতু কর্ম্ম।
ততস্ততো (৬০) হ্যভূম বয়ং নিবৃত্তা, ভবেম তত্রা (৬১) হ্যপরং প্রবৃত্তাঃ ॥৭৪॥

তদেবমাচার্য্যমাবেদ্য মা-বেদ্যমহিমকম (৬২) হিমকর-রোচিষং (৬৩) শ্রীগৌর-মুপসৃত্য চ্ছাত্রসমুদায়ো মুদা যোগমাপ্নুবন্ গুরোরাদেশং নিবেদয়াঞ্চকার, দয়াঞ্চ-কারয়িতুং বিদ্যাঞ্চাধ্যেতুম্ ॥ ৭৫ ॥

প্রভুস্তু গুরোরাদেশং শ্রুত্বা পরমানন্দিতো মানন্দিতোৎকট-সংশয়ং (৬৪) বিধায় তানধ্যাপয়িতুমারভত ॥ ৭৬ ॥

(৬০) গৌরাদধ্যয়নাৎ; (৬১) তত্র অধ্যয়নে ॥ ৭৪ ॥

(৬২) মা লক্ষ্মীস্তস্যা অপ্যবেদ্যঃ মহিমা যস্য, (৬৩) অহিমকর-রোচিষং সূর্য্যসমানকান্তিং ॥ ৭৫ ॥

(৬৪) দিতঃ খণ্ডিতঃ উৎকটঃ সংশয়ো যস্মাৎ না-ধ্যাপয়িষ্যতীতি এবং রূপো যেন তং সম্মানং ।৭৬॥

কিন্তু আপনার আদেশ ব্যতীত আমরা কখনও কোন কার্য্য করি না। সেই জন্য আমরা এতদিন তাহা হইতে নিবৃত্ত ছিলাম। কিন্তু অদ্য হইতে আমরা আপনার আজ্ঞায় তাঁহার নিকট পড়িতে প্রবৃত্ত হইব ॥ ৭৪ ॥

আচার্য্য শ্রীগঙ্গাদাসকে এইরূপ জানাইয়া ছাত্রগণ আনন্দযুক্ত হইয়া লক্ষ্মীর ও অগম্য মহিমাশালী সূর্য্য সমান কান্তি শ্রীগৌরের নিকট উপস্থিত হইল এবং তাহাদের প্রতি করুণা বিধান ও বিদ্যাদান করিবার জন্য গুরুর আদেশ নিবেদন করিল ॥ ৭৫ ॥

প্রভু গুরুর আদেশ শ্রবণ করিয়া পরম আনন্দিত হইলেন। তিনি তাহাদিগকে অধ্যয়ন করাইবেন না বলিয়া তাহাদের মনে যে সংশয় ছিল, এক্ষণে সেই সংশয় যাহাতে দূর হয় এইরূপে তাহাদের প্রতি সম্মান প্রকাশ করিয়া তাহাদিগকে পড়াইতে আরম্ভ করিলেন ॥ ৭৬ ॥

পারাশরিঃ (৬৫) পৈলমুখৈ-র্দ্বিজৈর্যথা
যথা চ জীবো দিবিষদ্‌গণৈর্বৃতঃ।
ররাজ বিদ্যার্থি-ধরামরব্রজৈ-
স্তথৈব মিশ্রেন্দ্র-তনূজ-চন্দ্রমাঃ ॥ ৭৭ ॥

মুখাম্বুজাদ্ গৌরবিধোঃ সমুদ্‌গতা
বিদ্যাতটিন্যো (৬৬) ভ্রমগন্ধ-বর্জ্জিতাঃ।
ধরাদ্যুষন্নন্দন-(৬৭) ভূধরাবলী-
হৃৎকন্দরা ব্যানশিরে তদাদ্ভুতম্ ॥ ৭৮ ॥

ততো গৌরাল্লব্ধবিদ্যৈস্তৈর্ব্রাহ্মণ-কুমারকৈঃ।
জিতা বিদ্যার্থিনঃ সর্ব্বে নবদ্বীপ-নিবাসিনঃ ॥ ৭৯ ॥

(৬৫) ব্যাসঃ ॥ ৭৭ ॥

(৬৬) অন্যত্র তু তটিন্যো এবাম্বুজাদুদ্‌গচ্ছন্তি, তাশ্চ ভ্রমৈরাবর্ত্তৈর্যুক্তা ভবন্তি, ভূধরাণাং কন্দরাশ্চ ন ব্যাপ্নুবন্তীতি। (৬৭) ধরাদ্যুষন্নন্দনা ব্রাহ্মণকুমারাঃ ॥ ৭৮ ॥

পৈল প্রভৃতি ব্রাহ্মণগণের দ্বারা পরিবেষ্টিত পরাশর-নন্দন বেদব্যাস যেমন শোভা পাইতেন এবং দেবগণের দ্বারা বেষ্টিত বৃহস্পতি যেমন শোভা পাইতেন, বিদ্যার্থিরূপ ভূদেবগণের দ্বারা মিশ্রেন্দ্র-নন্দন রূপ চন্দ্রমা সেইরূপ শোভা পাইতে লাগিলেন ॥ ৭৭ ॥

তখন ভ্রমগন্ধ বর্জ্জিত (ভ্রান্তিলেশ পক্ষে আবর্ত্তলেশশূন্য) বিদ্যায় নদীসকল গৌরবিধুর মুখাম্বুজ হইতে উদ্ভূত হইয়া ব্রাহ্মণ-কুমারগণ রূপ পর্ব্বতশ্রেণীর হৃদয়রূপ গুহাসকল অদ্ভুতরূপে বিস্তার করিয়াছিল ॥ ৭৮ ॥

অনন্তর গৌরের নিকট হইতে বিদ্যালাভ করিয়া সেই ব্রাহ্মণ-কুমারগণ নবদ্বীপবাসী সমস্ত বিদ্যার্থীকে পরাজিত করিয়াছিল ॥ ৭৯ ॥

তদেবমধ্যয়নাধ্যাপনা-কুতুকেন কাতন্ত্রটীকা-বিরচনেন চ বিহরতি হর-তিরস্কারি-বিদ্যে বিশ্বম্ভরে কদাচিন্মিশ্রপুরন্দরস্যারন্দরস্যাপকো (৬৮) জ্বরোঽভবদভবদ (৬৯) স্তমালোক্যাকুলেন কুলেন বন্ধূনামন্ধূনাম (৭০) ন্তঃ পতিতেনেব তেনে বহুধা চিকিৎসা-প্রয়োগঃ ॥ ৮০ ॥

তথাপি ন শান্তে কথঞ্চন রোগে নরো গেহেঽস্মিন্ সময়ে ন স্থাপনীয়োঽপনীয়োগ্রং মোহং সুরতটিনী-তটায় নেতব্য ইত্যুক্ত্বা স সুরধুনীগনায়ি ॥ ৮১ ॥

তীরেঽর্দ্ধং বপুষোর্দ্ধমম্ভসি তথা বিন্যস্য গাঙ্গে মৃদা
গঙ্গা-মৃত্তিকয়া বিলিপ্য সকলামূর্দ্ধাং তনুং নাভিতঃ।
দত্ত্বাস্যে হৃদি মস্তকে চ ভগবচ্ছেষং তুলস্যা দলং
গোবিন্দং হৃদি চিন্তয়ন্ সমবিশৎ (৭১) শ্রীমিশ্ররাজস্তদা ॥ ৮২ ॥

(৬৮) অরন্দরস্যাপকোঽতিশয়েন ভয়স্য প্রাপকঃ, (৬৯) অভবদঃ অমঙ্গলদঃ, অসত্তাপ্রদো মরণহেতুরিতি বা। (৭০) অন্ধূনাং কূপানাং। ৮০ ॥
(৭১) অশেত, ॥ ৮২ ॥

এই প্রকার অধ্যয়ন ও অধ্যাপনা কৌতুকে এবং কাতন্ত্র ব্যাকরণের টীকা-রচনায় বিদ্যায় মহাদেবেরও তিরস্কার জনক বিশ্বম্ভর যখন বিহার করিতেছিলেন তখন একদা মিশ্রপুরন্দরের অতি ভয়ানক জ্বর উপস্থিত হইল। তাহা দেখিয়া বন্ধুগণ কূপ মধ্যে পতিতের ন্যায় ব্যাকুল হইয়া নানাপ্রকার চিকিৎসা বিধান করিতে লাগিলেন ॥ ৮০ ॥

তথাপি কোনও প্রকারে যখন রোগের শান্তি হইল না তখন সকলে বলিতে লাগিলেন—এ সময়ে এ ব্যক্তিকে গৃহে রাখা উচিত নহে। প্রবল মোহ পরিত্যাগ করিয়া এক্ষণে ইহাকে গঙ্গাতীরে লওয়া কর্ত্তব্য—এই বলিয়া সকলে তাঁহাকে গঙ্গায় আনয়ন করিলেন ॥ ৮১ ॥

শরীরের অর্দ্ধভাগ তীরে এবং অর্দ্ধাংশ গঙ্গাজলে রাখিয়া গঙ্গামৃত্তিকা দ্বারা নাভি হইতে সমস্ত ঊর্দ্ধ অঙ্গ বিলিপ্ত করিয়া মুখে হৃদয়ে ও মস্তকে ভগবানের

তঞ্চ তাদৃশং দৃশং সংগময্য 'ময্যনুকম্পাং বিহায় হায়সে ক তাত, তাতপ্যমানমানন্দয় করুণেক্ষণেন, ক্ষীণেন বত কোঽয়মীদৃশো দৃশোরুদ্বেগদো গদো (৭২) জনিষ্টানাং নিষ্টাকরস্তবেত্যাক্রন্দন্ পিতুরাসন্নে (৭৩) সন্নেন কণ্ঠেনোপবিবেশ বিশ্বম্ভরঃ ৮৩ ॥

তঞ্চৈবমাকুলমাকলয্যাতিকাতরো মিশ্রবরো গলদস্রভরোপচ্ছন্নলোচনো গদ্গদাস্পষ্টবচনো নিজগাদ ॥ ৮৪ ॥

গতিরিয়ং প্রথিতা ভববর্ত্তিনাং
পিতরবশ্যময়ে জননে মৃতিঃ (৭৪)।
তদিহ মা কুরু শোকমনর্থকং
ন চ বিভীহি হরিঃ স হি রক্ষিতা ॥ ৮৫ ॥

(৭২) রোগঃ, (৭৩) নিকটে ॥ ৮৩ ॥
(৭৪) জননে সতি মৃত্যুরিতি গতিঃ ॥ ৮৫ ॥

শেষ তুলসীদল প্রদান করিয়া হৃদয়ে শ্রীগোবিন্দকে চিন্তা করিতে করিতে তখন মিশ্রবর আনন্দে শয়ন করিয়াছিলেন ॥ ৮২ ॥

তাদৃশ অবস্থাযুক্ত মিশ্রের প্রতি দৃষ্টি নিক্ষেপ করিয়া বিশ্বম্ভর বিলাপ করিতে লাগিলেন—হায় পিতঃ! আপনি আমার প্রতি অনুকম্পা রহিত হইয়া কোথায় যাইতেছেন? আমি অত্যন্ত সন্তাপ প্রাপ্ত হইতেছি ক্ষণকাল করুণা দৃষ্টি দ্বারা (অথবা করুণা দৃষ্টিরূপ উৎসবের দ্বারা) আমাকে আনন্দিত করুন। হায় নয়নের উদ্বেগ দায়ক অনিষ্টের মূল আপনার এ কিরূপ রোগ জন্মিল। এই বলিয়া বিশ্বম্ভর ক্ষীণকণ্ঠে কাঁদিতে কাঁদিতে পিতার নিকট উপবেশন করিলেন ॥৮৩॥

তাঁহাকে ঐরূপ আকুল দেখিয়া মিশ্রবর অতিশয় কাতর হইলেন এবং গলদশ্রু ধারায় নয়ন আচ্ছন্ন করতঃ গদগদ ও অস্পষ্ট বাক্যে বলিতে লাগিলেন ॥ ৮৪ ॥

বাপ্! সংসারস্থ জীবের এই গতি প্রসিদ্ধ। জনম হইলে অবশ্য মৃত্যু আছে। অতএব তুমি এ বিষয়ে বৃথা শোক করিওনা। ভয় করিওনা হরি রক্ষাকর্ত্তা আছেন ॥ ৮৫ ॥

ইতি নিগদ্য স হি মিশ্র-পুরন্দরঃ
সুতমদো মুখদত্ত-বিলোচনঃ।
কুরু হরে! করুণামিতি সংলপন্
স্ফুটতমং বিলসন্মতি (৭৫) নির্ব্ববৌ॥ ৮৬॥

গঙ্গা হরের্নাম হরিঃ স্বয়ঞ্চ
প্রত্যেকমেব ক্ষয়কৃদ্ভবস্য।
মিশ্রস্য ভাগ্যং কিমু বর্ণনীয়ং
তেষাং ত্রয়ী যন্মিলিতান্তকালে॥ ৮৭॥

অথামলং প্রাপ্য বপুঃ সমেতং (৭৬)
বিমানমারুহ্য বিচিত্রবেশঃ
যযৌ স বৈকুণ্ঠ-পুরায় মিশ্রো
ন দুর্ল্লভং তদ্ধরিভক্তিভাজাম্॥ ৮৮॥

(৭৫) বিলসন্মতি সজ্ঞানং, ॥ ৮৬

(৭৬) সমাগতং ॥ ৮৮ ॥

মিশ্রপুরন্দর পুত্রকে এই কথা বলিয়া তাহার মুখে দৃষ্টি নিক্ষেপ করতঃ—"হে হরে! করুণা করিও"—এই কথা স্পষ্টভাবে বলিতে বলিতে সজ্ঞানে দেহত্যাগ করিলেন॥ ৮৬ ॥

গঙ্গা, হরিনাম এবং স্বয়ং হরি—ইঁহারা প্রত্যেকেই সংসার ক্ষয়কারী। মিশ্রের ভাগ্যের কথা কি বলিব যেহেতু তাঁহার অন্তকালে তাঁহাদের তিনের মিলন হইয়াছে॥ ৮৭ ॥

অনন্তর মিশ্র তেজোময় শরীর প্রাপ্ত হইয়া বিচিত্র বেশে সমাগত বিমানে আরোহণ পূর্ব্বক বৈকুণ্ঠপুরে গমন করিলেন। যেহেতু হরিভক্তি পরায়ণ জনবৃন্দের তাহা দুর্ল্লভ নয়॥ ৮৮ ॥

ঈদৃশঞ্চ মরণানুকরণমমূদৃশামপ্রাপঞ্চিকানাং ভগবদ্-ভক্তানাং বহির্মুখ-জনবঞ্চনায় যোগমায়য়ৈব প্রকাশ্যতে, বস্তুতস্তু সশরীরা এব তে স্বাভিমতং স্থানমুপসর্পন্তি ॥ ৮৯ ॥

গভীরো নীরেশাদপি পরমধীরঃ শতধৃতে- (৭৭)
স্তিতিক্ষু (৭৮) র্বৃক্ষেভ্যো যদপি ভবতি শ্রীদ্বিজবরঃ।
অহো! প্রেম্ণঃ শক্তির্জগতি সুদুরূহা তদপি চ
স্বতাতস্যাযোগাদভবদতিশোকাকুলমতিঃ ॥ ৯০ ॥

তস্য ন্যগাস্যস্য (৭৯) সতো বিলোচনাৎ
সমস্খলন্মুৎকটমশ্রুবিন্দবঃ।
যথাগ্নিবাষ্পাকুলিতাদধোমুখাৎ
পৃষন্তি ধারাং নিপতন্তি নীরজাৎ ॥ ৯১ ॥

(৭৭) ব্রহ্মণঃ, (৭৮) সহিষ্ণুঃ ॥ ৯০ ॥
(৭৯) অধোবদনস্য ॥ ৯১ ॥

জগন্নাথ মিশ্র প্রভৃতির ন্যায় অপ্রাপঞ্চিক ভগবদ্ ভক্তগণের এই প্রকার মরণানুকরণ বহির্মুখদিগকে বঞ্চনা করিবার নিমিত্ত যোগমায়াই প্রকাশ করিয়া থাকেন। কিন্তু তাঁহারা বস্তুতঃ স্বশরীরেই নিজ অভিমত স্থানে গমন করিয়া থাকেন ॥ ৮৯ ॥

যদিও দ্বিজবর শ্রীবিশ্বম্ভর সমুদ্র হইতেও গম্ভীর ব্রহ্মা অপেক্ষাও পরমধীর এবং বৃক্ষ অপেক্ষাও সহিষ্ণু ; তথাপি তিনি নিজপিতার বিরহে অত্যন্ত শোকাকুল চিত্ত হইয়াছিলেন। অহো প্রেমের শক্তি জগতে অতিশয় দুর্জ্ঞেয় ॥ ৯০ ॥

অগ্নিদ্বারা উত্তপ্ত বাষ্পাকুলিত অধোমুখ কমল হইতে যেমন জলবিন্দু সমূহ পতিত হয়, অধোবদনে অবস্থিত বিশ্বম্ভরের নয়ন হইতে সেইরূপ অশ্রুবিন্দু সকল বেগে পতিত হইতে লাগিল ॥ ৯১ ॥

স চ শোকাকুলঃ কাকুললিতং পরিদিদেবা (৮০) দিদেবারাধ্যোঽপি মহিমা-ঽয়মায়তস্য তস্য ভক্তবাৎসল্যস্যাতিকল্যস্যা (৮১) তিকমনীয়ঃ ॥ ৯২ ॥

জনক! হা কুরুষে কিমিদং প্রভো!
শিশু-মুপেক্ষ্য সুতং ক নু গচ্ছসি।
ন খলু বৎসল-ভাববতা (৮২) মিদং
সমুচিতং শিশু-পুত্রক-বর্জ্জনম্ ॥ ৯৩ ॥

ননু পুরৈব গতো গৃহতোঽগ্রজ-
স্ত্বমপি সংপ্রতি যাসি ভবান্তরম্।
কমবলম্ব্য জনং বত জীবনং
জনক! ধারয়িতাস্মি তদাদিশ ॥ ৯৪ ॥

---

(৮০) বিললাপ, (৮১) অতিদক্ষস্য পরিদেবনাদৌ নিপুণস্য ॥ ৯২ ॥
(৮২) স্নেহবতাং ॥ ৯৩ ॥

তিনি আদিদেব মহাদেবের আরাধ্য হইলেও শোকে আকুল হইয়া কাতর কণ্ঠে বিলাপ করিতে লাগিলেন। যেহেতু বিলাপাদি বিষয়ে সুনিপুণ ভগবানের বিস্তৃত (নিরতিশয়) ভক্ত বাৎসল্যের ইহাই অতি সুন্দর মহিমা ॥ ৯২ ॥

হা পিতঃ! আপনি একি করিতেছেন? হা প্রভো! আপনি শিশু-পুত্রকে উপেক্ষা করিয়া কোথায় যাইতেছেন। বাৎসল্য পরায়ণ ব্যক্তিগণের শিশুপুত্রকে এই প্রকার পরিত্যাগ করা সমুচিত নহে ॥ ৯৩ ॥

হা পিতঃ! পূর্ব্বেই আমার অগ্রজ গৃহত্যাগ করিয়া চলিয়া গিয়াছেন। সম্প্রতি আপনিও পরলোকে গমন করিতেছেন। হায়! আমি এক্ষণে কাহাকে আশ্রয় করিয়া জীবন ধারণ করিব, তাহা বলুন ॥ ৯৪ ॥

ইতি নিশম্য বিলাপ-বচঃ শচী
সুতমুখাদুদিতং গরলোপমম্।
পতিমপি প্রসমীক্ষ্য তথাবিধং
বিলপতি স্ম লুঠন্ত্যবনীতলে ॥ ৯৫ ॥

কঠিন-চিত্ত বিধে! তব বর্ত্ততে
ন খলু কুত্রচিদপ্যনুকম্পিতা (৮৩)
ইয়মনন্যগতির্যদহং ত্বয়া
হহহ! কৃতা পতি-সঙ্গ পরিচ্যুতা ॥ ৯৬ ॥

অয়ি ধরাসুর-পুঙ্গব! মাং প্রতি
প্রচুরয়া কৃপয়ার্দ্রমতির্ভবান্।
ইতি যদধ্যগমং প্রণয়াৎ পুরা
ভবতি তৎ সকলং বিতথং ধ্রুবম্॥ ৯৭ ॥

(৮৩) করুণা ॥ ৯৬ ॥

পুত্র মুখোচ্চারিত গরল সদৃশ এই প্রকার বিলাপ বচন শ্রবণ করিয়া এবং পতিকে ঐ প্রকার অবস্থা প্রাপ্ত দেখিয়া শচী ভূমিতলে লুণ্ঠিত হইয়া বিলাপ করিতে লাগিলেন ॥ ৯৫ ॥

রে কঠিন চিত্ত বিধি! তোর কখনও বিন্দুমাত্রও করুণা নাই। যেহেতু হায়! এই প্রকার অনন্যগতি আমাকে তুই পতিসঙ্গ শূন্যা করিতেছিস্॥ ৯৬ ॥

হে বিপ্রবর! আমি পূর্ব্বে প্রণয় বশতঃ জানিতাম যে আপনি আমার প্রতি অতিশয় কৃপার্দ্রচিত্ত। কিন্তু এক্ষণে তাহা সকলই সত্য সত্যই বৃথা হইতেছে ॥৯৭॥

যদিহ হন্ত! সহায়-বিবর্জিতাং
স্ব-রহিতে সদনে পরিহায় মাম্।
ব্রজসি লোকমমুং বত ভাষসে
যদপি মাং রুদতীং ন নাচক্ষসে (৮৪) ॥ ৯৮ ॥

ভবতু মে বিধিনাতকরুণাত্মনা
যদলিকে (৮৫) লিখিতং নিজ-কর্ম্মতঃ।
শিশুমতীবমনোজ্ঞমিমং সুতং
কথমুপেক্ষ্য চলস্যতিনিষ্ক্রপম্? ॥ ৯৯ ॥

ইত্যেবং শোকবিকলা কবি-কলাপেন (ক) শচী সতনয়া নয়ান্বিতেন বচসা সান্ত্বয়ামাসে—'অয়ি গৌর-জননি! গৌরজন-নিরুক্তা (৮৬) হস্মাকমাননতো মান-নতোত্তমাঙ্গতয়াহর্থতঃ শ্রূয়তাম্ ॥ ১০০ ॥

(৮৪) ন-চালোকয়সি ॥ ৯৮ ॥
(৮৫) অলিকে ললাটে ॥ ৯৯ ॥
(ক) পণ্ডিত-সমূহেন, (৮৬) ভগবৎপ্রোক্তা ব্রহ্মণা উক্তা বা গৌর্বাণী ॥ ১০০ ॥

যেহেতু হায়! আপনার পরিত্যক্ত এই শূন্য গৃহে আমাকে অসহায় অবস্থায় পরিত্যাগ করিয়া আপনি পরলোকে যাইতেছেন। আমি রোদন করিতে থাকিলেও আমার সহিত কথা বলিতেছেন না অথবা আমার প্রতি দৃষ্টিপাত করিতেছেন না ॥৯৮॥

আমার নিজ কর্ম্মহেতু নিষ্ঠুর বিধি আমার কপালে যাহা লিখিয়াছে তাহাই হউক। কিন্তু আত এই শিশু পুত্রকে আপনি কেন উপেক্ষা করিয়া অতিশয় নিষ্করুণ ভাবে গমন করিতেছেন ॥ ৯৯ ॥

এই প্রকারে পুত্রের সহিত শচী শোকে বিকল হইয়া পড়িলে পণ্ডিতগণ তখন নীতিপূর্ব্বক বাক্যে তাঁহাকে সান্ত্বনা দিয়াছিলেন। অয়ি গৌর-জননি! আমাদের মুখ হইতে ভগবৎ কথিত বাক্য সসম্মানে নত মস্তকে অর্থের সহিত শ্রবণ করুন ॥ ১০০ ॥

যেষু বান্ধবজনেষু প্রমীতেষু (৮৭) জ্ঞাতয়োঽজ্ঞাতযোগ্যাচরণা (৮৮) মোহ-ব্যামোহ-ব্যাকুলা যদশ্রু পাতয়ন্তি, ধয়ন্তি ধর্ম্মতৎপরা অপি তে তৎ পর-লোকে, ততো বিহায় শোকমতিশয়ং মতিশয়ং (৮৯) সুস্থাভব ॥ ১০১ ॥

গৌরতনো! তনোরুত্তাপকং প্রাপকং প্রায়ো মনঃ ক্ষোভস্য শোকমবদ্য-মবদ্য (৯০) ত্বরিতমনেহসি নেহ (৯১) সিতাংশুবদন! শোভতে শোক-পীবরতা বরতাপশ্চ ॥ ১০২ ॥

তস্মাদুত্থায় ত্বরিতমধুনা মধুনা সমর্পয় পিণ্ডং তথা ঘনরসং নর-সম্প্রদেয়ং (৯২) নাত্র বিলম্বঃ করণীয়ো বিতরণীয়ো বিতর্করহিতৈর্জনৈর্হি স সঃ ॥ ১০৩ ॥

---

(৮৭) মৃতেষু, (৮৮) ন জ্ঞাতং যোগ্যমাচরণং যৈঃ, (৮৯) বুদ্ধিস্থং ॥ ১০১ ॥
(৯০) অবদ্যং নিন্দ্যং শোকম্ অবদ্য খণ্ডয় ; (৯১) ইহ অনেহসি সময়ে ন ॥ ১০২ ॥
(৯২) নরৈঃ প্রদাতব্যং জলং ॥ ১০৩ ॥

যে সকল মৃতবান্ধবগণের উদ্দেশ্যে জ্ঞাতিগণ যোগ্য আচরণ না জানিয়া অজ্ঞান ও অতি মুগ্ধতায় ব্যাকুল হইয়া যে অশ্রুপাত করে, পরলোকে সেই ধার্ম্মিকগণ সেই অশ্রু পান করিয়া থাকেন। অতএব এই অত্যন্ত মানসিক শোক পরিত্যাগ করিয়া সুস্থ হউন ॥ ১০১ ॥

হে গৌরাঙ্গ! শরীরের উত্তাপদায়ক এবং অতিশয় মনঃক্ষোভ জনক নিন্দনীয় শোক শীঘ্র দূর কর। হে চন্দ্রবদন! এই সময়ে শোকাতিশয্য ও অত্যন্ত পরিতাপ শোভা পায় না ॥ ১০২ ॥

অতএব এক্ষণে সত্বর গাত্রোত্থান করিয়া মানবগণের সম্প্রদান যোগ্য মধুর সহিত পিণ্ড ও জল দান কর। এ বিষয়ে বিলম্ব করিও না। যেহেতু বিতর্ক রহিত হইয়া জনবৃন্দের ঐ ঐ বস্তু দান করা কর্ত্তব্য ॥ ১০৩ ॥

তদৈব তদ্বিধায় শ্রুতি-সঙ্কলিত (৯৩) স্কলিতমোহরো মোহরোদনে বিহায় সহায়-সহিতঃ সমুত্থায় তাৎকালিক-ক্রিয়াকলাপং কৃত্বা মাত্রাদিভিঃ সহ গৃহং জগাম ॥ ১০৪ ॥

ততশ্চ যথাবেদং বেদং বেদং (৯৪) বিদ্বদ্ভিরভিহিতং হিতং পরেতস্য পর-লোকায় কায়শোধকং কর্ত্তুর্যথাসময়মসম-যম-ভয়নিবর্হক-বর্হক-চূড়-প্রীণনতয়া (৯৫) দানাদিকর্ম্ম চকার ॥ ১০৫ ॥

আদৌ স্বস্য পিতা স চামরধুনীনীরে স্ব মালোকয়ন্
নাম স্বস্য সমুচ্চরন্নপি জশহৌ যদপ্যসূন্ জ্ঞানতঃ।
শ্রীগৌরঃ স্বয়মৌর্দ্ধদৈহিকমসৌ তস্যাপি দানাদিকং
চক্রে ধর্ম্মবিধান-শিক্ষণকৃতে তস্যাগ্রহোয়ম্মহান্ ॥ ১০৬ ॥

---

(৯৩) শ্রুতিগৃহীতং বিধায় শ্রুত্বেত্যর্থঃ ॥ ১০৪ ॥

(৯৪) বিচার্য্য বিচার্য্য ; (৯৫) অসমযমভয়-নিবর্হকঃ অতুলযমভয়-নাশকঃ, শ্রীকৃষ্ণস্তস্যানন্দন-ত্বেন ॥ ১০৫ ॥

ঐ কথা শ্রবণ করিয়া কলিদুঃখহারী ভগবান্ বিশ্বম্ভর তৎক্ষণাৎ মোহ ও রোদন পরিত্যাগ করিয়া গাত্রোত্থান করতঃ বিধি পূর্ব্বক তাৎকালিক ক্রিয়া সমূহ সম্পন্ন করিয়া জননী প্রভৃতির সহিত গৃহে গমন করিলেন ॥ ১০৪ ॥

অনন্তর পণ্ডিতগণ পুনঃ পুনঃ বিচার পূর্ব্বক বেদ অনুসারে পরলোকগত ব্যক্তির মঙ্গলকর ও কর্ম্মকর্ত্তার শরীর শোধক যাহা যাহা বলিয়াছিলেন গৌর যথা সময়ে অতুল যমভয় নিবারক শ্রীকৃষ্ণের প্রীতির নিমিত্ত সেই সেই সকল দানাদি কর্ম্মের অনুষ্ঠান করিয়াছিলেন ॥ ১০৫ ॥

এবং যথাশাস্ত্রমতং স গৌরো
বিধায় কৃত্যং পিতুরাদরেণ।
পুনঃ প্রমোদাদধিয়ন্ স্বশিষ্যা-
নধ্যাপয়ংশ্চ স্বগৃহে ললাস॥ ১০৭ ॥

ইতীত্যাদি শ্রীগৌরলীলামৃতে কৈশোরলীলাবর্ণনে উপনয়নাদি-
বিলাসো নাম একাদশ আস্বাদঃ ॥

প্রথমতঃ তাঁহার পিতা জাহ্নবী সলিলে তাঁহাকে দর্শন করিতে করিতে ও তাঁহার নাম উচ্চারণ করিতে করিতে যদিও সজ্ঞানে প্রাণত্যাগ করিয়াছিলেন তথাপি শ্রীগৌর স্বয়ং তাঁহার ঔর্দ্ধদেহিক ক্রিয়া ও তাঁহার উদ্দেশে দানাদি করিয়াছিলেন। কারণ ধর্ম্মবিধি শিক্ষা দিবার নিমিত্ত তাঁহার মহান্ আগ্রহ ॥ ১০৬ ॥

এই প্রকারে গৌরশাস্ত্র মতানুসারে সাদরে পিতার কার্য্য সম্পন্ন করিলেন। অনন্তর পুনরায় আনন্দভরে অধ্যয়ন ও শিষ্যগণকে অধ্যাপনা করিতে করিতে নিজ গৃহে বিলাস করিতে লাগিলেন॥ ১০৭ ॥

ইতীত্যাদি শ্রীগৌর-লীলামৃতে কৈশোর লীলাবর্ণনে
উপনয়নাদিবিলাস নামক একাদশ আস্বাদ ॥

দ্বাদশ আস্বাদঃ।

অথাস্য কৈশোর-বয়ো ঘনাঘনঃ
ক্ষণে ক্ষণে সাধু যথা যথোদগাৎ।
তথা তথা (১) কান্তি-পয়োঝরৈস্তনা-
বুপত্যকায়াং পরিতো ব্যসৃপ্যত ॥ ১ ॥

রুচিং তনোরস্য বিলোক্য পীতনং (২)
ধ্রুবং প্রপেদে মহতীমপত্রপাম্।
ততো গভীরাসু দরীষু ভূভৃতাং
নিলীয় বাসং কুরুতে নিরন্তরম্ ॥ ২ ॥

পাদেন (৩) গৌরস্য বিধোর্বিজিগ্যে
যদম্বুজালী তদতীব যুক্তম্।
এতত্তু চিত্রং বত তেন লেভে
যদ্রক্ততা সার্ব্বদিকী প্রগাঢ়া ॥ ৩ ॥

---

(১) অন্যত্রাপি বর্ষকমেঘোদয়ে পর্ব্বতসমীপভূবি নির্ঝরা বিসর্পন্ত্যেব ॥ ১ ॥

(২) হরিতালং ॥ ২ ॥

(৩) গৌরস্য গৌরবর্ণস্য বিধোশ্চন্দ্রস্য কিরণেন পদ্ম-পরাভবস্য দৃষ্টত্বাত্যুক্ততা ॥ ৩ ॥

অনন্তর প্রভুর কৈশোর বয়সরূপ জলধর ক্ষণে ক্ষণে যেমন যেমন সুন্দররূপে প্রকাশ পাইতে লাগিল, তাঁহার তনুরূপ উপত্যকায় কান্তিরূপ নির্ঝরশ্রেণী তেমন তেমন প্রবাহিত হইতে লাগিল ॥ ১ ॥

তাঁহার শ্রীঅঙ্গের কান্তি দর্শন করিয়া হরিতাল যথার্থই অত্যন্ত লজ্জা পাইয়াছিল। সেইজন্য সে পর্ব্বতের গভীর গুহামধ্যে লুকাইয়া নিরন্তর বাস করিতেছে ॥ ২ ॥

গৌরচন্দ্রের চরণ যে, কমল সকলকে জয় করিয়াছিল তাহা অত্যন্ত সমুচিত বটে কিন্তু ইহাই আশ্চর্য্য যে, ঐ চরণ সর্ব্বদার নিমিত্ত প্রগাঢ় রক্তিমা লাভ করিয়াছিল ॥ ৩ ॥

সরোজ-সৌন্দর্য্যহৃতে পরীক্ষা-(৪)
কৃতে চচালাস্য পদদ্বয়ং কিম্?
সিন্দূরপুঞ্জে বর-সাহসেন (৫)
লগ্নঃ স রাগচ্ছলতো ররাজ ॥ ৪ ॥

সুবর্ণ-বর্ণা কদলী যদি স্যাৎ
সা চাবনি-ন্যস্তশিরা ভবেচ্চেৎ।
ভজেদসৌ কোমলতাং পুনশ্চে-
ত্তদা তদূর্ব্বোস্তুলনা ঘটেত ॥ ৫ ॥

তস্যাবলগ্নস্য বিলোক্য শোভাং
ভেজুস্ত্রপাং কেশরিণো নিতান্তম্।
ততো গিরীণাং কুহরেষু নিত্যং
বসন্তি ভীত্যা মুখদর্শনায়াঃ ॥ ৬ ॥

---

(৪) অন্যোঽপি চৌরো যদি মৎপদে সিন্দূরং লগ্নং ভবেত্তদাহং চৌরঃ স্যামন্যথা তু সাধুরেব ইত্যুক্ত্বা সিন্দূরোপরি গচ্ছতি। (৫) অনেন বস্তুতস্তদ্বর্ণং বোধিতং ॥ ৪ ॥

পদ্মের সৌন্দর্য্য হরণের পরীক্ষার নিমিত্ত তাঁহার পদদ্বয় অত্যন্ত সাহস ভরে সিন্দূর পুঞ্জের উপর দিয়া কি গমন করিয়াছিল? তাহাতে সেই সিন্দূর পুঞ্জ রাগচ্ছলে তাঁহার চরণে লগ্ন হইয়া শোভা পাইতেছে ॥ ৪ ॥

কদলীবৃক্ষ যদি স্বর্ণবর্ণ হয় এবং তাহার মস্তকটী যদি পৃথিবীর দিকে থাকে, পুনরায় তাহা যদি অত্যন্ত কোমল হয় তবেই তাহার সহিত গৌরের ঊরু যুগলের তুলনা হইতে পারে ॥ ৫ ॥

তাঁহার কটিদেশের শোভা দেখিয়া কেশরিগণ অত্যন্ত লজ্জা পাইয়াছিল সেইজন্য তাহারা মুখ দেখাইবার ভয়ে সর্ব্বদা গিরি গুহায় বাস করিতেছে ॥ ৬ ॥

অধোবিভাগে কৃশমূর্দ্ধ-বিস্তৃতং
রোমাবলী (৬) মঞ্জুলমুচ্চতাস্পদম্।
লসৎ সুবর্ণং তদুরস্থলং ভৃশং
জিগায় হেমাদ্রিমহো স্বয়া শ্রিয়া ॥ ৭ ॥

যদা যুবাভ্যেব মহেভশুণ্ডান্
স্তম্ভানজৈষ্টং নিতরাং তদাবাম্।
জয়েব কং বে ভাদ্যযোক্তু কামৌ (৭)
তস্যোরুপার্শ্বং যযতুর্ন্নু বাহূ ॥ ৮ ॥

স্বকীয়-দুর্গীকৃত-নীরাশেঃ
শ্রিয়ঃ প্রবালস্য জহার যোঽলম্।
স গৌর-পাণির্বিপিনে সতস্তা (৮)
হরেৎ প্রবালস্য (৯) ন তদ্বিচিত্রম্ ॥ ৯ ॥

(৬) পক্ষে রোমবণম্ ॥ ৭ ॥

(৭) প্রষ্টুকামৌ ॥ ৮ ॥

(৮) অনেন বঙ্ককাভাবো দ্যোত্যতে, তাঃ শ্রিয়ঃ। (৯) পল্লবস্য ॥ ৯ ॥

অধোভাগে কৃশ ঊর্দ্ধভাগে বিস্তৃত সুন্দর রোমাবলীযুক্ত সমুন্নত এবং সুবর্ণের ন্যায় শোভমান তাঁহার বক্ষঃস্থল নিজসৌন্দর্য্যে স্বর্ণাচল সুমেরুকে অত্যধিক জয় করিয়াছিল ॥ ৭ ॥

যখন তোমরাই প্রকাণ্ড হস্তিশুণ্ড ও স্তম্ভ সকলকে অতিশয় জয় করিয়াছ তখন আমরা আর কাহাকেই বা জয় করিব?" এই কথা জিজ্ঞাসা করিবার ইচ্ছায় যেন বাহুদ্বয় তাঁহার ঊরুপার্শ্বে গমন করিয়াছিল ॥ ৮ ॥

যে সমুদ্রকে নিজের দুর্গ অর্থাৎ আশ্রয় স্থান করিয়াছে সেই প্রবালের সৌন্দর্য্য গৌরের যে হস্ত অত্যন্ত জয় করিয়াছে, গৌরের সেই হস্ত যে, বনে বিদ্যমান প্রবালের অর্থাৎ নবপল্লবের সৌন্দর্য্যকে জয় করিবে, তাহাতে কিছু আশ্চর্য্য নাই ॥ ৯ ॥

ছায়াপরিভ্রাজি তদাস্যবিম্বং
লেভে যতো নীরজ-বন্ধুভাবম্ (১০)।
ততস্ত্রিয়ামাপতিরাত্মকান্ত্যা
জিগায় যত্তন্নহি ভাতি চিত্রম্ ॥ ১০ ॥

বক্রস্বভাবা অপি নির্ম্মলত্বং
সদা সিতা (১১) অপ্যসিত-প্রভত্বম্।
সমায়তা (১২) অপ্যসমায়তত্বং
প্রপেদিরে তস্য শিরোরুহৌঘাঃ ॥ ১১ ॥

অমুষ্য রূপং বত চেৎ সুবর্ণতা-
মবাপ লোকোত্তর-চিত্রকারিণীম্ ॥
তদা ন চিত্রং গুণতাং যদাপ্নুবন্
গুণা জগচ্চিত্ত-কুরঙ্গ-বন্ধনাঃ ॥ ১২ ॥

(১০) পদ্ম-সাদৃশ্যম্ অথচ সূর্য্যত্বং ॥ ১০ ॥

(১১) সদা সিতা বদ্ধা অথচ শুক্লা, (১২) প্রকৃতে অতিদীর্ঘাঃ অসমদীর্ঘত্বং ॥ ১১ ॥

ছায়া (কান্তি, পক্ষে সূর্য্যপ্রিয়া) দ্বারা শোভমান তাঁহার বদন মণ্ডল যে পদ্মবন্ধুভাব (পদ্মের বন্ধুত্ব, পক্ষে সূর্য্যত্ব) প্রাপ্ত হইয়াছিল সেইজন্য উহা নিজ কান্তিতে যে চন্দ্রকে জয় করিয়াছিল, তাহাতে কিছু আশ্চর্য্য নাই ॥ ১০ ॥

তাঁহার কেশকলাপ বক্রস্বভাব (কুটিল ভাবাপন্ন, পক্ষে বক্রতাযুক্ত) হইলেও নির্ম্মলতা, সর্ব্বদা সিত (শুভ্র, পক্ষে বদ্ধ) হইলেও অসিতপ্রভত্ব অর্থাৎ কৃষ্ণবর্ণতা এবং সমায়ত অর্থাৎ অতিদীর্ঘ হইলেও অসমায়তত্ব অর্থাৎ অতুলনীয় বিস্তৃতি প্রাপ্ত হইয়াছিল ॥ ১১ ॥

তাঁহার রূপ যে অসামান্য বিস্ময়জননী সুবর্ণতা (শোভন-বর্ণত্ব, পক্ষে স্বর্ণত্ব) প্রাপ্ত হইয়াছিল তাহা আশ্চর্য্য নহে। যেহেতু জগদ্বাসিগণের চিত্তরূপ কুরঙ্গ বন্ধনকারী গুণসমূহ গুণত্বপ্রাপ্ত হইয়াছিল অর্থাৎ বৃদ্ধি পাইয়াছিল ॥ ১২ ॥

বিলোক্য লাবণ্যমমুষ্য তাদৃশং
নিশম্য লোকাননতো গুণাংশ্চ তান্।
ররঞ্জ তস্মিন্ জগদেব তাদৃশীং
বিভর্ত্তি শক্তিং খলু বস্ত্বলৌকিকম্ ॥ ১৩ ॥

বিশেষতস্তু যুবতয়ো যুবতয়ো (১৩) পলালিতং শালিতং (১৪) শাতকরৈর্গুণৈস্তমাকর্ণ্যালোক্য চ তদাসক্তমানসা বভূবুঃ। তত্র ভূজ (১৫) বামা-গবামা (১৬) স্বীয়ানামানর্থক্যং সার্থক্যঞ্চ মেনিরে যাভিরধমায়াভি (১৭) রয়মাকর্ণিতো দ্রষ্টুং ন প্রাপ্তশ্চ ॥ ১৪ ॥

সুরবণিতাঃ সু-রব-বণিতান্ত—জিতকোকিলা (১৮) স্তস্য গুনান্ গায়ন্ত্যঃ স্ম দিবসানবসানমানয়ন্তি, মানয়ন্তি স্ম চ নিজলোচনানামনিমিষতামবিচ্ছেদং তমীক্ষমাণাঃ ॥ ১৫ ॥

(১৩) যুবতয়া যুবত্বেন, (১৪) শ্লাঘিত্বং, (১৫) ভুবি জাতাঃ ভূজাঃ। (১৬) গবাং লোচনানাং, (১৭) অধম উপরতিশূন্যোঽয়ঃ শুভাবহবিধির্যাসাং তাভিঃ ॥ ১৪ ॥
(১৮) সুরবনিতা দেবস্ত্রিয়ঃ, সুস্বর-নিতান্ত-জিতপিকাঃ ॥ ১৫ ॥

তাঁহার তাদৃশ লাবণ্য দেখিয়া এবং লোক মুখে তাঁহার অশেষ গুণের কথা শুনিয়া সমস্ত জগৎই তাঁহার প্রতি অনুরক্ত হইয়াছিল। কেন না অলৌকিক বস্তু যথার্থই ঐরূপ শক্তিধারণ করিয়া থাকে ॥ ১৩ ॥

বিশেষতঃ যুবতিগণ তাঁহাকে যৌবনসম্পন্ন ও সুখকর গুণ সমূহে বিভূষিত শুনিয়া তাঁহাকে দর্শন করিয়া তাঁহার প্রতি আসক্তচিত্তা হইয়াছিল। তাহাদের মধ্যে অশেষসৌভাগ্য সম্পন্না যে সকল পার্থিবরমণীগণ তাঁহার কথা শুনিয়াছিলেন, তাঁহারা নিজনিজ নয়নের ব্যর্থতা ও শ্রবণইন্দ্রিয়ের সার্থকতা মনে করিয়াছিলেন ॥ ১৪ ॥

সুমধুর রবে কোকিলকে অত্যন্ত পরাজয়কারিনী সুরবণিতাগণ তাঁহার গুণসমূহ গান করিতে করিতে দিন অবসান করিত এবং অবিচ্ছিন্নভাবে তাঁহাকে দেখিয়া আপনাদের চক্ষুর অনিমেষতার প্রশংসা করিত ॥ ১৫ ॥

মানব্যস্তু বিদূরদেশসদনাস্তস্যাঙ্গলক্ষ্মীসুধাং
পাত্বা কর্ণপুটেন মোদমধিকং সদ্যো যথা লেভিরে।
চিত্রং হন্ত! তথা বিষাদমপি তং ন প্রাপ্য পাতুং দৃশা
যস্মাদশ্রুসমোষ্ণশীতমপতন্নেত্রাদমূষাং সদা॥ ১৬॥

সদেশবাসাস্তু (ক) বিলোক্য তং স্ত্রিয়ঃ
সদর্পকত্বং (১৯) দ্বিবিধং প্রপেদিরে।
স-মন্মথত্বেন তদঙ্ঘ্রিপদ্মযো-
র্মহার্পকত্বেন চ চেতসো মণেঃ॥ ১৭॥

ততশ্চ তাস্তং বিলুলোকিরে সদা
জাগ্রদ্দশায়াং যদিদং ন চাদ্ভুতম্।
ক্ষণে ক্ষণে নূতনতাং প্রযায়িণঃ
স্বপ্নস্য মধ্যেঽপি নিদধ্যু (২০) রেব যৎ॥১৮॥

(ক) নিকটস্থাঃ, (১৯) সতী চাসৌ অর্পিকা চেতি তস্যাঃ ভাবঃ সদর্পকত্বম্॥ ১৭॥

(২০) নিদধ্যুঃ দদৃশুঃ, প্রযায়িণ ইত্যত্র ভবিষ্যদর্থণিনিনা যোগাৎ ষষ্ঠী॥ ১৮॥

অত্যন্ত দূরদেশবাসিনী মানবীগণ কর্ণপুটে তাঁহার অঙ্গের সৌন্দর্য্য সুধা পান করিয়া তৎক্ষণাৎ যেরূপ অত্যধিক আনন্দ প্রাপ্ত হইতেন, আশ্চর্য্যের বিষয় যে, তাঁহারা নয়নের দ্বারা উহা পান করিতে না পাইয়া সেইরূপ বিষাদও প্রাপ্ত হইতেন। সেই হেতু সর্ব্বদা তাহাদের নেত্রে হইতে তুল্যভাবে উষ্ণ ও শীতল অশ্রু পতিত হইত॥ ১৬॥

কিন্তু নিকটদেশবাসিনী নারীগণ তাঁহাকে দেখিয়া তাঁহার চরণকমলের সমন্মথত্বরূপে এবং তাঁহার চিত্তরূপমনির মহার্পকত্ব অর্থাৎ মহাদাতৃত্বরূপে এই দুই প্রকারে সদর্পকত্ব প্রাপ্ত হইয়াছিলেন॥ ১৭॥

অনন্তর তাহারা সর্ব্বদা জাগ্রদ্দশায় যে তাঁহাকে দর্শন করিত তাহা আশ্চর্য্য নহে। যেহেতু ক্ষণে ক্ষণে নূতনত্বপ্রাপক অর্থাৎ নূতন নূতন স্বপ্নের মধ্যেও তাহারা গৌরকে দর্শন করিত॥ ১৮॥

জগত্ত্রয়ে যদ্যপি তস্য লব্ধয়ে
বভূব যোগ্যা যুবতী ন কাচন।
তথাপি তাস্তত্র রতিং দধুর্যতঃ
কর্ত্তুং বিচারং ন দদাতি লোভ্যতা (২১) ॥১৯॥

তাসাং দশাস্তাঃ কতি বর্ণনীয়া
যল্লভ্যতে নাবসরস্তদর্থঃ।
যতো হি নঃ সংপ্রতি সর্ব্বনারী-
চূড়ামণিঃ স্ফূর্ত্তিমুপৈতি কাচিৎ ॥ ২০ ॥

যা খলু নবদ্বীপবাসিনঃ পরমসুখোল্লাসিনঃ সাদ্‌গুণ্যনিধানস্য বিপ্রবংশপ্রধানস্য বিলক্ষণ-ধর্ম্মকার্য্যস্য বল্লভাচার্য্যস্য ভবতি দুহিতা মনোজ্ঞ-চরিতা নাম্না ধাম্না (২২) স্বরূপেণ রূপেণ চ লক্ষ্মীরেব ॥ ২১ ॥

(২১) বিষয়স্যেত্যর্থঃ ॥ ১৯ ॥

(২২) প্রভাবেণ কান্ত্যা বা ॥ ২১ ॥

যদিও ত্রিভুবনে তাঁহাকে লাভ করিবার যোগ্যা কোনও যুবতী ছিল না তথাপি তাহারা তাঁহার প্রতি আসক্তি রাখিত। যেহেতু বিষয়ের লোভনীয়তা বিচার করিতে দেয় না ॥ ১৯ ॥

তাহাদের ঐ প্রকার দশা আর কত বর্ণনা করিব। যেহেতু তজ্জন্য আমরা অবসর পাইতেছি না। কারণ আমাদের মনে সম্প্রতি সমস্ত রমণীগণের শিরোমণি কোনও এক অনির্ব্বচনীয়া রমণী স্ফূর্ত্তি পাইতেছেন ॥ ২০ ॥

যিনি নবদ্বীপ নিবাসী পরমসুখোল্লাসী অসংখ্য সদ্‌গুণভাজন বিপ্রবংশশ্রেষ্ঠ পরমধার্ম্মিক বল্লভাচার্য্যের সুচারুচরিতা কন্যা। যিনি নামে প্রভাবে বা কান্তিতে, স্বরূপে ও রূপে সাক্ষাৎ লক্ষ্মী ॥ ২১ ॥

যা চ বলদেব দোষেব তাল-পরাভবকৌজাঃ (২৩) রাজপৃতনেব চিক্কণশ্যামল-কুন্তলা (২৪) যজ্ঞশালেব নির্ম্মলদ্বিজরাজাস্যা ব্রজভূমিরিব চঞ্চল-কমললোচনা (২৫) ॥ ২২ ॥

বসন্তাটবীব পাটলাপুষ্পগন্ধবহা (২৬) রাজদ্দ্বিজপটা (২৭) চ, শরদিব নাতি-পীবরদোষা (২৮) প্রফুল্লপুষ্করশয়া (২৯) চ, শুচিসংক্রান্তিরিবোদিত-পয়োধরা (৩০) অঙ্কুরিত-রোমাবলী (৩১) চ ॥ ২৩ ॥

---

(২৩) হরিতালজয়িকান্তিঃ তালবৃক্ষভঞ্জক-বলা চ, (২৪) চিক্কণশ্যামলাঃ কুন্তলা যস্যাঃ, পক্ষে চিক্কণ শ্যামলান্ কুন্তান্ লাতীতি সা, (২৫) পক্ষে কমললোচনঃ কৃষ্ণঃ ॥ ২২ ॥

(২৬) পাটলাপুষ্প-সমাননাসা, পক্ষে পাটলাপুষ্পগন্ধং বহতীতি সা। (২৭) রাজন্ দ্বিজপটৌ দন্তবসনং যস্যাঃ, পক্ষে রাজন্তো দ্বিজাঃ পক্ষিণো যেষু তে পটাঃ পিয়ালাঃ যস্যাং। (২৮) দোষা বাহুঃ পক্ষে রাত্রিঃ, (২৯) প্রফুল্লপুষ্করবৎ শয়ো হস্তো যস্যাঃ, পক্ষে প্রফুল্লানি পুষ্করশয়ানি পদ্মানি যস্যাং, (৩০) শুচিসংক্রান্তিঃ আষাঢ়সংক্রান্তিঃ, উদিতৌ উদেতুমারব্ধৌ পয়োধরৌ স্তনৌ যস্যাঃ, পক্ষে পযোধরা মেঘাঃ। (৩১) পক্ষে রোমবণং ॥ ২৩ ॥

যিনি বলদেবের বাহুর ন্যায় তালপরাভবকৌজাঃ অর্থাৎ হরিতালবিজয়িকান্তি বিশিষ্টা, পক্ষে তালবৃক্ষভঞ্জক বলশালী, রাজসেনার ন্যায় চিক্কণ ও শ্যামলকেশযুক্তা, পক্ষে তীক্ষ্ণ ও শ্যামবর্ণ কুন্তধারিণী, যজ্ঞশালার ন্যায় নির্ম্মলদ্বিজরাজাস্যা অর্থাৎ নিষ্কলঙ্কচন্দ্রবদনা, পক্ষে নির্দ্দোষ ব্রাহ্মণ শ্রেষ্ঠগণের স্থিতি বিশিষ্টা, ব্রজ-ভূমির ন্যায় চঞ্চল কমললোচনা অর্থাৎ চঞ্চল পদ্মনেত্রা, পক্ষে চঞ্চল কৃষ্ণ বিরাজিতা ॥ ২২ ॥

যিনি বসন্তকালীন বনের ন্যায় পাটলাপুষ্প গন্ধবহা অর্থাৎ পাটল পুষ্পের ন্যায় নাসিকাবিশিষ্টা ও রাজদ্দ্বিজপটা অর্থাৎ সুন্দর অধরযুক্তা, (বনপক্ষে পাটলপুষ্পের গন্ধবহনকারিবায়ুবিশিষ্টা ও পক্ষিগণবিরাজিত পিয়ালবৃক্ষশোভিত) শরৎকালের ন্যায় নাতিপীবরদোষা অর্থাৎ নাতিস্থূলভুজা ও প্রফুল্লপুষ্করশয়া অর্থাৎ প্রফুল্লকমল-হস্তা, (শরৎ পক্ষে নাতিদীর্ঘরাত্রিযুক্তা ও প্রফুল্লকমলসম্পন্না) জ্যৈষ্ঠ বা আষাঢ়

সিদ্ধি-সংহতিরিব লসদণিমাবলগ্না (৩২) বর্ষাদ্যৌরিবাতিসজ্জঘনা (৩৩) প্রচণ্ড-রাজনীতিরিব বিপুল করোরুদণ্ডা (৩৪) প্রভাত-ভাত-ভানুমণ্ডলীব লোহিতপাদা (৩৫) চিত্রপটীব বিবিধগুণশোভিতা (৩৬) সর্ব্বাসাং রমণীনাং শিরসি ররাজ ॥ ২৪ ॥

সা চাশৃণোদ্ গৌরবিধোর্যদেব
গুণান্ সখীনাং বদনাৎ কদাচিৎ।
তদৈব রাগো মদনোঽপি তস্যাঃ
সমং (৩৭) হৃদি প্রাদুরভূৎ প্রকামম্ ॥ ২৫ ॥

(৩২) লসন্নণিমা সূক্ষ্মতা যস্য তাদৃশমবলগ্নং মধ্যমং যস্যাঃ, পক্ষে লসতা অণিম্না লগ্না সম্বদ্ধা। (৩৩) অতিসৎ জঘনং যস্যাঃ, পক্ষে অতি সজ্জাঃ সুসজ্জিতা ঘনা মেঘা যস্যাং। (৩৪) বিপুলশুণ্ডবৎ উরুদণ্ডৌ যস্যাঃ, পক্ষে বিপুলঃ করো যস্যাং উরুর্মহান্ দণ্ডো যস্যাঞ্চ। (৩৫) পাদশ্চরণঃ কিরণশ্চ। (৩৬) গুণা লাবণ্যাদয়ঃ, সূত্রাণি চ ॥ ২৪ ॥

(৩৭) সহ যুগপদিত্যর্থঃ ॥ ২৫ ॥

মাসের সংক্রান্তির ন্যায় উদিতপয়োধরা অর্থাৎ উদীয়মানস্তনশালিনী ও অঙ্কুরিত রোমাবলী অর্থাৎ জাতরোমশ্রেণীভূষিতা (সংক্রান্তি পক্ষে মেঘোদয়সম্পন্না ও অঙ্কুরিত রোমবনবিশিষ্টা) ॥ ২৩ ॥

যিনি সিদ্ধিসমূহের ন্যায় লসদণিমাবলগ্না অর্থাৎ সূক্ষ্মকটিযুক্তা (সিদ্ধিপক্ষে সুন্দর অণিমান্বিতা) বর্ষাকালীন আকাশের ন্যায় অতিসজ্জঘনা অর্থাৎ অতি সুন্দর জঘনশালিনী (পক্ষে সুশজ্জিতমেঘবিশিষ্টা) প্রচণ্ডরাজনীতির ন্যায় বিশালকরিশুণ্ড-তুল্য উরুদণ্ড সম্পন্না (পক্ষে প্রচুর রাজকররূপমহাদণ্ডযুক্তা) প্রভাতে উদিত সূর্য্যমণ্ডলের ন্যায় (লোহিত পাদা, অর্থাৎ রক্তচরণা (পক্ষে রক্তবর্ণ কিরণশালী) বিচিত্র বসনের ন্যায় বিবিধগুণশোভিতা) হইয়া সমস্ত রমণীগণের মস্তকোপরি বিরাজ করিতেন ॥ ২৪ ॥

একদা তিনি যে মূহুর্ত্তে সখীগণের মুখে গৌরচন্দ্রের গুণরাজি শুনিলেন, তৎক্ষণাৎ তাঁহার হৃদয়ে যুগপৎ অনুরাগ ও মদন অতিশয় প্রকাশ পাইল ॥ ২৫ ॥

ভদৈব তস্যা মুখচন্দ্রবিম্বং
স্বেদামৃত-স্রাবিণমাকলয্য।
ফুল্লং দৃগিন্দীবরযুগ্মমাসীজ্
জহর্ষ রোমৌষধি-মণ্ডলী চ ॥ ২৬॥

তাঞ্চ তথাবিধামালোক্য জাত-প্রমদাঃ প্রমদাস্তাশ্চতুরাশ্চতুরস্যজায়াতোঽপি (৩৮) দৃশোরিঙ্গিতেন রিঙ্গিতেন (৩৯) চ ভ্রবোস্তমর্থং পরস্পরমাবেদ্য কিঞ্চনোচিরে নোচিরেণাপি (৪০) ॥ ২৭ ॥

সা চ তদ্গুণ সাধুস্বদনার্থং
গচ্ছতি স্ম মুহুরন্তিকমাসাম্।
ষট্পদীব নিতরাং মধুলুব্ধা
জাতপুষ্পসুমনোলতিকানাম্ ॥২৮॥

---

(৩৮) সাবিত্রীতোঽপি চতুরাঃ, (৩৯) রিগিগতৌ ভাবে ক্তঃ, (৪০) বহুকালপর্য্যন্তং নোচিরে ॥ ২৭ ॥

তখনই তাঁহার মুখরূপ চন্দ্রমণ্ডল স্বেদরূপ অমৃত ক্ষরণ করিতেছে দেখিয়া নয়নযুগলরূপ নীলোৎপলদ্বয় প্রস্ফুটিত এবং রোমাবলীরূপ ওষধি শ্রেণী হৃষ্ট হইল ॥ ২৬ ॥

তাঁহাকে ঐপ্রকার দেখিয়া ব্রহ্মপত্নী সাবিত্রী হইতেও বিচক্ষণা সেই সকল রমণী আনন্দিত হইয়া চক্ষুর ইঙ্গিতে ও ভ্রূচালনা দ্বারা পরস্পরকে ঐ বিষয় জানাইয়াছিলেন, কিন্তু বহু সময় পর্য্যন্ত কোনও কথা বলিতে পারেন নাই ॥ ২৭ ॥

অত্যন্ত মধুলুব্ধা ভ্রমরী যেমন পুনঃ পুনঃ পুষ্পিত মালতী লতার নিকট গমন করে, সেইরূপ লক্ষ্মী বিশ্বম্ভরের গুণসুধা আস্বাদনের নিমিত্ত বারংবার তাহাদের নিকট গমন করিতেন ॥ ২৮ ॥

গৌরো (৪১) বিহারং বিদধাতি গঙ্গা-
তটে সুহৃদ্ভিঃ সমমিত্যমূষাম্।
কুরঙ্গমুদ্দিশ্য বচো নিশম্য
সা প্রেষ্ঠবুদ্ধ্যা মুহুরেতি তত্র ॥ ২৯॥

গৌরেণ লোচন-দলানি সুখাক্রিয়ন্তে
ইত্যর্দ্ধবাক্যমবকর্ণ্য সখীমুখাৎ সা।
দ্রষ্টুং সমুৎসুকমনাঃ শশিনেতি শেষং (৪২)
শ্রুত্বা বিনিঃশ্বসিত হন্ত! কদাপি দীর্ঘম্॥ ৩০॥

যদাস্তু তাস্তস্য গুণান্ বিরুন্বতে
তদৈকতানীকৃতমানসা সতী।
কথান্তরালাপকরীষু কুপ্যতী
শ্রুতেঃ পরার্দ্ধং মনসাভিকাঙ্ক্ষতি॥ ৩১॥

(৪১) গৌরো মৃগবিশেষঃ, তথাচ স্বামী-বক্ত্র-রুরু-গৌরাদ্যমৃগবিশেষঃ॥ ২৯॥

(৪২) শেষং বাক্যশেষেতি তাৎপর্য্যাৎ॥ ৩০॥

গৌর (মৃগ বিশেষ শ্লেষে গৌরচন্দ্র) গঙ্গাতীরে সুহৃদ্‌গণের সঙ্গে বিহার করিতেছে—মৃগের উদ্দেশ্যে সেই নারীগণের এবম্বিধ বাক্য শুনিয়া তিনি প্রিয়তম গৌর জ্ঞানে পুনঃ পুনঃ সেখানে আগমন করিতেন ॥ ২৯ ॥

গৌর (শ্বেতবর্ণ, শ্লেষে গৌরসুন্দর) নয়নদল সমূহকে সুখী করিতেছে—কখনও সখীগণের মুখে ঐ প্রকার অর্দ্ধবাক্য শ্রবণ করিয়া তিনি দেখিবার জন্য অতি উৎকণ্ঠিত চিত্তা হইতেন। পরে তাহাদের মুখে "চন্দ্র" এই অবশিষ্ট বাক্যাংশ শ্রবণ করিয়া দীর্ঘনিঃশ্বাস পরিত্যাগ করিতেন ॥ ৩০ ॥

যখন তাঁহারা গৌরের গুণসমূহ বর্ণনা করিতেন, তখন তিনি একাগ্রচিত্ত হইয়া তাহা শ্রবণ করিতেন, কথামধ্যে যাঁহারা অন্য বাক্যালাপ করিতেন, তিনি তাঁহাদের প্রতি কুপিত হইতেন এবং মনে মনে পরার্দ্ধসংখ্যক কর্ণ কামনা করিতেন ॥ ৩১ ॥

বিলোকয়িষ্যামি কদা ভগিত্যমুং
বিভাবয়ন্তীং মনসা নিরন্তরম্।
সখীব সুপ্তির্নিজ-বাসনানুগা (৪৩)
প্রদর্শয়ামাস কদাপি তং নিশি॥ ৩২॥

সুবর্ণ-মধুরচ্ছবিং শরদখণ্ডচন্দ্রাননং
ভ্রমদ্ভ্রমর-লোচনং করিকরাভ-বাহুদ্বয়ম্।
কবাট-পৃথু-বক্ষসং বিবিধভূষণৈরুজ্জ্বলং
শচীসুতমবেক্ষ্য সা সুখ সমুদ্রমগ্নাভবৎ ॥৩৩॥

স্বপ্নে যদ্ যদ্দৃশ্যতে কিঞ্চ লোকে
তত্তন্মিথ্যৈবেতি যোঽস্তীহ বাদঃ।
নাসৌ সাধুর্যত্তদানন্দ-জন্মা
তস্যা নেত্রে বারিধারাবিরাসীৎ (৪৪)॥ ৩৪॥

(৪৩) স্বসংস্কারানুগতা সখাপি স্বেচ্ছানুসারিণী তথা করোতি॥ ৩২॥

(৪৪) নহি মিথ্যাভূতস্য যথার্থকার্য্যকারিতা সম্ভবতীতি ভাবঃ॥ ৩৫॥

"আমি কবে তাঁহাকে দর্শন করিব" তিনি নিরন্তর মনে মনে এইরূপ চিন্তা করিতেন। তখন তাঁহার নিজসংস্কারানুযায়ী স্বপ্ন তদীয় বাসনানুগতা সখীর ন্যায় কোনও এক সময়ে রাত্রিকালে তাঁহাকে গৌর প্রদর্শন করাইয়াছিল॥ ৩২ ॥

সুবর্ণ অপেক্ষাও মধুরকান্তি শারদপূর্ণচন্দ্রতুল্যবদন, চঞ্চলভ্রমর, সদৃশনয়ন, করিশুণ্ড সমান বাহুদ্বয়, কবাটের ন্যায় স্থূলবক্ষাঃ ;বিবিধভূষণের দ্বারা উজ্জ্বল শচীনন্দনকে নিরীক্ষণ করিয়া তিনি সুখসমুদ্রে মগ্না হইয়াছিলেন॥ ৩৩ ॥

এসংসারে স্বপ্নে যাহা কিছু দেখা যায়, তাহা সমস্তই মিথ্যা—এই প্রকার যে প্রবাদ আছে তাহা সত্য নহে। যেহেতু সেই স্বপ্নদর্শনে তাঁহার নেত্রে আনন্দ-জনিত জলধারা প্রকাশ পাইয়াছিল॥ ৩৪ ॥

তদেব মাকর্ণ্য সুখানি বিন্দতী
প্রিয়ং পুনস্তং সহসা তিরোহিতম্।
ন বীক্ষ্য কান্তং ক্ব গতোঽসি মামিমাং
বিহায় হন্তেতি বদন্ত্যবুধ্যত।। ৩৫ ।।

তদিদমাকর্ণ্য বচনমস্যা নমস্যা ধীমতীনাং (৪৫) তদ্বয়স্যা দ্বয়স্যানন্দকরীং শ্রবসো রিমাং গিরং জগদুঃ—'অয়ি সরলাশয়ে! বিশয়ে (৪৬) বিকিরসি রসিকানাং নো মানসম-মানসমকে (৪৭), যস্মাদনুপযতাপি (৪৮) তাপিতা হ্বয়সেঽয়সে (৪৯) কা স্বেতি॥ ৩৬ ॥

লক্ষ্মীস্তু তদাকর্ণ্য নমিত-লপনা (৫০) মিত-লপনা স্বভাবতো (৫১) ঽস্বভাবতোঽপি (৫২) তদালপনমমানস্য দায়কং মানস্য দায়কঞ্চ (৫৩) মত্বা ন কিঞ্চিদূচে, মনসা ত্বিদমনুক্ষণং চিন্তয়ামাস॥ ৩৭ ॥

(৪৫) বুদ্ধিমতীনাং নমস্কার্য্যা শ্রেষ্ঠা ইত্যর্থঃ। (৪৬) সংশয়ে, (৪৭) নাস্তি মানমিযত্ত্বা সমশ্চ যস্য তস্মিন্ বিষয়ে, (৪৮) অবোঢ়াপি, তাদৃশ্যা এব কান্তেত্যাহ্বানং ঘটতে, নান্যস্যা অতএব সংশয়ঃ। ৩৬॥

(৫০) নতমুখী, (৫১) প্রকৃত্যা মিতবচনা, (৫২) তৎকথনম্ অস্বভাবতঃ প্রাণাভাবাৎ মরণাদপি (৫৩) অমানসাস্য দুঃখস্য দায়কং মানস্য খণ্ডয়িতারঞ্চ ॥ ৩৭ ॥

গৌরকে ঐরূপ দর্শন করিয়া তিনি অপার আনন্দপ্রাপ্ত হইয়াছিলেন, পুনরায় তাঁহার সেই প্রিয়তমকে সহসা তিরোহিত হইতে দেখিয়া "হায় কান্ত! আমাকে ত্যাগ করিয়া কোথায় গেলে" এই কথা বলিতে বলিতে জাগরিত হইয়াছিলেন॥ ৩৫ ॥

তাঁহার ঐবাক্য শুনিতে পাইয়া বুদ্ধিমতীগণের নমস্যা তাঁহার সখিমণ্ডলী কর্ণযুগলের আনন্দজনক এই কথা বলিয়াছিলেন—অয়ি সরলে! আমাদের ন্যায় রসিকাগণের চিত্ত তুমি অসীম সংশয়ে নিক্ষেপ করিতেছ, কেননা—তুমি অবিবাহিতা হইলেও সন্তপ্তা হইয়া "কান্ত! তুমি কোথায় গেলে।" বলিয়া ডাকিয়াছ ॥ ৩৬ ॥

তচ্ছ্রবনে স্বভাবতঃ মিতভাষিণী লক্ষ্মী নতমুখী হইলেন এবং তাহাদের বাক্য মৃত্যু অপেক্ষাও অধিক দুঃখদায়ক ও মাননাশক মনে করিয়া কিছুই বলিলেন না, কিন্তু মনে মনে অনুক্ষণ এইরূপ চিন্তা করিতে লাগিলেন॥ ৩৭ ॥

অয়ে বিধে! দুষ্টমতে ত্বমস্যতো!
দত্তাপহারী চ (৫৪) বিবেক-বর্জ্জিতঃ।
যতো মনস্তোষকরীং প্রদায় মে
সুপ্তিং ক্ষণাদেব রহস্যমূং বত ॥ ৩৮ ॥

জাগ্রদ্দশাং (৫৫) দুর্লভগৌরদৃষ্টিং
তথা সুষুপ্তিঞ্চ (৫৬) বিধায় দীর্ঘাম্।
সম্ভাব্য তদ্দর্শনসৌখ্য-পূরাং
সুপ্তিং বত হ্রস্বতমামকার্ষীঃ ॥ ৩৯ ॥

পুনর্যদীমাং বিতরেদ্দশাং মে
তদা ন দোষাং স্তব বর্ণয়েয়ম্।
বরঞ্চ গাস্যামি কৃপালুতাং তে
জনেষু সর্ব্বেষ্বপি মদ্বিধেষু ॥ ৪০ ॥

(৫৪) চ-কারো ভিন্নক্রমস্তেন বিবেকবর্জ্জিতশ্চেত্যন্বয়ঃ ॥ ৩৮ ॥

(৫৫) বিবেকবর্জ্জিতত্বং বিশদয়তি জাগ্রদ্দশামিতি, (৫৬) সুষুপ্তৌ ব্রহ্মণঃ সম্পত্তিরেব, নতু তৎসাক্ষাৎকার ইত্যভিপ্রেত্য তথাত্বমিতি ॥ ৩৯ ॥

অহে দুষ্টবিধি! তুমি দত্তাপহারী ও বিবেকবর্জ্জিত। যেহেতু তুমি আমাকে মনের সন্তোষজনক স্বপ্ন প্রদান করিয়া ক্ষণকাল পরেই তাহা হরণ করিলে ॥ ৩৮ ॥

যাহাতে গৌরের দর্শন দুর্ল্লভ হয় এইরূপ দীর্ঘ জাগ্রদ্দশা ও সুষুপ্তি বিধান করিয়া, যাহাতে তাঁহার দর্শনজনিত সুখপ্রবাহ সম্ভাবিত হয় সেইরূপ স্বপ্নাবস্থাকে অত্যন্ত অল্প করিয়াছ ॥ ৩৯ ॥

পুনরায় যদি তুমি আমাকে এই অবস্থা প্রদান কর, তাহা হইলে আমি তোমার দোষ কীর্ত্তন করিব না! বরং আমার ন্যায় সকল লোকের নিকটেই তোমার কৃপালুতা গান করিব ॥ ৪০ ॥

সা চ প্রতিরজনি শয়নাবসরে মনসেদং প্রার্থয়ামাস অয়ি বিধে! প্রণমামি কৃতাঞ্জলিদর্শনদষ্টতৃণা ভবতঃ পাদং। ময়ি বিধায় কৃপাং জনয়ে রমূং (৫৭) সকৃদপীহ দশাং নিশি সুপ্তিকাম্ ॥ ৪১ ॥

তদেবং স্থিতে কদাচন বিশ্বম্ভরো বিচিত্র বেশধরো নিজস্নেহশালিনা নাম্না বনমালিনা সহাচার্য্যেণ ধীমতামার্য্যেণ (৫৮) পথি পথি ভ্রমতি স্ম। তদা চ শ্রীবল্লভাচার্য্যসুতা সখী সমূহযুতা গঙ্গায়ামবগাহনং বিধায় তত্রাগমনং চকার ॥ ৪২ ॥

সা চ দূরতঃ প্রথমং গৌরাঙ্গস্যাঙ্গরোচিরালোক্য জাতবিস্ময়া স্বসখীঃ প্রতীদং জগাদ—

সখ্য! কিমিদং চিত্রং, জলধর-খণ্ডোঽপি নেক্ষ্যতে ক্বাপি।
সৌদামিনী-ঘটেয়ং (৫৯), পশ্যত পুরতঃ কুতো মিলতি? ॥ ৪৩ ॥

(৫৭) অমূং গৌরদর্শিকাং ॥ ৪১ ॥
(৫৮) বুদ্ধিমতাং শ্রেষ্ঠেন ॥ ৪২ ॥
(৫৯) অত্র ভিন্নাগামপি গৌরকচৌ সৌদামিনীঘটায়া অভেদাধ্যবসায়লক্ষণা প্রথমাতিশয়োক্তিরিয়ম ॥ ৪৩ ॥

তিনি প্রতি রজনীতে শয়নকালে মনে মনে এইরূপ প্রার্থনা করিতেন—হে বিধি! আমি দন্তে তৃণ ধারণ করিয়া কৃতাঞ্জলিপুটে তোমার চরণে প্রণাম করিতেছি, তুমি আমার প্রতি কৃপা করিয়া এই রাত্রিতে যাহাতে গৌর দর্শন হয়, এইরূপ স্বপ্নদশা একবার মাত্রও প্রকাশ করিও ॥ ৪১ ॥

তাঁহার অবস্থা এই প্রকার হইলে কোনও একদিন বিশ্বম্ভর বিচিত্রবেশ ধারণ করিয়া তাঁহার প্রতি স্নেহশীল পরম-বুদ্ধিমান্ বনমালী নামক আচার্য্যের সঙ্গে পথে পথে ভ্রমণ করিতেছিলেন, তখন বল্লভাচার্য্যের কন্যা লক্ষ্মী সখীগণের সঙ্গে মিলিত হইয়া গঙ্গায় অবগাহন করতঃ সেইস্থানে আগমন করিলেন ॥ ৪২ ॥

তিনি দূর হইতে প্রথমতঃ গৌরাঙ্গের অঙ্গকান্তি দর্শন পূর্ব্বক বিস্মিত হইয়া নিজ সখীগণের প্রতি এই কথা বলিতে লাগিলেন—হে সখীগণ! দেখ

এবং ব্রুবাণায়াং বল্লভ-নন্দনায়াং গৌরবিধৌ প্রাপ্তকিঞ্চিৎসন্নিধৌ।
প্রশস্তবুদ্ধিমতী সুধাসমান-ভারতী কাপি প্রিয়সখী তামুবাচ
হসিতমুখী ॥ ৪৪ ॥

মুগ্ধে! ন জানাসি ন চঞ্চলেয়ং
সা কুত্রচিন্ন স্থিরতামুপৈতি।
ইয়ং নবদ্বীপ বিভূষণস্য
শচীসুতস্যাঙ্গরুচির্বিভাতি ॥ ৪৫ ॥

পশ্য পশ্য রুচিমণ্ডলান্তরে, শ্রীশচীতনয় এষ শোভতে।
কাঞ্চনদ্রব-সরোবরান্তরে, কাঞ্চন-প্রতিকৃতি (৬০) র্যথা সতী ॥ ৪৬ ॥

অস্যাঙ্গশোভাং কিমু বীক্ষ্য লজ্জয়া
ত্বচা হরিদ্রা নিজকান্তিমাবৃণোৎ।
তথাপি ন স্বাস্থ্যমবাপ্য ভূতলে
প্রবিশ্য বাসং বিদধাতি নিশ্চিতম্ (৬১) ॥ ৪৭ ॥

(৬০) প্রতিকৃতিঃ প্রতিমা ॥ ৪৬ ॥
(৬১) উৎপ্রেক্ষেয়ম্ ॥ ৪৭ ॥

একি আশ্চর্য্য! কোথায়ও মেঘখণ্ড দেখা যাইতেছে না, তথাপি সম্মুখে কোথা হইতে এই বিদ্যুৎপুঞ্জ উপস্থিত হইল? ॥ ৪৩ ॥

বল্লভনন্দিনী লক্ষ্মী এই কথা বলিতে লাগিলে এবং গৌরচন্দ্র কিছু নিকট-বর্ত্তী হইলে পরমবুদ্ধিমতী কোনও একজন প্রিয়সখী সহাস্যবদনে ও অমৃততুল্য বাক্যে লক্ষ্মীর প্রতি এইকথা বলিতে লাগিলেন ॥ ৪৪ ॥

মুগ্ধে! তুমি কি জান না—ইহা বিদ্যুৎ নয়। বিদ্যুৎ কোথায়ও স্থির হইয়া থাকে না। ইহা নবদ্বীপ ভূষণ শচীনন্দনের অঙ্গকান্তি প্রকাশ পাইতেছে ॥ ৪৫ ॥

দেখ দেখ, স্বর্ণজলময় সরোবরের মধ্যে সুন্দর সুবর্ণ-প্রতিমার ন্যায় কান্তি-পুঞ্জের অভ্যন্তরে শ্রীশচীতনয় শোভা পাইতেছেন ॥ ৪৬ ॥

ইঁহার অঙ্গ শোভা দর্শন করিয়া কি হরিদ্রা লজ্জায় ত্বকের দ্বারা নিজকান্তি আবৃত করিয়াছে? তথাপি সুস্থতা লাভ না করিয়া যথার্থই মৃত্তিকা মধ্যে প্রবেশ পূর্ব্বক বাস্ করিতেছে ॥ ৪৭ ॥

বিলোকয়াস্য কচান্ সুকুঞ্চিতান্
কৃশান্ ঘনান্ শ্যামরুচান্ সুচিক্কণান্।
যেষাং সমস্তে ভুবনেঽপি কুত্রচি-
ত্তুলা ন যানেব বিনাবলোকাতে ॥ ৪৮ ॥

পশ্যাস্য পৃষ্ঠোপরি লম্বমানো
বিজৃম্ভতে সুন্দরি! কেশপাশঃ।
হৈমে মহীধ্রস্য তটে বিশালে
যথা সহস্রাংশু-সুতা-প্রবাহঃ ॥ ৪৯ ॥

পশ্যালিকে সুন্দরি! গৌরমূর্ত্তে-
র্বিভান্তি বক্রাঃ খলু চূর্ণকেশাঃ।
সুবর্ণপত্রার্পিত-কামরাজ-
প্রশস্তিলেখাক্ষর-লেখিকেব (৬২) ॥ ৫০ ॥

(৬২) আজ্ঞালিপনাক্ষরশ্রেণী ॥ ৫০ ॥

উঁহার সুকুঞ্চিত, কৃশ, ঘন, শ্যামবর্ণ এবং সুচিক্কণ কেশরাশি অবলোকন কর। কেবলমাত্র ঐ কেশকলাপ ব্যতীত সমস্ত পৃথিবীর মধ্যে কোথায়ও তাহার তুলনা দৃষ্ট হয় না ॥ ৪৮ ॥

হে সুন্দরি! দেখ, বিশাল হেমগিরিতটে যমুনা প্রবাহের ন্যায় উঁহার পৃষ্ঠোপরি লম্বমান কেশপাশ প্রকাশ পাইতেছে ॥ ৪৯ ॥

সুন্দরি! দেখ, ঐ গৌরমূর্ত্তির ললাটে বক্র চূর্ণকুন্তল সমূহ সুবর্ণপাত্র-প্রদত্ত কন্দর্পরাজের শাসনলিপির অক্ষরসমূহের ন্যায় বিরাজ করিতেছে ॥ ৫০ ॥

আত্মা ভবেৎ পুত্র ইতি শ্রুতেঃ স্মর—
শ্চতুর্ভুজস্যাস চতুর্ভুজঃ সুতঃ।
ইদং ভ্রূবৌ (৬৩) তস্য ভবিষ্যতো ধ্রুবং
চাপৌ ততঃ ক্ষোভয়তো মনো ভৃশম্॥ ৫১॥

তয়ো (৬৪) রধঃ পঞ্চশরস্য বাণৌ
সহস্র-পত্রে সখি লোকয়ামৃ।
যয়োর্জনৈরেব (৬৫) রসজ্ঞভিন্নৈ—
র্বিধীয়তে লোচনযুগ্মবুদ্ধিঃ ॥ ৫২॥

অনেন দীর্ঘেণ দৃশোর্দ্বয়েন যং
বিলোকতে সুন্দরি! গৌরসুন্দরঃ।
জনস্য ভাগ্যং নহি তস্য ভাষিতুং
সহস্রবক্ত্রোঽপি ফনী ভবেৎ ক্ষমঃ ॥ ৫৩॥

(৬৩) ভ্রূবৌ অস্য ভ্রুবৌ॥ ৫১॥
(৬৪) তয়োঃ ভ্রূচাপয়োঃ, (৬৫) এবকারো ভিন্নক্রমে অরসিকৈরেবেতি॥ ৫২॥

আত্মা পুত্ররূপে জন্মগ্রহন করে এই শ্রুতিবাক্য অনুসারে কামদেব চতুর্ভুজ বাসুদেবের চতুর্ভুজ পুত্ররূপে জন্মগ্রহন করিয়াছিলেন। অতএব ইহার ভুরুদ্বয় নিশ্চিত ঐ কন্দর্পের ধনু হইবে। সেই হেতু উহারা মনকে অত্যন্ত ক্ষোভিত করিতেছে ॥ ৫১॥

সখি! দেখ, ঐ ভ্রূধনুর্দ্বয়ের নিম্নে পঞ্চশর মদনের দুইটী বাণরূপ কমলদ্বয় শোভা পাইতেছে, অরসজ্ঞ ব্যক্তিগণ যাহাদের প্রতি নয়নযুগল জ্ঞান করিয়া থাকে ॥ ৫২॥

হে সুন্দরি! গৌরসুন্দর এই দীর্ঘ-নেত্রযুগলের দ্বারায় যাহার প্রতি দৃষ্টিপাত করেন, সহস্রবদন অনন্তও সেই ব্যক্তির ভাগ্য বলিতে সমর্থ নহেন ॥ ৫৩॥

যশ্চানয়োর্নেক্ষণ-পুণ্ডরীকয়ো—
র্যুগেন পশ্যত্যয়মালিরাগতঃ ।
বৃথৈব মন্যেঽস্য জনু (৬৬) র্জনস্য
কিমর্থকং মূঢ়তমো বিধির্ব্যধাৎ ॥ ৫৪ ॥

করাক্ষি-বক্ত্রচ্ছলতঃ স্ববাণান্
পঞ্চাম্বুজান্যত্র (৬৭) নিধায় কামঃ ।
অধোমুখীকৃত্য দধে স্বকীয়ং
নাসাচ্ছলেনাস্য স্বর্ণ-তূণম্ ॥ ৫৫ ॥

পশ্যাস্য হে সুন্দরি ! নাসিকায়াং
কস্তূরিকা-কল্পিত-তমাল-পত্রম্ (৬৮) ।
অলিং যথা কাঞ্চন-কেতকস্য
দলস্য পৃষ্ঠে মধুগন্ধলুব্ধম্ (৬৯) ॥ ৫৬ ॥

(৬৬) জন্ম ॥ ৫৪ ॥
(৬৭) অত্র গৌরে ॥ ৫৫ ॥
(৬৮) তিলকং, (৬৯) অনেন স্থিরত্বং গম্যতে ॥ ৫৬ ॥

হে সখি ! বিশ্বম্ভর তাঁহার এই নয়নপদ্মযুগলের দ্বারা যাহার প্রতি অনুরাগভরে দৃষ্টি নিক্ষেপ না করেন, আমি তাহার জন্ম বৃথাই মনে করি মহামূর্খ বিধি কেন তাহাকে সৃষ্টি করিল ॥ ৫৪ ॥

কাম এই গৌরের কর, অক্ষি ও বদনছলে পাঁচটী কমলরূপ নিজের বাণ সমূহ রক্ষা করিয়া ইহার নাসাচ্ছলে নিজের স্বর্ণ তূণটী অধোমুখ করিয়া স্থাপন করিয়াছে ॥ ৫৫ ॥

হে সুন্দরি ! স্বর্ণকেতকী দলের পৃষ্ঠে মধুগন্ধলুব্ধভ্রমরের ন্যায় উহার নাসিকায় কস্তুরীরচিত তিলক শোভা পাইতেছে—দর্শন কর ॥ ৫৬ ॥

সুবর্ত্তুলৌ চিক্কণতা--পরিষ্কৃতৌ
গণ্ডাবমুষ্যালি! বিলোকয়াধুনা।
গোলাকৃতৌ স্বর্ণরসেন রঞ্জিতৌ
মনোজ-রত্যোঃ কিমু দর্পণাবিমৌ ॥ ৫৭ ॥

মীনং মীনধ্বজস্য ধ্বজমিহ--বদনে গৌরচন্দ্রস্য ধাতা
নারীণাং মোহনার্থং নয়নযুগমিষান্ন্যাস্য তস্য প্রিয়াঞ্চ।
তৌ দ্বৌ শ্রীকেশপাশ-দ্যুমণি-জনি (৭০) নদীং লোভতো গন্তুকামৌ
দৃষ্ট্বা তদ্বারণায় শ্রুতিযুগ-কপটাৎ পাশযুগ্মং ন্যধত্ত ॥ ৫৮ ॥

নালোকয়েঃ (৭১) ত্বং সখি! বক্ত্রমধ্যে
শচীসুতস্যাধর পক্ক বিম্বম্।
তস্মিন্ পতেচ্চেন্মতি-কীরনারী
নাবর্ত্তনে শক্ষ্যসি তর্হি তস্যাঃ ॥ ৫৯ ॥

৭০। দ্যুমণি—জনিযমুনা ॥ ৫৮ ॥
৭১। নিষেধমুখেন বিধিবচনম ॥ ৫৯ ॥

হে সখি! উহার চিক্কণতা দ্বারা মার্জ্জিত, সম্যক্ গোলাকার গণ্ডদ্বয় অবলোকন কর। এ দুইটী কি মদন ও রতির স্বর্ণরসে রঞ্জিত গোলাকৃতি দর্পন? ॥ ৫৭ ॥

বিধাতা নারীদিগকে মোহিত করিবার জন্য গৌরচন্দ্রের এই বদনে নয়নযুগলচ্ছলে মীনধ্বজ কন্দর্পের ধ্বজারূপে মৎস্য ও তাহার প্রিয়া মৎসীকে রক্ষা করিয়াছেন এবং সেই মৎস্যদ্বয়কে গৌরের সুন্দর কেশপাশরূপ যমুনা নদীতে লোভবশতঃ যাইতে ইচ্ছুক দেখিয়া তাহাদের বারণের নিমিত্ত কর্ণযুগলচ্ছলে পাশদ্বয় স্থাপন করিয়াছেন ॥ ৫৮ ॥

হে সখি! শচীপুত্রের বদনমধ্যে অধররূপ পক্কবিম্বের প্রতি তুমি নিরীক্ষণ করিও না। কেননা, তোমার মতিরূপ শুকস্ত্রী যদি তাহাতে পতিত হয়, তাহা হইলে তুমি তাহাকে ফিরাইয়া আনিতে সমর্থ হইবে না ॥ ৫৯ ॥

হৈমস্য (৭২) শালস্য শিরস্যপূর্ব্বং
স্বর্ণাম্বুজং রাজতি পশ্য মুগ্ধে!
বন্ধূকযুগ্মং পরিভাতি তস্মিং
স্তস্মিন্ পুনঃ কৈরবপুষ্পবৃন্দম্ ॥ ৬০ ॥

যে পণ্ডিতাঃ সুন্দরি! শঙ্খমাত্রে
পীতত্ব—বোধং ভ্রমমামনন্তি।
তে নূনমেতস্য শচীসুতস্য
কদাচিদৈক্ষন্ত ন কণ্ঠ—শঙ্খম্ ॥ ৬১ ॥

বক্ষোঽস্য যদ্ বিজ্ঞজনা বিচক্ষতে
হৈমে কবাটে মিলিতে পরস্পরম্।
তদ্‌যোগ্যমেবাত্র যতো বিলম্বতে
ভুজার্গলা (৭৩) যুগ্মমমুষ্য পার্শ্বয়োঃ ॥ ৬২ ॥

(৭২) অত্র গৌরস্য দেহ-মুখাধরৌষ্ঠহাসেষু ক্রমেণ হৈমশালত্বাদ্যারোপঃ ॥ ৬০ ॥
(৭৩) অন্যত্রাপি কবাটস্য পার্শ্বে অর্গলং লম্বত এব ॥ ৬২ ॥

মুগ্ধে! দেখ, সুবর্ণ শালবৃক্ষের মস্তকোপরি অপূর্ব্ব স্বর্ণকমল বিরাজ করিতেছে। তাহাতে দুইটী বাঁধুলী ফুল শোভা পাইতেছে তাহাতে আবার কৈরব পুষ্পসমূহ বিরাজমান ॥ ৬০ ॥

সুন্দরি! যে সকল পণ্ডিতগণ শঙ্খমাত্রে পীতত্ব বুদ্ধিকে ভ্রম বলিয়া মনে করেন, তাঁহারা নিশ্চিত কখনও এই শচীসুতের কণ্ঠশঙ্খটী দর্শন করেন নাই ॥ ৬১ ॥

বিজ্ঞ ব্যক্তিগণ যে ইঁহার বক্ষকে পরস্পর মিলিত দুইটী হৈম কবাট বলিয়া থাকেন, এখানে তাহা যোগ্য বটে। যেহেতু উহার উভয় পার্শ্বে বাহুরূপ দুইটী অর্গল বিলম্বিত আছে ॥ ৬২ ॥

ভুজদ্বয়ীমস্য বিলোক্য গণ্ডু
কর্ত্তুং (৭৪) যা ন করোতি কামম্।
কা নাম সা স্ত্রী জগদন্তরালে
স্মিতপ্রভানিন্দিত-কৈরবে হস্তি ॥ ৬৩ ॥

এতস্য পাণী সখি! কামরত্যো
রবৈমি তূণৌ নলিন-স্বরূপৌ।
যৎপঞ্চ পঞ্চাঙ্গুলি-গন্ধফল্যো (৭৫)
বাণান্যধীয়স্ত ভয়োরমূভ্যাম্ (৭৬) ॥ ৬৪ ॥

অস্যোল্লসদ্ধিঙ্গুল-রাগরঞ্জিতা
তনূরুহাল্যা রহিতা সুপর্ব্বিকা।
বিরাজদগ্রা নখরৈঃ ফলৈরিয়ং
দশাঙ্গুলী ভাতি দশেষু বত্তয়োঃ ॥ ৬৫ ॥

(৭৪) গণ্ডুকর্তুম্ উপধানীকর্ত্তুং, ॥ ৬৩ ॥
(৭৫) গন্ধফলী চম্পক-কলিকা, (৭৬) অমূভ্যাং কামরতিভ্যাং ॥ ৬৪ ॥

হে সখি! তোমার মৃদু-হাস্যচ্ছটায় কুমুদ নিন্দা পায়। তুমি বল জগতের মধ্যে এমন কোন স্ত্রী আছে যে, গৌরের ভুজদ্বয় অবলোকন করিয়া উহাদিগকে উপাধান করিবার জন্য একান্ত অভিলাষ না করে ॥ ৬৩ ॥

সখি! ইঁহার করযুগলকে কামরতির কমলরূপ দুইটী তূণ বলিয়া মনে করি। যেহেতু ঐ কামরতি উহার করদ্বয়ে পাঁচ পাঁচটী অঙ্গুলীরূপ পাঁচ পাঁচটী চম্পক কলিকা বাণ-স্বরূপে স্থাপন করিয়াছে ॥ ৬৪ ॥

ইঁহার হস্তদ্বয়ে উজ্জ্বল হিঙ্গুল রাগরঞ্জিত, রোমরাজিশূণ্য, সুন্দর পর্ব্বযুক্ত, অগ্রভাগে নখররূপ ফলসমূহে সুশোভিত এই দশটী অঙ্গুলী দশটী বাণের ন্যায় শোভা পাইতেছে ॥ ৬৫ ॥

অবৈমি বক্ষোঽস্য তটং সুমেরো—
র্ধারা (৭৭) শ্চতস্রোঽত্র হি দেবধুন্যাঃ।
(৭৮) শুক্লোত্তরীয়াংশুক-যজ্ঞসূত্র—
মালাদ্বিখণ্ডীচ্ছলতো বিভান্তি ॥ ৬৬ ॥

উচ্চত্ব-বিস্তারবতীং সুচিক্কণাং
রোমালি দূর্ব্বাঙ্কুররাজি-শোভিতাম্।
বক্ষস্তটীমস্য বিলোক্য কা বধূ—
র্মৃগীব তস্যাং শয়িতুং নহীচ্ছতি ॥ ৬৭ ॥

সিংহস্য মধ্যেন সমং সমীকে (৭৯)
যুক্তং জয়ং প্রাপদমুষ্য মধ্যম্।
বলিত্রয়েণাস্য হি সাহচর্য্যং (৮০)
বিধীয়তে তস্য তু নৈব জাতু ॥ ৬৮ ॥

(৭৭) সীতা-লকনন্দা-বঙ্ক্ষু-ভদ্রারূপাঃ। (৭৮) শুক্লপদং সর্ব্বেষাং বিশেষণম্ ॥ ৬৬ ॥
(৭৯) যুদ্ধে, (৮০) অন্যত্রাপি যস্য বলবত্ত্রয়েণ সাহায্যং ক্রিয়তে, স জয়ং প্রাপ্নোত্যেব ॥ ৬৮ ॥

ইঁহার বক্ষঃস্থলকে সুমেরুর তট বলিয়া জ্ঞান করিতেছি। যেহেতু ইহাতে শুক্ল উত্তরীয় বসন, যজ্ঞসূত্র ও দুইখণ্ড মালাচ্ছলে সুরধুনীর চারিটী ধারা বিরাজ করিতেছে ॥ ৬৬ ॥

উচ্চতা ও বিস্তার-বিশিষ্ট, সুচিক্কণ, রোমশ্রেণীরূপ দূর্ব্বাঙ্কুর সমূহে শোভিত ইঁহার বক্ষস্তট দর্শন করিয়া কোন্ বধূ মৃগীর ন্যায় তাহাতে শয়ন করিতে ইচ্ছা না করে ॥ ৬৭ ॥

উঁহার কটিদেশ সিংহের কটির সহিত যুদ্ধে নিযুক্ত হইয়া জয়লাভ করিয়াছে। কারণ বলিত্রয় (বলি নামক উদরস্থিত মাংসত্রয় পক্ষে তিনটী বলবান্ ব্যক্তি) উহার কটিদেশের সাহায্য করিতেছে কিন্তু সিংহের কটিদেশের ঐ তিনটী সহায় নাই ॥ ৬৮ ॥

বিচক্ষণাঃ সংব্রুবতেঽস্য নাভিং
কূপং ততস্ত্বং ভব সাবধানা।
অস্মিন্ পতেচ্চেত্তব দৃক্‌কুরঙ্গী
নোত্থাতুমস্মাদ্ ভবিতা সমর্থা ॥ ৬৯ ॥

যদা যদোরুদ্বয়ীমস্য দন্তিনঃ
স্মরন্তি শুণ্ডা-পরিভূতিকারিণীম্।
ধ্রুবং স্বশুণ্ডাং ত্রপয়া তদা তদা
প্রবেশয়ন্ত্যন্যমিষান্মুখান্তরে (৮১) ॥ ৭০ ॥

বীক্ষ্যাস্য পাদৌ সখি। জাতলজ্জা
বনং (৮২) প্রবিষ্টা উভয়ে প্রবালাঃ (৮৩)।
একে সরাজীব-বিশালশালং (৮৪)
পরে নরাজীব-বিশালশালম্ (৮৫) ॥ ৭১ ॥

(৮১) ভোজনপানাদিচ্ছলতঃ তে হি তদর্থং শুণ্ডাং মুখে মুহুর্মুহুঃ প্রবেশয়ন্তি, তত্রৈবোৎপ্রেক্ষেয়ং ॥ ৭০ ॥

(৮২) বনং জলং কাননঞ্চ, (৮৩) বিদ্রুমাঃ পল্লবাশ্চ, (৮৪) রাজীবো মৎস্যভেদস্তেন সহিতাঃ বিশালাঃ শালা মৎস্যভেদা যত্র, পরত্র (৮৫) নরণামাজীবা আজীব্যা বিশিষ্টা শালা বৃক্ষভেদা যেষু তে শালা বৃক্ষা যত্র ॥ ৭১ ॥

পণ্ডিতগণ ইঁহার নাভিকে কূপ বলিয়া থাকেন। অতএব তুমি সাবধানা হও। তোমার দৃষ্টিরূপ কুরঙ্গী যদি উহাতে পতিত হয়, তাহা হইলে উহা হইতে আর উঠিতে সমর্থ হইবে না ॥ ৬৯ ॥

যে যে সময়ে করিগণ তাহাদের শুণ্ডের পরাভবকারি উঁহার উরুদ্বয়ের স্মরণ করে, সেই সেই সময়ে তাহারা লজ্জায় অন্য ভোজন-পানাদি কার্য্যচ্ছলে মুখমধ্যে নিজশুণ্ড প্রবিষ্ট করাইয়া থাকে ॥ ৭০ ॥

হে সখি! ইঁহার চরণদ্বয় দর্শন করিয়া দুই প্রকার প্রবাল সমূহই লজ্জিত হইয়া থাকে। একপ্রকার প্রবাল রাজীব ও প্রকাণ্ড শালমৎস্য সমন্বিত বনে

অনেন পাদদ্বিতয়েন ভূতলে
পরিভ্রমন্তং সমবেক্ষ্য সখ্যমুম্।
কা নাম সা স্ত্রী ভুবি কুত্র বর্ত্ততে
যা নাত্মনো ভূতলভাবমিচ্ছতি ॥ ৭২ ॥

কঃ শক্নুয়াৎ সখি! বিধের্হৃদয়ং প্রবিশ্য
বিজ্ঞাতুমেতদবনীবলয়েঽত্র লোকঃ।
এনং সমস্ত পুরুষৌঘবতংসভূতং (৮৬)
সৎকন্যয়া কিল কয়া ঘটয়িষ্যতীতি ॥ ৭৩ ॥

এবং সখীবচন-বর্ণিতমাকলয্য
গৌরস্বরূপমবলোক্য চ বীক্ষণেন।
সা-(৮৭) নন্দ-বারিধি-রতিদ্যুধুনী-প্রবাহ—
সঙ্গে নিমগ্ন-হৃদয়া নিতরাং বভূব ॥ ৭৪ ॥

(৮৬) পুরুষসমূহ-শিরোভূষণং ॥ ৭৩ ॥
(৮৭) সা লক্ষ্মীঃ, ॥ ৭৪ ॥

অর্থাৎ সমুদ্র জলে এবং অন্য প্রকার প্রবাল অর্থাৎ নবপল্লবসমূহ নরগণের জীবিকা-স্বরূপ বিশাল শালবৃক্ষ শোভিত বনে প্রবেশ করিয়াছে ॥ ৭১ ॥

হে সখি! পৃথিবীতে এমন কোন্ স্ত্রী কোথায় আছে যে, তাঁহাকে ঐ দুইটী চরণের ভূতলে ভ্রমণ করিতে দেখিয়া আপনার ভূতলভাব অর্থাৎ ভূমি হইবার জন্য ইচ্ছা না করে? ॥ ৭২ ॥

সখি! সমস্ত পুরুষগণের শিরোমণিস্বরূপ এই গৌর সুন্দরকে বিধাতা কোন্ সুন্দরী কন্যার সহিত মিলিত করিবে, এই ভূমণ্ডলে কোন্ ব্যক্তি ঐ বিধাতার হৃদয়ে প্রবেশ করিয়া তাহা জানিতে সমর্থ হইবে? ॥ ৭৩ ॥

এই প্রকার সখীবাক্যবর্ণিত গৌরস্বরূপ শ্রবণ করিয়া এবং দৃষ্টিদ্বারা তাহা দর্শন করিয়া লক্ষ্মী আনন্দ সমুদ্রে রতিরূপ গঙ্গাপ্রবাহ সঙ্গে অত্যন্ত নিমগ্ন চিত্তা হইয়াছিলেন ॥ ৭৪ ॥

শশাক রোদ্ধুং যদুদেতুমুদ্যতং
ত্রপান্বিতা সাশ্রুজলং ন কণ্টকম্।
যোগ্যং তদাদের্জলতা (৮৮) বিচক্ষণৈঃ
পরস্য যৎ কণ্টকতা চ গীয়তে॥ ৭৫
বিলোক্য গৌরং সমবাপ্য লোলতাং
পুনর্যদি প্রাপদলোলতামিয়ম্ (৮৯)।
ততো ন যুক্তং কথমেতদস্তু যদ্
গৌরী সতী প্রাপ পুনশ্চ গৌরতাম্ (৯০)॥ ৭৬
নিরীক্ষ্য গৌরং সকৃদেব তস্যা-
যদীদৃশোঽভূৎ প্রথিতোঽনুরাগঃ।
ন তদ্ বিচিত্রং স হি নিত্যসিদ্ধো
ব্যক্তিং ব্রজত্যল্পত এব হেতোঃ॥ ৭৭

ইতি শ্রীগৌরলীলামৃতে কৈশোরলীলাবর্ণনে লক্ষ্মীপূর্ব্বরাগাঙ্কুরো নাম দ্বাদশ আস্বাদঃ।

(৮৮) জড়স্য রোধঃ সুকরঃ, ক্ষুদ্রশত্রোস্তু রোধো দুঃশক ইতি ভাবঃ॥৭৫

(৮৯) প্রকৃতে লোলতাং সতৃষ্ণতাম্, পরত্র অচঞ্চলতাম্ স্তব্ধতামিত্যর্থঃ। (৯০) গৌর্য্যা গৌরতাবাপ্তির্যুক্তৈব, প্রকৃতে তু গৌরতাং অরুণতাম্॥৭৬

লজ্জান্বিতা লক্ষ্মী যে তখন উদয়োদ্যত অশ্রুজলকে রুদ্ধ করিতে পারিয়াছিলেন, কিন্তু কণ্টক অর্থাৎ পুলককে রোধ করিতে পারেন নাই, তাহা যোগ্য বটে, কেননা, বিজ্ঞগণ প্রথমটিকে ভাল বলিয়া এবং পরবর্ত্তীটিকে কণ্টক বলিয়া বর্ণনা করিয়া থাকেন॥৭৫

গৌরকে দর্শনপূর্ব্বক লোলতা (চঞ্চলতা, পক্ষে সতৃষ্ণতা) প্রাপ্ত হইয়া যদি এই লক্ষ্মী অলোলতা (অর্থাৎ অচঞ্চলতা, স্তব্ধতা) প্রাপ্ত হইতেন, তবে তাহা কোনওপ্রকারে উপযুক্ত হইবে না। যেহেতু তিনি গৌরী হইয়া পুনরায় গৌরতা (গৌরের ভাব, পক্ষে অনুরাগে অরুণতা) প্রাপ্ত হইয়াছিলেন॥ ৭৬

গৌরকে একবারমাত্র নিরীক্ষণ করিয়া যে তাঁহার অনুরাগ এইরূপ বর্দ্ধিত হইয়াছিল, তাহা আশ্চর্য্য নহে। কেননা, তাঁহার সেই অনুরাগ নিত্যসিদ্ধ। সামান্য কারণেই উহা প্রকাশ পাইয়া থাকে॥ ৭৭

ইতি শ্রীগৌরলীলামৃতে কৈশোরলীলাবর্ণনে লক্ষ্মীর রাগাঙ্কুর নামক দ্বাদশ আস্বাদ॥

শ্রীশ্রীগৌরাঙ্গ-চম্পূঃ

—:(*):—

ত্রয়োদশ আস্বাদঃ

তদেবং বল্লভাচার্য্য-দুহিতরীহিতরীঢ়াকরভাবিকায়াং (১) ভাবিকায়াং গৌরলাবণ্যস্য দণ্ডায়মানায়াময়মানায়ামতীবানন্দং গৌরবিধোরপি নয়নকমলাভ্যামমলাভ্যামস্যাং ন্যপাতি ॥ ১

যদৈব তস্যাং নয়নং পপাত
শ্রীগৌরচন্দ্রস্য তদৈব ধীশ্চ।
প্রভূতমাধুর্য্যভরো হি নেত্রং
মনশ্চ কর্ষ্ত্যলমেকদৈব ॥ ২

অসৌ ভবেদ্ যদ্যপি নিত্যসিদ্ধা
তস্য প্রিয়া বেদ-পুরাণ-গীতা।
তথাপ্যনুক্তোঽত্র ন পূর্ব্বরাগো
লীলাস্য শক্তির্হি ভবেদ্ বিচিত্রা ॥ ৩

---

(১) ঈহিতস্য চেষ্টায়া রীঢ়াবস্করোঽবজ্ঞাকরো ভাবো রতির্যস্যাস্তথাভূতায়াম্ ॥১

এই প্রকার বল্লভাচার্য্যের কন্যা লক্ষ্মী যখন নিশ্চেষ্টভাবে দণ্ডায়মান হইয়া গৌরবে লাবণ্য চিন্তা করিতে করিতে অত্যন্ত আনন্দ লাভ করিতেছিলেন, তখন গৌরবিধুর নির্ম্মল নয়নকমলদ্বয় তাঁহার প্রতি নিপতিত হইল ॥ ১

শ্রীগৌরচন্দ্রের নয়ন যখনই তাঁহার উপর পতিত হইল, তৎক্ষণাৎ তাঁহার চিত্ত তাঁহাতে পতিত হইয়াছিল। যেহেতু প্রচুর মাধুর্য্যরাশি একই সময়ে নেত্র ও মনকে অত্যন্ত আকর্ষণ করিয়া থাকে ॥ ২

যদিও এই লক্ষ্মী বেদ ও পুরাণে কীর্ত্তিতা তাঁহার নিত্যসিদ্ধা প্রিয়া, তথাপি তাঁহার প্রতি ইঁহার পূর্ব্বরাগ অযুক্ত নহে; যেহেতু তাঁহার লীলাশক্তি অতি বিচিত্রা ॥ ৩

অঙ্গেঽস্যাঃ প্রথমং পপাত নয়নং গৌরস্য শোভাসুধা-
পূর্ণে যত্র ততোঽন্যতঃ প্রচলিতুং নাশক্নুবদেতৎ (২) স্বয়ম্।
যত্তন্যাবয়বাবলোকনসুখাকাঙ্ক্ষা বলিষ্ঠা সতী
তন্না-(৩) নৈষ্যদিতস্ততঃ সুরভিতা-সম্পদ্ (৪) দ্বিরেফীমিব ॥ ৪

মুখেন্দুমস্যা পরিবীক্ষ্য চন্দ্র-
কান্তস্বরূপাস্য তনুর্নিকামম্।
স্বেদাম্বু সুস্রাব তদাপ্তি-সৌখ্যাজ্
জহর্ষ রোমৌষধি-সন্ততিঃ কিম্ ॥ ৫

শোভাসুধাপিচ্ছিলমাননেন্দুং
প্রাপ্য স্খলন্তী খলু গৌরদৃষ্টিঃ।
তদ্বাহুযষ্টিং দ্রুতমাললম্বে
দক্ষোঽবনে স্বস্য যতো নমন্দঃ (৫) ॥ ৬

(২) এতৎ নয়নম্, (৩) তৎ নয়নং, (৪) সৌগন্ধ্য-সম্পত্তিঃ ॥৪

(৫) অনলসঃ ॥৬

লক্ষ্মীর শোভামৃতপূর্ণ যে অঙ্গে গৌরের নয়ন পতিত হইয়াছিল, সৌরভসম্পত্তি ভ্রমরীকে যেমন ইতস্ততঃ চালিত করে, সেইরূপ তাঁহার অন্য অবয়ব দর্শন সুখের আকাঙ্ক্ষা অত্যন্ত বলবতী হইয়া গৌরের ঐ নেত্রকে যদি ইতস্ততঃ লইয়া না যাইত, তাহা হইলে সেই অঙ্গ হইতে তাঁহার নয়ন স্বয়ং অন্য অঙ্গে যাইতে সমর্থ হইত না ॥ ৪

তাঁহার মুখচন্দ্র নিরীক্ষণ করিয়া গৌরের চন্দ্রকান্ত স্বরূপ তনু অত্যন্ত স্বেদজল ক্ষরণ করিয়াছিল এবং ঐ মুখচন্দ্র প্রাপ্তি নিমিত্ত সুখে তাঁহার রোমাবলীরূপ ওষধিসমূহ কি হৃষ্ট হইয়াছিল ? ॥ ৫

গৌরের দৃষ্টিশোভা সুধায় পিচ্ছিল লক্ষ্মীর বদন-চন্দ্রমা আশ্রয় করতঃ তাহা হইতে স্খলিত হইয়া সত্বর তাঁহার বাহুযষ্টিকে অবলম্বন করিয়াছিল। যেহেতু অনলস ব্যক্তি আপনার রক্ষায় সমর্থ ॥ ৬

সুবিস্তৃতায়াং স্তনযুগ্মতট্যাং
তস্যা ভ্রমিত্বা চিরমস্য দৃষ্টিঃ।
মন্যে শ্রমং প্রাপ্য বিগাঢুকামা
সলালসং নাভি-সরোহন্বিয়েষ ॥ ৭

ন প্রাপ্য তচ্ছন্নতয়াতিখিন্না
ভ্রমশ্রমগ্লানি-(৬) নিবৃত্তিকামা।
আলিঙ্গ্য সক্থিদ্বয় (৭) রামরম্ভে
পাদাম্বুজং সা স্পৃশতি স্ম তস্যাঃ ॥ ৮

এবং মুহুর্বিভ্রমমাচরন্তীং
নেতুং স্থিরত্বং ধ্রুবমাত্মদৃষ্টিম্।
একৈকমঙ্গং মনসা সতৃষ্ণং
প্রচক্রমে বর্ণয়িতুং স তস্যাঃ ॥ ৯

(৬) ভ্রমণজন্য শ্রমগ্লানিনিবৃত্যর্থঃ। (৭) অন্যোহপি তাদৃশঃ শীতলতয়া রামরম্ভামালিঙ্গ্যাম্বুজং স্পৃশত্যেব ॥৮

তাঁহার সুবিস্তৃত দুইটি স্তনতটে উঁহার দৃষ্টি বহুক্ষণ ভ্রমণ করতঃ মনে হয় যেন শ্রান্ত হইয়া অবগাহন করিবার ইচ্ছায় লালসাভরে তাঁহার নাভিসরোবর অন্বেষণ করিয়াছিল ॥ ৭

কিন্তু তাহা আবৃত বলিয়া প্রাপ্ত না হওয়ায় গৌরের দৃষ্টি অত্যন্ত খিন্ন হইয়া ভ্রমণ-জনিত শ্রমের গ্লানি নিবৃত্তি কামনায় তাঁহার উরুরূপ রামরম্ভাদ্বয়কে আলিঙ্গন করিয়া তাঁহার চরণকমল স্পর্শ করিয়াছিল।. ৮

এইরূপে গৌরচন্দ্র পুনঃ পুনঃ ভ্রমণকারিণী নিজ দৃষ্টিকে স্থির করিবার জন্য সতৃষ্ণ-ভাবে তাঁহার এক একটি অঙ্গকে বর্ণনা করিতে আরম্ভ করিয়াছিলেন ॥ ৯

অহো বিধাতুর্বরশিল্প-চাতুরী
যয়া মনোজ্ঞা ঘটিতা বধূরিয়ম্।
কিংবা সদা বেদবিচার-কর্কশে
সম্ভাব্যতে তত্র ন যোগ্যতেদৃশী ॥ ১০

স্মরামি ধাতা নহি সর্জ্জকোঽস্যাঃ
কাষ্ঠাশ্মকর্ত্তাতিসুকোমলাঙ্গ্যাঃ।
কিন্তু স্মরো যস্য শরোঽপি লোকৈঃ
প্রখ্যায়তে পুষ্পতয়া ম্রদীয়ান্ ॥ ১১

স্বর্ণং দ্রবীকৃত্য রসস্য (৮) যোগতঃ
প্রোদ্ধৃত্য তস্মান্নবনীতমুত্তমম্।
তেনৈব নূনং ঘটিতেয়মঙ্গনা
যৎ পীতিমা মার্দ্দবমপ্যবেক্ষ্যতে ॥ ১২

ভবেদিয়ং পুষ্পময়ী ধনুর্ল্লতা
স্মরস্য হস্তার্পণ-সূক্ষ্মমধ্যকা।
জিত্বাঽনয়াবৈমি জগৎ শিরস্যদো
ববন্ধ সোঽস্যাঃ কচপাশ-চামরম্ (৯) ॥ ১৩

(৮) পারদস্য ॥ ১২ (৯) অন্যোঽপি ধন্বী শত্রূন্ জিত্বা ধনুষোঽগ্রে চামরং বধ্নাতি ॥১৩

অহো! বিধাতা যদ্দ্বারা এই মনোরমা বধূকে নির্ম্মাণ করিয়াছেন, তাঁহার সেই শিল্পচাতুরী অতি উৎকৃষ্ট। অথবা সর্ব্বদা তিনি বেদ বিচার করিতে করিতে কর্কশ হইয়াছেন, অতএব তাহাতে কখনও এই প্রকার যোগ্যতা সম্ভব হয় না ॥ ১০

আমার স্মরণ হয় কাষ্ঠ ও প্রস্তর নির্ম্মাণকারী বিধাতা কখনও এই সুকোমলাঙ্গীর সৃষ্টিকর্ত্তা নহেন; কিন্তু যাহার শরও পুষ্পহেতু অত্যন্ত কোমল বলিয়া লোকে বর্ণনা করিয়া থাকে, সেই কন্দর্পই ইঁহার সৃষ্টিকর্ত্তা ॥ ১১

রসের সহযোগে স্বর্ণকে গলাইয়া তাহা হইতে উত্তম নবনীত তুলিয়া তাহার দ্বারাই নিশ্চিত এই রমণীকে নির্ম্মাণ করা হইয়াছে। যেহেতু ইহার অঙ্গে পীতবর্ণ ও মৃদুতা দৃষ্টিগোচর হইতেছে ॥ ১২

এই বধূ মদনের পুষ্পময়ী ধনুর্ল্লতা হইবে। তাহার হস্ত প্রদানে ইহার কটিদেশ

রম্যাস্যাস্যাস্য লোকে সরসিজ-শশিনাবন্তরা (১০) নাস্তি কিঞ্চিদ্
দৃষ্টান্তস্থানমন্যৎ কবিনিকর-মতং তৌ ত্বমুষ্যা মুখস্য।
অংশাভ্যামেব বাঢ়ং পরিভবমভিতো দৃক্‌কপোলাত্মকাভ্যাং
নীতৌ তস্মাৎ ক বাস্যো-(১১) পমিতি-সমুচিতং বস্তু কিং নাম বাস্তি ॥ ১৪

চন্দ্র-(১২) প্রভা চক্র্যবতংসযুক্তা- (১৩)
হ্যবদাতকুল্যা-(১৪) ভরণোজ্জ্বলাঙ্গী (১৫)
ভবেদিয়ং ভীমতনুস্ততোঽস্যা-
শ্চন্দ্রার্দ্ধভাভালিকতোচিতৈব ॥ ১৫

ইমে দৃশৌ যং সমবেক্ষয়িষ্যতঃ
কটাক্ষভঙ্গ্যাস্য ধৃতিং যুবাং হৃতম্ (১৬)
ইতীব পুষ্পেষুরিদং মুখাম্বুজে (১৭)
ন্যধাদিমে কর্ত্তরিকে ভ্রুবোশ্ছলাৎ ॥ ১৬

---

(১০) বিনা, (১১) অস্য অমুষ্যা মুখস্য ॥ ১৪

(১২) চন্দ্রঃ স্বর্ণং পক্ষে কর্পূরং, (১৩) চক্রীকর্ণালঙ্কারবিশেষঃ, চক্রীরূপো যোঽবতংসঃ কর্ণাভরণং পক্ষে সর্পরূপকর্ণালঙ্কারস্তদ্যুক্তা, (১৪) অবদাতকুল্যা শুদ্ধকুলোদ্ভবা, তৃষ্কুলজায়া ঈদৃগ্‌লাবণ্যাসম্ভবাৎ, (১৫) আভরণেত্যাদি পৃথক্ পদং ; পক্ষে অবদাতানি শুক্লানি যানি কুল্যাভরণানি অস্থিভূষণানি তৈরুজ্জ্বলাঙ্গী ॥ ১৫ (১৬) খণ্ডিতম্, (১৭) অস্যা মুখপদ্মে ॥ ১৬

সূক্ষ্ম হইয়াছে। আমার বোধ হয় ইহার দ্বারা জগৎ জয় করিয়া ইঁহার মস্তকে ঐ কেশপাশ রূপ চামর বন্ধন করিয়া দিয়াছে ॥ ১৩

এ জগতে পদ্ম ও চন্দ্র ব্যতীত রমণীর বদনে অন্য কোনও দৃষ্টান্তস্থল নাই—ইহাই কবিগণের মত। কিন্তু সেই দুইটি উহার মুখের নয়ন ও গণ্ডরূপ অংশদ্বয়ের দ্বারা সর্ব্বতোভাবে অত্যন্ত পরাজয় প্রাপ্ত হইয়াছে। অতএব কোথায়ও কি এই মুখের উপমানের উপযুক্ত বস্তু আছে? ॥ ১৪

যেমন মহাদেবের তনু চন্দ্রপ্রভা (কর্পূরের ন্যায় ধবলবর্ণা) চক্র্যবতংসযুক্তা (সর্পালঙ্কারযুক্তা) এবং শুভ্র অস্থিভূষণে উজ্জ্বলাঙ্গ সেইরূপ ইহার তনুখানি চন্দ্রপ্রভা অর্থাৎ স্বর্ণকান্তি, চক্রি নামক কর্ণালঙ্কারযুক্তা, শুদ্ধকুলোৎপন্না এবং আভরণ সমূহে উজ্জ্বলাঙ্গী। অতএব ইঁহার অর্দ্ধচন্দ্র-শোভিত ললাট হওয়া উচিতই বটে ॥ ১৫

হে ভ্রূদ্বয়! এই নয়ন যুগল কটাক্ষ ভঙ্গীদ্বারা যাহাকে দেখাইবে, তোমরা তাহার

সোমাদিকে শীতলতাদি কুর্ব্বতো
বিধেঃ কুতোঽস্যাং বিপরীতকারিতা।
বিলোক্যতে লোচন-নীরজদ্বয়ে
সুতীক্ষ্নতা যদ্ধৃতি-ভেদকারিণী ॥ ১৭

অন্তস্থকৃষ্ণা (১৮) শ্রুতিসেবিনী শুচি-(১৯)
র্হরত্যমুষ্যা দৃগিয়ং মনো যদি।
তদাতিকৃষ্ণা কুটিলা ভ্রুবোর্দ্বয়ী
হরেদদো যত্তদিহাদ্ভুতং নহি ॥ ১৮

নিধায় মাধুর্য্য-মধু প্রকামং
বিধির্দৃগিন্দীবরয়োরমুষ্যাঃ।
মন্যে ভিয়া সংক্ষরণাদবধ্না-
চ্চতুর্দ্দিশং বর্ত্মমিষেণ সেতুম্ ॥ ১৯

(১৮) মধ্যস্থ কৃষ্ণবর্ণা পক্ষে হৃদয়স্থ-নন্দনন্দনা, (১৯) কর্ণপর্য্যন্তগামিনী পক্ষে বেদসেবিনী তথা শুক্লা চ ॥ ১৮

ধৈর্য্য নাশ করিও—এই জন্যই যেন কন্দর্প ইঁহার মুখাম্বুজে দুইটি ভ্রূচ্ছলে এই দুইটি কর্ত্তরিকা (কাটারি) রক্ষা করিয়াছে ॥ ১৬

যে বিধি চন্দ্রপ্রভৃতিকে শীতলত্বাদি গুণযুক্ত করিয়াছেন, ইঁহাতে তাঁহার বিপরীত কার্য্য কেন? যেহেতু ইঁহার নয়নকমলদ্বয়ে ধৈর্য্যনাশিনী সুতীক্ষ্ণতা দেখা যাইতেছে ॥ ১৭

ইঁহার দৃষ্টি মধ্যে কৃষ্ণবর্ণা। কর্ণ পর্য্যন্ত গামিনী এবং বিশুদ্ধা (পক্ষে অন্তরে শ্রীকৃষ্ণযুক্তা বেদসেবিনী এবং পবিত্রা)। ইঁহার এই দৃষ্টি যদি মন হরণ করে, তাহা হইলে অত্যন্ত কৃষ্ণবর্ণা ও কুটিলা ভ্রূদ্বয় যে ঐ মনকে হরণ করিবে—তাহাতে কোনও আশ্চর্য্য নাই ॥ ১৮

বিধি ইঁহার নয়নরূপ নীল-কমল-যুগলে প্রচুর মাধুর্য্যরূপ-মধু স্থাপন করিয়াছেন। আমার মনে হয়, উহা রক্ষা করিবার ভয়ে চতুর্দ্দিকে পথচ্ছলে সেতুবন্ধন করিয়া দিয়াছেন ॥১৯

একঃ শরোঽনেকমিষুং প্রসূতে
ইত্যুচ্যতে তথ্যমৃষি-প্রধানৈঃ।
যতঃ স্মরেষোর্নয়নাব্জতোঽস্যাঃ
কটাক্ষবাণাঃ শতশঃ পতন্তি ॥ ২০

অয়ে মদক্ষিভ্রমরৌ ন যাতং
নিরীক্ষ্য পদ্মং (২০) মকরন্দ-লোভাৎ ;
যুবাং বিধর্তুং মদনেন পাশা-
বিমৌ ধৃতৌ ভাবয়তং ন কর্ণৌ ॥ ২১

গণ্ডাবমুষ্যাঃ শ্রুতিনীলরত্ন-
বিম্বাঙ্কযুক্তৌ শশিনাববৈমি।
স্বর্ভানু-দৌরাত্ম্যভিয়া ভজেতে (২১)
সুদর্শনৌ কুণ্ডলয়োশ্ছলেন ॥ ২২

(২০) পদ্মং কর্ণে অর্পিতং, যদ্বা অতিশয়োক্ত্যা নয়নমেব মুখমেব বা পদ্মতয়োচ্যতে, তত্র মকরন্দ-শব্দেন চ লাবণ্যং জ্ঞেয়ম্ ॥ ২১

(২১) অন্যোঽপি চন্দ্রো রাহুভয়েন সুদর্শনং ভজতে, তদ্রথে ভগবতা তস্য স্থাপিতত্বাৎ ॥ ২২

একটি শর অনেক শর প্রসব করে—ঋষিশ্রেষ্ঠগণ যথার্থ বলিয়া থাকেন। যেহেতু ইঁহার নয়নাম্বুজরূপ কন্দর্পের বাণ হইতে শত শত কটাক্ষ বাণ পতিত হইতেছে ॥ ২০

ওহে আমার নয়নভ্রমরদ্বয়! তোমরা পদ্ম (মুখরূপ, নয়নরূপ অথবা কর্ণে অর্পিত) দেখিয়া মকরন্দ (লাবণ্যরূপ) লোভে উঁহার দিকে গমন করিও না। তোমাদের দুইটিকে ধরিবার জন্য মদন এই পাশদ্বয় (ফাঁদ) পাতিয়া রাখিয়াছে। তোমরা ঐ দুইটিকে কর্ণ মনে করিও না ॥ ২১

ইঁহার গণ্ড দুইটিকে দুইটি চন্দ্র বলিয়া আমার বোধ হইতেছে, কারণ উহা কর্ণ ও নীলরত্নরূপ মণ্ডল ও কলঙ্কযুক্ত। রাহুর দৌরাত্ম্যভয়ে ঐ গণ্ডদ্বয় দুইটি কুণ্ডলচ্ছলে দুইটি সুদর্শন চক্র ধারণ করিতেছে ॥ ২২

দৃশৌ বীক্ষেয়াথাং নবঘনরুচিঃ কাচন লতা
লসত্যস্যাং ভারানমিত-নিজমূলাশ্রয়পদম্ (২২)।
তিলস্যাদঃ পুষ্পং বিকসিতমমুষ্যাপি শিখরে
নিপাতায়োৎকণ্ঠাং দধদমলনীহার-পৃষতঃ ॥ ২৩

অয়ে মনঃ! কিং কুরুষেঽত্র লোভং
যন্-(২৩) মন্যসে ত্বং ন ভবেদিদং তৎ।
অহন্তু মন্যে পরিণাম-পক্বং
মনোরমং বিম্বফলং চকাস্তি ॥ ২৪

অস্যোপমানং ভুবি নাস্তি নাস্তি
নাস্তীতি বিজ্ঞাপয়িতুং কবীন্দ্রান্।
কণ্ঠস্থলেঽস্যা নিজশিল্পগর্ব্বী
রেখাত্রয়ং কিন্নু দদৌ বিধাতা ॥ ২৫

---

(২২) ভারেণ আনমিতং নিজমূলস্যাশ্রয়স্থানং যেন, অত্র ভ্রূনাসিকা মৌক্তিকেষু লতা-তিলকুসুম-নীহারবিন্দবোঽতিশয়োক্ত্যা আরোপ্যন্তে ॥ ২৩

(২৩) যৎ যোষিদধররূপং বস্তু ॥ ২৪

হে নয়নযুগল! তোমরা দর্শন কর—নবঘনকান্তি কোন একটি অপূর্ব্বলতা শোভা পাইতেছে। তাহাতে ঐ তিল পুষ্পটি বিকসিত রহিয়াছে। ঐ পুষ্পের ভারে লতামুলের আশ্রয়স্থানটি ঈষৎ (সম্যক্) নমিত হইয়া পড়িয়াছে এবং ঐ তিলপুষ্পের অগ্রভাগে পতনোন্মুখ নির্ম্মল শিশিরবিন্দু বিরাজ করিতেছে ॥ ২৩

ওহে মন! তুমি ইহাতে কি লোভ করিতেছ? তুমি ইহাকে যাহা (রমণীর অধররূপ বস্তু) মনে করিতেছ, ইহা তাহা নহে। কিন্তু আমার মনে হয়, ইহা একটি শেষপক্ব সুন্দর বিম্বফল শোভা পাইতেছে ॥ ২৪

ইহার উপমান পৃথিবীতে নাই, নাই, নাই—কবীন্দ্রগণকে এই কথা জানাইবার জন্য কি নিজ শিল্পগর্ব্বী বিধাতা ইঁহার কণ্ঠস্থলে তিনটি রেখা প্রদান করিয়াছেন? ॥ ২৫

পদ্মং ভবেন্নালত এব সর্ব্বং
সর্ব্বত্র লোকে প্রথিতং তদেতৎ।
অস্যাং সরস্যাস্তু মৃণালযুগ্মাদ্-(২৪)
রক্তোৎপলদ্বন্দ্বমভূদ্ বিচিত্রম্॥ ২৬

অয়ে করাসব্য করোষি লালসাং
বৃথা বিধেঃ কেন মনোঽবগম্যতে ?
অস্যাঃ করেণাতিমৃদুত্বশালিনা-
মুনা করং কস্য স যোজয়িষ্যতি॥ ২৭

উপস্থিতে বাল্যহিমত্ত্বপক্রমে
বপুষ্যমুষ্যা ললিতে সরোবরে।
পয়োধরাম্ভোরুহ-কোরকদ্বয়ং
মনাগুপাত্তোদয়মত্র রাজতি॥ ২৮

একত্র নালে নলিনস্য সংভবে-
দেকৈব লোকে কলিকা ন চাধিকা।
অস্যাস্তু রোমাবলি-নাল-মূর্দ্ধ্ন্যমু
পয়োধরৌ দ্বে কলিকে বিরাজতঃ॥ ২৯

---

(২৪) অত্র বাহুদ্বয়ে মৃণালদ্বন্দ্বত্বং, করদ্বয়ে চ রক্তোৎপলদ্বন্দ্বত্বমারোপ্যতে॥ ২৬

সমস্ত পদ্ম নাল হইতে জন্মিয়া থাকে—জগতে সর্ব্বত্র এই কথাই প্রসিদ্ধ আছে। কিন্তু আশ্চর্য্য এই যে এই সরোবর দুইটি মৃণাল হইতে দুইটি রক্তোৎপল জন্মিয়াছে। ২৬

ওহে দক্ষিণ কর! তুমি বৃথা লালসা করিতেছ। ইহার ঐ কোমল করের সহিত বিধাতা কাহার কর যুক্ত করিবেন—তাহার এই মনের কথা কে জানিবে ?॥ ২৭

বাল্যরূপ হিম ঋতুর অবসান অর্থাৎ কৈশোররূপ-বসন্ত উপস্থিত হইলে ইঁহার এই কলেবররূপ মনোরম সরোবরে পয়োধররূপ দুইটি কমল-কোরক ঈষৎ উদয়প্রাপ্ত হইয়া বিরাজ করিতেছে॥ ২৮

এ জগতে একটি পদ্মের নালে একটি কলিকাই উৎপন্ন হইয়া থাকে। তাহার অধিক হয় না। কিন্তু এই সরোবরে রোমাবলীরূপ নাল সমূহের মস্তকে ঐ স্তনদ্বয়রূপ দুইটি কোরক বিরাজিত আছে॥ ২৯

তুলাদণ্ডং কৃত্বা বপুরিদমমুষ্যাঃ করতলে
নিধায় স্বস্যোরুস্তনভর-বিশেষং (২৫) বিধিরবৈৎ।
ততস্তিস্রো জাতা বলয় ইহ মধ্যেঽঙ্গুলিদলৈ-
শ্চতুর্ভিঃ সংমর্দ্দাদ্বপুরপি নতং কিঞ্চিদভবৎ ॥ ৩০

নেত্রাস্তি মাধুর্য্যসুধাত্র কাচিদ্
গোপ্যাতিগোপ্য খলু নাভিকূপে।
ছন্নস্ততোঽয়ং বসনেন তস্মা-
দ্বৃথা ত্বমাধাবসি দর্শনার্থম্ ॥ ৩১

প্রিয়ায় পুত্রায় স চক্রপাণি-
শ্চক্রং দদৌ স্বস্য সুদর্শনাখ্যম্।
জিত্বামুনা সোঽপি জগন্ত্যমুষ্যাং (২৬)
শ্রোণীমিষেণেদমধাৎ স্বগেহে ॥ ৩২

---

(২৫) উর্ব্বো স্তনয়োশ্চ ভবস্য ভারস্য বিশেষং তারতম্যং অবগতবান্ ॥ ৩০

(২৬) অমুষ্যাং স্বগেহে অদোরূপে স্বগৃহে ॥ ৩২

ইঁহার তনুখানি তুলাদণ্ড করতঃ নিজ করতলে ধারণপূর্ব্বক বিধাতা ইঁহার উরু ও স্তনদ্বয়ের ভারের তারতম্য অবগত হইয়াছেন। সেইহেতু বিধাতার চারিটি অঙ্গুলিদলের দ্বারা মর্দ্দন নিমিত্ত ইঁহার মধ্যদেশে তিনটি বলি জন্মিয়াছে এবং শরীরটিও কিঞ্চিৎ নত হইয়াছে ॥ ৩০

হে নেত্র! এই নাভিকূপে গোপ্য হইতেও অতিশয় গোপ্য কোনও এক অনির্ব্বচনীয় মাধুর্য্যসুধা বর্ত্তমান আছে। তজ্জন্য উহা বসনের দ্বারা আবৃত রহিয়াছে। অতএব তুমি উহা দর্শনের জন্য বৃথা ধাবিত হইতেছ ॥ ৩১

চক্রপাণি বাসুদেব নিজ প্রিয়পুত্র মদনকে নিজের সুদর্শন নামক চক্র দান করিয়াছিলেন। ঐ মদনও উহার দ্বারা সমস্ত জগৎ জয় করিয়া এই বধূরূপ নিজ গৃহে নিতম্বচ্ছলে ঐ চক্রটি রাখিয়া দিয়াছেন ॥ ৩২

উরুদ্বন্দ্বং কিমস্যা রুচিহরণ-রণে নির্জ্জয়ং লম্ভয়িত্বা
রম্ভাস্তাসাং শিরাংসি প্রতিঘভর-বশং (২৭) ভূমিপৃষ্ঠে চখান।
নৈবঞ্চেৎ সুন্দরোরূন্ কথমুপমমিরে ব্যাস-বাল্মীকি-মুখ্যা-
স্তাভিঃ (২৮) পূর্ব্বে কবীন্দ্রাঃ শিরসি কৃশতয়া সাম্য-ভঙ্গ-প্রসঙ্গাৎ ॥ ৩৩

ন পল্লবে তিষ্ঠতি রাগিতা চিরং
সরোরুহে নাস্তি নিশাসু ফুল্লতা (২৯)।
সদৈব রক্তং সততং প্রফুল্লিতং
কেনোপমেয়ং চরণং মৃগীদৃশঃ ? ॥ ৩৪

অস্যাঃ পদং পল্লব-পঙ্কজব্রজঃ
স্পৃশন্ স্পৃশংস্তেন জিতোঽভিবন্দতে।
সংঘর্ষণাত্তেন নিতান্ত-কোমলং
তদেতদাপৎ কিমতীবরক্তাতাম্ ॥ ৩৫

(২৭) অত্যেঽত্যতিক্রোধবশঃ সমরে শত্রূন্ জিত্বা তেষাং শিরাংসি ভূপৃষ্ঠে খনতি,

(২৮) তাভিঃ রম্ভাভিঃ ॥ ৩৩

(২৯) ফুল্ল বিকসনে ধাতুঃ ॥ ৩২

ইঁহার উরুদ্বয় কি কান্তি হরণ নিমিত্ত যুদ্ধে রম্ভা সকলকে পরাজয় প্রাপ্ত করাইয়া অত্যন্ত ক্রোধবশে তাহাদের মস্তক-সকল ভূমিপৃষ্ঠে প্রোথিত করিয়া রাখিয়াছে ? তাহা যদি না হইবে তবে ব্যাস বাল্মীকি প্রভৃতি প্রাচীন কবীন্দ্রগণ সাদৃশ্যভঙ্গের প্রসঙ্গ হেতু অগ্রভাগ কৃশ বলিয়া ঐ রম্ভাবৃক্ষ সকলের সহিত সুন্দর উরুসমূহের উপমা দিবেন কেন ? ॥ ৩৩

পল্লবে দীর্ঘকাল রক্তিমা থাকে না এবং রাত্রিকালে কমলের বিকাশ নাই। সুতরাং কাহার সহিত সর্ব্বদাই রক্তবর্ণ ও সতত প্রফুল্লিত এই মৃগলোচনার চরণের উপমা দেওয়া যাইবে ? ॥ ৩৪

ইঁহার চরণ কর্তৃক পরাজিত হইয়া পল্লব ও পঙ্কজ সমূহ পুনঃ পুনঃ তাহা স্পর্শ-পূর্ব্বক বন্দনা করিতেছে। সেইজন্য তাহাদের সংঘর্ষে এই সুকোমল চরণখানি কি অত্যন্ত রক্তিমা-প্রাপ্ত হইয়াছে ? ॥ ৩৫

বিনা জলং নালযুগং (৩০) বিলোক্যতে
তন্মূলতোঽধোমুখমম্বুজদ্বয়ম্।
দলেষু তস্যেন্দুঘটাতিনির্ম্মলা
বিধাতুরেষা রচনাদ্ভুতাদ্ভুতা॥ ৩৬
ইমাং বধূং বীক্ষ্য মমাতিমাত্রং
মনোঽধুনা মজ্জতি সংশয়াব্ধৌ।
বরেণ যোগ্যেন পরেণ বৈমাং
প্রজাপতিঃ সংঘটয়িষ্যতীতি॥ ৩৭

অথবা কিমেবং ময়া চিন্ত্যতে, বিবেচকস্য বিবেচ কস্য মতিঃ কদা বিবেচনাতো ? (৩১) নাতো ভাবনা ভা-বনার্থিনা (৩২) বিধেয়া, তথাহি—

শচীং মহেন্দ্রেণ রতিং স্মরেণ চ
প্রভাকরেণাম্বুজিনীঞ্চ যুঞ্জতঃ।
সমস্তলোক-প্রথিতং প্রজাপতে-
র্বিবেচকত্বং সুতরাং ধিনোতি নঃ॥ ৩৮

---

(৩০) অত্র জঙ্ঘাচরণাঙ্গুলিনখেষু নালত্বাদিকমারোপ্যতে॥ ৩৬

(৩১) বিবেচকস্য কস্য মতিঃ কদা বিবেচনাতো বিবেচ পৃথগ্ বভূব।

(৩২) ভা কান্তিস্তদ্রক্ষণার্থিনা চিন্তা হি তন্মালিন্যং করোতি॥ ৩৮

জল ব্যতীত দুইটি নাল দেখা যাইতেছে। সেই নালদ্বয়ের মূলে দুইটি অধোমুখ কমল এবং সেই কমল যুগলের দলসমূহে অতি নির্ম্মল চন্দ্রসমূহ দৃষ্ট হইতেছে। বিধাতার সৃষ্টি অতিশয় অদ্ভুত॥ ৩৬

এই বধূকে দেখিয়া আমার মন সম্প্রতি অত্যন্ত সংশয়সাগরে মগ্ন হইতেছে। কারণ হয় ত প্রজাপতি ইঁহাকে অন্য কোনও যোগ্য বরের সহিত যোজিত করিবেন॥ ৩৭

অথবা কেন আমি এপ্রকারে চিন্তা করিতেছি ? কোন বিবেচক ব্যক্তির চিত্ত কবে বিবেচনা হইতে পৃথক্ হইয়াছে। অতএব কান্তিরক্ষণার্থী জনের কখনও ভাবনা করা উচিত নহে। কারণ, মহেন্দ্রের সহিত শচীর, মদনের সহিত রতির এবং সূর্য্যের সহিত কমলিনীর সংযোগ করিয়াছেন বলিয়া প্রজাপতির বিবেচকতা সমস্ত জগদ্-বিখ্যাত। সুতরাং তাহা আমাকে আনন্দ প্রদান করিতেছে॥ ৩৮

তদস্তু, মম তু মনঃ কথমেনামেণাক্ষীমবেক্ষ্যাধীরতামধিকাময়তে ? কাময়তে চৈনাং, ততো বিচারণীয়ং যতঃ—

যেষাং প্রবৃত্তিঃ সকলা বেদবাক্যানুসারিণী।
প্রবর্ত্ততে নৈব তেষাং কদাচিৎ কুপথে মনঃ॥ ৩৯

ক্ষণং বিচার্য্য সানন্দঃ পুনরিদং মনসা জগাদ—'অহো ! কিং চিন্ত্যতে ? সেয়ং মদানন্দ-কীলাল-কাদম্বিনী প্রিয়া লক্ষ্মীরেব, যতঃ-

বদনং কমলং নয়নে কমলে করপদযুগানি (৩২) কমলানি।
কমলবদঙ্গামোদো নাস্ত্যন্যত্রান্তরা কমলাম্॥ ৪০

তদেবং মনসা বর্ণয়ন্তং বিশ্বম্ভরং বিলক্ষমবেক্ষ্য বিশ্ববিলক্ষণ-চাতুর্য্যো বনমাল্যাচার্য্যো মনসা বিতর্কয়ামাস—

অহো ! ন ভানোরিহ তাদৃগাতপ-
স্তথাপি কিং স্বিদ্যতি মিশ্রনন্দনঃ।
ক্ষিপন্নপি শ্রীচরণাম্বুজদ্বয়ং
কথং ক্ষিপত্যধ্বনি নো যথোচিতম্॥ ৪১

(৩২) করৌ চ পদযুগঞ্চ তানি॥ ৪০

যাহা হউক, এই মৃগলোচনাকে দর্শন করিয়া আমার মন কেন অতিশয় অধীরতা প্রাপ্ত হইতেছে এবং ইঁহাকে কামনা করিতেছে ? অতএব এ বিষয়ে বিচার করা কর্ত্তব্য। যেহেতু যাহাদের সমস্ত চেষ্টা বেদবাক্যানুগতা তাহাদের মন কখনও কুপথে প্রবর্ত্তিত হয় না॥ ৩৯

ক্ষণকাল বিচার করতঃ পুনরায় বিশ্বম্ভর সানন্দে মনে মনে এই কথা বলিতে লাগিলেন—অহো ! কি চিন্তা করিতেছি ? ইনি আমার সেই আনন্দ-জলবর্ষি-মেঘমালা-স্বরূপিণী প্রিয়া লক্ষ্মীই। কারণ—বদনকমল, নয়নদ্বয় ও কমল দুইটি করযুগল ও পদযুগল কমলরাজি এবং কমলের ন্যায় অঙ্গগন্ধ—ইহা কমলা ব্যতীত অন্য কোথায়ও নাই॥৪০

বিশ্বম্ভর যখন মনে মনে এই প্রকার বর্ণনা করিতে করিতে বিস্ময়প্রাপ্ত (অথবা লজ্জিত) হইয়াছিলেন, তখন তাহা দেখিয়া অসাধারণ চাতুর্য্যসম্পন্ন বনমালী আচার্য্য মনে মনে বিতর্ক করিতে লাগিলেন—অহো ! এখানে সূর্য্যের তাদৃশ আতপ নাই, তথাপি মিশ্রনন্দন ঘর্ম্মাক্ত হইতেছেন কেন ? শ্রীচরণাম্বুজদ্বয় চালনা করিলেও যথোচিতভাবে পথে নিক্ষেপ করিতেছেন না কেন ?॥ ৪১

এবং বিতর্কয়ন্নগ্রতো লক্ষ্মীমবলোক্য বিমমর্শ—'অহো! সমস্তসুন্দরী-মুকুটমণি-রসৌ বল্লভাচার্য্যনন্দনা লক্ষ্মীরস্য নয়নপথমাসসাদ, তত এব বৈলক্ষ্যমবাপদয়ং, লক্ষ্মীশ্চেমমালোক্য কিঞ্চিত্তরলায়িতান্তরা প্রতীয়তে, যুক্তঞ্চ তদেব যতঃ॥ ৪২

লক্ষ্মীরিয়ং সর্ব্ববিধৈরুদারৈ-
লক্ষ্মীবদাভাতি গুণৈর্ধরায়াম্।
অয়ঞ্চ বিশ্বম্ভরবৎ সমস্তৈ-
বিশ্বম্ভরো রাজতি সদ্‌গুণৌঘৈঃ॥ ৪৩

অনয়োশ্চ পরস্পরং পাণি-পীড়নায় প্রযত্নো ময়াবশ্যমেব বিধেয়ঃ।

যতঃ—

যোগ্যয়া কন্যয়া যোগ্যং বরং সংঘটয়ন্ জনঃ।
প্রশম্যতেঽত্র মাধব্যা পুন্নাগমিব মালিকঃ (৩৩)॥ ৪৪

এবং চিন্তয়ন্তমাচার্য্যমবলোক্য শ্রীবিশ্বম্ভরঃ সাবহিত্থং মনসা বভাষে—অহো! ময়া চিরকালানুশীলিতাং প্রিয়তমাং ত্রপামুপেক্ষ্য কিমিদমযুক্তমাচর্য্যতে, ততো মাং বিলক্ষমবেক্ষ্য বিতর্কপরোঽয়মাচার্য্যঃ সংপ্রতি প্রতারণীয় ইতি পরামৃশ্য স্পষ্টমাচষ্ট॥ ৪৫

(৩৩) মালিকঃ মালাকারঃ॥ ৪৪

এইরূপ বিতর্ক করিতে করিতে অগ্রভাগে লক্ষ্মীকে অবলোকন করিয়া বিচার করিতে লাগিলেন।—অহো! সমস্ত সুন্দরীগণের মুকুটমণি, বল্লভাচার্য্য-নন্দনা ঐ লক্ষ্মী ইঁহার নয়নপথে উপস্থিত হইয়াছেন। সেইজন্য ইনি এইপ্রকার বিস্ময়প্রাপ্ত হইয়াছেন এবং লক্ষ্মীও ইঁহাকে দেখিয়া কিঞ্চিৎ চঞ্চলচিত্তা হইয়াছেন বলিয়া প্রতীয়মান হইতেছে। তাহা উচিতই বটে॥ ৪২ কারণ—

এই লক্ষ্মী সকল প্রকার উন্নত গুণের দ্বারা ধরাতলে লক্ষ্মীর ন্যায় শোভা পাইতেছেন এবং এই বিশ্বম্ভরও সমস্ত সদ্‌গুণ রাশির দ্বারা বিশ্বম্ভর শ্রীকৃষ্ণের ন্যায় বিরাজ করিতেছেন॥ ৪৩

ইঁহাদের পরস্পরের বিবাহের নিমিত্ত আমার অবশ্য যত্ন করা কর্ত্তব্য। যেহেতু—মাধবীলতার সহিত পুন্নাগ বৃক্ষের (অথবা মাধবী পুষ্পের) সহিত পুন্নাগ পুষ্পের সংযোগ করাইয়া মালী (অথবা মালাকার) যেমন শান্তি পায়, সেইরূপ এ সংসারের যোগ্যা কন্যার সহিত যোগ্য বরের মিলন করাইয়া লোকে পরম শান্তিলাভ করিয়া থাকে॥ ৪৪

আচার্য্যকে এইরূপ চিন্তা করিতে দেখিয়া শ্রীবিশ্বম্ভর আত্মগোপনপূর্ব্বক মনে

অয়ে শ্রীমদ্বাসা (৩৪) বরমতি-সদালী-(৩৫) পরিবৃতা
স্ফুরদ্ধামা (৩৬) শ্যামারুণহরিতপীতৈর্মণিগণৈঃ।
বিতন্বানানন্দং বচন-পথপারং নয়নয়ো-
রগাকারোদারা (৩৭) হরতি নগরীয়ং মম মনঃ ॥ ৪৬

আচার্য্যস্তু তদিদং গৌরস্য বচনামৃতমাপীয় তস্যোদ্‌গারমিব মৃদুস্মিতং কৃত্বা মনসীদং বিমমর্শ—'যদ্যপি বিশ্বম্ভরেণ মদ্বঞ্চনার্থমিদমুক্তং, তথাপ্যস্য সরস্বতীচ্যুতদত্তাক্ষরালঙ্কারেণ গোপ্যমর্থং মাং বোধয়তি—নারীয়ং মম মনোহরতীতি। ভবত্বিদানীং কিমপি নাভিধাতব্যং, বিধাতব্যং বিধের্হি নাববোদ্ধুং শক্যতে ইতি পরামৃশ্য নগরীমেব বর্ণয়ামাস ॥ ৪৭

(৩৪) শ্রীমতাং ধনিনাং বাসো যস্যাং, পক্ষে শ্রীমৎ বাসো বস্ত্রং যস্যাঃ। (৩৫) সতাং বিদুষাং শ্রেণী, পক্ষে সত্যঃ যা আল্যঃ সখ্যঃ তাভিঃ পরিবৃতা, (৩৬) ধামানি গৃহাঃ, পক্ষে ধাম শরীরং (৩৭) অগানাং বৃক্ষাণামাকারৈঃ শরীরৈঃ উদারা মহতী, অথচ নাস্তি গঃ গকারো যস্যাঃ, আকারেণ আবর্ণেন উদারা চ, ততশ্চ নারীতি ভবতি, সা চ পক্ষান্তরে ব্যাখ্যাতেতি দ্রষ্টব্যম্ ॥ ৪৬

মনে এই কথা বলিতে লাগিলেন—অহো! চিরকালাভ্যস্তা প্রিয়তমা লজ্জাকে উপেক্ষা করিয়া আমি এ কি অযুক্ত আচরণ করিতেছি? সুতরাং আমাকে বিস্মিত (বা লজ্জিত) দেখিয়া এই আচার্য্য বিতর্কপরায়ণ হইয়াছেন। অতএব ইঁহাকে এক্ষণে প্রতারিত করিতে হইবে।—এইরূপ পরামর্শ করিয়া স্পষ্টভাবে বলিতে লাগিলেন ॥ ৪৫

অয়ে! ধনিগণের বাসযুক্তা, সুবুদ্ধি পণ্ডিত মণ্ডলী-পরিবেষ্টিতা, শ্যাম রক্ত হরিত ও পীতবর্ণ মণিগণের দ্বারা উজ্জ্বল গৃহসকল শোভিতা, নয়নযুগলের বাক্যাতীত আনন্দবিধানকারিণী উন্নত বৃক্ষরাজি বিরাজিতা এই নগরী আমার মন হরণ করিতেছে। শ্লেষ পক্ষে—সুন্দরবসনধারিণী সুবুদ্ধি ও সুন্দরী সখীগণে পরিবেষ্টিতা, শ্যাম, অরুণ, হরিত ও পীতবর্ণ মণিগণের দ্বারা উজ্জ্বল কান্তিমতী নয়নযুগলের বাক্যাতীত আনন্দ-বিধায়িনী গকার-রহিত ও আকার-যুক্তা এই নগরী অর্থাৎ নারী আমার মন হরণ করিতেছে ॥ ৪৬

আচার্য্য গৌরের বচনামৃত পান করিয়া সেই অমৃতের উদ্‌গারের ন্যায় মৃদুহাস্য করিয়া মনে মনে এইরূপ বিচার করিতে লাগিলেন।—"যদিও বিশ্বম্ভর আমাকে বঞ্চনার নিমিত্ত এই কথা বলিলেন, তথাপি ইঁহার বাক্যটি চ্যুত ও দত্ত বর্ণালঙ্কারের দ্বারা এই নারী আমার মন হরণ করিতেছে—এই গোপনীয় অর্থটি আমাকে অবগত করাইতেছে। যাউক, এখন কিছুই বলিব না। কারণ বিধির বিধাতব্য (যাহা করিবেন তাহা) কেহ বুঝিতে পারে না।"—এইরূপ বিচার করিয়া তিনি নগরীর বর্ণনা করিতে লাগিলেন ॥ ৪৭

তদস্তু, মম তু মনঃ কথমেনামেণাক্ষীমবেক্ষ্যাধীরতামধিকাময়তে ?
কাময়তে চৈনাং, ততো বিচারণীয়ং যতঃ—

যেষাং প্রবৃত্তিঃ সকলা বেদবাক্যানুসারিণী।
প্রবর্ত্ততে নৈব তেষাং কদাচিৎ কুপথে মনঃ ॥ ৩৯ ॥

ক্ষণং বিচার্য্য সানন্দং পুনরিদং মনসা জগাদ—'অহো! কিং
চিন্ত্যতে ? সেয়ং মদানন্দ-কীলাল-কাদম্বিনী প্রিয়া লক্ষ্মীরেব, যতঃ—
বদনং কমলং নয়নে কমলে করপদযুগানি (৩২) কমলানি।
কমলবদঙ্গামোদো নাস্ত্যন্যত্রান্তরা কমলাম্ ॥ ৪০ ॥

তদেবং মনসা বর্ণয়ন্তং বিশ্বম্ভরং বিলক্ষমবেক্ষ্য বিশ্ববিলক্ষণ-
চাতুর্য্যো বনমাল্যাচার্য্যো মনসা বিতর্কয়ামাস—

অহো! ন ভানোরিহ তাদৃগাতপ-
স্তথাপি কিং স্বিদ্যতি মিশ্রনন্দনঃ।
ক্ষিপন্নপি শ্রীচরণাম্বুজদ্বয়ং
কথং ক্ষিপত্যধ্বনি নো যথোচিতম্ ॥ ৪১ ॥

---

(৩২) করৌ চ পদযুগঞ্চ তানি ॥ ৪০ ॥

যাহা হউক, এই মৃগলোচনাকে দর্শন করিয়া আমার মন কেন অতিশয় অধীরতা প্রাপ্ত হইতেছে এবং ইহাকে কামনা করিতেছে! অতএব এ বিষয়ে বিচার করা কর্ত্তব্য। যেহেতু—যাহাদের সমস্ত চেষ্টা বেদবাক্যানুগতা তাহাদের মন কখনও কুপথে প্রবর্ত্তিত হয় না ॥ ৩৯ ॥

ক্ষণকাল বিচার করতঃ পুনরায় বিশ্বম্ভর সানন্দে মনে মনে এই কথা বলিতে লাগিলেন—অহো! কি চিন্তা করিতেছি ? ইনি আমার সেই আনন্দ-জলবর্ষি-মেঘমালাস্বরূপিণী প্রিয়া লক্ষ্মীই। কারণ—বদনকমল, নয়নদ্বয়ও কমল, দুইটী করযুগল ও পদযুগল কমলরাজি এবং কমলের ন্যায় অঙ্গগন্ধ—ইহা কমলা ব্যতীত অন্য কোথায়ও নাই ॥ ৪০ ॥

এবং বিতর্কয়ন্নগ্রতো লক্ষ্মীমবলোক্য বিমমর্শ—'অহো! সমস্তসুন্দরী-মুকুটমণি-রসৌ বল্লভাচার্য্যনন্দনা লক্ষ্মীরস্য নয়নপথমাসসাদ, তত এব বৈলক্ষ্যমবাপদয়ং, লক্ষ্মীশ্চেমমালোক্য কিঞ্চিত্তরলায়িতান্তরা প্রতীয়তে, যুক্তঞ্চ তদেব যতঃ ॥ ৪২ ।'

লক্ষ্মীরিয়ং সর্ব্ববিধৈরুদারৈ-
র্লক্ষ্মীবদাভাতি গুণৈর্দ্ধরায়াম্।
অয়ঞ্চ বিশ্বম্ভরবৎ সমস্তৈ-
র্বিশ্বম্ভরো রাজতি সদ্গুণৌঘৈঃ ॥ ৪৩ ॥

বিশ্বম্ভর যখন মনে মনে এই প্রকার বর্ণনা করিতে করিতে বিস্ময়প্রাপ্ত (অথবা লজ্জিত) হইয়াছিলেন, তখন তাহা দেখিয়া অসাধারণ চাতুর্য্য-সম্পন্ন বনমালী আচার্য্য মনে মনে বিতর্ক করিতে লাগিলেন।—অহো! এখানে সূর্য্যের তাদৃশ আতপ নাই, তথাপি মিশ্রনন্দন ঘর্ম্মাক্ত হইতেছেন কেন? শ্রীচরণাম্বুজদ্বয় চালনা করিলেও যথোচিত ভাবে পথে নিক্ষেপ করিতেছেন না কেন? ॥ ৪১ ॥

এইরূপ বিতর্ক করিতে করিতে অগ্রভাগে লক্ষ্মীকে অবলোকন করিয়া বিচার করিতে লাগিলেন—অহো! সমস্ত সুন্দরীগণের মুকুটমণি, বল্লভাচার্য্য নন্দিনী ঐ লক্ষ্মী ইঁহার নয়নপথে উপস্থিত হইয়াছেন। সেইজন্য ইনি এই প্রকার বিস্ময় প্রাপ্ত হইয়াছেন এবং লক্ষ্মীও ইঁহাকে দেখিয়া কিঞ্চিৎ চঞ্চলচিত্তা হইয়াছেন বলিয়া প্রতীয়মান হইতেছে। তাহা উচিতই বটে। কারণ—॥ ৪২ ॥

এই লক্ষ্মী সকল প্রকার উন্নত গুণের দ্বারা ধরাতলে লক্ষ্মীর ন্যায় শোভা পাইতেছেন এবং এই বিশ্বম্ভরও সমস্ত সদ্গুণরাশির দ্বারা বিশ্বম্ভর শ্রীকৃষ্ণের ন্যায় বিরাজ করিতেছেন ॥ ৪৩ ॥

অনয়োশ্চ পরস্পরং পাণি-পীড়নায় প্রযত্নো ময়াবশ্যমেব বিধেয়ঃ। যতঃ—

যোগ্যয়া কন্যয়া যোগ্যং বরং সংঘটয়ন্ জনঃ।
প্রশম্যত্যেহত্র মাধব্যা পুন্নাগমিব মালিকঃ (৩৩) ॥ ৪৪ ॥

এবং চিন্তয়ন্তমাচার্য্যমবলোক্য শ্রীবিশ্বম্ভরঃ সাবহিত্থং মনসা বভাষে— অহো! ময়া চিরকালানুশীলিতাং প্রিয়তমাং ত্রপামুপেক্ষ্য কিমিদ-মযুক্তমাচর্য্যতে, ততো মাং বিলক্ষমবেক্ষ্য বিতর্কপরোহয়মাচার্য্যঃ সংপ্রতি প্রতারণীয় ইতি পরামৃশ্য স্পষ্টমাচষ্ট। ৪৫ ॥

অয়ে শ্রীমদ্দাসা (৩৪) বরমতি-সদালী-(৩৫) পরিবৃত-
স্ফুরদ্ধামা (৩৬) শ্যামারুণহরিতপীতৈর্মণিগণৈঃ।
বিতন্বানানন্দং বচন-পথপারং নয়নয়ো-
রগাকারোদারা (৩৭) হরতি নগরীয়ং মম মনঃ ॥ ৪৬ ॥

---

(৩৩) মালিকঃ মালাকারঃ ॥ ৪৪ ॥

ইহাদের পরস্পরের বিবাহের নিমিত্ত আমার অবশ্য যত্ন করা কর্ত্তব্য! যেহেতু— মাধবীলতার সহিত পুন্নাগ বৃক্ষের (অথবা মাধবী পুষ্পের সহিত পুন্নাগ পুষ্পের সংযোগ করাইয়া মালী (অথবা মালাকার) যেমন শান্তি পায়, সেইরূপ এ সংসারে যোগ্যা কন্যার সহিত যোগ্য বরের মিলন করাইয়া লোকে পরম শান্তি লাভ করিয়া থাকে ॥ ৪৪ ॥

আচার্য্যকে এইরূপ চিন্তা করিতে দেখিয়া শ্রীবিশ্বম্ভর আত্মগোপনপূর্ব্বক মনে মনে এই কথা বলিতে লাগিলেন—অহো! চিরকালাভ্যস্তা প্রিয়তমা লজ্জাকে উপেক্ষা করিয়া আমি এ কি অযুক্ত আচরণ করিতেছি? সুতরাং আমাকে বিস্মিত (বা লজ্জিত) দেখিয়া এই আচার্য্য বিতর্কপরায়ণ হইয়াছেন। অতএব ইঁহাকে এক্ষণে প্রতারিত করিতে হইবে—এইরূপ পরামর্শ করিয়া স্পষ্টভাবে বলিতে লাগিলেন ॥ ৪৫ ॥

আচার্য্যস্তু তদিদং গৌরস্য বচনামৃতমাপীয় তস্যোদ্গারমিব মৃদু স্মিতং কৃত্বা মনসীদং বিমমর্শ—'যদ্যপি বিশ্বম্ভরেণ মদ্বঞ্চনার্থমিদমুক্তং, তথাপ্যস্য সম্বন্ধচ্যুতদত্তাক্ষরালঙ্কারেণ গোপ্যমর্থং মাং বোধয়তি—নারীয়ং মম মনোহরতীতি। ভবত্বিদানীং কিমপি নাভিধাতব্যং, বিধাতব্যং বিধেৰ্হি নাববোদ্ধুং শক্যতে ইতি পরামৃশ্য নগরীমেব বর্ণয়ামাস ॥ ৪৭ ॥

(৩৪) শ্রীমতাং ধনিনাং বাসো যস্যাং, পক্ষে শ্রীমৎ বাসো বস্ত্রং যস্যাঃ। (৩৫) সতাং বিদুষাং শ্রেণী, পক্ষে সত্যঃ যা আল্যঃ সখ্যঃ তাভিঃ পরিবৃতা, (৩৬) ধামানি গৃহাঃ, পক্ষে ধাম শরীরং (৩৭) অগানাং বৃক্ষাণামাকারৈঃ শরীরৈঃ উদারা মহতী, অথচ নাস্তি গো গকারো যস্যাঃ আকারেণ আবর্ণেন উদারা চ, ততশ্চ নারীতি ভবতি, সা চ পক্ষান্তরে ব্যাখ্যাতেতি দ্রষ্টব্যম্ ॥ ৪৬ ॥

অয়ে! ধনিগণের বাসযুক্তা, সুবুদ্ধি পণ্ডিতমণ্ডলী-পরিবেষ্টিতা, শ্যাম রক্ত হরিত ও পীতবর্ণ মণিগণের দ্বারা উজ্জ্বল গৃহসকল শোভিতা, নয়নযুগলের বাক্যাতীত আনন্দ-বিধানকারিণী উন্নত বৃক্ষরাজি-বিরাজিতা এই নগরী আমার মন হরণ করিতেছে। শ্লেষপক্ষে—সুন্দরবসনধারিণী, সুবুদ্ধি ও সুন্দরী সখীগণে পরিবেষ্টিতা, শ্যাম অরুণ হরিত ও পীতবর্ণ মণিগণের দ্বারা উজ্জ্বল কান্তিমতী, নয়নযুগলের বাক্যাতীত আনন্দ-বিধায়িনী গকার রহিত ও আকারযুক্তা এই নগরী অর্থাৎ নারী আমার মন হরণ করিতেছে॥ ৪৬ ॥

আচার্য্য গৌরের এই বচনামৃত পান করিয়া সেই অমৃতের উদ্গারের ন্যায় মৃদুহাস্য করিয়া মনে মনে এইরূপ বিচার করিতে লাগিলেন—"যদিও বিশ্বম্ভর আমাকে বঞ্চনার নিমিত্ত এই কথা বলিলেন, তথাপি ইহার বাক্যটি চ্যুত ও দত্ত বর্ণালঙ্কারের দ্বারা এই নারী আমার মন হরণ করিতেছে—এই গোপনীয় অর্থটী আমাকে অবগত করাইতেছে। যা হউক, আমি এখন কিছুই বলিব না। কারণ বিধির বিধাতব্য (যাহা করিবেন তাহা) কেহ বুঝিতে পারে না।"—এইরূপ বিচার করিয়া তিনি নগরীরই বর্ণনা করিতে লাগিলেন ॥ ৪৭ ॥

আম্নায়ধ্বনিমঞ্জুলা সুরধুনী-কীলাল-শীতানিলা
দিব্যাগার-পলাশি-মানবগণা ভক্ষ্যৈরসংখ্যৈর্যুতা।
নানাজাতি-সুগন্ধিবস্তুবিপণিঃ (৩৮) পঞ্চেন্দ্রিয়াহ্লাদিনী
সেয়ং শ্রীনগরী নিমজ্জয়তি কং নানন্দ-পাথোনিধৌ ॥ ৪৮ ॥

লক্ষ্মীস্তু গৌররূপালগ্ননয়নমানসামবেত্য চতুরাঃ সখ্যস্তয়া সহ বাকোবাক্যং (৩৯) বিদধুঃ।

অয়ে শুভে সৎকুল-কন্যকে ত্বং
সলালসা গৌর-(৪০) মুদীক্ষসে কিম্।
সখ্যো দিবা সূর্য্যকর-প্রতাপ-
চ্ছন্নঃ সুধাংশুঃ কথমীক্ষণীয়ঃ ? ॥ ৪৯ ॥

---

(৩৮) নানা জাতীনি সুগন্ধি বস্তূনি যত্র তা বিপনয়ো যস্যাং ॥ ৪৮ ॥

(৩৯) উক্তি-প্রত্যুক্তিমদ্ বাক্যং বাকোবাক্যং বিদুর্বুধাঃ', (৪০) তথাচ গৌর ইত্যারভ্য না শ্বেতসর্ষপে চন্দ্র ইতি মেদিনী ॥ ৪৯ ॥

বেদধ্বনিতে মনোহারিণী, জাহ্নবীজলস্পর্শে শীতলপবনান্বিতা সুন্দর গৃহ বৃক্ষ ও মানবগণে পরিপূর্ণা। অসংখ্য ভক্ষ্যদ্রব্যযুক্তা, নানাজাতীয় সুগন্ধিদ্রব্য-পূর্ণ বিপণিসম্পন্না চক্ষু-কর্ণাদি পঞ্চেন্দ্রিয়ের আনন্দদায়িনী এই শোভাময়ী নগরী কোন ব্যক্তিকে না আনন্দসাগরে নিমজ্জিত করে ॥ ৪৮ ॥

পক্ষান্তরে লক্ষ্মী গৌরের রূপে নয়ন ও মন নিবিষ্ট করিয়াছেন—জানিয়া চতুরা সখীগণ তাঁহার সহিত উক্তি প্রত্যুক্তিযুক্ত আলাপ করিতে লাগিলেন। হে শুভে! তুমি সদ্বংশের কন্যা ? তুমি কেন লালসান্বিতা হইয়া গৌরকে নিরীক্ষণ করিতেছ ? হে সখীগণ! দিবাভাগে সূর্য্যের কিরণ প্রতাপে আচ্ছন্ন চন্দ্র কিরূপে দৃষ্টিগোচর হইবে ?' ॥ ৪৯ ॥

শঠে! ত্বমুন্মীলিতলোমমূলা
শচীসুতং সস্পৃহমীক্ষসে কিম্ ।
ধূর্ত্তাঃ স দেবাবলী-মধ্যচারী
কথং জয়ন্তো মনুজৈর্নিরীক্ষ্যঃ ॥ ৫০ ॥

নিমেষশূন্যাক্ষিযুগা সখি! ত্বং
বিশ্বম্ভরং পশ্যসি কিং সতৃষ্ণা
সখ্যঃ! স বৃন্দাবনভূ-বিহারী
কথং মনুষ্যৈরিতরত্র দৃশ্যঃ। ॥ ৫১ ॥

তবেদং বাগ্‌ভঙ্গ্যা লক্ষ্ম্যা পরাজিতা রাজিতান্তঃকরণাঃ পরমানন্দেন সপ্রণয়ং তাং পুনরুচিরে তাঃ ॥ ৫২ ॥

শঠে! তুমি রোমাঞ্চিতকলেবরে সস্পৃহভাবে শচীসুতকে দেখিতেছ কেন?

হে ধূর্ত্তাগণ! দেবতাবৃন্দের মধ্যে বিচরণকারী সেই জয়ন্তকে মানুষসকল কি প্রকারে দর্শন করিবে? ॥ ৫০ ॥

হে সখি! তুমি অনিমেষ নয়নে সতৃষ্ণভাবে বিশ্বম্ভরকে দেখিতেছ কেন?

সখিগণ! সেই বৃন্দাবন ভূমিবিহারী নন্দনন্দনকে মানবগণ কিরূপে অন্যত্র দেখিতে পাইবে? ॥ ৫১ ॥

লক্ষ্মীর এই প্রকার বাক্যভঙ্গীদ্বারা পরাজিতা ও অন্তরে পরমানন্দ প্রাপ্ত হইয়া সখীগণ পুনরায় তাঁহাকে প্রণয়ভরে বলিতে লাগিলেন ॥ ৫২ ॥

শাঠ্যং জহীহি সখি! নালিষু বঞ্চনা স্যাদ্
যোগ্যা কদাপি নিজ-বাঞ্ছিত-সাধিকাসু।
বিদ্মো বয়ঞ্চ তব সুন্দরি! হার্দ্দভাবং
গৌরানুরক্ত-হৃদয়াসি চিরায় জাতা ॥ ৫৩॥

তদপ্যযুক্তং নহি কাত্র কন্যা
গৌরং বিবোঢুং ন করোতি বাঞ্ছাম্।
লোভ্যে পদার্থে সতি লাভযোগ্যে
ন লালসা কস্য জনস্য হি স্যাৎ ॥ ৫৪ ॥

সৈতৎ সখীনাং বচনং নিশম্য
নতাননা যৎ সজলেক্ষণাভূৎ।
তেনৈব তাস্তদ্ধৃদয়ং প্রতীয়ু-
র্দক্ষা হি নো বাচিক-সব্যপেক্ষাঃ (৪১) ॥ ৫৫ ॥

---

(৪১) সন্দেশবাক্-সাপেক্ষা ন ভবন্তি, কিন্ত্বিঙ্গিতেনৈবাভিপ্রায়ং জানন্তীতি ভাবঃ ॥ ৫৫ ॥

হে সখি! শঠতা পরিত্যাগ কর। নিজের অভীষ্ট-সাধিকা-সখীগণের প্রতি কখনও বঞ্চনা করা উচিত নহে। সুন্দরি! আমরা তোমার হৃদয়ের ভাব অবগত হইয়াছি। তুমি বহুক্ষণ যাবৎ গৌরের প্রতি আসক্তচিত্তা হইয়াছ ॥৫৩॥

কিন্তু তাহাও অযুক্ত নহে। এ সংসারে কোন্ কন্যা গৌরকে বিবাহ করিতে ইচ্ছা না করে। কেননা লোভনীয় পদার্থ লাভের যোগ্য হইলে কোন্ ব্যক্তি তাহাতে লালসা না করিয়া থাকে? ॥ ৫৪ ॥

সখীগণের এই বাক্য শ্রবণ করিয়া লক্ষ্মী যে নতবদনা ও সজলনয়না হইয়াছিলেন তাহাতেই তাঁহারা তাঁহার হৃদয়ের ভাব অনুভব করিয়াছিলেন। কারণ যাহারা বিচক্ষণ, তাহারা মৌখিক বাক্যের অপেক্ষা করেন না। কিন্তু ইঙ্গিত মাত্রেই অভিপ্রায় অবগত হইতে পারেন ॥ ৫৫ ॥

তদেবং পরস্পর-সন্দর্শনানন্দমনুভবতোর্লক্ষ্মী বিশ্বম্ভরয়োস্ত্রপয়াऽসহমানয়া সহমানয়া (৪২) প্রথম পরিণীতয়েব বলাদাকৃষ্য বিশ্বম্ভরোऽন্যতো নিন্যে ॥ ৫৬॥

লক্ষ্মীস্তু গৌরাবলোকবিচ্ছেদ-ব্যথিত-হৃদয়া দয়াবতীভিঃ সখীভিরূচে ॥ ৫৭॥

সখি! ভবসি কিমিত্যাকুলমানসা কুল-মান-সাদগুণ্যবতীনাং কন্যকানাং রীতিরিয়ং ন খলু শোভাং জনয়তি, নয়তি বরং তা মালিন্যমালি-ন্যক্কারকরং (৪৩), ততো মনঃ-স্থিরতামানয়, মানয় নো বচনম্ ॥ ৫৮ ॥

যদি তু পুনরপি নরপিষ্টপাবতংসং (৪৪) তং গৌর-রজনীশং (৪৫) জনী-শঙ্কর-মাধুর্য্যং (৪৬) ধুর্য্যং গুণানামবলোকয়িতুমিচ্ছেস্তদা তং নিশাময়িষ্যামো (৪৭) দময়িষ্যামো দবথুং (৪৮) অধুনা তু ধুনাতু (৪৯) মনস্তত্র ভবতী লোভবতী লোকলজ্জাতঃ ॥৫৯॥

---

(৪২) মানেন সহিতয়া মানবত্যা অসহমানয়া সোঢ়ুমশক্তবত্যা ত্রপয়া লজ্জয়া ॥ ৫৬ ॥

(৪৩) তাঃ কন্যকাঃ আলীনাং সখীনাং ন্যক্কারকরং নিন্দাহেতুং মালিন্যং নয়তি ॥ ৫৮ ॥

লক্ষ্মী ও বিশ্বম্ভর যখন এই প্রকারে পরস্পরের সন্দর্শনে মানবতী ও অসহিষ্ণু হইয়া প্রথম পরিণীতা পত্নীর ন্যায় বিশ্বম্ভরকে বলপূর্ব্বক আকর্ষণ করিয়া অন্যদিকে লইয়া গেল ॥ ৫৬ ॥

এদিকে লক্ষ্মী গৌরদর্শন-বিচ্ছেদে ব্যথিত হৃদয়া হইলে দয়াবতী সখীগণ তাহাকে বলিতে লাগিলেন ॥ ৫৭ ॥

সখি! তুমি কেন এত আকুল হইতেছ? কুলমান ও সদ্গুণবতী কন্যাগণের কখনও এইরূপ ব্যবহার শোভা পায় না, বরং সেই কন্যাগণ সখীবৃন্দের নিন্দাজনক মলিনতা (অপযশ) উৎপাদন করিয়া থাকে। অতএব মন স্থির কর এবং আমাদের কথা মান (পালন কর) ॥ ৫৮ ॥

ইতীরয়িত্বা প্রিয়দর্শনোৎকাং
সখ্যস্ততস্তাং সদনায় নিন্যুঃ।
বাত্যাঃ সরোজাকর-সঙ্গলুব্ধাং
যথা দ্বিরেফাং শর-কাননায় ॥ ৬০ ॥

ইতীত্যাদি শ্রীগৌরলীলামৃতে কৈশোরীলীলা-বর্ণনে
লক্ষ্মীপ্রিয়া-সন্দর্শনো নাম
ত্রয়োদশ আস্বাদঃ ॥

---

(৪৪) নরলোক-শিরোভূষণং, (৪৫) গৌরচন্দ্রং, (৪৬) স্ত্রীজনসুখকর-মাধুর্য্যং, (৪৭) দর্শয়িষ্যামঃ শমো দর্শন ইতি নিম্নিষেধাৎ, (৪৮) উপতাপং, (৪৯) লোকলজ্জাতো হেতোর্মনো ধুনাতু কম্পয়তু ॥ ৫৯ ॥

যদি তুমি পুনরায় সেই নরলোকশিরোমণি, রমণীজনের সুখকর মাধুর্য্য সম্পন্ন, সর্ব্বগুণাধার সেই গৌরচন্দ্রকে দর্শন করিতে ইচ্ছা কর, তাহা হইলে আমরা তাহাকে দেখাইব এবং তোমার সন্তাপের শান্তি করিব। তুমি লোভবতী হইলেও সম্প্রতি লোকলজ্জা হেতু মনকে স্থির কর ॥ ৫৯ ॥

এই কথা বলিয়া সখীগণ বাত্যা যেমন কমলসমূহের সঙ্গলাভে লুব্ধা ভ্রমরীকে শরবনাভিমুখে চালিত করে, সেইরূপ প্রিয়ের দর্শনে উৎকণ্ঠিতা লক্ষ্মীকে গৃহাভিমুখে লইয়া গিয়াছিলেন ॥ ৬০ ॥

ইতি শ্রীগৌরলীলামৃতে কৈশোরলীলা-
বর্ণনে লক্ষ্মী সন্দর্শন নামক
ত্রয়োদশ আস্বাদ ॥

চতুর্দ্দশ আস্বাদঃ।

সা চ নিশান্তং (১) গতাপি নিশান্তং (২) ন প্রাপ, আশায় (৩) প্রার্থিতাপি নাশায় (৪) প্রার্থিতমাত্মানং মেনে, বেশেহরাগিতাং (৫) দধানাপি নবেশে রাগিতাং (৬) ভেজে, স্বাপায় (৭) ন স্পৃহয়ন্ত্যপি স্বাপায় কৃতযত্না (৮) বভূব ॥ ১ ॥

শ্রীগৌরচন্দ্রস্য বিলোক-বাধা-
দামোদরাহিত্যামসৌ ব্রজন্তী।
ম্লানাননা কৈরবিণীব বাঢ়ং
সখী-দ্বিরেফীর্ব্যথয়াম্বভূব ॥ ২ ॥

অত্র বিরোধাঃ স্পষ্টা এব ॥ (১) প্রকৃতেতু নিশান্তং গৃহং প্রাপ্তাপি সা, (২) নিশায়া অন্তং (নাপ), অতি দীর্ঘতা-প্রতীতেঃ। (৩) আশায় ভোজনায, (৪) মরণায়, (৫) বেশে নেপথ্যে অরাগিতাং দ্বেষং, (৬) পরন্ত্র নবেশে নবাবতীর্ণে ঈশে গৌরে অনুরাগিতাং, (৭) স্বাপায় নিদ্রায়ৈ, (৮) স্বস্য অপায়ে মরণে কৃতযত্না আহারাদি-পরিত্যাগাৎ ॥ ১ ॥

অনন্তর সেই লক্ষ্মী সেই নিশান্তে (গৃহে) গমন করিলেও নিশান্ত অর্থাৎ দীর্ঘপ্রতীত হওয়ায় রাত্রির অবসান প্রাপ্ত-হইয়াছিলেন না, ভোজনের জন্য তাহাকে প্রার্থনা করা হইলেও আপনাকে নাশের জন্য (বিরোধ পক্ষে অভোজনের জন্য) প্রার্থনা করা হইতেছে এরূপ মনে করিতেছিলেন, বেশে অনাসক্তি ধারণ করিলেও নবেশে অর্থাৎ নবীন প্রাণেশ্বরের প্রতি অথবা নবাবতীর্ণ ঈশ্বর শ্রীগৌরচন্দ্রের প্রতি আসক্তি ধারণ করিতেছিলেন (বিরোধপক্ষে বেশে-আসক্তি ধারণ করিতেছিলেন না), স্বাপ অর্থাৎ নিদ্রার জন্য ইচ্ছা না করিলেও তিনি স্বাপায় কৃতযত্না অর্থাৎ নিজের মৃত্যুর নিমিত্ত যত্নশীলা হইয়াছিলেন, (বিরোধপক্ষে নিদ্রার জন্য চেষ্টিতা হইয়াছিলেন না) ॥ ১ ॥

শ্রীগৌরচন্দ্রের দর্শনের ব্যাঘাত হেতু নিরানন্দ প্রাপ্ত হওয়ায় তিনি মলিন বদনা হইয়া বিবর্ণা কুমুদিনীর ন্যায় সখীরূপ ভ্রমরীগণকে অত্যন্ত ব্যথিত করিতেছিলেন ॥ ২ ॥

তাপং নিবর্ত্তয়তি গৌরবিধোরুদীক্ষে—
ত্যাহুর্ব্বুধা যদি তমাপ কথং তদেষা।
আমাং স্মরামি মনসাত্র সরাগতৈব (৯)
সর্ব্বৈঃ পুরাণ-মুনিভির্নিরণায়ি হেতুঃ ॥ ৩ ॥

ধ্যায়ন্ত্যমুং গৌরমজস্রমেষা
যদাপ গৌরত্ব (১০)-মিদং ন চিত্রম্।
ক্ষণে ক্ষণে যৎ খলু কৃষ্ণভাবং (১১)
লেভে ভবেত্তন্নহি বোধগম্যম্ ॥ ৪ ॥

পাণৌ নিধায় নিজগণ্ডমসাববর্ষ—
দ্দৃগ্‌ভ্যাং পয়াংস্যলমিতি প্রবদন্তি মুগ্ধাঃ।
ধীরাস্তু রক্তকমলেন গিলন্তমিন্দুং
মত্বাহসিতোৎপলযুগং ব্যরুদৎ কিলেতি ॥ ৫ ॥

(৯) শ্রীভরতাদিভিঃ সরাগতা সানুরাগিতৈব শ্লেষেণ শ্রীব্যাসাদিভিঃ সরাগতা মাৎসর্য্যম্, তৎপূর্ব্বক-ভগবদ্দর্শনে হ্যাধ্যাত্মিকাদিতাপশান্তির্ন জায়ত ইতি গম্যতে ॥ ৩ ॥

(১০) গৌরত্বং তদ্ভাবমথচ অরুণতাম্। (১১) কালিমানমথচ তস্মিন্ কৃষ্ণ এবায়মিতি ভাবনাং, পূর্ব্বভাবানুবৃত্তেঃ। তথাচ "সতী চ যোষিৎ প্রকৃতিশ্চ নিশ্চলা পুমাংসমভ্যেতি ভবান্তরেষ্বপীতি" ॥ ৪ ॥

গৌরচন্দ্রের দর্শনে তাপ দূর হয়। পণ্ডিতগণ যদি এই কথা বলেন তাহা হইলে এই লক্ষ্মী কেন গৌরচন্দ্রের দর্শনে সেই তাপ প্রাপ্ত হইয়াছিলেন? হাঁ, হাঁ, আমার স্মরণ হয়, মনে মনে ইঁহার প্রতি অনুরাগযুক্ত হওয়াই সকল প্রাচীন মুনিগণ কারণ বলিয়া নির্ণয় করিয়াছেন ॥ ৩ ॥

ইনি নিরন্তর গৌরকে ধ্যান করিতে করিতে যে গৌরত্ব (গৌরভাব পক্ষে অরুণতা) লাভ করিয়াছিলেন ইহা আশ্চর্য্য নহে। কিন্তু ক্ষণে ক্ষণে তিনি যে কৃষ্ণভাব (তিনি কৃষ্ণ এই প্রকার ভাবনা পক্ষে কৃষ্ণবর্ণতা) প্রাপ্ত হইতেছিলেন তাহা বোধগম্য হয় না ॥ ৪ ॥

অধোমুখ্যাঃ পাদান্তিক-পতিত-নেত্রাম্বুনি মুখং
তদা তস্যা রেজে প্রতিফলিত (১২)-মত্যন্তমলিনম্।
ধ্রুবং তস্যা বক্ত্রাৎ পরিভবমবাপেন্দুরধিকং
তদীয়াঙ্ঘ্রিদ্বন্দ্বং শরণমকরোৎ ক্ষেম-বিধয়ে ॥ ৬ ॥

ইদং বধূর্ভাব-পরিপ্লুতা প্রিয়ং
বিলোকতে সর্ব্ব-হরিৎসু (১৩) সর্ব্বদা।
ময়ি স্থিতায়াং তদিদং ন সেৎস্যতী-
ত্যবেত্য নিদ্রা কিমমূং তদাত্যজৎ ॥ ৭ ॥

(১২) প্রতিবিম্বিতম্ ॥ ৬ ॥
(১৩) সর্ব্বাসু দিক্ষু ॥ ৭ ॥

মূঢ়ব্যক্তিগণ বলিয়া থাকে যে তিনি করতলে নিজ গণ্ডধারণ করিয়া নেত্র-যুগলের দ্বারা জল বর্ষণ করিতেছিলেন। কিন্তু পণ্ডিতগণ বলেন যে রক্তকমলের সহিত চন্দ্র মিলিত হইতেছে মনে করিয়া নীলোৎপলদ্বয় রোদন করিতেছিল ॥ ৫ ॥

তিনি অধোমুখী থাকায় তখন তাঁহার অত্যন্ত মলিন মুখটী চরণের নিকট পতিত নয়নজলে প্রতিবিম্বিত হইয়া শোভা পাইতেছিল, কিন্তু মনে হয় চন্দ্র তাঁহার বদন হইতে অত্যন্ত পরাভব প্রাপ্ত হইয়া নিজ মঙ্গলের নিমিত্ত তাঁহার চরণ যুগল আশ্রয় করিয়াছিলেন ॥ ৬ ॥

অনুরাগবতী এই বধূ সর্ব্বদা সকল দিকে প্রিয়তমকে অবলোকন করিতে-ছেন। আমি থাকিলে তাহার এই দর্শন সিদ্ধ হইবে না—এইরূপ জানিয়া কি নিদ্রা তখন তাহাকে পরিত্যাগ করিয়াছিল ॥ ৭ ॥

মুহুর্মুহুঃ সাতিতৃষ্ণাকুলা সতী
স্বজিহ্বয়া গৌরগুণামৃতং পপৌ।
অস্বপ্নভাং (১৪) প্রাপ ততশ্চ যদ্যসৌ
তত্রোচিতত্বং নহি কেন মন্যতে ॥ ৮ ॥

শ্রীগৌর-ভূপায় কিলোপহর্ত্তুং
তচ্চিত্ত-সপ্তিং (১৫) মদনাশ্ববারঃ।
অবিভ্রমৎ সন্ততমেব (১৬) তস্মা-
দসৌ সদাগাদনবস্থিতত্বম্ ॥ ৯ ॥

ববন্ধ পাশেন মুহুঃ স্মরস্তাং
মুহুর্মুমোচাপি বিশঙ্কিতঃ কিম্?
যতো মুহুঃ সা জড়তামবাপৎ
সচেষ্টতা-(১৭) মপ্যসকৃজ্জগাম ॥ ১০ ॥

---

(১৪) দেবত্বমথচ নিদ্রারাহিত্যম্, অমৃতং দেবানামৌচিত্যং সর্ব্বৈর্হি মন্যত এবেতি ভাবঃ ॥ ৮ ॥

(১৫) তন্মনো ঘোটকং, (১৬) সদৈব ভ্রাময়ামাস, তস্মাদসৌ তন্মনোঽশ্বঃ অনবস্থিতত্বম্ অস্থিরতাং নিত্যমগমৎ ॥ ৯ ॥

(১৭) বন্ধনে স্তব্ধতাং মোচনে সক্রিয়তামিত্যর্থঃ ॥ ১০ ॥

তিনি অত্যন্ত তৃষ্ণাকুলা হইয়া পুনঃ পুনঃ নিজের জিহ্বা দ্বারা গৌরের গুণামৃত পান করিতেছিলেন। তজ্জন্য তিনি যে অস্বপ্নতা—অর্থাৎ নিদ্রাহীনতা পক্ষে দেবত্ব প্রাপ্ত হইয়াছিলেন—তাহা উচিৎ বলিয়া কে না মনে করে? ॥ ৮ ॥

শ্রীগৌরনৃপতিকে উপহার দিবার জন্য মদনরূপ অশ্বারোহী লক্ষ্মীর মনরূপ অশ্বকে সর্ব্বদাই ভ্রমণ করাইতেছিল। সেইজন্যই তিনি নিরন্তর অনবস্থিততা অর্থাৎ অস্থিরতা প্রাপ্ত হইয়াছিলেন ॥ ৯ ॥

কন্দর্প কি পুনঃ পুনঃ তাঁহাকে পাশের দ্বারা বন্ধন করিতেছিলেন এবং শঙ্কিত হইয়া পুনঃ পুনঃ তাঁহাকে মোচন করিতেছিলেন? যেহেতু তিনি বারম্বার জড়তা এবং বারম্বার সচেষ্টতা প্রাপ্ত হইতেছিলেন ॥ ১০ ॥

শ্রীগৌরপাদ-রুচিসঙ্গ-(১৮)সুশীতলায়াং
তস্যাং রুজো যদভবন্ বত কম্প-মুখ্যাঃ।
তদ্‌যুক্তমেব খলু দাহমুখাস্তুভূবন্
যত্তত্ত্ব, (১৯) বোধবিষয়ঃ কতমস্য বা স্যাৎ ॥ ১১ ॥

মিত্রসঙ্গ্যপি (২০)-দিনং যদি তস্যা
বর্দ্ধমানমতিদুঃখদমাসীৎ।
শার্ব্বর-প্রণয়িনী বত রাত্রি-(২১)
স্তর্হি তাদৃগভবন্নহি চিত্রম্ ॥ ১২ ॥

---

(১৮) শ্রীগৌরপাদে যা রুচিরভিলাষশ্চ তৎসঙ্গেন, অথচ গৌরপাদঃ শুক্লকিরণশ্চন্দ্রস্তস্য কিরণ-সঙ্গেন সুশীতলায়াং তস্যাং কম্পাদয়ো বিকারা অভবন্, শৈত্যাধিক্যে তৎসম্ভবাদিতি ভাবঃ। (১৯) দাহাদিবিকারাণামেকান্ততোঽসম্ভাবনয়া আহ—যত্তদিত্যাদি ॥ ১১ ॥

(২০) সূর্য্যসঙ্গি অথচ সুহৃৎসঙ্গি, (২১) শার্ব্বরমন্ধতমসম্, অথচ ঘাতুকং তৎসঙ্গিন্যা রাত্রেরতি-দুঃখদায়িত্বে নাস্ত্যেবাশ্চর্য্যমিতি ভাবঃ ॥ ১২ ॥

শ্রীগৌরচরণে অভিলাষের সম্পর্ক হেতু (অথবা অভিলাষ ও আসক্তি হেতু) সুশীতলা পক্ষে সুন্দর গৌরপাদের অর্থাৎ চন্দ্রের কিরণ সম্পর্কে সুশীতলা সেই লক্ষ্মীতে যে কম্প প্রভৃতি পীড়া উপস্থিত হইয়াছিল, তাহা উচিতই বটে। কিন্তু দাহ প্রভৃতি পীড়া যে জন্মিয়াছিল, তাহা কাহার জ্ঞানের বিষয় হইবে ? অর্থাৎ তাহা কাহারও জ্ঞানগম্য নহে ॥ ১১ ॥

তাঁহার দিন মিত্রসঙ্গী (বন্ধু সম্বন্ধী পক্ষে সূর্য্যসম্পর্ক) হইলেও যদি তাহা বৃদ্ধিশীল এবং অত্যন্ত দুঃখদায়ক হইয়া থাকে, তাহা হইলে শার্ব্বরপ্রণয়িনী (ঘাতুকের প্রীতিদায়িনী পক্ষে ঘোর অন্ধকার যুক্তা) রাত্রি যে সেইরূপ হইবে তাহাতে কিছু আশ্চর্য্য নাই ॥ ১২ ॥

যুক্তং তমস্কাণ্ড-মলীমসা ক্ষপা
তস্যা মতিং নিক্লবয়াঞ্চকার যৎ।
চিত্রন্ত্বিদং যদ্ দ্বিজরাজ-সঙ্গত-(২২)
স্খলত্তমস্কাপি (২৩)-বিমোহমাতনোৎ ॥ ১৩ ॥

যদা যদা সাপ বিমোহমুদ্ভটং
তদা তদাস্যাশ্চতুরঃ সখীচয়ঃ।
উদেতি গৌরবিধুরিত্যুদীরয়ন্
নিবর্ত্তয়ামাস হঠেন তং ক্ষণাৎ ॥ ১৪ ॥

কদাচিত্তু তদ্ব্যাহার-জাতবোধোদয়া দয়া-পারাবারং বারম্বারং কৃত-প্রণিধানাপি তমদৃষ্ট্বা বিরহতাপ-হতাপত্রপা (২৪) দীর্ঘমুষ্ণং নিশ্বস্য তাঃ প্রত্যুবাচ ॥১৫॥

---

(২২) চন্দ্র-সম্বন্ধেন অথচ ব্রাহ্মণশ্রেষ্ঠসঙ্গাৎ (২৩) তমোহন্ধকারো গুণবিশেষশ্চ ॥ ১৩ ॥

(২৪) বিরহ-তাপেন হতা অপত্রপা লজ্জা যস্যাঃ সা ॥ ১৫ ॥

অন্ধকার পুঞ্জে মলিনা রজনী যে তাহার চিত্তকে অত্যন্ত ব্যাকুল করিয়াছিল তাহা উচিত বটে। কিন্তু দ্বিজরাজের (ব্রাহ্মণশ্রেষ্ঠের পক্ষে চন্দ্রের) সঙ্গ হেতু রাত্রি তমোরহিতা (তমোগুণ শূন্যা পক্ষে অন্ধকার শূন্যা) হইলেও যে তাঁহার মোহ উৎপাদন করিয়াছিল—ইহাই আশ্চার্য্য ॥ ১৩ ॥

যে যে সময়ে তিনি প্রবল মোহ প্রাপ্ত হইতেছিলেন সেই সেই সময়ে তাঁহার চতুরা সখীগণ “গৌরবিধু উদিত হইতেছে”—এই বলিয়া তৎক্ষণাৎ সহসা তাহার মোহ নিবারণ করিতেছিলেন ॥ ১৪ ॥

কোন একদিন তাহাদের বাক্যে চৈতন্য লাভ করিয়া পুনঃ পুনঃ মনোনিবেশ করিয়াও সেই করুনাসিন্ধু গৌরসুন্দরকে দেখিতে না পাইয়া বিরহ তাপে পীড়িতা ও লজ্জাহীনা হইয়া উষ্ণ নিশ্বাস ত্যাগ করতঃ তাহাদের নিকট বলিতে লাগিলেন ॥ ১৫ ॥

"অয়ে প্রাণসমাঃ! সমায়াভি-(২৫) র্যুস্মাভির্মুহুর্মুহুর্যদীর্য্যতে, দীর্য্যতে মদুরসে হিতং ভূয়াদিতি (২৬) তৎ কিং মৃষৈব? যতস্তদর্থো নায়াতি নয়ন-বিষয়তামায়তামানামস্মাকম্ (২৭) ॥ ১৬ ॥

তা ঊচুঃ—"সখি! ন বয়ং মিথ্যাভাষিণ্যো ভবামো, ভবামোদকরো (২৮) হয়ন্ধবলোহন্ধবলোপমর্দ্দকো বিধুরালোক্যতাং (২৯), বিধুরা লোক্যতাং ভজতি বস্তুনি দৃষ্টিঃ কিং ক্রিয়তে?" (৩০) ॥ ১৭ ॥

অতঃ সখীনাং বচনান্ন গৌরো
অত্রাস্তীতি বিজ্ঞায় সুদুঃখিতা সা।
সংপ্রাপ্য মূর্চ্ছাং নিপপাত ভূমৌ
রম্ভেব বাতেন হতা নিতান্তম্ ॥ ১৮ ॥

(২৫) সকপটাভিঃ, (২৬) দীর্য্যত ইত্যাদি-খণ্ড্যমানায় মদ্হৃদয়ায় হিতং সুখকরং ভূয়াদিত্যাশিষি হিত-যোগে চতুর্থী। (২৭) আয়তো দীর্ঘ আমঃ পীড়া যাসাং ॥ ১৬ ॥

(২৮) শিবসুখকরঃ, (২৯) স্ববাক্যগত-গৌরপদার্থমাত্র ধবল ইতি। অয়ং ধবলঃ অন্ধকার-বল-নিবর্ত্তকশ্চ চন্দ্রো দৃশ্যতাম্। (৩০) আলোক্যতাং দর্শনীয়তাং ভজতি প্রাপ্নুবতি বস্তুনি দৃষ্টিঃ কিং বিধুরা ব্যাকুলা ক্রিয়তে? ॥ ১৭ ॥

অহে প্রাণসমা সখীগণ! আমার বিদীর্ণপ্রায় বক্ষের হিত হইবে ভাবিয়া তোমরা কপটতার সহিত পুনঃ পুনঃ যে কথা বলিতেছ, তাহা কি মিথ্যা। যেহেতু তোমাদের বাক্যের বিষয়ীভূতব্যক্তি অত্যন্ত পীড়া প্রাপ্ত আমার নয়ন গোচর হইতেছেন না ॥ ১৬ ॥

তাহারা বলিলেন সখি! আমরা মিথ্যাবাদিনী নই। সংসারের সুখকর ঘোর অন্ধকারের প্রভাব নাশক ঐ ধবল চন্দ্র দর্শন কর। দৃশ্যমান বস্তুতে দৃষ্টি কি ব্যাহত হইয়া থাকে ॥ ১৭ ॥

অনন্তর সখীগণের বাক্যে "গৌর এখানে নাই," জানিয়া লক্ষ্মী অত্যন্ত দুঃখিতা ও মূর্চ্ছা প্রাপ্ত হইয়া প্রচণ্ড বাত্যাহত রম্ভার ন্যায় ভূমিতে পতিত হইলেন ॥ ১৮ ॥

সা ভূমৌ পতিতা পৃষ্ঠ-বিরাজদ্বেণিরাবভৌ।
আক্রান্তেব স্মরক্ষিপ্ত-প্রচণ্ডভুজগেষুণা ॥১৯॥

তাশ্চ তথাভূতামালোক্যাতিকাতরতা-বিরতাবিষ্টাভি-(৩১) রালিভিস্তৎ পরিচর্য্যারেভে। তত্র কয়াচিৎ সুমত্যা বসুমত্যা (৩২) বলাদুত্থাপ্য নিজাঙ্কে সা নিহিতা হিতাচার-পরাভিরপরাভিস্তু সিষেবে ॥ ২০ ॥

যথা—কাচিন্মমার্জ্জ বহুশো জল-শীতলেন
ম্লানং মুখং নিজকরেণ বরেণ (৩৩) তস্যাঃ।
কাশ্চিন্মহোৎপলদলৈঃ সমবীজয়ংস্তাং
কাশ্চিচ্চ চন্দনরসৈঃ সুঘনৈরলিম্পন্ ॥ ২১ ॥ (৩৪)।

---

(৩১) অতিকাতরতায়ামবিরতমাবিষ্টাভিঃ, (৩২ বসুমত্যাঃ ইত্যপাদানে পঞ্চমী ॥ ২০ ॥
(৩৩) শ্রেষ্ঠেন সুকোমলেনেতি যাবৎ, (৩৪) অতিনিবিড়ৈঃ পঙ্কীকৃতৈরিত্যর্থঃ ॥ ২১ ॥

তিনি ভূমিতে পতিতা হইলে তাঁহার পৃষ্ঠদেশে বেণী বিরাজ করিতে লাগিল, তাহাতে তিনি কাম নিক্ষিপ্ত প্রচণ্ড সর্পবাণের দ্বারা আক্রান্তার ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥ ১৯ ॥

তাঁহাকে ঐ প্রকার অবস্থাপন্না দেখিয়া সখীগণ অত্যন্ত কাতরতাযুক্ত হইয়া তাঁহার পরিচর্য্যা আরম্ভ করিলেন। তাহাদের মধ্যে কোনও এক সুমতি সখী বলপূর্ব্বক তাঁহাকে ভূতল হইতে উঠাইয়া নিজ অঙ্কে ধারণ করিলেন এবং হিতাচার পরায়ণা অন্যান্য সখীবৃন্দ তাঁহার সেবা করিতে লাগিলেন ॥ ২০ ॥

যথা—কোনও এক সখী শীতল জলযুক্ত নিজের সুকোমল করের দ্বারা বারম্বার তাহার মলিন মুখ মার্জ্জন করিতে লাগিলেন, কেহ কেহ শ্রেষ্ঠ উৎপলদল সমূহের দ্বারা তাহাকে ব্যজন করিতে লাগিলেন এবং কেহ কেহ অতিশয় ঘন চন্দন রসের দ্বারা তাঁহার সর্ব্বাঙ্গ লেপন করিতে লাগিলেন ॥ ২১ ॥

স্বভাব-শীতোঽপি সনীরকোঽপি
সখীকর-স্তাপনিবর্ত্তনেঽস্যাঃ।
শশাক নৈতদ্বপুষোঽতিতাপাৎ
সন্তাপ-লব্ধ্যা সমতা-প্রসঙ্গাৎ ॥২২॥

পদ্মিন্যা ব্যজনীকৃতং নবদলং লক্ষ্ম্যাঙ্গতাপোদ্‌গমান্
ম্লানিং প্রাপদিতীরয়ন্তি সরলাঃ কেচিজ্জনা ভূতলে।
মনোঽহন্তু তদাস্য-হস্ত-চরণদ্বন্দ্বানি (৩৫) মত্বা-ম্বুজা-
নোষাৎ ম্লানিমবেক্ষ্য তামলভত স্নেহঃ স্বকে (৩৬) হীদৃশঃ ॥ ২৩॥

মলয়জরসস্তস্যা দেহে প্রিয়ালিভিরর্পিতঃ
সপদি কলয়ন্ শুষ্কীভাবং পপাত ততঃক্ষণাৎ।
ন খলু বিরসে স্থানে কুত্রাপি যত্নমলস্তমাং
ক্বচন নিহিতঃ পঙ্কঃ স্থৈর্য্যং কদাপি হি বিন্দতি ॥ ২৪॥

(৩৫) তস্যাঃ আস্যং মুখং হস্তৌ চরণদ্বয়ঞ্চ অম্বুজানি মত্বা, (৩৬) স্বকে আত্মীয়ে ॥ ২৩॥

সখীর কর স্বভাবতঃ শীতল ও জলযুক্ত হইলেও তাঁহার শরীরের অত্যন্ত তাপ হেতু সম্যক তাপ প্রাপ্তি বশতঃ তুল্যতা লাভ করায় তাহার তাপ দূর করিতে সমর্থ হইল না ॥ ২২ ॥

জগতে কোনও কোনও সরল ব্যক্তি বলেন যে পদ্মের যে নবীন দলকে ব্যজন করা হইয়াছিল, তাহা লক্ষ্মীর অঙ্গতাপে মলিনতা লাভ করিয়াছিল! কিন্তু, আমার মনে হয়, তাঁহার বদন, হস্ত ও চরণ যুগলকে কমল মনে করিয়া এবং তাহাদের মালিন্য দেখিয়া ঐ নব কমলদল নিজেও মলিনতা প্রাপ্ত হইয়াছিল। যেহেতু সকলেরই আপন আত্মীয়জনে এইপ্রকার স্নেহ বর্ত্তমান ॥ ২৩॥

কাচিদ্ বিসান্যর্পয়তিস্ম তস্যা
বক্ষঃস্থলে তাপ-নিবর্ত্তকানি।
মন্যে ভুজঙ্গাভরণোগ্রমূর্ত্তিং
প্রত্যায্য তাং ভায়য়িতুং মনোজম্ (৩৭) ॥ ২৫ ॥

অর্পিতানি বত তত্র তান্যলং (৩৮)
তৎক্ষণান্মলিনতামুপাযযুঃ।
বাহুবল্লিযুগ-মাধুরীক্ষণা-
ল্লজ্জয়া ধ্রুবমুদীয়মানয়া ॥ ২৬ ॥

তস্যাঃ কয়াচিদ্ধৃদি দত্তমুৎপলং
ম্লানিং তদা প্রাপদতীব তৎক্ষণাৎ।
বিলোক্য তদ্বক্ত্রসুধাংশুমণ্ডলং
ম্লানং ক্ষপাপায়-বিশঙ্কয়া ধ্রুবম্ ॥ ২৭ ॥

(৩৭) তাং লক্ষ্মীং ভুজঙ্গাভরণা যা উগ্রস্য শিবস্য মূর্ত্তিস্তাং প্রত্যায্য বোধয়িত্বা কামং ভয়ং প্রাপয়িতুম্ ॥ ২৫ ॥

(৩৮) তত্র-বক্ষসি তানি বিসানি ॥ ২৬ ॥

প্রিয় সখীগণ তাঁহার দেহে যে চন্দনরস অর্পণ করিয়াছিলেন তাহা অবিলম্বে শুষ্কভাব প্রাপ্ত হইয়া ক্ষণকাল মধ্যে তাহা হইতে পতিত হইল। যেহেতু. শুষ্ক-স্থানে অত্যন্ত যত্ন করিয়াও যদি কেহ কখনও পঙ্ক স্থাপন করে, তবে তাহা কখনও স্থিরতা প্রাপ্ত হয় না ॥ ২৪ ॥

মনে হয় তাঁহাকে সর্পভূষণ-ভূষিত শিবের মূর্ত্তি জ্ঞান করাইয়া মদনকে ভয় দেখাইবার নিমিত্ত কোনও সখী তাঁহার বক্ষঃস্থলে তাপ নিবারক পদ্মের মৃণাল সকল অর্পণ করিয়াছিল ॥ ২৫ ॥

যেন বাহুলতাযুগলের মাধুরী দর্শনে উদীয়মান লজ্জা বশতঃ তাহার বক্ষঃস্থলে প্রদত্ত সেই মৃণাল সমূহ তৎক্ষণাৎ অত্যন্ত মলিন হইয়া গিয়াছিল ॥ ২৬ ॥

তদেবং নানা পরিচর্য্যা বিধায়াপি তস্যা বোধোদয়মনবলোক্যাতিকাতরাঃ সখ্যো ভূতোপদ্রবং নিশ্চিত্য রক্ষাবন্ধনায় শ্বেত-সর্ষপানয়নার্থং গৌরমানয় গৌর-মানয়েত্যুচ্চৈরূচিরে ॥ ২৮ ॥

নামাভাসদিবাকরো ভগবতস্তস্যা বিমানে শ্রুতী-(৩৯)
বারুহ্য প্রবিবেশ মানস-নভোমধ্যং স যাবত্তদা।
তাবন্মোহতমিস্রমাপ নিবৃতিং প্রাদুর্ব্বভূবোজ্জ্বলো
বোধালোকভরো দৃগম্বুজমপি ব্যাকোষভাবং(৪০) যযৌ ॥ ২৯ ॥

---

(৩৯) শ্রুতৌ কর্ণে এব বিমানে ব্যোমযানে।

(৪০) প্রফুল্লতাং, ॥ ২৯॥

তখন কোনও এক সখী তাঁহার হৃদয়ে একটী উৎপল প্রদান করিল। কিন্তু তাহা যেন তাঁহার বদনরূপ চন্দ্রমণ্ডলকে ম্লান দেখিয়া নিশাবশান ভয়ে তৎক্ষণাৎ অত্যন্ত মলিন হইয়া গেল ॥ ২৭ ॥

এইরূপে নানা প্রকার পরিচর্য্যা করিয়াও যখন সখীগণ তাঁহার জ্ঞানোদয় দেখিলেন না, তখন তাঁহারা অত্যন্ত কাতর হইয়া ভূতের উপদ্রব নিশ্চয় করতঃ রক্ষাবন্ধনের জন্য শ্বেতসর্ষপ আনয়নের নিমিত্ত উচ্চৈঃস্বরে গৌর (শ্বেতসর্ষপ) আন, গৌর (শ্বেতসর্ষপ) আন, এই কথা বলিয়াছিলেন ॥ ২৮ ॥

ভগবানের নামাভাস্ সূর্য্য তাঁহার কর্ণরূপ বিমানে (ব্যোমযানে) আরোহণ করিয়া যখন চিত্তরূপ আকাশ মধ্যে প্রবেশ করিলেন, তৎক্ষণাৎ তাঁহার মোহরূপ অন্ধকারের নিবৃত্তি হইল, উজ্জ্বল জ্ঞানরূপ আলোকের অত্যন্ত প্রকাশ হইল এবং নয়নকমল বিকাশভাব প্রাপ্ত হইল ॥ ২৯ ॥

তাঞ্চালোক্যোদিতবেদনাং দিতবেদনাং প্রতীত্য (৪১) তা ঊচুঃ—"ভোঃ ভোঃ সখ্যঃ! কুরুত মা ভাবনামাভা-বনানল-জ্বালারূপাং, জীবতি সহচরীহ চরীকৃতপরিচর্য্যাং (৪১) পশ্যত পশ্যতোন্মীলতীয়মীক্ষণে, ক্ষণেঽস্মিন্ননুদ্যমতা মতা ন স্যাৎ ॥৩০।

ইতি কথয়ন্ত্যঃ প্রথয়ন্ত্যঃ প্রণয়ং পরিচর্য্যা-চর্য্যাপরাস্তাঃ (৪২) সজলনয়ন-কমলয়া কমলয়া (৪৩) তয়োচিরে ॥ ৩১ ॥

আলয়ো মদসু-রক্ষণায় (৪৪) কিং, যত্নমাচরথ গাঢ়-কাতরাঃ।
অস্তি দুর্ভগ-জনস্য মাদৃশো, জীবনেন বত কিং প্রয়োজনম্ ॥ ৩২ ॥
কলয়তালিগণা মম দুর্ব্বিধিং, যযুরমী বত যস্য বলান্ময়ি।

---

(৪১) উদিতবোধামালোক্য দিতা খণ্ডিতা বেদনা যস্যাস্তাদৃশীং বুদ্ধা॥ ৩০
(৪২) পরিচর্য্যায়াশ্চর্য্যা আচরণং তৎপরাঃ, (৪৩) লক্ষ্মা ॥ ৩১ ॥
(৪৪) মৎপ্রাণ-রক্ষণায় ॥ ৩২ ॥

তাহাকে সংজ্ঞালাভ করিতে দেখিয়া এবং তাহার মনোবেদনা দূর হইয়াছে শুনিয়া সখীবৃন্দ বলিতে লাগিলেন—ওহে ওহে সখীগণ! (অঙ্গ কান্তিরূপ বন দহনে অগ্নি-শিখারূপ অর্থাৎ কান্তির মলিনতাজনক ভাবনা করিও না)। তোমাদের ভাবনা কান্তিরূপ বনকে দগ্ধ করিতে অগ্নিশিখা-স্বরূপ হইয়াছে অর্থাৎ তোমাদের কান্তি মলিন করিতেছে। অতএব আর ভাবনা করিও না। আমাদের সহচরী জীবিত আছে। তোমার ইহার সুন্দররূপে পরিচর্য্যা কর। দেখ, দেখ! সখী নেত্রদ্বয় উন্মীলন করিতেছে। এইক্ষণে উদ্যমহীন হওয়া উচিত নহে ॥ ৩০ ॥

এই কথা বলিয়া তাহারা অতিশয় প্রীতি প্রকাশপূর্ব্বক সেবা কর্ম্ম-তৎপরা হইলে লক্ষ্মী তখন তাহাদিগকে সজলনয়নকমলে বলিতে লাগিলেন ॥ ৩১ ॥

সখীগণ! তোমরা একান্ত কাতর হইয়া আমার প্রাণরক্ষার জন্য যত্ন করিতেছ কেন? আমার ন্যায় ভাগ্যহীনা জনের জীবনের প্রয়োজন কি? ॥ ৩২ ॥

সহজ-শীতলভাব-সমাশ্রয়া, অপি বিধু-প্রমুখা বিপরীততাম্ ॥ ৩৩ ॥

অহহ! বাড়ব-পাবক-সঙ্গতঃ, প্রখর-দাহকরোঽস্তু বরং শশী।
মলয়জ-দ্রুম-সঙ্গমশীতলো, দহতি দেহময়ং পবনঃ কথম্ ॥ ৩৪ ॥

স্মৃতময়ে মলয়ে গরলাশ্রয়ঃ
ফণিচয়ঃ প্রখরঃ খলু খেলতি।
তদনুসঙ্গমতো বত দক্ষিণো
মরুদয়ং সমভূদতিতাপকঃ ॥ ৩৫ ॥

কিং বাব্ধি-পান সময়ে গিলিতেন্দুবিম্বঃ
কুম্ভোদ্ভবো মুনিরসৌ মলয়েঽধুনাস্তে।
তস্যাগ্নিপূর্ণঘটবৎ সমবাপ্য সঙ্গং
বায়ুর্বিয়োগি-জন-তাপকতাং নু ধত্তে ॥ ৩৬ ॥

হায়! যাহার বলে এই চন্দ্র প্রভৃতি স্বাভাবিক শীতল ভাবাপন্ন বস্তু সমূহও আমার বিষয়ে বিপরীত ভাব প্রাপ্ত হইয়াছে, সখীগণ! তোমরা আমার সেই দুরদৃষ্ট দর্শন কর ॥ ৩৩ ॥

অহহ! সমুদ্র মধ্যস্থ বাড়বানলে সঙ্গবশতঃ চন্দ্র বরং তীব্র দাহকারী হউক, কিন্তু চন্দনবৃক্ষের সম্পর্কে শীতল পবন কেন আমার অঙ্গ দগ্ধ করিতেছে? ॥ ৩৪ ॥

অয়ে! আমার স্মরণ হইয়াছে, মলয় পর্ব্বতে প্রচণ্ড বিষধর সর্পসমূহ খেলা করে। নিরন্তর তাহাদের সঙ্গ হেতু এই দক্ষিণ পবনও অতিশয় তাপদায়ক হইয়াছে ॥ ৩৫ ॥

কিম্বা কুম্ভযোনি অগস্ত্যমুনি সমুদ্রপান সময়ে চন্দ্র মণ্ডলকে গ্রাস করিয়াছিলেন। এক্ষণে তিনি মলয় পর্ব্বতে আছেন তাহার সঙ্গ লাভ করিয়া অগ্নিপূর্ণ ঘটের ন্যায় বায়ু বিরহিজনের তাপদায়ক ভাবটী ধারণ করিতেছে ॥ ৩৬ ॥

নিষ্কৃপেণ বনিতাসু কেন বা
হা বিয়োগ-তপনো বিনির্ম্মমে।
যেন তপ্তমবলাজনং শশী-
দন্দহীতি বত শীতলোঽপি সন্ (৪৫) ॥ ৩৭ ॥

কেচিদ্ বিয়োগং দহনং বদন্তি
প্রাজ্ঞো বিচারং সহতে ন তচ্চ।
যতঃ শমং যাতি স পুষ্করেণ (৪৬)
প্রবৃদ্ধতামেষ তু পুষ্করেণ (৪৭) ॥ ৩৮ ॥

ব্রুবন্তি তং কেচন কালকূটং
তদপ্যযুক্তং ন তু যুক্তিযুক্তম্।
যতো ভবস্তদ্ বুভুজেঽমুনা তু
প্রাপ্তো মহোন্মাদমবাপ সোঽপি (৪৮) ॥ ৩৯ ॥

---

(৪৫) প্রসিদ্ধ-তপনতপ্তস্ত শশী শীতলয়তীতি ব্যতিরেকো ঽলঙ্কারে ধ্বন্যতে ॥ ৩৭ ॥
(৪৬) জলেন, (৪৭) পদ্মেনেতি প্রকৃতম্ ॥ ৩৮ ॥

হায়! শশী শীতল হইলেও (এবং সূর্য্যকিরণ তাপিত ব্যক্তিকে শীতল করিলেও) বিরহ তপন অবলাজনকে সে নিরতিশয় দগ্ধ করিতেছে নারীগণের প্রতি নির্দ্দয় হইয়া কে সেই বিরহ তপনকে নির্ম্মাণ করিল? ॥ ৩৭ ॥

কোন কোনও প্রাজ্ঞ ব্যক্তি বিরহকে দহন অর্থাৎ অগ্নি বলিয়া থাকেন। কিন্তু তাহা বিচারসহ নহে। যেহেতু অগ্নি পুষ্কর অর্থাৎ জলের দ্বারা শান্তি লাভ করে, কিন্তু এই বিরহাগ্নি পুষ্কর অর্থাৎ কমলের দ্বারা অত্যন্ত বৃদ্ধি পায় ॥ ৩৮ ॥

কেহ কেহ তাহাকে কালকূট অর্থাৎ বিষ বলিয়া থাকেন, তাহাও অযুক্ত কিন্তু যুক্তিযুক্ত নহে। কারণ মহাদেব সেই কালকূট ভক্ষণ করিয়াছিলেন, কিন্তু এই বিরহবিষে আক্রান্ত হইয়া তিনিও অতিশয় উন্মাদ প্রাপ্ত হইয়াছিলেন ॥ ৩৯ ॥

অহস্তু তস্মাদ্ বিদধামি নিশ্চয়ং
নাস্যোপমানং ভুবনেষু বিদ্যতে।
নারীগণ-প্রাণমনঃ কদর্থনে
স্বস্যোপমানত্বমুপৈত্যয়ং স্বয়ম্ ॥ ৪০ ॥

এবং বিলপন্তীং তাং কাপি নালীক-লপনা (৪৯) নালীক-লপনামৃতেন (৫০) সান্ত্বয়ামাস। অয়ি সজ্জননে! (৫১) সজ্জননেদিষ্ট-ভবনে! (৫২) ভব নেদৃশ্যুৎকমনাঃ। কমনাস্ত্রপ্রহারং (৫৩) সহস্ব, ধৈর্য্য-কঞ্চুকামুক্তা মুক্তামৃতশী-করং করং ক্ষপাকরস্য পাকরস্যমপি (৫৪) কিমিতি নিন্দসি? বিক্ষিপ্ত-মনস্কা মলয়াশুগং, (৫৫) কামলয়াশুগং, (৫৬) কিমিতি মন্যসে? ॥ ৪১ ॥

---

(৪৮) সতী-বিরহেণ উন্মত্তঃ শিবঃ সর্ব্বত্র বভ্রামেতি কালীপুরাণম্ ॥ ৩৯ ॥
(৪৯) পদ্মমুখী, (৫০) ন অলীকেন প্রিয়েণ বাগমৃতেন, (৫১) সদ্বংশে! (৫২) সজ্জনানাং নেদিষ্টং ভবনং যস্যা হে তাদৃশে! (৫৩) কমনস্য কামস্য অস্ত্রপ্রহারং, (৫৪) পাকে পরিণামে রসণীয়ং তৎ, সেবনে তাপ-নিবৃত্তেঃ, (৫৫) মলয়বায়ুং, (৫৬) কামস্য লয়াশুগং সংহার-বাণং ॥ ৪১ ॥

সেইহেতু আমি নিশ্চয় করিয়া বলিতেছি—সমস্ত ভুবনের মধ্যে এই বিরহের উপমান (উপমা দিবার) বস্তু নাই। নারীগণের প্রাণমনঃ পীড়ন বিষয়ে এই বিরহের উপমানত্ব বিরহ নিজেই প্রাপ্ত হয় ॥ ৪০ ॥

তিনি এইরূপে বিলাপ করিতে লাগিলে কোনও এক কমলমুখী সখী তাহাকে প্রিয়বচনামৃতের দ্বারা সান্ত্বনা দিতে লাগিলেন—অয়ি সখি তুমি সৎকুলে জন্মগ্রহণ করিয়াছ; এই ভবনটী সজ্জনদিগের অতি নিকটবর্ত্তী। এখানে এইপ্রকার উৎকন্ঠিতমনা হইও না। কামদেবের অস্ত্রাঘাত সহ্য কর। ধৈর্য্য-কবচ-রচিত (অর্থাৎ অধৈর্য্য) হইয়া পরিণামে সুখকর মুক্তা, জলকণা এবং চন্দ্রের কিরণকে নিন্দা করিতেছ কেন? বিক্ষিপ্তচিত্তা হইয়া মলয় পবনকে কামের মৃত্যুবাণ বলিয়া মনে করিতেছ কেন? ॥ ৪১ ॥

নৈতাদৃশো দৃশো (৫৭) ভ্রমঃ শোভামাবহতি, ভামাবহতি-পূর্ব্বকং (৫৮) শৃণু মে বাচং, জনকাধীনা ন কাধীনাপ্নোতি কন্যকা ? তথাপি নাধিকাং চিন্তাং বিধেহি, বিধেহিতস্য তস্য হি বিধে (৫৯)-র্গম্যা ন ভবতি। তথাহি—

গৌরীং মহেশেন রতিং স্মরেণ
সংযোজ্য সঞ্চিত্য যশোঽতিরম্যম্।
গৌরাদ্ বিনা ত্বামিতরেণ পুংসা
যুঞ্জন্ কথং তং স ভৃশং বিলুম্পেৎ (৬০) ? ॥ ৪২ ॥

এবং ব্রুবাণং সখীং সা লক্ষ্মীর্জগাদ—'সখি! যুক্তং ন ব্যাহরসে, হর-সেবিকানামপি দুঃসহোঽয়ং কন্দর্পঃ কন্দর্পবন্তমপি বীরং নাভি ভবতি ? পরিক্ষাম-বলানামবলানাস্তু কা বার্ত্তা-পশ্য পশ্য—॥ ৪৩ ॥

(৫৭) বুদ্ধেঃ, (৫৮) ভীমঃ ক্রোধস্তস্য অবহতির্নাশঃ নিবর্ত্তনমিতি যাবৎ, তৎপূর্ব্বকম্। (৫৯) তস্য বিধেঃ ঈহিতস্য চেষ্টায়া বিধা প্রকারঃ ইত্যন্বয়ঃ, (৬০) স বিধিঃ তৎ যশঃ কথং বিলুম্পেৎ ? ॥ ৪২ ॥

এতাদৃশ দৃষ্টিভ্রম শোভাজনক নহে। ক্রোধ পরিত্যাগ পূর্ব্বক্ আমার বাক্য শ্রবণ কর। পিতার অধীনা কোন্ কন্যা মনঃপীড়া প্রাপ্ত না হইয়া থাকে ? তথাপি অধিক চিন্তা করিও না। যেহেতু বিধাতার কার্য্যের রীতি কাহারও বোধ-গম্য হয় না। কারণ—মহেশ্বরের সহিত পার্ব্বতীর, মদনের সহিত রতির সংযোগ বিধান করতঃ অতিরমণীয় যশঃ সঞ্চয় করিবার পর গৌর ব্যতীত অন্য পুরুষের সহিত তোমার মিলন করাইয়া বিধাতা নিজের সেই নির্ম্মল যশঃ লোপ করিবেন কেন ? ॥ ৪২ ॥

সখী এইরূপ বলিতে লাগিলে লক্ষ্মী তাহাকে কহিলেন হে সখি! তুমি উপযুক্ত কথা বলিতেছ না। শঙ্করের সেবিকাগণেরও দুঃসহ সেই কন্দর্প কোন্ গর্ব্বিত বীরকে পরাজিত না করিয়া থাকে ? দুর্ব্বলা অবলাগণের কথা কি ? দেখ দেখ—॥ ৪৩ ॥

ভের্য্যো যস্য ভবন্তি কোকিলগণা ভৃঙ্গা ঘনাস্যালয়ং (৬১)
সেনানীঃ সুরভিঃ (৬২) প্রসূন-নিকরা বাণাসনা (৬৩) জিহ্মগাঃ।
জেতব্যা রিপবো বিয়োগি-মনুজাঃ সোঽয়ং স্মরঃ শম্ভুনা
দগ্ধাঙ্গোঽপি নিরন্তরং মম পুরো দেদীপ্যতে সাঙ্গবৎ ॥ ৪৪ ॥

ইতীরয়ন্তি পুরতোঽবলোক্য
প্রতীয়মানং মদনং বিমুগ্ধা।
তমেব সংবোধ্য জগাদ-লক্ষ্মী-
র্ব্যনক্ত্যসদ্বস্ত্বপি যৎ প্রমোহঃ ॥ ৪৫ ॥

স্মর! ভবন্তমম্নে ত্রিপুরান্তকঃ
সমদহৎ স পুরেতি বুধা জগুঃ।
তদিহ হন্ত কথং সশরীরতাং
পুনরবাপ ভবানিতি ভণ্যতাম্ ॥ ৪৬॥

---

(৬১) কাংস্যতালাদিকং ঘনম্, (৬২) বসন্তঃ, (৬৩) ধনুর্ব্বাণাঃ ॥ ৪৪ ॥

সখি! কোকিলগণ যাহার ভেরী, ভ্রমরগণ যাহার কাংস্যকরতলাদি বাদ্যযন্ত্র, এই বসন্ত যাহার সেনাপতি, কুসুম সমূহ যাহার কুটিল ধনুর্ব্বাণ, বিরহি জনগণ যাহার জেতব্য (জয়ের বিষয়ীভূত) শত্রু, সেই কন্দর্প শিব কর্ত্তৃক দগ্ধাঙ্গ হইলেও সর্ব্বদা আমার সম্মুখে অঙ্গযুক্ত ব্যক্তির ন্যায় (অতিশয় প্রকাশ পাইতেছে) দেদীপ্যমান রহিয়াছে ॥ ৪৪ ॥

এই কথা বলিতে বলিতে বিমুগ্ধা লক্ষ্মী সম্মুখে প্রতীয়মান মদন দেখিয়া তাঁহাকেই সম্বোধন করিয়া বলিতে লাগিলেন। যেহেতু অত্যন্ত মোহ অসৎ বস্তুকেও ব্যক্ত করিয়া থাকে ॥ ৪৫ ॥

হে মদন! বুধগণ বলিয়াছেন—পূর্ব্বে মহাদেব তোমাকে দগ্ধ করিয়াছিলেন। কিন্তু হায়! তুমি কিরূপে এখানে সশরীরতা প্রাপ্ত হইলে? (শরীর ধারণ করিয়া প্রকাশ পাইলে) ॥ ৪৬ ॥

আং স্মৃতং মদন! বাসুদেবতো
যজ্জনুঃ পুনরবাপ্তবান্ ভবান্।
তেন তে বপুরভূদিদং পুন-
র্নো মৃষা ভবতি দেবতা-বরঃ ॥ ৪৭ ॥

হরোঽপি যচ্ছঙ্করতামবাপ-
স্তত্রাস্তি হেতুস্তব নাশনৈব।
কৃষ্ণোঽপি যৎ প্রাপ জনার্দ্দনত্বং (৬৪)
তত্রাপি তে কিং জননানিমিত্তম্ ॥ ৪৮ ॥

দুষ্ট-সংহরণ-কর্ম্মণে হরিঃ
শৌরিতোঽভবদিতীর্য্যতে বুধৈঃ।
তর্হি দুষ্ট! ন জঘান রে কথং
ত্বাং সমস্তজন-দুঃখদায়কম্ ॥ ৪৯ ॥

---

(৬৪) জনার্দ্দনত্বং তব জননয়া জনান্ অর্দ্দয়তীতি জনার্দ্দনঃ, নতু জননামাসুর-বধেন জনার্দ্দনত্বং ॥ ৪৮ ॥

হাঁ স্মরণ হইয়াছে—মদন! তুমি যে পুনরায় বাসুদেব হইতে জন্মলাভ করিয়াছিলে, সেইজন্য তোমার এই শরীর হইয়াছে। কেন না, দেবতার বর মিথ্যা হয় না ॥ ৪৭ ॥

মহাদেবও যে শঙ্কর (মঙ্গলকর) নামটী প্রাপ্ত হইয়াছিলেন তোমার বিনাশ সাধনই তাহার একমাত্র হেতু। এবং কৃষ্ণ যে জনার্দ্দন নামটী প্রাপ্ত হইয়াছেন তোমার জন্ম দানই কি তাহার কারণ? ॥ ৪৮ ॥

পণ্ডিতগণ বলিয়া থাকেন দুষ্টগণের বিনাশ কার্য্যের জন্য হরি বসুদেব হইতে আবির্ভূত হইয়াছিলেন। রে দুষ্ট! সমস্ত জনের দুঃখ-দায়ক তোমাকে তিনি বধ করেন নাই কেন? ॥ ৪৯ ॥

কিঞ্চ সর্ব্বসুখকারি-শীলকাৎ
সর্ব্বদুঃখহরণাজ্জনার্দ্দনাৎ।
সর্ব্বপীড়নকরঃ সুদারুণস্ত্বং
কথং জনুরবাপিথাররে ॥ ৫০ ॥

অথবা কারণ-বস্তুনা সমং
সকলকার্য্যমিতি প্রথা মৃষা।
সকল-প্রাণতয়াতিবিশ্রুতাৎ
পবনাদপ্যভবদ্ধুতাশনঃ ॥ ৫১ ॥

অথবা শাম্বরদৈত্যমন্দিরে
যদবাৎসীর্ব্বহুবৎসরান্ ভবান্।
তত এব সুদারুণোঽভবৎ
সহবাসো হি দদাতি তদ্গুণম্ (৬৫) ॥ ৫২ ॥

---

(৬৫) তদ্গুণমিত্যত্র তৎ শব্দেন যেন সহবাসঃ স এবোপস্থাপ্যতে, তাৎপর্য্যাৎ ॥ ৫২ ॥

অধিকন্তু, অরে মদন! যাহার চরিত্র সকলের সুখদায়ক এবং যিনি সর্ব্ব দুঃখহরণকারী সেই জনার্দ্দন হইতে সকলের পীড়নকারী ও অতি ভয়ঙ্কর তুমি কি প্রকারে জন্মলাভ করিলে? ॥ ৫০ ॥

অথবা সকল কার্য্যই যে কারণ বস্তুর তুল্য একথা মিথ্যা। যে হেতু, সকলের প্রাণ বলিয়া অতিপ্রসিদ্ধ পবন হইতেও অগ্নি জন্মিয়াছে ॥ ৫১ ॥

অথবা শম্বর দৈত্যের মন্দিরে তুমি যে বহু বৎসর বাস করিয়াছিলে, সেই জন্যই তুমি অত্যন্ত দারুণ হইয়াছ। কেন না সহবাস তাহার গুণটী প্রদান করে অর্থাৎ একসঙ্গে বাস করিলে যাহার সহিত বাস করা যায় তাহার গুণ আপনাতে সঞ্চারিত হইয়া থাকে ॥ ৫২ ॥

জেতাপি সর্ব্বামর-সঞ্চয়স্য
যচ্ছম্বরস্ত্বাং ন শশাক জেতুম্।
ন তে বলং তত্র নিমিত্তমাসীৎ
প্রদ্যুম্নশক্তিঃ পরমত্র হেতুঃ ॥ ৫৩ ॥

অতোঽস্মি মন্যে যদজন্যত ত্বয়া
প্রদ্যুম্নমূর্ত্তৌ সমবাপ্য লীনতাম্।
তচ্ছম্বরস্যৈব পরাভবার্থকং
জেতুঃ পুরা স্বং বলিনঃ স্বতোঽপি চ ॥ ৫৪ ॥

জ্ঞাতং ময়া স্মর! পরাসু-বিনাশনার্থং (৬৬)
ত্বাদৃঙ্ ন কোঽপি ভুবনে গ্রহিলো (৬৭) ঽস্তি লোকঃ।
যস্মাদ্বপুঃ স্বমপহায় পরস্য মূর্ত্তৌ
নির্ব্বিশ্য শম্বরমবাপিতবাংস্তমস্তম্ ॥ ৫৫ ॥

(৬৬) পরপ্রাণ-বিনাশায়, (৬৭) আগ্রহী ॥ ৫৫ ॥

শম্বর সমস্ত দেবতাগণকে জয় করিলেও তোমাকে যে, সে জয় করিতে পারে নাই তাহাতে তোমার বল কারণ নহে। তদ্বিষয়ে প্রদ্যুম্নের শক্তি একমাত্র কারণ ॥৫৩॥

অতএব আমার মনে হয় তুমি যে প্রদ্যুম্নের মূর্ত্তিতে নীল হইয়া জন্মগ্রহণ করিয়াছিলে, তাহা তোমা অপেক্ষাও বলবান্ এবং র্ব্ব পরাজয়কারী শম্বরেরই পরাভবের নিমিত্ত ॥ ৫৪ ॥

হে স্মর! আমি জানিয়াছি এই জগতে কোনও ব্যক্তি তোমার ন্যায় পরের প্রাণ বিনাশের জন্য আগ্রহান্বিত নয়। যে হেতু তুমি নিজের শরীর পরিত্যাগ পূর্ব্বক্ অন্যের মূর্ত্তিতে প্রবেশ করিয়া শম্বরের বিনাশ সাধন করিয়াছিলে ॥ ৫৫ ॥

মুনয়োঽন্নদমা (৬৮) চচক্ষিরে
পিতরং সর্ব্বপুরাণ-কোবিদাঃ।
কথয়াসি তু শম্বরান্ধসা (৬৯)
পরিপুষ্টোঽপি জঘন্থ তং কথম্ ॥ ৫৬॥

অথবা বহুশোঽস্যতঃ শরা-
ন্নিজ-সাক্ষাজ্জনকং মনঃ প্রতি।
তব নান্নদ-শম্বরার্দ্দনং
বত চিত্রায় ভবেন্মনোভব ॥ ৫৭॥

ইত্থং বিলাপং বিদধতী নিদধতী নিজসখীষু বেদনাং তদৈব সমুদয়মানং দয়মানং (৭০) তপ্তজনেষু নিশাকরং বিলোক্য অপি (৭১) সুধাময়মসুধামযমমিব (৭২) মত্বাতিবিধুরা বিধুরাজন্মুখী সা তমেবোদ্দিশ্য জগাদ—॥ ৫৮ ॥

(৬৮) তথাচ অন্নদাতা ভয়ত্রাতেত্যাদি। (৬৯) শম্বরান্নেন ॥ ৫৬ ॥

(৭০) দয়াং কুর্ব্বন্তং, (৭১) অপি ভিন্নপ্রক্রমে, (৭২) সুধাময়মপি অসূনাং প্রাণানাং ধাম্নঃ শরীরস্য চ যমমিব সংহারকম্ ॥ ৫৮ ॥

সমস্ত পুরাণবেত্তা মুনিগণ অন্নদাতা কে পিতা বলিয়াছেন। কিন্তু বল দেখি—তুমি শম্বরের অন্নে পরিপুষ্ট হইয়াও কিরূপে তাহাকে বধ করিলে? ॥৫৬॥

অথবা হে মনোভব! তোমার সাক্ষাৎজনক মনের প্রতি তুমি যে অসংখ্য শর নিক্ষেপ করিয়া থাক, তাহাতে তোমার অন্নদাতা শম্বরের বিনাশ সাধন তোমার পক্ষে আশ্চর্য্যের বিষয় নহে ॥ ৫৭ ॥

এইরূপে বিলাপ করতঃ চারুচন্দ্রমুখী লক্ষ্মী নিজ সখীগণকে বেদনা প্রদান করিতে লাগিলে—সেই সময়ে তাপিত-জনের প্রতি সদয় নিশাকরকে উদিত হইতে দেখিয়া এবং চন্দ্র সুধাময় হইলেও তাহাকে প্রাণের ও শরীরের সংহারক যম স্বরূপ মনে করিয়া অত্যন্ত কাতর হইয়া তাহাকে উদ্দেশ করতঃ বলিতে লাগিলেন ॥ ৫৮ ॥

অররে রজনীশ! দুর্ম্মতে, কিমিদানীমুদিতোঽসি দারুণঃ।
অবলাবধ-পাতকাদ্ভয়ং, কিমু তে চেতসি নৈব বিদ্যতে? ॥ ৫৯ ॥

অথবা ভবিতা কুতো ভয়ং, তব নারী-বধ-পাতকাদপি?
গুরুদারহৃতৌ হি যঃ কৃতী, পুরতস্তস্য বধূ-বধঃ কিয়ান্ ॥ ৬০ ॥

বদ পাপতমোঽপি রে বিধো, দ্বিজরাজত্বমুপাগমঃ কুতঃ?
অনুমামি তবায়মাহ্বয়ো (৭৩) গরলস্যামৃতনামবন্মুধা (৭৪) ॥৬১॥

অথবা গগনে সদা ভ্রমস্যসি পক্ষৌ চ বিভর্ষি রে শিতৌ (৭৫)।
তত এব খগপ্রধানতা, দ্বিজরাজ-প্রথিতিং (৭৬) তবাতনোৎ ॥৬২॥

---

(৭৩) আহ্বয়ো নাম, (৭৪) ব্যর্থঃ ॥ ৬১ ॥
(৭৫ শিতৌ ধবলমেচকৌ (শুক্ল কৃষ্ণৌ) পক্ষৌ বিভর্ষি। অন্যোঽপি পক্ষী শুক্লৌ কৃষ্ণৌ বা পক্ষৌ বিভর্ত্তি। (৭৬) দ্বিজরাজ ইতি খ্যাতিম্ ॥ ৬২ ॥

অরে দুর্ম্মতি নিশাকর! তুই কেন এখন ভয়ঙ্কররূপে উদিত হইলি? তোর মনে কি অবলাবধজনিত পাপের ভয় নাই? ॥ ৫৯ ॥

অথবা নারীবধের পাপ হইতে তোর ভয় থাকিবে কেন? যেহেতু যে গুরুপত্নী হরণে পটু, তাহার সম্মুখে নারী বধ অতি তুচ্ছ ॥ ৬০ ॥

হে বিধু! বল দেখি তুই পাপীষ্ঠ হইয়াও কিরূপে দ্বিজরাজ হইলি? আমার অনুমান হয়,—গরলের অমৃত নামের ন্যায় তোর এই নামটী বৃথা ॥ ৬১ ॥

অথবা তুই সর্ব্বদা গগনে ভ্রমণ করিস্ এবং তুই শুক্ল ও কৃষ্ণবর্ণ দুই পক্ষ ধারণ করিস্। সেই জন্যই খগপ্রধান বলিয়া তোর দ্বিজরাজ নামটী খ্যাত হইয়াছে ॥ ৬২ ॥

কিম্বা স্মর-দ্বীপিবরস্য দন্তঃ, শ্রেষ্ঠো-বিয়োগি-ব্রজচর্ব্বণায়।
শুভ্রঃ (৭৭) কঠোরস্তত এব লোকৈঃ, প্রগীয়সে ত্বং দ্বিজরাজ -নাম্না ॥৬৩॥

জন্ম তে খলু পয়ঃ পয়োনিধৌ শম্ভুমূর্দ্ধ্নি, বসতিশ্চ সর্ব্বদা।
তদ্বিয়োগি-বনিতাজনার্দ্দনং কুত্র শিক্ষিতময়ে বিধো ত্বয়া ॥৬৪॥

আং স্মৃতং শিব-জটানিবাসিনা দ্বন্দ্বশূক-নিকরেণ সঙ্গমাৎ।
এষ তে সমভবদ্ গুণো ধ্রুবং, দুষ্টসঙ্গতিরমূদৃশী (৭৮) যতঃ ॥ ৬৫ ॥

বদ মুহুস্তমসা (৭৯) গিলিতোঽপ্যরে
নহি মৃতিং লভসেঽসি কথং বিধো।
অনুমিমেঽস্মি পিচিণ্ড-বিয়োগতো (৮০)
জঠরবহ্নিরমুষ্য ন বিদ্যতে ॥ ৬৬ ॥

---

(৭৭) অন্যোঽপি ব্যাঘ্রদন্তঃ শুক্লঃ কঠিনশ্চ ভবতি ॥ ৬৩ ॥
(৭৮) অমূদৃশী অর্থাৎ স্বগুণং গ্রাহয়তি ॥ ৬৫ ॥
(৭৯) তমসা রাহুনা, (৮০) উদরাভাবাৎ ॥ ৬৬ ॥

কিম্বা বিরহিগণকে চর্ব্বণ করিবার নিমিত্ত তুই কামরূপ মহাব্যাঘ্রের শুভ্র কঠোর ও শ্রেষ্ঠদন্ত। তজ্জন্য লোকে তোকে দ্বিজরাজ নামে অভিহিত করিয়া থাকে ॥ ৬৩ ॥

তোর জন্ম ক্ষীরসমুদ্রে, সর্ব্বদা বসতি শিবের মস্তকে। অতএব হে বিধু! তুই কোথায় বিরহিণীবনিতাজনকে পীড়া প্রদান করিতে শিক্ষা করিলি? ॥ ৬৪ ॥

হাঁ স্মরণ হইয়াছে—শিবের জটানিবাসী সর্পসমূহের সঙ্গ বশতঃ তোর এই গুণটী উৎপন্ন হইয়াছে। কারণ দুষ্টসঙ্গ ঐ প্রকারই হইয়া থাকে অর্থাৎ দুষ্টের গুণ সঙ্গীজনকে গ্রহণ করাইয়া থাকে ॥ ৬৫ ॥

রে বিধো! বল্—রাহু কর্ত্তৃক পুনঃ পুনঃ গিলিত হইয়াও তোর কেন মৃত্যু হয় না? আমি অনুমান করি—উদরের অভাবে রাহুর জঠরাগ্নি নাই। সেই কারণেই তোর মৃত্যু ঘটে না ॥ ৬৬ ॥

অথবাতিকঠোরবর্ত্তুলাকৃতিরুচ্ছৎ সুধয়াঽসি পিচ্ছিলঃ। (৮১)
তদদস্তব চর্ব্বণে ক্ষমং ন ভবত্ত্রোদ্গিরতি স্ফুটং তমঃ ॥৬৭॥

অমৃতমূর্ত্তিরিতি প্রবদন্তি য—
ন্ননু ভবন্তমমী সকলা জনাঃ।
বিষময়াঙ্গতয়া তদহং ব্রুবে
দহসি মাং কিরণৈঃ কথমন্যথা ॥৬৮॥

অতএব তমোগ্রহো (৮২) গিলন্নসকৃত্ত্বাং বমতি ধ্রুবং ক্ষণাৎ।
প্রথিতো ভুবনেষু সর্ব্বতো বমিকারিত্বগুণো যতো বিষে ॥৬৯॥

ত্বং মিশ্ররাজতনয়োঽপি যুবাং সুবৃত্তৌ (৮৩)
গৌরচ্ছবী (৮৪) দ্বিজবরৌ ক্ষণদায়িরূপৌ (৮৫)।

(৮১) অন্যদপি কঠিনং বর্ত্তুলং পিচ্ছিলঞ্চ বস্তু চর্ব্বয়িতুং ন শক্যতে ॥ ৬৭ ॥
(৮২) রাহুগ্রহঃ ॥ ৬৯ ॥

অথবা তুই অত্যন্ত কঠিন, গোলাকার এবং সুধাসিক্ত বলিয়া পিচ্ছিল। সেইজন্য রাহু তোকে চর্ব্বণ করিতে অক্ষম হইয়া সত্যসত্যই উদিগরণ করিয়া ফেলে ॥৬৭॥

সকল লোকে তোকে যে অমৃতমূর্ত্তি বলে, তাহাতে আমি বলি—তোর বিষময় (অমৃতে বিষ অর্থ লইয়া) অঙ্গ বলিয়া ঐ নামটী হইয়াছে। অন্যথা (যদি তাহা না হইবে তবে) তুই কেন আমাকে কিরণের দ্বারা দগ্ধ করিতেছিস্? ॥৬৮॥

এই নিমিত্তই রাহুগ্রহ তোকে পুনঃ পুনঃ গিলিয়া আবার ক্ষণকাল পরে বমন করিয়া ফেলে। যেহেতু বিষের বমন করান গুণ জগতে সর্ব্বত্র বিখ্যাত ॥৬৯॥

ভেদঃ পরন্তু যুবয়োরয়মেব দৃষ্ট—
স্ত্বং তাপদোঽসি মৃগলাঞ্ছন! সন্নদৃষ্টঃ ॥৭০॥

এবং বিলপন্তী বিরহোন্মাদেন স্ফোরিতং শ্রীশচীতনয়ং পুরতোঽবলোক্য সরোদনমুবাচ—॥৭১॥

অয়ে নবদ্বীপ-বিধো! ভবন্তং
বদন্তি লোকাঃ সকলাঃ কৃপালুম্।
ততঃ কথং ময্যতিকাতরায়াং
কৃপাকটাক্ষং ন করোষি কিঞ্চিৎ ॥৭২॥

(৮৩) বর্ত্তুলশ্চ সচ্চরিত্রশ্চ, (৮৪) শুক্লঃ পীতশ্চ, (৮৫) উৎসবপ্রদরূপং যদ্বা যদ্বা ক্ষণদাং রাত্রিমাশ্রিত্য উদয়শীলং যস্য তাদৃশং রূপং যস্য; পক্ষে উৎসবপ্রদং রূপং যস্য ॥ ৭০ ॥

তুই এবং মিশ্ররাজনন্দন বিশ্বম্ভর উভয়েই সুবৃত্ত (সম্যক্ গোলাকার, পক্ষে সচ্চরিত্র) গৌরচ্ছবি (শুভ্রকান্তি, পক্ষে পীতকান্তি) দ্বিজবর (চন্দ্র, পক্ষে ব্রাহ্মণ-শ্রেষ্ঠ) ক্ষণদায়িরূপ (নিশাভাগে উদয়শীলমূর্ত্তি, পক্ষে সকলের আনন্দদায়ক রূপ-বিশিষ্ট)। কিন্তু হে শশাঙ্ক! তোমাদের উভয়ের মধ্যে কেবল এই মাত্র ভেদ যে, তোকে দেখিলে তুই তাপ প্রদান করিস্ পরন্তু তাঁহাকে না দেখিলে তিনি তাপ দিয়া থাকেন। ॥ ৭০ ॥

এইরূপে বিলাপ করিতে করিতে বিরহোন্মাদবশতঃ সম্মুখে স্ফূর্ত্তি প্রাপ্ত শচীতনয়কে অবলোকন করিয়া রোদন করিতে করিতে বলিতে লাগিলেন ॥৭১॥

হে নবদ্বীপচন্দ্র! সকল লোকে তোমাকে কৃপালু বলিয়া থাকে। অতএব অত্যন্ত কাতরা আমার প্রতি তুমি কেন কিঞ্চিৎ কৃপা কটাক্ষ করিতেছ না? ॥৭২॥

ত্বয়া জিতঃ পঞ্চশরোঽতিদুষ্ট—
ত্ত্বদীয়দাসীং পরিবাধতে মাম্।
ততঃ কৃপালেশলবং বিধায়
স্বকিঙ্করীং মামিহ রক্ষ রক্ষ ॥৭৩॥

যদি প্রিয়ে কামশরার্দ্দিতা সতী
ন তত্র খেদো মম কোঽপি বিদ্যতে।
দাসী ভবিষ্যামি তবেতি লালসা
যন্নঙ্ক্ষ্যতীতো প্রথিতাস্মি নির্ভরম্ ॥৭৪॥

সমস্ত-সাদ্‌গুণ্যনিধির্ভবান্ ক্ববা
ক্ববাঽস্ম্যহং সদ্‌গুণগন্ধ-বর্জ্জিতা।
তথাপি চেতো মম রজ্যতি ত্বয়ি
ত্রপাবিমুক্তং করবাণি কিং বদ ॥৭৫॥

তুমি অতিদুষ্ট পঞ্চশর কন্দর্পকে জয় করিয়াছ। কিন্তু আমি তোমার দাসী। আমাকে সে অত্যন্ত পীড়া দিতেছে। অতএব বিন্দুমাত্র কৃপালেশ বিধান করিয়া তোমার নিজ কিঙ্করী আমাকে রক্ষা কর, রক্ষা কর ॥ ৭৩ ॥

যদি আমি কামশরে পীড়িতা হইয়া মরি, তাহাতে আমার কোনও খেদ নাই। আমি তোমার দাসী হইব এই লালসা যে নষ্ট হইবে, সেই জন্য আমি অত্যন্ত ব্যথিতা হইতেছি ॥ ৭৪ ॥

সমস্ত সদ্‌গুণ নিধি তুমি কোথায় আর সদ্‌গুণগন্ধবর্জ্জিতা আমিই বা কোথায়? তথাপি আমার চিত্ত নির্লজ্জ হইয়া তোমাতে অনুরক্ত হইতেছে কি করি, বল? ॥ ৭৫ ॥

যচ্চেতসোঽপ্যত্র ন কোঽপি দোষো ।
যতস্তদা কর্ষতি তে গুণালী ।
সমুদ্গতে পূর্ণকলে সুধাংশৌ
ন রজ্যতী তিষ্ঠতি কা চকোরী ॥৭৬॥

অঙ্গীকৃতা স্যাং যদি ন ত্বয়াহং
তদা ন জীবেয়মহো কথঞ্চিৎ ।
উপেক্ষিতা নীরধরেণ দৈবাৎ
কিং চাতকী জীবতি হন্ত কাপি ॥৭৭॥

তদেবমুন্মাদাদবলা-মতল্লিকাং (৮৬) প্রলপন্তীমালপন্তীমামিতি স্ম তৎপ্রিয়-সখ্যঃ—অয়ি ধীরস্বভাবাঽস্বভাবায়া (৮৭) স্মাকং কিমেবমুন্মাদময়সি ? মা দময়সি নিজস্বান্তং (৮৮) স্বান্তঞ্চ (৮৯) কাময়সে, দশাস্বানাববোদ্ধুং পার্য্যতে ? দার্য্যতে দাত্রেণেব ময়া নো হৃদয়ম্ ? ॥৭৮॥

(৮৬) বধূশ্রেষ্ঠাং, (৮৭) প্রাণনাশায় (৮৮) নিজমনঃ, (৮৯) স্বস্য নাশমিচ্ছসি ॥ ৭৮ ॥

এ বিষয়ে আমার মনেরও কোনও দোষ নাই, যেহেতু তোমার গুণরাজিই তাহাকে আকর্ষণ করিতেছে। পরিপূর্ণ কলাবিশিষ্ট সুধাংশু উদিত হইলে কোন্ চকোরী তাহার প্রতি আসক্ত না হইয়া থাকিতে পারে ? ॥ ৭৬ ॥

অয়ে ! যদি তুমি আমাকে অঙ্গীকার না কর, তাহা হইলে আমি কোনও প্রকারে প্রাণে বাঁচিব না। হায় ! দৈবাৎ জলধর কর্ত্তৃক উপেক্ষিতা হইলে কোনও চাতকী বাঁচিতে পারে কি ? ॥ ৭৭ ॥

এই প্রকারে উন্মাদবশতঃ বধূশিরোমণি শ্রীলক্ষ্মী বিলাপ করিতে লাগিলে তাঁহার প্রিয়সখীগণ তাঁহাকে এই কথা বলিতে লাগিলেন—হে সখী ! তুমি স্বভাবতঃ ধীরপ্রকৃতি ; কিন্তু আমাদের প্রাণনাশের জন্য কেন এরূপ উন্মাদ প্রাপ্ত হইতেছ ? নিজ মনকে দমন করিতেছ না কেন ? এবং কেনই বা নিজের মৃত্যু কামনা করিতেছ ? নিজ অবস্থা বুঝিতে পারিতেছ না ; দাত্রের ন্যায় তদ্দ্বারা আমাদের হৃদয় বিদীর্ণ করিতেছ ॥ ৭৮ ॥

ততঃ ক্ষণং স্থিরীকৃতমনা বরমনাবরণার্থং (ক) নো বচঃ শৃণু। ধারয় ধৃতিমভ্রামতিমত্তা মহতি দুঃখসাগরে মা মজ্জয়াস্মান্ ॥৭৯॥

এতাং সখীনাং সা গিরমাশ্রুত্য রমা শ্রুত্যন্তঃকরণকারিকাকারিকাং (৯০) সরস্বতীমুন্মাদরহিতা দরহিতাশংসিনী (৯১) স্তাঃ প্রত্যুবাচ—॥৮০॥

সখ্যো মনঃ স্থিরমকারি ময়োপদেশা-
দ্যুস্মাকমাচরত ভদ্রমিদং পরং মে।
শ্রীজাহ্নবী-ঘনরসে স যদাবগাঢ়া
তর্হ্যৈব মে তনুমমুত্র (৯২) বিনিঃক্ষিপেত ॥৮১॥

এতচ্ছোকরচনং লক্ষ্মীবচনং শ্রুত্বা সখীনিকরে ক্রন্দন-তৎপরে কাচিৎ সখ্যপরাবহির্বাটীতোঽন্তরা-সদনং (৯৩) সমাগত্য প্রমোদং বিতত্য জগাদ ॥৮২॥

(ক) অনাবৃতোঽর্থো যস্য ॥ ৭৯ ॥
(৯০) শ্রবণমনসোর্যাতনাকারিকাং। (৯১) অল্পহিতশংসিনী, ॥ ৮০ ॥
(৯২) গঙ্গাজলে, তেন স্পৃশ্যমানস্য জলস্যাপি স্পর্শেনাহং পূর্ণমনোরথা ভবিষ্যামীতি ভাবঃ ॥ ৮১ ॥

সুতরাং ক্ষণকাল স্থিরচিত্তে আমাদের স্পষ্টার্থ বাক্য শ্রবণ কর। ধৈর্য্য-শীলতা ধারণ কর। অতিশয় মত্তা হইয়া আমাদিগকে মহাদুঃখ সাগরে নিমগ্ন করিও না ॥ ৭৯ ॥

সখীগণের এই কথা শ্রবণ করতঃ লক্ষ্মী উন্মাদ রহিতা হইয়া প্রত্যুত্তরে পরমহিতাকাঙ্ক্ষা সেই সহচরীদিগকে শ্রবণমনের যন্ত্রণাদায়ক এইরূপ-বাক্য বলিতে লাগিলেন ॥ ৮০ ॥

হে সখীবৃন্দ! তোমাদের উপদেশে আমি মনঃ স্থির করিলাম। কিন্তু তোমরা আমার এই উপকারটী করিও। তিনি যখন শ্রীজাহ্নবীজলে অবগাহন করিবেন তখনই তোমরা আমার শরীরটী তাহাতে নিক্ষেপ করিও ॥ ৮১ ॥

লক্ষ্মীর এই শোককর বচন শ্রবণ করিয়া সখীগণ ক্রন্দন করিতে লাগিলেন তখন অপর কোনও এক সখী বহির্বাটী হইতে অন্তঃপুরে আসিয়া সকলের আনন্দ বর্দ্ধন পূর্ব্বক বলিতে লাগিলেন ॥ ৮২ ॥

অয়ি প্রিয়সখি! চিন্তাং মা রচয়, মারচয়-সুন্দরং (৯৪) তং গৌরং কর্ত্তুং জামাতরমাতরলিতমনা বনমালিনমালিনন্দি-চরিতং (৯৫) বরকণ্যা-সংঘটনাতি-চতুরং চতুরঙ্গনীতি-নিপুণ (৯৬) মাচার্য্যমাকার্য্য তব সম্বন্ধ-নির্দ্ধারণার্থমধুনৈব মধুনৈব (৯৭) বচনেন জনকো ন্যযুযুজৎ। স চোররীকৃত্য কৃত্যমিদং গয়েত্যগমদগমদজয়িধৈর্য্যে (৯৮)! ততো নোদ্বেগবেগস্যাস্পদীভব ॥ ৮৩ ॥

এতৎ সখী-গিরমৃতং পরিপীয় লক্ষ্মী—
রানন্দসিন্ধুতরলেষু (৯৯) ভৃশং মমজ্জ।
তাং তাদৃশীং সমবলোক্য তদীয়সখ্যো-
ঽপ্যুজ্জৃৎপ্রমোদ-হৃদয়াঃ সুতরাং বভূবুঃ ॥৮৪॥

ইতীত্যাদি শ্রীগৌরলীলামৃতে শ্রীলক্ষ্মীপূর্ব্বরাগো নাম চতুর্দ্দশ আস্বাদঃ ॥

---

(৯৩) ভবনস্য মধ্যম্ ॥ ৮২ ॥
(৯৪) কন্দর্প-সমূহাদপি সুন্দরং, (৯৫) আলীনাং বিশদাশয়ানাং নন্দি সুখজনকং চরিতং যস্য, (৯৬) চত্বারি অঙ্গানি সামদানভেদদণ্ডাঃ। (৯৭) মধুনৈব মকরন্দ-তুল্যেন, (৯৮) পর্ব্বত-মদজয়ি-ধৈর্য্যে ।৮৩॥
(৯৯) তরলেষু তরঙ্গেষু। ৮৪ ॥

অয়ি প্রিয়সখি! চিন্তা করিও না। কন্দর্পগণমনোহর গৌরকে জামাতা করিবার জন্য তোমার পিতা ব্যাকুল মনে নির্ম্মলচেতা ব্যক্তিগণের আনন্দপ্রদ-চরিত্রসম্পন্ন, বরকন্যার মিলন বিষয়ে অতিচতুর, সামদানাদি চারিপ্রকার নীতি-নিপুণ বনমালী-আচার্য্যকে এখনই ডাকাইয়া তোমার সম্বন্ধ স্থির করিবার জন্য মধুর ন্যায় সুমধুর বাক্যে তাহাকে নিযুক্ত করিয়াছেন। "আমি একার্য্য করিব" এই বলিয়া তিনিও তাহা স্বীকার পূর্ব্বক গমন করিয়াছেন। অতএব সখি গিরিগর্ব্ববিজয়ি-ধৈর্য্য-সম্পন্না হও। প্রবল উদ্বেগ ভাজন হইও না ॥ ৮৩ ॥

সেই সখীর এই বাক্যামৃত পান করিয়া লক্ষ্মী আনন্দসিন্ধুতরঙ্গে অতিশয় নিমগ্ন হইলেন। তাঁহাকে ঐ প্রকার আনন্দমগ্ন দেখিয়া তাঁহার সখীগণও পরম আহ্লাদিতা হইলেন ॥ ৮৪ ॥

ইতীতাদি শ্রীশ্রীগৌরলীলামৃতে
শ্রীলক্ষ্মীর পূর্ব্বরাগ নামক চতুর্দ্দশ আস্বাদ ॥

পঞ্চদশ আস্বাদঃ।

অথ পরস্মিন্ দিবসে দিবসেশে সমুদিতে মুদিতেন মনসা নমন-সাহস্র-তোষিত-বনমালিনা বনমালিনাচার্য্যেণ তেন গৌরমাতুঃ সদেশঃ (১) সদেশ-পরিচর্য্যা—তৎপরায়াঃ (২) প্রপেদে ; প্রপদ্য চ তয়া সম্মানিতেন সতা তেন সতা (৩) সা জগদে চ ॥ ১ ॥

অয়ি বিশ্বম্ভরমাতা রমাতাত-জয়ি-গভীরতে ! (৪) হ্বরতে- হ্বকর্ম্মতো (৫) ধর্ম্মতো বরে ! নিধায় শ্রবণ- মানসে মান-সেবিতং মে বচঃ ক্ষণমাকর্ণয়, মা কর্ণ-যথার্থসুখদায়িন্যত্র (৬) বিপরীতবুদ্ধিং বৃথাঃ ॥ ২ ॥

---

(১) নিকটদেশঃ, (২) পরমেশ্বর-সেবা-তৎপরায়াঃ, (৩) তেন সতা পণ্ডিতেন ॥ ১ ॥

(৪) রমাতাতঃ সমুদ্রস্তজ্জয়িনী গভীরতা যস্যাঃ হে তাদৃশি ! (৫) নিন্দিতকর্ম্মতোহবরতে নিবৃত্তে , (৬) কর্ণয়োর্যথার্থসুখদায়িনি অত্র বচসি ॥ ২ ॥

অনন্তর পরদিনে দিবাকর উদিত হইলে বনমালী-আচার্য্য আনন্দিত মনে সহস্র সহস্র প্রণামের দ্বারা শ্রীকৃষ্ণকে সন্তুষ্ট করিয়া নিরন্তর ভগবৎ-সেবা পরায়া গৌরজননী শ্রীশচীদেবীর নিকট গমন করিলেন। আচার্য্য তাঁহার নিকট উপস্থিত হইলে তৎকর্ত্তৃক সম্মানিত হইয়া বলিতে লাগিলেন ॥ ১ ॥

হে বিশ্বম্ভর-মাতঃ ! আপনার গাম্ভীর্য্য সমুদ্রজয়ী, আপনি নিন্দ্যকর্ম্ম-রহিতা ও ধর্ম্মে সকলের শ্রেষ্ঠা। শ্রবণ ও মনো নিবেশ পূর্ব্বক আপনি ক্ষণকাল আমার এই মানযুক্ত (পরিমিত) বাক্যটি শ্রবণ করুন। ইহা কর্ণের যথার্থ সুখদায়ক। অতএব আপনি ইহাতে বিপরীত বুদ্ধি করিবেন না ॥ ২ ॥

অস্তি খলু পরম-প্রমোদকরেঽত্রৈব নগরে শ্রীবল্লভাচার্য্য-নামধরো নিরবদ্য-গুণগ্রামাকরো বিশুদ্ধবংশজাতো ধরণীতল-বিখ্যাতো দ্বিজবরঃ। তস্য চৈকা কন্যা বিবিধগুণধন্যা লক্ষ্মী-সমানধামা ধৃতলক্ষ্মীনামা বর্ত্ততে ॥ ৩॥

যস্যাঃ খলু—

জিগ্যে হেমতনুত্বিষা কচগণৈঃ সচ্চামরাণাং কুলং
বক্ত্রেণাম্বুজমীক্ষণেন কুমুদং শ্রীনাসয়া পাটলম্।
ওষ্ঠাভ্যাং পরিপক্ক-বিম্বফলং দোর্ভ্যাং বিসং (৭) পাণিনা
রক্তাব্জং বত মধ্যমেন ডমরোর্মধ্যং পদা নারজম্ ॥ ৪॥

যা চ মৃগশ্রেণীব সত্যাবর্জ্জিতা, চন্দ্রকলেব শুচিতালঙ্কৃতা, কানন-রাজিরিব বিলসৎকরুণা (৮), পঞ্চভূতীবাতিদৃঢ়ক্ষমা (৯) যজ্ঞ বিততিরিব পরমদক্ষিণা (১০), ভগবৎকূর্ম্মমূর্ত্তিরিবচলধৃতিঃ (১১) বৈকুণ্ঠপুরীব বিলসদ্বিনয়া (১২), নিকুঞ্জ-বীথীব নন্দদ-তরলতাবলিতা (১৩), ভগবদ্ভক্তিরিবামানতা- মধুরা (১৪), কুরু-

(৭) মৃণালং। ৪।

এই পরমসুখকর নগরেই অনিন্দ্যগুণগণাস্পদ, বিশুদ্ধবংশজাত, ভুবন-বিখ্যাত শ্রীবল্লভাচার্য্য নামক একজন দ্বিজবর আছেন। তাঁহার লক্ষ্মী নাম্নী একটী কন্যা আছে। তিনি বিবিধ সদ্‌গুণ সম্পন্না ও লক্ষ্মীর তুল্য কান্তিশালিনী ॥ ৩॥

যাহার অঙ্গকান্তি দ্বারাই স্বর্ণ, কেশকলাপের দ্বারাই সুন্দর চামর সমূহ, বদনের দ্বারাই কমল, নয়নের দ্বারাই কুমুদ, সুচারু নাসিকা দ্বারাই পাটল পুষ্প ওষ্ঠযুগলের দ্বারাই পরিপক্ক বিম্বফল, বাহু যুগলের দ্বারাই মৃণাল, হস্তের দ্বারাই রক্তপদ্ম, কটিদেশের দ্বারাই ডমরুর মধ্যভাগ এবং চরণের দ্বারাই কমল পরাজিত হইয়াছে ॥ ৪॥

ক্ষেত্রভূরিব মনোহর-সরস্বতী-প্রবাহা, (১৫) কিং বহুনা ভগবন্মায়েব সকলগুণ-বসতি—(১৬)রিতি সর্ব্বাসাং যোষিতামুপরি বরীবর্ত্তি ॥ ৫ ॥

---

(৮) করুণো-বৃক্ষভেদঃ করুণা চ, (৯) পঞ্চানাং ভূতানাং সমাহারঃ পঞ্চভূতী, ক্ষমা পৃথ্বী ক্ষান্তিশ্চ, (১০) পরমা দক্ষিণা যস্যাং পক্ষে পরমসরলা, (১১) অচলস্য পর্ব্বতস্য ধৃতির্যয়াঃ, পক্ষে অচলা ধৃতির্ধৈর্য্যং যস্যাঃ। (১২) বিনয়া লক্ষ্ম্যাঃ পক্ষে বিনীততা, (১৩) নন্দদতরা সুখদতরা যা লতাস্তাভির্যুতা পক্ষে নন্দন্তী সমৃদ্ধ্যন্তী যা অতরলতা অচাঞ্চল্যং তয়া যুতা, (১৪) অমানতা পরিমাণরাহিত্যং অভিমানাভাবশ্চ, (১৫) সরস্বতী নদীভেদো বাক্ চ। (১৬) গুণাঃ সত্ত্বাদয়ঃ, পক্ষে দয়াদাক্ষিণ্যাদয়শ্চ ॥ ৫ ॥

যিনি যুগসমূহের ন্যায় সত্যাবর্জ্জিতা (সত্যসম্পন্না ও নম্রা পক্ষে সত্যযুগযুক্তা) চন্দ্রকলার ন্যায় শুচিতালঙ্কৃতা (পবিত্রতা-যুক্তা বা শুদ্ধতালঙ্কৃতা, পক্ষে শুক্লতা-ভূষিতা) বনরাজির ন্যায় বিলসৎকরুণা (করুণাশালিনী, পক্ষে করুণনামক বৃক্ষ-যুক্তা) পঞ্চভূতের ন্যায় অতিদৃঢ়ক্ষমা (অতিদৃঢ়ক্ষমাগুণশালিনী, পক্ষে অতিকঠিন ক্ষিতিযুক্তা) যজ্ঞসমূহের ন্যায় পরমদক্ষিণা (অতিসরলা পক্ষে উত্তমদক্ষিণাযুক্তা) কূর্ম্ম-মূর্ত্তির ন্যায় অচলধৃতি (অটলধৈর্য্যশালিনী পক্ষে মন্দরপর্ব্বতধারিণী) বৈকুণ্ঠ-পুরীর ন্যায় বিলসদ্বিনয়া (বিনয়ভূষিতা পক্ষে লক্ষ্মীশোভিতা) নিকুঞ্জশ্রেণীর নন্দদতরলতাবলিতা (পরমৈশ্বর্য্যশালিনী) পক্ষে অতিসুখদলতাযুক্তা ভগবানের তনুর ন্যায় অমানতা মধুরা (অভিমানশূন্যতা হেতু মধুরা পক্ষে পরিমাণশূন্যতা বশতঃ মধুরা), কুরুক্ষেত্রভূমির ন্যায় মনোহর-সরস্বতী-প্রবাহা (রম্যবচন-প্রবাহশালিনী পক্ষে রমণীয়-সরস্বতী-নদী-প্রবাহশালিনী) অধিক কি বলিব, ভগবানের মায়ার ন্যায় সকলগুণবসতি (দয়াদাক্ষিণ্যাদি সকলগুণাস্পদ পক্ষে সত্ত্বাদিসকলগুণাশ্রয়) বলিয়া সমস্ত রমণীগণের উপরে নিরন্তর বর্ত্তমান আছেন ॥ ৫ ॥

ভবত্যাকাঙ্ক্ষা তথৈব ভবিষ্যতীতি নিবেদ্য নিজগৃহায় ব্রজন্ পথি শচীনন্দনেনানন্দনেনাস্য জগতো গতোৎসাহোঽসাবলুলোকে পপৃচ্ছে চ ॥ ১২ ॥

আচার্য্য-পুঙ্গব ! সঙ্গবসময়ে-(২৮) ঽস্মিন্নধ্যাপনাং বিহায় সহায়-সহভাবমন্তরেণ কুত্র গতোঽসি ? কথং বাণনং বাননলিনমিব (২৯) তে মলিনমভূদিতি ॥১৩ ॥

সতূবাচ-- "অয়ে নবদ্বীপবিধো ! মনোরথং
বিধায় কঞ্চিত্তব মাতুরন্তিকম্।
গতোঽস্মি তস্মিংশ্চ নিবেদিতে ময়া
চকার সা হন্ত ! দরাপি নাদরম্ ॥ ১৪ ॥

(২৭) কর্ণিবাণেন তন্নামক-বেধনাস্ত্রবিশেষেণ ইত্যর্থঃ ॥ ১২ ॥

(২৮) "প্রাতঃকালান্ মুহূর্ত্তাংস্ত্রীন্ সঙ্গবস্তাবদেব তু ". (২৯) বাণেতি শুষ্ক ইত্যর্থঃ, বা শোষণে ধাতুঃ ॥ ১৩ ॥

যাহাতে তাহার অজ্ঞতা দূর হইবে সেই প্রকার) বিদ্যা অধ্যয়ন করুক, ভবিষ্যৎকাল উপস্থিত হইলে তখন আপনাদের সানন্দোদ্যোগে তাহার বিবাহ-মঙ্গল সম্পন্ন হইবে ॥ ১১ ॥

শচীদেবীর এইকথা শ্রবণ করিয়া বনমালী বিপ্র যেন কর্ণিনামক বাণের দ্বারা বিদ্ধ হইলেন এবং অসহ্য-প্রাণরোগের দ্বারা আক্রান্ত হইবার ন্যায় দীর্ঘ-নিশ্বাস ফেলিয়া বলিলেন "আপনার যেরূপ আকাঙ্ক্ষা সেইরূপই হইবে" —তাঁহাকে এইকথা জানাইয়া নিজগৃহাভিমুখে গমন করিলেন। পথিমধ্যে জগতের আনন্দপ্রদ শচীনন্দন তাঁহাকে নিরুৎসাহ-ভাবে যাইতে দেখিয়া জিজ্ঞাসা করিলেন ॥ ১২ ॥

আচার্য্যবর ! এই পূর্ব্বাহ্নসময়ে অধ্যাপনা ত্যাগ করিয়া সঙ্গীর সঙ্গ-ব্যতীত অর্থাৎ একাকী কোথায় গিয়াছিলেন ? শুষ্কপদ্মের ন্যায় আপনার বদনটী বা কেন মলিন হইয়াছে ॥ ১৩ ॥

ততশ্চ বরকুল-কন্যাকুলয়োঃ সংমততয়া ততয়া মুদা শুভবিবাহস্য নির্ণীতে দিবসে সমুপস্থিতে গৌরমাতা রমাতাতশ্চ (৩৯) যথাযোগ্যমায়োজনং কর্ত্তুমারেভে ॥২৫॥

যাবন্তো বন্ধুলোকাঃ ক্ষিতি-বলয়তলে সংবভূবুস্তয়োস্তৌ
তান্ সর্ব্বানেব গেহং প্রণয়বশতয়াঽনিন্যতুঃ সংনিমন্ত্র্য।
সাধীয়াংসো (৪০) জনা যৎ সুহৃদবলোকনোৎকণ্ঠিতাঃ (৪১) সর্ব্বদৈব
স্নেহায়ত্তা ভবন্তীহ কিমুত সময়েঽপত্য-পাণিগ্রহীয়ে (৪২)॥২৬॥

ততশ্চ—

স্থানং স্থানং প্রতি সমভবন্মঙ্গলোল্লাসি গীতং
গীতং গীতং প্রতি বহুবিধং বিস্ময়াধায়ি বাদ্যম্।
বাদ্যং বাদ্যং প্রতি নবনবব্যঞ্জকোল্লাসি (৪৩) নৃত্যং
নৃত্যং নৃত্যং প্রতি কলকলঃ সাধুবাদ-স্বরূপঃ ॥২৭॥

---

(৩৯) গৌরমাতা শচী, রমাতাতো লক্ষ্মীপিতা বল্লভাচার্য্যঃ ॥২৫॥
(৪০) সাধুতমাঃ, (৪১) সুহৃদ্দর্শনোৎকন্ঠিতাঃ, (৪২) অপত্যবিবাহসম্বন্ধিনি ॥২৬॥
(৪৩) ব্যঞ্জকাভিনয়ৌ সমৌ ॥২৭॥

অনন্তর বরকুল ও কন্যাকুল উভয়ের সম্মতিক্রমে বিপুল আনন্দে শুভ বিবাহের দিন ধার্য্য হইল এবং নির্দ্দিষ্ট দিবস উপস্থিত গৌরের মাতা এবং লক্ষ্মীর পিতা উভয়েই যথাযোগ্য আয়োজন করিতে আরম্ভ করিলেন ॥২৫॥

ভূমণ্ডলে তাঁহাদের যত বন্ধুলোক ছিলেন তাঁহারা প্রীতি বশতঃ তাঁহাদের সকলকেই নিমন্ত্রণ করিয়া গৃহে আনয়ন করিলেন। যেহেতু সজ্জনগণ স্নেহের বশীভূত হইয়া সর্ব্বদাই সুহৃদগণকে দেখিবার জন্য উৎকন্ঠিত থাকেন। সুতরাং সন্তানের এই পাণিগ্রহণ সময়ে তাঁহারা যে উৎকন্ঠিত হইবেন সে বিষয়ে কথা কি আছে ? ॥২৬॥

তারপর স্থানে স্থানে মঙ্গলসূচক গান হইতে লাগিল, প্রতি গীতের সঙ্গে নানাপ্রকার বিস্ময়জনক বাদ্য হইতে লাগিল, প্রতি বাদ্যের সঙ্গে সঙ্গে নূতন নূতন

গেহে গেহে প্রচুরমুদভূদুৎসবো মানবানাং
দ্বারে দ্বারে কিসলয়মুখাঃ স্থাপিতাঃ পূর্ণকুম্ভাঃ।
মার্গে মার্গে মলয়জরসাঃ পুষ্পসংঘাশ্চ কীর্ণাঃ (৪৪)
প্রান্তে প্রান্তে সফলকুসুমা রোপিতা রাগরম্ভাঃ॥২৮॥

গৌরস্য দৃষ্ট্যৈ পুরবাসিনো জনাঃ
সদা সমাজগ্মুরমুষ্য মন্দিরম্।
শুভে বিবাহে তু সমীপমাগতে
সদাগমুস্তন্নহি চিত্রতাবহম্॥২৯॥

কলাপি (৪৫) তত্রাস ন কাপ্যসৌ তদা
বধূগণো যত্র শচীগৃহং জহৌ।
বধূগণোঽপ্যেষ ন যো ন বেশভৃঙ্
ন সোঽপি বেশো মুনি-মোহনো ন যঃ॥৩০॥

(৪৪) মার্গাণাং প্রান্তে প্রান্তে কীর্ণাঃ ক্ষিপ্তাঃ॥২৮॥
(৪৫) কলা অত্যল্পকালঃ॥৩০॥

অভিনয় ব্যঞ্জক নৃত্য হইতে লাগিল, প্রতি নৃত্যের সঙ্গে সঙ্গে সাধুবাদ স্বরূপ কোলাহল হইতে লাগিল॥২৭॥

গৃহে গৃহে মানবগণের প্রচুর উৎসব হইতে লাগিল, দ্বারে দ্বারে মুখে নবপল্লব-যুক্ত পূর্ণকুম্ভ স্থাপিত হইল, পথে পথে চন্দনরস ও পুষ্প সমূহ বিকীর্ণ হইল, এবং প্রান্তে প্রান্তে ফলফুল সমন্বিত রাগরম্ভা রোপিত হইল॥২৮॥

গৌরকে দেখিবার জন্য পুরবাসীজন সকল সর্ব্বদাই তাঁহার গৃহে আগমন করিত কিন্তু শুভবিবাহ নিকটবর্ত্তী হইলে, তাহারা যে তাঁহার ভবনে আসিয়াছিল তাহা আশ্চর্য্যজনক নহে॥২৯॥

তখন এমন কোন অত্যল্পকালও ছিল না যখন বধূগণ শচীগৃহ ত্যাগ করিয়াছিলেন। এরূপ বেশও ছিলনা যাহা মুনিগণের মোহকারী হয় নাই॥৩০॥

যো যো জনস্তর্হি গৃহং স্বমাযযৌ
শচ্যা স স প্রীতিযুজা সমর্চ্চিতঃ।
মহাজনা যৎ সততং গৃহাগতা-
নর্চ্চন্তি পুত্রোপযমে তু কিন্তমাম্ (৪৬) ॥৩১॥

অথ শুভাধিবাস-বাসরে সমেতে সমে তেনে সময়ে (৪৭) স ময়েপ্সিতো ভগবান্মহী (৪৮) মহীপ্রভৃতিভির্বস্তুভিঃ স্বস্যাধিবাসনম্ ॥ ৩২ ॥

তত্রেয়মভ্যর্হিততা-পদং মহী
মমাঙ্ঘ্রি-সংস্পর্শমবাপ্য সর্ব্বতঃ।
ইতীব বিজ্ঞাপয়িতুং পুরৈব তাং
ললাটমধ্যেঽর্পয়তি স্ম স প্রভুঃ ॥৩৩॥

---

(৪৬) পুত্রবিবাহে তু কিমুত ॥৩১॥

(৪৭) সমে যোগ্যে সময়ে, (৪৮) ময়া লক্ষ্ম্যা ঈপ্সিতঃ স ভগবান্ মহী উৎসববান্ ॥৩২॥

তখন যে যে ব্যক্তি শচীদেবীর গৃহে আসিয়াছিলেন শচী তাহাদের প্রত্যেককে প্রীতিভরে অর্চ্চনা করিয়াছিলেন। যেহেতু মহৎব্যক্তিগণ সর্ব্বদা গৃহাগতজনের অর্চ্চনা করিয়া থাকেন। সুতরাং পুত্রের বিবাহে যে অর্চ্চনা করিবেন তাহাতে সন্দেহ কি আছে? ॥ ৩১ ॥

অনন্তর শুভ অধিবাসের দিন সমাগত হইলে উপযুক্ত সময়ে কমলাবাঞ্ছিত আনন্দময় ভগবান্ বিশ্বম্ভর মৃত্তিকা প্রভৃতি বস্তুর দ্বারা নিজের অধিবাস করিয়াছিলেন ॥ ৩২ ॥

তন্মধ্যে এই মহী আমার চরণ স্পর্শ প্রাপ্ত হইয়া সর্ব্বত্র (অথবা সর্ব্বতোভাবে) পূজাস্পদ হইয়াছে—ইহাই জানাইবার জন্য প্রভু অগ্রেই তাহাকে ললাটমধ্যে অর্পণ করিয়াছিলেন ॥ ৩৩ ॥

সমর্পয়ামাস মৃদঃ পৃষৎ(৪৯) প্রভু-
র্ললাটমধ্যে করশাখয়া (৫০) যদা ।
তদানুচক্রে মুখমস্য সর্ব্বথা
ভূচ্ছায়য়া (৫১) লাঞ্ছিতমিন্দুমণ্ডলম্ ॥৩৪॥

ররাজ মৃৎস্না পৃষতোপরিষ্টাৎ
সমর্পিতশ্চন্দনবিন্দুরস্য ।
দৃষ্টালিকে পঙ্কপৃষৎ স্বমিত্রে-
হপসারণায়াস্য বিধুঃ কিমাগাৎ (৫২) ॥৩৫॥

পটীরবিন্দূপরি (৫৩) পাণিনাসৌ
সমর্পয়ামাস শিলাং ললাটে ।
স্বমিত্রবক্ত্রোপরি রূঢ়মিন্দুং
মত্বা তয়া কিং কমলং জঘান ॥৩৬॥

(৪৯) বিন্দুং, (৫০) অঙ্গুল্যা, (৫১) চন্দ্রে যঃ কলঙ্কো দৃশ্যতে সা ভূচ্ছায়েতি স্বামিপাদাঃ ॥৩৪॥
(৫২) আগাৎ আগমৎ, অন্যোহপি স্বমিত্রে লগ্নং পঙ্কং দৃষ্ট্বা তদপসারণার্থং যাতি ॥৩৫॥
(৫৩) চন্দনবিন্দূপরি ॥৩৬॥

প্রভু যখন ললাটমধ্যে অঙ্গুলীদ্বারা মৃত্তিকার বিন্দু প্রদান করিয়াছিলেন, তখন তাঁহার মুখখানি সর্ব্বপ্রকারে কলঙ্কচিহ্নিত চন্দ্রমণ্ডলের অনুকরণ করিয়াছিল ॥৩৪॥

মৃত্তিকাবিন্দুব উপরিভাগে প্রদত্ত চন্দনবিন্দু যখন শোভা পাইতে লাগিল তখন নিজের বন্ধুরূপ ললাটে পঙ্কবিন্দু দেখিয়া তাহা দূর করিবার জন্য কি চন্দ্র আসিয়া উপস্থিত হইল ? ॥৩৫॥

প্রভু ললাটে হস্তদ্বারা চন্দন বিন্দুর উপর শিলা প্রদান করিয়াছিলেন, তাহাতে নিজমিত্র বদনের উপর চন্দ্র আরোহণ করিয়াছে মনে করিয়া কমল কি ঐ শিলা-দ্বারা তাহাকে বধ করিল ? ॥৩৬॥

সমর্পিতং তেন করেণ ধান্যং
ললাগ তচ্চন্দনবিন্দুপঙ্কে।
মন্যে সুধাংশুঃ পতিরোষধীনাং
তদোষধিং স্বাঙ্কতলে দধার ॥৩৭॥
শ্রীগৌরচন্দ্রস্য বুধা ললাটং
লোকা মৃগাঙ্কং প্রবদন্তি সত্যম্।
ততো ধ্রুবং তন্মৃগ-ভক্ষণার্থং
সমর্পয়ামাস স তত্র দূর্ব্বাঃ ॥৩৮॥
সমার্পিপদ্ যর্হি স পদ্মপুষ্পং
ললাটমধ্যে কর-পল্লবেন।
তদা তদালোকনতঃ প্রিয়ায়া
মুখং স্মরন্নুৎপুলকো বভূব ॥৩৯॥
যদা নিধাতুং স্বললাটদেশে
স নারিকেলস্য ফলং দধার।

তিনি ললাটে করদ্বারা ধান্য অর্পণ করিলে তাহা চন্দনবিন্দুপঙ্কে লগ্ন হইয়া রহিল, তখন মনে হইল যেন ওষধিপতিচন্দ্র ঐ ধান্যরূপ ওষধিকে নিজক্রোড়ে ধারণ করিয়াছে ॥৩৭॥

পণ্ডিতগণ শ্রীগৌরচন্দ্রের ললাটকে সত্যই মৃগাঙ্ক বলিয়া থাকেন। অতএব সেই মৃগের ভক্ষণের নিমিত্ত যেন প্রভু তথায় দূর্ব্বা অর্পণ করিয়াছিলেন ॥৩৮॥

অতঃপর প্রভু করপল্লবের দ্বারা ললাট মধ্যে পদ্মপুষ্প প্রদান করিয়াছিলেন। তখন তাহা অবলোকন করতঃ প্রিয়ার স্মরণ করিয়া তিনি পুলকিত হইয়াছিলেন ॥৩৯॥

তিনি যখন নিজললাট-দেশে অর্পণ করিবার জন্য নারিকেল ফল ধারণ করিয়াছিলেন তখন প্রিয়াস্তনযুগলের শোভা স্মরণ করিয়া তিনি অতিশয় ঘর্ম্মাক্ত কলেবর হইয়াছিলেন ॥৪০॥

তদা প্রিয়ায়াঃ কুচযুগ্মশোভাং
স্মৃত্বা ভৃশং স্বিন্নবপুর্বভূব ॥৪০॥
সমর্পয়ামাস যদা ললাটে
শচীসুতোঽসৌ দধি-দিব্যবিন্দুম্।
ক্রোড়ার্পিতৈকোড়ু-সুধাকরার্দ্ধং(৫৪)
তদানুচক্রে খলু তন্নিতান্তম্ ॥৪১॥
স যত্র সর্পিঃপৃষতং ললাটে
দধে শচীনন্দন-তারকেশঃ।
তত্রোজ্জ্বলা কান্তিরগাৎ প্রকাশং
স্নেহো যতো বৃদ্ধিকরো রুচেঃ (৫৫)স্যাৎ ॥৪২॥
তেনার্পিতা গোধিতলে করেণ
স্খলন্ত্যতঃ স্বস্তিকরাজ্যপল্লবৎ (৫৬)।
পুষ্পাঞ্জলির্মূর্দ্ধ্নি শিবস্য কীর্ণা
যথা ললাটস্থ-শশাঙ্কখণ্ডাৎ ॥৪৩॥

---

(৫৪) ক্রোড়ে অর্পিতমেকম্ উড়ু যেন তৎ।৪১॥

(৫৫) স্নেহো ঘৃতাদিঃ রুচেঃ কান্তেঃ শ্লেষেণ স্নেহো রাগঃ রুচেরভিলাষস্য ॥৪২॥

(৫৬) স্বস্তিকরাজি পিষ্টতণ্ডুলনির্ম্মিত-মাঙ্গল্যদ্রব্যবিশেষাঃ ॥৪৩॥

যখন শচীসুত ললাটে সুন্দর দধিবিন্দু প্রদান করিয়াছিলেন, তখন তাহা ক্রোড়ে অর্পিত একটী নক্ষত্র যুক্ত অর্দ্ধচন্দ্রের অত্যন্ত অনুকরণ করিয়াছিল ॥৪১॥

শচীনন্দনসুধাকর যখন ললাটে ঘৃতবিন্দু ধারণ করিয়াছিলেন তখন উহাতে উজ্জ্বলকান্তি প্রকাশ পাইয়াছিল, যেহেতু স্নেহ (ঘৃতাদি পক্ষে অনুরাগ) রুচি (কান্তি পক্ষে অভিলাষ) বৃদ্ধি করিয়া থাকে ॥৪২॥

শিবের মস্তকে পুষ্পাঞ্জলী নিক্ষেপ করিলে তাহা যেমন তাঁহার ললাটস্থিত চন্দ্রখণ্ড হইতে স্খলিত হইয়া পতিত হয়, সেইরূপ প্রভু হস্ত দ্বারা ললাটে

অথ চ্যুতে স্বস্তিক-সঞ্চয়ে প্রভু-
স্তস্মিন্ বিরজ্যেব স নাগজং দদে।
তদর্পয়িষ্যন্নচিরাৎ প্রিয়ালিকে
(৫৭) পুরাদরাত্তৎ খুরলীমিবাকরোৎ ॥৪৪॥

ততোঽলিকেঽসৌ নিজপাণিনা দধৎ
সমর্পয়ামাস দরং (৫৮) মনোহরম্।
বিয়োগদানং সহজং (৫৯) তমিন্দুনা
যুযোজ (৬০) কিং তদ্‌ভগিনী রমাপতিঃ ॥৪৫॥

সংযোজিতস্তেন তদা ললাটে
বভৌতমাং কজ্জ্বল-চারুবিন্দুঃ।

(৫৭) খুরলীমভ্যাসম্ ॥৪৪॥

(৫৮) দরং শঙ্খং, (৫৯) চন্দ্রস্য সহোদরং, (৬০) ইন্দুনা সঙ্গতো যুযোজ, তত্রাহ তদ্‌ভগিন্যা রমায়াঃ পতিরিতি ॥৪৫॥

(৬১) ইন্দ্রনীলমণেঃ ॥৪৬॥

স্বস্তিক সমূহ অর্পণ করিলে তাহা হইতে সেই সকল স্খলিত হইয়া পড়িয়াছিল ॥৪৩॥

অনন্তর স্বস্তিক সকল স্খলিত হইলে প্রভু যেন বিরক্ত হইয়া তথায় সিন্দূর প্রদান করিয়াছিলেন। অচিরে প্রিয়ার ললাটে তাহা অর্পণ করিবেন বলিয়া যেন তিনি পূর্ব্বেই আদর পূর্ব্বক তাহার অভ্যাস করিতেছিলেন ॥৪৪॥

অতঃপর তিনি নিজকর দ্বারা মনোহর শঙ্খ ধারণ পূর্ব্বক ললাটে অর্পণ করিয়াছিলেন। মনে হইল যেন ঐ শঙ্খের ভগিনী লক্ষ্মীর পতি কি বিরহ কাতর সহোদর সেই শঙ্খকে চন্দ্রের সাহিত যোগ করিতেছেন ॥৪৫॥

তারপর মনোহর কজ্জ্বল বিন্দু প্রভু কর্ত্তৃক ললাটে সংযোজিত হইয়া প্রশস্ত সুবর্ণ পত্রের (সোনার পাতের) মধ্যে ইন্দ্রনীলমণি খণ্ডের ন্যায় অতিশয় শোভা পাইতে লাগিল ॥৪৬॥

প্রশস্তচামীকরপত্রমধ্যে
খণ্ডঃ যথা জম্ভরিপূপলস্য (৬১)। ৪৬॥

তেনাপি তায়ামথ রোচনায়া-
মস্তর্হিতায়মধিকাঙ্গকান্ত্যা।
ইয়ং ন লগ্না পুনরর্পয়েতি
প্রোচুঃ স্থিতাস্তত্র জনামুর্হুস্তম্। ৪৭॥

গোরোচনা পঙ্করসেন লগ্নঃ
সিদ্ধার্থপুঞ্জো-(৬২) হস্য বভৌ ললাটে।
সুবর্ণবর্ণামলশুক্তিকাং
যথা স্ফুরত্যুজ্জ্বল-মৌক্তিকালী॥৪৮॥

যদা ললাটে নবহেমখণ্ডং
সংযোজয়ামাস শচীতনূজঃ।
তদা তয়োর্বর্ণগতং মনুষ্যৈ
র্বিলক্ষণত্বং ন দরাপ্যদর্শি॥ ৪৯॥

---

(৬২) শ্বেত সর্ষপসমূহঃ ॥৪৮॥

তদনন্তর তিনি গোরোচনা অর্পণ করিলে তাঁহার অঙ্গের অধিকতর কান্তি দ্বারা তাহা অন্তর্হিত হইল। তখন তত্রস্থ ব্যক্তিগণ তাঁহাকে পুণঃ পুণঃ বলিতে লাগিলেন—"ইহা লগ্ন হয় নাই, পুনরায় অর্পণ কর" ॥৪৭॥

স্বর্ণবর্ণ নির্ম্মল শুক্তিকায় উজ্জ্বল মুক্তা সমূহ যেরূপ শোভা পায়, তাঁহার ললাটে গোরোচনার গাঢ়রসের সঙ্গে শ্বেতসর্ষপসমূহ লগ্ন হইয়া সেই প্রকার শোভা পাইতে লাগিল ॥৪৮॥

যখন শচীনন্দন ললাটে নূতন হেমখণ্ড সংযুক্ত করিলেন তখন মনুষ্যগণ ঐ ললাট ও স্বর্ণখণ্ড উভয়ের বর্ণগত বিন্দুমাত্রও পার্থক্য দেখিতে পাইলনা ॥৪৯॥

ধৃতং ততস্তেন তদা ললাটে
রূপ্যস্য খণ্ডং কর-পল্লবেন।
তয়ো-(৬৩) র্দ্বয়োঃ কান্তিভরেণ বদ্ধং
স্বর্ণেন মাণিক্যমিব ব্যরাজীৎ॥ ৫০॥

গোধৌ নিধাতুং প্রভুণা স্বপাণৌ
ধৃতস্তদা রাজত-তাম্রপিণ্ডঃ।
বিরাজতে কোকনদোপরিষ্টাদ্
যথা সহস্রাংশুকদেববিম্বঃ (৬৪)॥ ৫১॥

ততোঽমুনা স্বস্য ললাটদেশে
সমর্পিতং চামরমুল্ললাস।
অবৈমি বৃন্দেন জিতং কচানা—
মমুষ্য তাংস্তচ্ছরণং জগাম॥ ৫২॥

---

(৬৩) ললাটকরপল্লবয়োঃ॥ ৫০॥ (৬৪) সূর্য্যদেবমণ্ডলম্॥ ৫১॥

অনন্তর প্রভু করপল্লবের দ্বারা যখন কপালে রূপ্যখণ্ড ধারণ করিলেন, তখন উহা ললাট ও করপল্লব উভয়ের কান্তিপুঞ্জে সুবর্ণের সহিত বদ্ধ মাণিক্যের ন্যায় বিরাজ করিতে লাগিল॥৫০॥

রক্তকমলের উপরিভাগে সূর্য্যমণ্ডল যেরূপ শোভা পায়, ললাটে ধারণ করিবার জন্য প্রভুকর্ত্তৃক স্বহস্তে ধৃত তাম্রপিণ্ডও সেইরূপ শোভা পাইতে লাগিল॥৫১॥

অতঃপর নিজ ললাটদেশে প্রভুকর্ত্তৃক অর্পিত চামর যখন শোভা পাইতে লাগিল, তখন জ্ঞান হইল যেন তাঁহার কেশকলাপ-কর্ত্তৃক পরাজিত হইয়া ঐ চামর তাহাদের শরণ লইয়াছে॥৫২॥

তেনার্প্যমাণে মুকুরে তদাস্যং
জাতেন বিম্বেন (৬৫) সমং ররাজ।
সমুদ্র-নীরাদচিরাদুদীতঃ
স্বচ্ছায়য়া তৎকৃতয়া (৬৬) শশীব॥ ৫৩॥

উত্তোলিতস্তেন তদা প্রদীপ-
স্তাপং গ্রহীতুং প্রভুণা করেণ।
স্বতাপং সংস্পর্শভিয়া তদঙ্গে (৬৭)
নিশ্বাস-সঙ্গচ্ছলতশ্চকম্পে॥ ৫৪॥

এতৈর্দ্রব্যৈঃ (৬৮) পূরিতং শস্তপাত্রং
ধৃত্বা দ্বাভ্যাং পাণি-পঙ্কেরুহাভ্যাম্।

---

(৬৫) প্রতিবিম্বেন, (৬৬) সমুদ্রনীরকৃতেন স্বপ্রতিবিম্বেন॥ ৫৩॥
(৬৭) গৌরাঙ্গে স্বতাপস্পর্শাদ্ যা ভীস্তয়া চকম্পে॥ ৫৪॥
(৬৮) মহ্যাদিভির্দীপান্তৈঃ॥ ৫৫॥

সমুদ্রজল হইতে অচিরে উত্থিত-চন্দ্র যেমন ঐ জলকৃত নিজ-প্রতিবিম্বের সহিত সমানভাবে বিরাজ করে, সেইরূপ প্রভু-ললাটে দর্পণ অর্পণ করিলে তাঁহার মুখখানি তাহাতে সঞ্জাত প্রতিবিম্বের সহিত সমানভাবে বিরাজ করিতে লাগিল॥৫৩॥

অনন্তর প্রভু তাপগ্রহণ করিবার জন্য করদ্বারা প্রদীপ উত্তোলন করিলে তখন উহা প্রভুর অঙ্গে নিজতাপ স্পর্শ-ভয়ে তাঁহার নিশ্বাসের সঙ্গচ্ছলে কাঁপিতে লাগিল॥৫৪॥

অবশেষে এই সকল দ্রব্যের দ্বারা পরিপূর্ণ শস্তপাত্রটী (মঙ্গলডালা) উভয় করকমলের দ্বারা ধারণ করিয়া প্রভু উহা তিনবার ললাটে স্পর্শ করাইলেন এবং পরে অধিবাসকর্ম্মের আচার্য্যকে দক্ষিণার দ্বারা সন্তুষ্ট করিলেন॥৫৫॥

বারাংস্ত্রীন্ সংস্পর্শয়িত্বা ললাটে
কর্ম্মাচার্য্যং দক্ষিণাভিস্তর্প॥ ৫৫॥

অথ সপতি–তনয়াহ্পতিত-নয়া কাচন ভূদেব-রমণী বরমণীভূষণ-ভূষিতা তোষিতা (৬৯) তোয়-ক্ষালিত-করচরণাস্য-নীরজনী (৭০) রজনী-রঞ্জিতং (৭১) সঞ্জিতং সহস্রবীর্য্যয়া-(৭২) র্য্যয়া সূত্রং গৌরস্য দক্ষিণে-মণিবন্ধে ববন্ধ ॥ ৫৬॥

তদবলোক্য শ্রীনীলাম্বর-ভার্য্যা বরভার্য্যা সহাসমাহাসমামোদং স্ম—'অয়ে! নবদ্বীপচন্দ্র! হস্তবন্ধনমিদং কিমর্থকং তজ্জানাসি নাসি জানাসি বা'। বিশ্বম্ভরো জগাদার্য্যে! দার্য্যে (৭৩) কর্ম্মণি মঙ্গলার্থকমিদম্ ॥ ৫৬॥

---

(৬৯) জাত-তোষা, (৭০) নীরজনি পদ্মং, (৭১) হরিদ্রা-রঞ্জিতং,
(৭২) আর্য্যয়া উত্তময়া সহস্রবীর্য্যয়া দূর্ব্বয়া সঞ্জিতং যোজিতম্ ॥ ৫৭॥
(৭৩) দারেভ্য ইদং দার্য্যং তস্মিন কর্ম্মণি ॥ ৫৭॥

অনন্তর পতিপুত্রবতী নীতিশালিনী উৎকৃষ্ট মণিময় অলঙ্কারে বিভূষিতা কোনও এক ব্রাহ্মণরমণী সন্তোষ প্রাপ্ত হইয়া হস্ত, পদ ও মুখকমল জলের দ্বারা প্রক্ষালন করতঃ গৌরের দক্ষিণ-মণিবন্ধে হরিদ্রারঞ্জিত ও উত্তম-দূর্ব্বা-সংযুক্ত-সূত্র বন্ধন করিয়াদিলেন ॥৫৬॥

তাহা দেখিয়া অত্যুজ্জ্বল-কান্তিমতী শ্রীনীলাম্বরপত্নী অতুল-আনন্দভরে সহাস্যে বলিলেন—'অয়ে! নবদ্বীপচন্দ্র! এই হস্ত-বন্ধন কি জন্য তাহা তুমি জান কি অথবা জান না"? "বিশ্বম্ভর উত্তর করিলেন"—"আর্য্যে, ইহা বিবাহ-কর্ম্মে মঙ্গলের নিমিত্ত" ॥৫৭॥

সা পুনরপি সহসং সহসম্মদং জগাদ—'গৌরসুন্দর! ন জানাসি। বিস্তারিত-যুবজন-কুমারস্য মারস্য (৭৪) পত্ন্যাং পত্যুর্ব্বশীভাব-সম্পাদনায়েদং বন্ধনং নববন্ধনং নবযুবানো যন্মন্যন্তে'। শ্রীগৌরো মৃদু হসন্ পুনরভাষত—'ভদ্রভাষিণি! ভদ্রমনুভূতং ভবত্যা' ॥ ৫৮ ॥

অনেন গৌরবচনেন গৌরব-চনেন (৭৫) জাতমন্দাক্ষ-মন্দাক্ষরং (ক) ভদ্রং ভদ্রমিতি লপন্ত্যাং স্ত্রীসভার্য্যায়াং (৭৬) ভার্য্যায়াং নীলাম্বরস্য পরাসু তু বামাসু বামাসুতস্মিতাননাসু (৭৭) শ্রীগৌরঃ পুনরুবাচ ॥ ৫৯ ॥

---

(৭৪) বিস্তারিতো যুবজনানাং কুমারঃ ক্রীড়া যেন তস্য কামস্য ॥ ৫৮ ॥

(৭৫) গৌরব-চনেন গৌরবেণ খ্যাতেন। (ক) জাতং যন্মন্দাক্ষং লজ্জা তেন মন্দমস্পষ্টং অক্ষরং যত্র তদ্ যথা স্যাত্তথা, (৭৬) স্ত্রীণাং সভা স্ত্রীসভং তত্র শ্রেষ্ঠায়াং, (৭৭) বামং মনোহরং যথা স্যাত্তথা আসুতং প্রসূতং স্মিতং যেন তাদৃশমাননং যাসাং তাসু ॥ ৫৯ ॥

তিনি পুনরায় সানন্দে ও হাস্য সহকারে বলিলেন—"গৌরসুন্দর তুমি জাননা, পতিকে পত্নীর বশীভূত করিবার জন্য ইহা যুবক-যুবতী-জনের ক্রীড়া-বিস্তারক কন্দর্পের বন্ধন, যাহাকে নব-যুবকগণ নবীন ধন বলিয়া মনে করিয়া থাকে"। শ্রীগৌর মৃদু হাস্য করিতে করিতে পুনরায় বলিলেন—"ভদ্রভাষিণি! আপনি উত্তম (ভাল) অনুভব করিয়াছেন" ॥৫৮॥

গৌরের এবম্বিধ গৌরব-যুক্তবাক্যে স্ত্রীদিগের সভামধ্যে শ্রেষ্ঠা নীলাম্বরের ভার্য্যা লজ্জাজনিত অস্ফুটাক্ষরে "বেশ! বেশ! এই কথা বলিতে লাগিলে এবং অন্যান্য রমণীগণের বদনে মৃদু মধুর হাস্যের উদয় হইলে পুনরায় শ্রীগৌর বলিলেন ॥৫৯॥

"মাতামহি! মা তামহিতাং বাণীং পুনরালপেঃ, স্বভাবেনৈব হি মানবা মান-বাহুল্যং কুর্ব্বন্তো দারাণাং মদারাণাং (৭৮) মহাবশতামায়ান্তো মায়াং (৭৯) তোষয়ন্তি, তত্র পুনর্ভবাদৃশীভিরেবমাশংসিতে শংসিতেভানামিব তেষাং কদাপি ন ভবিষ্যতীতি ॥ ৬০ ॥

এবং বল্লভ-ভূদেবোঽভুদেবোদ্বাহ-পর্ব্বণি।
পুত্র্যাঃ শুভাধিবাসস্য ভাবকো (৮০) ভাবকোমলঃ॥ ৬১॥

অথ শুভবিবাহ-বাসরে বাসরেশ্বরেঽভ্যুদিতে গঙ্গাঘনরসে নরসেব্যচরণো ভগবান্ স্নানাদিকং বিধায় দেবতাঃ পিতৃংশ্চ পূজয়ামাস ॥ ৬২ ॥

---

(৭৮) মদেন আরো গতির্যাসাং, (৭৯) মায়া খলু জীবেষু স্ত্রীবশেষু সৎসু তুষ্যতি সংসারাবেশ-দর্শনাৎ ॥ ৬০ ॥

(৮০) ভাবকো জনয়িতা অভূদেব, ভাবেন প্রেম্ণা কোমলঃ ॥ ৬১ ॥

"মাতামহি! আপনি পুনরায় এরূপ অহিতকর (অকল্যাণকর বাক্য বলি-বেন না। যেহেতু, মানবগণ স্বভাবতঃই প্রচুর মান প্রদান পূর্ব্বক মদগমনা পত্নীগণের অত্যন্ত বশ্যতা প্রাপ্ত হইয়া মায়ার সন্তোষ সাধন করিয়া থাকে।

তাহাতে পুনরায় আপনাদের তুল্য মহিলাগণ এইরূপ আশা করিলে শ্বেতহস্তীর ন্যায় সেই মানবগণের কখনও মঙ্গল হইবে না" ॥৬০॥

এই প্রকার স্নেহ-কোমল বল্লভবিপ্রও কন্যার বিবাহকর্ম্মে শুভ অধিবাস করাইয়াছিলেন ॥৬১॥

অনন্তর শুভবিবাহের দিনে সূর্য্য উদিত হইলে নরগণের সেব্যচরণ (যাঁহার চরণ নরগণের সেবার যোগ্য সেই) ভগবান্ বিশ্বম্ভর গঙ্গাজলে স্নানাদিকৃত্য করিয়া দেবতা ও পিতৃ পুরুষগণের পূজা করিয়াছিলেন ॥৬২॥

যদার্চ্চয়ামাস স দেবতাঃ পিতৃ-
নপি প্রভুঃ সপ্রণয়ং যথাযথম্।
তদা তু তাস্তেঽপি নিজং নিজং বিধিং (৮১)
বিজজ্ঞিরে সাধুমসাধুমপ্যহো ॥ ৬৩ ॥

সমাদরস্য প্রভুণা বিধানতো
নিজং নিজং দৈবমগংসতোত্তমম্।
তেন প্রণামাচরণাদ্বিলজ্জিতা-
স্তদেব চাত্যন্তমসাধু মেনিরে॥ ৬৪ ॥

তদেবং পিতৃযজ্ঞে যজ্ঞেশ্বরেণ নির্ব্বাহিতে হিতে কৃতে চ ক্ষৌরবিধৌ বিধৌতসিচয়া (৮২) নিচয়া নিতম্বিনীনামুদ্বর্ত্তনং মুদ্বর্ত্তনং (৮৩) গৌরস্য বিধাতুমাজগ্মুঃ ॥ ৬৫ ॥

---

(৮১) বিধিং দৈবতাত্ব-পিতৃত-প্রাপকমদৃষ্টম্ ॥ ৬৩ ॥

(৮২) সুধৌতবস্ত্রা, (৮৩) মুদং বর্ত্তয়তীতি তাদৃশং মুদ্বর্ত্তনম্ ॥ ৬৫ ॥

যখন প্রভু প্রীতির সহিত যথাযথভাবে দেবতা ও পিতৃপুরুষগণের অর্চ্চনা করিয়াছিলেন, তখন তাহারা (দেবতা ও পিতৃপুরুষগণ) নিজনিজ অদৃষ্টকে সাধু এবং অসাধু উভয় প্রকারই জ্ঞান করিয়াছিলেন ॥৬৩॥

প্রভুর সমাদর বিধান হেতু তাঁহারা নিজনিজ দৈবকে উত্তম মনে করিয়াছিলেন এবং তিনি প্রণাম করায় তাঁহারা বিলজ্জিত হইয়া সেই দৈবকে অত্যন্ত অসাধুই মনে করিয়াছিলে ॥৬৪॥

এইরূপে যজ্ঞেশ্বর গৌরচন্দ্র পিতৃযজ্ঞ এবং অতঃপর মাঙ্গলিক ক্ষৌরকর্ম্ম সম্পন্ন করিলে তখন ধৌতবস্ত্রা রমণীমণ্ডলী গৌরের সুখকর উদ্বর্ত্তন করিবার জন্য আগমন করিলেন ॥৬৫॥

কর্পূর-কুঙ্কুম-যুতামতিমাত্রপিষ্টাং
গৌরস্য যদ্বপুষি তা লিলিপুর্হরিদ্রাম্।
তত্তত্র কাঞ্চনরুচাবভবন্মুধৈব
স্পর্শেন কেবলমমুষ্য সুখং যযুস্তাঃ॥ ৬৬॥

উদ্বর্ত্তয়ন্ত্যাশ্চরণং তদীয়ং
কস্যাশ্চন স্তম্ভমবাপ্য হস্তঃ।
মন্যে চিরাৎ সঙ্গমবাপ পদ্মং
পদ্মেন গাঢ়ং পরিষস্বজে তম্॥ ৬৭॥

কাচিৎ প্রগল্ভা বনিতা নিজোর্ব্বো-
র্নিধায় তস্যোরুমভিস্পৃশন্তী।
মত্বা মনোজস্য সুবর্ণরম্ভা-
ময়ীং গদাং তং (৮৪) ধ্রুবমাচকম্পে (৮৫)॥ ৬৮॥

(৮৪) তম্ ঊরুং, (৮৫) অত্র কম্পেন ভয়ং ব্যঙ্গ্যং, বস্তুতস্তু রতির্ব্যঙ্গ্যা॥ ৬৮॥

তাঁহারা গৌরের দেহে যে কর্পূর-কুঙ্কুম-যুক্ত অত্যন্ত-পিষ্ট-হরিদ্রা লেপন করিয়াছিলেন, তাঁহার সেই কাঞ্চনবর্ণ অঙ্গে তাহা বৃথাই হইয়াছিল. কেবলমাত্র তাঁহার স্পর্শে তাঁহারা সুখলাভ করিয়াছিলেন॥৬৬॥

কোনও এক রমণী যখন তাঁহার চরণ উদ্বর্ত্তন করিতেছিলেন তখন তাহার (ঐ রমণীর) হস্ত জড়তা প্রাপ্ত হইয়াছিল। মনে হয়, করপদ্ম চরণপদ্মের সঙ্গপ্রাপ্ত হইয়া দীর্ঘকাল তাহাকে গাঢ় আলিঙ্গন করিয়াছিল॥৬৭॥

কোনও এক প্রগল্ভা রমণী নিজের উরুদ্বয়ে তাঁহার উরুদেশ স্থাপন পূর্ব্বক তাহা স্পর্শকরিয়া মন্মথের সুবর্ণকদলী-রূপিনি গদা মনে করতঃ (যেন ভয়ে বস্তুতঃ রতিভরে) তাহা (তাঁহার সেই উরু) কম্পিত করিয়াছিলেন॥৬৮॥

লিম্পন্ত্যমুষ্যোরসি কাচিদন্যা
সংস্পৃশ্য হস্তেন তনূরুহালিম্।
বিতর্ক্য কামস্য ভুজঙ্গমাস্ত্রং
রোমাঞ্চিতাঙ্গী ভয়তোঽভবৎ কিম্?॥ ৬৯॥

স্কন্ধে নিজে তস্য নিধায় বাহুং
বিলিম্পন্তী কাচন সুপ্রগল্‌ভা।
কন্দর্প-দন্তাবল-হস্তবুদ্ধ্যা
সিস্বেদ নূনং ভয়লোলচিত্তা॥ ৭০॥

পরা করাভ্যামতিকোমলাভ্যাং
শনৈঃ শনৈস্তস্য মুখং লিলেপ।
কুলাঙ্গনা-লজ্জিত-ধৈর্য্যহারি
ধ্রুবং ভিয়া তৎ পিদধাবমুভ্যাম্ (৮৬)॥ ৭১॥

উদ্বর্ত্ত্যমানে বদনে তয়াসৌ (৮৭)
নিমীলয়ামাস যুগং তদাক্ষ্ণোঃ

---

(৮৬) অমুভ্যাং করাভ্যাং॥৭১॥ (৮৭) অসৌ বিশ্বম্ভরঃ, (৮৮) তাসাং ভাবানাং কম্প-স্বেদাদীনামবলোকনাৎ দর্শনাদ্ ভয়েন॥ ৭২॥

অন্য কোনও রমণী হস্তদ্বারা তাঁহার বক্ষঃস্থলে লেপন করিতে করিতে রোমাবলী স্পর্শ করিয়া কি কামের ভুজগাস্ত্র (সর্পাস্ত্র) বিতর্ক করতঃ ভয়ে রোমাঞ্চিত গাত্রী হইয়াছিলেন॥৬৯॥

অতিশয় প্রগল্‌ভ অপর কোনও এক বনিতা নিজস্কন্ধে তাঁহার বাহু ধারণ করিয়া লেপন করিতে করিতে মনে হয়, কন্দর্প হস্তীর হস্ত জ্ঞানে ভয়ে চঞ্চলমনা হইয়া ঘর্ম্মযুক্তা হইয়াছিলেন॥৭০॥

অন্য এক রমণী অতিকোমল করযুগলের দ্বারা ধীরে ধীরে তাঁহার মুখ লেপন করিতেছিলেন। মনে হইল যেন তিনি কুলাঙ্গনাগণের লজ্জা ধৈর্য্য-হারি ঐমুখখানিকে ভয়ে হস্তদ্বয়ের দ্বারা আচ্ছাদন করিতেছিলেন॥৭১॥

নিজাঙ্গ সংস্পর্শন চঞ্চলানাং
ভাবাবলোকান্নু ভয়েন তাসাম্ (৮৮)॥ ৭২॥

সুগন্ধিতৈলেন ভদীয় কেশা—
নভ্যাঞ্জিতুং কাচন সংপ্রসার্য্য।
তত্র (৮৯) প্রবিষ্টং যমুনা-প্রবাহে
শশাক ধর্ত্তুং স্বমনো ন মীনম্॥ ৭৩॥

ততঃ কৃতে সমাগমে স্নানবেলয়া নবেলয়া (৯০) সুরতরঙ্গিণ্যা রঙ্গিণ্যা (৯১) নীতয়া কুলবধ্বো বদ্ধোৎসাহং সাহংপূর্ব্বিকা (৯২) বহুলগীত-বাদ্য কলকলে বলমানে মঙ্গলোলুলুধ্বনি কলয়ন্ত্যস্তং স্নাপয়াঞ্চক্রুঃ॥৭৪॥

---

(৮৯) তত্র যমুনা-প্রবাহে কেশরূপযমুনাপ্রবাহে॥ ৭৩॥

(৯০) নূতন-জলেন, (৯১) রঙ্গবতীতি বা তয়া নীতয়া, (৯২) অহং পূর্ব্বমহংপূর্ব্বমিত্যহং-পূর্ব্বিকা তয়া সহিতাঃ॥ ৭৪॥

সেই রমণী যখন তাঁহার বদন উদ্বর্ত্তন করিতেছিলেন তখন বিশ্বম্ভর তাঁহার অঙ্গ স্পর্শে চঞ্চলাবনিতাগণের কম্পস্বেদাদি ভাব দর্শন করতঃ যেন ভয়ে নেত্রদ্বয় নিমীলিত করিয়াছিলেন॥৭২॥

অনন্তর কোনও রমনী সুগন্ধি তৈলের দ্বারা তাঁহার কেশ অভ্যঙ্গ করিবার জন্য তাহা প্রসারিত করিয়া সেই কেশরূপ যমুনা প্রবাহে প্রবিষ্ট নিজ মনোমীনকে ধরিতে সমর্থা হইলেন না॥৭৩॥

অতঃপর স্নানের সময় উপস্থিত হইলে কোনও রঙ্গিণী (রঙ্গবতী) রমণী-কর্ত্তৃক সুরধনী হইতে আনীত নূতন জলের দ্বারা কুলবধূগণ উৎসাহভরে "আমি পূর্ব্বে আমি পূর্ব্বে" এই কথা বলিতে বলিতে তৎকালে সমুত্থিত বহুগীত বাদ্যও কোলাহলের মধ্যে মঙ্গলসূচক উলুউলুধ্বনি করিতে করিতে গৌরকে স্নান করাইয়াছিলেন॥৭৪॥

সুপর্ব্ব-রামা-করলব্ধকান্তেঃ (ক)
সুমেরুশৃঙ্গাদিব হেম-কুম্ভাৎ।
সুর-স্রবন্তী (৯৩) সলিলস্য ধারা
গৌরে গিরীশে (৯৪) শুশুভে পতন্তী॥ ৭৫॥

অঙ্গানি গৌরস্য বিভান্তি হি স্বয়ং
ততোঽঙ্গরাগেণ করিষ্যতেঽত্র কিম্?।
ইতীব গঙ্গা-সলিলং তদঙ্গতোঽ—
পসারয়ামাস যুতং রুষেব তম্ (৯৫)॥ ৭৬॥

(ক) সুন্দরং পর্ব্ব যাসাং তাসাং রামাণাং করেণ হস্তেন, পক্ষে সুপর্ব্ববামাণাং দেবস্ত্রীণাং কিরণেন লব্ধকান্তেঃ, (৯৩) সুরনদী গঙ্গা তস্যাঃ জলস্য ধারা, (৯৪) গিরীশে সরস্বতীপতৌ গৌরে যদ্বা গৌররূপে পর্ব্বতে পক্ষে গৌরবর্ণে শিবে যদ্বা ধবলবর্ণে হিমালয়ে॥ ৭৫॥

(৯৫) তম্ অঙ্গরাগম্॥ ৭৬॥

দেবস্ত্রীগণের কিরণ হইতে কান্তি প্রাপ্ত সুমেরুর শৃঙ্গ হইতে সুরধুনীর জল দ্বারা যেমন গৌরবর্ণ মহাদেব অথবা ধবলবর্ণ হিমালয়ে পতিত হইয়া শোভা পায় সেইরূপ ললনাগণের সুন্দর পর্ব্ববিশিষ্ট কর হইতে কান্তি প্রাপ্ত স্বর্ণকুম্ভ হইতে গঙ্গাজলের ধারা গৌররূপ পর্ব্বতে অথবা সরস্বতী পতি গৌরের অঙ্গে পতিত হইয়া শোভা পাইতে লাগিল॥৭৫॥

গৌরের অঙ্গ সকল স্বয়ং শোভা পায়, সুতরাং তথায় অঙ্গরাগে কি করিবে এই বলিয়া যেন গঙ্গাজল ক্রোধযুক্ত হইয়া তাহার অঙ্গ হইতে ঐ অঙ্গরাগকে দূর করিয়াছিল॥৭৬॥

স্বস্যাপসারায় ভৃশং প্রবৃত্তং
জলং সমালোক্য তদঙ্গরাগঃ।
তদ্বারনার্থং দৃঢ়মালিলিঙ্গ (৯৬)
ধ্রুবং ততোঽমুষ্য তদাপ রাগম্॥ ৭৭॥

তদঙ্গ সঙ্গেন জলস্য রোচি-(৯৭)
র্নিজং বিনষ্টং সমবেক্ষ্য ভীত্যা।
কেচিত্তদঙ্গং ন পরিস্পৃশন্তঃ
কিং বিন্দবোঽমুষ্য বিচেলুরভ্রে (৯৮)॥ ৭৮॥

পলায়িতাস্তে জলবিন্দবো যদ্
ব্যর্থং তদাসীদ্ গগণে স্থিতা যৎ।
পীতা বভূবুঃ প্রভু কায়কান্ত্যা
ভূমৌ পতিত্বা তু নিশাক্তুতোয়ৈঃ (৯৯)॥৭৯॥

(৯৬) অন্যোঽপি স্বস্য অপসারণায় প্রবৃত্তং আলিঙ্গতি, তস্য রাগঞ্চ প্রাপ্নোতি॥ ৭৭॥

(৯৭) জলস্য নিজং রোচিঃ শুক্লবর্ণং নষ্টং বিলোক্য, (৯৮) অমুষ্য জলস্য অভ্রে আকাশে॥৭৮॥

(৯৯) হরিদ্রাক্তজলৈঃ॥ ৭৯॥

আপনাকে অপসারিত করিবার জন্য জলকে অত্যন্ত প্রবৃত্ত দেখিয়া যেন তাহার বারনের নিমিত্ত উহাকে দৃঢ় আলিঙ্গন করিয়াছিল, সেইহেতু ঐ জল উহার রাগ প্রাপ্ত হইয়াছিল॥৭৭॥

গৌরের শ্রীঅঙ্গের সঙ্গবশতঃ জলের নিজ শুক্লবর্ণ বিনষ্ট হইয়াছে দেখিয়া কতিপয় জল বিন্দু কি ভয়ে তাঁহার অঙ্গস্পর্শ না করিয়া আকাশে গমন করিয়াছিল॥৭৮॥

সেই জলবিন্দু সকল যে পলায়ন করিয়াছিল এবং তাহারা যে আকাশে অবস্থান করিতেছিল তাহাতে দুইটী প্রয়োজন সিদ্ধ হইয়াছিল। প্রভু অঙ্গকান্তি তাহাদের কতকগুলি পান করিয়াছিল এবং অবশিষ্টগুলি ভুমিতে পতিত হইয়া হরিদ্রা জল কর্তৃক পীত হইয়াছিল॥৭৯॥

তদেবং মঙ্গলস্নানং নির্ব্বাহ্য প্রমোদ-পাথোধাববগাহ্য নির্জ্জরনারী পণিতা-(১০০)স্তাঃ কুলবনিতাঃ সূক্ষ্মসুকোমলেন গাত্রমার্জ্জন-চেলেন গৌরস্য কলেবরাদ্ বারাং নিকরানপসারয়ামাসুঃ ॥৮০॥

ততো নবং কান্তিজিত-ক্ষপাকরং
পটং বসানঃ শুশুভে শচীসুতঃ।
যথা শরন্নীরদজালবেষ্টিতং
মহামহীভৃচ্ছিখরং হিরন্ময়ম্ ॥৮১॥

এবং ধার্ম্মিক-সমূহার্য্যে শ্রীবল্লভাচার্য্যে নানাদ্রব্যরাদ্ধং নান্দীমুখশ্রাদ্ধং কৃতবতি সর্ব্বগুণ-পাত্রীং তস্য পুত্রীং কুলবনিতাঃ কৃতমঙ্গলস্বানিতাঃ সমুদ্বর্ত্ত্য সাবধানং কারয়ামাসুঃ স্নানম্ ॥৮২॥

---

(১০০) দেবনারীভিস্তুতাঃ, 'পণস্তুতৌ' ॥ ৮০ ॥

এই প্রকারে দেবললনাগণবন্দিতা সেই কুলরমণীগণ গৌরের মঙ্গল স্নান সম্পন্ন করাইয়া তাঁহাকে আনন্দ সাগরে অবগাহন করাইলেন। অতঃপর সূক্ষ্ম ও সুকোমল গাত্র মার্জ্জন বস্ত্রের দ্বারা তাঁহার কলেবর হইতে জলরাশি অপসারিত করিলেন ॥৮০॥

অনন্তর শরৎকালীন মেঘমালা বেষ্টিত সুবর্ণময় মহাপর্ব্বত-শৃঙ্গ যেমন শোভা পায়, সেইরূপ শচীনন্দন, শুভ্রকান্তিতে চন্দ্রকে পরাজয় কারি অর্থাৎ চন্দ্র অপেক্ষাও শুভ্রবর্ণ নূতন বসন পরিধান করিয়া শোভা পাইতে লাগিলেন ॥৮১॥

এই প্রকারে ধার্ম্মিকগণের শিরোমণি শ্রীবল্লভাচার্য্য নানা দ্রব্যের দ্বারা নান্দীমুখ শ্রাদ্ধ সম্পন্ন করিলে কুলবনিতাগণ তাঁহার সর্ব্বগুণময়ী কন্যা লক্ষ্মীকে উলু উলু প্রভৃতি মাঙ্গলিক শব্দ উচ্চারণ করিতে করিতে সাবধানে স্নান করাইয়াছিলেন ॥৮২॥

তভশ্চ যা যাস্তি কুলোচিতা ক্রিয়া
তত্তদ্‌বিধানেন মহাকুতূহলৈঃ।
ধরাসুরাদি-শ্বভুগন্তভোজনৈ-
রপি প্রপেদে তদহঃ সমাপ্ততাম্ ॥৮৩॥

তদাচ গৌরবিধূরবি-ধূপমান্দ্যমবলোকমানো লোকমানোচিতং (১) স্বমনসীদং নিজগাদ—'অহো! রমণীতয়া দিবসাবসানস্য বসানস্য সান্ধ্যমেঘবসনম্ ॥৮৪॥

ইদানীং খলু—

রবিঃ প্রিয়াণাং কিমু পদ্মিনীনাং
সন্দর্শনামোদ—বিভঙ্গকর্ত্তৃন্।
পিৎসূন্ সমুদ্রে নিজযানবাহান্
প্রতিক্রুধেবারুণতামুপৈতি ॥৮৫॥

---

(১০১) জন-সম্মানোচিতং ॥ ৮৪ ॥

অনন্তর অন্যান্য যে যে কুলোচিত ক্রিয়া ছিল, মহাকৌতুহলের সহিত সেই সকল বিধানের দ্বারা এবং ব্রাহ্মণ হইতে চণ্ডাল পর্য্যন্ত সকলের ভোজনের দ্বারা সেই দিন সমাপ্ত হইয়াছিল ॥৮৩॥

তখন গৌরচন্দ্র সূর্য্যাতপের মন্দতা দেখিয়া নিজের মনে জনগণের সম্মানোচিত এই কথা বলিতে লাগিলেন। আহা! সান্ধ্য-মেঘবসন-পরিহিত দিবাবসানের কি রমনীয়তা! ॥৮৪॥

এক্ষণে—রবিপ্রিয়পদ্মিনীগণের দর্শনানন্দভঙ্গকারী সমুদ্রজল পানেচ্ছু নিজ রথের অশ্বগুলির প্রতি যেন ক্রুদ্ধ হইয়া অরুণবর্ণ ধারণ করিতেছেন ॥৮৫॥

অথবা—

প্রিয়াবলোকায় মমোৎসুকত্বং
বিলোক্য শীঘ্রং প্রযিযাসুরস্তম্।
বহুভ্রমেণ দ্রুতগত্যশক্তান্
স্বাশ্বান্ প্রতীবাতিরুষাহরুণোহভূৎ ॥৮৬॥

উপস্থিতেন প্রিয়-পদ্মিনীনাং
বিয়োগ দুঃখেন কিমুষ্ণরোচিঃ।
তেজঃ ক্ষয়ং বিন্দতি রাগিণো যদ্
বাঢ়ং ব্যথন্তে প্রিয় বিপ্রলম্ভাৎ ॥৮৭॥

প্রাগ্‌দিগ্‌ যুবত্যা বর-কৌতুকেন
ক্ষিপ্তঃ সহস্রাংশু-সুরঙ্গগেণ্ডুঃ (২)।
পশ্চাদ্দিশা ধর্ত্তুমপারিতঃ কিং
রাগান্ধয়া নিষ্পততীহ সিন্ধৌ (৩) ॥৮৮॥

অথবা প্রিয়ার দর্শনের নিমিত্ত আমার ঔৎসুক্য দেখিয়া শীঘ্র অস্ত গমনের ইচ্ছুক হইয়া অনেক ভ্রমণ হেতু দ্রুতগমনে অসমর্থ নিজ অশ্বগণের প্রতি যেন অতিশয় ক্রোধে অরুণ বর্ণ হইয়াছে ॥৮৬॥

প্রিয় পদ্মিনীগনের উপস্থিত বিরহ দুঃখহেতু উষ্ণরশ্মি দিবাকর কি তেজঃক্ষয় প্রাপ্ত হইতেছেন ? যে হেতু প্রিয় বিরহে অনুরাগিগণ অত্যন্ত ব্যথিত হইয়া থাকে ॥৮৭॥

পূর্ব্বদিগ্‌রূপিনীযুবতী পরম কৌতুকভরে সূর্য্যরূপ সুন্দর রক্তবর্ণ কন্দুককে নিক্ষেপ করিলে রাগে (সূর্য্যের অরুণ কিরণে) অন্ধা পশ্চিমদিগ্‌বধূ উহাকে ধরিতে না পারায় উহা কি সাগরমধ্যে পতিত হইতেছে ॥৮৮॥

ম্লানং বিলোক্যাম্বুজিনীং দ্বিরেক
স্তৃষ্ণান্বিতঃ কৈরবিনীং প্রযাতি।
রীতিঃ প্রসিদ্ধা খলু কামুকানাং
প্রীতিঃ ক্বচিন্ন স্থিরভাং প্রযাতি ॥৮৯॥

এবং মুদা বদতি চেতসি গৌরচন্দ্রে
চন্দ্রাননোডুগণরত্নবিভূষণাঢ্যা।
শ্যামাম্বরা (৪) হৃদি রতিং পরিবর্দ্ধয়ন্তী
রাত্রিঃ প্রিয়েব নিকটে সমুপস্থিতাভূৎ ॥৯০॥

ইতীত্যাদি শ্রীগৌরলীলামৃতে বিবাহ-পূর্ব্বকৃত্যং নাম পঞ্চদশ আস্বাদঃ

---

(১০২) সূর্য্যরূপসুন্দরকন্দুকঃ, (৩) রাগান্ধয়া সূর্য্যরাগেন অন্ধয়া মলিন-লোচনয়া, অস্যাপিরাগেণ অন্ধা কন্দুকং ধর্ত্তুং নপারয়তি। (৪) শ্যামমম্বরমাকাশমেব শ্যামাম্বরং যস্যাঃ ॥৯০॥

কমলিনীকে ম্লান দেখিয়া তৃষ্ণাযুক্ত ভ্রমর কৈরবিনীর প্রতি গমন করিতেছে। যে হেতু কামুকগণের প্রীতি কোথাও স্থিরতা প্রাপ্ত হয় না—ইহাই প্রসিদ্ধরীতি ॥৮৯॥

এইরূপে গৌরচন্দ্র আনন্দে মনে মনে বলিতে লাগিলেন চন্দ্ররূপ বদনে তারকাগণরূপ রত্নভূষণ ধারিনী নীল আকাশরূপ নীলাম্বর পরিহিতা রাত্রি, হৃদয়ে রতিবৃদ্ধি করিয়া প্রিয়ার ন্যায় নিকটে উপস্থিত হইল ॥৯০॥

ইতি শ্রীগৌরলীলামৃতে বিবাহ পূর্ব্বকৃত্য নামক পঞ্চদশ আস্বাদ ॥

ষোড়শ আস্বাদঃ।

অথাগতে চারুতরে প্রদোষে
বিভাবসূদ্দীপ্তি-বিয়োগজন্মা (১)।
অনঙ্গ (২) মম্ভোদ-নিভঃ সমস্তা-
চ্ছস্তার শৃঙ্গার ইবান্ধকারঃ ॥১॥

বিভাবসৌ সাগর-বারি মধ্যে
জ্বলন্মহাঙ্গারনিভে নিমগ্নে।
ধূমোদ্ভবদ্‌যঃ প্রচুরঃ স এব
ধ্বান্তচ্ছলেনাম্বরমাববার ॥২॥

---

(১) বিভাবসোঃ সূর্য্যস্য উদ্দীপ্তি-বিয়োগাৎ জন্ম যস্য, পক্ষে বিভাবানাং আলম্বনাম্ সু অতিশয়েন উদ্দীপ্ত্যা বিরহেণ চ জন্ম যস্য। (২) অনঙ্গমাকাশং মনশ্চ। শ্যামত্বমুভয়ত্র সমানম্ ॥১॥

অনন্তর অতিরমণীয় প্রদোষকালে বিষয় ও আশ্রয় আলম্বনের অতিশয় উদ্দীপন ও বিরহে সঞ্জাত মেঘের ন্যায় কৃষ্ণবর্ণ শৃঙ্গার যেমন সর্ব্বতোভাবে মনকে আচ্ছন্ন করে, সেই প্রকার সূর্য্য প্রকাশের বিয়োগে জাত মেঘতুল্য কৃষ্ণবর্ণ অন্ধকার সর্ব্বতোভাবে আকাশ আচ্ছন্ন করিয়াছিল ॥১॥

প্রকাণ্ডজ্বলন্ত অঙ্গার তুল্য দিবাকর সাগরজলমধ্যে নিমগ্ন হইলে যে প্রচুর ধূম উত্থিত হইয়াছিল তাহাই যেন অন্ধকারচ্ছলে গগণকে আবৃত করিয়াছিল ॥২॥

কিম্বোর্দ্ধলোকাত্মক-সৎকটাহে
প্রজ্জ্বাল্য দীপং তরণিং প্রতীচী।
ব্যধান্মসীমুর্ব্বরিতস্তদীয়ো
ধূমস্তমঃ কৈতবতোঽভ্রমৎ কিম্ ॥৩॥

ততস্তমস্কাণ্ডপটং বসানাং
প্রিয়াং সুধাংশুঃ ক্ষণদাং (৩) বিলোক্য।
উদ্দীপ্তরাগো হঠতঃ করেণা (৪)
পসারয়ংস্তত্ত্বরয়োদিয়ায় ॥৪॥

তঞ্চ-চক্ষুর্গোচরীকৃত্য শ্রীগৌরচন্দ্রস্য কশ্চিচ্চতুরঃ সখা সচমৎকারস্তমাচষ্ট—'নবদ্বীপবিধো! পশ্য পশ্য। কিমিদং পূর্ব্বদিগ্বনিতায়া ঊর্দ্ধবিকির্ণকিরণ-কপটডোরক-সংবন্ধং মণিময়ং নিষ্কাভরণং প্রকাশয়তে ॥৫॥

(৩) ক্ষণদা রাত্রিং প্রিয়াং অথচ উৎসবদাং স্বিয়ং, (৪) রাগোঽরুণিমা রতিশ্চ, করেণ কিরণেন হস্তেনচ ।৪॥

কিম্বা ঊর্দ্ধলোকরূপ-সুন্দরকটাহে পশ্চিমদিগ্বধূ সূর্য্যরূপ-দীপ প্রজ্জ্বালিত করিয়া মসি (কালী) প্রস্তুত করিতেছিল। তাহা হইতে উত্থিত ধূম কি তিমির চ্ছলে তথায় ভ্রমণ করিতেছিল? ॥৩॥

অনন্তর কামী ব্যক্তি অন্ধকারপুঞ্জের ন্যায় নীলবর্ণ-বসন-পরিহিতা আনন্দ-দায়িনী প্রিয়াকে দর্শন করিয়া রতির উদ্দীপন হওয়ায় হঠপূর্ব্বক হস্তের দ্বারা ঐ বসন অপসারিত করিয়া সত্বর যেমন তাহার সহিত মিলিত হয় সেইরূপ চন্দ্র অন্ধকারপুঞ্জরূপ-বসন-পরিহিতা প্রিয়া-রজনীকে দেখিয়া অরুণবর্ণ হইয়া হঠাৎ কিরণের দ্বারা ঐঅন্ধকারপুঞ্জরূপ-বস্ত্র অপসারিত করতঃ সত্বর উদিত হইল ॥৪॥

ঐ চন্দ্রকে নয়নগোচর করিয়া শ্রীগৌরচন্দ্রের কোনও এক চতুর সখা চমৎ-কৃতভাবে তাঁহাকে বলিতে লাগিলেন। হে নবদ্বীপচন্দ্র! দেখ! দেখ! ইহা কি পূর্ব্বদিগ্বনিতার ঊর্দ্ধে বিক্ষিপ্ত কিরণরূপ-রজ্জু-সংবদ্ধ মণিময়-স্বর্ণাভরণ প্রকাশ পাইতেছে ॥৫॥

কিম্বা তয়ৈব স্বললাটে সমর্পিতং চন্দন-চিত্রকং। উতাহো তস্যা এবান্তস্থিত-তাম্বূলদল-স্ফটিকমণিময়ঃ সমুদ্গকঃ। কিম্বা বিবাহ-যাত্রাসময়ে ভবন্তং নীরাজয়িতুং তয়া গৃহীতং মধ্যবিরাজীন্দীবরং বরং কাংস্যপাত্রম্ ॥৬॥

আহোস্বিদ্ ভবদ্বিবাহ-মহেক্ষণায় তয়োত্তোলিতং মৃগমদতিলক-ললিতং লপনং। অথবা ভবদ্বিবাহোৎসবশোভার্থং সুরসমুদয়ৈঃ সমুদ্দীপিতোঽয়ং মহাদীপঃ ॥৭॥

কিম্বা ভবদুপযম-মণ্ডপ-মণ্ডনার্থং মরীচিনিমবটী—(৫) নিবদ্ধো বর্তুল-শ্চন্দ্রাতপো দেবৈরুত্তোল্যতে। অথবা কিমেবং বিতর্ক্যতে স্বয়ং চন্দ্র এব ভবৎ-পরিণয়োৎসবসন্দর্শনায়োদেতি পশ্য পশ্য ॥৮॥

(৫) নটী রজ্জুঃ ॥৮॥

কিম্বা ঐ পূর্ব্বদিগ্বধূ-কর্ত্তৃকই নিজললাটে প্রদত্ত চন্দন-তিলক। অথবা অহো! উহারই মধ্যে তাম্বূল-দলযুক্ত-স্ফটিক মণিময় সম্পুট (কৌটা)। কিম্বা বিবাহের জন্য যাত্রাকালে তোমার নীরাজনের নিমিত্ত তৎকর্ত্তৃক গৃহীত মধ্যে নীল কমল-বিরাজিত উত্তম কাংসপাত্র ॥৬॥

অথবা তোমার বিবাহোৎসব দর্শনের জন্য ঐ পূর্ব্বদিগ্বধূ মৃগমদতিলকযুক্ত সুন্দর নিজবদন উত্তোলন করিয়াছে। অথবা তোমার বিবাহোৎসবের শোভার নিমিত্ত দেবতাগণ এই মহাদীপ প্রজ্জ্বালিত করিয়াছে ॥৭॥

কিম্বা তোমার বিবাহমণ্ডপ সজ্জিত করিবার জন্য দেবগণ কিরণরূপ-রজ্জু-বদ্ধ গোলাকার চন্দ্রাতপ উত্তোলন করিতেছে। অথবা আমি এপ্রকার কি বিতর্ক করিতেছি? স্বয়ং চন্দ্রই তোমার পরিণয়োৎসব দর্শনের নিমিত্ত উদিত হইতেছেন। দেখ দেখ! ॥৮॥

নবদ্বীপ-বাসা মনুজ-নিকরা গৌরশশিনো
বিবাহায়েদানীমপি কুরুথ কিং নোদ্যমমরে।
ইতীব ক্রোধেনারুণিততনুরুত্তোলিত-করঃ
খগধ্বানৈঃ ক্রোশন্নধিকমুদয়ং যাতি শশভৃৎ ॥৯॥

নিধায় বিধু-পারদং নভসি শৈলখল্লে-(৬) হ্যশ্বিনৌ
সুপর্ব্ব-ভিষজৌ তমো-নিলয়ধূমচূর্ণোৎকরৈঃ (৭)।
বিশুদ্ধিকৃতি-বাঞ্ছয়া প্রকুরুতোঽস্য সংঘর্ষণং
চরন্তি খলু তারকানিকরকৈতবাত্তৎকণাঃ ॥১০॥

(৬) খল্লঃ ঔষধমর্দ্দনপাত্রম্, (৭) নিলয়ধূমো ঝুল ইতি খ্যাতঃ ॥১০॥

হে নবদ্বীপবাসী মানবগণ! গৌরচন্দ্রের বিবাহের নিমিত্ত তোমরা এখনও উদ্যোগ করিতেছ না কেন? এই বলিয়া যেন শশধর ক্রোধে রক্তবর্ণশরীর হইয়া কর (হস্ত পক্ষে কিরণ) উত্তোলন পূর্ব্বক পক্ষিগণের শব্দ দ্বারা আহ্বান করিতে করিতে উদয় প্রাপ্ত হইতেছেন ॥৯॥

দেববৈদ্য অশ্বিনীকুমারদ্বয় চন্দ্ররূপ-পারদকে আকাশরূপ প্রস্তরময়-খলে রক্ষা করিয়া বিশুদ্ধ করিবার ইচ্ছায় অন্ধকাররূপ গৃহস্থিত ধূম্রচূর্ণ (ঝুল) সমূহের সঙ্গে উহাকে ঘর্ষণ করিতেছেন। তারকা-সমূহ চ্ছলে তাহারই কণা সকল উত্থিত হইতেছে ॥১০॥

সংপ্রীণয়ন্ কুবলয়ং মৃদুনা করেণ
সংবর্দ্ধয়ন্ স্বজনকং নিভরাং সমুদ্রম্ ।
তারাবলী-ললিতধামধরঃ সুবৃত্তো
বাঢ়ং হরত্যখিললোক-তমাংসি রাজা (৮) ॥১১॥

অয়ং সমালোক্য তবামলং যশো
দ্যুতি ধ্রুবং প্রেপ্সুরমূদৃশীং শশী ।
প্রতিক্ষপং ঘর্ষতি খোপলে তনু-
স্তদীয়চূর্ণান্যুড়বো ভবন্ত্যমূঃ ॥১২॥

---

(৮) কোমলেন কিরণেন কৈরবং প্রীণয়ন্ স্বপিতরং সিন্ধুং বর্দ্ধয়ন্ নক্ষত্রাবল্যা ললিতং ধাম কান্তিং ধরতীতি সঃ সুবর্ত্তুলো রাজা চন্দ্রোঽন্ধকারান্ হন্তি। অথচ অল্পেন করেণ বলিনা (রাজস্বেন) ভূমণ্ডলং প্রীণয়ন্ সমুদ্রং সপরিপাটি স্বজনানাং কং সুখং বর্দ্ধয়ন মুক্তাবল্যা ললিতং ধাম গৃহং ধরতীতি সঃ সুবৃত্তঃ সচ্চরিত্রঃ রাজা তমাংসি দুঃখানি তান্ দূরীকরোতি ।১১॥

সুগোল-চন্দ্র কোমলকিরণের দ্বারা কৈরবকে প্রফুল্লিত করিয়া এবং নিজ পিতা সমুদ্রকে অতি বৰ্দ্ধিত করিয়া তারকাসমূহের দ্বারা সুন্দর কান্তিধারণ করতঃ সমস্ত জগতের অন্ধকার হরণ করিতেছেন ॥ পক্ষে সচ্চরিত্র রাজা অল্প করের (রাজস্বের) দ্বারা ভূমণ্ডলবাসিগণের প্রীতি বিধান করিয়া পরিপাটীর সহিত নিজ-প্রজাবর্গের সুখ বৃদ্ধি করিয়া মুক্তাবলীর দ্বারা শোভিত সুন্দর গৃহে অবস্থান করতঃ সকল লোকের দুঃখ হরণ করিয়া থাকেন ॥১১॥

এই শশধর তোমার নির্ম্মল যশ দেখিয়া ঐ প্রকার কান্তি লাভ করিতে ইচ্ছুক হইয়া প্রতি রাত্রিতে আকাশরূপ প্রস্তরে নিজের দেহ ঘর্ষণ করিয়া থাকেন। ঐ নক্ষত্র সমূহ তাহারই চূর্ণ ॥১২॥

বিলোক্য চন্দ্রং তিমিরং পলায়তে
নতভ্রুবাং হ্রীরিব তাবকং মুখম্।
প্রমোদমাপ্নোতি চ কৈরবং ভৃশং
তদীয়চক্ষুর্নিকুরম্বকং যথা ॥১৩॥

অথ শুভবিবাহ-সময়ে সমায়েতে (৯) শ্রীশচ্যা প্রহিতো হিতো দাসের-সমাজো (১০) রসমাজোষমাজো (১১) বিশ্বম্ভরস্য রম্যতমামলঙক্রিয়াং কর্তুমারেভে ॥১৪॥

তেনার্পিতো দিব্যকুসুম্ভ-রঞ্জিতঃ
পটো বভৌ গৌরবপুষ্যলন্তমাম্।
পাশ্চাত্যভূভৃচ্ছিখরে হিরণ্ময়ে
দিনান্তসন্ধ্যাম্বুদধোরণী যথা ॥১৫॥

(৯) [সময়া ইতে] নিকটে আগতে. (১০) দাসীপুত্রগণঃ, (১১) রসমানন্দং আ অভিব্যাপ্য জোষং সম্যক্ তূষ্ণীম্ভাবেন বা আজঃ গমনং যস্য। ॥১৪॥
(১২) ধোরণী পরম্পরা শ্রেণীত্যর্থঃ ॥১৫॥

তোমার মুখ দেখিয়া রমণীগণের লজ্জা যেরূপ পলায়ন করে সেইরূপ চন্দ্রকে দেখিয়া তিমির পলায়ন করে এবং তাহাদের চক্ষুঃসমূহ যেরূপ আনন্দিত হয়, সেইরূপ কৈরবসকল আনন্দ প্রাপ্ত হয় ॥১৩॥

অতনন্তর শুভবিবাহের সময় নিকটবর্ত্তী হইলে শ্রীশচী-কর্ত্তৃক প্রেরিত হিত-কারী দাসীপুত্রগণ পরমানন্দ প্রাপ্ত হইয়া অথবা উৎসাহ ভরে গমন করিয়া বিশ্ব-ম্ভরের অতি সুখপ্রদ ভূষণ (বেশ) করিতে আরম্ভ করিল অর্থাৎ যাহাতে তাঁহার পরম সুখদায়ক হয় সেইভাবে তাঁহাকে সাজাইতে লাগিল ॥১৪॥

গৌরের দেহে তাহাদের কর্ত্তৃক অর্পিত দিব্য কুসুমপুষ্প (কুসুমফুল) রঞ্জিত লোহিতবসন স্বর্ণময় পশ্চিমাচলশিখরে দিনান্তে সান্ধ্যমেঘমালার ন্যায় অতিশয় শোভা পাইতে লাগিল ॥১৫॥

বিচিত্রবর্ণোপলরাজি-মঞ্জুলং
বভৌ পদে তস্য সুবর্ণ-নূপুরম্।
প্রভাতকালাভ্যুদিতার্কমণ্ডলীং
পরিস্পৃশন্তাভ্যুপসূর্য্যকং (১৩) যথা ॥১৬॥
ককুদ্মতী-(১৪) শোভিনি রক্তবস্ত্রে
হৈমং প্রভোঃ শৃঙ্খলমাবভাসে।
সুমেরু-শৃঙ্গস্থিত-সান্ধ্যমেঘে
বিমুক্তচাঞ্চল্য-শতহ্রদেব ॥ ১৭ ॥
শচীসুতস্যোরসি মৌক্তিকস্রক্
সমর্পিতা তৈরধিকং ররাজ।
যথোজ্জ্বলাষ্টাপদ-পট্টমধ্যে (১৫)
শ্রেণীকৃতা পারদবিন্দুরাজী ॥১৮॥

---

(১৩) উপসূর্য্যকং চন্দ্রমণ্ডলম্ ॥১৬॥

(১৪) ককুদ্মতী কটিদেশঃ ॥১৭॥

(১৫) পট্টঃ পেষণপ্রস্তরঃ পীঠো বা ॥১৮॥

প্রভাতকালে সমুদিত সূর্য্যমণ্ডলকে স্পর্শ করিয়া চন্দ্রমণ্ডল যেরূপ শোভা-পায়, সেইরূপ তাঁহার চরণযুগলে বিচিত্রবর্ণরত্নরাজিখচিত মনোহর সুবর্ণ-নূপুর শোভা পাইতে লাগিল ॥১৬॥

প্রভুর কটিদেশে শোভায়মান-রক্তবস্ত্রে স্বর্ণশৃঙ্খল সুমেরুশৃঙ্গস্থিত-সান্ধ্য-মেঘে নিশ্চল-বিদ্যুতের ন্যায় প্রকাশ পাইলে লাগিল ॥১৭॥

শচীসুতের বক্ষঃস্থলে তাহাদের কর্ত্তৃক প্রদত্ত মুক্তামালা উজ্জ্বল-হেমপাট্টের (সোনার পাটা) মধ্যে শ্রেণীবদ্ধ পারদবিন্দুসমূহের ন্যায় অধিক বিরাজ করিতে লাগিল ॥১৮॥

কুসুম্ভরাগোজ্জ্বলমুত্তরীয়ং
বাসস্তদাস্যোরসি শোভতে স্ম।
হিরণ্ময়ান্মন্দরসানুদেশা-
দধোঽরুণাদেব নদী স্রবন্তী। ১৯॥
মল্লীস্রজোরস্থলমস্য দিদ্যুতে
পার্শ্বদ্বয়ে স্বস্য (১৬) বিলম্বমানয়া।
তটীব বৃন্দারক-গেহ-ভূভৃতো (ক)
ধারাদ্বয়েনামরনিম্নগাম্ভসঃ (১৭)॥ ২০॥
রোমালি-সৌরী-(১৮) বরমল্লিমালা
গঙ্গোত্তরাসঙ্গ-(১৯) সরস্বতী চ।
যত্র ব্যরাজন্ত তদা তদীয়ং
বক্ষোঽপ্রকাষীত্তদলং প্রয়াগম্॥২১॥

---

(১৬) স্বস্য উরঃস্থলস্য, (ক) সুমেরুপর্ব্বতস্য তটীব, (১৭) সীতালকনন্দেত্যাদিকরূপেণ ॥২০॥

(১৮) সৌরী যমুনা, (১৯) উত্তরাসঙ্গঃ উত্তরীয়বস্ত্রম্॥২১॥

হিরণ্ময়-মন্দরপর্ব্বতের সানুদেশের নিম্নে প্রবহমাণা রক্তবর্ণা সুরধুনীর ন্যায় তাঁহার বক্ষঃস্থলে কুসুম্ভরাগরঞ্জিত উজ্জ্বল উত্তরীয়বস্ত্র শোভা পাইতে লাগিল ॥১৯॥

মন্দাকিনীসলিলের সীতা ও অলকানন্দা নামক দুইটী ধারা দ্বারা দেবগৃহ সুমেরুপর্ব্বতের তটের ন্যায় উভয়পার্শ্বে বিলম্বমান মল্লিকামালা দ্বারা তাঁহার বক্ষঃস্থল দীপ্তি পাইতে লাগিল ॥২০॥

যথায় রোমরাজি যমুনা, উৎকৃষ্ট মল্লিকামালা গঙ্গা এবং উত্তরীয়বস্ত্র সরস্বতী বিরাজ করিতেছিল, তাঁহার সেই বক্ষঃ তখন বহুল পরিমাণে প্রয়াগের অনুকরণ করিয়াছিল ॥২১॥

নানামণি স্বর্ণবিচিত্রমাধা-
দ্বিভূষণং কশ্চন তস্য বাহৌ।
জয়াবহাং কাম-গদাং নু মত্বা
ববন্ধ তস্মিঞ্জয়পত্রলেখম্ ॥২২॥

কেয়ূরমিন্দ্রোপলজালযুক্তং
বিভ্রত্তদা তস্য করো ররাজ।
যথারুণং ভানুকর-প্রফুল্লং
মধুব্রত ব্রাতবৃতং সরোজম্ ॥ ২৩॥

তস্যাপি তাঙ্গুলিদলে গরুড়োপলাঢ্যা (২০)
হৈম্যূর্ম্মিকা-(ক) তস্য রুচি-নিহ্নুত-হেমভাগা।
তস্যাপ্যসত্তোপমিতিমত্রসতা-(২১) মিতোঽলি-
শ্চেজ্জাতু বাসমকরিষ্যত গন্ধফল্যাম্ (২২) ॥ ২৪ ॥

(২০) মরকতমণিযুক্তা, (ক) হৈমী স্বর্ণময়ী ঊর্ম্মিকা অঙ্গুরীয়কং, (১২) অত্রসতাং অচঞ্চলত্বাং, (২২) চম্পক-কলিকায়াম্ ।২৪॥

কোনও একদাস তাঁহার বাহুতে নানা প্রকার মণি ও স্বর্ণ দ্বারা বিচিত্র অলঙ্কার প্রদান করিয়াছিল। বোধ হয়, ঐ বাহুকে জয়শীল কামের গদা মনে করিয়া তাহাতে লিখিত জয়পত্র বন্ধন করিয়া দিয়াছিল ॥২২॥

ইন্দ্রনীলমণি শ্রেণীযুক্ত কেয়ূর ধারণ করিয়া তাঁহার কর তখন সূর্য্য-কিরণে প্রফুল্ল মধুকরগণ পরিবেষ্টিত রক্তকমলের ন্যায় বিরাজ করিতে লাগিল ॥২৩॥

মরকতমণিময় স্বর্ণাঙ্গুরীয়ক তাঁহার অঙ্গুলিদলে অর্পণ করিলে ঐ অঙ্গুলির কান্তিতে তাহার (অঙ্গুরীর) স্বর্ণভাগ বিলুপ্ত হইয়াছিল। ভ্রমর যদি কখনও অচঞ্চল হইয়া চম্পককলিকাতে বাস করিত, তাহা হইলে তাহার উপমা প্রাপ্ত হইত ॥২৪॥

কর্ণদ্বয়ে মকরকুণ্ডলযুগ্মমগ্র্যং
তস্যার্পিতং পরিবিলম্বিতমাররাজ।
অভ্যঞ্চিতং রুচির-হেমসরোজপত্র-
দ্বয্যা ধ্বজদ্বয়মিবাসমবাণ-রত্যোঃ (২৩) ॥২৫॥

তস্য মূর্দ্ধি, মুকুটং তদার্পিতং
নৈককোটিঘটিতং বভৌতমাম্।
পূর্ব্বগোত্র-শিখরে হিরণ্ময়ে
কীর্ণরশ্মি-(২৪) শশিমণ্ডলং যথা ॥২৬॥

নাসিকামনু তদাস্য চিত্রকং
চন্দনেন হরিমন্দিরাখ্যকম্।
কেনচিদ্ ব্যরচি পুষ্পধন্বনো
দিব্যশক্তিরিব (২৫) ধৈর্য্যভেদিনী ॥২৭॥

(২৩) অসমবাণরেত্যাঃ কামরত্যোঃ ॥২৫॥
(২৪) মুকুটাগ্রাণাং রশ্মিভিঃ সাম্যম্ ॥২৬॥
(২৫) যমধার ইতি খ্যাতঃ ॥২৭॥

তাঁহার কর্ণদ্বয়ে অর্পিত শ্রেষ্ঠ উৎকৃষ্ট মকর-কুণ্ডল-যুগল দোদুল্যমান হইয়া মনোহর স্বর্ণ-কমলের দুইটী পত্রভূষিত মদন ও রতির ধ্বজার ন্যায় শোভা পাইতে লাগিল ॥২৫॥

অনন্তর তাঁহার মস্তকে অনেকাগ্র-বিশিষ্ট মুকুট অর্পণ করিলে তাহা স্বর্ণময় পূর্ব্বগিরি-শিখরে রশ্মি-বিকীরণকারী চন্দ্র-মণ্ডলের ন্যায় অত্যধিক শোভা পাইতে লাগিল ॥২৬॥

অতঃপর কোনও দাস তাঁহার নাসিকায় চন্দনের দ্বারা পুষ্পধন্বা কন্দর্পের ধৈর্য্যনাশী দিব্যশক্তি-নামক অস্ত্রের ন্যায় হরিমন্দিরাখ্য তিলক-রচনা করিয়া দিল ॥২৭॥

তস্য চন্দনরসেন কল্পিতা
পত্রভঙ্গীরলিকে তদা বভৌ।
অষ্টমীতিথি-শশাঙ্কমণ্ডল-
ক্রোড়মধ্যগত-তারকালিবৎ ॥২৮॥

ভঙ্গিচ্ছিদাভির্মলয়োদ্ভব-দ্রবৈঃ
সুচর্চ্চিতা তস্য তনূরশোভত।
সুচিত্রিতং রূপ্যরসেন নৈকধা (২৬)
হিরণ্ময়ং দেবকুলং (২৭) বরং যথা ॥২৯॥

তনুর্নিসর্গেণ মনোহরা প্রভোঃ
সুবর্ণরত্নাভরণৈর্বভাবলম্।
স্রক্‌চন্দনোদ্ভূত-রসৈরলন্তরাং
নবানুরাগেণ ততোঽপ্যলন্তমাম্ ॥৩০॥

(২৬) অনেকধা, (২৭) দেবদেহং প্রতিমা ইত্যর্থঃ।২৯॥

তদনন্তর তাঁহার ললাটে চন্দনের দ্বারা রচিত-পত্রাবলী অষ্টমীতিথির চন্দ্রমণ্ডলের অঙ্ক-মধ্যস্থিত তারকা-শ্রেণীর ন্যায় শোভা পাইতে লাগিল ॥২৮॥

পত্রাবলী রচনা ও চন্দনরসের দ্বারা সুচর্চ্চিত তাঁহার কলেবর তখন রজত-রসের দ্বারা অনেক প্রকারে সুচিত্রিত শ্রেষ্ঠ সুবর্ণময় দেব-প্রতিমার ন্যায় শোভা পাইতে লাগিল ॥২৯॥

প্রভুর শরীর স্বভাবতঃ মনোহর ; সুবর্ণ ও রত্নাভরণ সকলের দ্বারা তাঁহার ততোধিক শোভা পাইতে লাগিল। তাহাতে আবার মাল্য ও চন্দন-রসের দ্বারা তাহা আরও শোভা বিস্তার করিতে লাগিল এবং তাহাতে নবানুরাগের দ্বারা তাহা তদপেক্ষা অধিক পরিমাণে শোভা পাইতেছিল ॥৩০॥

এবং শ্রীবল্লভাচার্য্যসদনে চার্য্যসদনেকসখী-সমুদায়েন (২৮) সমুদাহ্বয়েন (২৯) ললিতেন কলিতেন (৩০) কল্যাণকরণেনাভরণেনাভয়োজ্জ্বলেন চন্দনেনানন্দনেনানঙ্গোদ্দীপনেন কুঙ্কুমাদিনা মাদিনা বসনেন চ লক্ষ্মীরলঞ্চক্রে ॥৩১॥

মাল্যার্পণানেহসি গৌরসুন্দরে
রুন্ধ্যাঃ কিমেতে কুটিলাভুজং তব।
অতো নিবধ্নামি গুণৈরিমানিতি
প্রবেদ্য কাচিন্নিববন্ধ কুন্তলান্ ॥৩২॥

কেশে নিবদ্ধে প্রণয়েন বেণী-
কৃত্যার্পিতঃ কুন্দজ-গর্ভকোঽভাৎ (৩১)
আবর্ত্তমধ্যে হরিদশ্বজায়াঃ (৩২)
শ্রেণীব শুক্লচ্ছদ-বিষ্কিরাণাম্ (৩৩) ॥৩৩॥

(২৮) অগ্র্যাঃ শ্রেষ্ঠাঃ সত্যঃ সাধ্ব্যঃ অনেকাশ্চ যাঃ সখ্যস্তাসাং বৃন্দেন। (২৯) সমুদা সানন্দেন অয়েন শুভাবহ বিধিনা ললিতেন, (৩০) গৃহীতেন ॥৩১॥
(৩১) গর্ভকঃ কেশমধ্যমাল্যং, (৩২) যমুনায়াঃ, (৩৩) শ্বেতপক্ষ-রাজহংসানাম্ ॥৩৩॥

এই প্রকারে শ্রীবল্লভাচার্য্যের ভবনেও অনেক শ্রেষ্ঠা ও সাধ্বী সখীমণ্ডলী সানন্দে সুন্দর শুভাবহ-বিধানে কল্যাণকর ও উজ্জ্বল-প্রভাসম্পন্ন আভরণ, আনন্দ-দায়ক চন্দন, অনঙ্গোদ্দীপক কুঙ্কুমাদি ও মত্ততাজনক অথবা সুখকর বসন গ্রহণ করিয়া তদ্দ্বারা লক্ষ্মীকে অলঙ্কৃত করিয়াছিলেন ॥৩১॥

গৌরসুন্দরকে মাল্যপ্রদানকালে এই কুটিল-কুন্তল-সমূহ কি তোমার বাহুকে রুদ্ধ করিবে? সুতরাং আমি ইহাদিগকে রজ্জু দ্বারা বন্ধন করিয়া দিতেছি—এই কথা জানাইয়া কোনও সখী তাঁহার কেশ-কলাপ বন্ধন করিয়াদিলেন ॥৩২॥

প্রণয়-পূর্ব্বক্ বেণী-রচনা করতঃ কেশ বন্ধন করিয়া তাহাতে কুন্দ-পুষ্পের মালা অর্পণ করিলে ঐ মালা তখন যমুনার আবর্ত্ত-মধ্যে শ্বেতপক্ষবিশিষ্ট রাজহংসশ্রেণীর ন্যায় শোভা পাইতে লাগিল ॥৩৩॥

কেশান্ধকারালিক-চন্দ্রখণ্ডয়ো-
বিবাদ-ভঙ্গায় কিমন্তরে তয়োঃ।
তস্যাং (৩৪) শ্রুতিপ্রান্ত-বিসারি সন্দধে
সুবর্ণ-মুক্তাভরণং কয়াচন ॥৩৪॥

সীমন্তাভরণস্য মৌক্তিক-ততিঃ কেশাদধো লম্বতে
তস্যাঃ স্মেতি বদন্তি কেচন জনা যত্তন্ন সত্যং ভবেৎ।
সত্যন্ত্বেতদদো মুখং (৩৫) সিতরুচিং মত্বা গরীতুং নিজং
ব্যাদায়াননমাগতস্য তমসো (৩৬) দন্তালিরাভাসতে ॥৩৫॥

বিদ্যুৎ স্থিরা যদি ভবেন্নবনীরদান্তে
তস্যাস্ত্বধো যদি ঘনোদয়তে ভ-পঙ্‌ক্তিঃ (৩৭)।
সীমন্তবর্ত্তিপরিলম্বিত-মুক্তমস্যা (৩৮)
হৈমং তদোপমিতিমেতি বিভূষণং তৎ ॥৩৬॥

---

(৩৪) তস্যাং লক্ষ্যাং ॥৩৪॥

(৩৫) লক্ষ্মীমুখং, (৩৬) তমসঃ রাহোঃ ॥৩৫॥

(৩৭) ভ-পংক্তিঃ নক্ষত্রশ্রেণী, (৩৮) পরিলম্বিতা মুক্তা যত্র।৩৬॥

লক্ষ্মীর কেশরূপ অন্ধকার ও ললাটরূপ চন্দ্রখণ্ড উভয়ের বিবাদ ভঞ্জনের নিমিত্ত কি তাহাদের মধ্যে কোনও সখী কর্ণপ্রান্তবিস্তারি সুবর্ণময় মুক্তাভরণ প্রদান করিতেছিলেন ॥৩৪॥

কোন কোন ব্যক্তি বলিয়া থাকেন যে, তাঁহার সীমন্ত-ভূষণের মুক্তাসমূহ কেশের অধোভাগে লম্বমান ছিল; তাহা সত্য নহে। পরন্তু ইহাই সত্য যে, তাঁহার বদনকে চন্দ্র মনে করিয়া নিজমুখ ব্যাদান পূর্ব্বক গ্রাস করিবার জন্য আগত রাহুর দন্ত-সকল প্রকাশ পাইতেছিল ॥৩৫॥

নবীন-মেঘ-মধ্যে যদি বিদ্যুৎ স্থির হইয়া থাকে তাহার নিম্নে যদি নিবিড় নক্ষত্র-মালা উদিত হয়, তবে তাহা সীমন্তস্থিত-লম্বমান মুক্তাবিশিষ্ট সেই স্বর্ণাভরণের উপমা প্রাপ্ত হয় ॥৩৬॥

তস্যা মুখে নূতন-পীতনেন (৩৯)
লিলেখ কাচিদ্ বহুপত্রভঙ্গীঃ।
মত্বা তদাস্যং কনকাম্বুজং কিং
ন্যবিক্ষতাস্মিন্মধুমক্ষিকৌঘঃ ॥৩৭॥
প্রপাস্যথো গৌরবিধোর্ব্বচো যুবাং
ততো ভবেথঃ কর্ণপুটে বিভূষণম্।
ইতীরয়িত্বা সহসাননা সখী
ন্যধাত্তয়োঃ কাঞ্চন-কুণ্ডলদ্বয়ম্ ॥৩৮॥
গৌরস্য দৃষ্টিসময়েঽস্রু যদি ক্ষরেতাং
দৃষ্টী তদা মম সখী হ্রিয়মাপ্স্যতীতি।
উক্ত্বাপরালিরকরোৎ শুচিসিন্ধু-পঙ্ক-
সৎকজ্জলস্য (৪০) কিমু তত্র সুরেখয়ালিম্ (৪১) ॥৩৯॥

---

(৩৯) নবীনকুঙ্কুমেন ॥৩৭॥
(৪০) শৃঙ্গার-সমুদ্র-পঙ্করূপো যঃ সৎকজ্জলঃ, (৪১) তত্র দৃষ্ট্যোঃ আলিং সেতুম ॥৩৯॥

কোনও সখী তাঁহার মুখে নূতন-কুঙ্কুমের দ্বারা বহুপত্রাবলী লিখন করিয়াদিলেন। তাঁহার মুখখানিকে স্বর্ণকমল মনে করিয়া কি তাহাতে মধু-মক্ষিকা-শ্রেণী প্রবেশ করিতেছিল ॥৩৭॥

হে কর্ণপুটদ্বয়! তোমরা গৌরবিধুর বচনামৃত পান করিবে। সেইহেতু তোমাদিগকে ভূষিত করা উচিত। এই কথা বলিয়া সহাস্য-বদনা কোনও সখী সেই-কর্ণদ্বয়ে দুইটী স্বর্ণকুণ্ডল পরাইয়া দিয়াছিলেন ॥৩৮॥

গৌরকে দর্শন করিবার সময়ে যদি নয়ন-যুগল (আনন্দজনিত) অশ্রুমোচন করে, তাহা হইলে আমার সখী লজ্জা প্রাপ্ত হইবে—এই বলিয়া অপর কোনও সখী কি শৃঙ্গার-সমুদ্রের পঙ্করূপ সুন্দর কজ্জলের মনোজ্ঞ রেখা দ্বারা ঐ নেত্রদ্বয়ে সেতু নির্ম্মাণ করিয়াছিলেন ॥৩৯॥

নাসেঽসি গৌরস্য মুখারবিন্দং
ঘ্রাস্যস্যতস্ত্বাং বহুভূষয়েয়ম্।
ইতি ব্রুবাণা তিলকং সুচারু
মুক্তাঞ্চ তস্যামপরা দধার॥৪০॥

রক্তো যথা ত্বমসি তস্য তথাঽধরোঽপি
তস্মান্ন শক্ষ্যসি বিজেতুমমুং কথঞ্চিৎ।
তদ্‌যাবকেন দশনচ্ছদ! রঞ্জয়ানি
ত্বামিত্যুদীর্য্য লিলিপেঽপরয়া স তেন॥৪১॥

কণ্ঠস্বনেন ভবতো ননু গৌরচন্দ্র
স্তোষং সমেস্যতি যথেষ্টমতো ভবন্তম্।
অভ্যার্চ্চয়ানি বহুধেতি নিগদ্য কাচিদ্
গ্রৈবেয়কাদি-মণিভূষণমাদধেঽত্র॥৪২॥

হে নাসিকে! তুমি গৌরের মুখারবিন্দ আঘ্রাণ করিবে। অতএব আমি তোমাকে প্রচুর পরিমাণে বিভূষিত করিব—এই কথা বলিয়া অন্য কোনও সখী তাঁহার সেই নাসিকায় সুচারু-তিলক ও মুক্তা ধারণ করাইয়া দিলেন॥৪০॥

হে অধর! তুমি যেমন রক্তবর্ণ, বিশ্বম্ভরের অধরও সেইরূপ রক্তবর্ণ। সুতরাং তুমি কোনও প্রকারে তাঁহার ঐ অধরকে জয় করিতে পারিবে না। অতএব আমি তোমাকে যাবকের দ্বারা রঞ্জিত করিব—এই বলিয়া অপর কোনও সখী তাঁহার সেই অধরকে যাবকের দ্বারা লিপ্ত করিয়াছিলেন॥৪১॥

হে কণ্ঠ! তোমার শব্দে গৌরচন্দ্র যথেষ্ট সন্তোষ লাভ করিবেন, এইজন্য আমি তোমাকে বহু-প্রকারে অর্চ্চনা করিব—এই কথা বলিয়া কোনও সখী তাঁহার কণ্ঠে কণ্ঠহার প্রভৃতি মণিময় অলঙ্কার প্রদান করিয়াছিলেন॥৪২॥

তস্যা স্তনৌ চন্দন-পত্রভঙ্গ্যা
মাল্যৈশ্চ দত্তৈর্ব্বভতুঃ কয়াচিৎ।
গৌরস্য হৃন্মন্দির-বেশনার্থং
কিং স্থাপিতৌ কানকপূর্ণকুম্ভৌ ॥৪৩॥
উরোজয়োর্ম্মধ্যবিলম্বিনিষ্কং
চন্দ্রাশ্মক্লৃপ্তং বিররাজ তস্যাঃ।
পূর্ব্বাদ্রি-শৃঙ্গদ্বয়-মধ্যবর্ত্তী
নিষ্কলঙ্কনঃ পূর্ণকলঃ শশীব ॥৪৪॥
সখ্যার্পিতা বক্ষসি তর্হি তস্যা
গুরুপ্রভাঢ্যো (৪২) সুরবর্ত্মনীব।
মধ্যস্থলোল্লাসি-সুধাংশুকান্তা (৪৩)
নক্ষত্রমালা (৪৪) নিতরাং দিদীপে ॥৪৫॥

---

(৪২) গুর্ব্ব্যা প্রভয়া আঢ্যে পক্ষে বৃহস্পতি-প্রভয়া আঢ্যে, (৪৩) মধ্যস্থলে উল্লাসী চন্দ্রকান্ত-মণির্যস্যাঃ, পক্ষে মধ্যস্থলোল্লাসিনা চন্দ্রেন কান্তা, (৩৪) নক্ষত্রমালা সপ্তবিংশতিমৌক্তিকহারঃ, নক্ষত্র-শ্রেণী চ ॥৪৫॥

তাঁহার স্তনদ্বয় চন্দনাঙ্কিত পত্রভঙ্গি এবং কোনও সখী-কর্ত্তৃক প্রদত্তমাল্য সকলের দ্বারা গৌরের হৃদয়মন্দিরে প্রবেশের নিমিত্ত স্থাপিত দুইটী স্বর্ণময় পূর্ণ-কুম্ভরূপে কি শোভা পাইতেছিল ? ॥৪৩॥

তাঁহার স্তনদ্বয়ের মধ্যে বিলম্বমান চন্দ্রকান্তমণি-রচিত নিষ্ক (পদক) পূর্ব্বা-চলের শৃঙ্গদ্বয়ের মধ্যবর্ত্তী পূর্ণকলা-বিশিষ্ট নিষ্কলঙ্ক-চন্দ্রের ন্যায় বিরাজ করিতে-ছিল ॥৪৪॥

বৃহস্পতির প্রভাযুক্ত অন্তরীক্ষের মধ্যস্থলে শোভমান চন্দ্রের দ্বারা রমণীয় নক্ষত্র-মণ্ডলীর ন্যায় তখন অত্যুজ্জ্বল প্রভাযুক্ত লক্ষ্মার বক্ষঃস্থলে সখী-কর্ত্তৃক প্রদত্ত মধ্যস্থলে চন্দ্রকান্ত মণিদ্বারা শোভমান নক্ষত্রমালা-নামক (সপ্তবিংশতি মুক্তারচিত) হার অতিশয় দীপ্তি পাইতে লাগিল ॥৪৫॥

কয়াপি সখ্যা নিহিতস্তদাস্যা
বক্ষস্যনর্ঘঃ শতযষ্টিহারঃ (৪৫)।
অধো বিসারী স্মিতশুভ্রকান্তে-
র্গভস্তি-সন্দোহ (৪৬) ইব ব্যরাজীৎ ॥৪৬॥

বাহূ! যুবাং দুর্ল্লভ-ভাগ্যভাজৌ
গৌরস্য কণ্ঠং স্পৃশথঃ পুরা (৪৭) যৎ।
ততোঽর্চ্চয়ানীতি নিগদ্য কাচিৎ
সুবর্ণকেয়ূরমধত্ত তত্র ॥৪৭॥

মাল্যপ্রদানাবসরে কথঞ্চিৎ
করৌ যুবাং মা কুরুতং বিলম্বম্।
তদর্থমুৎকোচমিমং দদানী-
ত্যুক্ত্বাঙ্গদং তত্র যুযোজ কাচিৎ ॥৪৮॥

(৪৫) তন্নামকহার-বিশেষঃ, শতলতিকহারঃ, (৪৬) স্মিতচন্দ্রস্য কিরণসমূহ ইব ॥৪৬॥
(৪৭) পুরা প্রস্পৃশথঃ স্পর্শিষ্যথঃ ॥৪৭॥

অনন্তর তাঁহার বক্ষে কোনও সখী-কর্ত্তৃক প্রদত্ত মহামূল্য শতষষ্টি-নামক-হার নিম্নে বিস্তারশীল মৃদুহাস্যরূপ সুধাংশুর কিরণ-সমূহের ন্যায় বিরাজ করিতেছিল ॥৪৬॥

হে বাহুদ্বয়! তোমরা উভয়ে দুর্ল্লভ-ভাগ্যশালী, যেহেতু তোমরা গৌরের কণ্ঠ স্পর্শ করিবে। অতএব আমি তোমাদিগকে অর্চ্চনা করিব—এই কথা বলিয়া কোনও সখী তাঁহার সেই বাহুদ্বয়ে সুবর্ণ-কেয়ূর প্রদান করিয়াছিলেন ॥৪৭॥

হে কর যুগল! মাল্যপ্রদানকালে তোমরা কোনও প্রকারে বিলম্ব করিও না। সেইজন্য আমি তোমাদিগকে এই উৎকোচ (ঘুষ) দিতেছি—এই কথা বলিয়া কোনও সখী তাঁহার সেই বাহুদ্বয়ে অঙ্গদ (বালা) যুক্ত করিয়া দিলেন ॥৪৮॥

দৌরাত্ম্যং কিমিদং বিধের্ম্মম (৪৮) তথা বেদস্য যস্মাদহং
দাস্যন্তীং তিলকং শচীতনুভবে ত্যক্ত্বা কনিষ্ঠামিমাম্।
কুর্ব্বীয়ালমনামিকামিতি (৪৯) বদন্ত্যন্যা সখী কানকীং
রত্নেণোজ্জ্বলিতামমুত্র নিদধে মন্দস্মিতাস্যোর্ম্মিকাম্ ॥৪৯॥
সখ্যার্পিতং লোহিত-বাসসোর্যুগং
সংচ্ছাদ্য তস্যাস্তনুমত্যশোভত।
বিবাহ-নৈকট্যমহেন বর্দ্ধিতো
মন্যেঽনুরাগোঽন্তরমান্ বহির্গতঃ (৫০) ॥৫০॥
ত্বামর্পয়ামি রসনে বর-পার্শ্বযাত্রা-
কালে কুরুষ্ব মৃদুনাদমিতীরয়ন্তী।

(৪৮) মম বিধেরদৃষ্টস্য বেদস্য বিধেরাজ্ঞায়াঃ অনামিকায়ামঙ্গুরীয়কং ধার্য্যমিত্যেক রূপায়াঃ।
(৪৯) অলং কুর্ব্বীয় ভূষয়েয়ং, ঊর্ম্মিকামঙ্গুরীয়কম্ ॥৪৯॥
(৫০) অন্তঃ হৃদয়ে অমান্ পরিমাণং অপ্রাপ্নুবন্ ॥৫০॥

আমার অদৃষ্টের এবং বেদবিধির এ কি দৌরাত্ম্য যে, শচীনন্দনকে তিলক প্রদানকারিণী এই কনিষ্ঠা অঙ্গুলীকে ত্যাগ করিয়া আমি অনামিকাকে অলঙ্কৃত করিব—এই কথা বলিতে বলিতে অন্য কোনও সখী মৃদুহাস্যযুক্ত-বদনে তাঁহার সেই অনামিকা অঙ্গুলীতে হীরকের দ্বারা উজ্জ্বল স্বর্ণাঙ্গুরী প্রদান করিলেন ॥৪৯॥

কোনও সখীকর্ত্তৃক অর্পিত রক্তবর্ণবসনযুগল তাঁহার শরীর আচ্ছাদন করিয়া অত্যন্ত শোভা পাইতে লাগিল। মনে হয়, বিবাহ নিকটবর্ত্তী হওয়ায় আনন্দে অনুরাগ বর্দ্ধিত হইয়া হৃদয়ে স্থান না পাইয়া বহির্গত হইয়াছিল ॥৫০॥

হে রসনে (চন্দ্রহার)! বরের পার্শ্বে যাত্রাকালে তুমি মৃদু শব্দ করিও এই আমি তোমাকে অর্পণ করিতেছি—অন্য কোনও সখী এই কথা বলিলে

লক্ষ্ম্যা কটাক্ষ-বিশিখৈরভিতাড়িতাস্যা

তামাববন্ধ হসিতাস্যমদো নিতম্বে ॥৫১॥

পদে যুবাং নূপুর-হংসকাদিভি-

র্বিভূষয়েয়ং বরপার্শ্বসঙ্গমে।

যুবাং বিলম্বং কুরুতং নহীতি কা-

প্যভিব্রুবাণা খলু তে ব্যভূষয়ৎ ॥৫২॥

লাক্ষারসালিচরণেঽত্র সমর্প্যসে ত্ব-

মস্যেব (৫১) তস্য বহু বর্দ্ধয়িতাসি রাগম্।

এবং নিগদ্য দদতীং তমমুত্র লক্ষ্মী-

লীলাম্বুজেন সমতাড়য়দালিমেকাম্ ॥৫৩॥

---

(৫১) অস্য আলিচরণস্য রাগং রক্তিমানমিব, তস্য গৌরস্য রাগম্ অনুরাগম্ ॥৫৩॥

লক্ষ্মী তাহাকে কটাক্ষ–বাণের দ্বারা তাড়না করিলেন। তখন ঐ সখী সহাস্য–বদনে তাঁহার নিতম্বে চন্দ্রহার বন্ধন করিয়াছিলেন ॥৫১॥

হে পদদ্বয়! আমি তোমাদিগকে নূপুর, হংসকপ্রভৃতি অলঙ্কারের দ্বারা ভূষিত করিতেছি। তোমরা বরের পার্শ্বে গমন বিষয়ে বিলম্ব করিও না—কোনও সখী এই কথা বলিতে বলিতে তাঁহার চরণযুগল বিভূষিত করিয়াছিলেন ॥৫২॥

হে লাক্ষারস (আলতা)! আমি তোমাকে সখীর এই চরণে প্রদান করিতেছি। তুমি এই চরণের রাগের (রক্তিমার) ন্যায় গৌরের রাগকে (অনুরাগকে) অতিশয় বৃদ্ধি করিবে। এই কথা বলিয়া কোনও এক সখী লক্ষ্মীর চরণে লাক্ষারস প্রদান করিতে লাগিলে লক্ষ্মী লীলাকমলের দ্বারা তাহাকে তাড়না করিলেন ॥৫৩॥

সা চ তয়া তড়িতা তামুবাচ—সখি ! নিজকার্য্যে পণ্ডিতাসি, যস্মাদেতাবন্তং কালং নানাবিধা াঙ্গিতান্যাচরিতবতীরন্যাঃ সখীর্ন তাড়িতবত্যসি, ইদানীন্তু নিষ্পন্ন-বেষা যথার্থ-ভাষিণীমপি মাং তাড়য়সি ॥৫৪॥

অন্যা সহাসমাহস্ম—সখি ! প্রিয়সখীয়ং ত্বাং ন তাড়য়তি, কিন্তু প্রীত্যা পূজয়তীতি।' তচ্ছ্রুত্বা বক্রীকৃতভ্রূর্লক্ষ্মীস্তামবলোকয়ামাস ॥৫৫॥

ততঃ সোবাচ—'প্রিয়সখি ! সর্ব্বাভ্যো যৎ ক্রুদ্ধ্যসি, তেনানুমীয়তেঽস্মাভিঃ কল্পিতো বেশস্তুভ্যং ন রোচতে. ততোঽত্র দর্পণে দৃষ্ট্বাদিশ, যো যো বেশো মনোহরো ন ভূতস্তং তং পুনঃ সম্পাদয়িষ্যাম' ইতি ব্রুবাণা তদগ্রতো দর্পণমর্পয়ামাস ॥৫৬॥

লক্ষ্মীস্তু তত্রাত্মানমালোক্য গৌরযোগ্যং মত্বা পরমানন্দমবাপ।

সেই সখী লক্ষ্মী-কর্ত্তৃক তাড়িত হইয়া তাহাকে বলিলেন—সখি ! তুমি নিজকার্য্যে পণ্ডিতা ! যে হেতু এতসময় পর্য্যন্ত অন্যান্য সখীগণ নানা প্রকার ইঙ্গিত করিতেছিল, কিন্তু তুমি তাহাদিগকে তাড়না কর নাই। এক্ষণে বেশ নিষ্পন্ন হইয়াছে, আর আমি যথার্থ বলিলেও তুমি আমাকে তাড়না করিতেছ ॥৫৪॥

অন্য এক সখী সহাস্যে বলিলেন—সখি ! এই প্রিয়সখী তোমাকে তাড়না করিতেছেন না, কিন্তু প্রীতির সহিত পূজা করিতেছেন। তাহা শুনিয়া লক্ষ্মী ভ্রূ বক্র করিয়া তাহার প্রতি দৃষ্টিপাত করিলেন ॥৫৫॥

অনন্তর সেই সখী বলিলেন—প্রিয়সখি ! তুমি সকলের প্রতি যে ক্রোধ করিতেছ, তাহাতে অনুমান হইতেছে যে. আমাদের রচিত বেশ তোমার রুচিকর হইতেছে না। অতএব এই দর্পণে দেখিয়া বল—যে যে বেশ মনোহর হয় নাই. আমরা পুনরায় সেই সেই বেশ সম্পাদন করি—এই কথা বলিয়া তাঁহার সম্মুখে দর্পণ অর্পণ করিলেন ॥৫৬॥

সা লোকবর্ত্তিযুবতী-নিকুরম্বমৌলি-
নির্দূষণানি সুষমাণি (৫২) বিভূষণানি।
সখ্যশ্চ বেশরচনা-পরমপ্রবীণা-
স্তস্মাৎ কথং ন হি ভবেৎ সুষমা বিচিত্রা ॥৫৭॥

অথ শুভযাত্রা-সময়ে সমুপস্থিতে শ্রীবিশ্বম্ভরো দামোদরায়ামোদরায়াতিশ্রদ্ধয়া নমস্কৃত্য মাতরং মান্যানন্যানপি প্রণম্য তয়া তৈশ্চ কৃত-মঙ্গলাচরণো বধূতর্তো ধূতর্তৌর্য্যত্রিকনাদমদং (৫৩) মঙ্গলনাদং কুর্ব্বত্যাং চতুর্দ্দোলীমারুরোহ ॥৫৮॥

যা খলু-

দাহোত্তীর্ণ-সুবর্ণপত্রজটিতা রক্তাবদাতা সিতৈ-
রত্নৌঘৈঃ খচিতা মনোহরতরৈ স্তম্ভৈরনল্প-র্যুতা।

(৫২) সুন্দরাণি ॥৫৭॥
(৫৩) ধূতঃ দূরীকৃতস্তৌর্য্যত্রিক নাদস্য বাদ্যাদিশব্দস্য মদো যেন তথাভূতম্ ॥৫৮॥
(৫৪) গণ্ডুঃ উপধানং, বিতানং চন্দ্রাতপঃ ॥৫৯॥

লক্ষ্মী তাহাতে নিজ-অঙ্গ দর্শন করিয়া তাহা গৌরের যোগ্য মনে করতঃ পরমানন্দ লাভ করিলেন। তিনি ভুবনমধ্যবর্ত্তী যুবতীগণের শিরোমণি। ভূষণসমূহও (অথবা ভূষণ-কর্ম্ম) নির্দ্দোষ ও অতিসুন্দর। সখীগণও বেশ রচনায় পরম প্রবীণা। সুতরাং বিচিত্র শোভা হইবে না কেন? ॥৫৭॥

অনন্তর শুভযাত্রার সময় উপস্থিত হইলে শ্রীবিশ্বম্ভর অতি শ্রদ্ধার সহিত আনন্দদাতা দামোদরকে নমস্কার এবং জননী ও অন্যান্য মান্যবর্গকে প্রণাম করিলেন। তাহারা সকলে তাঁহার মঙ্গলাচরণ করিলেন। অতঃপর বধূগণ নৃত্যগীত বাদ্যধ্বনির গর্ব্বহরণকারী অর্থাৎ অতি তুমুল মঙ্গলধ্বনি করিতে লাগিলে তিনি চতুর্দ্দোলায় আরোহণ করিলেন ॥৫৮॥

যে দোলাটী দাহোত্থিত বিশুদ্ধ সুবর্ণের পত্র (পাত) দ্বারা মণ্ডিত, রক্ত, শ্বেত ও নীলবর্ণ রত্নসমূহের দ্বারা খচিত, অতিসুন্দর বহুস্তম্ভযুক্ত, দ্বাদশ-দ্বার-বিশিষ্ট-উজ্জ্বল, তূলী, (তুলারগদী) উপাধান ও চন্দ্রাতপের দ্বারা অতিমনোহর

দ্বারদ্বাদশকোজ্জ্বলা সুদধতী মূৰ্দ্ধ্না পতাকাং বরাং
ভূলী-গণ্ডু-(৫৪)-বিতান-মঞ্জুলতমা রেজে বিমানং যথা ॥৫৯॥

ততশ্চ শিবিকাবাহ-পুরুষৈস্তস্যাং চতুর্দ্দোল্যাং স্কন্ধে সমারোপিতায়াং—

শ্রীগৌরদেব-সুষমা-লসদন্তরায়া-
স্তস্যা দিশো নিজরুচা পরিমণ্ডয়ন্ত্যাঃ।
আসীদ্বিমান-বিভবেঃ খলু যো বিশেষো-
ঽপ্যোগামিতা শমমবিন্দত সোঽপ্যশেষম্ (৫৫) ॥৬০॥

যানং সমারুহ্য বরং বিমানং
প্রোল্লাসয়ন্ কৌমুদমাত্মরুচ্যা (৫৬)।
গৌরো (৫৭) নবদ্বীপপুরেঽম্বরে চ
প্রকাশিতামাপ তদা সমানম্ ॥৬১॥

---

(৫৫) তস্যাঃ সকাশাদ্ বিমানানাং আকাশগামিতারূপো যো বিশেষঃ আসীৎ, সোঽপি নিবৃত্তিং প্রাপ।৬০।

(৫৬) কৌ পৃথিব্যাং মুদং, পক্ষে কৌমুদং কুমুদ-সমূহং (৫৭) গৌরো বিশ্বম্ভরঃ, অম্বরে আকাশে গৌরশ্চন্দ্রঃ।৬১॥

এবং শীর্ষদেশে উৎকৃষ্ট পতাকাধারণ করিয়া বিমানের (দেবরথের) ন্যায় বিরাজ করিতেছিল ॥৫৯॥

অনন্তর বিশিকাবাহক-পুরুষগণ সেই চতুর্দ্দোলাটী স্কন্ধে তুলিয়া লইলে—তাহার মধ্যভাগ শ্রীগৌরদেবের সৌন্দর্য্যে শোভা পাইতেছিল এবং উহা নিজ কান্তিতে দিকসকল বিভূষিত করিতেছিল। উহা হইতে বিমানসমূহের আকাশ-গামিতারূপ যে পার্থক্য ছিল, তখন তাহাও সর্ব্বাংশে দূর হইয়াছিল ॥৬০॥

তখন উত্তম বিমান (দোলা পক্ষে দেবরথ) রূপ যান আরোহণ করিয়া এবং নিজ-দীপ্তিতে কৌমুদকে (জগদ্বাসীজনের আনন্দকে পক্ষে কুমুদসমূহকে) উল্লাসিত করিয়া গৌর (বিশ্বম্ভর পক্ষে চন্দ্র) নবদ্বীপপুরে ও আকাশে সমানভাবে প্রকাশ পাইলেন ॥৬১॥

শ্যামেষু দণ্ডেষু নিবদ্ধ্যমানা-
স্তদা চলন্তি স্ম পুরঃ পতাকাঃ।
উত্তোল্য বাহূন্ ধরণিঃ করৈঃ কিং
পশ্চাৎস্থিতানাং কুরুতে স্ম হূতিম্ (৫৮) ॥৬২॥

আনদ্ধমাপ খলু ভর্হ্যতিবদ্ধভাবং (৫৯)
যদ্‌যদ্‌ঘনঞ্চ (৬০) ঘনতাং (৬১) তততাং ততঞ্চ (৬২)।
তদ্যুক্তমেব শুষিরস্তু (৬৩) মনোহরং য-
চ্ছেদেতরামশুষিরত্বমিদং (৬৪) বিচিত্রম্ ॥৬৩॥

টং টং টং টং টমিতি নদিতং ঝর্ঝরৌঘৈস্তদাসীৎ (৬৫)
ঠং ঠং ঠং ঠং ঠমিতি পণবৈঃ সস্বনে ত্যক্তসংখৈ্যঃ।

---

(৫৮) আহ্বানম্ ॥৬২॥

(৫৯) আনদ্ধং মুরজাদিকং, অতিবদ্ধভাবং বদ্ধসংখ্যাতীতত্বমিত্যর্থঃ, অথচ সম্যগ্‌বদ্ধস্য অতিবদ্ধভাবপ্রাপ্তির্যুক্তৈব, (৬০) ঘনং কাংস্যতালাদি, (৬১) নিবিড়তাম্, (৬২) ততং বীণাদিকং ততভাং বিস্তৃতত্বং, (৬৩) বংশ্যাদিকং, (৬৪) অচ্ছিদ্রত্বং নির্দ্দোষত্বমিত্যর্থঃ অথচ শুষির-ভিন্নতাম্ ॥৬৩॥

(৬৫) ঝর্ঝরৌঘৈঃ কাড়া ইতি খ্যাতৈঃ ॥৬৪॥

তখন শ্যামদণ্ডে নিবদ্ধ পতাকা-সকল অগ্রে অগ্রে চলিতে লাগিল। পৃথিবী কি বাহুসমূহ উত্তোলন করিয়া পশ্চাৎস্থিতব্যক্তিগণকে হস্তদ্বারা আহ্বান করিতেছিল ॥৬২॥

তৎকালে আনদ্ধসকল (মৃদঙ্গাদিবাদ্যযন্ত্র) যে অতিবদ্ধভাব (পক্ষে বদ্ধ-সখ্যাতীতত্ব অর্থাৎ অসংখ্যত্ব), ঘন (কাংস্যকরতালাদি) যে ঘনতা (নিবিড়তা), তত (বীণাদি) যে ততভা (বিস্তৃতত্ব) প্রাপ্ত হইয়াছিল, তাহা উপযুক্তই বটে; কিন্তু মনোহর শুষির (বংশী প্রভৃতি) যে অত্যন্ত অশুষিরত্ব (শুষিরভিন্নতা পক্ষে অচ্ছিদ্রতা অর্থাৎ নিবিড়তা অথবা নির্দ্দোষতা) লাভ করিয়াছিল— ইহাই আশ্চর্য্য ॥৬৩॥

তখন ঝর্ঝরসকল (কাড়া) টং টং টং টং টং শব্দ করিতে লাগিল। অসংখ্য পণব (পাখোয়াজ) ঠং ঠং ঠং ঠং ঠং রব করিতে লাগিল। অনেক ডিণ্ডিম

ডং ডং ডং ডং ডমিতি বহুভিদ ধ্বনে ডিণ্ডিমৌঘৈ-
ঢং ঢং ঢং ঢং ঢমিতি রণিতং কাংস্যজৈর্ব্বাদ্যভেদৈঃ ॥৬৪॥

বাদ্যং নাজনি তর্হি তদ্বিরহিতং গানেন দিব্যেন যদ্
গানং তচ্চ ন যৎস্বরেণ মধুরেণাবাপ নাবদ্ধতাম্ (৬৬)
নাসাবাবিরভূৎ স্বরোঽপি নহি যো রাগেণ সংভূষিতো
রাগঃ সোঽপি ন যো বভূব হৃদয়ানন্দায় নৃণাং ভৃশম্ ॥৬৫॥

সৌন্দর্য্যেণ সুরাঙ্গণাঃ পটরুচা প্রাতস্তনং ভাস্করং
তারা-মণ্ডন-মণ্ডলৈঃ স্মরশরান্ রম্যৈঃ কটাক্ষৈরপি।
বাতান্দোলিত-পল্লবান্ করযুগ-প্রক্ষেপণৈঃ খঞ্জনা-
নঙ্ঘ্রিন্যাসজবৈর্বিজিত্য বিদধুর্নট্যস্তদা নর্ত্তনম্ ॥৬৬॥

---

(৬৬) মধুরেণ স্বরেণ আবদ্ধতাং যন্নাবাপ ॥৬৫॥

সমূহ (ডেঙ্গরী বাদ্য) ডং ডং ডং ডং ডং ধ্বনি করিতে লাগিল এবং কাংস্য নির্ম্মিত বাদ্যযন্ত্রসকল ঢং ঢং ঢং ঢং ঢং শব্দ করিতে লাগিল ॥৬৪॥

তখন এমন বাদ্য হয় নাই যাহা মনোহর গান-রহিত ছিল, সেরূপ গান হয় নাই যাহা মধুর স্বরবদ্ধ না ছিল. এরূপ স্বরও প্রকাশিত হয় নাই যাহা রাগ-ভূষিত ছিল না এবং সেরূপ রাগও ছিল না যাহা লোকের অত্যন্ত হৃদয়ানন্দজনক না হইয়াছিল ॥৬৫॥

তখন নর্ত্তকীগণ সৌন্দর্য্যের দ্বারা দেবাঙ্গনাগণকে. বসনের কান্তি-দ্বারা প্রাতঃকালীন রবিকে. অলঙ্কার-সমূহের দ্বারা তারকামণ্ডলীকে, রমণীয়-কটাক্ষ সকলের দ্বারা কামের শর-নিকরকে, করযুগলের ক্ষেপণের দ্বারা পবনচালিত পল্লব-সমূহকে এবং চরণ-বিন্যাসের বেগ-দ্বারা খঞ্জন-পক্ষীদিগকে জয় করিয়া নৃত্য করিতেছিল ॥৬৬॥

বাদ্যধ্বানৈর্মধুর-মধুরৈর্দিব্যসঙ্গীতশব্দৈ-
র্নৃত্যন্নর্ত্তক্যতুলরসনা-নূপুরাদ্যুত্থনাদৈঃ।
বন্ধূহ্বানৈ-(৬৭) র্জয়জয়রবৈস্ত্রীকৃতোলূলুরাবৈ-
রেকীভূতৈরখিলমভবদ্বিশ্বমেব প্রপূর্ণম্ ॥৬৭॥

তদেবমানন্দ-বহুলকোলাহলমাকলয্য কমলাসন-কলাপভৃদাখণ্ডল-প্রমুখা বর্হির্মুখাঃ, সনক-সনাতন-নারদাদয়ো মুনয়ঃ, সিদ্ধগন্ধর্ব্বকিন্নরাদয়োঽপি বিশ্বাম্ভর-বিবাহোৎসবাব-লোকনায়াম্বরমাসেদুঃ। আসদ্য চ যথোচিতং জয়ধ্বনি-স্তুতি-নৃত্য-গীতানি বিদধুঃ ॥৬৮॥

চন্দ্রস্তারা-বিততিরমরাঃ কিন্নরাস্তৎ প্রিয়াশ্চ (৬৮)
ব্যোম্নি ক্ষিত্যাং প্রভুরমৃতগুর্দ্দীপকাস্তারকাল্যঃ।

(৬৭) অরে অমুক? ইহাগচ্ছেত্যাদিরূপৈঃ।৬৭॥

(৬৮) কিন্নর্যাঃ, (৬৯) দ্যাবা পৃথিব্যৌ।৬৯।

সেই সময়ে অতিমধুর বাদ্যধ্বনি, মনোহর সঙ্গীত-শব্দ নৃত্য-পরায়ণা নর্ত্তকীগণের কাঞ্চীদাম নূপুর-প্রভৃতি হইতে উত্থিত অনুপমধ্বনি "অহে গদাধর! হে দামোদর!" ইত্যাদি প্রকারে বন্ধুগণের আহ্বান শব্দ, জয়-জয় রব, স্ত্রীগণকৃত উলু-উলু ধ্বনি-সমস্ত একসঙ্গে মিলিত হওয়ায় তদ্দ্বারা নিখিল-বিশ্বই পরিপূর্ণ হইয়াছিল ॥৬৭॥

এই-প্রকার আনন্দবহুল কোলাহল শুনিয়া ব্রহ্মা, শঙ্কর, ইন্দ্র-প্রভৃতি দেবতাগণ; সনক, সনাতন, নারদাদি মুনিগণ; এবং সিদ্ধ, গন্ধর্ব্ব, কিন্নর-প্রভৃতিও বিশ্বম্ভরের বিবাহোৎসব দর্শনের নিমিত্ত আকাশে আগমন করিয়াছিলেন। তথায় উপস্থিত হইয়া তাঁহারা যথোচিত জয়ধ্বনি, স্তুতি ও নৃত্য-গীত করিতেছিলেন ॥৬৮॥

আকাশে চন্দ্র, তারকা-পুঞ্জ, দেবগণ, কিন্নরগণ ও কিন্নরীগণ বিরাজমান; এবং পৃথিবীতে প্রভু চন্দ্র; দীপসকল নক্ষত্রমালা; ব্রাহ্মণগণ অমরসকল;

ভূমীদেবাস্ত্বমরনিকরা গায়কাঃ কিন্নরৌঘা
নট্যঃ কিন্নর্য্য ইতি সমতাং রোদসী (৬৯) তর্হ্যয়াতাম্ ॥৬৯॥

তদেবমধ্বন্যনুপমধ্বন্যনুপদ্যমান-দিগন্তং (৭০) চলতি শ্রীশচীতনয়ে ন যে গন্তুং সমর্থাস্তেপ্যালম্ব্য পরঞ্জনং রঞ্জনং (৭১) প্রাপ্নুবন্তো দ্রষ্টুং জগ্মুঃ, কিমুত তেভ্যো বিপরীতা (৭২), বিপরীতাপা (৭৩) অপি, কিমুততরাং তদিতরে (৭৪) হৃদিতরেকা (৭৫) অপ্যন্যতঃ, কিমুততমাং পরে ততো হৃপরেত-তোষাঃ (৭৬) পরবশীভাব-রহিতা বরহিতাঃ ॥৭০॥

(৭০) অনুপম-ধ্বনিনা অনুপদ্যমানা দিগন্তা যত্র তদ্ যথা স্যাৎ, (৭১) রাগম্, (৭২) গন্তুং সমর্থাঃ, (৭৩) বিশিষ্টঃ পরীতাপো যেষাং তেঽপি, (৭৪) তদিতরে পরীতাপ রহিতাঃ, (৭৫) অন্তুতো ন দিতঃ খণ্ডিতো রেকঃ শঙ্কা যেষাং অন্যতঃ শঙ্কিতা অপীত্যর্থঃ। (৭৬) ততঃ শঙ্কিতেভ্যঃ পরে অশঙ্কিতাঃ অপরেতো ন পরাগতস্তোষো যেষাং সানন্দা ইত্যর্থঃ ॥৭০॥

গায়কগণ কিন্নরসমূহ; এবং নটীগণ কিন্নরীগণরূপে বিরাজিত থাকায় তখন অন্তরীক্ষও পৃথিবী তুল্যতা প্রাপ্ত হইয়াছিল ॥৬৯॥

এইরূপে শ্রীশচীতনয় অনুপম শব্দে দিগন্ত পূর্ণ করিয়া পথ দিয়া যাইতে লাগিলে যাহারা চলিতে সমর্থ নহে তাহারাও যখন তাহাকে দেখিবার জন্য অনুরাগ যুক্ত হইয়া অন্য-ব্যক্তিকে আশ্রয় পূর্ব্বক গমন করিয়াছিল, তখন তাহাদের বিপরীত অর্থাৎ গমনে সমর্থ ও অত্যন্ত পরিতাপযুক্ত-ব্যক্তিগণও যে গমন করিয়াছিল তাহার আর কথা কি? তাহারাও যখন গিয়াছিল তখন তদ্ভিন্ন অন্যান্য যাহারা পরিতাপশূন্য এবং যাহারা অপর-ব্যক্তি হইতে শঙ্কিত তাহারাও যে গিয়াছিল—তাহা আর কি বলিব! তাহারাও যখন গিয়াছিল, তখন তদ্ভিন্ন অপরাপর যাহারা নিঃশঙ্ক, সন্তোসযুক্ত, পরের বশ্যতা-রহিত অথবা পরমহিতকারী তাহারা যে গমন করিয়াছিল, সে বিষয়ে কি আর সন্দেহ আছে? ॥৭০॥

স্ত্রীণাস্তু কাশ্চন নিকেতন-যোগ্য-কর্ম্ম
ত্যক্ত্বা যযুর্বহিরমুষ্য বিলোকনার্থম্।
তত্তূচিতং ভগবতঃ সমুপস্থিতায়াং
সাক্ষাৎকৃতৌ সুমতয়ে স্বদতে ক কর্ম্ম ॥৭১॥

প্রজ্জ্বালয়ন্ত্যঃ খলুকাশ্চ দীপং
জগ্মুস্তথৈবোজ্জ্বলদীপ-হস্তাঃ।
মন্যামহে গৌরবিবাহযাত্রা-
মার্গস্য শোভাবিধয়ে কৃতেচ্ছাঃ ॥৭২॥

সম্মার্জ্জনীং কাশ্চন মার্জ্জনার্থং
করে দধানাঃ প্রযযুস্তথৈব।
জানীমহে গৌরবিলোকবাধা-
বিধায়ি-লজ্জাভয়-ভায়নার্থম্ ॥৭৩॥

রমণীগণের মধ্যে কেহ কেহ যে গৌরকে দেখিবার জন্য গৃহোচিত কর্ম্ম ত্যাগ করিয়া বাহিরে আসিয়াছিলেন তাহা উচিত বটে। কেন না ভগবানের সাক্ষাৎকার উপস্থিত হইলে সুবুদ্ধি-জনের কোথায় কর্ম্ম রুচিকর হইয়া থাকে? অর্থাৎ কর্ম্ম রুচিকর হয় না ॥৭১॥

কেহ কেহ দীপ প্রজ্জ্বালিত করিয়া, মনে হয়, গৌরের বিবাহ-যাত্রায় পথের শোভাবিধানের নিমিত্ত অভিলাষিণী হইয়া সেই উজ্জ্বল-দীপ-হস্তে গমন করিয়াছিলেন ॥৭২॥

কোনও কোনও রমণী পথ মার্জ্জনা করিবার জন্য হস্তে সম্মার্জ্জনী ধারণ করিয়া বোধ হয় গৌর-দর্শনের বাধাকারী লজ্জা ও ভয়কে ভয় দেখাইবার নিমিত্ত সেই অবস্থাতেই গমন করিয়াছিলেন ॥৭৩॥

পুষ্পৈঃ স্রজং কাশ্চন কল্পয়ন্ত্যঃ
করাগ্রজাগ্রাৎ স্রজ এব জগ্মুঃ।
নূনং শচীনন্দন-কণ্ঠদেশে
তদর্পনার্থং বলমান-তৃষ্ণাঃ ॥৭৪॥

গোরোচনাং কাশ্চন লেপ্তুমঙ্গে
নীত্বা করে তাং প্রষযুস্তথৈব।
বিবাহ-যাত্রাশুভ-বর্দ্ধনার্থং
গৌরং সমালোকয়িতুং ধ্রুবং তাম্ (৭৭) ॥৭৫॥

কাশ্চিদ্ধরিদ্রাং পরিলিপ্য দেহে
নোদ্বর্ত্ত্যতাং হন্ত! তথৈব জগ্মুঃ।
এষা সবর্ণা ভবতঃ কথং স্যা-
ত্ত্যাজ্যেতি সংবেদয়িতুং ধ্রুবং তম্ ॥৭৬॥

---

(৭৭) তাং গোরোচনাং গৌরং দর্শয়িতুং, তস্যা মঙ্গলকরত্বাৎ ॥৭৫॥

কতিপয় স্ত্রী পুষ্পের দ্বারা মাল্য-রচনা করিয়া যেন সত্যসত্যই শচীনন্দনের কণ্ঠদেশে তাহা অর্পণ করিবার জন্য অত্যন্ত অভিলাষিণী হইয়া করাগ্রে সেই মাল্যধারণ পূর্ব্বক গমন করিয়াছিলেন ॥৭৪॥

কেহ কেহ অঙ্গে গোরোচনা লেপন করিবার জন্য তাহা হস্তে লইয়া যেন সত্যই বিবাহ-যাত্রা-মঙ্গল-বর্দ্ধনের নিমিত্ত তাহা গৌরকে দেখাইবার জন্য সেই ভাবেই গিয়াছিলেন ॥৭৫॥

কেহ কেহ দেহে হরিদ্রা লেপন পূর্ব্বক তাহা উদ্বর্ত্তন না করিয়াই "ইহা তোমার তুল্যবর্ণা; অতএব কিরূপে ত্যাজ্যা হইবে"—যেন যথার্থই ইহা তাহাকে জানাইবার জন্য সেই অবস্থাতেই গমন করিয়াছিলেন ॥৭৬॥

কাশ্চিৎ সমালিপ্য কুচৌ পটীরৈ-(৭৮)
নাঁপেক্ষ্য শোষং সিচয়ং (৭৯) বসানাঃ।
গৌরো ন যদ্দ্রক্ষ্যতি তেন কোঽর্থঃ
স্যাদিত্যবেত্যেব জবেন চেলুঃ ॥৭৭॥

যোগ্যা ন গৌরস্য বিলোকনে বো
ধিগস্তু সর্ব্বানিতরানিতীব।
লিপ্তাঞ্জনেনাবয়বান্ সমস্তান্
নেত্রেতরান্ (৮০) কাশ্চন সংপ্রগ্মুঃ ॥৭৮॥

বামশ্রোত্র-বিলম্বিকুণ্ডলবরা বামাক্ষি-দত্তাঞ্জনা
কাচিদ্বামকরার্পিতাঙ্গদচয়া বামাঙ্‌ঘ্রি-সন্নূপুরা।
শঙ্খস্রক্‌সমহারমঙ্গদতয়া বিভ্রত্যসব্যে (৮১) করে
দুর্গা-শঙ্করয়োর্দ্ব য়ীব মিলিতা সংশোভমানা যযৌ ॥৭৯॥

---

(৭৮) চন্দনরসৈরিত্যর্থঃ। (৭৯) বস্ত্রং ॥৭৭॥
(৮০) নেত্রয়োস্তু তদ্দর্শনে যোগ্যত্বাৎ তত্র অঞ্জনং ন দত্তম্ ॥৭৮॥
(৮১) অসব্যে দক্ষিণে ॥৭৯॥

কতিপয় বনিতা চন্দনের দ্বারা স্তনদ্বয় লেপন করতঃ তাহার শোষণ (শুষ্কতা) অপেক্ষা না করিয়া বস্ত্র পরিধান করিতে করিতে "গৌর যাহা দেখিবে না, তাহার প্রয়োজন কি"—যেন ইহা মনে করিয়া বেগভরে গমন করিয়াছিলেন ॥৭৭॥

অন্যান্য অবয়ব সকল! তোমরা গৌরের দর্শনে অযোগ্য; অতএব তোমাদিগকে ধিক্" —যেন এই বলিয়া কেহ কেহ নেত্র-ভিন্ন অন্যান্য সমস্ত অবয়বগুলিকে কজ্জলের দ্বারা লেপন করিয়া প্রস্থান করিয়াছিলেন ॥৭৮॥

কোনও নারী বামকর্ণে উৎকৃষ্ট কুণ্ডল বিলম্বিত করিয়া বামনেত্রে অঞ্জন দিয়া বামহস্তে অঙ্গদ-সমূহ ও বামচরণে সুন্দর নূপুর অর্পণ করিয়া এবং দক্ষিন হস্তে

নিতম্বে হারালীমুরসিজযুগে রত্নরসনাং
দধু গৌরং দ্রষ্টুং কতিচন চলন্ত্যো মৃগদৃশঃ।
নিজং মত্বা স্থৌল্যং ভবিতৃ সফলং তেন কলনাৎ (৮২)
কিমন্যোন্যং হর্ষাদ্দদতুরমুনী (৮৩) স্বং নিজনিজম্ ॥৮০॥

গৌরস্যালোকনার্থে হিতকরময়নে কেবলং পাদযুগ্মং
সর্ব্বালঙ্কারমহ'ত্যুরসিজ-যুগলং শ্রোণিবিম্বঞ্চ তস্মিন্।
বিঘ্নং স্থৌল্যেন কুর্ব্বন্নপুনরিতি কিমালোচ্য কাশ্চিদ্রমণ্যো
হারং কাঞ্চীং চ ধৃত্বা নিজচরণযুগে তস্য দৃষ্ট্যর্থমীয়ুঃ ॥৮১॥

---

(৮২) তেন গৌরেণ দর্শনাৎ, (৮৩) অমুনী নিতম্ব উরসিজযুগঞ্চ স্বং ধনং ॥৮০॥

অঙ্গদরূপে কপালমালার ন্যায় হার ধারণ করিয়া দুর্গা ও শঙ্কর (হর গৌরী) উভয়ের মিলিত মূর্ত্তির ন্যায় শোভমানা হইয়া গমন করিয়াছিলেন ॥৭৯॥

কতিপয় রমণী গৌরকে দেখিবার জন্য চলিতে চলিতে নিতম্বে হার সকল ও স্তনযুগলে রত্নময় কাঞ্চীদাম অর্পণ করিয়াছিলেন। তিনি দর্শন করিলে নিজের স্থূলতা সফল হইবে মনে করিয়া কি ঐ নিতম্ব ও স্তন আনন্দে নিজ নিজ অলঙ্কাররূপ সম্পত্তি পরস্পর পরস্পরকে প্রদান করিয়াছিল ॥৮০॥

গৌরের দর্শনার্থ গমন কার্য্যে কেবল চরণদ্বয় হিতকর, অতএব উহারাই সমস্ত অলঙ্কার ধারণ করিবার যোগ্য। স্তনযুগল ও নিতম্বদেশ নিজ নিজ স্থূলতা হেতু গমন বিষয়ে বিঘ্ন করে; সুতরাং তাহারা অলঙ্কার ধারণের যোগ্য নহে—কোনও কোনও রমণী যেন এইরূপ আলোচনা করিয়া নিজ নিজ চরণ যুগলে হার ও কাঞ্চী ধারণ করিয়া গৌরের দর্শনের জন্য গমন করিয়াছিলেন ॥৮১॥

তাশ্চ সর্ব্বা গৌররজনীকরং জনীকরং (৮৪) গ্রহীতুং কৃতরমণী-রমণীয়নেপথ্যং পথ্যং লোচনানন্দানাং প্রকৃত্যা (৮৫) প্রকৃত্যাক্ষি-গোচরমবাপ্যালমানন্দমমানন্দ-মনাযোগ্য-বিকার-সন্দোহং (৮৬) রসং দোহন্দোহং (ক) তস্যোলুলুধ্বনিং বিদধিরে দধিরেজি-রদন-রোচিষঃ (৮৭) ॥৮২॥

তদেবং স্বস্মিন্ কৃতমায়ন্ত (৮৮) মায়ন্তমবগত্য শ্রীবল্লভ-মহীসুরো মহী (৮৯) সুরোদন-প্রক্ষালিত-বদন-তামরসোঽমর-সোদরেণ (৯০) সহ-স্বজন-সমুদয়েন সমুদয়েন সম্মদস্যো-(৯১) ল্লাসিতেন গীত-বাদ্য-কলকলেনাবিকলেনাবিষ্কৃত-প্রণয়োঽগ্রতঃ সসার ॥৮৩॥

(৮৪) বধূপাণিং গ্রহীতুং, (৮৫) স্বভাবেনৈব লোচন-সুখানাং পথ্যং তদ্বর্দ্ধকমিত্যর্থঃ (৮৬) অমানমপরিমিতং, দমনাযোগ্যঃ অনিবার্য্যঃ বিকার সমূহঃ যস্য তম্। (ক) তস্য গৌরস্য রসমানন্দং দোহং দোহং মুহুঃ পূরয়িত্বা, (৮৭) দধিবৎ রেজিতুং শীলং যস্য তাদৃশং দন্তরোচিষাসাং, 'রেজৃ দীপ্তৌ ধাতুঃ' ॥৮২॥

(৮৮) কৃতমায়ং কৃতকরুণং তম্ আয়ন্তমাগচ্ছন্তং: (৮৯) মহী উৎসববান্; (৯০) অমর-সোদরেণ দেবতুল্যেন, (৯১) সম্মদস্য সুখাতিশয়স্য সমুদ্গমেন ॥৮৩॥

তাঁহারা সকলে বধূর পাণিগ্রহণের নিমিত্ত রমণীগণের সুখদায়ক বেশধারী স্বভাবত-নয়নের আনন্দবর্দ্ধক গৌরচন্দ্রকে নেত্রগোচর করিয়া প্রচুর আনন্দ ও অপরিমিত অদম্য বিকার সমূহ প্রাপ্ত হইলেন এবং গৌরের আনন্দ বর্দ্ধন করিয়া দধিবৎ শুভ্র দন্তকান্তি প্রকাশ পূর্ব্বক উলু উলু ধ্বনি করিতে লাগিলেন ॥৮২॥

এইরূপে গৌরচন্দ্র নিজের প্রতি কৃপা করিয়া আসিতেছেন জানিয়া শ্রীবল্লভবিপ্র আনন্দে অতিশয় রোদনের দ্বারা বদনকমল প্রক্ষালিত করিয়া দেবতুল্য স্বজনগণের সঙ্গে সমুত্থিত সুখের উল্লাসভরে অজস্র গীতবাদ্য ও কোলাহলের সহিত প্রীতি প্রকাশ পূর্ব্বক অগ্রসর হইলেন ॥৮৩॥

কন্যাযাত্রিক-লোক-সন্ততিরসৌ কোলাহলং কুর্ব্বতী
সম্যগ্‌বর্দ্ধিতরঙ্গকা দ্বিজযুতা (৯২) শুভ্রাংশু-শুভ্রাংশুকা (৯৩)।
দুষ্পারে বত জন্যযাত্রিকচয়ে (৯৪) নির্ব্বিশ্য রত্নোজ্জ্বলে
কল্লোলে সুরবাহিনীব জলধের্লুপ্তপ্রকাশাভবৎ ॥৮৪॥

ততো নিজাবাস-সমীপমাগতং
গৌরং স্বযানাদবরূঢ়মাদরাৎ।
শ্রীবল্লভোঽঙ্কে বিনিধায় বাটিকাং
নিনায় জন্যাংশ্চ সমাদরোক্তিভিঃ ॥৮৫॥

ইতীত্যাদি শ্রীগৌরলীলামৃতে কন্যাগৃহ-প্রবেশো নাম
ষোড়শ আস্বাদঃ।

---

(৯২) সম্যগ্‌বর্দ্ধিতো রঙ্গো যয়া, পক্ষে সম্যগ্‌বর্দ্ধী তরঙ্গো যস্যাঃ ব্রাহ্মণযুতা পক্ষে পক্ষিযুতা মৎস্যযুতা বা; (৯৩) শুভ্রাংশুবৎ চন্দ্রবৎ শুভ্রাণি অংশুকানি বস্ত্রাণি যস্যাঃ, পক্ষে অংশবঃ কিরণাঃ; (৯৪) জন্যাঃ জামাতুঃ স্নিগ্ধা বয়স্যাঃ।৮৪॥

অনন্তর ব্রাহ্মণগণের সহিত চন্দ্রের ন্যায় শুভ্রবসনধারী কন্যাযাত্রী লোক-সকল অত্যন্ত আনন্দ বর্দ্ধিত হওয়ায় কোলাহল করিতে করিতে রত্নময় ভূষণে উজ্জ্বল, অগণিত বরযাত্রিগণের মধ্যে প্রবেশ করিয়া সমুদ্রের দুষ্পার প্রবাহের মধ্যে কলনাদিনী অতিবৃদ্ধিশীলতরঙ্গবিশিষ্টা, মৎস্যযুক্তা ও চন্দ্রতুল্য শুভ্র-কিরণশালিনী সুরধুনীর ন্যায় লুপ্তপ্রায় হইলেন ॥৮৪॥

তদনন্তর শ্রীগৌর বল্লভাচার্য্যের গৃহসমীপে আগমন করিয়া নিজ যান হইতে অবতরণ করিলে শ্রীবল্লভ তাঁহাকে সাদরে অঙ্কে ধারণ করিয়া এবং বর-যাত্রিগণকে সমাদর সম্ভাষণ করিয়া বাটীতে লইয়া গিয়াছিলেন ॥৮৫॥

ইতি শ্রীগৌরলীলামৃতে কন্যাগৃহ প্রবেশ নামক ষোড়শ আস্বাদ।

সপ্তদশ আস্বাদঃ।

অথ বিবাহসমজ্যায়াং (১) সমজ্যায়াং (২) পাতিত-বিচিত্রাসনায়া-মত্রাসনায়া (৩) মম্বরোত্তোলিত-চারুচন্দ্রাতপায়া-মপায়াম-রহিত-দীপকলাপোজ্জ্বলিতায়াং (৪) ললনা-লপনোলুলুধ্বনি-বলিতায়াং চামীকর-চিতে (৫) রচিতে শুভদারুণাহ্দারু-ণাস্তরণাচিতে (৬) পীঠে শ্রীগৌরং স্থাপয়ামাস বল্লভাচার্য্যঃ ॥১॥

স চ নিজতনু-ভাসা-নির্জ্জয়ন্ দীপবর্গা-
নিতর-রুচিপদার্থান্ (৭) প্রাপয়ন্ পীতিমানম্।
নয়ন-হৃদয়বৃন্দং স্ফারতাং প্রাপ্য (৮) নৄণাং
সদসি সুভগ-পীঠে শোভতে স্মাতিবাঢ়ম্ ॥২॥

---

(১) বিবাহ-সভায়াং, (২) সমাজ্যা ভূমির্যত্র তস্যাং, (৩) নাস্তিত্রাসনস্ত্রাসহেতুর্যত্র তস্যাং (৪) অপায়ঃ ক্ষয়ঃ আমঃ পীড়া মালিন্যমিতি যাবৎ তাভ্যাং রহিতেন দীপ-সমূহেনোজ্জ্বলিতায়াং। (৫) সুবর্ণ-ব্যাপ্তে, (৬) কোমলাচ্ছাদনেন ব্যাপ্তে ॥১॥

(৭) শুক্ল-লোহিতাদি-বর্ণযুক্তবস্তূনি। (৮) আশ্চর্য্যেণ বিস্তারং প্রাপয্য (প্রাপ্য ইতি ছন্দোনুরোধাৎ) যপ্ ॥২॥

শঙ্কাকারণ বর্জ্জিত সমতল বিবাহ সভায় বিচিত্র আসন পাতিত হইয়াছে, মনোহর চন্দ্রাতপ আকাশে উত্তোলিত হইয়াছে, ক্ষয় ও পীড়া শূন্য দীপ সমূহে সভা উজ্জ্বল হইয়াছে এবং তাহা নারীগণের মুখোচ্চারিত উলু উলু ধ্বনিতে পরি-পূর্ণ হইয়াছে।

সেই সভামধ্যে শুভদারু-নির্ম্মিত সুবর্ণাচ্ছাদিত কোমল আচ্ছাদনে আবৃত পীঠে বল্লভাচার্য্য শ্রীগৌরকে স্থাপন করিলেন ॥১॥

শ্রীগৌরসুন্দর নিজ অঙ্গ কান্তিতে দীপাবলীকে পরাজিত করিয়া, শুক্ল রক্ত প্রভৃতি বর্ণযুক্ত বস্তু সকলকে পীতবর্ণ প্রাপ্ত করাইয়া, জনগনের নেত্র ও হৃদয় বিস্ফারিত করিয়া সভামধ্যে সুন্দর পীঠের উপর অতিশয় শোভা পাইতে লাগিলেন ॥২॥

তদা চ—

> তত্ত্বং বস্তিতি যোগিভিঃ পরমিকা-শ্রীদেবতেত্যালিভি-
> র্ভক্তানাং সুহৃদিত্যমুষ্য সবয়ঃ-সংঘৈঃ প্রমোদপ্রদৈঃ।
> বৃদ্ধাভিস্তু পুরন্ধ্রিভিঃ শিশুরিতি শ্রীদর্পকো (ক) মূর্ত্তি-
> মানিত্যুদ্যন্নবযৌবনাভিরভিতো জজ্ঞে (৯) শচীনন্দনঃ ॥৩

তঞ্চালোক্য মানবৈরমানবৈরল্যানন্দেনা-(১০) শ্রুকমলমলমমোচি। তত্র কতিচিদতিচিদবশাদা-(১১) বশাদাশ্চর্য্যস্য স্তব্ধতামালম্বিরে। বধূভতি-রবধূত-তিরস্কার-সাধ্বসা-(১২) রসাধ্ব-সামোদা-(ক) পুলকা-কুলাঙ্গ-কদম্বকাঽকদম্বকাম্বু-স্নপিতাননা (১৩) বভূব ॥ ৪ ॥

(ক) দর্পকঃ কন্দর্পঃ ; (৯) জাতঃ ॥ ৩ ॥

(১০) নাস্তি মানমিয়ত্তা বৈরল্যমঘনতা চ যস্য তেনানন্দেন, (১১) অতিশয়িতশ্চিতো জ্ঞানস্য অবশাদো হ্রাসঃ ক্ষয়ো বা যেষাং তে। (১২) অবধূতং তিরস্কারাৎ সাধ্বসং যয়া সা। (ক) রসমার্গে সানন্দা, (১৩) অকুৎসিতং যদম্বকাম্বু নেত্রজলং তেন স্নপিতমাননং যস্যাঃ সা ॥ ৪ ॥

তখন শচীনন্দনকে যোগিগণ তত্ত্ববস্তুরূপে, ভক্তবৃন্দ শ্রীযুক্ত (সৌন্দর্য্য সম্পত্তি এবং লক্ষ্মীযুক্ত) পরম দেবতারূপে, তাঁহার পরমানন্দপ্রদ বয়স্যগণ সুহৃদ্‌রূপে, বৃদ্ধাকুলবনিতাগণ শিশুরূপে, নবযৌবনসম্পন্না নারীগণ মূর্ত্তিমান্ সুন্দর কন্দর্পরূপে সম্পূর্ণভাবে জ্ঞান করিতেছিলেন ॥ ৩ ॥

তাঁহাকে দর্শন করিয়া মানবগণ অপরিমিত নিবিড় আনন্দে অত্যন্ত অশ্রুজল মোচন করিতে লাগিলেন তাঁহাদের মধ্যে কাহার কাহারও আশ্চর্য্যবশতঃ জ্ঞানের অত্যন্ত ক্ষীণতা হেতু তাঁহারা স্তব্ধতা অবলম্বন করিয়াছিলেন। বধূগণ তিরস্কারের ভয় উপেক্ষা করিয়া রসমার্গে পরমানন্দিত হইলেন। তাঁহাদের সর্ব্বাঙ্গ পুলকযুক্ত হইল এবং তাঁহারা রমণীয় নয়নবারিতে বদন প্লাবিত করিতে লাগিলেন ॥ ৪ ॥

তত্র কাশ্চন সচমৎকারমাচচক্ষিরে—

সখ্যঃ পশ্যত ভোঃ শিরস্যভিনবং (১৪) স্বর্ণাম্বুজং কৈরব-
দ্বন্দ্বং হৈমতিলপ্রসূনমতুলং শ্রীবন্ধুজীবদ্বয়ম্।
শাখায়া (১৫) মরুণং সরোজযুগলং নিষ্কাঙ্কনেন্দুব্রজং
মূলে পল্লবযুগ্মকঞ্চ কলয়ন্নাগাৎ (১৬) কুতোঽয়ং তরুঃ ॥ ৫ ॥

অপরাস্তাঃ প্রত্যূচুঃ—

সখ্যো বিলোকয়ত বক্ত্রমিদং ন হৈমং
পদ্মং দৃশোর্দ্বয়মিদং ন তু কৈরবে দ্বে।
নাসেয়মস্তি নতু স্বর্ণ-তিলপ্রসূনং (১৭)
দন্তচ্ছদ যদ্বয়মিদং ন তু বন্ধুজীবৌ ॥ ৬ ॥

(১৪) শিরসি শিখরে। (১৫) শাখায়ামিতি জাত্যৈকত্বং শাখয়োরিত্যর্থঃ। (১৬) পল্লবযুগলস্য মূলে কলয়ন্ ধারয়ন্ আগতবান্। ৫ ॥

(১৭) স্বর্ণতিলপুষ্পং ॥ ৬ ॥

তাঁহাদের মধ্যে কতিপয় রমণী চমৎকৃতভাবে বলিতে লাগিলেন—ওহে সখীগণ! দেখ, শিখরাগ্রে অভিনব স্বর্ণকমল, কৈরবদ্বয়, অনুপম সুবর্ণতিলপুষ্প, এবং দুইটি সুন্দর বন্ধুজীব (বাঁধুলি ফুল), দুইটি শাখায় রক্তপদ্মদ্বয় ও তাহাতে নিষ্কলঙ্ক-চন্দ্রসমূহ এবং মূলে পল্লবদ্বয় ও ঐ পল্লব-যুগলে নিষ্কলঙ্কচন্দ্র সকল ধারণ করিয়া এই বৃক্ষ কোথা হইতে আসিল? ॥ ৫ ॥

অন্যান্য সখীগণ উত্তর করিলেন—হে সখীবৃন্দ! নিরীক্ষণ কর—এটি বদন, কিন্তু স্বর্ণপদ্ম নয়। এ দুইটি চক্ষুঃ, কিন্তু দুইটি কৈরব নয়। এটি নাসিকা কিন্তু সুবর্ণ তিলপুষ্প নয়। এ দুইটি ওষ্ঠ কিন্তু দুইটি বন্ধুজীব নহে ॥ ৬ ॥

ভুজাবেতৌ শাখে ন হি পুনরিমে পাণিযুগলং
তদেতন্ন দ্বন্দ্বং ভবতি বিকসৎ-কোকনদয়োঃ।
নখশ্রেণী সেয়ং ন বিধুততিরে তৎ পদযুগং
ন পত্রাণাং গুচ্ছো (১৮) ভবতি বর এষোঽপি ন তরুঃ ॥ ৭ ॥

ইতরা জগদুঃ—

নাসত্যয়োঃ (১৯) কিময়মেকতরোঽথবা
কিং শক্রোঽথবা হুতবহঃ কিমুতেন্দুমৌলিঃ।
কিংবা কথঞ্চিদপি দেহরুচিং স্বকীয়াং
গৌরীং বিধায় পশুপাল-সুতঃ সমেতঃ ॥ ৮ ॥

অন্যা উচুঃ—

একোঽপ্যশ্বিনয়োরয়ং ন সততং যৎসাহচর্য্যং তয়ো-
র্নেন্দ্রো (২০) ঽপ্যক্ষি-সহস্রবান্ন দহনোঽপ্যত্যুগ্রশোচির্যতঃ।

---

(১৮) পত্রাণাং গুচ্ছঃ পল্লবঃ ॥ ৭ ॥

(১৯) অশ্বিনী-কুমারয়োঃ ॥ ৮ ॥

(২০) অয়ং নেন্দ্রস্তস্য সহস্রাক্ষত্বাদিত্যেবং সর্ব্বত্র ॥ ৯ ॥

এই দুইখানি বাহু, কিন্তু শাখাদ্বয় নহে। এ দুইটি হস্ত, কিন্তু প্রফুল্লরক্ত-কমল নহে। ইহা নখশ্রেণী, কিন্তু চন্দ্রসমূহ নহে। এ পদযুগল, কিন্তু পত্রগুচ্ছ নহে। ইনি বর, কিন্তু ইহা তরু নহে ॥ ৭ ॥

অপরাপর সখীগণ বলিলেন—ইনি কি অশ্বিনীকুমার যুগলের একজন, অথবা ইন্দ্র, অথবা অগ্নি, কিংবা শঙ্কর, কিংবা কোনও প্রকারে নিজের দেহকান্তি গৌরবর্ণ করিয়া গোপেন্দ্রনন্দন শ্রীকৃষ্ণ উপস্থিত হইয়াছেন ॥ ৮ ॥

অন্যান্য নারীগণ উত্তর করিলেন—ইনি অশ্বিনীকুমার-দ্বয়ের মধ্যে একজন নহেন, যেহেতু সর্ব্বদা তাঁহাদের সাহচর্য্য (একসঙ্গে বর্ত্তমানতা) আছে। ইনি ইন্দ্রও নহেন যেহেতু তিনি সহস্রলোচন, অথবা অগ্নিও নহেন কারণ তিনি অত্যুগ্র

নেশানোঽপি বিলোচনত্রয়যুতঃ কিন্ত্বন্তরে ভাবয়ন্
রাধাং কামরসেন তৎসমরুচিং প্রাপ্যাগতোঽয়ং হরিঃ ॥ ৯ ॥

পরা বভাষিরে—

সত্যং সত্যমিদং যদাস্যকমলং ত স্যাবলোক্য ব্রজে
শ্রীমদ্গোপমৃগীদৃশোঽনবরতং তৃপ্তিং যথা নাপ্নুবন্।
তদ্বচ্ছ্রীমুখপদ্মমস্য বয়মপ্যালোকমানা মুহু-
স্তৃপ্তিং নৈব ভজামহে তত ইদং জ্ঞাতং স এবৈষকঃ (২১) ॥ ১০ ॥

অন্যাঃ কথয়ামাসুঃ—

বক্ত্রং যথা হ্যব্জ (২২) জয়ি ভাতি তথাস্য নেত্রং
নেত্রং যথা শিতিরুগস্য (২৩) তথৈব চিল্লিঃ।

---

(২১) এষক ইত্যত্র জ্ঞানে অকঃ ॥ ১০ ॥

(২২) অব্জশ্চন্দ্রঃ পরত্র অব্জং পদ্মং (২৩) শিতিত্বং শুক্লত্বং পরত্র কৃষ্ণত্বং, (২৪) হরি-সদৃক্ সর্পবৎ চিল্লিঃ ভ্রূঃ পক্ষে চন্দ্রবৎ রোচিঃ, (২৫) কনকং স্বর্ণং পরত্র পলাশপুষ্পং ॥ ১১ ॥

উষ্ণশিখাধারী, অথবা মহাদেবও নহেন। যেহেতু তিনি ত্রিলোচনবিশিষ্ট, কিন্তু অন্তরে রাধাকে ভাবিতে ভাবিতে কামরসের দ্বারা তাঁহার তুল্যকান্তি প্রাপ্ত হইয়া ইনি হরিই আগমন করিয়াছেন ॥ ৯ ॥

অপর সকলে বলিলেন—ইহা সত্য সত্য। যেহেতু ব্রজে সুন্দরী গোপাঙ্গনাগণ তাহার বদন-কমল নিরন্তর অবলোকন করিয়াও যেমন তৃপ্তি পান নাই; সেই প্রকার আমরাও ইহার শ্রীমুখপদ্ম পুনঃ পুনঃ দর্শন করিয়াও তৃপ্তি পাইতেছি না। সেই জন্য ইনি যে সেই শ্রীকৃষ্ণই ইহাই আমাদের জ্ঞান হইয়াছে ॥ ১০ ॥

অন্য রমণীসকল বলিলেন—ইঁহার বদন যেমন অব্জজয়ি অর্থাৎ চন্দ্রকে জয় করিতেছে, ইঁহার নয়নও সেইরূপ অব্জজয়ি অর্থাৎ পদ্মকে জয় করিতেছে। নেত্র যেমন শিতিরুক্ অর্থাৎ শুক্লবর্ণ, ইঁহার ভ্রূও সেই প্রকার শিতিরুক্ অর্থাৎ

চিল্লিয়থা হরিসদৃঙ্‌ (২৪) নু তথৈব রোচী
রোচির্যথা কনক (২৫) গর্ব্বিত-হৃত্তথৌষ্ঠঃ ॥১১॥

পরাঃ সশীৎকারমালেপুঃ—

সখ্যো হ্যস্য দ্বিজরাজ (২৬) মানধনহৃদ্বক্ত্রং বধূনামিদং
যচ্চেতো বিকলীকরোতি তদিদং চিত্রং ন মন্যামহে।
চিত্রন্ত্বেতদুরোঽস্য যৎপরিভজদ্ গাঙ্গেয় (২৭) সখ্যং সদা
মুক্তালী-(২৮) পরিষেবিতঞ্চ তনুতে বৈকল্যমাসাং ভৃশম্
॥১২॥

---

(২৬) দ্বিজরাজশ্চন্দ্রঃ অথচ ব্রাহ্মণশ্রেষ্ঠঃ, (২৭) গাঙ্গেয়ং স্বর্ণভূষণং অথচ গাঙ্গেয়ো ভীষ্মঃ, (২৮) মুক্তাঃ মৌক্তিকানি অথচ অবিদ্যাবন্ধরহিতাঃ ॥১২॥

কৃষ্ণবর্ণ। ভ্রূ যেমন হরিসদৃক্ অর্থাৎ সর্পতুল্য কুটিল, ইঁহার কান্তিও সেইরূপ হরিসদৃক অর্থাৎ চন্দ্রসদৃশ (চিত্তাকর্ষী), কান্তি যেমন কনকগর্ব্বিতহৃৎ অর্থাৎ সুবর্ণের গর্ব্বহরণকারিণী, ইঁহার ওষ্ঠও সেইরূপ কনকগর্ব্বিতহৃৎ অর্থাৎ পলাশ-পুষ্পের গর্ব্বহরণকারী ॥১১॥

অপর বনিতাগণ শীৎকারপূর্ব্বক বলিতে লাগিলেন—হে সখীগণ! সুধাকরের মান ও ধন হরণকারী ইঁহার এই বদন যে বধূগণের চিত্ত বিকল করিতেছে, তাহাতে আমি আশ্চর্য্য মনে করিনা। কিন্তু ইঁহার বক্ষঃস্থল সর্ব্বদা গাঙ্গেয়-সখ্য (ভীষ্ম-দেবের বন্ধুত্ব, পক্ষে স্বর্ণভূষণের সাহচর্য্য) প্রাপ্ত হইয়া এবং মুক্তালী (মুক্তপুরুষগণ, পক্ষে মুক্তাশ্রেণী) কর্ত্তৃক পরিষেবিত হইয়াও যে এই নারীগণের অত্যন্ত বিকলতা বৃদ্ধি করিতেছে—ইহাই আশ্চর্য্য ॥১২॥

ইতরাঃ সগদ্‌গদমাচচক্ষিরে—

কাঠিন্যভাক্ তনুরুহালি-ভুজঙ্গসঙ্গি
বক্ষোঽস্য যদ্ বিকলয়ত্যবলা ন চিত্রম্।
বাহূ সদাশয়যুতৌ (২৯) দধতৌ মহত্ত্বং (৩০)
বৈকল্যমাচরয়তো নিতরাং কথং নঃ ॥১৩॥

এবং যুবতি-সন্ততাবতিসন্ততানঙ্গ-বিকারায়াং গৌরং বর্ণয়ন্ত্যামন্যেষু জনেষুতমেব প্রশংসৎসু ত্যক্তানার্য্যাচারা (৩১) স্তস্য নীরাজনায় নব নবযুবতয়ো বত যোগেন ধৃত-কলেবরা বরানুরাগেণ নববর্ষশ্রিয় ইব প্রদীপ-করা দীপক-রাজিতং সদঃ সমাজগ্মুঃ ॥১৪॥

(২৯) উত্তমান্তঃকরণযুক্তৌ অথচ সর্ব্বদা হস্তযুতৌ, (৩০) উত্তমতাং অথচ দীর্ঘতাং স্থূলতাং বা ॥১৩॥

(৩১) ত্যক্তোঽনার্য্যঃ কদর্য্য আচারো যাভিস্তাঃ ॥১৪॥

অন্যান্য ললনাগণ কহিলেন—ইঁহার বক্ষঃ কঠিনতাযুক্তরোমাবলীরূপ ভূজঙ্গ সকলের সঙ্গ করিতেছে ; সুতরাং ইহা যে অবলাদিগকে বিকল করিবে তাহা বিচিত্র নহে। কিন্তু ইঁহার বাহুদ্বয় সদাশয়যুক্ত (উত্তমান্তঃকরণ যুক্ত, পক্ষে সর্ব্বদা হস্তযুক্ত) হইয়া এবং মহত্ত্ব (প্রাধান্য, উত্তমতা পক্ষে দীর্ঘতা বা স্থূলতা) ধারণ করিয়াও কেন আমাদের অতিশয় বৈকল্য জন্মাইতেছে ? ॥১৩॥

এই প্রকারে যুবতিবৃন্দ অতিবিস্তৃতমদনবিকারযুক্ত হইয়া যখন গৌরকে বর্ণনা করিতে লাগিলেন এবং অন্যান্য জন সমূহ তাঁহারই প্রসংসা করিতেছিলেন, তখন সদাচারপরায়ণা নয়জন নবযুবতি পরমঅনুরাগভরে একসঙ্গে দেহধারিণী নয়টী বর্ষলক্ষ্মীর ন্যায় প্রদীপহস্তে দীপাবলীশোভিত-সভামধ্যে উপস্থিত হইলেন ॥১৪॥

নীলাম্বরাচ্ছাদিত-সর্ব্বমূর্ত্তে—
বধূততেহ স্তগতাঃ প্রদীপাঃ।
শ্রেণীকৃতা রক্তসরোরুহাস্তা
ইব ব্যরাজন্ যমুনাপ্রবাহে ॥১৫॥

প্রদক্ষিণী চক্রুরমূ যদা তং
প্রদীপ—হস্তাঃ ক্রমশশ্চলন্ত্যঃ।
তদা স ভেজে সুষমাং ভ্রমন্ত্যা
ভাল্যা (৩২) সুমেরোঃ পরিবেষ্টিতস্য ॥১৬॥

গৌরাঙ্গ-গন্ধেন বিমোহিতা স্ত্রিয়ো
বারত্রয়াদপ্যধিকাং প্রদক্ষিণাম্।
প্রকল্পয়ন্ত্যোঽপি ন লক্ষিতা জনৈ—
গৌরাঙ্গ-কান্ত্যা হৃতচিত্তলোচনৈঃ ॥১৭॥

---

(৩২) ভাল্যাঃভায়াঃ কান্তেঃ মণ্ডল্যা পরিবেষ্টিতস্য ॥১৬॥

বধূগণের সর্ব্বাঙ্গ নীলবস্ত্রে আবৃত থাকায় তাঁহাদের হস্তস্থিত প্রদীপসকল যমুনাপ্রবাহে শ্রেণীকৃত রক্তকমলসমূহের ন্যায় বিরাজ করিতেছিল ॥১৫॥

তাঁহারা যখন প্রদীপহস্তে ক্রমশঃ চলিতে চলিতে গৌরকে প্রদক্ষিণ করিয়াছিলেন, তখন তিনি ভ্রমণশীল কান্তিমণ্ডলীদ্বারা পরিবেষ্ঠিত সুমেরুর-সুষমা প্রাপ্ত হইয়াছিলেন ॥১৬॥

স্ত্রীসকল গৌরের অঙ্গগন্ধে বিমোহিত হইয়া তিনবারেরও অধিক প্রদক্ষিণ করিলেও গৌরের অঙ্গকান্তিতে জনবৃন্দের চিত্ত ও নয়ন আকৃষ্ট (বা নিবিষ্ট) হওয়ায় তাঁহারা তাহা দেখিতে পান নাই ॥১৭॥

তদেবং সংপাদ্য গৌরস্য নীরাজনং নীরাজনঞ্চ (৩৩) তৎপাদ-সারসয়োঃ (৩৪) রসযোগেন (৩৫) নাগেন-নাথণীয়-গমনাসু (৩৬) তাসু গতাসু শ্রীবল্লভাচার্য্যো ভাচার্য্যোদিতো (৩৭) জাম্বুল-মালিকার্থ-(৩৮) মানেতুং দুহিতরং হিতরঙ্গিণো (৩৯) বন্ধুনাদিদেশ ॥১৮॥

তদাকর্ণ্য লক্ষ্মীং সখ্যঃ কাশ্চন বদন্তিস্ম,—নব-দন্তি-স্ময়মর্দি-চলনে (৪০) চল, নেদানীমলসো ভবতি সাধুতরো, ধৃতরোমা (৪১) বরোঽবরোধ-দ্বারমবলোকয়তি. লোক-যতিত-সাধ্যদর্শনোঽপি (৪২). ততঃ প্রতিষ্ঠস্ব চপলতয়া চাপলতয়া চালিতে-ষুরিব ॥১৯॥

---

(৩৩) নীরস্য অঞ্জনং ক্ষেপণং শান্তিকরণার্থং জলসেচনং, (৩৪) তস্য চরণ-পদ্ময়োঃ (৩৫) আনন্দ-সম্বন্ধেন, (৩৬) নাগেনা হস্তিশ্রেষ্ঠাঃ তেষাং যাচনীয়ং গমনং যাসাং তাসু, (৩৭) গ্রহাচার্য্য-প্রেরিতঃ, (৩৮) জাম্বুলমালিকা কন্যাবরয়োর্মুখচন্দ্রিকা, (৩৯) হিতে রঙ্গিণঃ কুতুকিনঃ ॥১৮॥

(৪০) নূতনহস্তি-গর্ব্বমর্দ্দি-গমনে (সম্বোধনং), (৪১) কম্পিতরোমা পুলকিত ইত্যর্থঃ। (৪২) যতিতমিতি ভাবে ক্তঃ, লোকানাং যত্নসাধ্যং দর্শনং যস্য সোঽপি ।১৯॥

এইরূপে গৌরের নীরাজন সম্পন্ন করিয়া তাঁহারা সানন্দে তাঁহার পাদপদ্মে শান্তিজল নিক্ষেপ করতঃ গজেন্দ্রবাঞ্ছনীয়গমনে প্রস্থান করিলে শ্রীবল্লভাচার্য্য গ্রহাচার্য্যের বাক্যানুসারে বরকন্যার মুখচন্দ্রিকার নিমিত্ত কন্যাকে আনিবার জন্য হিতৈষী বন্ধুগণকে আদেশ করিলেন ॥১৮॥

তাহা শুনিয়া কয়েকজন সখী লক্ষ্মীকে বলিতে লাগিলেন– হে নব-(যৌবন-প্রাপ্ত) করিমদহারিগমনে, (তোমার গতি যৌবনপ্রাপ্ত হস্তীর গতিজনিত গর্ব্ব দূর করে) চল ! এক্ষণে তোমার পক্ষে অলস হওয়া ভাল নহে। এবম্বিধ বরের দর্শন লোকের যত্নসাধ্য হইলেও তিনি (তোমার দর্শনের জন্য হর্ষে) রোমাঞ্চিত হইয়া অন্তঃপুরের দ্বারের প্রতি দৃষ্টিপাত করিতেছেন। অতএব ধনুর্নিক্ষিপ্ত শরের ন্যায় চঞ্চলভাবে গমন কর ॥১৯॥

কিঞ্চ হিত-বচনমাকর্ণয়, কর্ণয়-বীক্ষণে! (৪৩) ক্ষণে মাল্যবিতরণস্য রণস্য চ কুসুম-করণকস্য মা ভজ মন্দাক্ষতাং মন্দাক্ষতাঞ্চ (৪৪) যতঃ সা সা চ সুখয়তি ন বরং নবরঙ্গিনীঃ রথীরপি ॥২০॥

এতদালীনাং বচনং পরমানন্দরচনং শ্রবণপুটে নিধায় মুখসরোজমধ্যে বিধায় মৃদুস্মিত-লসদাননা বল্লভাচার্য্য-নন্দনা পীঠে স্বর্ণমণি-কৃতবিকাসে তাভিরুপবেশয়ামাসে ॥২১॥

অথ নব বসুধামরা (৪৫) বসু-ধামরাজি-পীঠস্থাং (৪৬) লক্ষ্মীং গৌরহরেঃ সমর্য্যাদায় (৪৭) মর্য্যাদা-যত্ন-পুরঃসরং নেতুকামা গৃহীত্বোত্তলয়ামাসুঃ। মন্যামহে মহেশ্বর্য্যাস্তস্যাঃ স্বরূপমনুসন্ধায় ধৃতনরবিগ্রহা গ্রহা এব নব নিধেয়ো বা নবাজগ্মুঃ ॥২২॥

---

(৪৩) কর্ণং যাতীতি তাদৃশং বীক্ষনং যস্যাঃ হে তাদৃশি. (৪৪) সলজ্জতাং মন্দে অনতি প্রকাশমানে অক্ষিণী যস্যাস্তাদৃশতঞ্চ॥২০॥

[৪৫] নবসংখ্যকা ব্রাহ্মনাঃ, [৪৬] বসূনাং রত্নানাং ধামভিঃ কান্তিভিঃ রাজি সৎ পীঠং তত্রস্থাম্। [৪৭] সমীপায় ॥২২॥

অধিকন্তু, হে কর্ণগামিলোচনে! হিতবাক্য শ্রবণ কর। মাল্য প্রদান ও কুসুমের দ্বারা যুদ্ধ করিবার কালে সলজ্জভাব ও মন্দনেত্রতা প্রাপ্ত হইও না অর্থাৎ লজ্জিতা ও স্বল্পদৃষ্টি হইও না। যেহেতু তোমার সলজ্জতা ও মন্দদৃষ্টি বর ও তোমার নবরঙ্গিণী (নবকৌতুকশালিনী) সখীগণ কাহাকেও সুখদান করিবে না ॥২০॥

বল্লভাচার্য্যনন্দিনী সখীগণের এই পরমানন্দকর বাক্য কর্ণপুটে ধারণপূর্ব্বক মুখকমল মধ্যে স্থাপন করায় তাঁহার বদন মৃদুহাস্যে শোভিত হইল। অনন্তর তাঁহারা তাঁহাকে স্বর্ণ ও মণিসমূহে উদ্ভাসিত (উজ্জ্বল) কাষ্ঠাসনে উপবেশন করাইলেন ॥২১॥

অনন্তর নয়জন ব্রাহ্মণ রত্নকান্তিশোভিত পীঠস্থিতা-লক্ষ্মীকে মর্য্যদা ও যত্নপূর্ব্বক

তেষাং দ্বিজানাং মুখমণ্ডলান্তঃ
পীঠোপরিষ্টাদ্ বিররাজ কন্যা।
পরিস্ফুটৎ পদ্মবনান্তরালে
পদ্মালয়ে বাম্বুজ-সন্নিবিষ্টা ॥২৩॥

নীতাসীদবরোধতো বহিরসৌ লক্ষ্মীর্যদা ভূসুরৈ—
স্তর্হ্যাস্যাঞ্চ বরে চ নেত্রপটলী সংসৎ-স্থিতানাং (ক) নৃণাম্।
প্রা আভীক্ষ্ন্যেন সুমঞ্জুলোহ-বলিতা (৪৮) ক্ষিপ্রা (৪৮) গুণগ্রাহিণী (৫০)
যাতায়াত-বিধিং তুরীব (৫১) বসন-প্রান্তদ্বয়ে ব্যস্তৃণোৎ ॥২৪॥

তে চ বরকন্যয়োর্মাধুর্য্য-মাধ্বীক-মগ্নাক্ষিমধুকরা জগদুরিদং—

বরো যথায়ং জগদূর্দ্ধ্বরূপভাক্
কন্যা তথেয়ং স্বসমান-বর্জ্জিতা।

[ক] সভাস্থিতানাং, [৪৮] সুমঞ্জুলা যে উহা বিতর্কা স্তৈর্যুক্তা পক্ষে সুমঞ্জুলা লোহেন বলিতা, [৪৯] সত্বরা, (৫০) গুণঃ প্রসিদ্ধঃ সূত্রঞ্চ [৫১] তুরী মাকু ইতি খ্যাতা ২৪॥

গৌরের নিকটে লইয়া যাইবার ইচ্ছায় ঐ পীঠ সহিত তাঁহাকে ধরিয়া উত্তোলন করিলেন। আমাদের মনে হয়, মহেশ্বরী শ্রীলক্ষ্মীদেবীর স্বরূপ অনুসন্ধান করিয়া মনুষ্য-শরীরধারী নবগ্রহ কিংবা নব নিধিই আগমন করিয়াছেন ॥২২॥

সেই ব্রাহ্মণগণের মুখমণ্ডলের মধ্যবর্ত্তিপীঠের উপরিভাগে কন্যা প্রস্ফুটিত পদ্মবনের মধ্যে পদ্মের উপর উপবিষ্টা পদ্মালয়া লক্ষ্মীর ন্যায় বিরাজ করিতে লাগিলেন ॥২৩॥

যখন ব্রাহ্মণগণ লক্ষ্মীকে অন্তঃপুর হইতে বাহিরে আনিতেছিলেন তখন সভাস্থিত ব্যক্তিগণের অতিসুন্দর বিতর্কযুক্ত, ক্ষিপ্র এবং গুণগ্রাহী নয়ন সকল তাঁহার ও বরের প্রতি বস্ত্রের প্রান্তদ্বয়ে অতিমনোহর লৌহযুক্ত ক্ষিপ্র এবং সূত্রগ্রহণকারী তুরীর (মাকুর) ন্যায় পুনঃ পুনঃ যাতায়াত কার্য্য বিস্তার করিয়াছিল ॥২৪॥

বয়ং দ্বয়োঃ সংঘটনা-বিধায়িনো
বিবেচকত্বং স্তুমহে প্রজাপতেঃ ॥২৫॥

এবমভিদধানেষু গৌরচন্দ্রস্যাননে বাসসা কৃতাচ্ছাদনে বাহকাঃ কন্যায়াস্তাং নীত্বা সভায়া মধ্যং বিবিশুঃ ॥২৬॥

সা চান্তরং প্রাপ্য ততঃ সভায়া-
হ্রীণা বধার স্বদৃশৌ করাভ্যাম্।
মন্যে বিধির্গৌরমুদীক্ষমাণে
সংশ্লাঘ্য তে (৫২) পদ্মযুগেন প্রার্চ্চৎ ॥২৭॥

আচ্ছাদিতে করযুগেন তয়া তদাস্যে
বিদ্যোতমান-নখরচ্ছলতঃ সমায়ান্।

---

[৫২] তে দৃশৌ করয়োঃ পদ্ম-সাম্যাত্তৎপ্রেক্ষা ।২৭।

[৫৩] অত্রাপি স্বপতেরন্যেন পরাভবং দৃষ্ট্বা তদপসারায় ভার্য্যা যান্ত্যেব। ॥২৮॥

তাঁহাদের নয়নমধুকর বরকন্যামাধুর্য্যমধুতে মগ্ন হওয়ায় তাঁহারা এইকথা বলিতে লাগিলেন —এই বর যেমন অলৌকিক রূপসম্পন্ন, এই কন্যাও সেইরূপ অতুলনীয়া। আমরা ইঁহাদের উভয়ের সংযোগবিধানকারী প্রজাপতির বিবেচনার স্তব করি ॥২৫॥

তাঁহারা এইরূপ বলিতে লাগিলে এবং গৌরচন্দ্রের বদন বসনের দ্বারা আচ্ছাদিত করা হইলে কন্যার বাহকগণ কন্যাকে লইয়া সভামধ্যে প্রবেশ করিলেন ॥২৬॥

লক্ষ্মী তখন সভামধ্যে উপস্থিত হইয়া লজ্জায় করযুগলের দ্বারা নিজের নয়নদ্বয় আবৃত করিলেন। মনে হয়, গৌর-দর্শনকারী সেই নয়নদ্বয়ের প্রশংসা করিয়া বিধি যেন তাহাদিগকে দুইটী পদ্মের দ্বারা অর্চ্চনা করিলেন ॥২৭॥

লক্ষ্মী দুইখানি হস্তদ্বারা তাঁহার মুখ আচ্ছাদিত করিলে তাঁহার ঐ মুখকে

মত্বা মুখং বিধুমমুষ্য পরাভবঞ্চ
হস্তাব্জত স্তদপসার-কৃতে নু তারাঃ (৫৩) ॥২৮॥

চিল্লিদ্বয়োপরি (৫৪) তদা সুতনোরমুষ্যাঃ
শ্রেণীকৃতা বত দশাঙ্গুলয়ো বিরেজুঃ।
কাময়ো রতিশ্চ কিমুগন্ধফলীঃ স্ববাণা—(৫৫)
নারোপয়ৎ স্বধনুষো র্যুগপদ্বরেঽস্তে (৫৬) ॥২৯॥

প্রোদীতেঽপি (৫৭) শ্রীনখেন্দাবমুষ্যা
মন্যে মল্লৌ নৈব কেশান্ধকারঃ।
সীমন্তালঙ্কারমুক্তোড়ুসঙ্গাৎ
পত্যুঃ পত্ন্যা স্বীকৃতো নো বিভেতি ॥৩০॥

---

[৫৪] ভ্রূদ্বয়োপরি, [৫৫] চম্পককলিকারূপ বাণান, [৫৬] অস্তে ক্ষেপায় ॥২৯॥
[৫৭] ঈগতৌ ধাতুঃ— প্র + উৎ + ঈ + ক্ত = প্রোদীত ॥৩০॥

চন্দ্র এবং হস্তকমল হইতে উহার পরাজয় মনে করিয়া তাহাকে অপসারিত করিবার জন্য প্রকাশমান নখরচ্ছলে যেন তারা সমূহ আসিয়া উপস্থিত হইয়াছিল ॥২৮॥

তখন সেই শোভানাঙ্গী লক্ষ্মীর ভ্রূদ্বয়ের উপরে শ্রেণীবদ্ধ তাঁহার দশটী অঙ্গুলি বিরাজ করিতেছিল ; তাহাতে মনে হইতেছিল, যেন কাম ও রতি কি যুগবৎ আপনাদের দুইখানি ধনুতে বরের প্রতি নিক্ষেপ করিবার জন্য চম্পককলিকারূপ নিজবাণ সমূহ আরোপিত করিয়াছিলেন ? ॥২৯॥

তাঁহার সুন্দর নখরূপচন্দ্র সম্যক্ উদিত হইলেও মনে হয় তাঁহার কেশরূপ অন্ধকার সীমন্তভূষণের মুক্তারূপ তারকার সঙ্গ হেতু ম্লান হয় নাই। কেন না যে পত্নীকর্ত্তৃক স্বীকৃত হয় সে তাহার পতি হইতে ভয় পায় না ॥৩০॥

শ্রীবাড়বানল-পয়োনিধি-মধ্যজাতা (৫৮)
ত্বনন্তাসুরৈরনিমিষৈরপি বীক্ষ্যমাণা (৫৯)
বেলামবাপ্য (৬০) সুরসার্থকৃতাগ্রবেশা (৬১)।
বিশ্বম্ভরস্য (৬২) নিকটং প্রসসার লক্ষ্মীঃ ॥৩১॥

যথা যথা প্রাপ সমীপদেশং ক্রমেণ কন্যা দ্বিজপুঙ্গবস্য।
তয়োরুদৈয়স্ত তথা তথৈকদ্ব্যাদিক্রমাৎ কম্পমুখানুভাবাঃ ॥৩২

পরস্পরস্যাঙ্গ-সুগন্ধ-হালিকাং (৬৩)
পীত্বা মনোদন্তিবরাবমাদ্যতাম্।
তয়োঃ সমাস্ফালনত স্তনুদ্বয়ী
বনদ্বয়ী কম্পমবিন্দত ধ্রুবম্ ॥৩৩॥

---

[৫৮] ব্রাহ্মণগৃহমেব পয়োনিধিঃ পক্ষে বাড়বানলাশ্রয়ো যঃ পয়োনিধি স্তন্মধ্যজাতা
(৫৯) অনিমিষৈঃ নিমেষরহিতৈঃ ভূমিসুরৈ র্যথেষ্টং দৃশ্যমানা পক্ষে অনন্তৈরসুরৈ দেবৈশ্চ
[৬০] বেলাং কালং সমুদ্রকূলঞ্চ, (৬১) সুরসৈবর্থৈ-র্বস্তুভিঃ পক্ষে সুরাণাং সার্থৈঃ। (৬২) গৌরস্য নারায়ণস্য চ লক্ষ্মীঃ কন্যা অথচ কমলা।৩১॥
(৬৩) হালিকাং মদিরাং ॥৩৩॥

সুন্দর বাড়বানলের আশ্রয়রূপ ক্ষীরসাগরের মধ্য হইতে উৎপন্না লক্ষ্মী সমুদ্র-কূলে উপস্থিত হইলে অনন্ত অসুরগণকর্ত্তৃক অনিমেষ নয়নে দৃশ্যমানা এবং দেবগণকর্ত্তৃক রচিত অনুপমবেশসম্পন্না হইয়া নারায়ণের নিকট গমন করিলেন। পক্ষে শ্রীযুক্তবল্লভবিপ্রের গৃহরূপ ক্ষীরসমুদ্র মধ্যে জাতা অতিসুন্দর অলঙ্কারাদি-বস্তুরদ্বারা বিহিত সর্ব্বোত্তমবেশ-সম্পান্না লক্ষ্মী সময় প্রাপ্ত হইয়া নিমেষরহিত ব্রাহ্মণগণকর্ত্তৃক দৃশ্যমান হইতে হইতে বিশ্বম্ভরের নিকট অগ্রসর হইলেন ॥৩১॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ বল্লভাচার্য্যের কন্যা লক্ষ্মী ক্রমশঃ যেমন যেমন বিশ্বম্ভরের নিকটে আসিতে লাগিলেন তেমনই একটী, দুইটী, ইত্যাদিক্রমে কম্প প্রভৃতি অনুভাব সকল তাঁহাদের উভয়ের অঙ্গে উদিত হইতে লাগিল ॥৩২॥

তাঁহাদের মনরূপ করিবরদ্বয় পরস্পরের অঙ্গের সুগন্ধ মদিরা পান করিয়া

অন্যোন্যদেহ-চ্ছবি-চন্দ্রিকেক্ষণা
তয়োর্ধ্রুবং প্রীত্যুদধির্ব্যবর্দ্ধত।
তদীয়-কল্লোলভরঃ প্রপূরয়ং
স্তদন্তরং (৬৪) স্বেদমিষাদ্বহির্যযৌ ॥৩৪॥

অন্যোন্যমঙ্গদ্যুতি চন্দ্রিকাং যৎ
কন্যাবরাবাপিবতাং চকোরৌ—
ততস্তয়োঃ সর্বতনূরুহালী (৬৫)
প্রোৎফুল্লতামগ্র্যতমাং প্রপেদে ॥৩৫॥

ততঃ প্রদক্ষিণীচক্রে লক্ষ্মীঃ পীঠস্থিতা প্রভুম্।
জ্যোতিশ্চক্র—সমারূঢ়া সুমেরুমিব তারকা ॥৩৬॥

---

(৬৪) তয়োরন্তরং শরীরমধ্যম্ ॥৩৪॥
(৬৫) তনুরোহং রোম পক্ষে পক্ষঃ ॥৩৫॥

মত্ত হইয়াছিল। ঐ মনরূপ হস্তিদ্বয়ের আস্ফালন হেতু, তাহাদের তনুদ্বয়রূপ বন দুইটী কম্প প্রাপ্ত হইতেছিল ॥৩৩॥

পরস্পরের দেহকান্তিরূপ চন্দ্রিকার দর্শনে তাঁহাদের প্রীতিরূপ সমুদ্র বর্দ্ধিত হইয়াছিল। ঐ প্রীতি-সমুদ্রের তরঙ্গমালা তাহাদের শরীর মধ্য অর্থাৎ হৃদয় পরিপূর্ণ করিয়া ঘর্ম্মচ্ছলে বহির্গত হইতেছিল ॥৩৪॥

কন্যা ও বররূপ চকোর যুগল যে পরস্পরের অঙ্গকান্তিরূপ চন্দ্রিকা পান করিতেছিল, তাহাতে তাহাদের সমস্ত রোমরাজি (পক্ষে পক্ষসমূহ) অত্যন্ত উৎ-ফুল্লতা প্রাপ্ত হইয়াছিল ॥৩৫॥

অনন্তর জ্যোতিশ্চক্রারূঢ় তারকা যেমন সুমেরুকে প্রদক্ষিণ করে, সেইরূপ পীঠস্থিতা লক্ষ্মী প্রভুকে প্রদক্ষিণ করিয়াছিলেন ॥৩৬॥

তদেবং লক্ষ্মীং ত্রিঃ প্রদক্ষিণং কারয়িত্বা গৌরস্য সংমুখে স্থাপয়িত্বা দূরী-কৃত্যাচ্ছাদনং পরস্পর-মুখাবলোকনং সমাম্রেড়িতনিযুক্তিবচনাঃ (৬৬) কারয়ামাসু র্বন্ধুজনাঃ ॥৩৭॥

আরাৎ প্রিয়াননমবেক্ষ্য হ্রিয়া বিনম্রং
গূঢ়স্মিতং দরচলেক্ষণমাত্মদৃষ্ট্যা।
লক্ষ্ম্যাঃ শচীতনুজনেরপি যঃ প্রমোদঃ
প্রাদুর্বভূব সা ন তৎপরবুদ্ধিবেদ্যঃ ॥৩৮॥

লক্ষ্মীস্তু গৌরমবলোক্য সকৃৎ সমুদ্য—
ল্লজ্জা ন্যমীলয়দলং নয়নং জবেন।
মন্যে তদীয়-সুষমামৃত-পূর-পূর্ণে- (৬৭)
তে সংববার জনদর্শন-বারণায় ॥৩৯॥

---

(৬৬) পুনঃ পুনরুক্তং নিযুক্তিবচনং চক্ষুরুন্মীল্য বারমালোকয়েত্যাদিরূপং যৈঃ।৩৭॥
(৬৭) অন্যোঽপি মধুরবস্তুপূরিতং ভাণ্ডাদি জনদর্শনাশঙ্কয়াবৃণোত্যেব ॥৩৯॥

এই প্রকারে বন্ধুজনগণ লক্ষ্মীকে তিনবার প্রদক্ষিণ করাইয়া গৌরের সম্মুখে স্থাপন করিলেন এবং পরস্পরের মুখাচ্ছাদন দূর করিয়া "চক্ষু মেলিয়া বরকে দর্শন কর"—এই প্রকার পুনঃ পুনঃ প্রেরণাবাক্যে পরস্পরের মুখাবলোকন করাইয়াছিলেন ॥৩৭॥

সম্মুখে আপনাকে দর্শন হেতু লজ্জায় বিনম্র, গূঢ় মৃদুহাস্যযুক্ত ও ঈষৎ চঞ্চল নয়নবিশিষ্ট প্রিয়ের বদন দর্শন করিয়া লক্ষ্মীর, ও তদ্রূপ প্রিয়ার বদন নিরীক্ষণ করিয়া শচীনন্দনের যে আনন্দ প্রকাশ পাইয়াছিল, তাহা তাঁহারা ব্যতীত অন্যের বোধগম্য নহে ॥৩৮॥

লক্ষ্মী গৌরকে একবার অবলোকন করিয়া অতি লজ্জিতা হওয়ায় তিনি অবিলম্বে চক্ষুঃ মুদ্রিত করিয়াছিলেন। মনে হয়, তিনি লোকের দর্শন নিবারণের জন্য গৌরের সৌন্দর্য্য-সুধারাশি-পরিপূর্ণ সেই নয়নযুগলকে আবরণ করিয়াছিলেন ॥৩৯॥

কিম্বা তদীক্ষা-প্রমদোদ্গতাস্রং, সংরোদ্ধু-কামা ভয়তস্ত্রপাতঃ।
ন্যমীলয়ত্তে সুদৃশাং হি লজ্জা, ভয়ং কদাচিন্ন বিলঙ্ঘনীয়ম্ ॥৪০॥

কিম্বা তস্যা গতিমপহৃতাং বীক্ষ্য গৌরেন্দুনাভ্যাং (৬৮)
দ্বাভ্যাং বিষ্ট্বান্তরমচিরতো মামপি স্বিদ্ধরেত (৬৯)।
ইত্যাশঙ্কাভরতরলিতা হন্ত! মন্যামহে হ্রী
র্নেত্রদ্বারে ন্যরুণদধিকং বত্ম‍রূপাররাভ্যাম্ ॥৪১॥

সুখোদয়াদস্রং বহূদ্গতং যদ্
রুরোধ লক্ষ্মী র্ভয়তস্ত্রপায়াঃ।
তদেব লব্ধা ন তনাববুস্থা
মানং বহিঃ স্বেদমিষাজ্জগাম ॥৪২॥

---

(৬৮) আভ্যাং নেত্রাভ্যাং, (৬৯) স্বিৎ বিতর্কে অব্যয়ম্ (ক) স্বচ্ছদরূপ-কপাটাভ্যাং ॥৪১॥

কিংবা গৌরের দর্শনানন্দজনিত অশ্রুকে ভয়ে ও লজ্জায় সংরুদ্ধ করিবার ইচ্ছায় তিনি নেত্রদ্বয় নিমীলিত করিয়াছিলেন। যে হেতু সুলোচনা রমণীগণের কখনও লজ্জা ও ভয় উল্লঙ্ঘন করা উচিত নহে ॥৪০॥

অথবা গৌরচন্দ্রকর্ত্তৃক তাঁহার মতি অপহৃতা হইয়াছে দেখিয়া এই দুইটী চক্ষুর দ্বারা অন্তরে প্রবেশ করিয়া অচিরে আমাকেও হরণ করিবে, মনে হয়, এই প্রকার শঙ্কাতিশয়ে চঞ্চল হইয়া লজ্জা নয়নের পক্ষরূপ দুইটী-কবাটের দ্বারা তাঁহার নেত্রদ্বার রুদ্ধ করিয়াছিল ॥৪১॥

সুখোদয়ে জাত যে প্রচুর অশ্রুকে লক্ষ্মী ভয় ও লজ্জাবশতঃ রুদ্ধ করিয়াছিলেন, তাহাই তাঁহার শরীরমধ্যে পরিমাণ প্রাপ্ত না হইয়া ঘর্ম্মচ্ছলে বাহিরে আসিয়াছিল ॥৪২॥

গৌরস্তু বীক্ষ্য বদনং রুচিরং প্রিয়ায়া
গাম্ভীর্য্যভূমিরপি সত্ত্বসমাশ্রয়োঽপি।
সিন্ধুঃ সুধাংশুবদগাদতিবেলভাবং (৭০)
যেনাঙ্গবর্ত্তি (৭১) সমকল্পত রোমবৃন্দম্ ॥৪৩॥

অথ নিদেশেন বন্ধুতায়া নববন্ধুতায়ামিলজ্জা মিলজ্জাড্যাপি সুখসেকনিষ্ঠয়া (৭২) কনিষ্ঠয়াঙ্গুল্যা গৃহীত্বা চন্দনরসং নর-সংসেব্যমানচরণসারসস্য সারসস্য-নবাঙ্কুরোচ্ছূনরোমমূলকালিকে (৭৩) কালিকেব শিবস্য প্রভো রর্পয়ামাস ॥৪৪॥

---

(৭০) অতিক্রান্তা বেলা মর্য্যাদা যেন তাদৃশত্বং ; (৭১) অঙ্গবর্ত্তি স্পষ্টং, পক্ষে সমীপবর্ত্তি বনবৃন্দং, তত্র জলপ্রবেশাৎ ॥৪৩॥

(৭২) সুখসেকস্য নিষ্ঠা নিষ্পত্তি র্যতস্তয়া। (৭৩) উত্তমশস্য-নূতনাঙ্কুরবদুচ্ছূনং রোমমূলং যস্যাঃ ॥৪৪॥

সমুদ্র গাম্ভীর্য্যের আধার ও কুম্ভীরমকরাদিপ্রাণীগণের আশ্রয় হইলেও চন্দ্রদর্শনে উহা যেমন উদ্বেলতা প্রাপ্ত হয় এবং উহার নিকটবর্ত্তী বনসকল কম্পিত হয়, সেইরূপ গৌর গাম্ভীর্য্যভাজন ও সত্ত্বসম্পন্ন অর্থাৎ পরাক্রমশালী হইলেও প্রিয়ার রমণীয় বদন দর্শন করিয়া অসীমভাব (রতিবিশেষ) প্রাপ্ত হইলেন, যদ্দ্বারা তাঁহার অঙ্গস্থিত রোমরাজি কম্পিত হইতে লাগিল ॥৪৩॥

অনন্তর বন্ধুগণের আদেশে লক্ষ্মী অতিশয় লজ্জাবশতঃ জড়তা প্রাপ্ত হইলেও তাহা ত্যাগ করিয়া সুখপ্রদাননিষ্ঠা কনিষ্ঠা অঙ্গুলির দ্বারা নূতন চন্দনরস গ্রহণ করিলেন এবং যাঁহার চরণকমল নরবৃন্দের সেবার যোগ্য সেই প্রভুর ললাটে শিবের ললাটে দুর্গার ন্যায় উহা অর্পণ করিলেন। চন্দনপ্রদানকালে লক্ষ্মীর রোমমূল উত্তম শস্যের নূতন অঙ্কুরের ন্যায় স্ফীত হইয়াছিল ॥৪৪॥

পরস্পরং স্পর্শমবাপ্য কন্যকা-
বরৌ নবং জাত-মহাচমৎকৃতী।
তদা সুখং হন্ত! কিমেতদিত্যমূ
বিচারমন্তর্মনসা বিতেনতুঃ ॥৪৫॥

লক্ষ্ম্যাঙ্গুলীং চন্দনপঙ্কযুক্তাং
প্রভুর্নিবিষ্টামলিকে স্বকীয়ে।
মেনে বশীকার্য্য-গদেন লিপ্তং
কামাশুগং গন্ধফলীস্বরূপম্ ॥৪৬॥

গৌরস্যাঙ্গং স্পৃশন্তী নবকুতুকভরাদ্ বিন্দমানাপি মোদং
লক্ষ্মী লজ্জাতিভীতা কর-নলিনদলং সত্বরং সঞ্চকর্ষ।
এতন্মিথ্যৈব বাক্যং ভবতি পুনরিদং সত্যমস্যৈব চিল্লিং (৭৪)
মত্বা ভৌজঙ্গমাস্ত্রং ভয়তরলমনাঃ (৭৫) পুষ্পবাণাসনস্য ॥৪৭॥

তখন কন্যা ও বর উভয়ে পরস্পরের নবজাত স্পর্শ লাভ করিয়া অতিশয় চমৎকৃত হইলেন এবং তাঁহারা মনোমধ্যে "অহো! একি অপূর্ব্ব সুখ!" এই কথা বিচার করিতে লাগিলেন ॥৪৫॥

নিজ ললাটে অর্পিত চন্দনপঙ্কযুক্ত লক্ষ্মীর অঙ্গুলিকে প্রভু বশীকরণের ঔষধে লিপ্ত চম্পক-কলিকাস্বরূপ কামের বাণ বলিয়া মনে করিয়াছিলেন ॥৪৬॥

লক্ষ্মী গৌরের অঙ্গ স্পর্শ করিয়া নবকৌতুকভরে আনন্দপ্রাপ্ত হইলেও লজ্জায় অত্যন্ত ভীতা হইয়া সত্বর করপদ্মদল অর্থাৎ করাঙ্গুলি আকর্ষণ করিয়াছিলেন—এ কথাই মিথ্যা। পক্ষান্তরে ইহা সত্য যে, লক্ষ্মী গৌরের ভ্রূকে পুষ্প-ধন্বা কন্দর্পের ভুজগাস্ত্র মনে করতঃ ভয়ে চঞ্চলমনা হইয়া সত্বর করকমলদল আকর্ষণ করিয়াছিলেন ॥৪৭॥

ততঃ করাভ্যাং পরিগৃহ্য লক্ষ্মী, মধূকমালাং (৭৬) প্রভুকণ্ঠদেশে
সমর্পয়ামাস ববন্ধ মন্যে, পাশেন কামস্য তদাজ্ঞয়ামুং ॥৪৮॥

গৌরোঽপি নীত্বা নিজকণ্ঠদেশান্
মল্লীস্রজং তাং নিদধে গলেঽস্যাঃ।
পত্নী ধবস্যার্দ্ধমতো লভেথাঃ
সর্ব্বত্র ভাগং স্মিতিবোধনায় ॥৪৯॥

স্বভুক্ত-মাল্যং নিজপাণিনার্পিতং
গৌরাদ্‌ যদা প্রাপদসৌ মৃগেক্ষণা।
তদা ধিয়াস্মৈ প্রদদে স্বমীশ্বর-
-প্রসাদলাভে হি তদেব সূচিতম্ (৭৭) ॥৫০॥

---

(৭৪) ভ্রবং, (৭৫) করনলিনদলং সত্বরা সঙ্কর্ষেত্যনুষজ্যতে ॥৪৭॥
(৭৬) মধূকপুষ্পমাল্যং ॥৪৮॥
(৭৭) স্বমর্পণমেব সুষ্ঠু চিতম্ ॥৫০॥

অনন্তর লক্ষ্মী কর যুগলের দ্বারা মধূক পুষ্পের মালা গ্রহণ করিয়া প্রভুর গলে অর্পণ করিয়াছিলেন। মনে হয়, তখন তিনি কামের আজ্ঞায় তাঁহাকে পাশ দ্বারা বন্ধন করিয়াছিলেন ॥৪৮॥

গৌরও নিজের কণ্ঠদেশ হইতে মল্লিকা পুষ্পের মালা লইয়া 'পত্নী পতির অর্দ্ধ অতএব সর্ব্বত্রে অংশ লাভ করিবে''। যেন ইহা জানাইবার জন্য তাঁহার গলে উহা প্রদান করিলেন ॥৪৯॥

মৃগনয়না লক্ষ্মী যখন গৌরের নিকট হইতে তাহার স্বহস্তপ্রদত্ত নিজ সেবিত মাল্য প্রাপ্ত হইলেন, তখন মনে মনে তাঁহাকে আত্মা অর্পণ করিলেন। যে হেতু ঈশ্বরের অনুগ্রহলাভে তাহাই (আত্মসমর্পণ করাই) সমুচিত ॥৫০॥

পরস্পরং মাল্য-সমর্পণচ্ছলা—
লক্ষ্মী-নবদ্বীপবিধূ নিজং নিজম্।
মনোঽর্পয়ামাসতুরিত্যবৈম্যহং
ততঃ ক্ষণান্ কাংশ্চন জাড্যমাপতুঃ ॥৫১॥

ততশ্চ (৭৮) পরস্পরং মানসে প্রাপ্যাপি স্বরতি-বিজাতীয়রতিশালিভ্যাং তাভ্যাং পরস্পর-মাধুর্য্যানুভবসুখং লব্ধুমসমর্থৌ তত্র বিরক্তাবিব তে পুনঃ পরিবর্ত্তয়ামাসতুঃ ॥৫২॥

কন্যাবরৌ মাল্য-সমর্পণং যদা
পরস্পরপ্রেমরসেন চক্রতুঃ।
তদা ধ্বনিঃ কম্বুভবো বধূততে
রুলুলুনাদোঽপি দিশো দশানশে ॥৫৩॥

---

(৭৮) ননু তর্হি পুনঃ কথং জাড্যং তত্যজতুস্তত্রাহ ততশ্চেতি ॥৫২॥

লক্ষ্মী ও নবদ্বীপচন্দ্র পরস্পর পরস্পরকে মাল্যপ্রদানচ্ছলে নিজ নিজ মন অর্পণ করিয়াছিলেন, ইহাই আমার জ্ঞান হয়। সেই জন্য কয়েক ক্ষণ পর্য্যন্ত উভয়েই জড়তা প্রাপ্ত হইয়াছিলেন ॥৫১॥

অনন্তর তাঁহারা পরস্পর পরস্পরের মনকে প্রাপ্ত হইয়াও নিজরতির বিজাতীয় রতিশালী (বিষয়জাতীয় ও আশ্রয়জাতীয় রতিযুক্ত) সেই দুইটী মনের দ্বারা পরস্পরের মাধুর্য্য অনুভবের সুখলাভ করিতে অসমর্থ হওয়ায় তাঁহারা যেন তাহাতে বিরক্ত হইয়া পুনরায় পরস্পরের চিত্ত পরিবর্ত্তন করিয়াছিলেন (ফিরাইয়া দিয়াছিলেন) ॥৫২॥

যখন বরকন্যা পরস্পর প্রেমানন্দে মাল্য প্রদান করিতেছিলেন, তখন শঙ্খধ্বনি এবং বধূগণের উলু উলু শব্দ দশদিক ব্যাপ্ত করিয়াছিল ॥৫৩॥

যদা চ কৌতুক-কল্লোলাকুলিতৌ কন্যাবরৌ পরস্পরোপরি পুষ্পপ্রকরং পরিববৃষতু, স্তদা স্বস্বাঙ্গলগ্নানি তানি কামস্য কাণ্ডানি মত্বা তস্য পুষ্পবাণতাং যথার্থং মেনাতে ॥৫৪॥

অথ কন্যাযাত্রিকজনা জন্যযাত্রিকজনানা (৭৯) মুপরি পুষ্পানি বর্ষন্তঃ পরিহসন্তস্তৎসহকারেণ তুষ-শর্করাকর্করাদিকানি ববৃষুস্ততো হসন্তো জন্যযাত্রিকা জগদুঃ ॥৫৫॥

কন্যাসুহৃদো হরয়ঃ প্রসূনগন্ধাকুলীকৃতানঙ্গা (৮০)।
তস্মাচ্চঞ্চলতৈষামীদৃঙ্, নাযুক্তত্তাং বহতি ॥৫৬॥

---

(৭৯) বরযাত্রিকজনানাং ॥৫৫॥
(৮০) পুষ্পগন্ধেনাকুলীকৃতমনঙ্গমাকাশং যৈস্তে হরয়ঃ পবনাঃ; নিন্দাপক্ষে ফলগন্ধেনাকুলীকৃতমনঙ্গং মনো যেষাং তে হরয়ো বানরাঃ ॥৫৬॥

যখন আনন্দতরঙ্গে আকুলিত হইয়া কন্যা ও বর পরস্পরের উপর পুষ্পরাশি বর্ষণ করিতেছিলেন, তখন তাঁহারা নিজ নিজ অঙ্গলগ্ন সেই পুষ্পগুলিকে কামের বাণ মনে করিয়া তাহার পুষ্পবাণত্ব যথার্থ মনে করিয়াছিলেন ॥৫৪॥

অনন্তর কন্যাযাত্রী জনসকল বরযাত্রীজনগণের উপর পুষ্পবর্ষণ করিতে করিতে পরিহাসপূর্ব্বক তাহাদের সঙ্গে তুষ শর্করা (খাপরা) ও কঙ্করাদি বর্ষণ করিতেছিলেন, তখন বরযাত্রিগণ হাসিতে হাসিতে বলিয়াছিলেন ॥৫৫॥

কন্যার সুহৃদ্গণ সকলে হরি অর্থাৎ পবন। তাঁহারা পুষ্পগন্ধে আকাশ পরিপূর্ণ করিয়া থাকেন। অতএব ইঁহাদের এই প্রকার চঞ্চলতা অযুক্ত নহে।

শ্লেষপক্ষে- কন্যাসুহৃদ্গণ সকলে হরি অর্থাৎ বানর। ফলের গন্ধ তাহাদের চিত্তকে আকুল করে। অতএব তাহাদের পক্ষে এই প্রকার চঞ্চলতা অযুক্ত নহে ॥৫৬॥

কন্যাযাত্রিকাঃ প্রোচুঃ—

বিশ্বম্ভরানুযায়ী পীবরশৃঙ্গোঽর্জুন-প্রণয়ী।
বরযাত্রিকসংঘোঽয়ং বত বত বৃষ্ণিতাং বহতি (৮১) ॥৫৭॥

পুনরপি বরযাত্রিকা বদন্তি স্ম—

কন্যাপক্ষাঃ শস্ত-প্রতিভাকা জগদিরে লোকৈঃ।
অপ্রতিকাশাস্তেষাং নব্যাহারে চলাস্যতা যুক্তা (৮২) ॥৫৮॥

---

(৮১) কৃষ্ণানুযায়ী, পীবরং পুষ্টং শৃঙ্গং প্রাধান্যং যস্য, অর্জ্জুনে পাণ্ডবে প্রীতিমান্, বৃষ্ণিতাং যাদবতাং ; পক্ষে বিশ্বম্ভরানুযায়ী গৌরানুগতঃ স্থূলবিষাণঃ ঘাসপ্রণয়ী বৃষ্ণিতাং গোত্বং ষণ্ডতামিতি যাবৎ ॥৫৭॥

(৮২) শস্তা প্রতিভা যেষাং, অপ্রতিকাশা অতুল্যাঃ ; পক্ষে ন সন্তি প্রতিকাশা ইতি চত্বারো বর্ণা যেষু তাদৃশাঃ শস্তপ্রতিভাকাঃ স্তভা শ্ছাগা ইতি গূঢার্থঃ। ব্যাহারে উক্তৌ চলাস্যতা চঞ্চলমুখতা ন যুক্তা অথচ নব্যাহারে নূতনাহারে যুক্তা ॥৫৮॥

কন্যাযাত্রিগণ উত্তর করিলেন—বরযাত্রিসমূহ বিশ্বম্ভরানুযায়ী (কৃষ্ণানুগামী), পীবর শৃঙ্গ (অতিশয় প্রাধান্যযুক্ত) ও অর্জ্জুনপ্রণয়ী (তৃতীয়পাণ্ডব অর্জ্জুনের প্রতি প্রীতিমান্) সুতরাং ইঁহারা বৃষ্ণিভাব (যাদবগণের ভাব) ধারণ করিতেছেন।

শ্লেষপক্ষে—বরযাত্রিগণ বিশ্বম্ভরানুযায়ী (বিশ্বম্ভরের অনুগামী) পীবরশৃঙ্গ (স্থূলশৃঙ্গযুক্ত) অর্জ্জুনপ্রণয়ী (ঘাসে প্রীতিসম্পন্ন)। অতএব অহো! ইঁহারা বৃষ্ণিতা (গোত্ব, অর্থাৎ বৃষের ভাব) ধারণ করিতেছেন ॥৫৭॥

পুনরায় বরযাত্রিগণ বলিলেন—লোকে বলিয়াছে—কন্যাপক্ষীয়গণ অপ্রতিকাশ (অসামান্য) শস্তপ্রতিভাকা (প্রশস্তপ্রতিভাসম্পন্ন)। অতএব বাক্যালাপে তাহাদের চঞ্চল মুখ হওয়া উচিত নহে।

শ্লেষপক্ষে—কন্যাপক্ষীয়গণ অপ্রতিকাশ (নাই প্র, তি, কা ও শ এই চারিবর্ণ যাহাতে এবম্বিধ) শস্ত প্রতিভাকা অর্থাৎ স্তভা (ছাগ)। অতএব তাহাদের নূতন আহার বিষয়ে চঞ্চলমুখতা উপযুক্ত বটে ॥৫৮॥

কন্যাযাত্রিকা পুনঃ প্রোচুঃ—

জন্যা ললামযুক্তা ভবন্তি কবয়োঽবপোদয়কাঃ।
তস্মাদেষামুচিতা গমশাখাচারিতা সততম্ (৮৩) ॥৫৯॥

তদেবং কন্যাপক্ষ-বরপক্ষেষু নর্ম্মব্যাহার-সমরং রসমরন্দ-মত্ত-তয়া (৮৪) কুর্ব্বাণেষু কন্যায়ান্যায়ানুসারেণাবরোধং নীতায়াং তস্যা জনকো জনকো রামমিব গৌরং বরিতুমারেভে ॥৬০॥

---

(৮৩) জন্যা বরযাত্রিকাঃ বরস্য স্নিগ্ধা ইতি যাবৎ। ললামযুক্তা ভূষাযুক্তাঃ পক্ষে পুচ্ছযুক্তাঃ অবপোদয়কা নাস্তি বপা ছিদ্রং যত্র স উদয়ো যেষাম্ অথচ নাস্তি বো যত্র পস্য উদয়শ্চ যত্র তথাভূতাঃ কপয় ইত্যর্থঃ। আগমশাখাচারিতা বেদশাখাবিজ্ঞত্বম্, অথচ আগমশাখাচারিতা বৃক্ষশাখাচারিত্বং ॥৫৯॥

(৮৪) রস আনন্দ এব মরন্দো মধু তন্মত্ততয়া ॥৬০॥

কন্যাযাত্রিগণ পুনরায় বলিলেন—বরযাত্রিগণ ললামযুক্ত (ভূষণ-যুক্ত), অবপোদয়কা (বপার অর্থাৎ ছিদ্রের উদয়বিহীন অর্থাৎ নির্দ্দোষ) এবং কবি। অতএব ইহাদের সর্ব্বদা আগমশাখাচারিতা অর্থাৎ বেদশাখায় অভিজ্ঞতা সমুচিত।

শ্লেষপক্ষে—বরযাত্রিগণ ললামযুক্ত অর্থাৎ পুচ্ছযুক্ত, অবপোদয়কা অর্থাৎ বকারশূন্য ও পকারের উদয় যুক্ত কবি, অর্থাৎ কপি (বানর)। অতএব ইহাদের অগমশাখাচারিতা অর্থাৎ বৃক্ষশাখায় বিচরণ সমুচিত ॥৫৯॥

এই প্রকারে কন্যাপক্ষীয় ও বরপক্ষীয় ব্যক্তিগণ আনন্দমধুতে মত্ত হইয়া পরিহাসোক্তি-যুদ্ধ করিতে লাগিলেন। এদিকে রীতি অনুসারে কন্যাকে অন্তঃপুরে লওয়া হইলে রাজর্ষিজনক যেমন রামচন্দ্রকে বরণ করিয়াছিলেন, সেইরূপ কন্যার পিতা বল্লভাচার্য্য গৌরকে বরণ করিতে আরম্ভ করিলেন ॥৬০॥

মনো মৃদু প্রেমরসেন যোগিনা-
মনন্তভোগো ঽপি যদীয়মাসনং।
সচেতন দত্তং কুশবিষ্টরাসনং
সমাদদে ভক্তিবশো মহাপ্রভুঃ ॥৬১॥

যস্মৈ দদে পাদ্যমহো পিতামহঃ
সমস্তদেবৈঃ পরিপূজিতোঽপ্যসৌ।
তস্মৈ দদে তৎ স ধরা-সুরোত্তম
স্তদীয়ভাগ্যং কতমো নহি স্তুতে ॥৬২॥

পাদ্যং সমাদায় যদাঽনিজন্নিজং (৮৫)
পদং মনুং (৮৬) তস্য সমুচ্চরন্ প্রভুঃ।
রাষ্ট্রং শ্রিয়াঽপূরি তদৈব তদ্ যতো
বচস্তদীয়ং ন মুধা কদাচন ॥৬৩॥

(৮৫) অনিজৎ প্রাক্ষালয়ৎ। (৮৬) মনুং মন্ত্রং যথা—"সব্যং পাদমবনেনিজে অস্মিন্ রাষ্ট্রে শ্রিয়ং দধে" ইত্যেবং রূপম্ ॥৬২॥

যোগিগণের প্রেমরসে কোমল মন এবং অনন্ত নাগের দেহ যাহার আসন, সেই মহাপ্রভু ভক্তির বশ হইয়া বল্লভাচার্য্য কর্ত্তৃক প্রদত্ত কুশ ও বিস্টরাসন গ্রহণ করিয়াছিলেন ॥৬১॥

পিতামহ ব্রহ্মা সমস্ত দেবতাগণের পূজিত হইয়াও যাহাকে পাদ্য (পাদ-প্রক্ষালনার্থ জল) প্রদান করিয়াছিলেন, ব্রাহ্মণোত্তম বল্লভাচার্য্য আজ তাহাকে পাদ্য অর্পণ করিলেন। অতএব তাঁহার ভাগ্য কে না প্রশংসা করে ॥৬২॥

প্রভু পাদ্য গ্রহণ করিয়া যখন সেই পাদ্যের মন্ত্র উচ্চারণ করিতে করিতে নিজ পদ প্রক্ষালন করিতেছিলেন, তখনই তিনি সেই রাজ্য শ্রী (লক্ষ্মী সম্পত্তি) দ্বারাপূর্ণ করিয়াছিলেন। কেননা, তাঁহার বাক্য কখনও বৃথা হয় না ॥৬৩॥

চতুর্ম্মুখঃ পঞ্চমুখঃ সহস্রানেনোঽপি যস্যাঙ্ঘ্রিযুগং নমস্তি।
ন তেন মূর্দ্ধ্না স যদর্পিতার্ঘ্যং জগ্রাহ তদ্ভাগ্যমহো বরীয়ঃ॥ ৬৪॥

আচম্যমন্তঃ সকলা ত্রিলোকী
দত্তে যমুদ্দিশ্য পরং ন সাক্ষাৎ।
স বল্লভাচার্য্যবরেণ দত্তং
তদাদদে হস্তমহো প্রসার্য্য॥ ৬৫॥

হুতং হবির্ভূমিসুরৈঃ কৃশানুনা
মুখেন ভুঙ্‌ক্তে ন পুনঃ স্বকেন যঃ।
স যেন দত্তং মধুপর্কমাঘস
ন্নিজাননেনৈব স কেন নেড্যতে॥ ৬৬॥

চতুর্ম্মুখ, পঞ্চানন ও সহস্রবদন অনন্তও যাঁহার চরণযুগলে প্রণাম করিয়া থাকেন তিনি যাঁহার প্রদত্ত অর্ঘ্য নত মস্তকে গ্রহণ করিয়াছিলেন, অহো! তাঁহার ভাগ্যই শ্রেষ্ঠ ॥৬৪॥

সমস্ত ত্রিভুবন যাঁহাকে উদ্দেশ করিয়া আচমনীয় জল প্রদান করে, কিন্তু সাক্ষাতে দান করিতে পারে না; অহো! বল্লভাচার্য্যবরকর্ত্তৃক প্রদত্ত সেই আচমনীয় জল তিনি হস্ত প্রসারিত করিয়া গ্রহণ করিয়াছিলেন ॥৬৫॥

ব্রাহ্মণগণ-কর্ত্তৃক আহুতিরূপে প্রদত্ত ঘৃতকে যিনি অগ্নিমুখে ভোজন করেন কিন্তু নিজমুখে ভোজন করেন না। তিনি যাহার দত্ত মধুপর্ক নিজমুখেই ভক্ষণ করিয়াছিলেন, কে তাঁহার স্তব না করে? ॥৬৬॥

ততশ্চ বল্লভাচার্য্যঃ স্বদুহিতরমানায্য মাল্যচন্দনবসনমণ্ডন-প্রভৃতিভিঃ সাদরং পূজয়িত্বা বরং কন্যাবরয়োর্দক্ষিণ-করযোঃ সৌভাগ্যাহ্বয়ং পিষ্টগন্ধবস্তুচয়ং লিলেপ ॥ ৬৭ ॥

অথ কাচিল্ললনা সপতিতনয়াঽনতীত-নয়া (ক) নতীকৃতাননা গৌরস্য মুখং পশ্যন্ত্য-পশ্যন্ত্যতিহ্রিয়ং (৮৭) স্মিতং বিদধতী দধতী তস্যোত্তানদক্ষিণকরোপর্য্যধো-মুখং (৮৮) লক্ষ্ম্যা দক্ষিণকরং পবিত্রেণাবিত্রেণানন্দস্য (৮৯) ববন্ধ ॥৬৮॥

লক্ষ্ম্যাঃ করঃ শ্রীলমহাপ্রভোঃ করং
লাবণ্যভূম্নাতিতরাং পরাভবৎ।

(ক) ন অতীতোঽতিক্রান্তো নয়ো নীতির্যয়া, (৮৭) অতিহ্রিয়ং অপশ্যন্তী তনূকুর্ব্বতী (৮৮) অন্যোঽপি যং পরাভবতি তমধো বিধায় তস্যোপরি তিষ্ঠতি। (৮৯) আনন্দস্য রক্ষণসাধনেন দর্ভেন ।৬৮ ॥

অনন্তর বল্লভাচার্য্য নিজ কন্যাকে আনাইয়া, মাল্য চন্দন, বস্ত্র ও অলঙ্কারা-দির দ্বারা সাদরে বরের পূজা করিলেন এবং কন্যা ও বরের দক্ষিণ করে সৌভাগ্যজনক পিষ্ট গন্ধবস্তুসমূহ লেপন করিলেন ॥৬৭॥

অনন্তর কোনও এক নীতিশালিনী পতিপুত্রবতী রমণী নতবদনে অতিশয় লজ্জা হ্রাস করিয়া গৌরের মুখদর্শনপূর্ব্বক ঈষৎ হাস্য করতঃ তাঁহার উত্তান দক্ষিণ হস্তের উপর লক্ষ্মীর অধোমুখ দক্ষিণ হস্ত রাখিয়া আনন্দ রক্ষণকারী পবিত্রের (কুশের) দ্বারা বন্ধন করিয়া দিলেন ॥৬৮॥

লক্ষ্মীর কর লাবণ্যাতিশয়ে শ্রীমন্মহাপ্রভুর করকে অত্যন্ত পরাস্ত করিয়াছিল।

ততো বলেনামুমধো বিধায় স
ধ্রুবং সমাক্রম্য চিরাদতিষ্ঠত ॥ ৬৯ ॥
অন্যোন্য-চেতোধনহারকৌ দ্বা-
বন্যোন্যহস্তে পরিবন্ধনীয়ৌ।
ইমৌ যুবানাবিতি কিং বিচার্য্যা-
বধ্নাৎ কুশৈঃ সা করপদ্ময়োস্তৌ ॥৭০॥

পরস্পর-স্পর্শ-সুখানুভূতিতঃ
স্বিন্নৌ তদা তৌ মনসেদমূচতুঃ।
দানক্রিয়াহ্নেনেন বিলম্ব্য চেদিয়ং
ক্রিয়েত ন স্তর্হি পরং সুখং ভবেৎ ॥ ৭১ ॥

ততশ্চ বল্লভ-নামধরো ধরাসুরবরো ধৃত-মণিস্বর্ণমণ্ডনাং পরিহিতরুচিরবসনাং

সেইজন্য লক্ষ্মীর কর বলপূর্ব্বক তাঁহার করকে অধোভাগে করিয়া অর্থাৎ নীচে ফেলিয়া তাহার উপরে আরোহণ করতঃ বহুক্ষণ অবস্থান করিয়াছিল ॥৬৯॥

"পরস্পরের চিত্তধন অপহরণকারী এই দুই যুবকযুবতিকে পরস্পরের হস্তে বন্ধন করা কর্ত্তব্য"—এইরূপ বিচার করিয়া কি সেই ললনা লক্ষ্মী ও বিশ্বম্ভর উভয়কে তাঁহাদের দুইটী করপদ্মে বন্ধন করিয়াছিলেন ॥৭০॥

তখন পরস্পরের স্পর্শসুখ অনুভব হেতু ঘর্ম্মযুক্ত হইয়া তাঁহারা পরস্পর মনে মনে এই কথা বলিয়াছিলেন—ইনি (বল্লভাচার্য্য) যদি বিলম্ব করিয়া সম্প্রদান কার্য্য করেন, তাহা হইলে আমাদের অত্যন্ত সুখ হয় ॥৭১॥

অনন্তর বল্লভনামধারী ব্রাহ্মণবর মণি ও স্বর্ণময় অলঙ্কারধারিণী সুন্দর-বসনপরিহিতা দুহিতা ও (মণিকাঞ্চনভূষণধারী রমণীয়বস্ত্রপরিহিত) জামাতাকে

স্বভ্যর্চ্য দুহিতরং তথা জামাতরং যথাশাস্ত্রবচনং বিধায় সঙ্কল্পরচনং তাং তস্মৈ দদে ॥ ৭২ ॥

আদৌ কন্যা সাপি লক্ষ্মী-স্বরূপা
স্থানং তীর্থং দানপাত্রং মুকুন্দঃ।
তৎ সৌভাগ্যং বল্লভাচার্য্যনাম্নো
ভূমীদেবস্যাস্তু কেনাধিগম্যম্ ॥ ৭৩ ॥

বিষ্ণোঃ প্রীতিং কাময়িত্বা জনা যে
কন্যাদানং কুর্ব্বতে তেষু তস্য

---

(৯০) কন্যাদানক্রিয়াতঃ ॥৭৪॥

সম্যক্ অর্চ্চনা করিয়া শাস্ত্রবিধি অনুসারে সঙ্কল্প করিরা জামাতাকে কন্যা সম্প্রদান করিলেন ॥ ৭২ ॥

প্রথমতঃ যিনি কন্যা তিনি লক্ষ্মী স্বরূপা, (নবদ্বীপ) স্থান তীর্থ অর্থাৎ গঙ্গাতীর, দানের পাত্র মুকুন্দ (মুক্তিদাতা বা প্রেমভক্তিদাতা কৃষ্ণ)। অতএব বল্লভাচার্যনামক ব্রাহ্মণের সৌভাগ্য কে জানিতে পারে ? ॥ ৭৩ ॥

যে সকল ব্যক্তি বিষ্ণুর প্রীতি কামনা করিয়া কন্যাদান করেন, তাঁহাদের উপর তাঁহার একমাত্র প্রীতি হইয়া থাকে। কিন্তু এই কন্যাদান-ক্রিয়া হইতে এই ব্রাহ্মণের উপর তাঁহার তদুপরি সুন্দরীকন্যাপ্রাপ্তিজনিত প্রীতিও উৎপন্ন হইল ॥ ৭৪ ॥

এবৈকব স্যাৎ প্রীতি রেতৎক্রিয়াভো (৯০)
জাতাস্মিংস্তু শ্রীলকন্যাপ্তিজাহপি ॥ ৭৪ ॥

ততশ্চ বসন-ভূষণ-গৃহোপকরণপ্রভৃতি-যৌতুকমতিশায়িতকৌতুকঃ সমর্প্য গৌরায় দক্ষিণাং বরায় সমর্পয়ামাস বল্লভনামা সঃ ॥ ৭৫ ॥

ততঃ কাচিচ্চন্নারী পতি-সুতবতী গৌরশশিনো
দিশং বামাং লক্ষ্মীং হসিতমুখমানীয় রভসাৎ।
তয়োর্বাসোদ্বন্দ্বে তনুনি নবরাগে বিদধতী
মুদান্যোন্যং গ্রন্থিং হৃদয়-যুগলে কিং তমকরোৎ (৯১) ॥ ৭৬ ॥

তদেবং মিলিতৌ লক্ষ্মীশচীনন্দনাবানন্দনাবালোক্য যুবতি-ততয়োহতিতত

---

(৯১) তয়োর্হৃদয়দ্বন্দ্বমপি সূক্ষ্মং নবানুরাগঞ্চ তৎগ্রন্থিম্ ॥ ৭৫ ॥
(৯২) অতিততং অতিবিস্তৃতং যোগ্যং তৎকালোচিতং কুতূহলং যাসাং। (৯৩) বহুলং যথাস্যাত্তথা অবকীর্ণানি কুসুমানি যাভিঃ ॥ ৭৭ ॥

তদনন্তর বল্লভনামক সেই বিপ্র অতিশয় কৌতুকভরে বর গৌরকে বসন, ভূষণ, গৃহ-সামগ্রী প্রভৃতি (গৃহে ব্যবহার্য্য পালঙ্ক-শয্যা-কলসাদি) সমর্পণ করিয়া দক্ষিণা প্রদান করিয়াছিলেন ॥ ৭৫ ॥

অতঃপর পতিপুত্রবতী কোনও এক নারী হর্ষভরে হাস্যমুখে গৌরচন্দ্রের বাম দিকে লক্ষ্মীকে আনিয়া তাঁহাদের পরস্পরের সূক্ষ্ম নবরাগযুক্ত অর্থাৎ রক্তবর্ণ বস্ত্র যুগলে সানন্দে গ্রন্থি দিয়া তিনি কি তাঁহাদের পরস্পরের সূক্ষ্ম, নবানুরাগযুক্ত হৃদয়যুগলেও গ্রন্থি প্রদান করিয়াছিলেন ॥ ৭৬ ॥

এই প্রকারে আনন্দপ্রদ লক্ষ্মী ও শচীনন্দকে—মিলিত হইতে দেখিয়া

যোগ্য-কুতূহলা (৯২) বহুলাবকীর্ণ-কুসুমাঃ (৯৩) সুমাধুরীধুরীণা বাচো জগদুঃ— ॥ ৭৭ ॥

সখ্যো বিলোকয়ত কিং রতি-পঞ্চবাণৌ
কিম্বা শচী-সুরপতী কিমুমা-মহেশৌ।
কিম্বা বিদর্ভ-ধরণীশ-সুতা-মুকুন্দা—
বত্রাগতৌ সুখয়িতুং নয়নাবলী নঃ ॥ ৭৮ ॥

মাধুর্য্য-পীযূষ-পয়োধি মেতয়োঃ
প্রবিশ্য নো দৃক্ পৃথুরোম-সংহতিঃ।
মুদং ব্রজন্ত্যন্যপদার্থ-মাধুরী—
নদীং ন কাঞ্চিৎ প্রতিযাতু মীহতে ॥ ৭৯ ॥

বয়ং বিধেঃ শিল্প-পটুত্ব-সম্পদো
নির্ম্মঞ্ছনং যাম তথা করস্য চ।

যুবতিবৃন্দ তৎকালোচিত পরমকৌতুহলভরে প্রচুর পুষ্প বর্ষণ করিয়া অতিশয় মাধুরীযুক্ত উৎকৃষ্ট সুন্দর বাক্য বলিতে লাগিলেন ॥ ৭৭ ॥

সখীগণ! অবলোকন কর ; এ দুইজন কি রতি ও মদন, কিম্বা শচী ও ইন্দ্র অথবা পার্ব্বতী ও মহাদেব, কিংবা বিদর্ভরাজনন্দিনী রুক্মিণী ও কৃষ্ণ আমাদের নয়নে (সকলে) সুখ দিবার জন্য এখানে উপস্থিত হইয়াছেন? ॥ ৭৮ ॥

বিস্তৃত রোমরাজিযুক্ত আমাদের নেত্র এই দুইজনের মাধুর্য্যসুধাসমুদ্রে প্রবেশপূর্ব্বক আনন্দ লাভ করিয়া আর অন্য কোনও পদার্থের মাধুরী নদীতে ফিরিয়া যাইতে ইচ্ছা করিতেছে না ॥ ৭৯ ॥

যাভ্যামিমৌ দিব্য-যুবাবতংসকা—
বজীঘটৎ সর্ব্বদৃশাং সুখায় সঃ (৯৪) ॥ ৮০ ॥

বীক্ষধ্বমাল্য স্তনুকান্তিমেতয়োঃ
স্বপীতভাং যাঽরুণ—মপ্যলম্ভয়ৎ (৯৫)।
কথং তদেষাঽরুণকান্তি-যোগতো
মালিন্যভাজাস্তু সমা হরিদ্রয়া॥ ৮১॥

দ্বয়োঃ কচান্ পশ্যত যান্ বিলোকয়ং
স্ত্রপামবাপৎ খলু চামর-ব্রজঃ।
ততঃ পরেণোর্দ্ধমুখী-কৃতোঽপ্যসৌ
স্থাতুং ন শক্নোতি তথা কলামপি (৯৬)॥ ৮২॥

(৯৪) স বিধিঃ ॥ ৮০ ॥
(৯৫) অরুণমপি আরুণ্যযুক্তং বস্তু অপি। প্রকৃতে অরুণঃ সূর্য্যঃ ॥ ৮১ ॥
(৯৬) তথা কলামপি ঊর্দ্ধমুখতয়া অত্যল্পকালমপি ॥ ৮২ ॥

সকলের নয়নের সুখ হেতু বিধি যে তুইটী বস্তু দ্বারা সুন্দর যুবক ও যুবতি-গণের শিরোমণি এই যুগলকে নির্ম্মাণ করিয়াছেন, আমরা তাঁহার সেই শিল্পপটুতা-সম্পদ্ ও হস্তের নির্ম্মঞ্ছন (বালাই) যাই ॥ ৮০ ॥

হে আলিগণ! এই তুইজনের অঙ্গকান্তি নিরীক্ষণ কর; যদ্বারা তাঁহারা অরুণবর্ণ বস্তুকেও আপনাদিগের পীতবর্ণ প্রাপ্ত করাইয়াছে। অতএব যে হরিদ্রা রক্তকান্তিযোগে মলিনতা প্রাপ্ত হয়, তাহার সহিত ইহাদের দেহকান্তি কিরূপে সমান হইতে পারে? ॥ ৮১ ॥

উভয়ের কেশকলাপ দর্শন কর—যাহা দেখিয়া চামর সমূহ সত্যই লজ্জা পাইয়াছে। সেই হেতু অপর কেহ চামরকে ঊর্দ্ধমুখ করিলেও, উহা ঐ প্রকার ঊর্দ্ধমুখে ক্ষণকাল মাত্রও থাকিতে পারে না ॥ ৮২ ॥

প্রত্যেকমেবালিজনা যদেতয়ো
মুখে নিতান্তং জয়তোঽব্জয়োর্দ্বয়ং (৯৭)।

ততো মিলিত্বাদ্য পরাভবং তয়ো
রিমে বিধত্তো যদিদং কিমদ্ভুতম্॥ ৮৩ ॥

বরস্য দৃক্‌কৈরবমালিবক্ত্রং
বিধুং বিলোক্যোল্লসতীতি যুক্তম্।
আল্যা দৃগিন্দীবরমাননেন্দুং
দৃষ্ট্বাস্য যৎ সঙ্কুচতীতি চিত্রম্॥ ৮৪ ॥

সুকোমলৌ মঞ্জুলতা-সমানা-(৯৮)
বিমৌ প্রিয়ালিঙ্গন-কর্ম্মযোগ্যৌ (ক)।

(৯৭) অব্জয়োঃ পদ্মচন্দ্রয়োঃ॥ ৮৩ ॥

সখীগণ! ইঁহাদের প্রত্যেকের মুখই যে অব্জদ্বয়কে অর্থাৎ পদ্ম ও চন্দ্রকে অত্যন্ত জয় করে, তাহাতে আজ দুইটী মুখ মিলিত হইয়া যে তাহাদিগের পরাজয় সাধন করিবে—ইহাতে আর আশ্চর্য্য কি? ॥ ৮৩ ॥

সখীর বদন চন্দ্র দর্শন করিয়া বরের নয়ন কৈরব যে উল্লসিত হইতেছে, তাহা উপযুক্ত বটে। কিন্তু এই বরের মুখ বিধু দর্শন করিয়া সখীর নয়নরূপ নীলকমল যে সঙ্কুচিত হইতেছে—ইহা বিচিত্র ॥ ৮৪ ॥

সখীগণ! দেখ—গৌর হরির এই বাহুদ্বয় যেমন সুকোমল, সৌন্দর্যে অতুলনীয় এবং প্রিয়াকে আলিঙ্গন করিবার যোগ্যরূপে শোভা পাইতেছে

বাহূ যথা গৌরহরে র্বিভাত—
স্তথাস্মদালেরপি পশ্যতাল্যঃ॥ ৮৫ ॥

পয়োধরাসঙ্গ-প্রশংসনীয়ং (৯৯)
কান্তাভিলোভ্যং (১০০) তনুরোমমঞ্জু।
গৌরস্য বক্ষো হরতে দৃশো নঃ
সখ্যাস্তু তত্তস্য দৃশৌ নিকামম্॥ ৮৬ ॥

যুক্তং শিবায়াঃ পরিপন্থিনীয়ং (১)
মধ্যেন তৎপত্রহরিং (২) পরাভূৎ।

(৯৮) মঞ্জুলতয়া অসমানৌ পক্ষে মঞ্জু যা লতা তৎসমৌ। (ক) প্রিয়া পক্ষে প্রিয়ঃ॥ ৮৫ ॥

(৯৯) স্তন-সংসর্গে প্রশংসনীয়ং, পক্ষে স্তন-সম্বন্ধেন প্রশস্তম্। (১০০) কান্তা কান্তশ্চ॥ ৮৬ ॥

(১) শিবায়াঃ দুর্গায়াঃ বৈরিণী প্রকৃতে সদৃশী, (২) তৎপত্রহরিং তস্যা বাহনং সিংহম্। (৩) মিত্রং প্রকৃতে সদৃশং. (৪) গিরিশস্যেতি দেহলীদীপ-ন্যায়েন পূর্বত্র পরত্র চ সম্বধ্যতে, (৫) তেন মধ্যেন॥ ৮৭ ॥

আমাদের সখীর বাহুদ্বয়ও সেই প্রকার সুকোমল, মনোরম লতাতুল্য এবং প্রিয়ের আলিঙ্গন কর্ম্মে যোগ্যরূপে বিরাজ করিতেছে॥ ৮৫ ॥

স্তনের সংসর্গবিষয়ে প্রশংসনীয় কান্তার অতিশয় লোভনীয় এবং সূক্ষ্ম রোমাবলী দ্বারা মনোহর গৌরের বক্ষঃ আমাদের দৃষ্টি হরণ করিতেছে, পক্ষান্তরে স্তন সম্বন্ধে, প্রশংসনীয়, কান্তের অতি লোভনীয় ও সূক্ষ্মরোমরাজিতে মনোহর সখীর বক্ষও গৌরের নয়ন যুগল অত্যন্ত আকর্ষণ করিতেছে॥ ৮৬ ॥

আমাদের এই সখী দুর্গার পরিপন্থিনী (বৈরিণী পক্ষে সদৃশী) হইয়া কটিদেশ দ্বারা যে তাঁহার বাহন সিংহকে পরাজয় করিয়াছে তাহা উচিত বটে।

গৌরস্তু মিত্রং (৩) গিরিশস্য (৪) বাদ্যং
তেনাভ্যভূদ্ (৫) যড্ডমরুং কিমেতৎ ॥ ৮৭ ॥

লক্ষ্ম্যূরুযুগেন সদা চরন্ত্যা
বৈরীং কদল্যাঃ পরিমর্দ্দিকাভিঃ।
শুণ্ডাভিরস্যোরুযুগং বিতন্বন্
মৈত্রীং সুহৃৎকৃত্যমিব ব্যনক্তি ॥ ৮৮ ॥

অস্মদ্বয়স্যা চরণেন পদ্মিনীং (৬)
জিগায় যানেনচ চিত্ত-হারিণা।
পতিস্ত্বমুষ্যা বত তেন তেনচ
ব্যজেষ্ট ভদ্রং কমলং (৭) সখীজনাঃ ॥ ৮৯ ॥

(৬) পদ্মং হস্তিনীঞ্চ, (৭) ভদ্রং কমলং উত্তমং পদ্মং, পক্ষে কং ভদ্রং বৃষং অলং জিগায় ॥ ৮৯ ॥

কিন্তু গৌর মহাদেবের মিত্র (বন্ধু পক্ষে সদৃশ) হইয়া নিজ কটির দ্বারা যে তাঁহার বাদ্যযন্ত্র ডমরুকে পরাজিত করিয়াছে—ইহা কি প্রকার ? ॥ ৮৭ ॥

লক্ষ্মীর ঊরুযুগলের সহিত যে কদলী সর্ব্বদা শত্রুতা আচরণ করে, তাহার বিমর্দ্দনকারী শুণ্ড সকলের সহিত গৌরের ঊরুদ্বয় মিত্রতা করিয়া যেন সুহৃদের কার্য্যই ব্যক্ত করিতেছে ॥ ৮৮ ॥

হে সখীগণ ! আমাদের সখী মনোহর চরণ ও গমনের দ্বারা পদ্মিনীকে (পদ্মকে ও হস্তিনীকে) জয় করিয়াছে ; কিন্তু উহার পতি চরণ ও গমনের দ্বারা উত্তম কমলকে (পদ্মকে ও বৃষকে) অত্যধিক জয় করিয়াছে ॥ ৮৯ ॥

ইমাবুভৌ সংঘটয়ন্ পরস্পরং
বিধির্বিতস্তার নিজং যশঃ ক্ষিতৌ
অপূপুরচ্চাপ্যনয়োর্মনোরথং
ব্যধাচ্চ লোকস্য দৃশাং কৃতার্থতাম্ ॥ ৯০ ॥

তদেবং বরবধ্বৌ বর্ণয়িত্বা বিহিত-বিরামাসু রামাসু সভ্যেষু সমস্তেষ্বনয়োঃ সৌন্দর্য্যসুধাং সংপিবৎসু বনপ্রিয়-বিসর-বর্ণনীয়-বিরাবা (৮) বুদ্ধিবৈভব-বিগলিত বৃহস্পতয়ো বন্দিবর্গা বদন্তিস্ম ॥ ৯১ ॥

শ্রীমদ্বৃষাকপি-রুচিপ্রথিতাতিশোভা
নন্তামরাতিরুচিরা (৯) বুধশোভমানা (১০)।

---

(৮) কোকিল-বর্গ-স্তব্য-ধ্বনয়ঃ ॥ ৯১ ॥

বিধি ইহাদের উভয়কে পরস্পর মিলিত করিয়া জগতে নিজ যশঃ বিস্তার করিয়াছেন, ইহাদের মনোরথ পূর্ণ করিয়াছেন এবং লোকের নয়ন কৃতার্থ করিয়াছেন ॥ ৯০ ॥

এইরূপে বর ও বধূকে বর্ণন করিয়া রামাগণ বিরত হইলেন এবং সমস্ত সভ্যগণ তাঁহাদের উভয়ের সৌন্দর্য্য সুধা পান করিতে লাগিলেন। তখন কোকিল সমূহের ন্যায় প্রশংসনীয় কণ্ঠস্বরযুক্ত এবং বুদ্ধিবৈভবে বৃহস্পতিকে পরাজয়কারী বন্দিগণ বলিতে লাগিলেন ॥ ৯১ ॥

শ্রীমান্ কান্তিযুক্ত অগ্নি বা সূর্য্যের কান্তিতে. অত্যন্ত শোভাসম্পন্ন, অনন্ত অমরগণের দ্বারা অতি সুন্দর, চন্দ্রতনয় বুধের দ্বারা শোভমান, শচীপুত্র শ্রীমান্ জয়ন্তের দ্বারা অতিশয় মনোহর এবং ইন্দ্রবিরাজিত দেবসভা সুধর্ম্মা যেরূপ

শ্রীমচ্ছচীতনয়-(১১) মঞ্জুতমা সভেয়ং
প্রোদ্যদ্‌বৃষাঢ্য (১২) পরিভাতি যথা সুধর্ম্মা ॥ ৯২ ॥

অথবা—কবীনাং সন্দোহৈ রধিগতবতী চারিমভরং
সমুদ্যাস্তীমেষাঽনধিকরুচিমেকেন কবিনা (১৩)।
দ্বিজেন্দ্রৈঃ সংবীতা জয়তি বত সংসৎসুরপতে-
র্দ্বিজেন্দ্রে (১৪) নৈকেনানিশমধিকৃতাং তামপি সভাম্ ॥ ৯৩ ॥

(৯) বৃষাকপিঃ শিবো বিষ্ণুর্বা, তত্র রুচ্যা ভক্ত্যা প্রথিতা অতিশোভা যেষাং তৈরনন্তামরৈ ভূমিদেবৈঃ রুচিরা—পক্ষে বৃষাকপে রুচ্যা কান্ত্যা প্রথিতাতিশোভা অনন্তৈরমরৈঃ অতিরুচিরা। (১০) বুধাঃ পণ্ডিতাঃ বুধঃ সোমতনয়ঃ, (১১) শচীতনয়ো গৌরো জয়ন্তশ্চ। (১২) বৃষো ধর্ম্মঃ বৃষা ইন্দ্রশ্চ ॥ ৯২ ॥

[১৩] কবিনা প্রকৃতে শুক্রেন, (১৪) দ্বিজেন্দ্রেন গরুড়েন চন্দ্রেন বা ॥ ৯৩ ॥

শোভা পায়, সেইরূপ শ্রীমান্ কৃষ্ণের প্রতি ভক্তিহেতু পরমশোভাযুক্ত, ব্রাহ্মণগণের দ্বারা অতি মনোহর, পণ্ডিতগণের দ্বারা শোভমান, শ্রীমান্ শচীতনয় বিশ্বম্ভরের দ্বারা অতি মনোজ্ঞ, পরমধর্ম্মময় এই সভা শোভা পাইতেছে ॥ ৯২ ॥

অথবা—এই সভা কবিগণের (পণ্ডিতগণের) দ্বারা শোভাতিশয় প্রাপ্ত হইয়া এবং অসংখ্য দ্বিজেন্দ্র (ব্রাহ্মণশ্রেষ্ঠ) সকলের দ্বারা পরিবৃত হইয়া সর্ব্বদা একমাত্র কবি (শুক্রাচার্য্যের) দ্বারা অল্প শোভাপ্রাপ্ত এবং একমাত্র দ্বিজেন্দ্রের (গরুড়ের) দ্বারা অধিকৃত সুরপতি ইন্দ্রের সুধর্ম্মা নামক সেই সভাকেও জয় করিতেছে ॥ ৯৩ ॥

গুরুজয়িমতিখেলা জলনিধি-হেলাকর-দৃঢ়তরগাম্ভীর্য্যাঃ
প্রিয়নর্ম্মসু দক্ষা গুণিজনপক্ষাঃ কবি (১৫) সমবিদ্যাবীর্য্যাঃ।
বরবাঙ্মাধুর্য্যা সুরপতিপুর্য্যা বিস্ময়রস-বিস্তারাঃ
অস্মাসু দয়ন্তামিহ বিজয়ন্তাং সভ্যাঃ কুশলাধারাঃ ॥ ৯৪ ॥

শ্রুতিগীত-যথোচিত-ধর্ম্মপরে
ক্ষিতিদেবকুলে বিমলে প্রবরে।
নিজবংশ-সরোজ-ঘটা-মিহিরো
হজনি মিশ্র-পুরন্দর-নামধরঃ ॥ ৯৫ ॥

---

(১৫) কবিঃ শুক্রঃ ॥ ৯৪ ॥

এই সভাস্থিত কল্যাণাস্পদ সভ্যগণ আমাদের প্রতি দয়া করুন এবং এখানে বিজয় প্রাপ্ত হউন। তাঁহারা বুদ্ধিবিলাসে বৃহস্পতিকেও জয় করেন এবং দৃঢ়তর গাম্ভীর্য্যে সমুদ্রকেও অবজ্ঞা করেন। তাঁহারা প্রিয়নর্ম্ম (পরিহাস) বিষয়ে সুদক্ষ এবং গুণিজনের পক্ষভূত। তাঁহাদের বিদ্যার প্রভাব শুক্রাচার্য্য-সদৃশ এবং উৎকৃষ্ট-বাক্য মাধুর্য্যে তাঁহারা ইন্দ্রপুরীরও বিস্ময়রস বিস্তার করিতেছেন ॥ ৯৪ ॥

যথোচিত বেদোক্ত ধর্ম্মপরায়ণ নির্ম্মল ও শ্রেষ্ঠ ব্রাহ্মণ কুলে নিজ বংশরূপ পদ্মসমূহের (প্রকাশে) সূর্য্যস্বরূপ মিশ্র পুরন্দর নামক বিপ্র জন্মগ্রহণ করিয়াছিলেন ॥ ৯৫ ॥

অজয়ৎ খলু যো ধিষণং ধিষণা-
বলতঃ সুকৃতেন তু ধর্ম্মসুতম্।
তটিনী-রমণঞ্চ গভীরতয়া
করুণাভরতঃ শিবিভূমিপতিম্ ॥ ৯৬॥

ততঃ পুনঃ শচী-বরোদরাম্বুধি-কৃপাকরো
জগন্মনোম্বুজোৎকর-প্রকাশন-প্রভাকরঃ।
গভীরতা-ক্ষমাদয়ো দয়াদিসদ্গুণাশ্রয়ো
বিচিত্র-মাধুরীধরঃ ক্ষিতাবভূদয়ং বরঃ ॥ ৯৭॥

বিলোক্য যং পতী রতেঃ স্বতঃ বরং বিলজ্জতে
দ্যুষদ্গুরুং মনোজ্ঞয়া জিগায় যঃ স্ববিদ্যয়া।
যদীয়-কীর্ত্তি গঙ্গয়া বৃতং জগৎ সরঙ্গয়া
তমেনমুক্ত্যগোচরং কথং বয়ং স্তুমো বরম্ ॥ ৯৮॥

যিনি বুদ্ধিবলে বৃহস্পতিকে, ধর্ম্মে ধর্ম্মপুত্র যুধিষ্ঠিরকে, গাম্ভীর্য্যে সমূদ্রকে, করুণাতিশয্যে শিবিরাজকে জয় করিয়াছিলেন ॥ ৯৬ ॥

পুনরায় সেই মিশ্র পুরন্দর হইতে শচীদেবীর শ্রেষ্ঠ উদর জলধির সুধাংশুতুল্য, জগদ্বাসিজনের মনরূপ কমল সমূহের প্রকাশ বিষয়ে সূর্য্যস্বরূপ, গাম্ভীর্য্য, ক্ষমা, (দয়ার উদ্রেক) দয়া প্রভৃতি সদ্গুণের আশ্রয় এবং বিচিত্র মাধুরীযুক্ত এইবর পৃথিবীতে আবির্ভূত হইয়াছেন ॥ ৯৭ ॥

যে বরকে দেখিয়া রতিপতি মদন স্বতঃই লজ্জা পায়। যিনি নিজে মনোহর বিদ্যার দ্বারা দেবগুরু বৃহস্পতিকে জয় করিয়াছেন। যাহার বিলাস-

অস্মৈ দত্ত্বা স্বকন্যাং রুচিজিতকমলাং বল্লভাচার্য্য এষ
শ্রীশ্রীকণ্ঠায় দুর্গাং হিমধরণীধরং শ্রদ্ধয়া দত্তবন্তম্।
শ্রীমদ্রামায় সীতাং (১৬) জনক-নরপতিং দেবকীনন্দনায়
শ্রীমদ্ভামাঞ্চ সত্রাজিতমপি চ বিনান্যেন সাম্যং ন যাতি॥ ৯৯॥

তদেবং বন্দিনামাননান্নিঃসৃতং স্বস্বযশোমরন্দরসন্দর-সম্পীয়মান-জাত-মোদৌ তমোদৌর্বিবপ্যহারকং (১৭) হার-কঞ্চুকোষ্ণীষ-বসনাভরণাদিকং তেভ্যঃ প্রত্যপাদয়তাং (১৮) সদয়তাং সন্দধানৌ জামাতৃ-শ্বশুরৌ ॥ ১০০ ॥

---

(১৬) সীতাং দত্তবন্তমিতি পূর্ব্বপদস্থানুসঙ্গঃ, এবং পরত্র ॥ ৯৯ ॥

(১৭) দুঃখদারিদ্র্য-নিবর্ত্তকং, (১৮) অদত্তাম্ ॥ ১০০ ॥

বতী কীর্ত্তিগঙ্গায় জগৎ আবৃত হইয়াছে, বচনের অগোচর এই সেই বরকে আমরা কিরূপে স্তব করিব ? ॥ ৯৮ ॥

ইঁহাকে কান্তিতে লক্ষ্মীবিজয়িনী নিজকন্যা দান করিয়া এই বল্লভাচার্য্য শ্রীমহাদেবকে শ্রদ্ধাপূর্ব্বক দুর্গাপ্রদানকারী হিমাচল, শ্রীরামচন্দ্রকে সীতাপ্রদানকারী জনকরাজ এবং কৃষ্ণকে শ্রীমতী সত্যভামা অর্পণকারী সত্রাজিত ভিন্ন অন্যের সহিত তুলনা প্রাপ্ত হন না ॥ ৯৯ ॥

এই প্রকারে বন্দিগণের মুখ হইতে নির্গত নিজ নিজ যশোরূপ মকরন্দরস ঈষৎপান করিয়া জামাতা শ্বশুর আনন্দিত হইলেন এবং তাহাদের প্রতি সদয় হইয়া দুঃখ দারিদ্র্য নাশক হার কঞ্চুক (জামা) উষ্ণীষ (পাগড়ী) বস্ত্র ও অলঙ্কারাদি তাহাদিগকে প্রদান করিলেন ॥ ১০০ ॥

ততো জামাতা মাতামহেন নিযুক্তো যথাবিধি সংস্থাপ্য বিভাবসু (১৯) মতিভাবসুমতি (২০) র্বধ্বা বাসসী পরিধাপয়ন্মনসেদং ললাপ ॥১০১ ॥

নেত্রে (২১) যদীমে প্রিয়য়াঙ্গসঙ্গং
দত্ত্বা করস্থে অপি মে গৃহীতে।
তদা মুখস্থে অপি মামকীনে
নেত্রে তথাবশ্যমিয়ং গ্রহীতা (২২) ॥ ১০২ ॥

সিন্দূররেখা কুড়বেন তস্যাঃ
সীমন্তমধ্যে প্রভুণা ন্যধায়ি ।

---

(১৯) বিভাবসুমগ্নিম্। (২০) অতিভাবেন সুন্দরী মাতর্যস্য সঃ। বধ্বা প্রযোজ্যয়া ॥ ১০১ ॥
(২১) নেত্রে বসনে, (২২) তথা অঙ্গসঙ্গং দত্ত্বা অবশ্যমিতি করস্থাভ্যাং মুখস্থয়োঃ নেত্রয়োঃ গৌরবযোগ্যত্বাৎ। গ্রহীতা সর্ব্বমিয়ং দর্শয়িষ্যতীত্যর্থঃ ॥ ১০২ ॥

অনন্তর জামাতা মাতামহকর্ত্তৃক নিযুক্ত (প্রেরিত) হইয়া অতিশয় ভক্তিশুদ্ধ মনে যথাবিধি অগ্নি স্থাপন করিয়া বধূকে বসনদ্বয় পরিধান করাইতে করাইতে মনে মনে এইকথা বলিয়াছিলেন ॥১০১॥

প্রিয়া যে আমার করস্থিত এই নেত্র (বস্ত্র) দ্বয়কে অঙ্গসঙ্গ দিয়া গ্রহণ করিয়াছেন, তখন আমার মুখমণ্ডলস্থিত নেত্র (নয়ন) দ্বয়কেও অবশ্য ইনি সেইরূপে (অঙ্গসঙ্গ দিয়া) গ্রহণ করিবেন অর্থাৎ আমাকে সর্ব্বাঙ্গ দর্শন করাইবেন ॥ ১০২ ॥

মহেন্দ্রনীলোপল-পত্রিকায়াং
　　প্রবাল-সংজাত-শলাকিকেব ॥ ১০৩ ॥

স্থিরা ত্বমশ্মেব ভবেত্যমুং মনুং
　　যদাপঠদ্ গৌরহরি র্বিধিক্রমাৎ ।
স্থৈর্য্যেণ ধিক্‌কারমিবাস্য (২৩) কুর্ব্বতী
　　তদা পদাশ্মানমুপাস্পৃশদ্ বধূঃ ॥ ১০৪ ॥

প্রদক্ষিণার্থং দহনস্য লক্ষ্মীঃ
　　পুরশ্চলন্তী প্রমদেন পত্যুঃ ।
তদঙ্গ-সংস্পর্শ-সুখাতিলুব্ধা
　　মন্দামপি স্বাং গতিমীষ্যতিস্ম(২৪) ॥ ১০৫ ॥

---

(২৩) অস্য অশ্মনঃ ॥১০৪॥(২৪) ইতোঽপি যদি মন্দোঽভবিষ্যৎ তদা অস্য স্পর্শ সুখমলপ্স্যে ইতি ॥ ১০৫ ॥

প্রভু কুড়বের (পরিমাণ বিশেষের) দ্বারা তাঁহার সীমন্ত মধ্যে ইন্দ্রনীল-মণিময় পত্রে প্রবালজাত শলাকার ন্যায় সিন্দূর রেখা প্রদান করিয়াছিলেন ॥১০৩॥

যখন গৌরহরি বিধিপূর্ব্বক "স্থিরা ত্বমশ্মেব ভব" (অর্থাৎ তুমি প্রস্তরের ন্যায় স্থিরা হও) এই মন্ত্র পাঠ করিয়াছিলেন, তখন বধূ যেন স্থৈর্য্যের দ্বারা প্রস্তরের ধিক্কার জন্মাইবার জন্য পদের দ্বারা প্রস্তর স্পর্শ করিয়াছিলেন ॥ ১০৪ ॥

লক্ষ্মী অগ্নি প্রদক্ষিণের নিমিত্ত আনন্দভরে পতির অগ্রে চলিতে চলিতে

জুহ্বত্যসৌ হুতবহে ঘৃতযুক্তলাজান্
দীর্ঘায়ুরস্তু পতিরেষ মমেত্যবাঞ্ছৎ।
তস্যা মনোরথমবেত্য বরোঽপ্যসৌ কিং
মন্ত্রং (২৫) তদর্থকমমূং সুখয়ন্ পপাঠ ॥ ১০৬ ॥

ততো নয়ন্ সপ্তপদীং বধূং বর
স্তদীয়মন্ত্রং প্রপপাঠ যর্হ্যসৌ।
"নয়ত্বসৌ ত্বা হরি" রিত্যনেকশ (২৬)
স্তথৈব তন্ত্রেন (২৭ তদাঽহসন্ সুরাঃ ॥ ১০৭ ॥

ততো ধ্রুবমরুন্ধতীমপি নিশাম্য (২৮) গৌরো বধূং
যথানিগম-শাসনং পরিসমাপ্য শেষক্রিয়াম্।

(২৫) মন্ত্রো যথা—ইয়ংনার্য্যুপব্রূতে অগ্নৌ লাজানাবপন্তী দীর্ঘায়ুরস্তু স পতিরিতি পতি-পাঠ্যো মন্ত্রঃ ॥ ১০৬ ॥

তাঁহার অঙ্গস্পর্শ সুখে অত্যন্ত লুব্ধা হইয়া নিজের মন্দগতির প্রতিও ঈর্ষা করিয়াছিলেন ॥ ১০৫ ॥

লক্ষ্মী বহ্নিতে ঘৃতযুক্ত লাজ (খই) আহুতি দিতে দিতে আমার এই পতি দীর্ঘায়ু হউন" এইরূপ বাঞ্ছা করিয়াছিলেন। তাঁহার মনোরথ জানিয়া বরও কি তাহাকে সুখ দিবার নিমিত্ত সেই প্রকার অর্থযুক্ত নন্ত্র (অর্থাৎ ইয়ং নার্য্যুপব্রূতে অগ্নৌ লাজান্ ইত্যাদি রূপ) পাঠ করিয়াছিলেন ॥ ১০৬ ॥

সমর্প্য বহুদক্ষিণাং গুরুজনায় (২৯) লক্ষ্ম্যা সমং
বধূ-নিকর-শোভিতং কুতুক-মন্দিরং প্রাবিশৎ ॥ ১০৮ ॥

ইতীত্যাদি শ্রীগৌরলীলামৃতে কৈশোরলীলা বর্ণনে লক্ষ্মী-
পরিণয়োৎসবো নাম
সপ্তদশ আস্বাদঃ

---

(২৬) তত্র কমিষে বিষ্ণুস্ত্বা নয়তু ইত্যাদিরূপেণ সপ্ত বারান্।

(২৭) তত্বেন হরিত্বেন অঙ্কং নয়ামীত্যনুক্ত্বা বিষ্ণুর্ময়িত্যুক্তেঃ হাসঃ॥

(২৮) দর্শয়িত্বা, (২৯) আচার্য্যায় ॥ ১০৮ ॥

ইতি সপ্তদশ আস্বাদঃ ॥

অনন্তর বর যখন বধূকে সপ্তপদ ভূমি পর্য্যন্ত লইবার জন্য সেই মন্ত্র (অর্থাৎ তত্র কমিষে বিষ্ণু স্ত্বানয়তু ইত্যাদি রূপ) অনেকবার পাঠ করিয়াছিলেন। তখন "হরি তোমাকে চালিত করুন" অনেকবার শুনিয়া সেই হরি স্বয়ং তিনিই ইহা জানিয়া দেবগণ হাস্য করিয়াছিলেন ॥ ১০৭ ॥

অনন্তর গৌর বেদ বিধি অনুসারে বধূকে ধ্রুব ও অরুন্ধতী দেখাইয়া অবশিষ্ট ক্রিয়া সমাপ্ত করিলেন এবং আচার্য্যকে বহু দক্ষিণা প্রদান পূর্ব্বক লক্ষ্মীর সঙ্গে বধূগণ শোভিত কৌতুক মন্দিরে (বাসর ঘরে) প্রবেশ করিলেন ॥১০৮॥

ইতি—শ্রীগৌরলীলামৃত-কৈশোর-লীলাবর্ণনে লক্ষ্মীর পরিণয়োৎসব নামক
সপ্তদশ আস্বাদঃ